Al-Quran
(Arabic to Bengali)
القرآن الكريم
published by:
Islamer Alo Publication
http://www.facebook.com/islamer.light

# সূচিপত্র

## 1- Al-Fatihah - ফাতিহা - الفاتحة

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| | اَلۡحَمۡدُ لِلّٰهِ رَبِّ الۡعٰلَمِيۡنَ ۙ﴿۱﴾ | 1 |
| *প্রতিবর্ণায়ন* | আল্ হ়াম্দুলিল্লা-হি রাব্বিল ‘আ-লামীন। | |
| *তরজমা* | সকল প্রশংসা জগতসমূহের প্রতিপালক আল্লাহ্রই, | |
| | الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ ۙ﴿۲﴾ | 2 |
| *প্রতিবর্ণায়ন* | আর্রাহ়মা-নির রাহ়ীম। | |
| *তরজমা* | যিনি দয়াময়, পরম দয়ালু, | |
| | مٰلِكِ يَوۡمِ الدِّيۡنِ ؕ﴿۳﴾ | 3 |
| *প্রতিবর্ণায়ন* | মা-লিকি ইয়াওমিদ্দীন। | |
| *তরজমা* | কর্মফল দিবসের মালিক। | |
| | اِيَّاكَ نَعۡبُدُ وَاِيَّاكَ نَسۡتَعِيۡنُ ؕ﴿۴﴾ | 4 |
| *প্রতিবর্ণায়ন* | ইয়্যা-কা না‘বুদু ওয়া ইয়্যা-কা নাছ্তা‘ঈন। | |
| *তরজমা* | আমরা শুধু তোমারই ‘ইবাদত করি, শুধু তোমারই সাহায্য প্রার্থনা করি, | |
| | اِهۡدِنَا الصِّرَاطَ الۡمُسۡتَقِيۡمَ ۙ﴿۵﴾ | 5 |
| *প্রতিবর্ণায়ন* | ইহ্দিনাস্সিরা-ত়াল মুছ্তাক়ীম। | |
| *তরজমা* | আমাদেরকে সরল পথ প্রদর্শন কর, | |
| | صِرَاطَ الَّذِيۡنَ اَنۡعَمۡتَ عَلَيۡهِمۡ ۙ | 6 |
| *প্রতিবর্ণায়ন* | সিরা-ত়াল্লায়ীনা আন্‘আমতা ‘আলাইহিম্। | |
| *তরজমা* | তাহাদের পথ, যাহাদেরকে তুমি অনুগ্রহ দান করিয়াছ, | |
| | غَيۡرِ الۡمَغۡضُوۡبِ عَلَيۡهِمۡ وَلَا الضَّآلِّيۡنَ ﴿۷﴾ | 7 |
| *প্রতিবর্ণায়ন* | গাইরিল মাগদ়ূবি ‘আলাইহিম (ﻻ) ওয়ালাদ্দ়া~ল্লীন। | |
| *তরজমা* | তাহাদের পথ নহে যাহারা ক্রোধ-নিপতিত ও পথভ্রষ্ট। | |

## 2 - Al-Baqarah - বাকারাহ্ - البقرة

بِسۡمِ اللّٰہِ الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ

| | | |
|---|---|---|
| | الٓـمّٓ ۚ﴿۱﴾ | 1 |
| *প্রতিবর্ণায়ন* | আলিফ্ লা~ম~মীম। | |
| *তরজমা* | আলিফ্-লাম-মীম, | |
| | ذٰلِکَ الۡکِتٰبُ لَا رَیۡبَ ۚۖۛ فِیۡہِ ۚۛ ہُدًی لِّلۡمُتَّقِیۡنَ ۙ﴿۲﴾ | 2 |
| *প্রতিবর্ণায়ন* | য়া-লিকাল্ কিতা-বু লা-রাইবা ফীহি (صلے) হুদাল্ লিল্মুত্তাক ীন। | |
| *তরজমা* | ইহা সেই কিতাব; ইহাতে কোন সন্দেহ নাই, মুত্তাকীদের জন্য ইহা পথ-নির্দেশ, | |
| | الَّذِیۡنَ یُؤۡمِنُوۡنَ بِالۡغَیۡبِ وَ یُقِیۡمُوۡنَ الصَّلٰوۃَ وَ مِمَّا رَزَقۡنٰہُمۡ یُنۡفِقُوۡنَ ۙ﴿۳﴾ | 3 |
| *প্রতিবর্ণায়ন* | আল্লায ীনা ইউ'মিনূনা বিলগাইবি ওয়াইউক ীমূনাস্সালা-তা ওয়া মিম্মা-রাঝাক না-হুম ইউংফিক্ ন। | |
| *তরজমা* | যাহারা অদৃশ্যে ঈমান আনে, সালাত কায়েম করে ও তাহাদেরকে যে জীবনোপকরণ দান করিয়াছি তাহা হইতে ব্যয় করে, | |
| | وَ الَّذِیۡنَ یُؤۡمِنُوۡنَ بِمَاۤ اُنۡزِلَ اِلَیۡکَ وَ مَاۤ اُنۡزِلَ مِنۡ قَبۡلِکَ ۚ وَ بِالۡاٰخِرَۃِ ہُمۡ یُوۡقِنُوۡنَ ؕ﴿۴﴾ | 4 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াল্লায ীনা ইউ'মিনূনা বিমা~ উংঝিলা ইলাইকা ওয়ামা~ উংঝিলা মিং ক াবলিকা (ج) ওয়াবিল আ-খিরাতি হুম ইউকি নূন। | |
| *তরজমা* | এবং তোমার প্রতি যাহা নাযিল হইয়াছে ও তোমার পূর্বে যাহা নাযিল হইয়াছে তাহাতে যাহারা ঈমান আনে ও আখিরাতে যাহারা নিশ্চিত বিশ্বাসী, | |
| | اُولٰٓئِکَ عَلٰی ہُدًی مِّنۡ رَّبِّہِمۡ ٭ وَ اُولٰٓئِکَ ہُمُ الۡمُفۡلِحُوۡنَ ﴿۵﴾ | 5 |
| *প্রতিবর্ণায়ন* | উলা~ইকা 'আলা-হুদাম্ মির্রাব্বিহিম (ق) ওয়া উলা~ইকা হুমুল মুফ্লিহূ ন। | |
| *তরজমা* | তাহারাই তাহাদের প্রতিপালক-নির্দেশিত পথে রহিয়াছে এবং তাহারাই সফলকাম। | |
| | اِنَّ الَّذِیۡنَ کَفَرُوۡا سَوَآءٌ عَلَیۡہِمۡ ءَاَنۡذَرۡتَہُمۡ اَمۡ لَمۡ تُنۡذِرۡہُمۡ لَا یُؤۡمِنُوۡنَ ﴿۶﴾ | 6 |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাল্লায ীনা কাফারূ ছাওয়া~উন 'আলাইহিম আআংয ারতাহুম আম্ লাম তুংযি র্হুম লা-ইউ'মিনূন। | |
| *তরজমা* | যাহারা কুফরী করিয়াছে তুমি তাহাদেরকে সতর্ক কর বা না কর, তাহাদের পক্ষে উভয়ই সমান; তাহারা ঈমান আনিবে না। | |
| | خَتَمَ اللّٰہُ عَلٰی قُلُوۡبِہِمۡ وَ عَلٰی سَمۡعِہِمۡ ؕ وَ عَلٰۤی اَبۡصَارِہِمۡ غِشَاوَۃٌ ۫ وَّ لَہُمۡ عَذَابٌ عَظِیۡمٌ ٪﴿۷﴾ | 7 |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | খাতামাল্লা-হু ‘আলা- কু ূলূবিহিম্ ওয়া ‘আলা-ছাম্‘ইহিম্(ط)ওয়া‘আলা˜ আব্সা-রিহিম্ গিশা-ওয়াতুও (ز) ওয়ালাহুম ‘আযা-বুন ‘আজ ীম। | |
| *তরজমা* | আল্লাহ্ তাহাদের হৃদয় ও কর্ণ মোহর করিয়া দিয়াছেন, তাহাদের চক্ষুর উপর আবরণ রহিয়াছে এবং তাহাদের জন্য রহিয়াছে মহাশাস্তি। | |
| | وَمِنَ النَّاسِ مَنْ يَّقُوْلُ اٰمَنَّا بِاللّٰهِ وَبِالْيَوْمِ الْاٰخِرِ وَمَا هُمْ بِمُؤْمِنِيْنَ ۘ﴿٨﴾ | **8** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া মিনান্না-ছি মাইঁ ইয়াকূ ূলু আ-মান্না- বিল্লা-হি ওয়া বিল্ ইয়াওমিল্ আ-খিরি ওয়ামা-হুম বিমু’মিনীন। | |
| *তরজমা* | আর মানুষের মধ্যে এমন লোকও রহিয়াছে যাহারা বলে, ‘আমরা আল্লাহ্ ও আখিরাতে ঈমান আনিয়াছি’, কিন্তু তাহারা মু’মিন নয়; | |
| | يُخٰدِعُوْنَ اللّٰهَ وَالَّذِيْنَ اٰمَنُوْا ۚ وَمَا يَخْدَعُوْنَ اِلَّآ اَنْفُسَهُمْ وَمَا يَشْعُرُوْنَ ۗ﴿٩﴾ | **9** |
| *প্রতিবর্ণায়ন* | ইউখা-দি‘উনাল্লা-হা ওয়াল্লাযীনা আ-মানূ (ج) ওয়ামা- ইয়াখদা‘উনা ইল্লা˜ আংফুছাহুম্ ওয়ামা-ইয়াশ‘উরূন। | |
| *তরজমা* | আল্লাহ্ এবং মু’মিনগণকে তাহারা প্রতারিত করিতে চাহে। অথচ তাহারা যে নিজেদেরকে ভিন্ন কাহাকেও প্রতারিত করে না, ইহা তাহারা বুঝিতে পারে না। | |
| | فِيْ قُلُوْبِهِمْ مَّرَضٌ ۙ فَزَادَهُمُ اللّٰهُ مَرَضًا ۚ وَلَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ۢ ۙ بِمَا كَانُوْا يَكْذِبُوْنَ﴿١٠﴾ | **10** |
| *প্রতিবর্ণায়ন* | ফী কু ূলূবিহিম মারাদু ুং (ۙ) ফাঝা-দাহুমুল্লা-হু মারাদাওঁ (ج) ওয়ালাহুম্ ‘আযা-বুন আলীমুম্ (ۙ) বিমা- কা-নূ ইয়াকযি ূবূন। | |
| *তরজমা* | তাহাদের অন্তরে ব্যাধি রহিয়াছে। অতঃপর আল্লাহ্ তাহাদের ব্যাধি বৃদ্ধি করিয়াছেন ও তাহাদের জন্য রহিয়াছে কষ্টদায়ক শাস্তি, কারণ তাহারা মিথ্যাবাদী। | |
| | وَاِذَا قِيْلَ لَهُمْ لَا تُفْسِدُوْا فِى الْاَرْضِ ۙ قَالُوْٓا اِنَّمَا نَحْنُ مُصْلِحُوْنَ﴿١١﴾ | **11** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইযা- কীলা লাহুম লা-তুফছিদূ ফিল আর্দি (ۙ) কা-লূ˜ ইন্নামা- নাহ্ ুনু মুস্লিহূ ূন। | |
| *তরজমা* | তাহাদেরকে যখন বলা হয়, ‘পৃথিবীতে অশান্তি সৃষ্টি করিও না’, তাহারা বলে, ‘আমরাই তো শান্তি স্থাপনকারী’। | |
| | اَلَآ اِنَّهُمْ هُمُ الْمُفْسِدُوْنَ وَلٰكِنْ لَّا يَشْعُرُوْنَ﴿١٢﴾ | **12** |
| *প্রতিবর্ণায়ন* | আলা˜ ইন্নাহুম হুমুল মুফছিদূনা ওয়ালা- কিল্লা- ইয়াশ‘উরূন। | |
| *তরজমা* | সাবধান! ইহারাই অশান্তি সৃষ্টিকারী, কিন্তু ইহারা বুঝিতে পারে না। | |

| | وَإِذَا قِيلَ لَهُمْ آمِنُوا كَمَا آمَنَ النَّاسُ قَالُوا أَنُؤْمِنُ كَمَا آمَنَ السُّفَهَاءُ ۗ أَلَا إِنَّهُمْ هُمُ السُّفَهَاءُ وَلَٰكِن لَّا يَعْلَمُونَ ﴿١٣﴾ | 13 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয়া-ক ীলা লাহুম আ-মিনূ কামা˜ আ-মানান্না-ছু ক া-লূ˜ আনু'মিনু কামা˜আ-মানাছ্ছুফাহা~উ (ط) 'আলা˜ ইন্নাহুম হুমুছ্ছুফাহা~উ ওয়ালা-কিল্লা-ইয়া'লামূন। | |
| *তরজমা* | যখন তাহাদেরকে বলা হয়, যে সকল লোক ঈমান আনিয়াছে তোমরাও তাহাদের মত ঈমান আনয়ন কর, তাহারা বলে, 'নির্বোধগণ যেরূপ ঈমান আনিয়াছে আমরাও কি সেইরূপ ঈমান আনিব ?' সাবধান! ইহারাই নির্বোধ, কিন্তু ইহারা জানে না। | |
| | وَإِذَا لَقُوا الَّذِينَ آمَنُوا قَالُوا آمَنَّا وَإِذَا خَلَوْا إِلَىٰ شَيَاطِينِهِمْ قَالُوا إِنَّا مَعَكُمْ إِنَّمَا نَحْنُ مُسْتَهْزِئُونَ ﴿١٤﴾ | 14 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াইযা- লাকু ল্লায ীনা আ-মানূ ক া-লূ˜ আ-মান্না-(صلے) ওয়াইযা- খালাও ইলা-শাইয়া-ত ীনিহিম (ৰ) ক া-লূ˜ ইন্না- মা'আকুম (ৰ) ইন্নামা নাহ নু মুছ্তাহ্ঝিউন। | |
| *তরজমা* | যখন তাহারা মু'মিনগণের সংস্পর্শে আসে তখন বলে, 'আমরা ঈমান আনিয়াছি'; আর যখন তাহারা নিভৃতে তাহাদের শয়তানদের সঙ্গে মিলিত হয় তখন বলে, 'আমরা তো তোমাদের সঙ্গেই রহিয়াছি; আমরা শুধু তাহাদের সঙ্গে ঠাট্টা-তামাশা করিয়া থাকি।' | |
| | اللَّهُ يَسْتَهْزِئُ بِهِمْ وَيَمُدُّهُمْ فِي طُغْيَانِهِمْ يَعْمَهُونَ ﴿١٥﴾ | 15 |
| *প্রতিবর্ণায়ন* | আল্লা-হু ইয়াছ্তাহ্ঝিউ বিহিম ওয়া ইয়ামুদ্দুহুম ফী তুগইয়া-নিহিম ইয়া'মাহূন। | |
| *তরজমা* | আল্লাহ্ তাহাদের সঙ্গে তামাশা করেন এবং তাহাদেরকে তাহাদের অবাধ্যতায় বিভ্রান্তের ন্যায় ঘুরিয়া বেড়াইবার অবকাশ দেন। | |
| | أُولَٰئِكَ الَّذِينَ اشْتَرَوُا الضَّلَالَةَ بِالْهُدَىٰ فَمَا رَبِحَت تِّجَارَتُهُمْ وَمَا كَانُوا مُهْتَدِينَ ﴿١٦﴾ | 16 |
| *প্রতিবর্ণায়ন* | উলা~ইকাল্লায ীনাশ তারাউদ্দ ালা-লাতা বিলহুদা-(ص) ফামা-রাবিহ াত্তিজা-রাতুহুম ওয়ামা কা-নূ মুহ্তাদীন। | |
| *তরজমা* | ইহারাই হিদায়াতের বিনিময়ে ভ্রান্তি ক্রয় করিয়াছে। সুতরাং তাহাদের ব্যবসা লাভজনক হয় নাই, তাহারা সৎপথেও পরিচালিত নহে। | |
| | مَثَلُهُمْ كَمَثَلِ الَّذِي اسْتَوْقَدَ نَارًا فَلَمَّا أَضَاءَتْ مَا حَوْلَهُ ذَهَبَ اللَّهُ بِنُورِهِمْ وَتَرَكَهُمْ فِي ظُلُمَاتٍ لَّا يُبْصِرُونَ ﴿١٧﴾ | 17 |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | মাছ ালুহুম কামাছ ালিল্লায ীছ্তাওক াদা না-রাং (ج) ফালাম্মা˜ আদ া~আত মা-হ্ াওলাহূ য াহাবাল্লা-হু বিনূরিহিম ওয়া তারাকাহুম ফী জু ুলুমা-তিল্ লা-ইউবসিরূন। | |
| *তরজমা* | তাহাদের উপমা : যেমন এক ব্যক্তি অগ্নি প্রজ্বলিত করিল; উহা যখন তাহার চতুর্দিক আলোকিত করিল আল্লাহ্ তখন তাহাদের জ্যোতি অপসারিত করিলেন এবং তাহাদেরকে ঘোর অন্ধকারে ফেলিয়া দিলেন, তাহারা কিছুই দেখিতে পায় না- | |
| | صُمٌّۢ بُكۡمٌ عُمۡیٌ فَهُمۡ لَا یَرۡجِعُوۡنَ ﴿۱۸﴾ | 18 |
| *প্রতিবর্ণায়ন* | সুম্মুম্ বুকমুন ‘উমইয়ুং ফাহুম লা-ইয়ার্জি‘উন। | |
| *তরজমা* | তাহারা বধির, মূক, অন্ধ, সুতরাং তাহারা ফিরিবে না। | |
| | اَوۡ كَصَیِّبٍ مِّنَ السَّمَآءِ فِیۡهِ ظُلُمٰتٌ وَّ رَعۡدٌ وَّ بَرۡقٌ ۚ یَجۡعَلُوۡنَ اَصَابِعَهُمۡ فِیۡۤ اٰذَانِهِمۡ مِّنَ الصَّوَاعِقِ حَذَرَ الۡمَوۡتِ ؕ وَ اللّٰهُ مُحِیۡطٌۢ بِالۡكٰفِرِیۡنَ ﴿۱۹﴾ | 19 |
| *প্রতিবর্ণায়ন* | আও কাসাইয়িবিম মিনাছ্ছামা~ই ফীহি জু ুলুমা-তুওঁ ওয়া রা‘দুওঁ ওয়া বারকু ইঁ (ج) ইয়াজ‘আলূনা আসা-বি‘আহুম ফী˜আ-য া-নিহিম মিনাস্সাওয়া-‘ইকি হ়ায ারাল মাওতি (ط) ওয়াল্লা-হু মুহ্ ীতূম বিলকা-ফিরীন। | |
| *তরজমা* | কিংবা যেমন আকাশের বর্ষণমুখর ঘন মেঘ-যাহাতে রহিয়াছে ঘোর অন্ধকার, বজ্রধ্বনি ও বিদ্যুৎ-চমক। বজ্রধ্বনিতে মৃত্যুভয়ে তাহারা তাহাদের কর্ণে অঙ্গুলি প্রবেশ করায়। আল্লাহ্ কাফিরদের পরিবেষ্টন করিয়া রহিয়াছেন। | |
| | یَكَادُ الۡبَرۡقُ یَخۡطَفُ اَبۡصَارَهُمۡ ؕ كُلَّمَاۤ اَضَآءَ لَهُمۡ مَّشَوۡا فِیۡهِ ٭ۙ وَ اِذَاۤ اَظۡلَمَ عَلَیۡهِمۡ قَامُوۡا ؕ وَ لَوۡ شَآءَ اللّٰهُ لَذَهَبَ بِسَمۡعِهِمۡ وَ اَبۡصَارِهِمۡ ؕ اِنَّ اللّٰهَ عَلٰی كُلِّ شَیۡءٍ قَدِیۡرٌ ﴿۲۰﴾ | 20 |
| *প্রতিবর্ণায়ন* | ইয়াকা-দুল বারকু ইয়াখত াফু আবসা-রাহুম (ط) কুল্লামা˜ আদ া~আ লাহুম্ মাশাও ফীহি (ۙ) ওয়া ইয া˜ আজ লামা ‘আলাইহিম ক া-মূ (ط) ওয়ালাও শা~আল্লা-হু লায াহাবা বিছাম‘ইহিম (ط) ওয়া আবসা-রিহিম ; ইন্নাল্লা-হা ‘আলা-কুল্লি শাইয়িং ক াদীর। | |
| *তরজমা* | বিদ্যুৎ-চমক তাহাদের দৃষ্টিশক্তি প্রায় কাড়িয়া নেয়। যখনই বিদ্যুতালোক তাহাদের সম্মুখে উদ্ভাসিত হয় তাহারা তখনই তাহাতে পথ চলিতে থাকে এবং যখন তাহারা অন্ধকারে আচ্ছন্ন হয়, তখন তাহারা থমকিয়া দাঁড়ায়। নিশ্চয়ই আল্লাহ্ ইচ্ছা করিলে তাহাদের শ্রবণ ও দৃষ্টিশক্তি হরণ করিতেন। আল্লাহ্ সর্ববিষয়ে সর্বশক্তিমান। | |
| | یٰۤاَیُّهَا النَّاسُ اعۡبُدُوۡا رَبَّكُمُ الَّذِیۡ خَلَقَكُمۡ وَ الَّذِیۡنَ مِنۡ قَبۡلِكُمۡ لَعَلَّكُمۡ تَتَّقُوۡنَ ﴿۲۱﴾ | 21 |
| *প্রতিবর্ণায়ন* | ইয়া˜ আইয়ুহান্না-ছু‘বুদূ রাব্বাকুমুল্লায ী খালাক াকুম, ওয়াল্লায ীনা মিং ক াবলিকুম লা‘আল্লাকুম তাত্তাকূ ন। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | হে মানুষ! তোমরা তোমাদের সেই প্রতিপালকের ‘ইবাদত কর যিনি তোমাদের ও তোমাদের পূর্ববর্তীগণকে সৃষ্টি করিয়াছেন যাহাতে তোমরা মুত্তাকী হইতে পার, | |
| | الَّذِىۡ جَعَلَ لَـكُمُ الۡاَرۡضَ فِرَاشًا وَّالسَّمَآءَ بِنَآءً وَّاَنۡزَلَ مِنَ السَّمَآءِ مَآءً فَاَخۡرَجَ بِهٖ مِنَ الثَّمَرٰتِ رِزۡقًا لَّـكُمۡۚ فَلَا تَجۡعَلُوۡا لِلّٰهِ اَنۡدَادًا وَّاَنۡتُمۡ تَعۡلَمُوۡنَ ﴿۲۲﴾ | **22** |
| *প্রতিবর্ণায়ন* | আল্লাযী জা‘আলা লাকুমুল আরদা ফিরা-শাওঁ ওয়াছ্ছামা~আ বিনা~আওঁ (ص) ওয়া আংঝালা মিনাছ্ছামা~ই মা~আং ফাআখ্‌রাজা বিহী মিনাছ্ ছামারা-তি রিঝকাল্লাকুম (ج) ফালা-তাজ‘আলূ লিল্লা-হি আংদা-দাওঁ ওয়া আংতুম তা‘লামূন। | |
| *তরজমা* | যিনি পৃথিবীকে তোমাদের জন্য বিছানা ও আকাশকে ছাদ করিয়াছেন এবং আকাশ হইতে পানি বর্ষণ করিয়া তদ্দ্বারা তোমাদের জীবিকার জন্য ফলমূল উৎপাদন করেন। সুতরাং তোমরা জানিয়া-শুনিয়া কাহাকেও আল্লাহ্‌র সমকক্ষ দাঁড় করাইও না। | |
| | وَاِنۡ كُنۡتُمۡ فِىۡ رَيۡبٍ مِّمَّا نَزَّلۡنَا عَلٰى عَبۡدِنَا فَاۡتُوۡا بِسُوۡرَةٍ مِّنۡ مِّثۡلِهٖ وَادۡعُوۡا شُهَدَآءَكُمۡ مِّنۡ دُوۡنِ اللّٰهِ اِنۡ كُنۡتُمۡ صٰدِقِيۡنَ ﴿۲۳﴾ | **23** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইং কুংতুম ফী রাইবিম মিম্মা-নাঝ্‌ঝালনা- ‘আলা-আব্‌দিনা- ফা’তূ বিছূরাতিম মিম্মিছলিহী (ص) ওয়াদ‘উ শুহাদা~আকুম মিং দূনিল্লা-হি ইং কুংতুম সা-দিকীন। | |
| *তরজমা* | আমি আমার বান্দার প্রতি যাহা অবতীর্ণ করিয়াছি তাহাতে তোমাদের কোন সন্দেহ থাকিলে তোমরা ইহার অনুরূপ কোন সূরা আনয়ন কর এবং তোমরা যদি সত্যবাদী হও তবে আল্লাহ্ ব্যতীত তোমাদের সকল সাহায্যকারীকে আহ্বান কর। | |
| | فَاِنۡ لَّمۡ تَفۡعَلُوۡا وَلَنۡ تَفۡعَلُوۡا فَاتَّقُوا النَّارَ الَّتِىۡ وَقُوۡدُهَا النَّاسُ وَالۡحِجَارَةُ ۖۚ اُعِدَّتۡ لِلۡكٰفِرِيۡنَ ﴿۲۴﴾ | **24** |
| *প্রতিবর্ণায়ন* | ফাইল্লাম তাফ‘আলূ ওয়া লাং তাফ‘আলূ ফাত্তাকুন্না-রাল্লাতী ওয়াকূদুহান্না-ছু ওয়াল হিজা-রাতু (صلے) উ‘ইদ্দাত লিলকা-ফিরীন। | |
| *তরজমা* | যদি তোমরা আনয়ন না কর এবং কখনই করিতে পারিবে না, তবে সেই আগুনকে ভয় কর, মানুষ ও পাথর হইবে যাহার ইন্ধন, কাফিরদের জন্য যাহা প্রস্তুত করিয়া রাখা হইয়াছে। | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| | وَبَشِّرِ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ اَنَّ لَهُمْ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ ؕ كُلَّمَا رُزِقُوْا مِنْهَا مِنْ ثَمَرَةٍ رِّزْقًا ۙ قَالُوْا هٰذَا الَّذِيْ رُزِقْنَا مِنْ قَبْلُ ۙ وَاُتُوْا بِهٖ مُتَشَابِهًا ؕ وَلَهُمْ فِيْهَاۤ اَزْوَاجٌ مُّطَهَّرَةٌ ۙۗ وَّهُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿۲۵﴾ | 25 |
| প্রতিবর্ণায়ন | ওয়া বাশ্‌শিরিল্লায ীনা আ-মানূ ওয়া'আমিলুস্‌সালিহ া-তি আন্না লাহুম জান্না-তিং তাজরী মিং তাহ তিহাল আনহা-রু (ط) কুল্লামা- রুঝিকূ মিনহা- মিং ছ ামারাতির্‌ রিঝক াং (ۙ) ক া-লূ হা-য াল্লায ী রুঝিক না- মিং ক াব্‌লু (ۙ) ওয়া উতূ বিহী মুতাশা-বিহাওঁ (ط) ওয়া লাহুম ফীহা ˜আঝওয়া-জুম্‌ মুত াহ্‌হারাতুওঁ (ۙ) ওয়া হুম ফীহা- খা-লিদূন। | |
| তরজমা | যাহারা ঈমান আনয়ন করে ও সৎকর্ম করে তাহাদেরকে শুভ সংবাদ দাও যে, তাহাদের জন্য রহিয়াছে জান্নাত-যাহার নিম্নদেশে নদী প্রবাহিত। যখনই তাহাদেরকে ফলমূল খাইতে দেওয়া হইবে তখনই তাহারা বলিবে, 'আমাদেরকে পূর্বে জীবিকারূপে যাহা দেওয়া হইত ইহা তো তাহাই; তাহাদেরকে অনুরূপ ফলই দেওয়া হইবে এবং সেখানে তাহাদের জন্য পবিত্র সঙ্গিনী রহিয়াছে, তাহারা সেখানে স্থায়ী হইবে। | |
| | اِنَّ اللّٰهَ لَا يَسْتَحْيٖۤ اَنْ يَّضْرِبَ مَثَلًا مَّا بَعُوْضَةً فَمَا فَوْقَهَا ؕ فَاَمَّا الَّذِيْنَ اٰمَنُوْا فَيَعْلَمُوْنَ اَنَّهُ الْحَقُّ مِنْ رَّبِّهِمْ ۚ وَاَمَّا الَّذِيْنَ كَفَرُوْا فَيَقُوْلُوْنَ مَاذَاۤ اَرَادَ اللّٰهُ بِهٰذَا مَثَلًا ۘ يُضِلُّ بِهٖ كَثِيْرًا ۙ وَّيَهْدِيْ بِهٖ كَثِيْرًا ؕ وَمَا يُضِلُّ بِهٖۤ اِلَّا الْفٰسِقِيْنَ ﴿۲۶﴾ | 26 |
| প্রতিবর্ণায়ন | ইন্নাল্লা-হা লা-ইয়াছ্‌তাহ্‌ ঈ˜আইঁ ইয়াদ রিবা মাছ ালাম্মা- বা'ঊদ াতাং ফামা- ফাওক াহা- (ط) ফাআম্মাল্লায ীনা আ-মানূ ফাইয়া'লামূনা আন্নাহুল হ াক্কু মিররাব্বিহিম (ج) ওয়া আম্মাল্লায ীনা কাফারূ ফাইয়াকূ লূনা মা-য া˜আরা-দাল্লা-হু বিহা-য া- মাছ ালা-(م) । ইউদি ল্লু বিহী কাছ ীরাওঁ (ۙ) ওয়াহ্‌দী বিহী কাছ ীরাওঁ (ط) ওয়ামা- ইউদি ল্লু বিহী˜ ইল্লাল ফা-ছিক ীন। | |
| তরজমা | আল্লাহ্‌ মশা কিংবা তদপেক্ষা ক্ষুদ্র কোন বস্তুর উপমা দিতে সংকোচ বোধ করেন না। সুতরাং যাহারা ঈমান আনিয়াছে তাহারা জানে যে, নিশ্চয়ই ইহা সত্য-যাহা তাহাদের প্রতিপালকের নিকট হইতে আসিয়াছে। কিন্তু যাহারা কাফির তাহারা বলে, আল্লাহ্‌ কী অভিপ্রায়ে এই উপমা পেশ করিয়াছেন ? ইহা দ্বারা অনেককেই তিনি বিভ্রান্ত করেন, আবার বহু লোককে সৎপথে পরিচালিত করেন। বস্তুত তিনি পথ-পরিত্যাগকারীগণ ব্যতীত আর কাহাকেও বিভ্রান্ত করেন না- | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | الَّذِيْنَ يَنْقُضُوْنَ عَهْدَ اللّٰهِ مِنْۢ بَعْدِ مِيْثَاقِهٖ ۖ وَيَقْطَعُوْنَ مَآ اَمَرَ اللّٰهُ بِهٖٓ اَنْ يُّوْصَلَ وَيُفْسِدُوْنَ فِى الْاَرْضِ ۗ اُولٰٓئِكَ هُمُ الْخٰسِرُوْنَ ﴿۲۷﴾ | **27** |
| *প্রতিবর্ণায়ন* | আল্লায ীনা ইয়াংকু দূ না 'আহ্দাল্লা-হি মিম্ বা'দি মীছ া-কি হী (ص) ওয়া ইয়াক তা 'উনা মা~ আমারাল্লাহু বিহী~ আইঁ ইউসালা ওয়া ইউফ্ছিদূনা ফিল আর্দি (ط) উলা~ইকা হুমুল খা-ছিরূন। | |
| *তরজমা* | যাহারা আল্লাহ্‌র সঙ্গে দৃঢ় অঙ্গীকারে আবদ্ধ হইবার পর উহা ভঙ্গ করে, যে সম্পর্ক অক্ষুণ্ন রাখিতে আল্লাহ্ আদেশ করিয়াছেন তাহা ছিন্ন করে এবং দুনিয়ায় অশান্তি সৃষ্টি করিয়া বেড়ায়, তাহারাই ক্ষতিগ্রস্ত। | |
| | كَيْفَ تَكْفُرُوْنَ بِاللّٰهِ وَكُنْتُمْ اَمْوَاتًا فَاَحْيَاكُمْ ۚ ثُمَّ يُمِيْتُكُمْ ثُمَّ يُحْيِيْكُمْ ثُمَّ اِلَيْهِ تُرْجَعُوْنَ ﴿۲۸﴾ | **28** |
| *প্রতিবর্ণায়ন* | কাইফা তাকফুরূনা বিল্লা-হি ওয়া কুংতুম আমওয়া-তাং ফাআহ ইয়া-কুম (ج) ছু ম্মা ইউমীতুকুম, ছু ম্মা ইউহ্ ঈকুম ছু ম্মা ইলাইহি তুরজা'উন। | |
| *তরজমা* | তোমরা কিরূপে আল্লাহ্‌কে অস্বীকার কর ? অথচ তোমরা ছিলে প্রাণহীন, তিনি তোমাদেরকে জীবন্ত করিয়াছেন, আবার তোমাদের মৃত্যু ঘটাইবেন ও পুনরায় জীবন্ত করিবেন, পরিণামে তাঁহার দিকেই তোমাদেরকে ফিরাইয়া আনা হইবে। | |
| | هُوَ الَّذِىْ خَلَقَ لَكُمْ مَّا فِى الْاَرْضِ جَمِيْعًا ۚ ثُمَّ اسْتَوٰٓى اِلَى السَّمَآءِ فَسَوّٰىهُنَّ سَبْعَ سَمٰوٰتٍ ۗ وَهُوَ بِكُلِّ شَىْءٍ عَلِيْمٌ ﴿۲۹﴾ ع | **29** |
| *প্রতিবর্ণায়ন* | হুওয়াল্লায ী খালাক ালাকুম্ মা-ফিল আর্দি জামী'আং (ق) ছু ম্মাছ্ তাওয়া~ ইলাছ্ছামা~ই ফাছাওওয়া-হুন্না ছাব'আ ছামা-ওয়া-তিওঁ (ط) ওয়া হুওয়া বিকুল্লি শাইয়িন 'আলীম। | |
| *তরজমা* | তিনি পৃথিবীর সবকিছু তোমাদের জন্য সৃষ্টি করিয়াছেন, তৎপর তিনি আকাশের দিকে মনোসংযোগ করেন এবং উহাকে সপ্তাকাশে বিন্যস্ত করেন; তিনি সর্ববিষয়ে সবিশেষ অবহিত। | |
| | وَاِذْ قَالَ رَبُّكَ لِلْمَلٰٓئِكَةِ اِنِّىْ جَاعِلٌ فِى الْاَرْضِ خَلِيْفَةً ۗ قَالُوْٓا اَتَجْعَلُ فِيْهَا مَنْ يُّفْسِدُ فِيْهَا وَيَسْفِكُ الدِّمَآءَ ۚ وَنَحْنُ نُسَبِّحُ بِحَمْدِكَ وَنُقَدِّسُ لَكَ ۗ قَالَ اِنِّىْٓ اَعْلَمُ مَا لَا تَعْلَمُوْنَ ﴿۳۰﴾ | **30** |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয' ক'া-লা রাব্বুকা লিলমাল~ইকাতি ইন্নী জা-'ইলুং ফিল আর্‌দি' খালীফাতাং (ط) ক'া-লূ~ আতাজ'আলু ফীহা- মাইঁ ইউফ্‌ছিদু ফীহা- ওয়া ইয়াছফিকুদ্ দিমা~আ (ج) ওয়ানাহ'নু নুছাব্বিহু  বিহ'াম্‌দিকা ওয়া নুক'াদ্দিছু লাকা (ط) ক'া-লা ইন্নী~ আ'লামু মা-লা- তা'লামূন। | |
| *তরজমা* | স্মরণ কর, যখন তোমার প্রতিপালক ফিরিশতাদের বলিলেন, 'আমি পৃথিবীতে প্রতিনিধি সৃষ্টি করিতেছি', তাহারা বলিল, 'আপনি কি সেখানে এমন কাহাকেও সৃষ্টি করিবেন, যে অশান্তি ঘটাইবে ও রক্তপাত করিবে ? আমরাই তো আপনার সপ্রশংস স্তুতিগান ও পবিত্রতা ঘোষণা করি। তিনি বলিলেন, 'নিশ্চয়ই আমি যাহা জানি তাহা তোমরা জান না।' | |
| | وَعَلَّمَ اٰدَمَ الْاَسْمَآءَ كُلَّهَا ثُمَّ عَرَضَهُمْ عَلَى الْمَلٰٓئِكَةِ ۙ فَقَالَ اَنْۢبِـُٔوْنِىْ بِاَسْمَآءِ هٰٓؤُلَآءِ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٣١﴾ | 31 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া'আল্লামা আ-দামাল আছমা~আ কুল্লাহা- ছু'ম্মা 'আরাদ'াহুম 'আলাল মালা~ইকাতি (لا) ফাক'া-লা আম্বিঊনী বিআছমা~ই হা~ উলা~ই ইং কুংতুম সা-দিক'ীন। | |
| *তরজমা* | আর তিনি আদমকে যাবতীয় নাম শিক্ষা দিলেন, তারপর সেই সমুদয় ফিরিশতাদের সম্মুখে প্রকাশ করিলেন এবং বলিলেন, 'এই সমুদয়ের নাম আমাকে বলিয়া দাও, যদি তোমরা সত্যবাদী হও।' | |
| | قَالُوْا سُبْحٰنَكَ لَا عِلْمَ لَنَآ اِلَّا مَا عَلَّمْتَنَا ؕ اِنَّكَ اَنْتَ الْعَلِيْمُ الْحَكِيْمُ ﴿٣٢﴾ | 32 |
| *প্রতিবর্ণায়ন* | ক'া-লূ ছুবহ'া-নাকা লা- 'ইলমা লানা~ ইল্লা-মা 'আল্লাম্‌তানা-(ط) ইন্নাকা আংতাল 'আলীমুল হ'াকীম। | |
| *তরজমা* | তাহারা বলিল, 'আপনি মহান, পবিত্র। আপনি আমাদেরকে যাহা শিক্ষা দিয়াছেন তাহা ছাড়া আমাদের তো কোন জ্ঞানই নাই। বস্তুত আপনি জ্ঞানময় ও প্রজ্ঞাময়।' | |
| | قَالَ يٰٓاٰدَمُ اَنْۢبِئْهُمْ بِاَسْمَآئِهِمْ ۚ فَلَمَّآ اَنْۢبَاَهُمْ بِاَسْمَآئِهِمْ ۙ قَالَ اَلَمْ اَقُلْ لَّكُمْ اِنِّىْٓ اَعْلَمُ غَيْبَ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۙ وَاَعْلَمُ مَا تُبْدُوْنَ وَمَا كُنْتُمْ تَكْتُمُوْنَ ﴿٣٣﴾ | 33 |
| *প্রতিবর্ণায়ন* | ক'া-লা ইয়া~আ-দামূ আম্বি'হুম বিআছ্‌মা~ইহিম (ج) ফালাম্মা~আম্বাআহুম বিআছ্‌মা~ইহিম (لا) ক'া-লা আলাম আকু'ল্লাকুম ইন্নী~ আ'লামু গাইবাছ্‌ছামা-ওয়া-তি ওয়ল আর্‌দি', ওয়া আ'লামু মা- তুব্‌দূনা ওয়ামা- কুংতুম তাক্‌তুমূন। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | তিনি বলিলেন, 'হে আদম! তাহাদেরকে এই সকল নাম বলিয়া দাও।' সে তাহাদেরকে এই সকলের নাম বলিয়া দিলে তিনি বলিলেন, 'আমি কি তোমাদেরকে বলি নাই যে, আকাশমণ্ডল ও পৃথিবীর অদৃশ্য বস্তু সম্বন্ধে আমি নিশ্চিতভাবে অবহিত এবং তোমরা যাহা ব্যক্ত কর বা গোপন রাখ আমি তাহাও জানি?' | |
| | وَاِذْ قُلْنَا لِلْمَلٰٓئِكَةِ اسْجُدُوْا لِاٰدَمَ فَسَجَدُوْٓا اِلَّآ اِبْلِيْسَ ؕ اَبٰى وَاسْتَكْبَرَ ٭ وَكَانَ مِنَ الْكٰفِرِيْنَ ﴿۳۴﴾ | **34** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয˙ কু˙ল্না- লিলমালা~ইকাতিছ্জুদূ লিআ-দামা ফাছাজাদূ˜ ইল্লা˜ ইব্লীছা (ط) আবা-ওয়াছতাক্বারা (ق) ওয়া কা-না মিনাল কা-ফিরীন। | |
| *তরজমা* | যখন আমি ফিরিশতাদের বলিলাম, 'আদমকে সিজ্দা কর', তখন ইব্লীস ব্যতীত সকলেই সিজ্দা করিল; সে অমান্য করিল ও অহংকার করিল। সুতরাং সে কাফিরদের অন্তর্ভুক্ত হইল। | |
| | وَقُلْنَا يٰٓاٰدَمُ اسْكُنْ اَنْتَ وَزَوْجُكَ الْجَنَّةَ وَكُلَا مِنْهَا رَغَدًا حَيْثُ شِئْتُمَا ۠ وَلَا تَقْرَبَا هٰذِهِ الشَّجَرَةَ فَتَكُوْنَا مِنَ الظّٰلِمِيْنَ ﴿۳۵﴾ | **35** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াকু˙লনা-ইয়া˜ আ-দামুছ্কুন আংতা ওয়াঝাওজুকাল জান্নাতা ওয়াকুলা-মিনহা-রাগাদান হ˙াইছু˙ শি'তুমা- (ص) ওয়ালা-তাক˙রাবা- হা-যি˙হিশ্শাজারাতা ফাতাকূনা- মিনাজ্জ˙া-লিমীন। | |
| *তরজমা* | এবং আমি বলিলাম, 'হে আদম! তুমি ও তোমার স্ত্রী জান্নাতে বসবাস কর এবং যেথা ইচ্ছা স্বচ্ছন্দে আহার কর, কিন্তু এই বৃক্ষের নিকটবর্তী হইও না ; হইলে তোমরা অন্যায়কারীদের অন্তর্ভুক্ত হইবে।' | |
| | فَاَزَلَّهُمَا الشَّيْطٰنُ عَنْهَا فَاَخْرَجَهُمَا مِمَّا كَانَا فِيْهِ ۠ وَقُلْنَا اهْبِطُوْا بَعْضُكُمْ لِبَعْضٍ عَدُوٌّ ۚ وَلَكُمْ فِى الْاَرْضِ مُسْتَقَرٌّ وَّمَتَاعٌ اِلٰى حِيْنٍ ﴿۳۶﴾ | **36** |
| *প্রতিবর্ণায়ন* | ফাআঝাল্লাহুমাশ্শাইত˙া-নু 'আনহা- ফাআখরাজাহুমা- মিম্মা-কা-না ফীহি (ص) ওয়া কু˙লনাহ্ বিতূ˙ বা'দু˙কুম লিবা'দি˙ন 'আদুওউওঁ (ج) ওয়া লাকুম ফিল আর্দি˙ মুছতাক˙ার্রুওঁ ওয়ামাতা-'উন ইলা-হ˙ীন । | |
| *তরজমা* | কিন্তু শয়তান উহা হইতে তাহাদের পদস্খলন ঘটাইল এবং তাহারা যেখানে ছিল সেখান হইতে তাহাদেরকে বহিষ্কার করিল। আমি বলিলাম, 'তোমরা একে অন্যের শত্রুরূপে নামিয়া যাও, পৃথিবীতে কিছুকালের জন্য তোমাদের বসবাস ও জীবিকা রহিল।' | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | فَتَلَقّٰۤى اٰدَمُ مِنۡ رَّبِّهٖ كَلِمٰتٍ فَتَابَ عَلَيۡهِ‌ؕ اِنَّهٗ هُوَ التَّوَّابُ الرَّحِيۡمُ ﴿۳۷﴾ | **37** |
| *প্রতিবর্ণায়ন* | ফাতালাক্ক া ˜ আ-দামু মির রাব্বিহী কালিমা-তিং ফাতা-বা 'আলাইহি (ط) ইন্নাহূ হুওয়াত্তাওওয়া-বুর রাহ ীম। | |
| *তরজমা* | অতঃপর আদম তাহার প্রতিপালকের নিকট হইতে কিছু বাণী প্রাপ্ত হইল। আল্লাহ্ তাহার প্রতি ক্ষমাপরবশ হইলেন। নিশ্চয়ই তিনি অত্যন্ত ক্ষমাশীল, পরম দয়ালু। | |
| | قُلۡنَا اهۡبِطُوۡا مِنۡهَا جَمِيۡعًا ‌ۚ فَاِمَّا يَاۡتِيَنَّكُمۡ مِّنِّىۡ هُدًى فَمَنۡ تَبِعَ هُدَاىَ فَلَا خَوۡفٌ عَلَيۡهِمۡ وَلَا هُمۡ يَحۡزَنُوۡنَ ﴿۳۸﴾ | **38** |
| *প্রতিবর্ণায়ন* | কু লনাহ্ বিতূ মিনহা-জামী'আং (ج) ফাইম্মা- ইয়া'তিইয়ান্নাকুম মিন্নী হুদাং ফামাং তাবি'আ হুদা-ইয়া ফালা-খাওফুন 'আলাইহিম ওয়ালা-হুম ইয়াহ্ ঝানূন। | |
| *তরজমা* | আমি বলিলাম, 'তোমরা সকলেই এই স্থান হইতে নামিয়া যাও। পরে যখন আমার পক্ষ হইতে তোমাদের নিকট সৎপথের কোন নির্দেশ আসিবে তখন যাহারা আমার সৎপথের নির্দেশ অনুসরণ করিবে তাহাদের কোন ভয় নাই এবং তাহারা দুঃখিতও হইবে না।' | |
| | وَالَّذِيۡنَ كَفَرُوۡا وَكَذَّبُوۡا بِاٰيٰتِنَآ اُولٰٓـئِكَ اَصۡحٰبُ النَّارِ‌ۚ هُمۡ فِيۡهَا خٰلِدُوۡنَ ﴿۳۹﴾ | **39** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াল্লায ীনা কাফারূ ওয়াকায্ য াবূ বিআ-য়া-তিনা˜ উলা~ইকা আসহ া-বুন্না-রি (ج) হুম ফীহা-খা-লিদূন। | |
| *তরজমা* | যাহারা কুফরী করিবে এবং আমার নিদর্শনসমূহকে অস্বীকার করিবে তাহারাই অগ্নিবাসী, সেখানে তাহারা স্থায়ী হইবে। | |
| | يٰبَنِىۡٓ اِسۡرَآءِيۡلَ اذۡكُرُوۡا نِعۡمَتِىَ الَّتِىۡٓ اَنۡعَمۡتُ عَلَيۡكُمۡ وَاَوۡفُوۡا بِعَهۡدِىۡٓ اُوۡفِ بِعَهۡدِكُمۡ‌ۚ وَاِيَّاىَ فَارۡهَبُوۡنِ ﴿۴۰﴾ | **40** |
| *প্রতিবর্ণায়ন* | ইয়া-বানী˜ ইছরা~ঈলায্ কুরূ নি'মাতিয়াল্লাতী˜ আন'আমতু 'আলাইকুম ওয়াআওফূ বি'আহদি˜ ঊফি বি'আহ্দিকুম (ج) ওয়াইয়্যা-ইয়া ফারহাবূন। | |
| *তরজমা* | হে বনী ইসরাঈল! আমার সেই অনুগ্রহকে তোমরা স্মরণ কর যদ্দ্বারা আমি তোমাদেরকে অনুগৃহীত করিয়াছি এবং আমার সঙ্গে তোমাদের অঙ্গীকার পূর্ণ কর, আমিও তোমাদের সঙ্গে আমার অঙ্গীকার পূর্ণ করিব। আর তোমরা শুধু আমাকেই ভয় কর। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | وَاٰمِنُوْا بِمَآ اَنْزَلْتُ مُصَدِّقًا لِّمَا مَعَكُمْ وَلَا تَكُوْنُوْٓا اَوَّلَ كَافِرٍۢ بِهٖ ۖ وَلَا تَشْتَرُوْا بِاٰيٰتِيْ ثَمَنًا قَلِيْلًا ۡ وَّاِيَّايَ فَاتَّقُوْنِ ﴿٤١﴾ | 41 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াআ-মিনূ বিমাদ আংঝালতু মুসাদ্দিক া'ল্লিমা- মা'আকুম ওয়ালা-তাকূনূদ আওওয়ালা কা-ফিরিম্ বিহী (ص) ওয়ালা-তাশতারূ বিআ-য়া-তী ছ া'মানাং ক া'লীলাওঁ (ز) ওয়াইয়্যা-ইয়া ফাত্তাকূ 'ন। | |
| *তরজমা* | আমি যাহা অবতীর্ণ করিয়াছি তোমরা তাহাতে ঈমান আন। ইহা তোমাদের নিকট যাহা আছে উহার প্রত্যায়নকারী। আর তোমরাই উহার প্রথম প্রত্যাখ্যানকারী হইও না এবং আমার আয়াতের বিনিময়ে তুচ্ছ মূল্য গ্রহণ করিও না। তোমরা শুধু আমাকেই ভয় কর। | |
| | وَلَا تَلْبِسُوا الْحَقَّ بِالْبَاطِلِ وَتَكْتُمُوا الْحَقَّ وَاَنْتُمْ تَعْلَمُوْنَ ﴿٤٢﴾ | 42 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালা-তালবিছুল হ া'ক্ক া' বিলবা-তি 'লি ওয়া তাক্তুমুল হ া'ক্ক া' ওয়া আংতুম তা'লামূন। | |
| *তরজমা* | তোমরা সত্যকে মিথ্যার সঙ্গে মিশ্রিত করিও না এবং জানিয়া-শুনিয়া সত্য গোপন করিও না। | |
| | وَاَقِيْمُوا الصَّلٰوةَ وَاٰتُوا الزَّكٰوةَ وَارْكَعُوْا مَعَ الرّٰكِعِيْنَ ﴿٤٣﴾ | 43 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আক া'মুস্সালা-তা ওয়া আ-তুঝ্ঝাকা-তা ওয়ারকা'উ মা'আর্ রা-কি'ঈন। | |
| *তরজমা* | তোমরা সালাত কায়েম কর ও যাকাত দাও এবং যাহারা রুকূ' করে তাহাদের সঙ্গে রুকূ' কর। | |
| | اَتَاْمُرُوْنَ النَّاسَ بِالْبِرِّ وَتَنْسَوْنَ اَنْفُسَكُمْ وَاَنْتُمْ تَتْلُوْنَ الْكِتٰبَ ۭ اَفَلَا تَعْقِلُوْنَ ﴿٤٤﴾ | 44 |
| *প্রতিবর্ণায়ন* | আতা'মুরূনান্না-ছা বিল্‌বির্‌বি ওয়া তাংছাওনা আংফুছাকুম ওয়া আংতুম তাতলূনাল কিতা-বা (ط) আফালা-তা'কি 'লূন। | |
| *তরজমা* | তোমরা কি মানুষকে সৎকর্মের নির্দেশ দাও, আর নিজদেরকে বিস্মৃত হও ? অথচ তোমরা কিতাব অধ্যয়ন কর। তবে কি তোমরা বুঝ না ? | |
| | وَاسْتَعِيْنُوْا بِالصَّبْرِ وَالصَّلٰوةِ ۭ وَاِنَّهَا لَكَبِيْرَةٌ اِلَّا عَلَى الْخٰشِعِيْنَ ﴿٤٥﴾ | 45 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াছ্তা'ঈনূ বিসসাবরি ওয়াসসালা-তি (ط) ওয়া ইন্নাহা-লাকাবীরাতুন ইল্লা-'আলাল খা-শি'ঈন। | |
| *তরজমা* | তোমরা ধৈর্য ও সালাতের মাধ্যমে সাহায্য প্রার্থনা কর এবং ইহা বিনীতগণ ব্যতীত আর সকলের নিকট নিশ্চিতভাবে কঠিন। | |

| | | |
|---|---|---|
| | الَّذِيْنَ يَظُنُّوْنَ اَنَّهُمْ مُّلٰقُوْا رَبِّهِمْ وَاَنَّهُمْ اِلَيْهِ رٰجِعُوْنَ ﴿٤٦﴾ | **46** |
| *প্রতিবর্ণায়ন* | আল্লাযী না ইয়াজু ন্নুনা আন্নাহুম মুলা-কূ রাব্বিহিম ওয়াআন্নাহুম ইলাইহি রা-জি‘উন। | |
| *তরজমা* | তাহারাই বিনীত যাহারা বিশ্বাস করে যে, তাহাদের প্রতিপালকের সঙ্গে নিশ্চিতভাবে তাহাদের সাক্ষাতকার ঘটিবে এবং তাঁহারই দিকে তাহারা ফিরিয়া যাইবে। | |
| | يٰبَنِيْٓ اِسْرَآءِيْلَ اذْكُرُوْا نِعْمَتِيَ الَّتِيْٓ اَنْعَمْتُ عَلَيْكُمْ وَاَنِّيْ فَضَّلْتُكُمْ عَلَى الْعٰلَمِيْنَ ﴿٤٧﴾ | **47** |
| *প্রতিবর্ণায়ন* | ইয়া-বানী~ ইছরা~ঈলায কুরূ নি‘মাতিইয়াল্লাতী~ আন‘আমতু ‘আলাইকুম ওয়াআন্নী ফাদ্দ ালতুকুম ‘আলাল ‘আ-লামীন। | |
| *তরজমা* | হে বনী ইসরাঈল ! আমার সেই অনুগ্রহকে স্মরণ কর যদ্দ্বারা আমি তোমাদেরকে অনুগৃহীত করিয়াছিলাম এবং বিশ্বে সবার উপরে শ্রেষ্ঠত্ব দিয়াছিলাম। | |
| | وَاتَّقُوْا يَوْمًا لَّا تَجْزِيْ نَفْسٌ عَنْ نَّفْسٍ شَيْـًٔا وَّلَا يُقْبَلُ مِنْهَا شَفَاعَةٌ وَّلَا يُؤْخَذُ مِنْهَا عَدْلٌ وَّلَا هُمْ يُنْصَرُوْنَ ﴿٤٨﴾ | **48** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াত্তাকূ ইয়াওমাল্লা-তাজঝী নাফ্ছুন ‘আন্ নাফছিং শাইআওঁ ওয়ালা-ইউক বালু মিনহা-শাফা-‘আতুওঁ ওয়ালা-ইউ’খায্ মিনহা-‘আদলুওঁ ওয়ালা-হুম ইউংসারূন। | |
| *তরজমা* | তোমরা সেই দিনকে ভয় কর যেদিন কেহ কাহারও কোন কাজে আসিবে না, কাহারও সুপারিশ গ্রহণ করা হইবে না, কাহারও নিকট হইতে বিনিময় গৃহীত হইবে না এবং তাহারা কোন প্রকার সাহায্যপ্রাপ্তও হইবে না। | |
| | وَاِذْ نَجَّيْنٰكُمْ مِّنْ اٰلِ فِرْعَوْنَ يَسُوْمُوْنَكُمْ سُوْٓءَ الْعَذَابِ يُذَبِّحُوْنَ اَبْنَآءَكُمْ وَيَسْتَحْيُوْنَ نِسَآءَكُمْ ؕ وَفِيْ ذٰلِكُمْ بَلَآءٌ مِّنْ رَّبِّكُمْ عَظِيْمٌ ﴿٤٩﴾ | **49** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয নাজজাইনা-কুম মিন আ-লি ফির‘আওনা ইয়াছুমূনাকুম ছূ~আল ‘আযা-বি ইউযাব্বিহূ না আবনা~আকুম ওয়াইয়াছতাহ ইূনা নিছা~আকুম (ط) ওয়া ফী যা-লিকুম বালা~উম্ মির্‌রাব্বিকুম ‘আজ ীম। | |
| *তরজমা* | স্মরণ কর, যখন আমি ফির‘আওনী সম্প্রদায় হইতে তোমাদেরকে নিষ্কৃতি দিয়াছিলাম, যাহারা তোমাদের পুত্রগণকে যবেহ্ করিয়া ও তোমাদের নারীগণকে জীবিত রাখিয়া তোমাদেরকে মর্মান্তিক যন্ত্রণা দিত; এবং উহাতে তোমাদের প্রতিপালকের পক্ষ হইতে এক মহাপরীক্ষা ছিল; | |
| | وَاِذْ فَرَقْنَا بِكُمُ الْبَحْرَ فَاَنْجَيْنٰكُمْ وَاَغْرَقْنَآ اٰلَ فِرْعَوْنَ وَاَنْتُمْ تَنْظُرُوْنَ ﴿٥٠﴾ | **50** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয ফারাক না-বিকুমুল বাহ রা ফাআংজাইনা-কুম ওয়া আগ্‌রাক না~ আ-লা ফির্‘আওনা ওয়া আংতুম তাংজু রূন। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | যখন তোমাদের জন্য সাগরকে দ্বিধাবিভক্ত করিয়াছিলাম এবং তোমাদেরকে উদ্ধার করিয়াছিলাম ও ফির‘আওনী সম্প্রদায়কে নিমজ্জিত করিয়াছিলাম আর তোমরা উহা প্রত্যক্ষ করিতেছিলে। | |
| | وَاِذْ وٰعَدْنَا مُوْسٰٓى اَرْبَعِيْنَ لَيْلَةً ثُمَّ اتَّخَذْتُمُ الْعِجْلَ مِنْۢ بَعْدِهٖ وَاَنْتُمْ ظٰلِمُوْنَ ﴿٥١﴾ | **51** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াইয্ ওয়া- ‘আদনা-মূছা˜ আরবা‘ঈনা লাইলাতাং ছু ম্মাত্ তাখায তুমুল ‘ইজলা মিম্ বা‘দিহী ওয়া আংতুমজ া-লিমূন। | |
| *তরজমা* | যখন মূসার জন্য চল্লিশ রাত্রি নির্ধারিত করিয়াছিলাম, তাহার প্রস্থানের পর তোমরা তখন গোবৎসকে উপাস্যরূপে গ্রহণ করিয়াছিলে; আর তোমরা তো জালিম। | |
| | ثُمَّ عَفَوْنَا عَنْكُمْ مِّنْۢ بَعْدِ ذٰلِكَ لَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ﴿٥٢﴾ | **52** |
| *প্রতিবর্ণায়ন* | ছু ম্মা ‘আফাওনা- ‘আংকুম মিম্ বা‘দি য া-লিকা লা‘আল্লাকুম তাশ্কুরূন। | |
| *তরজমা* | ইহার পরও আমি তোমাদেরকে ক্ষমা করিয়াছি, যাহাতে তোমরা কৃতজ্ঞতা জ্ঞাপন কর। | |
| | وَاِذْ اٰتَيْنَا مُوْسَى الْكِتٰبَ وَالْفُرْقَانَ لَعَلَّكُمْ تَهْتَدُوْنَ ﴿٥٣﴾ | **53** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয আ-তাইনা- মূছাল কিতা-বা ওয়াল ফুরক া-না লা‘আল্লাকুম তাহ্তাদূন। | |
| *তরজমা* | -আর যখন আমি মূসাকে কিতাব ও ‘ফুরকান’ দান করিয়াছিলাম যাহাতে তোমরা হিদায়াতপ্রাপ্ত হও। | |
| | وَاِذْ قَالَ مُوْسٰى لِقَوْمِهٖ يٰقَوْمِ اِنَّكُمْ ظَلَمْتُمْ اَنْفُسَكُمْ بِاتِّخَاذِكُمُ الْعِجْلَ فَتُوْبُوْٓا اِلٰى بَارِىِٕكُمْ فَاقْتُلُوْٓا اَنْفُسَكُمْ ۭ ذٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ عِنْدَ بَارِىِٕكُمْ ۭ فَتَابَ عَلَيْكُمْ ۭ اِنَّهٗ هُوَ التَّوَّابُ الرَّحِيْمُ ﴿٥٤﴾ | **54** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয ক া-লা মূছা- লিক াওমিহী ইয়া-ক াওমি ইন্নাকুম জ ালাম্তুম আংফুছাকুম বিত্তিখা-যি কুমুল ‘ইজলা ফাতূবূ˜ ইলা-বা-রিইকুম ফাক তুলূ˜আংফুছাকুম (ط) য া-লিকুম খাইরুল্লাকুম ‘ইংদা বা-রিইকুম (ط) ফাতা-বা ‘আলাইকুম (ط) ইন্নাহূ হুওয়াত্তাওওয়া-বুর্রাহ ীম। | |
| *তরজমা* | আর যখন মূসা আপন সম্প্রদায়ের লোককে বলিল, ‘হে আমার সম্প্রদায়! গো-বৎসকে উপাস্যরূপে গ্রহণ করিয়া তোমরা নিজেদের প্রতি ঘোর অত্যাচার করিয়াছ, সুতরাং তোমরা তোমাদের স্রষ্টার পানে ফিরিয়া যাও এবং তোমরা নিজেদেরকে হত্যা কর। তোমাদের স্রষ্টার নিকট ইহাই শ্রেয়। তিনি তোমাদের প্রতি ক্ষমাপরবশ হইবেন। তিনি অত্যন্ত ক্ষমাশীল, পরম দয়ালু।’ | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | وَاِذْ قُلْتُمْ يٰمُوْسٰى لَنْ نُّؤْمِنَ لَكَ حَتّٰى نَرَى اللّٰهَ جَهْرَةً فَاَخَذَتْكُمُ الصّٰعِقَةُ وَاَنْتُمْ تَنْظُرُوْنَ ﴿٥٥﴾ | **55** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয ক্বু ল্তুম ইয়া-মূছা- লান্ নু’মিনা লাকা হ াত্তা- নারাল্লা-হা জাহরাতাং ফাআ-খায াতকুমুস্সা-‘ইক াতু ওয়া আংতুম তাংজু রূন। | |
| *তরজমা* | -যখন তোমরা বলিয়াছিলে, ‘হে মূসা! আমরা আল্লাহ্কে প্রত্যক্ষভাবে না দেখা পর্যন্ত তোমাকে কখনও বিশ্বাস করিব না’, তখন তোমরা বজ্রাহত হইয়াছিলে আর তোমরা নিজেরাই দেখিতেছিলে। | |
| | ثُمَّ بَعَثْنٰكُمْ مِّنْۢ بَعْدِ مَوْتِكُمْ لَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ﴿٥٦﴾ | **56** |
| *প্রতিবর্ণায়ন* | ছু ম্মা বা‘আছ না-কুম মিম্ বা‘দি মাওতিকুম লা‘আল্লাকুম তাশকুরূন। | |
| *তরজমা* | অতঃপর তোমাদের মৃত্যুর পর আমি তোমাদেরকে পুনর্জীবিত করিলাম যাহাতে তোমরা কৃতজ্ঞতা জ্ঞাপন কর। | |
| | وَظَلَّلْنَا عَلَيْكُمُ الْغَمَامَ وَاَنْزَلْنَا عَلَيْكُمُ الْمَنَّ وَالسَّلْوٰى ؕ كُلُوْا مِنْ طَيِّبٰتِ مَا رَزَقْنٰكُمْ ؕ وَمَا ظَلَمُوْنَا وَ لٰكِنْ كَانُوْٓا اَنْفُسَهُمْ يَظْلِمُوْنَ ﴿٥٧﴾ | **57** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াজ াল্লালনা-‘আলাইকুমুল গামা-মা ওয়া আংঝালনা-‘আলাইকুমুল মান্না ওয়াছ্ছালওয়া- (ط) কুলূ মিং ত াইয়িবা-তি মা-রাঝাক না-কুম (ط) ওয়ামা-জ ালামূনা- ওয়ালা-কিং কা-নূ ˜আংফুছাহুম ইয়াজ লিমূন। | |
| *তরজমা* | আমি মেঘ দ্বারা তোমাদের উপর ছায়া বিস্তার করিলাম এবং তোমাদের নিকট মান্না ও সাল্ওয়া প্রেরণ করিলাম। বলিয়াছিলাম, ‘তোমাদেরকে যে উত্তম জীবিকা দান করিয়াছি তাহা হইতে আহার কর।’ তাহারা ‘আমার প্রতি কোন জুলুম করে নাই, বরং তাহারা তাহাদের প্রতিই জুলুম করিয়াছিল।’ | |
| | وَاِذْ قُلْنَا ادْخُلُوْا هٰذِهِ الْقَرْيَةَ فَكُلُوْا مِنْهَا حَيْثُ شِئْتُمْ رَغَدًا وَّادْخُلُوا الْبَابَ سُجَّدًا وَّقُوْلُوْا حِطَّةٌ نَّغْفِرْ لَكُمْ خَطٰيٰكُمْ ؕ وَسَنَزِيْدُ الْمُحْسِنِيْنَ ﴿٥٨﴾ | **58** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াইয ক্ব ল্নাদখুলূ হা-যি হিল ক ারইয়াতা ফাকুলূ মিনহা-হ াইছু শি’তুম রাগাদাওঁ ওয়াদখুলুল বা-বা ছুজ্জাদাওঁ ওয়া ক্ব ূ লূ হি ত্ত াতুন্নাগ্ফিরলাকুম খাত া-ইয়া-কুম (ط) ওয়া ছানাঝীদুল মুহ ছিনীন। | |
| *তরজমা* | স্মরণ কর, যখন আমি বলিলাম, ‘এই জনপদে প্রবেশ কর, যেথা ইচ্ছা স্বচ্ছন্দে আহার কর, নতশিরে প্রবেশ কর দ্বার দিয়া এবং বল : ‘ক্ষমা চাই’। ‘আমি তোমাদের অপরাধ ক্ষমা করিব এবং সৎকর্মপরায়ণ লোকদের প্রতি আমার দান বৃদ্ধি করিব।’ | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | فَبَدَّلَ الَّذِيْنَ ظَلَمُوْا قَوْلًا غَيْرَ الَّذِيْ قِيْلَ لَهُمْ فَاَنْزَلْنَا عَلَى الَّذِيْنَ ظَلَمُوْا رِجْزًا مِّنَ السَّمَآءِ بِمَا كَانُوْا يَفْسُقُوْنَ ﴿٥٩﴾ | **59** |
| *প্রতিবর্ণায়ন* | ফাবাদ্দালাল্লায ীনা জ ালামূ ক াওলান গাইরাল্লায ী ক ীলা লাহুম ফাআংঝালনা- ‘আলাল্লায ীনা জ ালামূ রিজ্ঝাম্মিনাছ্ছামা~ই বিমা- কা-নূ ইয়াফছুকূ ন। | |
| *তরজমা* | কিন্তু যাহারা অন্যায় করিয়াছিল তাহারা তাহাদেরকে যাহা বলা হইয়াছিল তাহার পরিবর্তে অন্য কথা বলিল। সুতরাং অনাচারীদের প্রতি আমি আকাশ হইতে শাস্তি প্রেরণ করিলাম, কারণ তাহারা সত্য ত্যাগ করিয়াছিল। | |
| | وَاِذِ اسْتَسْقٰى مُوْسٰى لِقَوْمِهٖ فَقُلْنَا اضْرِبْ بِّعَصَاكَ الْحَجَرَ ۗ فَانْفَجَرَتْ مِنْهُ اثْنَتَا عَشْرَةَ عَيْنًا ۗ قَدْ عَلِمَ كُلُّ اُنَاسٍ مَّشْرَبَهُمْ ۗ كُلُوْا وَاشْرَبُوْا مِنْ رِّزْقِ اللّٰهِ وَلَا تَعْثَوْا فِي الْاَرْضِ مُفْسِدِيْنَ ﴿٦٠﴾ | **60** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইযি ছতাছক া-মূছা- লিক াওমিহী ফাকু লনাদ রিব্বি‘আসা-কাল হ াজারা (ط) ফাংফাজারাত মিনহুছ্ নাতা- ‘আশ্রাতা ‘আইনাং (ط) ক াদ ‘আলিমা কুল্লু উনা-ছিম্ মাশ্রাবাহুম (ط) কুলূ ওয়াশরাবূ মির রিঝকি ল্লা-হি ওয়ালা-তা‘ছ াও ফিল আর্দি মুফছিদীন। | |
| *তরজমা* | স্মরণ কর, যখন মূসা তাহার সম্প্রদায়ের জন্য পানি প্রার্থনা করিল, আমি বলিলাম, ‘তোমার লাঠি দ্বারা পাথরে আঘাত কর।’ ফলে উহা হইতে দ্বাদশ প্রস্রবণ প্রবাহিত হইল। প্রত্যেক গোত্র নিজ নিজ পান-স্থান চিনিয়া লইল। বলিলাম, ‘আল্লাহ্-প্রদত্ত জীবিকা হইতে তোমরা পানাহার কর এবং দুষ্কৃতিকারীরূপে পৃথিবীতে নৈরাজ্য সৃষ্টি করিয়া বেড়াইও না।’ | |
| | وَاِذْ قُلْتُمْ يٰمُوْسٰى لَنْ نَّصْبِرَ عَلٰى طَعَامٍ وَّاحِدٍ فَادْعُ لَنَا رَبَّكَ يُخْرِجْ لَنَا مِمَّا تُنْۢبِتُ الْاَرْضُ مِنْۢ بَقْلِهَا وَقِثَّآئِهَا وَفُوْمِهَا وَعَدَسِهَا وَبَصَلِهَا ۗ قَالَ اَتَسْتَبْدِلُوْنَ الَّذِيْ هُوَ اَدْنٰى بِالَّذِيْ هُوَ خَيْرٌ ۗ اِهْبِطُوْا مِصْرًا فَاِنَّ لَكُمْ مَّا سَاَلْتُمْ ۗ وَضُرِبَتْ عَلَيْهِمُ الذِّلَّةُ وَالْمَسْكَنَةُ ۗ وَبَآءُوْ بِغَضَبٍ مِّنَ اللّٰهِ ۗ ذٰلِكَ بِاَنَّهُمْ كَانُوْا يَكْفُرُوْنَ بِاٰيٰتِ اللّٰهِ وَيَقْتُلُوْنَ النَّبِيّٖنَ بِغَيْرِ الْحَقِّ ۗ ذٰلِكَ بِمَا عَصَوْا وَّكَانُوْا يَعْتَدُوْنَ ﴿٦١﴾ | **61** |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয ক ুল্তুম ইয়া-মূছা-লান্ নাস্‌বিরা ‘আলা- ত া‘আ-মিওঁ ওয়া-হি দিং ফাদ‘উলানা- রাব্বাকা ইউখ্‌রিজলানা- মিম্মা-তুম্‌বিতুল আরদ ু মিম্ বাক লিহা- ওয়াকি ছ্ ছ া~ইহা- ওয়াফূমিহা- ওয়া‘আদাছিহা-ওয়া বাসালিহা-; ক া-লা আতাছতাবদিলূনাল্লায ী হুওয়া আদনা- বিল্লায ী হুওয়া খাইরুন (ط) ইহ্‌বিতূ মিস্‌রাং ফাইন্না লাকুম্ মা- ছাআল্তুম (ط) ওয়া দ ুরিবাত ‘আলাইহিমুয যি ল্লাতু ওয়ালমাছ্‌কানাতু (ق) ওয়াবা~উ বিগাদ াবিম্ মিনাল্লা-হি (ط) য া-লিকা বিআন্নাহুম ক া-নূ ইয়াকফুরূনা বিআ-য়া-তিল্লা-হি ওয়া ইয়াক তুলূনান্নাবিইঈনা বিগাইরিল হ াক্কি (ط) য া-লিকা বিমা-‘আসাও ওয়া কা-নূ ইয়া‘তাদূন। | |
| *তরজমা* | যখন তোমরা বলিয়াছিলে, ‘হে মূসা! আমরা একইরকম খাদ্যে কখনও ধৈর্য ধারণ করিব না; সুতরাং তুমি তোমার প্রতিপালকের নিকট আমাদের জন্য প্রার্থনা কর-তিনি যেন ভূমিজাত দ্রব্য শাক-সব্জি, কাঁকুড়, গম, মসুর ও পেঁয়াজ আমাদের জন্য উৎপাদন করেন।’ মূসা বলিল, ‘তোমরা কি উৎকৃষ্টতর বস্তুকে নিকৃষ্টতর বস্তুর সঙ্গে বদল করিতে চাও ? তবে কোন নগরে অবতরণ কর। তোমরা যাহা চাও নিশ্চয়ই তাহা সেখানে আছে।’ তাহারা লাঞ্ছনা ও দারিদ্র্যগ্রস্ত হইল এবং তাহারা আল্লাহ্‌র ক্রোধের পাত্র হইল। ইহা এইজন্য যে, তাহারা আল্লাহ্‌র আয়াতকে অস্বীকার করিত এবং নবীগণকে অন্যায়ভাবে হত্যা করিত। অবাধ্যতা ও সীমালংঘন করিবার জন্যই তাহাদের এই পরিণতি হইয়াছিল। | |
| | إِنَّ الَّذِينَ آمَنُوا وَالَّذِينَ هَادُوا وَالنَّصَارَىٰ وَالصَّابِئِينَ مَنْ آمَنَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ وَعَمِلَ صَالِحًا فَلَهُمْ أَجْرُهُمْ عِنْدَ رَبِّهِمْ وَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُونَ ﴿٦٢﴾ | 62 |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাল্লায ীনা আ-মানূ ওয়াল্লায ীনা হা-দূ ওয়ান্নাসা-রা- ওয়াসসা-বিঈনা মান আ-মানা বিল্লা-হি ওয়াল ইয়াওমিল আ-খিরি ওয়া‘আমিলা সা-লিহ াং ফালাহুম আজরুহুম ‘ইংদা রাব্বিহিম (ج) ওয়ালা- খাওফুন ‘আলাইহিম ওয়ালা-হুম ইয়াহ ঝানূন। | |
| *তরজমা* | নিশ্চয়ই যাহারা ঈমান আনিয়াছে, যাহারা ইয়াহূদী হইয়াছে এবং খ্রিস্টান ও সাবিঈন-যাহারাই আল্লাহ্ ও আখিরাতে ঈমান আনে ও সৎকাজ করে, তাহাদের জন্য পুরস্কার আছে তাহাদের প্রতিপালকের নিকট। তাহাদের কোন ভয় নাই এবং তাহারা দুঃখিতও হইবে না। | |
| | وَإِذْ أَخَذْنَا مِيثَاقَكُمْ وَرَفَعْنَا فَوْقَكُمُ الطُّورَ خُذُوا مَا آتَيْنَاكُمْ بِقُوَّةٍ وَاذْكُرُوا مَا فِيهِ لَعَلَّكُمْ تَتَّقُونَ ﴿٦٣﴾ | 63 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয আখায না-মীছ া-ক াকুম ওয়া রাফা‘না-ফাওক াকুমুত্তূ রা; খুয ূ মা~ আ-তাইনা-কুম বিকু ওওয়াতিওঁ ওয়ায কুরূ মা-ফীহি লা‘আল্লাকুম তাত্তাকূ ন্। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | স্মরণ কর, যখন তোমাদের অঙ্গীকার নিয়াছিলাম এবং 'তূর'কে তোমাদের ঊর্ধ্বে উত্তোলন করিয়াছিলাম; বলিয়াছিলাম, 'আমি যাহা দিলাম দৃঢ়তার সঙ্গে গ্রহণ কর এবং তাহাতে যাহা আছে তাহা স্মরণ রাখ, যাহাতে তোমরা সাবধান হইয়া চলিতে পার।' | |
| | ثُمَّ تَوَلَّيْتُمْ مِّنْۢ بَعْدِ ذٰلِكَ ۚ فَلَوْلَا فَضْلُ اللّٰهِ عَلَيْكُمْ وَرَحْمَتُهٗ لَكُنْتُمْ مِّنَ الْخٰسِرِيْنَ ﴿٦٤﴾ | **64** |
| প্রতিবর্ণায়ন | ছু ম্মা তাওয়াল্লাইতুম মিম্ বা'দি য া-লিকা, ফালাও লা-ফাদ্ লুল্লা-হি 'আলাইকুম ওয়া রাহ্ মাতুহূ লাকুংতুম মিনাল খা-ছিরীন। | |
| তরজমা | ইহার পরেও তোমরা মুখ ফিরাইলে। আল্লাহ্‌র অনুগ্রহ এবং অনুকম্পা তোমাদের প্রতি না থাকিলে তোমরা অবশ্যই ক্ষতিগ্রস্ত হইতে। | |
| | وَلَقَدْ عَلِمْتُمُ الَّذِيْنَ اعْتَدَوْا مِنْكُمْ فِي السَّبْتِ فَقُلْنَا لَهُمْ كُوْنُوْا قِرَدَةً خٰسِـِٕيْنَ ﴿٦٥﴾ | **65** |
| প্রতিবর্ণায়ন | ওয়া লাক াদ 'আলিমতুমুল্লায ীনা'তাদাও মিংকুম ফিছ্ছাব্তি ফাকু লনা-লাহুম কূনূ কি রাদাতান খা-ছিঈন। | |
| তরজমা | তোমাদের মধ্যে যাহারা শনিবার সম্পর্কে সীমালংঘন করিয়াছিল তাহাদেরকে তোমরা নিশ্চিতভাবে জান। আমি তাহাদের বলিয়াছিলাম, 'তোমরা ঘৃণিত বানর হও।' | |
| | فَجَعَلْنٰهَا نَكَالًا لِّمَا بَيْنَ يَدَيْهَا وَمَا خَلْفَهَا وَمَوْعِظَةً لِّلْمُتَّقِيْنَ ﴿٦٦﴾ | **66** |
| প্রতিবর্ণায়ন | ফাজা'আলনা-হা-নাকা-লাল্লিমা-বাইনাইয়াদাইহা-ওয়ামা-খাল্ফাহা ওয়ামাও'ইজ াতাল্লিল্মুত্তাক ীন। | |
| তরজমা | আমি ইহা তাহাদের সমসাময়িক ও পরবর্তিগণের শিক্ষা গ্রহণের জন্য দৃষ্টান্ত ও মুত্তাকীদের জন্য উপদেশস্বরূপ করিয়াছি। | |
| | وَاِذْ قَالَ مُوْسٰى لِقَوْمِهٖٓ اِنَّ اللّٰهَ يَاْمُرُكُمْ اَنْ تَذْبَحُوْا بَقَرَةً ؕ قَالُوْٓا اَتَتَّخِذُنَا هُزُوًا ؕ قَالَ اَعُوْذُ بِاللّٰهِ اَنْ اَكُوْنَ مِنَ الْجٰهِلِيْنَ ﴿٦٧﴾ | **67** |
| প্রতিবর্ণায়ন | ওয়া ইয ক া-লা মূছা- লিক াওমিহী˜ ইন্নাল্লা-হা ইয়া'মুরুকুম আং তায বাহু বাক ারাতাং (ط) ক া-লূ˜ আতাত্তাখিয ুনা হুঝুওয়াং (ط) ক া-লা আ'উযু বিল্লা-হি আন আকূনা মিনাল জা-হিলীন। | |
| তরজমা | স্মরণ কর, যখন মূসা আপন সম্প্রদায়কে বলিয়াছিল, 'নিশ্চয়ই আল্লাহ্ তোমাদেরকে একটি গরু যবেহ করার আদেশ দিয়াছেন', তাহারা বলিয়াছিল, 'তুমি কি আমাদের সঙ্গে ঠাট্টা করিতেছ ?' মূসা বলিল, 'আল্লাহ্‌র শরণ লইতেছি যাহাতে আমি অজ্ঞদের অন্তর্ভুক্ত না হই। | |

| | قَالُوا ادْعُ لَنَا رَبَّكَ يُبَيِّن لَّنَا مَا هِيَ ۚ قَالَ إِنَّهُ يَقُولُ إِنَّهَا بَقَرَةٌ لَّا فَارِضٌ وَلَا بِكْرٌ عَوَانٌ بَيْنَ ذَٰلِكَ ۖ فَافْعَلُوا مَا تُؤْمَرُونَ ﴿٦٨﴾ | **68** |
| *প্রতিবর্ণায়ন* | কা-লুদ‘উলানা- রাব্বাকা ইউবাইয়িল্লানা- মা-হিয়া (ط) কা-লা ইন্নাহূ ইয়াকূলু ইন্নাহা-বাকারাতুল্ লা-ফা-রিদুঁও ওয়ালা-বিকরুন (ط) ‘আওয়া-নুম্ বাইনা যা-লিকা (ط) ফাফ‘আলূ মা-তু’মারূন। | |
| *তরজমা* | তাহারা বলিল, ‘আমাদের জন্য তোমার প্রতিপালককে স্পষ্টভাবে জানাইয়া দিতে বল, উহা কিরূপ ?’ মূসা বলিল, ‘আল্লাহ্ বলিতেছেন, উহা এমন গরু যাহা বৃদ্ধও নয়, অল্পবয়স্কও নয়-মধ্যবয়সী। সুতরাং তোমরা যাহা আদিষ্ট হইয়াছ তাহা কর।’ | |
| | قَالُوا ادْعُ لَنَا رَبَّكَ يُبَيِّن لَّنَا مَا لَوْنُهَا ۚ قَالَ إِنَّهُ يَقُولُ إِنَّهَا بَقَرَةٌ صَفْرَاءُ فَاقِعٌ لَّوْنُهَا تَسُرُّ النَّاظِرِينَ ﴿٦٩﴾ | **69** |
| *প্রতিবর্ণায়ন* | কালুদ‘উ লানা- রাব্বাকা ইউবাইয়িল্লানা-মা-লাওনুহা- (ط) কা-লা ইন্নাহূ ইয়াকূলু ইন্নাহা-বাকারাতুং সাফরা~উ (لا) ফা-কি‘উল্লাওনুহা- তাছুররুন্না-জিরীন। | |
| *তরজমা* | তাহারা বলিল, ‘আমাদের জন্য তোমার প্রতিপালককে স্পষ্টভাবে জানাইয়া দিতে বল, উহার রং কি ?’ মূসা বলিল, ‘আল্লাহ্ বলিতেছেন, উহা হলুদ বর্ণের গরু, উহার রং উজ্জ্বল গাঢ়, যাহা দর্শকদের আনন্দ দেয়।’ | |
| | قَالُوا ادْعُ لَنَا رَبَّكَ يُبَيِّن لَّنَا مَا هِيَ إِنَّ الْبَقَرَ تَشَابَهَ عَلَيْنَا وَإِنَّا إِن شَاءَ اللَّهُ لَمُهْتَدُونَ ﴿٧٠﴾ | **70** |
| *প্রতিবর্ণায়ন* | কা-লুদ‘উলানা-রাব্বকা ইউবাইয়িল্লানা- মা-হিয়া (لا) ইন্নাল বাকারা তাশা-বাহা ‘আলাইনা- (ط) ওয়া ইন্না~ ইংশা~আল্লা-হু লামুহ্‌তাদূন। | |
| *তরজমা* | তাহারা বলিল, ‘আমাদের জন্য তোমার প্রতিপালককে স্পষ্টভাবে জানাইয়া দিতে বল, উহা কোন্‌টি ? আমরা গরুটি সম্পর্কে সন্দেহে পতিত হইয়াছি এবং আল্লাহ্‌ ইচ্ছা করিলে নিশ্চয় আমরা দিশা পাইব।’ | |
| | قَالَ إِنَّهُ يَقُولُ إِنَّهَا بَقَرَةٌ لَّا ذَلُولٌ تُثِيرُ الْأَرْضَ وَلَا تَسْقِي الْحَرْثَ مُسَلَّمَةٌ لَّا شِيَةَ فِيهَا ۚ قَالُوا الْآنَ جِئْتَ بِالْحَقِّ ۚ فَذَبَحُوهَا وَمَا كَادُوا يَفْعَلُونَ ﴿٧١﴾ | **71** |
| *প্রতিবর্ণায়ন* | কা-লা ইন্নাহূ, ইয়াকূলু ইন্নাহা-বাকারাতুল্লা- যালূলুং তুছীরুল আর্‌দা ওয়ালা-তাছ্‌কিল হারছা (ج) মুছাল্লামাতুল্ লা-শিয়াতা ফীহা- (ط) কা-লুল আ-না জি’তা বিলহাক্কি (ط) ফাযাবাহূহা-ওয়ামা-কা-দূ ইয়াফ‘আলূন। | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | মূসা বলিল, 'তিনি বলিতেছেন, উহা এমন এক গরু যাহা জমি চাষে ও ক্ষেতে পানি সেচের জন্য ব্যবহৃত হয় নাই-সুস্থ নিখুঁত।' তাহারা বলিল, 'এখন তুমি সত্য আনিয়াছ।' যদিও তাহারা যবেহ করিতে উদ্যত ছিল না, তবুও তাহারা উহাকে যবেহ করিল। | |
| | وَاِذْ قَتَلْتُمْ نَفْسًا فَادّٰرَءْتُمْ فِيْهَا ؕ وَاللّٰهُ مُخْرِجٌ مَّا كُنْتُمْ تَكْتُمُوْنَ ۚ﴿٧٢﴾ | **72** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয্‌ ক'াতাল্‌তুম নাফ্‌ছাং ফাদ্দা-রা'তুম ফীহা- (ط) ওয়াল্লা-হু মুখ্‌রিজুম্‌মা-কুংতুম তাকতুমূন। | |
| *তরজমা* | স্মরণ কর, যখন তোমরা এক ব্যক্তিকে হত্যা করিয়াছিলে এবং একে অন্যের প্রতি দোষারোপ করিতেছিলে-তোমরা যাহা গোপন রাখিতেছিলে আল্লাহ্‌ তাহা ব্যক্ত করিতেছেন। | |
| | فَقُلْنَا اضْرِبُوْهُ بِبَعْضِهَا ؕ كَذٰلِكَ يُحْيِ اللّٰهُ الْمَوْتٰى ۙ وَيُرِيْكُمْ اٰيٰتِهٖ لَعَلَّكُمْ تَعْقِلُوْنَ ﴿٧٣﴾ | **73** |
| *প্রতিবর্ণায়ন* | ফাকু'লনাদ'রিবূহু বিবা'দি'হা- (ط) কায'া-লিকা ইউহ'ইল্লা-হুল মাওতা- (لا) ওয়া ইউরীকুম আ-য়া-তিহী লা'আল্লাকুম তা'কি'লূন। | |
| *তরজমা* | আমি বলিলাম, 'ইহার কোন অংশ দ্বারা উহাকে আঘাত কর।' এইভাবে আল্লাহ্‌ মৃতকে জীবিত করেন এবং তাঁহার নিদর্শন তোমাদেরকে দেখাইয়া থাকেন, যাহাতে তোমরা অনুধাবন করিতে পার। | |
| | ثُمَّ قَسَتْ قُلُوْبُكُمْ مِّنْۢ بَعْدِ ذٰلِكَ فَهِيَ كَالْحِجَارَةِ اَوْ اَشَدُّ قَسْوَةً ؕ وَاِنَّ مِنَ الْحِجَارَةِ لَمَا يَتَفَجَّرُ مِنْهُ الْاَنْهٰرُ ؕ وَاِنَّ مِنْهَا لَمَا يَشَّقَّقُ فَيَخْرُجُ مِنْهُ الْمَآءُ ؕ وَاِنَّ مِنْهَا لَمَا يَهْبِطُ مِنْ خَشْيَةِ اللّٰهِ ؕ وَمَا اللّٰهُ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُوْنَ ﴿٧٤﴾ | **74** |
| *প্রতিবর্ণায়ন* | ছু'ম্মা ক'াছাত কু'লূবুকুম মিম্‌ বা'দি য'া-লিকা ফাহিয়া কাল হি'জা-রাতি আও আশাদ্দু ক'াছওয়াতাওঁ (ط) ওয়াইন্না মিনাল হি'জা-রাতি লামা-ইয়াতাফাজ্জারু মিনহুল আনহা-রু (ط) ওয়াইন্না মিনহা-লামা-ইয়াশশাক্ক'াকু' ফাইয়াখরুজু মিনহুল মা~উ (ط) ওয়া ইন্না মিনহা-লামা-ইয়াহ্‌বিতু' মিন খাশইয়াতিল্লা-হি (ط) ওয়ামাল্লা-হু বিগা-ফিলিন 'আম্মা-তা'মালূন। | |
| *তরজমা* | ইহার পরও তোমাদের হৃদয় কঠিন হইয়া গেল, উহা পাষাণ কিংবা তদপেক্ষা কঠিন। কিছু পাথরও এমন যে, উহা হইতে নদী-নালা প্রবাহিত হয় এবং কিছু এইরূপ যে, বিদীর্ণ হওয়ার পর উহা হইতে পানি নির্গত হয়, আবার কিছু এমন যাহা আল্লাহ্‌র ভয়ে ধসিয়া পড়ে। তোমরা যাহা কর আল্লাহ্‌ সে সম্বন্ধে অনবহিত নন। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | أَفَتَطْمَعُونَ أَنْ يُؤْمِنُوا لَكُمْ وَقَدْ كَانَ فَرِيقٌ مِنْهُمْ يَسْمَعُونَ كَلَامَ اللَّهِ ثُمَّ يُحَرِّفُونَهُ مِنْ بَعْدِ مَا عَقَلُوهُ وَهُمْ يَعْلَمُونَ ﴿٧٥﴾ | **75** |
| *প্রতিবর্ণায়ন* | আফাতাত্ মা‘উনা আইঁ ইউ’মিনূ লাকুম ওয়া ক্বাদ কা-না ফারীকু্ম্ মিনহুম ইয়াছমা‘উনা কালা-মাল্লা-হি ছু্ম্মা ইউহ্াররিফূনাহু মিম্ বা‘দি মা- ‘আক্বালূহু ওয়া হুম ইয়া‘লামূন। | |
| *তরজমা* | তোমরা কি এই আশা কর যে, তাহারা তোমাদের কথায় ঈমান আনিবে-যখন তাহাদের একদল আল্লাহ্‌র বাণী শ্রবণ করে; অতঃপর তাহারা উহা হৃদয়ঙ্গম করার পরও বিকৃত করে, অথচ তাহারা জানে। | |
| | وَإِذَا لَقُوا الَّذِينَ آمَنُوا قَالُوا آمَنَّا وَإِذَا خَلَا بَعْضُهُمْ إِلَىٰ بَعْضٍ قَالُوا أَتُحَدِّثُونَهُمْ بِمَا فَتَحَ اللَّهُ عَلَيْكُمْ لِيُحَاجُّوكُمْ بِهِ عِنْدَ رَبِّكُمْ ۚ أَفَلَا تَعْقِلُونَ ﴿٧٦﴾ | **76** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইযা্-লাকু্ল্লায্ীনা আ-মানূ ক্া-লূ~ আ-মান্না- (صلے) ওয়াইযা্-খালা-বা‘দু্হুম ইলা-বা‘দি্ং ক্া-লূ~ আতুহ্াদ্দিছূ্নাহুম বিমা- ফাতাহ্াল্লা-হু ‘আলাইকুম লিইউহ্া~জ্জূকুম বিহী ‘ইংদারাব্বিকুম (ط) আফালা-তা‘কি্লূন। | |
| *তরজমা* | তাহারা যখন মু’মিনদের সংস্পর্শে আসে তখন বলে, ‘আমরা ঈমান আনিয়াছি’, আবার যখন তাহারা নিভৃতে একে অন্যের সঙ্গে মিলিত হয় তখন বলে, ‘আল্লাহ্ তোমাদের কাছে যাহা ব্যক্ত করিয়াছেন তোমরা কি তাহা তাহাদেরকে বলিয়া দাও ? ইহা দ্বারা তাহারা তোমাদের প্রতিপালকের সম্মুখে তোমাদের বিরুদ্ধে যুক্তি পেশ করিবে; তোমরা কি অনুধাবন কর না ?’ | |
| | أَوَلَا يَعْلَمُونَ أَنَّ اللَّهَ يَعْلَمُ مَا يُسِرُّونَ وَمَا يُعْلِنُونَ ﴿٧٧﴾ | **77** |
| *প্রতিবর্ণায়ন* | আওয়ালা-ইয়া‘লামূনা আন্নাল্লা-হা ইয়া‘লামু মা-ইউছির্রূনা ওয়ামা-ইউ‘লিনূন। | |
| *তরজমা* | তাহারা কি জানে না যে, যাহা তাহারা গোপন রাখে কিংবা ঘোষণা করে নিশ্চিতভাবে আল্লাহ্ তাহা জানেন ? | |
| | وَمِنْهُمْ أُمِّيُّونَ لَا يَعْلَمُونَ الْكِتَابَ إِلَّا أَمَانِيَّ وَإِنْ هُمْ إِلَّا يَظُنُّونَ ﴿٧٨﴾ | **78** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া মিনহুম উম্মিইয়ূনা লা-ইয়া‘লামূনাল কিতা-বা ইল্লা~ আমা-নিইইয়া ওয়াইন্হুম ইল্লা-ইয়াজু্ন্নুন। | |
| *তরজমা* | তাহাদের মধ্যে এমন কিছু নিরক্ষর লোক আছে যাহাদের মিথ্যা আশা ব্যতীত কিতাব সম্বন্ধে কোন জ্ঞান নাই, তাহারা শুধু অমূলক ধারণা পোষণ করে। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | فَوَيْلٌ لِّلَّذِيْنَ يَكْتُبُوْنَ الْكِتٰبَ بِاَيْدِيْهِمْ ثُمَّ يَقُوْلُوْنَ هٰذَا مِنْ عِنْدِ اللّٰهِ لِيَشْتَرُوْا بِهٖ ثَمَنًا قَلِيْلًا ؕ فَوَيْلٌ لَّهُمْ مِّمَّا كَتَبَتْ اَيْدِيْهِمْ وَوَيْلٌ لَّهُمْ مِّمَّا يَكْسِبُوْنَ ﴿۷۹﴾ | 79 |
| *প্রতিবর্ণায়ন* | ফাওয়াইলুল্ লিল্লায ীনা ইয়াকতুবূনাল কিতা-বা বিআইদীহিম (ق) ছু ম্মা ইয়াকূ লূনা হা-য া-মিন ‘ইংদিল্লা-হি লিইয়াশতারূ বিহী ছ ামানাং ক ালীলাং (ط) ফাওয়াইলুল্লাহুম মিম্মা-কাতাবাত আইদিহিম ওয়া ওয়াইলুল্লাহুম মিম্মা-ইয়াকছিবূন। | |
| *তরজমা* | সুতরাং দুর্ভোগ তাহাদের জন্য যাহারা নিজ হাতে কিতাব রচনা করে এবং তুচ্ছ মূল্য প্রাপ্তির জন্য বলে, ‘ইহা আল্লাহ্‌র নিকট হইতে।’ তাহাদের হাত যাহা রচনা করিয়াছে তাহার জন্য শাস্তি তাহাদের এবং যাহা তাহারা উপার্জন করে তাহার জন্য শাস্তি তাহাদের। | |
| | وَقَالُوْا لَنْ تَمَسَّنَا النَّارُ اِلَّاۤ اَيَّامًا مَّعْدُوْدَةً ؕ قُلْ اَتَّخَذْتُمْ عِنْدَ اللّٰهِ عَهْدًا فَلَنْ يُّخْلِفَ اللّٰهُ عَهْدَهٗۤ اَمْ تَقُوْلُوْنَ عَلَى اللّٰهِ مَا لَا تَعْلَمُوْنَ ﴿۸۰﴾ | 80 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াক া-লূ লাং তামাছ্ ছানান্না-রু ইল্লা˜ আইইয়া-মাম্ মা‘দূদাতাং (ط) কু ল আত্তাখায তুম ‘ইংদাল্লা-হি ‘আহদাং ফালাইঁ ইউখ্লিফাল্লা-হু ‘আহ্দাহূ˜ আম তাকূ লূনা ‘আলাল্লা-হি মা-লা-তা‘লামূন। | |
| *তরজমা* | তাহারা বলে, ‘দিনকতক ব্যতীত অগ্নি আমাদেরকে কখনও স্পর্শ করিবে না।’ বল, ‘তোমরা কি আল্লাহ্‌র নিকট হইতে অঙ্গীকার নিয়াছ; অতএব আল্লাহ্ তাঁহার অঙ্গীকার কখনও ভঙ্গ করিবেন না কিংবা আল্লাহ্ সম্বন্ধে এমন কিছু বলিতেছ যাহা তোমরা জান না ?’ | |
| | بَلٰى مَنْ كَسَبَ سَيِّئَةً وَّاَحَاطَتْ بِهٖ خَطِيْٓـَٔتُهٗ فَاُولٰٓئِكَ اَصْحٰبُ النَّارِ ۚ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿۸۱﴾ | 81 |
| *প্রতিবর্ণায়ন* | বালা- মাং কাছাবা ছাইয়িআতাওঁ ওয়া আহ া-ত াত বিহী খাত ী~আতুহূ ফাউলা~ইকা আসহ া-বুন্না-রি (ز) হুম ফীহা-খা-লিদূন। | |
| *তরজমা* | হাঁ, যাহারা পাপকাজ করে এবং যাহাদের পাপরাশি তাহাদেরকে পরিবেষ্টন করে তাহারাই দোজখবাসী, সেখানে তাহারা স্থায়ী হইবে। | |
| | وَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ اُولٰٓئِكَ اَصْحٰبُ الْجَنَّةِ ۚ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿۸۲﴾ | 82 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াল্লায ীনা আ-মানূ ওয়া‘আমিলুসসা-লিহ া-তি উলা~ইকা আসহ া-বুল জান্নাতি (ج) হুম ফীহা-খা-লিদূন। | |
| *তরজমা* | আর যাহারা ঈমান আনে ও সৎকাজ করে তাহারাই জান্নাতবাসী, তাহারা সেখানে স্থায়ী হইবে। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | وَإِذْ أَخَذْنَا مِيثَاقَ بَنِيٓ إِسْرَآءِيلَ لَا تَعْبُدُونَ إِلَّا ٱللَّهَ قف وَبِٱلْوَٰلِدَيْنِ إِحْسَانًا وَذِى ٱلْقُرْبَىٰ وَٱلْيَتَٰمَىٰ وَ<br>ٱلْمَسَٰكِينِ وَقُولُوا۟ لِلنَّاسِ حُسْنًا وَأَقِيمُوا۟ ٱلصَّلَوٰةَ وَءَاتُوا۟ ٱلزَّكَوٰةَ ط ثُمَّ تَوَلَّيْتُمْ إِلَّا قَلِيلًا مِّنكُمْ وَأَنتُم<br>مُّعْرِضُونَ ﴿٨٣﴾ | **83** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াইয˙ আখায˙না-মীছ˙া-ক˙া বানী˜ ইছরা~ঈলা লা-তা‘ বুদূনা ইল্লাল্লা-হা (قف) ওয়া বিলওয়া-লিদাইনি ইহ্˙ছা-নাওঁ ওয়া যি˙লকু˙রবা- ওয়ালইয়াতা-মা-ওয়াল্‌মাছা-কীনি ওয়াকূ˙লূ লিন্না-ছি হু˙ছনাওঁ ওয়া আক˙ীমুসসালা-তা ওয়া আ-তুঝঝাকা-তা (ط) ছু˙ম্মা তাওয়াল্লাইতুম ইল্লা-ক˙ালীলাম্ মিংকুম ওয়া আংতুম্ মু‘রিদ˙ূন। | |
| তরজমা | স্মরণ কর, যখন বনী ইস্‌রাঈলের অঙ্গীকার নিয়াছিলাম, তোমরা আল্লাহ্ ব্যতীত অন্য কাহারও ‘ইবাদত করিবে না, মাতাপিতা, আত্মীয়-স্বজন, পিতৃহীন ও দরিদ্রদের প্রতি সদয় ব্যবহার করিবে এবং মানুষের সঙ্গে সদালাপ করিবে, সালাত কায়েম করিবে ও যাকাত দিবে, কিন্তু স্বল্পসংখ্যক লোক ব্যতীত তোমরা বিরুদ্ধভাবাপন্ন হইয়া মুখ ফিরাইয়া নিয়াছিলে। | |
| | وَإِذْ أَخَذْنَا مِيثَاقَكُمْ لَا تَسْفِكُونَ دِمَآءَكُمْ وَلَا تُخْرِجُونَ أَنفُسَكُم مِّن دِيَٰرِكُمْ ثُمَّ أَقْرَرْتُمْ وَأَنتُمْ<br>تَشْهَدُونَ ﴿٨٤﴾ | **84** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয˙ আখায˙না-মীছ˙া-ক˙াকুম লা-তাছফিকূনা দিমা~আকুম ওয়ালা-তুখ্‌রিজূনা আংফুছাকুম মিং দিয়া-রিকুম ছু˙ম্মা্ আক˙রার্‌তুম ওয়া আংতুম তাশহাদূন। | |
| *তরজমা* | -যখন তোমাদের অঙ্গীকার নিয়াছিলাম যে, তোমরা পরস্পরের রক্তপাত করিবে না এবং আপনজনকে স্বদেশ হইতে বহিষ্কার করিবে না, অতঃপর তোমরা ইহা স্বীকার করিয়াছিলে, আর এই বিষয়ে তোমরাই সাক্ষী। | |
| | ثُمَّ أَنتُمْ هَٰٓؤُلَآءِ تَقْتُلُونَ أَنفُسَكُمْ وَتُخْرِجُونَ فَرِيقًا مِّنكُم مِّن دِيَٰرِهِمْ تَظَٰهَرُونَ عَلَيْهِم بِٱلْإِثْمِ وَ<br>ٱلْعُدْوَٰنِ ط وَإِن يَأْتُوكُمْ أُسَٰرَىٰ تُفَٰدُوهُمْ وَهُوَ مُحَرَّمٌ عَلَيْكُمْ إِخْرَاجُهُمْ ط أَفَتُؤْمِنُونَ بِبَعْضِ ٱلْكِتَٰبِ وَ<br>تَكْفُرُونَ بِبَعْضٍ ج فَمَا جَزَآءُ مَن يَفْعَلُ ذَٰلِكَ مِنكُمْ إِلَّا خِزْىٌ فِى ٱلْحَيَوٰةِ ٱلدُّنْيَا ج وَيَوْمَ ٱلْقِيَٰمَةِ يُرَدُّونَ إِلَىٰٓ<br>أَشَدِّ ٱلْعَذَابِ ط وَمَا ٱللَّهُ بِغَٰفِلٍ عَمَّا تَعْمَلُونَ ﴿٨٥﴾ | **85** |

| *প্রতিবর্ণায়ন* | ছু ম্মা আংতুম হা~উলা~ই তাক্ তুলূনা আংফুছাকুম ওয়াতুখরিজূনা ফারীকাম্ মিংকুম মিং দিয়া-রিহিম (ز) তাজ া-হারূনা ‘আলাইহিম বিলইছ মি ওয়াল‘উদ্ওয়া-নি (ط) ওয়াইয়ঁ ইয়া’তূকুম উছা-রা-তুফা-দূহুম ওয়া হুওয়া মুহ াররামুন ‘আলাইকুম ইখ্‌রা-জুহুম (ط) আফাতু’মিনূনা বিবা‘দি ল কিতা-বি ওয়া তাকফুরূনা বিবা‘দি ং (ج) ফামা-জাঝা~উ মাইঁ ইয়াফ‘আলু য া-লিকা মিংকুম ইল্লা-খিঝইয়ুং ফিল হ ায়া-তিদ্দুনইয়া-(ج) ওয়া ইয়াওমাল কি য়া-মাতি ইউরাদ্দূনা ইলা~ আশাদ্দিল ‘আয া-বি (ط) ওয়ামাল্লা-হু বিগা-ফিলিন ‘আম্মা-তা‘মালূন। | |
| *তরজমা* | তোমরাই তাহারা যাহারা অতঃপর একে অন্যকে হত্যা করিতেছ এবং তোমাদের এক দলকে স্বদেশ হইতে বহিষ্কার করিতেছ, তোমরা নিজেরা তাহাদের বিরুদ্ধে অন্যায় ও সীমালংঘন দ্বারা পরস্পরের পৃষ্ঠপোষকতা করিতেছ এবং তাহারা যখন বন্দীরূপে তোমাদের নিকট উপস্থিত হয় তখন তোমরা মুক্তিপণ দাও ; অথচ তাহাদের বহিষ্করণই তোমাদের জন্য অবৈধ ছিল। তবে কি তোমরা কিতাবের কিছু অংশে বিশ্বাস কর এবং কিছু অংশকে প্রত্যাখ্যান কর ? সুতরাং তোমাদের মধ্যে যাহারা এরূপ করে তাহাদের একমাত্র প্রতিফল পার্থিব জীবনে হীনতা এবং কিয়ামতের দিন তাহারা কঠিনতম শাস্তির দিকে নিক্ষিপ্ত হইবে। তাহারা যাহা করে আল্লাহ্ সে সম্বন্ধে অনবহিত নন। | |
| | أُولَٰئِكَ الَّذِينَ اشْتَرَوُا الْحَيَاةَ الدُّنْيَا بِالْآخِرَةِ ۖ فَلَا يُخَفَّفُ عَنْهُمُ الْعَذَابُ وَلَا هُمْ يُنْصَرُونَ ٨٦ | **86** |
| *প্রতিবর্ণায়ন* | উলা~ইকাল্লায ীনাশ্ তারাউল হ ায়া-তাদ্দুন্ইয়া-বিলআ-খিরাতি (ز) ফালা- ইউখাফ্‌ফাফু ‘আন্হুমুল ‘আয া-বু ওয়া লাহুম ইউংসারূন। | |
| *তরজমা* | তাহারাই আখিরাতের বিনিময়ে পার্থিব জীবন ক্রয় করে; সুতরাং তাহাদের শাস্তি লাঘব করা হইবে না এবং তাহারা কোন সাহায্যপ্রাপ্ত হইবে না। | |
| | وَلَقَدْ آتَيْنَا مُوسَى الْكِتَابَ وَقَفَّيْنَا مِنْ بَعْدِهِ بِالرُّسُلِ ۖ وَآتَيْنَا عِيسَى ابْنَ مَرْيَمَ الْبَيِّنَاتِ وَأَيَّدْنَاهُ بِرُوحِ الْقُدُسِ ۗ أَفَكُلَّمَا جَاءَكُمْ رَسُولٌ بِمَا لَا تَهْوَىٰ أَنْفُسُكُمُ اسْتَكْبَرْتُمْ فَفَرِيقًا كَذَّبْتُمْ وَفَرِيقًا تَقْتُلُونَ ٨٧ | **87** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া মিনান্নাছি মাইঁ ইয়াত্তাখিয্ মিং দূনিল্লা–হি আংদা–দাই ইউহি ব্বূনাহুম কাহু ব্বিল্লা–হি (ط) ওয়াল্লায ীনা আ–মানূ~ আশাদ্দু হু ব্বাল্ লিল্লা–হি (ط) ওয়া লাও ইয়ারাল্লায ীনা জ ালামূ~ ইয্ ইয়ারাওনাল্ 'আয া–বা (ۙ) আন্নাল্ কু ওওয়াতা লিল্লা–হি জামী'আও (ۙ) ওয়া আন্নাল্লা–হা শাদীদুল 'আয া–ব। | |
| *তরজমা* | তথাপি মানুষের মধ্যে কেহ কেহ আল্লাহ্ ছাড়া অপরকে আল্লাহ্র সমকক্ষরূপে গ্রহণ করে এবং আল্লাহ্কে ভালবাসার অনুরূপ তাহাদেরকে ভালবাসে ; কিন্তু যাহারা ঈমান আনিয়াছে আল্লাহ্র প্রতি ভালবাসায় তাহারা সুদৃঢ়। জালিমরা শাস্তি প্রত্যক্ষ করিলে যেমন বুঝিবে, হায় ! এখন যদি তাহারা তেমন বুঝিত, সমস্ত শক্তি আল্লাহরই এবং আল্লাহ্ শাস্তি দানে অত্যন্ত কঠোর। | |
| | اِذۡ تَبَرَّاَ الَّذِیۡنَ اتُّبِعُوۡا مِنَ الَّذِیۡنَ اتَّبَعُوۡا وَ رَاَوُا الۡعَذَابَ وَ تَقَطَّعَتۡ بِهِمُ الۡاَسۡبَابُ ﴿۱۶۶﴾ | 166 |
| *প্রতিবর্ণায়ন* | ইয্ তাবার্রা আল্লায ীনাত্তুবি'উ মিনাল্লায ীনাত্তাবা'উ ওয়ারাআউল 'আয া–বা ওয়াতাক াত্ত া'আত্ বিহিমুল্ আছ্বা–ব। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | যখন অনুসৃতগণ অনুসরণকারীদের দায়িত্ব অস্বীকার করিবে এবং তাহারা শাস্তি প্রত্যক্ষ করিবে ও তাহাদের মধ্যকার সমস্ত সম্পর্ক ছিন্ন হইয়া যাইবে, | |
| | وَقَالَ الَّذِيْنَ اتَّبَعُوْا لَوْ اَنَّ لَنَا كَرَّةً فَنَتَبَرَّاَ مِنْهُمْ كَمَا تَبَرَّءُوْا مِنَّا ؕ كَذٰلِكَ يُرِيْهِمُ اللّٰهُ اَعْمَالَهُمْ حَسَرٰتٍ عَلَيْهِمْ ؕ وَمَا هُمْ بِخٰرِجِيْنَ مِنَ النَّارِ ﴿۱۶۷﴾ | 167 |
| প্রতিবর্ণায়ন | ওয়া কা-লাল্লায ীনাত্তাবা‘উ লাও আন্না লানা-কাররাতাং ফানাতাবাররাআ মিন্হুম কামা-তাবাররাউ মিন্না- (ط) কায া-লিকা ইউরীহিমুল্লা-হু আ‘মা-লাহুম্ হ াছারা-তিন্ ‘আলাইহিম্; ওয়ামা-হুম বিখা-রিজীনা মিনান্না-র। | |
| তরজমা | আর যাহারা অনুসরণ করিয়াছিল তাহারা বলিবে, ‘হায় ! যদি একবার আমাদের প্রত্যাবর্তন ঘটিত তবে আমরাও তাহাদের সঙ্গে সম্পর্ক ছিন্ন করিতাম যেমন তাহারা আমাদের সাথে সম্পর্ক ছিন্ন করিল।’ এইভাবে আল্লাহ্ তাহাদের কার্যাবলী তাহাদের পরিতাপরূপে তাহাদেরকে দেখাইবেন আর তাহারা কখনও অগ্নি হইতে বাহির হইতে পারিবে না। | |
| | يٰۤاَيُّهَا النَّاسُ كُلُوْا مِمَّا فِى الْاَرْضِ حَلٰلًا طَيِّبًا ۖؗ وَّلَا تَتَّبِعُوْا خُطُوٰتِ الشَّيْطٰنِ ؕ اِنَّهٗ لَكُمْ عَدُوٌّ مُّبِيْنٌ ﴿۱۶۸﴾ | 168 |
| প্রতিবর্ণায়ন | ইয়া˜ আইয়ূহান্না-ছু কুলূ মিম্মা-ফিল্আরদি  হ ালা-লাং ত াইয়িাবাওঁ (ز) ওয়ালা-তাত্তাবি‘উ খুতু ওয়া-তিশ্‌শাইত া-নি (ط) ইন্নাহু লাকুম ‘আদুওউম্মুম্ মুবীন। | |
| তরজমা | হে মানবজাতি! পৃথিবীতে যাহা কিছু বৈধ ও পবিত্র খাদ্যবস্তু রহিয়াছে তাহা হইতে তোমরা আহার কর এবং শয়তানের পদাঙ্ক অনুসরণ করিও না, নিশ্চয় সে তোমাদের প্রকাশ্য শত্রু। | |
| | اِنَّمَا يَاْمُرُكُمْ بِالسُّوْٓءِ وَالْفَحْشَآءِ وَاَنْ تَقُوْلُوْا عَلَى اللّٰهِ مَا لَا تَعْلَمُوْنَ ﴿۱۶۹﴾ | 169 |
| প্রতিবর্ণায়ন | ইন্নামা- ইয়া’মুরুকুম বিছ্ছূ~ই ওয়াল্ ফাহ শা-ই ওয়া আং তাকূ লূ ‘আলাল্লা-হি মা- লা - তা‘লামূন। | |
| তরজমা | সে তো কেবল তোমাদেরকে মন্দ ও অশ্লীল কাজের এবং আল্লাহ্ সম্বন্ধে তোমরা যাহা জান না এমন সব বিষয় বলার নির্দেশ দেয়। | |
| | وَاِذَا قِيْلَ لَهُمُ اتَّبِعُوْا مَاۤ اَنْزَلَ اللّٰهُ قَالُوْا بَلْ نَتَّبِعُ مَاۤ اَلْفَيْنَا عَلَيْهِ اٰبَآءَنَا ؕ اَوَلَوْ كَانَ اٰبَآؤُهُمْ لَا يَعْقِلُوْنَ شَيْـًٔا وَّلَا يَهْتَدُوْنَ ﴿۱۷۰﴾ | 170 |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ওয়াইয া-ক ীলা লাহুমুত্তাবি‘উ মা˜আংঝালাল্লা-হু ক া-লু বাল্ নাত্তাবি‘উ মা˜ আল্ফাইনা˜ ‘আলাইহি আ-বা~আনা- (ط) আওয়ালাও কা-না আ-বা~উহুম লা-ইয়া‘কি লূনা শাইআওঁ ওয়ালা-ইয়াহ্তাদূন। | |
| *তরজমা* | যখন তাহাদেরকে বলা হয়, ‘আল্লাহ্ যাহা অবতীর্ণ করিয়াছেন তাহা তোমরা অনুসরণ কর’, তাহারা বলে, ‘না, বরং আমরা আমাদের পিতৃপুরুষদেরকে যাহাতে পাইয়াছি তাহার অনুসরণ করিব।’ এমন কি, তাহাদের পিতৃপুরুষগণ যদিও কিছুই বুঝিত না এবং তাহারা সৎপথেও পরিচালিত ছিল না-তৎসত্ত্বেও। | |
| | وَمَثَلُ الَّذِيْنَ كَفَرُوْا كَمَثَلِ الَّذِيْ يَنْعِقُ بِمَا لَا يَسْمَعُ إِلَّا دُعَآءً وَّنِدَآءً ۚ صُمٌّ بُكْمٌ عُمْيٌ فَهُمْ لَا يَعْقِلُوْنَ ﴿١٧١﴾ | 171 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া মাছালুল্লায ীনা কাফারূ কামাছ াল্লিয ী ইয়ান্‘ইকু বিমা-লা-ইয়াছমা‘উ ইল্লা-দু‘আ~আওঁ ওয়া নিদা~আং (ط) সুম্মুম্ বুকমুন ‘উমইউং ফাহুম লা-ইয়া‘কি লূন। | |
| *তরজমা* | যাহারা কুফরী করে তাহাদের উপমা : যেমন কোন ব্যক্তি এমন কিছুকে ডাকে যাহা হাঁক-ডাক ছাড়া আর কিছুই শ্রবণ করে না-বধির, মূক, অন্ধ, সুতরাং তাহারা বুঝিবে না। | |
| | يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا كُلُوْا مِنْ طَيِّبٰتِ مَا رَزَقْنٰكُمْ وَاشْكُرُوْا لِلّٰهِ اِنْ كُنْتُمْ اِيَّاهُ تَعْبُدُوْنَ ﴿١٧٢﴾ | 172 |
| *প্রতিবর্ণায়ন* | ইয়া˜ আইয়ুহাল্লায ীনা আ-মানূ কুলূ মিং ত াইয়িবা-তি মা-রায াক না-কুম ওয়াশ্কুরূ লিল্লা-হি ইং কুংতুম্ ইয়্যা-হু তা‘বুদূন। | |
| *তরজমা* | হে মু’মিনগণ! তোমাদেরকে আমি যেসব পবিত্র বস্তু দিয়াছি তাহা হইতে আহার কর এবং আল্লাহ্‌র নিকট কৃতজ্ঞতা প্রকাশ কর যদি তোমরা শুধু তাঁহারই ‘ইবাদত কর। | |
| | اِنَّمَا حَرَّمَ عَلَيْكُمُ الْمَيْتَةَ وَالدَّمَ وَلَحْمَ الْخِنْزِيْرِ وَمَآ اُهِلَّ بِهٖ لِغَيْرِ اللّٰهِ ۚ فَمَنِ اضْطُرَّ غَيْرَ بَاغٍ وَّلَا عَادٍ فَلَآ اِثْمَ عَلَيْهِ ۗ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿١٧٣﴾ | 173 |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নামা-হ াররামা ‘আলাইকুমুল মাইতাতা ওয়াদ্দামা ওয়া লাহ মাল্ খিংঝীরি ওয়ামা˜ উহিল্লা বিহী লিগাইরিল্লা-হি (ج) ফামানিদ্ তু ররা গাইরা বা-গিওঁ ওয়ালা- ‘আ-দিং ফালা- ইছ মা ‘আলাইহি (ط) ইনাল্লা-হা গাফূরুর্ রাহ ীম। | |
| *তরজমা* | নিশ্চয় আল্লাহ্ মৃত জন্তু, রক্ত, শূকর-মাংস এবং যাহার উপর আল্লাহ্‌র নাম ব্যতীত অন্যের নাম উচ্চারিত হইয়াছে তাহা তোমাদের জন্য হারাম করিয়াছেন। কিন্তু যে অনন্যোপায় অথচ নাফরমান কিংবা সীমালংঘনকারী নয় তাহার কোন পাপ হইবে না। নিশ্চয়ই আল্লাহ্ অতি ক্ষমাশীল, পরম দয়ালু। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | اِنَّ الَّذِيْنَ يَكْتُمُوْنَ مَآ اَنْزَلَ اللّٰهُ مِنَ الْكِتٰبِ وَيَشْتَرُوْنَ بِهٖ ثَمَنًا قَلِيْلًا ۙ اُولٰٓئِكَ مَا يَاْكُلُوْنَ فِىْ بُطُوْنِهِمْ اِلَّا النَّارَ وَلَا يُكَلِّمُهُمُ اللّٰهُ يَوْمَ الْقِيٰمَةِ وَلَا يُزَكِّيْهِمْ ۖ وَلَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ﴿١٧٤﴾ | **174** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাল্লায ীনা ইয়াক্তুমূনা মা˜ আংঝালাল্লা–হু মিনাল্ কিতা–বি ওয়া ইয়াশ্তারূনা বিহী ছ ামানাং ক ালীলান্ (ﻻ) উলা~ইকা মা–ইয়া’কুলূনা ফী বুতূ নিহিম্ ইল্লান্না–রা ওয়ালা–ইউকাল্লিমুহুমুল্লা–হু ইয়াওমাল্ কি য়া–মাতি ওয়ালা–ইউঝাক্কীহিম্ (ج) ওয়া লাহুম্ ‘আয া–বুন আলীম। | |
| তরজমা | আল্লাহ্ যে কিতাব অবতীর্ণ করিয়াছেন যাহারা তাহা গোপন রাখে ও বিনিময়ে তুচ্ছ মূল্য গ্রহণ করে তাহারা নিজেদের জঠরে অগ্নি ব্যতীত আর কিছুই পুরে না। কিয়ামতের দিন আল্লাহ্ তাহাদের সঙ্গে কথা বলিবেন না এবং তাহাদেরকে পবিত্র করিবেন না। তাহাদের জন্য মর্মন্তুদ শাস্তি রহিয়াছে। | |
| | اُولٰٓئِكَ الَّذِيْنَ اشْتَرَوُا الضَّلٰلَةَ بِالْهُدٰى وَالْعَذَابَ بِالْمَغْفِرَةِ ۚ فَمَآ اَصْبَرَهُمْ عَلَى النَّارِ ﴿١٧٥﴾ | **175** |
| *প্রতিবর্ণায়ন* | উলা~ইকাল্লায ীনাশতারাউদ দ ালা–লাতা বিল্হুদা–ওয়াল্ ‘আয া–বা বিল্মাগ্ফিরাতি (ج) ফামা˜আস্বারাহুম্ ‘আলান্না–র। | |
| *তরজমা* | তাহারাই সৎপথের বিনিময়ে ভ্রান্ত পথ এবং ক্ষমার পরিবর্তে শাস্তি ক্রয় করিয়াছে; আগু ন সহ্য করিতে তাহারা কতই না ধৈর্যশীল! | |
| | ذٰلِكَ بِاَنَّ اللّٰهَ نَزَّلَ الْكِتٰبَ بِالْحَقِّ ۗ وَاِنَّ الَّذِيْنَ اخْتَلَفُوْا فِى الْكِتٰبِ لَفِىْ شِقَاقٍۢ بَعِيْدٍ ﴿١٧٦﴾ | **176** |
| *প্রতিবর্ণায়ন* | য া–লিকা বিআন্নাল্লা–হা নাঝ্ঝলাল্ কিতা–বা বিল্হ াক্কি (ط) ওয়া ইন্নাল্লায ীনাখ তালাফূ ফিল্ কিতা–বি লাফী শিক া–কি ম্ বা‘ঈদ। | |
| *তরজমা* | ইহা এইহেতু যে, আল্লাহ্ সত্যসহ কিতাব অবতীর্ণ করিয়াছেন এবং যাহারা কিতাব সম্বন্ধে মতভেদ সৃষ্টি করিয়াছে, নিশ্চয় তাহারা দুস্তর মতভেদে রহিয়াছে। | |
| | لَيْسَ الْبِرَّ اَنْ تُوَلُّوْا وُجُوْهَكُمْ قِبَلَ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ وَلٰكِنَّ الْبِرَّ مَنْ اٰمَنَ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ وَالْمَلٰٓئِكَةِ وَالْكِتٰبِ وَالنَّبِيّٖنَ ۚ وَاٰتَى الْمَالَ عَلٰى حُبِّهٖ ذَوِى الْقُرْبٰى وَالْيَتٰمٰى وَالْمَسٰكِيْنَ وَابْنَ السَّبِيْلِ ۙ وَالسَّآئِلِيْنَ وَفِى الرِّقَابِ ۚ وَاَقَامَ الصَّلٰوةَ وَاٰتَى الزَّكٰوةَ ۚ وَالْمُوْفُوْنَ بِعَهْدِهِمْ اِذَا عٰهَدُوْا ۚ وَالصّٰبِرِيْنَ فِى الْبَاْسَآءِ وَالضَّرَّآءِ وَحِيْنَ الْبَاْسِ ۗ اُولٰٓئِكَ الَّذِيْنَ صَدَقُوْا ۗ وَاُولٰٓئِكَ هُمُ الْمُتَّقُوْنَ ﴿١٧٧﴾ | **177** |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| প্রতিবর্ণায়ন | লাইছাল্ বির্‌রা আং তুওয়াল্লূ উজূহাকুম কি ́বালাল মাশ্‌রিকি ́ ওয়াল্ মাগরিবি ওয়ালা–কিন্নাল বির্‌রা মান আ–মানা বিল্লা–হি ওয়াল্ ইয়াওমিল আ–খিরি ওয়াল্ মালা~ইকাতি ওয়াল্ কিতা–বি ওয়ান্নাবিইয়ীনা (ج) ওয়া আ–তাল্ মা–লা 'আলা–হু ́ ব্বিহী য ́াবি ́ল্ কু ́রবা– ওয়াল্ ইয়াতা–মা– ওয়াল্‌মাছা–কীনা ওয়াব্‌নাছ্‌ছাবীলি (ۙ) ওয়াছছা~ইলীনা ওয়াফির্‌রিক ́া–বি (ج) ওয়া আক ́া–মাসসালা–তা ওয়া আ–তাঝ্‌ঝাকা–তা (ج) ওয়াল্‌মূফূনা বি'আহ্‌দিহিম্ ইয ́া–'আ–হাদূ (ج) ওয়াসসা–বিরীনা ফিল্ বা'ছা~ই ওয়াদ্দ ́ার্‌রা~ই ওয়া হ ́ীনাল্‌বা'ছি (ط) উলা~ইকাল্লায ́ীনা সাদাকূ ́ (ط) ওয়া উলা~উকা হুমুল মুত্তাকূ ́ন। | |
| তরজমা | পূর্ব এবং পশ্চিম দিকে তোমাদের মুখ ফিরানোতে কোন পুণ্য নাই; কিন্তু পুণ্য আছে কেহ আল্লাহ্, পরকাল, ফিরিশ্‌তাগণ, সমস্ত কিতাব এবং নবীগণে ঈমান আনয়ন করিলে এবং আল্লাহ্‌প্রেমে আত্মীয়-স্বজন, পিতৃহীন, অভাবগ্রস্ত, পর্যটক, সাহায্যপ্রার্থিগণকে এবং দাস-মুক্তির জন্য অর্থ দান করিলে, সালাত কায়েম করিলে ও যাকাত প্রদান করিলে এবং প্রতিশ্রুতি দিয়া তাহা পূর্ণ করিলে, অর্থ-সংকটে দুঃখ-ক্লেশে ও সংগ্রাম-সংকটে ধৈর্য ধারণ করিলে। ইহারাই তাহারা যাহারা সত্যপরায়ণ এবং ইহারাই মুত্তাকী। | |
| | يَآيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا كُتِبَ عَلَيْكُمُ الْقِصَاصُ فِي الْقَتْلٰى ؕ اَلْحُرُّ بِالْحُرِّ وَالْعَبْدُ بِالْعَبْدِ وَالْاُنْثٰى بِالْاُنْثٰى ؕ فَمَنْ عُفِيَ لَهٗ مِنْ اَخِيْهِ شَيْءٌ فَاتِّبَاعٌۢ بِالْمَعْرُوْفِ وَاَدَآءٌ اِلَيْهِ بِاِحْسَانٍ ؕ ذٰلِكَ تَخْفِيْفٌ مِّنْ رَّبِّكُمْ وَرَحْمَةٌ ؕ فَمَنِ اعْتَدٰى بَعْدَ ذٰلِكَ فَلَهٗ عَذَابٌ اَلِيْمٌ ﴿١٧٨﴾ | 178 |
| প্রতিবর্ণায়ন | ইয়া~ আইয়ুহাল্লায ́ীনা আ–মানূ কুতিবা 'আলাইকুমুল্ কি ́সা–সু ফিল্‌ক ́াতলা– (ط) আলহু ́র্‌রু বিলহু ́ররি ওয়াল্ 'আবদু বিল'আব্‌দি ওয়াল্ উংছ ́া– বিলউংছা– (ط) ফামান 'উফিয়া লাহু মিন আখীহি শাইউং ফাত্তিবা–'উম্ বিলমা'রূফি ওয়া আদা~উন ইলাইহি বিইহ্ ́ছা–নিং (ط) য ́া–লিকা তাখ্‌ফীফুম্ মির্‌রাব্বিকুম ওয়া রাহ ́মাতুং (ط) ফামানি'তাদা–বা'দা য ́া–লিকা ফালাহু 'আয ́া–বুন আলীম। | |
| তরজমা | হে মু'মিনগণ! নিহতদের ব্যাপারে তোমাদের জন্য কিসাসের বিধান দেওয়া হইয়াছে। স্বাধীন ব্যক্তির বদলে স্বাধীন ব্যক্তি, ক্রীতদাসের বদলে ক্রীতদাস ও নারীর বদলে নারী, কিন্তু তাহার ভাইয়ের পক্ষ হইতে কিছুটা ক্ষমা প্রদর্শন করা হইলে যথাযথ বিধির অনুসরণ করা ও সততার সঙ্গে তাহার দেয় আদায় বিধেয়। ইহা তোমাদের প্রতিপালকের পক্ষ হইতে ভার লাঘব ও অনুগ্রহ। ইহার পরও যে সীমালংঘন করে তাহার জন্য মর্মন্তুদ শাস্তি রহিয়াছে। | |
| | وَلَكُمْ فِي الْقِصَاصِ حَيٰوةٌ يّٰٓاُولِي الْاَلْبَابِ لَعَلَّكُمْ تَتَّقُوْنَ ﴿١٧٩﴾ | 179 |

| | | |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালাকুম্ ফিল কিসা–সি হ'ায়া–তুঁই ইয়া~উলিল আল্বা–বি লা'আল্লাকুম তাত্তাকূ'ন। | |
| *তরজমা* | হে বোধসম্পন্ন ব্যক্তিগণ! কিসাসের মধ্যে তোমাদের জন্য জীবন রহিয়াছে, যাহাতে তোমরা সাবধান হইতে পার। | |
| | كُتِبَ عَلَيْكُمْ إِذَا حَضَرَ أَحَدَكُمُ الْمَوْتُ إِنْ تَرَكَ خَيْرًا الْوَصِيَّةُ لِلْوَالِدَيْنِ وَالْأَقْرَبِينَ بِالْمَعْرُوفِ ۖ حَقًّا عَلَى الْمُتَّقِينَ ﴿١٨٠﴾ | 180 |
| *প্রতিবর্ণায়ন* | কুতিবা 'আলাইকুম ইযা–হ'াদ'ারা আহ'াদাকুমুল মাওতু ইং তারাকা খাইরানিল ওয়াসিইইয়াতু লিল্ওয়া–লিদাইনি ওয়াল্ আক'রাবীনা বিল্মা'রূফি (ج) হ'াক্ক'ান 'আলাল মুত্তাক'ীন। | |
| *তরজমা* | তোমাদের মধ্যে কাহারও মৃত্যুকাল উপস্থিত হইলে সে যদি ধন-সম্পত্তি রাখিয়া যায় তবে ন্যায়ানুগ প্রথামত তাহার পিতামাতা ও আত্মীয়- স্বজনের জন্য ওসিয়াত করার বিধান তোমাদেরকে দেওয়া হইল। ইহা মুত্তাকীদের জন্য একটি কর্তব্য। | |
| | فَمَنْ بَدَّلَهُ بَعْدَمَا سَمِعَهُ فَإِنَّمَا إِثْمُهُ عَلَى الَّذِينَ يُبَدِّلُونَهُ ۚ إِنَّ اللَّهَ سَمِيعٌ عَلِيمٌ ﴿١٨١﴾ | 181 |
| *প্রতিবর্ণায়ন* | ফামাম্ বাদ্দালাহু বা'দা মা–ছামি'আহূ ফাইন্নামা–ইছ'মুহূ 'আলাল্লায'ীনা ইউবাদ্দিলূনাহূ (ط) ইন্নাল্লা–হা ছামীউন্ 'আলীম। | |
| *তরজমা* | উহা শ্রবণ করিবার পর যদি কেহ উহার পরিবর্তন সাধন করে, তবে যাহারা পরিবর্তন করিবে অপরাধ তাহাদেরই। নিশ্চয়ই আল্লাহ্ সর্বশ্রোতা, সর্বজ্ঞ। | |
| | فَمَنْ خَافَ مِنْ مُوصٍ جَنَفًا أَوْ إِثْمًا فَأَصْلَحَ بَيْنَهُمْ فَلَا إِثْمَ عَلَيْهِ ۚ إِنَّ اللَّهَ غَفُورٌ رَحِيمٌ ﴿١٨٢﴾ | 182 |
| *প্রতিবর্ণায়ন* | ফামান খা–ফা মিম্মূছিং জানাফান আও ইছ'মাং ফাআসলাহ'া বাইনাহুম ফালা~ ইছ'মা 'আলাইহি (ط) ইন্নাল্লা–হা গাফূরুর রাহ'ীম। | |
| *তরজমা* | তবে যদি কেহ ওসিয়াতকারীর পক্ষপাতিত্ব কিংবা অন্যায়ের আশংকা করে, অতঃপর সে তাহাদের মধ্যে মীমাংসা করিয়া দেয়, তবে তাহার কোন অপরাধ নাই। নিশ্চয়ই আল্লাহ্ ক্ষমাপরায়ণ, পরম দয়ালু। | |
| | يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا كُتِبَ عَلَيْكُمُ الصِّيَامُ كَمَا كُتِبَ عَلَى الَّذِينَ مِنْ قَبْلِكُمْ لَعَلَّكُمْ تَتَّقُونَ ﴿١٨٣﴾ | 183 |
| *প্রতিবর্ণায়ন* | ইয়া~আইয়ুহাল্লায'ীনা আ–মানূ কুতিবা 'আলাইকুমস্সিয়া–মু কামা–কুতিবা 'আলাল্লায'ীনা মিং ক'াবলিকুম্ লা'আল্লাকুম তাত্তাকূ'ন। | |
| *তরজমা* | হে মু'মিনগণ! তোমাদের জন্য সিয়ামের বিধান দেওয়া হইল, যেমন বিধান তোমাদের পূর্ববর্তীগণকে দেওয়া হইয়াছিল, যাহাতে তোমরা মুত্তাকী হইতে পার- | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | أَيَّامًا مَّعْدُوْدٰتٍ ؕ فَمَنْ كَانَ مِنْكُمْ مَّرِيْضًا اَوْ عَلٰى سَفَرٍ فَعِدَّةٌ مِّنْ اَيَّامٍ اُخَرَ ؕ وَعَلَى الَّذِيْنَ يُطِيْقُوْنَهٗ فِدْيَةٌ طَعَامُ مِسْكِيْنٍ ؕ فَمَنْ تَطَوَّعَ خَيْرًا فَهُوَ خَيْرٌ لَّهٗ ؕ وَاَنْ تَصُوْمُوْا خَيْرٌ لَّكُمْ اِنْ كُنْتُمْ تَعْلَمُوْنَ ﴿١٨٤﴾ | **184** |
| *প্রতিবর্ণায়ন* | আইয়া–মাম্মা‘দূদা–তিং (ط) ফামাং কা–না মিংকুম মারীদ`ান্ আও ‘আলা–ছাফারিং ফা‘ইদ্দাতুম্ মিন্ আইয়া–মিন উখারা (ط) ওয়া ‘আলাল্লায`ীনা ইউত`ীকূ`নাহূ ফিদ্ইয়াতুং ত`া‘আ–মু মিছ্কীনিং (ط) ফামাং তাত`াওওয়া‘আ খাইরাং ফাহুওয়া খাইরুল্লাহূ (ط) ওয়া আং তাসূমূ খাইরুল্লাকুম ইং কুংতুম তা‘লামূন। | |
| *তরজমা* | সিয়াম নির্দিষ্ট কয়েক দিনের জন্য। তোমাদের মধ্যে কেহ পীড়িত হইলে বা সফরে থাকিলে অন্য সময় এই সংখ্যা পূরণ করিয়া লইতে হইবে। ইহা যাহাদেরকে সাতিশয় কষ্ট দেয় তাহাদের কর্তব্য ইহার পরিবর্তে ফিদ্য়া- একজন অভাবগ্রস্তকে খাদ্য দান করা। যদি কেহ স্বতঃস্ফূর্তভাবে সৎকাজ করে তবে উহা তাহার পক্ষে অধিক কল্যাণকর। আর সিয়াম পালন করাই তোমাদের জন্য অধিকতর কল্যাণপ্রসূ যদি তোমরা জানিতে। | |
| | شَهْرُ رَمَضَانَ الَّذِيْٓ اُنْزِلَ فِيْهِ الْقُرْاٰنُ هُدًى لِّلنَّاسِ وَبَيِّنٰتٍ مِّنَ الْهُدٰى وَالْفُرْقَانِ ۚ فَمَنْ شَهِدَ مِنْكُمُ الشَّهْرَ فَلْيَصُمْهُ ؕ وَمَنْ كَانَ مَرِيْضًا اَوْ عَلٰى سَفَرٍ فَعِدَّةٌ مِّنْ اَيَّامٍ اُخَرَ ؕ يُرِيْدُ اللّٰهُ بِكُمُ الْيُسْرَ وَلَا يُرِيْدُ بِكُمُ الْعُسْرَ ۫ وَلِتُكْمِلُوا الْعِدَّةَ وَلِتُكَبِّرُوا اللّٰهَ عَلٰى مَا هَدٰىكُمْ وَلَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ﴿١٨٥﴾ | **185** |
| *প্রতিবর্ণায়ন* | শাহরু রামাদ`া–নাল্লায`ী˜ উংঝিলা ফীহি`ল্ কু`রআ–নু হুদাল্ লিন্না–ছি ওয়া বাইয়িনা–তিম্ মিনাল্ হুদা– ওয়াল ফুরক`া–নি (ج) ফামাং শাহিদা মিংকুমুশ্শাহ্রা ফালইয়াসুমহু (ط) ওয়া মাং কা–না মারীদ`ান্ আও ‘আলা–ছাফারিং ফা‘ইদ্দাতুম্ মিন্ আইয়া–মিন উখারা– (ط) ইউরীদুল্লা–হু বিকুমুল ইউছরা ওয়ালা– ইউরীদু বিকুমুল ‘উছরা (ز) ওয়ালিতুক্মিলুল্ ‘ইদ্দাতা ওয়া লিতুকাব্বিরুল্লা–হা ‘আলা–মা–হাদা–কুম ওয়া লা‘আল্লাকুম্ তাশকরূন। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | রামাযান মাস, ইহাতে মানুষের দিশারী এবং সৎপথের স্পষ্ট নিদর্শন ও সত্যাসত্যের পার্থক্যকারীরূপে কুরআন অবতীর্ণ হইয়াছে। সুতরাং তোমাদের মধ্যে যাহারা এই মাস পাইবে তাহারা যেন এই মাসে সিয়াম পালন করে। এবং কেহ পীড়িত থাকিলে কিংবা সফরে থাকিলে অন্য সময় এই সংখ্যা পূরণ করিবে। আল্লাহ্ তোমাদের জন্য যাহা সহজ তাহা চাহেন এবং যাহা তোমাদের জন্য কষ্টকর তাহা চাহেন না এইজন্য যে, তোমরা সংখ্যা পূর্ণ করিবে এবং তোমাদেরকে সৎপথে পরিচালিত করিবার কারণে তোমরা আল্লাহ্র মহিমা ঘোষণা করিবে এবং যাহাতে তোমরা কৃতজ্ঞতা প্রকাশ করিতে পার। | |
| | وَإِذَا سَأَلَكَ عِبَادِي عَنِّي فَإِنِّي قَرِيبٌ ۖ أُجِيبُ دَعْوَةَ الدَّاعِ إِذَا دَعَانِ ۙ فَلْيَسْتَجِيبُوا لِي وَلْيُؤْمِنُوا بِي لَعَلَّهُمْ يَرْشُدُونَ ١٨٦ | **186** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইযা–ছাআলাকা ‘ইবা–দী ‘আন্নী ফাইন্নী কারীবুন্ (ط) উজীবু দা‘ওয়াতাদ্দা–‘ই ইযা–দা‘আ–নি (ٚ) ফাল্ইয়াছ্তাজীবূলী ওয়াল্ ইউ’মিনূ বী লা‘আল্লাহুম্ ইয়ার্শুদূন। | |
| *তরজমা* | আমার বান্দাগণ যখন আমার সম্বন্ধে তোমাকে প্রশ্ন করে, আমি তো নিকটেই। প্রার্থনাকারী যখন আমার নিকট প্রার্থনা করে আমি তাহার প্রার্থনায় সাড়া দেই। সুতরাং তাহারাও আমার ডাকে সাড়া দিক এবং আমার প্রতি ঈমান আনুক, যাহাতে তাহারা ঠিক পথে চলিতে পারে। | |
| | أُحِلَّ لَكُمْ لَيْلَةَ الصِّيَامِ الرَّفَثُ إِلَىٰ نِسَائِكُمْ ۚ هُنَّ لِبَاسٌ لَكُمْ وَأَنْتُمْ لِبَاسٌ لَهُنَّ ۗ عَلِمَ اللَّهُ أَنَّكُمْ كُنْتُمْ تَخْتَانُونَ أَنْفُسَكُمْ فَتَابَ عَلَيْكُمْ وَعَفَا عَنْكُمْ ۖ فَالْآنَ بَاشِرُوهُنَّ وَابْتَغُوا مَا كَتَبَ اللَّهُ لَكُمْ ۚ وَكُلُوا وَاشْرَبُوا حَتَّىٰ يَتَبَيَّنَ لَكُمُ الْخَيْطُ الْأَبْيَضُ مِنَ الْخَيْطِ الْأَسْوَدِ مِنَ الْفَجْرِ ۖ ثُمَّ أَتِمُّوا الصِّيَامَ إِلَى اللَّيْلِ ۚ وَلَا تُبَاشِرُوهُنَّ وَأَنْتُمْ عَاكِفُونَ فِي الْمَسَاجِدِ ۗ تِلْكَ حُدُودُ اللَّهِ فَلَا تَقْرَبُوهَا ۗ كَذَٰلِكَ يُبَيِّنُ اللَّهُ آيَاتِهِ لِلنَّاسِ لَعَلَّهُمْ يَتَّقُونَ ١٨٧ | **187** |

| | | |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | উহি ল্লা লাকুম লাইলাতাসসিয়া–মির্‌রাফাছু  ইলা–নিছা~ইকুম (ط) হুন্না লিবা–ছুল্লাকুম ওয়া আংতুম লিবা–ছুল লাহুন্না (ط) ‘আলিমাল্লা–হু আন্নাকুম্ কুংতুম তাখতা–নূনা আংফুছাকুম ফাতা–বা ‘আলাইকুম ওয়া ‘আফা– ‘আংকুম (ج) ফালআ–না বা–শিরূহুন্না ওয়াবতাগূ মা–কাতাবাল্লা–হু লাকুম (ص) ওয়া কুলূ ওয়াশ্‌রাবূ হ ত্তা– ইয়াতাবাইয়ানা লাকুমুল খাইতু ল্ আবইয়াদ্ু মিনাল খাইতি ল্ আছওয়াদি মিনাল ফাজরি (ص) ছু ম্মা আতিম্মুস্ সিয়া–মা ইলাল্লাইলি (ج) ওয়ালা–তুবা–শিরূহুন্না ওয়া আংতুম ‘আ–কিফূনা (لا) ফিল্ মাছা–জিদি (ط) তিলকা হু দূদুল্লা–হি ফালা–তাক রাবূহা– (ط) কায া–লিকা ইউবাইয়িনুল্লা–হু আ–য়া–তিহী লিন্না–ছি লা‘আল্লাহুম ইয়াত্তাকূ ন। | |
| তরজমা | সিয়ামের রাত্রে তোমাদের জন্য স্ত্রী–সম্ভোগ বৈধ করা হইয়াছে। তাহারা তোমাদের পরিচ্ছদ এবং তোমরা তাহাদের পরিচ্ছদ। আল্লাহ্ জানেন যে, তোমরা নিজেদের প্রতি অবিচার করিতেছিলে। অতঃপর তিনি তোমাদের প্রতি ক্ষমাশীল হইয়াছেন এবং তোমাদের অপরাধ ক্ষমা করিয়াছেন। সুতরাং এখন তোমরা তাহাদের সঙ্গে সংগত হও এবং আল্লাহ্ যাহা তোমাদের জন্য নির্ধারণ করিয়াছেন তাহা কামনা কর। আর তোমরা পানাহার কর যতক্ষণ রাত্রির কৃষ্ণরেখা হইতে ঊষার শুভ্ররেখা স্পষ্টরূপে তোমাদের নিকট প্রতিভাত না হয়। অতঃপর নিশাগম পর্যন্ত সিয়াম পূর্ণ কর। তোমরা মসজিদে ই‘তিকাফরত অবস্থায় তাহাদের সঙ্গে সংগত হইও না। এইগু লি আল্লাহ্‌র সীমারেখা। সুতরাং এইগু লির নিকটবর্তী হইও না। এইভাবে আল্লাহ্ তাঁহার বিধানাবলী মানব জাতির জন্য সুস্পষ্টভাবে ব্যক্ত করেন, যাহাতে তাহারা মুত্তাকী হইতে পারে। | |
| | وَلَا تَأْكُلُوٓا۟ أَمْوَٰلَكُم بَيْنَكُم بِٱلْبَٰطِلِ وَتُدْلُوا۟ بِهَآ إِلَى ٱلْحُكَّامِ لِتَأْكُلُوا۟ فَرِيقًا مِّنْ أَمْوَٰلِ ٱلنَّاسِ بِٱلْإِثْمِ وَأَنتُمْ تَعْلَمُونَ ﴿١٨٨﴾ | **188** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালা– তা’কূলূ˜ আম্‌ওয়া– লাকুম বাইনাকুম বিল্‌বা–তি লি ওয়াতুদ্‌লূ বিহা˜ ইলাল হু ক্কা–মি লিতা’কুলূ ফারীক াম্ মিন আমওয়া–লিন্না–ছি বিলইছ্ মি ওয়া আংতুম তা‘লামুন। | |
| *তরজমা* | তোমরা নিজেদের মধ্যে একে অন্যের অর্থ–সম্পদ অন্যায়ভাবে গ্রাস করিও না এবং মানুষের ধন–সম্পত্তির কিয়দংশ জানিয়া–শুনিয়া অন্যায়ভাবে গ্রাস করিবার উদ্দেশ্যে উহা বিচারকগণের নিকট পেশ করিও না। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | يَسْـَٔلُوْنَكَ عَنِ الْاَهِلَّةِ ۭ قُلْ هِىَ مَوَاقِيْتُ لِلنَّاسِ وَالْحَجِّ ۭ وَلَيْسَ الْبِرُّ بِاَنْ تَاْتُوا الْبُيُوْتَ مِنْ ظُهُوْرِهَا وَ لٰكِنَّ الْبِرَّ مَنِ اتَّقٰى ۚ وَاْتُوا الْبُيُوْتَ مِنْ اَبْوَابِهَا ۠ وَاتَّقُوا اللّٰهَ لَعَلَّكُمْ تُفْلِحُوْنَ ١٨٩ | **189** |
| *প্রতিবর্ণায়ন* | ইয়াছ্আলূনাকা ‘আনিল আহিল্লাতি (ط) কু্ল হিয়া মাওয়া–ক্বীতু লিন্না–ছি ওয়ালহ্বাজ্জি (ط) ওয়া লাইছাল বিররু বিআং তা’তুল বুয়ূতা মিং জু্হুরিহা– ওয়ালা–কিন্নাল্বির্‌রা মানিত্তাক্বা– (ج) ওয়া’তুল্ বুয়ূতা মিন্ আব্ওয়া–বিহা– (ص) ওয়াত্তাকু্ল্লা–হা লা‘আল্লাকুম তুফলিহূ্ন। | |
| *তরজমা* | লোকে তোমাকে নূতন চাঁদ সম্বন্ধে প্রশ্ন করে। বল, ‘উহা মানুষ এবং হজ্জের জন্য সময়-নির্দেশক।’ পশ্চাৎদিক দিয়া তোমাদের গৃহে প্রবেশ করাতে কোন পুণ্য নাই; কিন্তু পুণ্য আছে কেহ তাক্ওয়া অবলম্বন করিলে। সুতরাং তোমরা দ্বার দিয়া গৃহে প্রবেশ কর, তোমরা আল্লাহ্‌কে ভয় কর, যাহাতে তোমরা সফলকাম হইতে পার। | |
| | وَقَاتِلُوْا فِىْ سَبِيْلِ اللّٰهِ الَّذِيْنَ يُقَاتِلُوْنَكُمْ وَلَا تَعْتَدُوْا ۭ اِنَّ اللّٰهَ لَا يُحِبُّ الْمُعْتَدِيْنَ ١٩٠ | **190** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ক্বা–তিলূ ফী ছাবীলিল্লা–হিল্লায্বীনা ইউক্বা–তিলূনাকুম ওয়ালা–তা‘তাদূ (ط) ইন্নাল্লা–হা লা–ইউহি্ব্বুল মু‘তাদীন। | |
| *তরজমা* | যাহারা তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করে তোমরাও আল্লাহ্‌র পথে তাহাদের বিরুদ্ধে যুদ্ধ কর ; কিন্তু সীমালংঘন করিও না। নিশ্চয়ই আল্লাহ্ সীমলংঘন-কারিগণকে ভালবাসেন না। | |
| | وَاقْتُلُوْهُمْ حَيْثُ ثَقِفْتُمُوْهُمْ وَاَخْرِجُوْهُمْ مِّنْ حَيْثُ اَخْرَجُوْكُمْ وَالْفِتْنَةُ اَشَدُّ مِنَ الْقَتْلِ ۚ وَلَا تُقٰتِلُوْهُمْ عِنْدَ الْمَسْجِدِ الْحَرَامِ حَتّٰى يُقٰتِلُوْكُمْ فِيْهِ ۚ فَاِنْ قٰتَلُوْكُمْ فَاقْتُلُوْهُمْ ۭ كَذٰلِكَ جَزَاۗءُ الْكٰفِرِيْنَ ١٩١ | **191** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াক্ব্তুলূহুম্ হ্বাইছু ছাক্বিফ্তুমূহুম ওয়া আখরিজূহুম মিন হ্বাইছু আখরাজূকুম্ ওয়াল্ ফিতনাতু আশাদ্দু মিনাল ক্বাতলি (ج) ওয়ালা–তুক্বা–তিলূহুম্ ‘ইংদাল মাছ্জিদিল হ্বারা–মি হ্বাত্তা– ইউক্বা–তিলূকুম্ ফীহি (ج) ফাইং ক্বা–তালূকুম্ ফাক্ব্তুলূহুম (ط) কায্বা–লিকা জাঝা~উল কা–ফিরীন্। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | যেখানে তাহাদেরকে পাইবে হত্যা করিবে এবং যে স্থান হইতে তাহারা তোমাদেরকে বহিষ্কার করিয়াছে তোমরাও সেই স্থান হইতে তাহাদেরকে বহিষ্কার করিবে। ফিতনা হত্যা অপেক্ষা গুরুতর। মসজিদুল হারামের নিকট তোমরা তাহাদের সঙ্গে যুদ্ধ করিবে না, যে পর্যন্ত তাহারা সেখানে তোমাদের সঙ্গে যুদ্ধ না করে। যদি তাহারা তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করে তবে তোমরা তাহাদেরকে হত্যা করিবে, ইহাই কাফিরদের পরিণাম। | |
| | فَاِنِ انْتَهَوْا فَاِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿١٩٢﴾ | **192** |
| *প্রতিবর্ণায়ন* | ফাইনিং তাহাও ফাইন্নাল্লা-হা গাফূরুর্ রাহ ীম। | |
| *তরজমা* | যদি তাহারা বিরত হয় তবে নিশ্চয়ই আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু। | |
| | وَقٰتِلُوْهُمْ حَتّٰى لَا تَكُوْنَ فِتْنَةٌ وَّيَكُوْنَ الدِّيْنُ لِلّٰهِ ؕ فَاِنِ انْتَهَوْا فَلَا عُدْوَانَ اِلَّا عَلَى الظّٰلِمِيْنَ ﴿١٩٣﴾ | **193** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া কা-তিলূহুম হা ত্তা-লা-তাকূনা ফিতনাতুওঁ ওয়া ইয়াকূনাদ্দীনু লিল্লা-হি (ط) ফাইনিং তাহাও ফালা- 'উদওয়া-না ইল্লা-'আলাজ্জ া-লিমীন। | |
| *তরজমা* | আর তোমরা তাহাদের বিরুদ্ধে যুদ্ধ করিতে থাকিবে যাবত ফিতনা দূরীভূত না হয় এবং আল্লাহ্র দীন প্রতিষ্ঠিত না হয়। যদি তাহারা বিরত হয় তবে জালিমদেরকে ব্যতীত আর কাহাকেও আক্রমণ করা চলিবে না। | |
| | اَلشَّهْرُ الْحَرَامُ بِالشَّهْرِ الْحَرَامِ وَالْحُرُمٰتُ قِصَاصٌ ؕ فَمَنِ اعْتَدٰى عَلَيْكُمْ فَاعْتَدُوْا عَلَيْهِ بِمِثْلِ مَا اعْتَدٰى عَلَيْكُمْ ۪ وَاتَّقُوا اللّٰهَ وَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ مَعَ الْمُتَّقِيْنَ ﴿١٩٤﴾ | **194** |
| *প্রতিবর্ণায়ন* | আশ্শাহরুল হা রা-মু বিশ্শাহরিল হা রা-মি ওয়াল্ হু রুমা-তু কি সা-সুং (ط) ফামানি'তাদা- 'আলাইকুম ফা'তাদূ'আলাইহি বিমিছ লি মা'তাদা- 'আলাইকুম (ص) ওয়াত্তাকু ল্লা-হা ওয়া'লামু~ আন্নাল্লা-হা মা'আল মুত্তাক ীন। | |
| *তরজমা* | পবিত্র মাস পবিত্র মাসের বিনিময়ে। যাহার পবিত্রতা অলঙ্ঘনীয় তাহার অবমাননা সকলের জন্য সমান। সুতরাং যে কেহ তোমাদেরকে আক্রমণ করিবে তোমরাও তাহাকে অনুরূপ আক্রমণ করিবে এবং তোমরা আল্লাহ্কে ভয় কর এবং জানিয়া রাখ যে, আল্লাহ্ অবশ্যই মুত্তাকীদের সঙ্গে থাকেন। | |
| | وَاَنْفِقُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ وَلَا تُلْقُوْا بِاَيْدِيْكُمْ اِلَى التَّهْلُكَةِ ۛ وَاَحْسِنُوْا ۛ اِنَّ اللّٰهَ يُحِبُّ الْمُحْسِنِيْنَ ﴿١٩٥﴾ | **195** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আংফিকূ ফী ছাবীলিল্লা-হি ওয়ালা-তুল্কূ বিআইদীকুম ইলাত্তাহ্লুকাতি (ج) ওয়া আহ ছিনূ (ج) ইন্নাল্লা-হা ইউহি ব্বুল মুহ ছিনীন। | |

| | | |
|---|---|---|
| *তরজমা* | তোমরা আল্লাহ্‌র পথে ব্যয় কর এবং নিজেদের হাতে নিজে-দেরকে ধ্বংসের মধ্যে নিক্ষেপ করিও না। তোমরা সৎকাজ কর, আল্লাহ্ সৎকর্মপরায়ণ লোককে ভালবাসেন। | |
| | وَاَتِمُّوا الْحَجَّ وَالْعُمْرَةَ لِلّٰهِ ؕ فَاِنْ اُحْصِرْتُمْ فَمَا اسْتَيْسَرَ مِنَ الْهَدْيِ ۚ وَلَا تَحْلِقُوْا رُءُوْسَكُمْ حَتّٰى يَبْلُغَ الْهَدْيُ مَحِلَّهٗ ؕ فَمَنْ كَانَ مِنْكُمْ مَّرِيْضًا اَوْ بِهٖۤ اَذًى مِّنْ رَّاْسِهٖ فَفِدْيَةٌ مِّنْ صِيَامٍ اَوْ صَدَقَةٍ اَوْ نُسُكٍ ۚ فَاِذَاۤ اَمِنْتُمْ ٝ فَمَنْ تَمَتَّعَ بِالْعُمْرَةِ اِلَى الْحَجِّ فَمَا اسْتَيْسَرَ مِنَ الْهَدْيِ ۚ فَمَنْ لَّمْ يَجِدْ فَصِيَامُ ثَلٰثَةِ اَيَّامٍ فِى الْحَجِّ وَسَبْعَةٍ اِذَا رَجَعْتُمْ ؕ تِلْكَ عَشَرَةٌ كَامِلَةٌ ؕ ذٰلِكَ لِمَنْ لَّمْ يَكُنْ اَهْلُهٗ حَاضِرِى الْمَسْجِدِ الْحَرَامِ ؕ وَاتَّقُوا اللّٰهَ وَاعْلَمُوْۤا اَنَّ اللّٰهَ شَدِيْدُ الْعِقَابِ ﴿۱۹۶﴾ | **196** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আতিম্মুল হ˙াজ্জা ওয়াল্ ‘উম্‌রাতা লিল্লা-হি (ط) ফাইন্ উহ˙সিরতুম্ ফামাছ্ তাইছারা মিনাল্ হাদ্‌য়ি (ج) ওয়ালা- তাহ˙লিকূ˙ রুঊছাকুম্ হ˙াত্তা- ইয়াবলুগাল হাদইউ মাহি˙ল্লা-হূ (ط) ফামাং কা-না মিংকুম্ মারীদ˙ান্ আও বিহী˜আয˙াম্ মির রা’ছিহী ফাফিদ্‌ইয়াতুম মিং সিয়া-মিন আও সাদাক˙াতিন আও নুছুকিং (ج) ফাইয˙া-আমিংতুম (وقفة) ফামাং তামাত্তা‘আ বিল ‘উমরাতি ইলাল্ হ˙াজ্জি ফামাছ্‌তাইছারা মিনাল্ হাদয়ি (ج) ফামাল্লাম ইয়াজিদ ফাসিয়া-মু ছ˙ালা-ছ˙াতি আইয়া-মিং ফিল্ হ˙াজ্জি ওয়া ছাব্‘আতিন ইয˙া-রাজা‘তুম (ط) তিল্‌কা ‘আশারাতুং কা-মিলাতুং (ط) য˙া-লিকা লিমাল্লাম্ ইয়াকুন্ আহলুহূ হ˙া-দি˙রিল্ মাছজিদিল্ হ˙ারা-মি (ط) ওয়াত্তাকূ˙ল্লা-হা ওয়া‘লামূ আন্নাল্লা-হা শাদীদুল ‘ইক˙া-ব। | |
| *তরজমা* | তোমরা আল্লাহ্‌র উদ্দেশ্যে হজ্জ ও উমরা পূর্ণ কর, কিন্তু তোমরা যদি বাধাপ্রাপ্ত হও তবে সহজলভ্য কুরবানী করিও। যে পর্যন্ত কুরবানীর পশু উহার স্থানে না পৌঁছে তোমরা মস্তক মুণ্ডন করিও না। তোমাদের মধ্যে যদি কেহ পীড়িত হয় কিংবা মাথায় ক্লেশ থাকে তবে সিয়াম কিংবা সাদাকা অথবা কুরবানীর দ্বারা উহার ফিদ্‌য়া দিবে। যখন তোমরা নিরাপদ হইবে তখন তোমাদের মধ্যে যে ব্যক্তি হজ্জের প্রাক্কালে উমরা দ্বারা লাভবান হইতে চায় সে সহজলভ্য কুরবানী করিবে। কিন্তু যদি কেহ উহা না পায় তবে তাহাকে হজ্জের সময় তিনদিন এবং গৃহে প্রত্যাবর্তনের পর সাতদিন-এই পূর্ণ দশদিন সিয়াম পালন করিতে হইবে। ইহা তাহাদের জন্য, যাহাদের পরিজনবর্গ মসজিদুল হারামের বাসিন্দা নয়। আল্লাহ্‌কে ভয় কর এবং জানিয়া রাখ যে, নিশ্চয়ই আল্লাহ্ শাস্তি দানে কঠোর। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | اَلْحَجُّ اَشْهُرٌ مَّعْلُوْمٰتٌ ۚ فَمَنْ فَرَضَ فِيْهِنَّ الْحَجَّ فَلَا رَفَثَ وَلَا فُسُوْقَ ۙ وَلَا جِدَالَ فِي الْحَجِّ ؕ وَمَا تَفْعَلُوْا مِنْ خَيْرٍ يَّعْلَمْهُ اللّٰهُ ؕ وَتَزَوَّدُوْا فَاِنَّ خَيْرَ الزَّادِ التَّقْوٰى ۫ وَاتَّقُوْنِ يٰۤاُولِي الْاَلْبَابِ ﴿۱۹۷﴾ | **197** |
| *প্রতিবর্ণায়ন* | আলহ াজ্জু আশ্হুরুম মা'লূমা–তুং (ج) ফামাং ফারাদ া ফীহিন্নাল্ হ াজ্জা ফালা–রাফাছ া ওয়ালা–ফুছূক া ওয়ালা– জিদা–লা ফিল্ হ াজ্জি (ط) ওয়ামা–তাফ্'আলূ মিন খাইরিইঁ ইয়া'লাম হুল্লা–হু (ط) ওয়া তাঝাওওয়াদূ ফাইন্না খাইরাঝ্ঝা–দিত্তাক ওয়া– (ز) ওয়াত্তাকূ নি ইয়া˜ উলিল আল্বা–ব। | |
| *তরজমা* | হজ্জ হয় সুনির্দিষ্ট মাসসমূহে। অতঃপর যে কেহ এই মাসগুলিতে হজ্জ করা স্থির করে তাহার জন্য হজ্জের সময়ে স্ত্রী-সম্ভোগ, অন্যায় আচরণ ও কলহ-বিবাদ বিধেয় নহে। তোমরা উত্তম কাজের যাহা কিছু কর আল্লাহ্ তাহা জানেন এবং তোমরা পাথেয়ের ব্যবস্থা করিও, আত্মসংযমই শ্রেষ্ঠ পাথেয়। হে বোধসম্পন্ন ব্যক্তিগণ! তোমরা আমাকে ভয় কর। | |
| | لَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ اَنْ تَبْتَغُوْا فَضْلًا مِّنْ رَّبِّكُمْ ؕ فَاِذَآ اَفَضْتُمْ مِّنْ عَرَفٰتٍ فَاذْكُرُوا اللّٰهَ عِنْدَ الْمَشْعَرِ الْحَرَامِ ۪ وَاذْكُرُوْهُ كَمَا هَدٰىكُمْ ۚ وَاِنْ كُنْتُمْ مِّنْ قَبْلِهٖ لَمِنَ الضَّآلِّيْنَ ﴿۱۹۸﴾ | **198** |
| *প্রতিবর্ণায়ন* | লাইছা 'আলাইকুম জুনা–হু ন্ আং তাবতাগূ ফাদ লাম্ মির্রাব্বিকুম (ط) ফাইযা˜আফাদ তুম্ মিন 'আরাফা–তিং ফায কুরুল্লা–হা 'ইংদ াল্ মাশ'আরিল্ হ ারা–মি (ص) ওয়ায কুরুহু কামা–হাদা–কুম (ج) ওয়া ইং কুংতুম মিং ক াবলিহী লামিনাদ্দ া~ল্লীন। | |
| *তরজমা* | তোমাদের প্রতিপালকের অনুগ্রহ সন্ধান করাতে তোমাদের কোন পাপ নাই। যখন তোমরা 'আরাফাত হইতে প্রত্যাবর্তন করিবে তখন মাশ'আরুল হারামের নিকট পৌঁছিয়া আল্লাহ্কে স্মরণ করিবে এবং তিনি যেভাবে নির্দেশ দিয়াছেন ঠিক সেইভাবে স্মরণ করিবে; যদিও ইতিপূর্বে তোমরা বিভ্রান্তদের অন্তর্ভুক্ত ছিলে। | |
| | ثُمَّ اَفِيْضُوْا مِنْ حَيْثُ اَفَاضَ النَّاسُ وَاسْتَغْفِرُوا اللّٰهَ ؕ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿۱۹۹﴾ | **199** |
| *প্রতিবর্ণায়ন* | ছু ম্মা আফীদূ মিন্ হ াইছু আফা–দ ান্না–ছু ওয়াছ্তাগ্ফিরুল্লা–হা (ط) ইন্নাল্লা–হা গাফূরুর্ রাহ ীম। | |
| *তরজমা* | অতঃপর অন্যান্য লোক যেখান হইতে প্রত্যাবর্তন করে তোমরাও সেই স্থান হইতে প্রত্যাবর্তন করিবে। আর আল্লাহ্র নিকট ক্ষমা প্রার্থনা করিবে, নিশ্চয়ই আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু। | |

| | فَإِذَا قَضَيْتُم مَّنَاسِكَكُمْ فَاذْكُرُوا اللَّهَ كَذِكْرِكُمْ آبَاءَكُمْ أَوْ أَشَدَّ ذِكْرًا ۗ فَمِنَ النَّاسِ مَن يَقُولُ رَبَّنَا آتِنَا فِي الدُّنْيَا وَمَا لَهُ فِي الْآخِرَةِ مِنْ خَلَاقٍ ﴿٢٠٠﴾ | **200** |
| *প্রতিবর্ণায়ন* | ফাইযা-ক্বাদ্বাইতুম মানা-ছিকাকুম ফায্‌কুরুল্লা-হা কাযিক্‌রিকুম আ-বা~আকুম আও আশাদ্দা যিক্‌রাং (ط) ফামিনান্না-ছি মাইঁ ইয়াকূলু রাব্বানা~আ-তিনা- ফিদ্দুনইয়া-ওয়ামা-লাহু ফিল আ-খিরাতি মিন্‌ খালা-ক্ব। | |
| তরজমা | অতঃপর যখন তোমরা হজ্জের অনুষ্ঠানাদি সমাপ্ত করিবে তখন আল্লাহ্‌কে এমনভাবে স্মরণ করিবে যেমন তোমরা তোমাদের পিতৃপুরুষগণকে স্মরণ করিতে, অথবা তদপেক্ষা অভিনিবেশ সহকারে। মানুষের মধ্যে যাহারা বলে, 'হে আমাদের প্রতিপালক! আমাদেরকে ইহকালেই দাও', বস্তুত পরকালে তাহাদের জন্য কোন অংশ নাই। | |
| | وَمِنْهُم مَّن يَقُولُ رَبَّنَا آتِنَا فِي الدُّنْيَا حَسَنَةً وَفِي الْآخِرَةِ حَسَنَةً وَقِنَا عَذَابَ النَّارِ ﴿٢٠١﴾ | **201** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া মিন্‌হুম মাইঁইয়াকূলু রাব্বানা~আ-তিনা-ফিদ্দুনইয়া-হাছানাতাওঁ ওয়া ফিল্‌ আ-খিরাতি হাছানাতাওঁ ওয়া কি'না-'আযা-বান্না-র। | |
| তরজমা | আর তাহাদের মধ্যে যাহারা বলে, 'হে আমাদের প্রতিপালক! আমাদের দুনিয়াতে কল্যাণ দাও এবং আখিরাতে কল্যাণ দাও এবং আমাদেরকে দোজখের শাস্তি হইতে রক্ষা কর-' | |
| | أُولَٰئِكَ لَهُمْ نَصِيبٌ مِّمَّا كَسَبُوا ۚ وَاللَّهُ سَرِيعُ الْحِسَابِ ﴿٢٠٢﴾ | **202** |
| *প্রতিবর্ণায়ন* | উলা~ইকা লাহুম নাসীবুম মিম্মা-কাছাবূ (ط) ওয়াল্লা-হু ছারী'উল হিছা-ব। | |
| তরজমা | তাহারা যাহা অর্জন করিয়াছে তাহার প্রাপ্য অংশ তাহাদেরই। বস্তুত আল্লাহ্‌ হিসাব গ্রহণে অত্যন্ত তৎপর। | |
| | وَاذْكُرُوا اللَّهَ فِي أَيَّامٍ مَّعْدُودَاتٍ ۚ فَمَن تَعَجَّلَ فِي يَوْمَيْنِ فَلَا إِثْمَ عَلَيْهِ وَمَن تَأَخَّرَ فَلَا إِثْمَ عَلَيْهِ ۚ لِمَنِ اتَّقَىٰ ۗ وَاتَّقُوا اللَّهَ وَاعْلَمُوا أَنَّكُمْ إِلَيْهِ تُحْشَرُونَ ﴿٢٠٣﴾ | **203** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ায্‌কুরুল্লা-হা ফী~আইয়া-মিম্‌ মা'দূদা-তিং (ط) ফামাং তা'আজ্জালা ফী ইয়াওমাইনি ফালা-ইছ্‌মা 'আলাইহি (ج) ওয়ামাং তাআখ্‌খারা ফালা-ইছ্‌মা 'আলাইহি (لا) লিমানিত্তাক্বা- (ط) ওয়াত্তাকুল্লা-হা ওয়া'লামূ~ আন্নাকুম ইলাইহি তুহ্‌শারূন। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | তোমরা নির্দিষ্ট সংখ্যক দিনগুলিতে আল্লাহ্‌কে স্মরণ করিবে। যদি কেহ তাড়াতাড়ি করিয়া দুই দিনে চলিয়া আসে তবে তাহার কোন পাপ নাই, আর যদি কেহ বিলম্ব করে তবে তাহারও কোন পাপ নাই। ইহা তাহার জন্য, যে তাক্‌ওয়া অবলম্বন করে। তোমরা আল্লাহ্‌কে ভয় কর এবং জানিয়া রাখ যে, তোমাদেরকে অবশ্যই তাঁহার নিকট একত্র করা হইবে। | |
| | وَمِنَ النَّاسِ مَنْ يُّعْجِبُكَ قَوْلُهٗ فِى الْحَيٰوةِ الدُّنْيَا وَيُشْهِدُ اللّٰهَ عَلٰى مَا فِىْ قَلْبِهٖ ۙ وَهُوَ اَلَدُّ الْخِصَامِ ﴿٢٠٤﴾ | **204** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া মিনান্না-ছি মাই ইউ‘জিবুকা ক'াওলুহূ ফিল্ হ'ায়া-তিদ্দুনইয়া-ওয়া ইউশ্‌হিদুল্লা-হা ‘আলা-মা-ফী ক'ালবিহী (ۙ) ওয়াহুওয়া আলাদ্দুল খিসা-ম। | |
| *তরজমা* | আর মানুষের মধ্যে এমন ব্যক্তি আছে, পার্থিব জীবন সম্বন্ধে যাহার কথাবার্তা তোমাকে চমৎকৃত করে এবং তাহার অন্তরে যাহা আছে সে সম্বন্ধে আল্লাহ্‌কে সাক্ষী রাখে। প্রকৃতপক্ষে সে ভীষণ কলহপ্রিয়। | |
| | وَاِذَا تَوَلّٰى سَعٰى فِى الْاَرْضِ لِيُفْسِدَ فِيْهَا وَيُهْلِكَ الْحَرْثَ وَالنَّسْلَ ۗ وَاللّٰهُ لَا يُحِبُّ الْفَسَادَ ﴿٢٠٥﴾ | **205** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইযা-তাওয়াল্লা-ছা‘আ-ফিল্ আরদি' লিইউফ্‌ছিদা ফীহা-ওয়া ইউহলিকাল্ হ'ারছ'া ওয়ান্নাছলা (ط) ওয়াল্লা-হু লা-ইউহি'ব্বুল ফাছা-দ। | |
| *তরজমা* | যখন সে প্রস্থান করে তখন সে পৃথিবীতে অশান্তি সৃষ্টির এবং শস্যক্ষেত্র ও জীবজন্তু নিপাতের চেষ্টা করে। আর আল্লাহ্ অশান্তি পসন্দ করেন না। | |
| | وَاِذَا قِيْلَ لَهُ اتَّقِ اللّٰهَ اَخَذَتْهُ الْعِزَّةُ بِالْاِثْمِ فَحَسْبُهٗ جَهَنَّمُ ۗ وَلَبِئْسَ الْمِهَادُ ﴿٢٠٦﴾ | **206** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াইযা-ক'ীলা লাহুত্তাকি'ল্লা-হা আখায'াত্‌হুল ‘ইয্‌যাতু বিল্‌ইছ'মি ফাহ'াছ্‌বহু জাহান্নামু (ط) ওয়ালাবি’ছাল মিহা-দ। | |
| *তরজমা* | যখন তাহাকে বলা হয়, ‘তুমি আল্লাহ্‌কে ভয় কর’, তখন তাহার আত্মাভিমান তাহাকে পাপানুষ্ঠানে লিপ্ত করে, সুতরাং জাহান্নামই তাহার জন্য যথেষ্ট। নিশ্চয়ই উহা নিকৃষ্ট বিশ্রামস্থল। | |
| | وَمِنَ النَّاسِ مَنْ يَّشْرِىْ نَفْسَهُ ابْتِغَآءَ مَرْضَاتِ اللّٰهِ ۗ وَاللّٰهُ رَءُوْفٌۢ بِالْعِبَادِ ﴿٢٠٧﴾ | **207** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া মিনান্না-ছি মাইঁ ইয়াশরী নাফছাহুব তিগা~আ মারদ'া-তিল্লাহি (ط) ওয়াল্লা-হু রাউফুম্ বিল‘ইবা-দ। | |
| *তরজমা* | মানুষের মধ্যে এমন লোকও আছে, যে আল্লাহ্‌র সন্তুষ্টি লাভার্থে আত্ম-বিক্রয় করিয়া থাকে। আল্লাহ্ তাঁহার বান্দাগণের প্রতি অত্যন্ত দয়ার্দ্র। | |

| | يَاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا ادْخُلُوْا فِي السِّلْمِ كَآفَّةً ۖ وَلَا تَتَّبِعُوْا خُطُوٰتِ الشَّيْطٰنِ ۗ اِنَّهٗ لَكُمْ عَدُوٌّ مُّبِيْنٌ ﴿٢٠٨﴾ | **208** |
| *প্রতিবর্ণায়ন* | ইয়া˜আইয়ুহাল্লায ীনা আ–মানুদ্খুলূ ফিছ্ছিল্মি কা~ফ্ফাতাওঁ (ص) ওয়ালা–তাত্তাবি‘উ খুতু ওয়া–তিশ্শাইত া–নি ; ইন্নাহু লাকুম ‘আদুওউম্ মুবীন। | |
| *তরজমা* | হে মু'মিনগণ! তোমরা সর্বাত্মকভাবে ইসলামে প্রবেশ কর এবং শয়তানের পদাংক অনুসরণ করিও না। নিশ্চয় সে তোমাদের প্রকাশ্য শত্রু। | |
| | فَاِنْ زَلَلْتُمْ مِّنْۢ بَعْدِ مَا جَآءَتْكُمُ الْبَيِّنٰتُ فَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ عَزِيْزٌ حَكِيْمٌ ﴿٢٠٩﴾ | **209** |
| *প্রতিবর্ণায়ন* | ফাইং ঝালাল্তুম্ মিম্ বা‘দি মা–জা~আতকুমুল্ বাইয়িনা–তু ফা‘লামূ˜ আন্নাল্লা–হা, ‘আঝীঝুন্ হ াকীম। | |
| *তরজমা* | সুস্পষ্ট নিদর্শন তোমাদের নিকট আসিবার পর যদি তোমাদের পদস্খলন ঘটে তবে জানিয়া রাখ, নিশ্চয়ই আল্লাহ্ মহাপরাক্রান্ত, প্রজ্ঞাময়। | |
| | هَلْ يَنْظُرُوْنَ اِلَّآ اَنْ يَّاْتِيَهُمُ اللّٰهُ فِيْ ظُلَلٍ مِّنَ الْغَمَامِ وَالْمَلٰٓئِكَةُ وَقُضِيَ الْاَمْرُ ۗ وَاِلَى اللّٰهِ تُرْجَعُ الْاُمُوْرُ ﴿٢١٠﴾ | **210** |
| *প্রতিবর্ণায়ন* | হাল ইয়াংজু রূনা ইল্লা–আইঁয়া'তিয়াহুমুল্লা–হু ফী জু লালিম্ মিনাল্ গামা–মি ওয়াল্মালা~ইকাতু ওয়া কু দি য়াল্ আমরু (ص) ওয়া ইলাল্লা–হি তুর্জা‘উল্ উমূর। | |
| *তরজমা* | তাহারা শুধু ইহার প্রতীক্ষায় রহিয়াছে যে, আল্লাহ্ ও ফিরিশতাগণ মেঘের ছায়ায় তাহাদের নিকট উপস্থিত হইবেন, তৎপর সব কিছুর মীমাংসা হইয়া যাইবে। সমস্ত বিষয় আল্লাহ্রই নিকট প্রত্যাবর্তিত হইবে। | |
| | سَلْ بَنِيْٓ اِسْرَآءِيْلَ كَمْ اٰتَيْنٰهُمْ مِّنْ اٰيَةٍۢ بَيِّنَةٍ ۗ وَمَنْ يُّبَدِّلْ نِعْمَةَ اللّٰهِ مِنْۢ بَعْدِ مَا جَآءَتْهُ فَاِنَّ اللّٰهَ شَدِيْدُ الْعِقَابِ ﴿٢١١﴾ | **211** |
| *প্রতিবর্ণায়ন* | ছাল্ বানী˜ইছরা~ঈলা কাম্ আ–তাইনা–হুম মিন্ আ–য়াতিম্ বাইয়িনাতিওঁ (ص) ওয়া মাইঁ ইউবাদ্দিল নি‘মাতাল্লা–হি মিম্ বা‘দি মা–জা~আত্হু ফাইন্নাল্লা–হা শাদীদুল ‘ইক া–ব। | |
| *তরজমা* | বনী ইস্রাঈলকে জিজ্ঞাসা কর, আমি তাহাদেরকে কত স্পষ্ট নিদর্শন প্রদান করিয়াছি! আল্লাহ্র অনুগ্রহ আসিবার পর কেহ উহার পরিবর্তন করিলে আল্লাহ্ তো শাস্তিদানে কঠোর। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | زُيِّنَ لِلَّذِيْنَ كَفَرُوا الْحَيٰوةُ الدُّنْيَا وَيَسْخَرُوْنَ مِنَ الَّذِيْنَ اٰمَنُوْا ۘ وَالَّذِيْنَ اتَّقَوْا فَوْقَهُمْ يَوْمَ الْقِيٰمَةِ ؕ وَاللّٰهُ يَرْزُقُ مَنْ يَّشَآءُ بِغَيْرِ حِسَابٍ ﴿٢١٢﴾ | **212** |
| *প্রতিবর্ণায়ন* | ঝুইয়িনা লিল্লায ীনা কাফারুল হ ায়া-তুদ্দুনইয়া-ওয়া ইয়াছ্খারূনা মিনাল্লায ীনা আ-মানূ (م)। ওয়াল্লায ী নাত্তাক াও ফাওক াহুম্ ইয়াওমাল্ কি য়া-মাতি (ط) ওয়াল্লা-হু ইয়ারঝুকু  মাইঁ ইয়াশা~উ বিগাইরি হি ছা-ব। | |
| *তরজমা* | যাহারা কুফরী করে তাহাদের নিকট পার্থিব জীবন সুশোভিত করা হইয়াছে, তাহারা মু'মিনদেরকে ঠাট্টা-বিদ্রূপ করিয়া থাকে। আর যাহারা তাক্ওয়া অবলম্বন করে কিয়ামতের দিন তাহারা তাহাদের উর্ধ্বে থাকিবে। আল্লাহ্ যাহাকে ইচ্ছা অপরিমিত রিযিক দান করেন। | |
| | كَانَ النَّاسُ اُمَّةً وَّاحِدَةً ۫ فَبَعَثَ اللّٰهُ النَّبِيّٖنَ مُبَشِّرِيْنَ وَمُنْذِرِيْنَ ۪ وَاَنْزَلَ مَعَهُمُ الْكِتٰبَ بِالْحَقِّ لِيَحْكُمَ بَيْنَ النَّاسِ فِيْمَا اخْتَلَفُوْا فِيْهِ ؕ وَمَا اخْتَلَفَ فِيْهِ اِلَّا الَّذِيْنَ اُوْتُوْهُ مِنْۢ بَعْدِ مَا جَآءَتْهُمُ الْبَيِّنٰتُ بَغْيًاۢ بَيْنَهُمْ ۚ فَهَدَى اللّٰهُ الَّذِيْنَ اٰمَنُوْا لِمَا اخْتَلَفُوْا فِيْهِ مِنَ الْحَقِّ بِاِذْنِهٖ ؕ وَاللّٰهُ يَهْدِيْ مَنْ يَّشَآءُ اِلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿٢١٣﴾ | **213** |
| *প্রতিবর্ণায়ন* | কা-নান্না-ছু উম্মাতাওঁ ওয়া-হি দাতাং (قف) ফাবা'আছ াল্লা-হুন্নাবিইয়ীনা মুবাশ্শিরীনা ওয়া মুংযি রীনা (ص) ওয়া আংঝালা মা'আহুমুল্ কিতা-বা বিলহ াক্কি  লিইয়াহ কুমা বাইনান্না-ছি ফীমাখ তালাফূ ফীহি (ط) ওয়ামাখ তালাফা ফীহি ইল্লাল্লায ীনা উতূহু মিম্ বা'দি মা-জা~আতহুমুল বাইয়িনা-তু বাগ্ইয়াম্ বাইনাহুম (ج) ফাহাদাল্লা-হুল্লায ীনা আ-মানূ লিমাখ্তালাফূ ফীহি মিনাল হ াক্কি  বিইয নিহী (ط) ওয়াল্লা-হু ইয়াহদী মাইঁ ইয়াশা~উ  ইলা-সিরা-তি ম মুছতাক ীম। | |
| তরজমা | সমস্ত মানুষ ছিল একই উম্মত। অতঃপর আল্লাহ্ নবীগণকে সুসংবাদদাতা ও সতর্ককারীরূপে প্রেরণ করেন। মানুষেরা যে বিষয়ে মতভেদ করিত তাহাদের মধ্যে সে বিষয়ে মীমাংসার জন্য তিনি তাহাদের সঙ্গে সত্যসহ কিতাব অবতীর্ণ করেন এবং যাহাদেরকে তাহা দেওয়া হইয়াছিল, স্পষ্ট নিদর্শন তাহাদের নিকট আসিবার পরে, তাহারা শুধু পরস্পর বিদ্বেষবশত সেই বিষয়ে বিরোধিতা করিত। যাহারা বিশ্বাস করে, তাহারা যে বিষয়ে ভিন্নমত পোষণ করিত, আল্লাহ্ তাহাদেরকে সে বিষয়ে নিজ অনুগ্রহে সত্যপথে পরিচালিত করেন। আল্লাহ্ যাহাকে ইচ্ছা সরল পথে পরিচালিত করেন। | |

| | أَمْ حَسِبْتُمْ أَنْ تَدْخُلُوا الْجَنَّةَ وَلَمَّا يَأْتِكُمْ مَثَلُ الَّذِينَ خَلَوْا مِنْ قَبْلِكُمْ ۖ مَسَّتْهُمُ الْبَأْسَاءُ وَالضَّرَّاءُ وَزُلْزِلُوا حَتَّىٰ يَقُولَ الرَّسُولُ وَالَّذِينَ آمَنُوا مَعَهُ مَتَىٰ نَصْرُ اللَّهِ ۗ أَلَا إِنَّ نَصْرَ اللَّهِ قَرِيبٌ ﴿٢١٤﴾ | **214** |
| *প্রতিবর্ণায়ন* | আম হ াছিব্তুম্ আং তাদ্খুলুল্ জান্নাতা ওয়া লাম্মা– ইয়া’তিকুম্ মাছ ালুল্লায ীনা খালাও মিং ক াব্লিকুম (ط) মাছ্ছাতহুমুল্ বা’ছা~উ ওয়াদ্দ ার্‌রা~উ ওয়াঝুল্‌ঝিলূ হ াত্তা–ইয়াকূ লার্‌ রাছূলু ওয়াল্লায ীনা আ–মানূ মা‘আহূ মাতা– নাসরুল্লা–হি (ط) আলা–ইন্না নাসরাল্লা–হি ক ারীব। | |
| *তরজমা* | তোমরা কি মনে কর যে, তোমরা জান্নাতে প্রবেশ করিবে-যদিও এখনও তোমাদের নিকট তোমাদের পূর্ববর্তীদের অনুরূপ অবস্থা আসে নাই ? অর্থ-সংকট ও দুঃখ-ক্লেশ তাহাদেরকে স্পর্শ করিয়াছিল এবং তাহারা ভীত ও কম্পিত হইয়াছিল। এমনকি রাসূল এবং তাঁহার সঙ্গে ঈমান আনয়নকারিগণ বলিয়া উঠিয়াছিল, ‘আল্লাহ্‌র সাহায্য কখন আসিবে ?’ জানিয়া রাখ, অবশ্যই আল্লাহ্‌র সাহায্য নিকটে। | |
| | يَسْأَلُونَكَ مَاذَا يُنْفِقُونَ ۖ قُلْ مَا أَنْفَقْتُمْ مِنْ خَيْرٍ فَلِلْوَالِدَيْنِ وَالْأَقْرَبِينَ وَالْيَتَامَىٰ وَالْمَسَاكِينِ وَابْنِ السَّبِيلِ ۗ وَمَا تَفْعَلُوا مِنْ خَيْرٍ فَإِنَّ اللَّهَ بِهِ عَلِيمٌ ﴿٢١٥﴾ | **215** |
| *প্রতিবর্ণায়ন* | ইয়াছআলূনাকা মা–য া ইউংফিকূ না (ط) কু ল্ মা ~আংফাক তুম্ মিন খাইরিং ফালিলওয়া–লিদাইনি ওয়াল্ আক রাবীনা ওয়াল্ ইয়াতা–মা–ওয়াল্ মাছা–কীনি ওয়াবনিছ্ছাবীলি (ط) ওয়ামা–তাফ‘আলূ মিন খাইরিং ফাইন্নাল্লা–হা বিহী ‘আলীম। | |
| *তরজমা* | লোকে কি ব্যয় করিবে সে সম্বন্ধে তোমাকে প্রশ্ন করে। বল, ‘যে ধন-সম্পদ তোমরা ব্যয় করিবে তাহা পিতামাতা, আত্মীয়-স্বজন, ইয়াতীম, মিস্‌কীন এবং মুসাফিরদের জন্য। উত্তম কাজের যাহা কিছু তোমরা কর না কেন আল্লাহ্ তো সে সম্বন্ধে সম্যক অবহিত। | |
| | كُتِبَ عَلَيْكُمُ الْقِتَالُ وَهُوَ كُرْهٌ لَكُمْ ۖ وَعَسَىٰ أَنْ تَكْرَهُوا شَيْئًا وَهُوَ خَيْرٌ لَكُمْ ۖ وَعَسَىٰ أَنْ تُحِبُّوا شَيْئًا وَهُوَ شَرٌّ لَكُمْ ۗ وَاللَّهُ يَعْلَمُ وَأَنْتُمْ لَا تَعْلَمُونَ ﴿٢١٦﴾ | **216** |
| *প্রতিবর্ণায়ন* | কুতিবা ‘আলাইকুমুল্ কি তা–লু ওয়া হুওয়া কুরহুল্লাকুম (ج) ওয়া ‘আছা–আং তাক্‌রাহূ শাইআওঁ ওয়া হুওয়া খাইরুল্লাকুম (ج) ওয়া ‘আছা ~আং তুহি ব্বূ শাইআওঁ ওয়া হুওয়া শার্‌রুল্লাকুম (ط) ওয়াল্লা–হু ইয়া‘লামু ওয়া আংতুম লা–তা‘লামূন। | |

| *তরজমা* | তোমাদের জন্য যুদ্ধের বিধান দেওয়া হইল যদিও তোমাদের নিকট ইহা অপ্রিয়। কিন্তু তোমরা যাহা অপসন্দ কর সম্ভবত তাহা তোমাদের জন্য কল্যাণকর এবং যাহা ভালবাস সম্ভবত তাহা তোমাদের জন্য অকল্যাণকর। আল্লাহ্ জানেন আর তোমরা জান না। | |
| | يَسْـَٔلُوْنَكَ عَنِ الشَّهْرِ الْحَرَامِ قِتَالٍ فِيْهِ ؕ قُلْ قِتَالٌ فِيْهِ كَبِيْرٌ ؕ وَصَدٌّ عَنْ سَبِيْلِ اللّٰهِ وَكُفْرٌۢ بِهٖ وَالْمَسْجِدِ<br>الْحَرَامِ ۗ وَاِخْرَاجُ اَهْلِهٖ مِنْهُ اَكْبَرُ عِنْدَ اللّٰهِ ۚ وَالْفِتْنَةُ اَكْبَرُ مِنَ الْقَتْلِ ؕ وَلَا يَزَالُوْنَ يُقَاتِلُوْنَكُمْ<br>حَتّٰى يَرُدُّوْكُمْ عَنْ دِيْنِكُمْ اِنِ اسْتَطَاعُوْا ؕ وَمَنْ يَّرْتَدِدْ مِنْكُمْ عَنْ دِيْنِهٖ فَيَمُتْ وَهُوَ كَافِرٌ فَاُولٰٓـئِكَ<br>حَبِطَتْ اَعْمَالُهُمْ فِى الدُّنْيَا وَالْاٰخِرَةِ ۚ وَاُولٰٓـئِكَ اَصْحٰبُ النَّارِ ۚ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿۲۱۷﴾ | **217** |
| *প্রতিবর্ণায়ন* | ইয়াছআলূনাকা আনিশ্‌শাহরিল হ'রা-মি কি'তা-লিং ফীহি (ط) কু'ল কি'তা-লুং ফীহি কাবীরুওঁ (ط) ওয়াসাদ্দুন্ 'আং ছাবীলিল্লা-হি ওয়া কুফরুম্ বিহী ওয়াল্ মাছজিদিল হ'রা-মি (ق) ওয়া ইখরা-জু আহলিহী মিনহু আকবারু 'ইংদাল্লা-হি (ج) ওয়াল ফিতনাতু আকবারু মিনাল ক'তলি (ط) ওয়া লা- ইঝা-লূনা ইউকা'-তিলূনাকুম হ'ত্তা- ইয়ারুদ্দূকুম্ 'আং দীনিকুম ইনিছ্‌তাতা'-'উ (ط) ওয়া মাইঁ ইয়ারতাদিদ্ মিংকুম 'আং দীনিহী ফাইয়ামুত ওয়া হুওয়া কা-ফিরুং ফউলা~ইকা হা'বিতা'ত্ আ'মা-লুহুম ফিদ্দুনইয়া-ওয়াল্ আ-খিরাতি (ج) ওয়া উলা~ইকা আসহা'-বুন্নারি (ج) হুম ফীহা-খা-লিদুন। | |
| *তরজমা* | পবিত্র মাসে যুদ্ধ করা সম্পর্কে লোকে তোমাকে জিজ্ঞাসা করে; বল, 'উহাতে যুদ্ধ করা ভীষণ অন্যায়।' কিন্তু আল্লাহ্‌র পথে বাধা দান করা, আল্লাহ্‌কে অস্বীকার করা, মসজিদুল হারামে বাধা দেওয়া এবং উহার বাসিন্দাকে উহা হইতে বহিষ্কার করা আল্লাহ্‌র নিকট তদপেক্ষা অধিক অন্যায়; ফিতনা হত্যা অপেক্ষা গুরুতর অন্যায়।' তাহারা সর্বদা তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করিতে থাকিবে যে পর্যন্ত তোমাদেরকে তোমাদের দীন হইতে ফিরাইয়া না দেয়, যদি তাহারা সক্ষম হয়। তোমাদের মধ্যে যে কেহ স্বীয় দীন হইতে ফিরিয়া যায় এবং কাফিররূপে মৃত্যুমুখে পতিত হয়, দুনিয়া ও আখিরাতে তাহাদের কর্ম নিষ্ফল হইয়া যায়। ইহারাই দোজখবাসী, সেখানে তাহারা স্থায়ী হইবে। | |
| | اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَالَّذِيْنَ هَاجَرُوْا وَجٰهَدُوْا فِىْ سَبِيْلِ اللّٰهِ ۙ اُولٰٓـئِكَ يَرْجُوْنَ رَحْمَتَ اللّٰهِ ؕ وَاللّٰهُ غَفُوْرٌ<br>رَّحِيْمٌ ﴿۲۱۸﴾ | **218** |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাল্লায ীনা আ-মানূ ওয়াল্লায ীনা হা-জারূ ওয়া জা-হাদূ ফী ছাবীলিল্লা-হি (ۙ) উলা~ইকা ইয়ারজূনা রাহ মাতাল্লা-হি (ط) ওয়াল্লা-হু গাফূরুর্ রাহ ীম। | |
| *তরজমা* | যাহারা ঈমান আনে এবং যাহারা হিজরত করে এবং জিহাদ করে আল্লাহ্র পথে, তাহারাই আল্লাহ্র অনুগ্রহ প্রত্যাশা করে। আল্লাহ্ ক্ষমাপরায়ণ, পরম দয়ালু। | |
| | يَسْـَٔلُوْنَكَ عَنِ الْخَمْرِ وَالْمَيْسِرِ ؕ قُلْ فِيْهِمَآ اِثْمٌ كَبِيْرٌ وَّمَنَافِعُ لِلنَّاسِ ۡ وَاِثْمُهُمَآ اَكْبَرُ مِنْ نَّفْعِهِمَا ؕ وَ يَسْـَٔلُوْنَكَ مَاذَا يُنْفِقُوْنَ ؕ قُلِ الْعَفْوَ ؕ كَذٰلِكَ يُبَيِّنُ اللّٰهُ لَكُمُ الْاٰيٰتِ لَعَلَّكُمْ تَتَفَكَّرُوْنَ ﴿۲۱۹﴾ | 219 |
| *প্রতিবর্ণায়ন* | ইয়াছআলূনাকা ‘আনিল খামরি ওয়াল্ মাইছিরি (ط) কু ল ফীহিমা~ ইছ মুং কাবীরুওঁ ওয়া মানা-ফি‘উ লিন্না-ছি (ز) ওয়া ইছ মুহুমা~ আকবারু মিন্ নাফ‘ইহিমা- (ط) ওয়া ইয়াছআলূনাকা মা-য া- ইউংফিকূ না (ط) কু লিল্ ‘আফওয়া (ط) কায া-লিকা ইউবাইয়িনুল্লা-হু লাকুমুল্ আ-য়া-তি লা‘আল্লাকুম্ তাতাফাক্কারুন। | |
| *তরজমা* | লোকে তোমাকে মদ ও জুয়া সম্পর্কে জিজ্ঞাসা করে। বল, ‘উভয়ের মধ্যে আছে মহাপাপ এবং মানুষের জন্য উপকারও; কিন্তু উহাদের পাপ উপকার অপেক্ষা অধিক।’ লোকে তোমাকে জিজ্ঞাসা করে, কী তাহারা ব্যয় করিবে ? বল, ‘যাহা উদ্বৃত্ত।’ এইভাবে আল্লাহ্ তাঁহার বিধান তোমাদের জন্য সুস্পষ্টরূপে ব্যক্ত করেন, যাহাতে তোমরা চিন্তা কর- | |
| | فِى الدُّنْيَا وَالْاٰخِرَةِ ؕ وَيَسْـَٔلُوْنَكَ عَنِ الْيَتٰمٰى ؕ قُلْ اِصْلَاحٌ لَّهُمْ خَيْرٌ ؕ وَاِنْ تُخَالِطُوْهُمْ فَاِخْوَانُكُمْ ؕ وَاللّٰهُ يَعْلَمُ الْمُفْسِدَ مِنَ الْمُصْلِحِ ؕ وَلَوْ شَآءَ اللّٰهُ لَاَعْنَتَكُمْ ؕ اِنَّ اللّٰهَ عَزِيْزٌ حَكِيْمٌ ﴿۲۲۰﴾ | 220 |
| *প্রতিবর্ণায়ন* | ফিদ্দুনইয়া- ওয়াল্ আ-খিরাতি (ط) ওয়া ইয়াছআলূনাকা ‘আনিল্ ইয়াতা-মা (ط) কু ল্ ইসলা-হু ল্লাহুম্ খাইরুওঁ (ط) ওয়া ইং তুখা-লিতূ হুম্ ফাইখওয়া-নুকুম্ (ط) ওয়াল্লা-হু ইয়া‘লামুল্ মুফছিদা মিনাল্ মুসলিহি (ط) ওয়ালাও শা~আল্লা-হু লাআ‘নাতাকুম (ط) ইন্নাল্লা-হা ‘আঝীঝুন হ াকীম। | |
| *তরজমা* | দুনিয়া ও আখিরাত সম্বন্ধে। লোকে তোমাকে ইয়াতীমদের সম্পর্কে জিজ্ঞাসা করে; বল, ‘তাহাদের জন্য সুব্যবস্থা করা উত্তম।’ তোমরা যদি তাহাদের সঙ্গে একত্র থাক তবে তাহারা তো তোমাদেরই ভাই। আল্লাহ্ জানেন কে হিতকারী এবং কে অনিষ্টকারী। আল্লাহ্ ইচ্ছা করিলে এ বিষয়ে তোমাদেরকে অবশ্যই কষ্টে ফেলিতে পারিতেন। নিশ্চয়ই আল্লাহ্ প্রবল পরাক্রান্ত, প্রজ্ঞাময়। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | وَلَا تَنكِحُوا۟ ٱلْمُشْرِكَٰتِ حَتَّىٰ يُؤْمِنَّ ۚ وَلَأَمَةٌ مُّؤْمِنَةٌ خَيْرٌ مِّن مُّشْرِكَةٍ وَلَوْ أَعْجَبَتْكُمْ ۗ وَلَا تُنكِحُوا۟ ٱلْمُشْرِكِينَ حَتَّىٰ يُؤْمِنُوا۟ ۚ وَلَعَبْدٌ مُّؤْمِنٌ خَيْرٌ مِّن مُّشْرِكٍ وَلَوْ أَعْجَبَكُمْ ۗ أُو۟لَٰٓئِكَ يَدْعُونَ إِلَى ٱلنَّارِ ۖ وَٱللَّهُ يَدْعُوٓا۟ إِلَى ٱلْجَنَّةِ وَٱلْمَغْفِرَةِ بِإِذْنِهِۦ ۖ وَيُبَيِّنُ ءَايَٰتِهِۦ لِلنَّاسِ لَعَلَّهُمْ يَتَذَكَّرُونَ ﴿٢٢١﴾ | **221** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লা–তাংকিহু ল্ মুশরিকা–তি হ াত্তা–ইউ'মিন্না (ط) ওয়া লাআমাতুম্ মু'মিনাতুন্ খাইরুম্ মিম্ মুশরিকাতিওঁ ওয়ালাও আ'জাবাত্কুম (ج) ওয়ালা–তুংকিহু ল মুশরিকীনা হ াত্তা– ইউমিনূ (ط) ওয়ালা 'আবদুম্ মু'মিনুন্ খাইরুম্ মিম্ মুশরিকিওঁ ওয়া লাও আ'জাবাকুম (ط) উলা~ইকা ইয়াদ'ঊনা ইলান্না–রি (ج) ওয়াল্লা–হু ইয়াদ্'উ~ ইলাল জান্নাতি ওয়াল্ মাগ্ফিরাতি বিইয নিহী (ج) ওয়া ইউবাইয়িনু আ–য়া–তিহী লিন্না–ছি লা'আল্লাহুম ইয়াতায াক্কারুন। | |
| *তরজমা* | ঈমান না আনা পর্যন্ত মুশরিক নারীকে তোমরা বিবাহ করিও না-মুশরিক নারী তোমাদেরকে মুগ্ধ করিলেও, নিশ্চয় মু'মিন ক্রীতদাসী তাহা অপেক্ষা উত্তম। ঈমান না আনা পর্যন্ত মুশরিক পুরুষের সঙ্গে তোমরা বিবাহ দিও না-মুশরিক পুরুষ তোমাদেরকে মুগ্ধ করিলেও, মু'মিন ক্রীতদাস তাহা অপেক্ষা উত্তম। উহারা অগ্নির দিকে আহ্বান করে এবং আল্লাহ্ তোমাদেরকে নিজ অনুগ্রহে জান্নাত ও ক্ষমার দিকে আহ্বান করেন। তিনি মানুষের জন্য স্বীয় বিধান সুস্পষ্টভাবে ব্যক্ত করেন, যাহাতে তাহারা উহা হইতে শিক্ষা গ্রহণ করিতে পারে। | |
| | وَيَسْـَٔلُونَكَ عَنِ ٱلْمَحِيضِ ۖ قُلْ هُوَ أَذًى فَٱعْتَزِلُوا۟ ٱلنِّسَآءَ فِى ٱلْمَحِيضِ ۖ وَلَا تَقْرَبُوهُنَّ حَتَّىٰ يَطْهُرْنَ ۖ فَإِذَا تَطَهَّرْنَ فَأْتُوهُنَّ مِنْ حَيْثُ أَمَرَكُمُ ٱللَّهُ ۚ إِنَّ ٱللَّهَ يُحِبُّ ٱلتَّوَّٰبِينَ وَيُحِبُّ ٱلْمُتَطَهِّرِينَ ﴿٢٢٢﴾ | **222** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয়াছআলূনাকা 'আনিল মাহ ীদি (ط) কু ল হুওয়া আয াং (لا) ফা'তাঝিলুন্নিছা~আ ফিল্ মাহ ীদি (لا) ওয়ালা– তাক রাবূহুন্না হ াত্তা–ইয়াত হুর্না (ج) ফাইয া–তাত াহ্হারনা ফা'তূহুন্না মিন হ াইছু আমারাকুমুল্লা–হু (ط) ইন্নাল্লাহা ইউহি ব্বুত্তাওওয়া–বীনা ওয়াইউহি ব্বুল মুতাত াহহিরীন। | |

| | | |
|---|---|---|
| তরজমা | লোকে তোমাকে রজঃস্রাব সম্বন্ধে জিজ্ঞাসা করে। বল, 'উহা অশুচি।' সুতরাং তোমরা রজঃস্রাবকালে স্ত্রী-সংগম বর্জন করিবে এবং পবিত্র না হওয়া পর্যন্ত স্ত্রী-সংগম করিবে না। অতঃপর তাহারা যখন উত্তমরূপে পরিশুদ্ধ হইবে তখন তাহাদের নিকট ঠিক সেইভাবে গমন করিবে যেভাবে আল্লাহ্ তোমাদেরকে আদেশ দিয়াছেন। নিশ্চয়ই আল্লাহ্ তওবাকারীকে ভালবাসেন এবং যাহারা পবিত্র থাকে তাহাদেরকেও ভালবাসেন। | |
| | نِسَآؤُكُمْ حَرْثٌ لَّكُمْ فَأْتُوا حَرْثَكُمْ أَنّٰى شِئْتُمْ وَقَدِّمُوا لِأَنْفُسِكُمْ وَاتَّقُوا اللّٰهَ وَاعْلَمُوٓا أَنَّكُمْ مُّلٰقُوْهُ ط وَبَشِّرِ الْمُؤْمِنِيْنَ ۝٢٢٣ | 223 |
| প্রতিবর্ণায়ন | নিছা~উকুম হ'ারছু ল্লাকুম (ص) ফা'তূ হ'ারছ'াকুম আন্না-শি'তুম (ز) ওয়া ক'াদ্দিমূ লিআংফুছিকুম (ط) ওয়াত্তাকু'ল্লা-হা ওয়া'লামূ~ আন্নাকুম মুলা-কূ'হু (ط) ওয়া বাশশিরিল মু'মিনীন। | |
| তরজমা | তোমাদের স্ত্রীগণ তোমাদের শস্যক্ষেত্র। অতএব তোমরা তোমাদের শস্যক্ষেত্রে যেভাবে ইচ্ছা গমন করিতে পার। তোমরা তোমাদের ভবিষ্যতের জন্য কিছু করিও এবং আল্লাহ্‌কেও ভয় করিও। আর জানিয়া রাখিও যে, তোমরা আল্লাহ্‌র সম্মুখীন হইতে যাইতেছ এবং মু'মিনগণকে সুসংবাদ দাও। | |
| | وَلَا تَجْعَلُوا اللّٰهَ عُرْضَةً لِّأَيْمَانِكُمْ أَنْ تَبَرُّوْا وَتَتَّقُوْا وَتُصْلِحُوْا بَيْنَ النَّاسِ ط وَاللّٰهُ سَمِيْعٌ عَلِيْمٌ ۝٢٢٤ | 224 |
| প্রতিবর্ণায়ন | ওয়ালা-তাজ'আলুল্লা-হা 'উরদ'াতাল লিআইমা-নিকুম আং তাবার্‌রূ ওয়াতাত্তাকূ' ওয়াতুসলিহু' বাইনান্না-ছি (ط) ওয়াল্লা-হু ছামী'উন্ 'আলীম। | |
| তরজমা | তোমরা সৎকাজ, আত্মসংযম ও মানুষের মধ্যে শান্তি স্থাপন হইতে বিরত রহিবে-এই শপথের জন্য আল্লাহ্‌র নামকে তোমরা অজুহাত করিও না। আল্লাহ্ সর্বশ্রোতা, সর্বজ্ঞ। | |
| | لَا يُؤَاخِذُكُمُ اللّٰهُ بِاللَّغْوِ فِيٓ أَيْمَانِكُمْ وَلٰكِنْ يُّؤَاخِذُكُمْ بِمَا كَسَبَتْ قُلُوْبُكُمْ ط وَاللّٰهُ غَفُوْرٌ حَلِيْمٌ ۝٢٢٥ | 225 |
| প্রতিবর্ণায়ন | লা-ইউআ-খিযু'কুমুল্লা-হু বিল্লাগবি' ফী আইমা-নিকুম ওয়ালা-কিই ইউআ-খিযু'কুম বিমা-কাছাবাত্ কু'লূবুকুম্ (ط) ওয়াল্লা-হু গাফরুন হ'ালীম। | |
| তরজমা | তোমাদের অর্থহীন শপথের জন্য আল্লাহ্ তোমাদেরকে দায়ী করিবেন না। কিন্তু তিনি তোমাদের অন্তরের সংকল্পের জন্য দায়ী করিবেন। আল্লাহ্ ক্ষমাপরায়ণ, ধৈর্যশীল। | |
| | لِلَّذِيْنَ يُؤْلُوْنَ مِنْ نِّسَآئِهِمْ تَرَبُّصُ أَرْبَعَةِ أَشْهُرٍ ۚ فَإِنْ فَآءُوْ فَإِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ۝٢٢٦ | 226 |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | লিল্লায ীনা ইউ'লূনা মিন্নিছা~ইহিম্ তারাব্বুসু আর্‌বা'আতি আশহুরিং (ج) ফাইং ফা~উ ফাইন্নাল্লা-হা গাফূরুর্ রাহ ীম। | |
| *তরজমা* | যাহারা স্ত্রীর সঙ্গে সংগত না হওয়ার শপথ করে তাহারা চারমাস অপেক্ষা করিবে। অতঃপর যদি তাহারা প্রত্যাগত হয় তবে নিশ্চয়ই আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু। | |
| | وَاِنْ عَزَمُوا الطَّلَاقَ فَاِنَّ اللّٰهَ سَمِيْعٌ عَلِيْمٌ ﴿٢٢٧﴾ | **227** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইন্ 'আঝামুত্ত ালা-ক া ফাইন্নাল্লা-হা ছামী'উন 'আলীম। | |
| *তরজমা* | আর যদি তাহারা তালাক দেওয়ার সংকল্প করে তবে আল্লাহ্ তো সর্বশ্রোতা, সর্বজ্ঞ। | |
| | وَالْمُطَلَّقٰتُ يَتَرَبَّصْنَ بِاَنْفُسِهِنَّ ثَلٰثَةَ قُرُوْٓءٍ ؕ وَلَا يَحِلُّ لَهُنَّ اَنْ يَّكْتُمْنَ مَا خَلَقَ اللّٰهُ فِيْٓ اَرْحَامِهِنَّ اِنْ كُنَّ يُؤْمِنَّ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ ؕ وَبُعُوْلَتُهُنَّ اَحَقُّ بِرَدِّهِنَّ فِيْ ذٰلِكَ اِنْ اَرَادُوْٓا اِصْلَاحًا ؕ وَلَهُنَّ مِثْلُ الَّذِيْ عَلَيْهِنَّ بِالْمَعْرُوْفِ ۠ وَلِلرِّجَالِ عَلَيْهِنَّ دَرَجَةٌ ؕ وَاللّٰهُ عَزِيْزٌ حَكِيْمٌ ﴿٢٢٨﴾ | **228** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াল্ মুত াল্লাক া-তু ইয়াতারাব্বাস্‌না বিআংফুছিহিন্না ছ ালা-ছ াতা কুরূ~ইওঁ (ط) ওয়ালা-ইয়াহি ল্লু লাহুন্না আইয়াক্‌তুম্‌না মা-খালাক াল্লা-হু ফী আরহ া-মিহিন্না ইং কুন্না ইউ'মিন্না বিল্লা-হি ওয়াল্ ইয়াওমিল্ আ-খিরি (ط) ওয়া বু'উলাতুহুন্না আহ াক্কু বিরাদ্দিহিন্না ফী য া-লিকা ইন্ আরা-দূ~ ইসলা-হ াওঁ (ط) ওয়া লাহুন্না মিছ লুল্লায ী 'আলাইহিন্না বিলমা'রূফি (ص) ওয়া লির্‌রিজা-লি 'আলাইহিন্না দারাজাতুওঁ (ط) ওয়াল্লা-হু 'আঝীঝুন হ াকীম। | |
| *তরজমা* | তালাকপ্রাপ্তা স্ত্রী তিন রজঃস্রাব কাল প্রতীক্ষায় থাকিবে। তাহারা আল্লাহ্ এবং আখিরাতে বিশ্বাসী হইলে তাহাদের গর্ভাশয়ে আল্লাহ্ যাহা সৃষ্টি করিয়াছেন তাহা গোপন রাখা তাহাদের পক্ষে বৈধ নহে। যদি তাহারা আপোস-নিষ্পত্তি করিতে চায় তবে উহাতে তাহাদের পুনঃ গ্রহণে তাহাদের স্বামিগণ অধিক হকদার। নারীদের তেমনি ন্যায়সংগত অধিকার আছে, যেমন আছে তাহাদের উপর পুরুষদের ; কিন্তু নারীদের উপর পুরুষদের মর্যাদা আছে। আল্লাহ্ মহাপরাক্রমশালী, প্রজ্ঞাময়। | |
| | اَلطَّلَاقُ مَرَّتٰنِ ۠ فَاِمْسَاكٌۢ بِمَعْرُوْفٍ اَوْ تَسْرِيْحٌۢ بِاِحْسَانٍ ؕ وَلَا يَحِلُّ لَكُمْ اَنْ تَاْخُذُوْا مِمَّآ اٰتَيْتُمُوْهُنَّ شَيْـًٔا اِلَّآ اَنْ يَّخَافَآ اَلَّا يُقِيْمَا حُدُوْدَ اللّٰهِ ؕ فَاِنْ خِفْتُمْ اَلَّا يُقِيْمَا حُدُوْدَ اللّٰهِ ۙ فَلَا جُنَاحَ عَلَيْهِمَا فِيْمَا افْتَدَتْ بِهٖ ؕ تِلْكَ حُدُوْدُ اللّٰهِ فَلَا تَعْتَدُوْهَا ۚ وَمَنْ يَّتَعَدَّ حُدُوْدَ اللّٰهِ فَاُولٰٓئِكَ هُمُ الظّٰلِمُوْنَ ﴿٢٢٩﴾ | **229** |

| *প্রতিবর্ণায়ন* | আত্ত ালা-কু ̇ মার্‌রাতা-নি (ص) ফাইমছা-কুম বিমা‘রূফিন আও তাছরীহু ̇ম্ বিইহ ̇ছা-নিওঁ (ط) ওয়ালা- ইয়াহি ̇ল্লুলাকুম আং তা’খুযূ ̇ মিম্মা˜ আ-তাইতুমূহুন্না শাইআন্ ইল্লা˜আইঁ ইয়াখা-ফা˜ আল্লা-ইউক ̇ীমা- হু ̇দূদাল্লা-হি (ط) ফাইং খিফতুম আল্লা-ইউক ̇ীমা- হু ̇দাল্লা-হি (لا) ফালা- জুনা-হ ̇া ‘আলাইহিমা- ফীমাফ্‌তাদাত্‌বিহী (ط) তিল্‌কা হু ̇দূদুল্লা-হি ফালা-তা‘তাদূহা- (ج) ওয়ামাইঁইয়াতা‘আদ্দা হু ̇দূদাল্লা-হি ফাউলা~ইকা হুমুজ্জ ̇া-লিমূন। | |
| *তরজমা* | তালাক দুইবার। অতঃপর স্ত্রীকে হয় বিধিমত রাখিয়া দিবে অথবা সদয়ভাবে মুক্ত করিয়া দিবে। তোমরা তোমাদের স্ত্রীদেরকে যাহা প্রদান করিয়াছ তন্মধ্য হইতে কোন কিছু গ্রহণ করা তোমাদের পক্ষে বৈধ নহে। অবশ্য যদি তাহাদের উভয়ের আশংকা হয় যে, তাহারা আল্লাহ্‌র সীমারেখা রক্ষা করিয়া চলিতে পারিবে না এবং তোমরা যদি আশংকা কর যে, তাহারা আল্লাহ্‌র সীমারেখা রক্ষা করিয়া চলিতে পারিবে না, তবে স্ত্রী কোন কিছুর বিনিময়ে নিষ্কৃতি পাইতে চাহিলে তাহাতে তাহাদের কাহারও কোন অপরাধ নাই। এইসব আল্লাহ্‌র সীমারেখা। তোমরা উহা লংঘন করিও না। যাহারা এইসব সীমারেখা লংঘন করে তাহারাই জালিম। | |
| | فَاِنْ طَلَّقَهَا فَلَا تَحِلُّ لَهٗ مِنْۢ بَعْدُ حَتّٰى تَنْكِحَ زَوْجًا غَيْرَهٗ ؕ فَاِنْ طَلَّقَهَا فَلَا جُنَاحَ عَلَيْهِمَاۤ اَنْ يَّتَرَاجَعَاۤ اِنْ ظَنَّاۤ اَنْ يُّقِيْمَا حُدُوْدَ اللّٰهِ ؕ وَتِلْكَ حُدُوْدُ اللّٰهِ يُبَيِّنُهَا لِقَوْمٍ يَّعْلَمُوْنَ ﴿۲۳۰﴾ | 230 |
| *প্রতিবর্ণায়ন* | ফাইং ত ̇াল্লাক ̇াহা-ফালা-তাহি ̇ল্লু লাহূ মিম্ বা‘দু হ ̇াত্তা- তাংকিহ ̇া ঝাওজান গাইরাহূ (ط) ফাইং ত ̇াল্লাক ̇াহা- ফালা-জুনা-হ ̇া ‘আলাইহিমা-আই ইয়াতারা-জা‘আ˜ইং জ ̇ান্না-আইঁ ইউক ̇ীমা- হু ̇দূদাল্লা-হি (ط) ওয়া তিল্‌কা হু ̇দূদুল্লা-হি ইউবাইয়িনুহা-লিক ̇াওমিইঁ ইয়া‘লামূন। | |
| *তরজমা* | অতঃপর যদি সে তাহাকে তালাক দেয় তবে সে তাহার জন্য বৈধ হইবে না, যে পর্যন্ত সে অন্য স্বামীর সঙ্গে সংগত না হইবে। অতঃপর সে যদি তাহাকে তালাক দেয় আর তাহারা উভয়ে মনে করে যে, তাহারা আল্লাহ্‌র সীমারেখা রক্ষা করিতে সমর্থ হইবে, তবে তাহাদের পুনর্মিলনে কাহারও কোন অপরাধ হইবে না। এইগুলি আল্লাহ্‌র বিধান, জ্ঞানী সম্প্রদায়ের জন্য আল্লাহ্ ইহা স্পষ্টভাবে বর্ণনা করেন। | |
| | اٰمَنَ الرَّسُوْلُ بِمَاۤ اُنْزِلَ اِلَيْهِ مِنْ رَّبِّهٖ وَالْمُؤْمِنُوْنَ ؕ كُلٌّ اٰمَنَ بِاللّٰهِ وَمَلٰٓئِكَتِهٖ وَكُتُبِهٖ وَرُسُلِهٖ ۗ لَا نُفَرِّقُ بَيْنَ اَحَدٍ مِّنْ رُّسُلِهٖ ۗ وَقَالُوْا سَمِعْنَا وَاَطَعْنَا ۗ غُفْرَانَكَ رَبَّنَا وَاِلَيْكَ الْمَصِيْرُ ﴿٢٨٥﴾ | **285** |
| *প্রতিবর্ণায়ন* | আ–মানার্রাছূলু বিমা˜উংঝিলা ইলাইহি মির রাব্বিহী ওয়াল মু’মিনূনা (ط) কুল্লুন আ–মানা বিল্লা–হি ওয়া মালা~ইকাতিহী ওয়া কুতুবিহী ওয়া রুছুলিহী (قف) লা–নুফাররিকু্ বাইনা আহা্দিম্ মির্ রুছুলিহী (قف) ওয়া কা্–লূ ছামি‘না ওয়াআতা‘না (ق) গুফরা–নাকা রাব্বানা–ওয়া ইলাইকাল মাসীর। | |

| --- | --- | --- |
| *তরজমা* | রাসূল, তাহার প্রতি তাহার প্রতিপালকের পক্ষ হইতে যাহা অবতীর্ণ হইয়াছে তাহাতে ঈমান আনিয়াছে এবং মু'মিনগণও। তাহাদের সকলে আল্লাহে, তাঁহার ফিরিশতাগণে, তাঁহার কিতাবসমূহে এবং তাঁহার রাসূলগণে ঈমান আনিয়াছে। তাহারা বলে, 'আমরা তাঁহার রাসূলগণের মধ্যে কোন তারতম্য করি না', আর তাহারা বলে, 'আমরা শুনিয়াছি এবং পালন করিয়াছি। হে আমাদের প্রতিপালক! আমরা তোমার ক্ষমা চাই আর প্রত্যাবর্তন তোমারই নিকট।' | |
| | لَا يُكَلِّفُ اللّٰهُ نَفْسًا اِلَّا وُسْعَهَا ؕ لَهَا مَا كَسَبَتْ وَعَلَيْهَا مَا اكْتَسَبَتْ ؕ رَبَّنَا لَا تُؤَاخِذْنَاۤ اِنْ نَّسِيْنَاۤ اَوْ اَخْطَاْنَا ۚ رَبَّنَا وَلَا تَحْمِلْ عَلَيْنَاۤ اِصْرًا كَمَا حَمَلْتَهٗ عَلَى الَّذِيْنَ مِنْ قَبْلِنَا ۚ رَبَّنَا وَلَا تُحَمِّلْنَا مَا لَا طَاقَةَ لَنَا بِهٖ ۚ وَاعْفُ عَنَّا ٙ وَاغْفِرْ لَنَا ٙ وَارْحَمْنَا ٙ اَنْتَ مَوْلٰىنَا فَانْصُرْنَا عَلَى الْقَوْمِ الْكٰفِرِيْنَ ﴿٢٨٦﴾ | **286** |
| *প্রতিবর্ণায়ন* | লা-ইউকাল্লিফুল্লা-হু নাফছান ইল্লা- উছ'আহা- (ط) লাহা-মা কাছাবাত ওয়া 'আলাইহা-মাক্তাছাবাত (ط) রাব্বানা- লা-তুআ-খিয'না˜ ইন্ নাছীনা-আও আখত'া'না- (ج) রাব্বানা-ওয়ালা-তাহ'মিল 'আলাইনা-ইসরাং কামা-হ'ামালতাহূ আলাল্লায'ীনা মিং ক'াবলিনা- (ج) রাব্বানা-ওয়ালা তুহ'াম্মিল্না-মা-লা-ত'া-ক'াতা লানা-বিহী (ج) ওয়া'ফু 'আন্না- (وقفة) ওয়াগফিরলানা-(وقفة) ওয়ারহ'ামনা- (وقفة) আংতা মাওলা-না- ফাংসুরনা- 'আলাল ক'াওমিল কা-ফিরীন। | |
| *তরজমা* | আল্লাহ্ কাহারও উপর এমন কোন কষ্টদায়ক দায়িত্ব অর্পণ করেন না যাহা তাহার সাধ্যাতীত। সে ভাল যাহা উপার্জন করে তাহার প্রতিফল তাহারই এবং সে মন্দ যাহা উপার্জন করে তাহার প্রতিফল তাহারই। 'হে আমাদের প্রতিপালক! যদি আমরা বিস্মৃত হই অথবা ভুল করি তবে তুমি আমাদেরকে পাকড়াও করিও না। হে আমাদের প্রতিপালক ! আমাদের পূর্ববর্তিগণের উপর যেমন গুরুদায়িত্ব অর্পণ করিয়াছিলে আমাদের উপর তেমন দায়িত্ব অর্পণ করিও না। হে আমাদের প্রতিপালক ! এমন ভার আমাদের উপর অর্পণ করিও না যাহা বহন করার শক্তি আমাদের নাই। আমাদের পাপ মোচন কর, আমাদেরকে ক্ষমা কর, আমাদের প্রতি দয়া কর, তুমিই আমাদের অভিভাবক। সুতরাং কাফির সম্প্রদায়ের বিরুদ্ধে আমাদেরকে সাহায্য কর।' | |

## 3- 'Ali `Imran - আলে-ইমরান - آل عمران

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| | الٓمّٓ ۚ ﴿١﴾ | 1 |
| *প্রতিবর্ণায়ন* | আলিফ লা~ম মী~ম। | |
| *তরজমা* | আলিফ-লাম-মীম, | |
| | اللّٰهُ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ۙ الْحَیُّ الْقَیُّوْمُ ؕ ﴿٢﴾ | 2 |
| *প্রতিবর্ণায়ন* | আল্লা-হু লা~ ইলাহা ইল্লা- হুওয়াল হ ়াইয়ুল ক ়াইয়ূম। | |
| *তরজমা* | আল্লাহ্ ব্যতীত অন্য কোন ইলাহ্ নাই, তিনি চিরঞ্জীব, সর্বসত্তার ধারক। | |
| | نَزَّلَ عَلَیْكَ الْكِتٰبَ بِالْحَقِّ مُصَدِّقًا لِّمَا بَیْنَ یَدَیْهِ وَاَنْزَلَ التَّوْرٰىةَ وَالْاِنْجِیْلَ ۙ ﴿٣﴾ | 3 |
| *প্রতিবর্ণায়ন* | নাঝঝালা ‘আলাইকাল কিতা-বা বিলহ ়াক্কি ় মুসাদ্দিক ়াল্লিমা-বাইনা ইয়াদাইহি ওয়াআংঝালাত্ তাওরা-তা ওয়াল ইংজীল। | |
| *তরজমা* | তিনি সত্যসহ তোমার প্রতি কিতাব অবতীর্ণ করিয়াছেন, যাহা উহার পূর্বের কিতাবের সমর্থক। আর তিনি অবতীর্ণ করিয়াছিলেন তাওরাত ও ইনজীল- | |
| | مِنْ قَبْلُ هُدًى لِّلنَّاسِ وَاَنْزَلَ الْفُرْقَانَ ؕ اِنَّ الَّذِیْنَ كَفَرُوْا بِاٰیٰتِ اللّٰهِ لَهُمْ عَذَابٌ شَدِیْدٌ ؕ وَاللّٰهُ عَزِیْزٌ ذُو انْتِقَامٍ ﴿٤﴾ | 4 |
| *প্রতিবর্ণায়ন* | মিং ক ়াবলু হুদাল লিন্না-ছি ওয়া আংঝালাল্ ফুরক ়ানা (ط) ইন্নাল্লায ়ীনা কাফারূ বিআ-য়া-তিল্লা-হি লাহুম ‘আয ়া-বুং শাদীদুওঁ (ط) ওয়াল্লা-হু ‘আঝীঝুং যু ়ংতিক ়া-ম। | |
| *তরজমা* | ইতিপূর্বে মানবজাতির সৎপথ প্রদর্শনের জন্য; আর তিনি ফুরকান অবতীর্ণ করিয়াছেন। যাহারা আল্লাহ্র নিদর্শনকে প্রত্যাখ্যান করে তাহাদের জন্য কঠোর শাস্তি আছে। আল্লাহ্ মহাপরাক্রমশালী, দণ্ডদাতা। | |
| | اِنَّ اللّٰهَ لَا یَخْفٰى عَلَیْهِ شَیْءٌ فِی الْاَرْضِ وَلَا فِی السَّمَآءِ ؕ ﴿٥﴾ | 5 |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাল্লা-হা লা-ইয়াখফা- ‘আলাইহি শাইউং ফিল আরদি ় ওয়ালা-ফিছ্ ছামা~ই। | |
| *তরজমা* | আল্লাহ্, নিশ্চয়ই আসমান ও যমীনে কিছুই তাঁহার নিকট গোপন থাকে না। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | هُوَ الَّذِىْ يُصَوِّرُكُمْ فِى الْاَرْحَامِ كَيْفَ يَشَآءُ ؕ لَاۤ اِلٰهَ اِلَّا هُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ۝٦ | 6 |
| *প্রতিবর্ণায়ন* | হুওয়াল্লাযী ইউসাওবিরুকুম ফিল আরহা-মি কাইফা ইয়াশা~উ (ط) লা~ইলা-হা ইল্লা-হুওয়াল ‘আঝীঝুল হাকীম। | |
| *তরজমা* | তিনিই মাতৃগর্ভে যেভাবে ইচ্ছা তোমাদের আকৃতি গঠন করেন। তিনি ব্যতীত অন্য কোন ইলাহ্ নাই; তিনি প্রবল পরাক্রমশালী, প্রজ্ঞাময়। | |
| | هُوَ الَّذِىْۤ اَنْزَلَ عَلَيْكَ الْكِتٰبَ مِنْهُ اٰيٰتٌ مُّحْكَمٰتٌ هُنَّ اُمُّ الْكِتٰبِ وَاُخَرُ مُتَشٰبِهٰتٌ ؕ فَاَمَّا الَّذِيْنَ فِىْ قُلُوْبِهِمْ زَيْغٌ فَيَتَّبِعُوْنَ مَا تَشَابَهَ مِنْهُ ابْتِغَآءَ الْفِتْنَةِ وَابْتِغَآءَ تَاْوِيْلِهٖ ۚ وَمَا يَعْلَمُ تَاْوِيْلَهٗۤ اِلَّا اللّٰهُ ۘ وَالرّٰسِخُوْنَ فِى الْعِلْمِ يَقُوْلُوْنَ اٰمَنَّا بِهٖ ۙ كُلٌّ مِّنْ عِنْدِ رَبِّنَا ۚ وَمَا يَذَّكَّرُ اِلَّاۤ اُولُوا الْاَلْبَابِ ۝٧ | 7 |
| *প্রতিবর্ণায়ন* | হুওয়াল্লাযী আংঝালা ‘আলাইকাল কিতা-বা মিনহু আ-য়া-তুম মুহকামা-তুন হুন্না উম্মুল কিতা-বি ওয়া উখারু মুতাশা-বিহা-তুন (ط) ফাআম্মাল্লাযীনা ফী কুলূবিহিম ঝাইগুং ফাইয়াত্তাবি‘উন মা-তাশা-বাহা মিনহুব্‌তিগা~আল ফিতনাতি ওয়াবতিগা~আ তা’বিলিহী (ج) ওয়া মা-ইয়া‘লামু তা’বিলাহু~ ইল্লাল্লা-হ (م)। ওয়ার্ রা-ছিখূনা ফিল ‘ইলমি ইয়াকূলূনা আ-মান্না-বিহী (ﻻ) কুললুম্ মিন ‘ইংদি রাব্বিনা- (ج) ওয়ামা- ইয়াযযাক্‌কারু ইল্লা~ উলুল আল্‌বা-ব। | |
| *তরজমা* | তিনিই তোমার প্রতি এই কিতাব অবতীর্ণ করিয়াছেন যাহার কিছু আয়াত ‘মুহ্‌কাম’, এইগুলি কিতাবের মূল ; আর অন্যগুলি ‘মুতাশাবিহ্’, যাহাদের অন্তরে সত্য-লংঘন প্রবণতা রহিয়াছে শুধু তাহারাই ফিতনা এবং ভুল ব্যাখ্যার উদ্দেশ্যে মুতাশাবিহাতের অনুসরণ করে। আল্লাহ্ ব্যতীত অন্য কেহ ইহার ব্যাখ্যা জানে না। আর যাহারা জ্ঞানে সুগভীর তাহারা বলে, ‘আমরা ইহা বিশ্বাস করি, সমস্তই আমাদের প্রতিপালকের নিকট হইতে আগত’; এবং বোধশক্তিসম্পন্নেরা ব্যতীত অপর কেহ শিক্ষা গ্রহণ করে না। | |
| | رَبَّنَا لَا تُزِغْ قُلُوْبَنَا بَعْدَ اِذْ هَدَيْتَنَا وَهَبْ لَنَا مِنْ لَّدُنْكَ رَحْمَةً ۚ اِنَّكَ اَنْتَ الْوَهَّابُ ۝٨ | 8 |
| *প্রতিবর্ণায়ন* | রাব্বানা-লা-তুঝিগ কুলূবানা-বা‘দা ইয্ হাদাইতানা- ওয়াহাবলানা- মিল্লা দুংকা রাহমাতান (ج) ইন্নাকা আংতাল ওয়াহহা-ব। | |
| *তরজমা* | ‘হে আমাদের প্রতিপালক! সরল পথ প্রদর্শনের পর তুমি আমাদের অন্তরকে সত্য লংঘনপ্রবণ করিও না এবং তোমার নিকট হইতে আমাদেরকে করুণা দান কর, নিশ্চয়ই তুমি মহাদাতা। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | رَبَّنَآ اِنَّكَ جَامِعُ النَّاسِ لِيَوْمٍ لَّا رَيْبَ فِيْهِ ؕ اِنَّ اللّٰهَ لَا يُخْلِفُ الْمِيْعَادَ ۟ | **9** |
| *প্রতিবর্ণায়ন* | রাব্বানা˜ ইন্নাকা জা–মি‘উন্না–ছি লিইয়াওমিল্লা–রাইবা ফীহি (ط) ইন্নাল্লা–হা লা–ইউখলিফুল মী‘আদ। | |
| *তরজমা* | ‘হে আমাদের প্রতিপালক! তুমি মানব জাতিকে একদিন একত্রে সমবেত করিবে, ইহাতে কোন সন্দেহ নাই; নিশ্চয়ই আল্লাহ্ প্রতিশ্রুতির ব্যতিক্রম করেন না।’ | |
| | اِنَّ الَّذِيْنَ كَفَرُوْا لَنْ تُغْنِيَ عَنْهُمْ اَمْوَالُهُمْ وَلَاۤ اَوْلَادُهُمْ مِّنَ اللّٰهِ شَيْـًٔا ؕ وَاُولٰٓئِكَ هُمْ وَقُوْدُ النَّارِ ۟ | **10** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাল্লায ীনা কাফারু লাং তুগনিয়া ‘আনহুম আমওয়া–লুহুম ওয়ালা˜ আওলা–দুহুম মিনাল্লা–হি শাইআওঁ (ط) ওয়া উলা~ইকাহুম ওয়াকূ দুন্না–র। | |
| *তরজমা* | নিশ্চয়ই যাহারা কুফরী করে আল্লাহ্‌র নিকট তাহাদের ধনৈশ্বর্য ও সন্তান-সন্ততি অবশ্যই কোন কাজে লাগিবে না এবং ইহারাই দোজখের ইন্ধন। | |
| | كَدَاْبِ اٰلِ فِرْعَوْنَ ۙ وَالَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ ؕ كَذَّبُوْا بِاٰيٰتِنَا ۚ فَاَخَذَهُمُ اللّٰهُ بِذُنُوْبِهِمْ ؕ وَاللّٰهُ شَدِيْدُ الْعِقَابِ ۟ | **11** |
| *প্রতিবর্ণায়ন* | কাদা’বি আ–লি ফির‘আওনা (ৰ) ওয়াল্লায ীনা মিং ক াবলিহিম (ط) কায্ য াবূ বিআ–য়া তিনা– (ج) ফাআখায াহুমুল্লা–হু বিযু নূবিহিম (ط) ওয়াল্লা–হু শাদীদুল ‘ইক া–ব। | |
| *তরজমা* | তাহাদের অভ্যাস ফির‘আওনী সম্প্রদায় ও তাহাদের পূর্ববর্তিগণের অভ্যাসের ন্যায়; উহারা আমার আয়াতসমূহ অস্বীকার করিয়াছিল; ফলে আল্লাহ্ তাহাদের পাপের জন্য তাহাদেরকে শাস্তিদান করিয়াছিলেন। আল্লাহ্ শাস্তিদানে অত্যন্ত কঠোর। | |
| | قُلْ لِّلَّذِيْنَ كَفَرُوْا سَتُغْلَبُوْنَ وَتُحْشَرُوْنَ اِلٰى جَهَنَّمَ ؕ وَبِئْسَ الْمِهَادُ ۟ | **12** |
| *প্রতিবর্ণায়ন* | কু ল লিল্লায ীনা কাফারু ছাতুগলাবূনা ওয়াতুহ শারূনা ইলা– জাহান্নামা (ط) ওয়াবি’ছাল মিহা–দ। | |
| *তরজমা* | যাহারা কুফরী করে তাহাদেরকে বল, ‘তোমরা শীঘ্রই পরাভূত হইবে এবং তোমাদেরকে একত্রিত করিয়া জাহান্নামের দিকে লইয়া যাওয়া হইবে। আর উহা কত নিকৃষ্ট আবাসস্থল !’ | |
| | قَدْ كَانَ لَكُمْ اٰيَةٌ فِيْ فِئَتَيْنِ الْتَقَتَا ؕ فِئَةٌ تُقَاتِلُ فِيْ سَبِيْلِ اللّٰهِ وَاُخْرٰى كَافِرَةٌ يَّرَوْنَهُمْ مِّثْلَيْهِمْ رَاْيَ الْعَيْنِ ؕ وَاللّٰهُ يُؤَيِّدُ بِنَصْرِهٖ مَنْ يَّشَآءُ ؕ اِنَّ فِيْ ذٰلِكَ لَعِبْرَةً لِّاُولِي الْاَبْصَارِ ۟ | **13** |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ক`াদ কা–না লাকুম আ–য়াতুং ফী ফিআতাইনিল তাক`াতা– (ط) ফিআতুং তুক`া–তিলু ফী ছাবীলিল্লা–হি ওয়া উখরা– কা–ফিরাতুইঁ ইয়ারাওনাহুম মিছ্`লাইহিম রা'ইয়াল 'আইনি (ط) ওয়াল্লা–হু ইউআইয়্যিদু বিনাসরিহী মাইঁ ইয়াশা~উ (ط) ইন্না ফী য`া–লিকা লা'ইবরাতাল্ লিউলিল আবসা–র। | |
| *তরজমা* | দুইটি দলের পরস্পর সম্মুখীন হওয়ার মধ্যে তোমাদের জন্য অবশ্যই নিদর্শন রহিয়াছে। একদল আল্লাহ্‌র পথে যুদ্ধ করিতেছিল, অন্যদল কাফির ছিল ; উহারা তাহাদেরকে চোখের দেখায় দ্বিগু ণ দেখিতেছিল। আল্লাহ যাহাকে ইচ্ছা নিজ সাহায্য দ্বারা শক্তিশালী করেন। নিশ্চয় ইহাতে অন্তর্দৃষ্টিসম্পন্ন লোকের জন্য শিক্ষা রহিয়াছে। | |
| | زُيِّنَ لِلنَّاسِ حُبُّ الشَّهَوٰتِ مِنَ النِّسَآءِ وَالْبَنِيْنَ وَالْقَنَاطِيْرِ الْمُقَنْطَرَةِ مِنَ الذَّهَبِ وَالْفِضَّةِ وَالْخَيْلِ الْمُسَوَّمَةِ وَالْاَنْعَامِ وَالْحَرْثِ ؕ ذٰلِكَ مَتَاعُ الْحَيٰوةِ الدُّنْيَا ۚ وَاللّٰهُ عِنْدَهٗ حُسْنُ الْمَاٰبِ ﴿١٤﴾ | **14** |
| *প্রতিবর্ণায়ন* | ঝুইয়িনা লিন্না–ছি হু`ব্বুশ্ শাহাওয়া–তি মিনান্ নিছা~ই ওয়াল বানীনা ওয়াল ক`ানা–ত`ীরিল মুক`াংত`ারাতি মিনায্ য`াহাবি ওয়াল্ ফিদ্দ`াতি ওয়াল খাইলিল মুছাওওয়ামাতি ওয়াল আন'আ–মি ওয়াল হ`ারছি` (ط) য`া–লিকা মাতা–'উল হ`ায়া–তিদ্দুনইয়া– (ج) ওয়াল্লা–হু 'ইংদাহু হু`ছনুল মাআ–ব। | |
| *তরজমা* | নারী, সন্তান, রাশিকৃত স্বর্ণরৌপ্য আর চিহ্নিত অশ্বরাজি, গবাদিপশু এবং ক্ষেত-খামারের প্রতি আকর্ষণ মানুষের জন্য সুশোভিত করা হইয়াছে। এইসব ইহজীবনের ভোগ্য বস্তু। আর আল্লাহ্, তাঁহারই নিকট রহিয়াছে উত্তম আশ্রয়স্থল। | |
| | قُلْ اَؤُنَبِّئُكُمْ بِخَيْرٍ مِّنْ ذٰلِكُمْ ؕ لِلَّذِيْنَ اتَّقَوْا عِنْدَ رَبِّهِمْ جَنّٰتٌ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَا وَ اَزْوَاجٌ مُّطَهَّرَةٌ وَّرِضْوَانٌ مِّنَ اللّٰهِ ؕ وَاللّٰهُ بَصِيْرٌۢ بِالْعِبَادِ ﴿١٥﴾ | **15** |
| *প্রতিবর্ণায়ন* | কু`ল আউনাব্বিউকুম বিখাইরিম্ মিং য`া–লিকুম (ط) লিল্লায`ীনাত্তাক`াও 'ইংদা রাব্বিহিম জান্না–তুং তাজরী মিং তাহ`তিহাল আনহা–রু খা–লিদীনা ফীহা– ওয়াআঝ্ওয়াজুম্ মুত`াহ্হারাতুওঁ ওয়ারিদ`ওয়া–নুম্ মিনাল্লা–হি (ط) ওয়াল্লা–হু বাসীরুম বিল'ইবা–দ। | |
| *তরজমা* | বল, 'আমি কি তোমাদেরকে এই সব বস্তু হইতে উৎকৃষ্টতর কোন কিছুর সংবাদ দিব? যাহারা তাক্ওয়া অবলম্বন করিয়া চলে তাহাদের জন্য তাহাদের প্রতিপালকের নিকট জান্নাতসমূহ রহিয়াছে, যাহার পাদদেশে নদী প্রবাহিত। আর সেখানে তাহারা স্থায়ী হইবে, তাহাদের জন্য পবিত্র সঙ্গিনীগণ এবং আল্লাহ্‌র নিকট হইতে সন্তুষ্টি রহিয়াছে। আল্লাহ্ বান্দাদের সম্পর্কে সম্যক দ্রষ্টা। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | اَلَّذِيۡنَ يَقُوۡلُوۡنَ رَبَّنَاۤ اِنَّنَاۤ اٰمَنَّا فَاغۡفِرۡ لَنَا ذُنُوۡبَنَا وَقِنَا عَذَابَ النَّارِ ۚ﴿۱۶﴾ | **16** |
| *প্রতিবর্ণায়ন* | আল্লাযীনা ইয়াকূলূনা রাব্বানা~ ইন্নানা~ আ-মান্না-ফাগ্‌ফিরলানা-যু নূবানা-ওয়াকি না-‘আয া-বান্না-র। | |
| *তরজমা* | যাহারা বলে, ‘হে আমাদের প্রতিপালক! আমরা ঈমান আনিয়াছি ; সুতরাং তুমি আমাদের পাপ ক্ষমা কর এবং আমাদেরকে আগুনের আযাব হইতে রক্ষা কর ; | |
| | اَلصّٰبِرِيۡنَ وَالصّٰدِقِيۡنَ وَالۡقٰنِتِيۡنَ وَالۡمُنۡفِقِيۡنَ وَالۡمُسۡتَغۡفِرِيۡنَ بِالۡاَسۡحَارِ ﴿۱۷﴾ | **17** |
| *প্রতিবর্ণায়ন* | আস্‌সা-বিরীনা ওয়াস্‌সা-দিক ীনা ওয়াল ক া-নিতীনা ওয়াল মুংফিক ীনা ওয়াল মুছতাগফিরীনা বিলআছহ া-র। | |
| তরজমা | তাহারা ধৈর্যশীল, সত্যবাদী, অনুগত, ব্যয়কারী এবং শেষ রাত্রে ক্ষমাপ্রার্থী। | |
| | شَهِدَ اللّٰهُ اَنَّهٗ لَاۤ اِلٰهَ اِلَّا هُوَ ۙ وَالۡمَلٰۤـئِكَةُ وَاُولُوا الۡعِلۡمِ قَآئِمًا ۢ بِالۡقِسۡطِ ؕ لَاۤ اِلٰهَ اِلَّا هُوَ الۡعَزِيۡزُ الۡحَكِيۡمُ ؕ﴿۱۸﴾ | **18** |
| *প্রতিবর্ণায়ন* | শাহিদাল্লা-হু আন্নাহু লা~ ইলা-হা ইল্লা- হুওয়া (ۙ) ওয়াল মালা~ইকাতু ওয়া উলুল্‌ ‘ইল্‌মি ক া~ইমাম্‌ বিলকি ছতি (ط) লা~ ইল্লা-হা ইল্লা-হুওয়াল আঝীঝুল হ াকীম। | |
| *তরজমা* | আল্লাহ্‌ সাক্ষ্য দেন যে, নিশ্চয়ই তিনি ব্যতীত অন্য কোন ইলাহ্‌ নাই, ফিরিশতাগণ এবং জ্ঞানীগণও ; আল্লাহ্‌ ন্যায়নীতিতে প্রতিষ্ঠিত, তিনি ব্যতীত অন্য কোন ইলাহ নাই; তিনি পরাক্রমশালী, প্রজ্ঞাময়। | |
| | اِنَّ الدِّيۡنَ عِنۡدَ اللّٰهِ الۡاِسۡلَامُ ۗ وَمَا اخۡتَلَفَ الَّذِيۡنَ اُوۡتُوا الۡكِتٰبَ اِلَّا مِنۡۢ بَعۡدِ مَا جَآءَهُمُ الۡعِلۡمُ بَغۡيًاۢ بَيۡنَهُمۡ ؕ وَمَنۡ يَّكۡفُرۡ بِاٰيٰتِ اللّٰهِ فَاِنَّ اللّٰهَ سَرِيۡعُ الۡحِسَابِ ﴿۱۹﴾ | **19** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাদ্দীনা ‘ইংদাল্লা-হিল ইছলা-মু (قف) ওয়ামাখ্‌তালাফাল্লায ীনা উতুল কিতা-বা ইল্লা-মিম বা‘দি মা-জা~আহুমুল ‘ইল্‌মু বাগইয়াম্‌ বাইনাহুম (ط) ওয়ামাইঁ ইয়াক্‌ফুর বিআ-য়া-তিল্লা-হি ফাইন্নাল্লা-হা ছারী‘উল হি ছা-ব। | |
| *তরজমা* | নিঃসন্দেহে ইসলামই আল্লাহ্‌র নিকট একমাত্র দীন। যাহাদেরকে কিতাব দেওয়া হইয়াছিল তাহারা পরস্পর বিদ্বেষবশত তাহাদের নিকট জ্ঞান আসিবার পর মতানৈক্য ঘটাইয়াছিল। আর কেহ আল্লাহ্‌র নিদর্শনকে অস্বীকার করিলে আল্লাহ্‌ তো হিসাব গ্রহণে অত্যন্ত তৎপর। | |
| | فَاِنۡ حَآجُّوۡكَ فَقُلۡ اَسۡلَمۡتُ وَجۡهِىَ لِلّٰهِ وَمَنِ اتَّبَعَنِ ؕ وَقُلۡ لِّلَّذِيۡنَ اُوۡتُوا الۡكِتٰبَ وَالۡاُمِّيّٖنَ ءَاَسۡلَمۡتُمۡ ؕ فَاِنۡ اَسۡلَمُوۡا فَقَدِ اهۡتَدَوْا ۚ وَاِنۡ تَوَلَّوۡا فَاِنَّمَا عَلَيۡكَ الۡبَلٰغُ ؕ وَاللّٰهُ بَصِيۡرٌۢ بِالۡعِبَادِ ﴿۲۰﴾ | **20** |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ফাইন হ া~জ্জূকা ফাকু ল আছলামতু ওয়াজহিইয়া লিল্লা-হি ওয়ামানিত তাবা'আনি (ط) ওয়াকু ল্ লিল্লায ীনা উতুল কিতা-বা ওয়াল উম্মিইয়ীনা আআছলামতুম (ط) ফাইন আছলামূ ফাক াদিহতাদাওঁ (ج) ওয়া ইং তাওয়াল্লাও ফাইন্নামা-'আলাইকাল্ বালা-গু (ط) ওয়াল্লা-হু বাসীরুম বিল'ইবা-দ। | |
| *তরজমা* | যদি তাহারা তোমার সঙ্গে বিতর্কে লিপ্ত হয় তবে তুমি বল, 'আমি আল্লাহ্র নিকট আত্মসমর্পণ করিয়াছি এবং আমার অনুসারিগণও।' আর যাহাদেরকে কিতাব দেওয়া হইয়াছে তাহাদেরকে ও নিরক্ষরদেরকে বল, 'তোমরাও কি আত্মসমর্পণ করিয়াছ ?' যদি তাহারা আত্মসমর্পণ করে তবে নিশ্চয়ই তাহারা হিদায়াত পাইবে। আর যদি তাহারা মুখ ফিরাইয়া নেয় তবে তোমার কর্তব্য শুধু প্রচার করা। আল্লাহ্ বান্দাদের সম্পর্কে সম্যক দ্রষ্টা। | |
| | إِنَّ الَّذِينَ يَكْفُرُونَ بِآيَاتِ اللَّهِ وَيَقْتُلُونَ النَّبِيِّينَ بِغَيْرِ حَقٍّ وَيَقْتُلُونَ الَّذِينَ يَأْمُرُونَ بِالْقِسْطِ مِنَ النَّاسِ فَبَشِّرْهُمْ بِعَذَابٍ أَلِيمٍ ﴿٢١﴾ | **21** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাল্লায ীনা ইয়াক্ফুরূনা বিআ-য়া-তিল্লা-হি ওয়াইয়াক তুলূনান্নাবিইয়ীনা বিগাইরি হ াক্কি ওঁ (ۙ) ওয়া ইয়াক তুলূনাল্লায ীনা ইয়া'মুরুনা বিলকি ছতি মিনান্না-ছি (ۙ) ফাবাশশিরহুম বি'আয া-বিন আলীম। | |
| *তরজমা* | যাহারা আল্লাহ্র আয়াত অস্বীকার করে, অন্যায়রূপে নবীদের হত্যা করে এবং মানুষের মধ্যে যাহারা ন্যায়পরায়ণতার নির্দেশ দেয় তাহাদেরকে হত্যা করে, তুমি তাহাদেরকে মর্মন্তুদ শাস্তির সংবাদ দাও। | |
| | أُولَٰئِكَ الَّذِينَ حَبِطَتْ أَعْمَالُهُمْ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ وَمَا لَهُمْ مِنْ نَاصِرِينَ ﴿٢٢﴾ | **22** |
| *প্রতিবর্ণায়ন* | উলা~ইকাল্লায ীনা হ াবিত াত্ আ'মা-লুহুম ফিদ্দুনইয়া-ওয়াল্ আ-খিরাতি (ز) ওয়ামা-লাহুম মিন্না-সিরীন। | |
| *তরজমা* | এইসব লোক, ইহাদের কার্যাবলী দুনিয়া ও আখিরাতে নিষ্ফল হইবে এবং তাহাদের কোন সাহায্যকারী নাই। | |
| | أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ أُوتُوا نَصِيبًا مِنَ الْكِتَابِ يُدْعَوْنَ إِلَىٰ كِتَابِ اللَّهِ لِيَحْكُمَ بَيْنَهُمْ ثُمَّ يَتَوَلَّىٰ فَرِيقٌ مِنْهُمْ وَهُمْ مُعْرِضُونَ ﴿٢٣﴾ | **23** |
| *প্রতিবর্ণায়ন* | আলাম তারা ইলাল্লায ীনা উতূ নাসীবাম্ মিনাল কিতা-বি ইউদ'আওনা ইলা-কিতা-বিল্লা-হি লিইয়াহ কুমা বাইনাহুম ছু ম্মা ইয়াতাওয়াল্লা- ফারীকু ম মিনহুম ওয়া হুম্ মু'রিদূ ন। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
| --- | --- | --- |
| *তরজমা* | তুমি কি তাহাদেরকে দেখ নাই যাহাদেরকে কিতাবের অংশ প্রদান করা হইয়াছিল ? তাহাদেরকে আল্লাহ্‌র কিতাবের দিকে আহ্বান করা হইয়াছিল যাহাতে উহা তাহাদের মধ্যে মীমাংসা করিয়া দেয়; অতঃপর তাহাদের একদল ফিরিয়া দাঁড়ায়, আর তাহারাই পরাঙ্মুখ; | |
| | ذٰلِكَ بِاَنَّهُمْ قَالُوْا لَنْ تَمَسَّنَا النَّارُ اِلَّاۤ اَيَّامًا مَّعْدُوْدٰتٍ ۪ وَغَرَّهُمْ فِيْ دِيْنِهِمْ مَّا كَانُوْا يَفْتَرُوْنَ ﴿۲۴﴾ | **24** |
| *প্রতিবর্ণায়ন* | য়া–লিকা বিআন্নাহুম ক়া–লূ লাং তামাছ্ছানান্না–রু ইল্লা–আইয়া–মাম্ মা‘দূদা–তিওঁ (ص) ওয়াগার্‌রাহুম ফী দীনিহিম মা–কা–নূ ইয়াফতারুন। | |
| *তরজমা* | এইহেতু যে, তাহারা বলিয়া থাকে, ‘দিন কতক ব্যতীত আমাদেরকে অগ্নি কখনই স্পর্শ করিবে না। তাহাদের নিজেদের দীন সম্বন্ধে তাহাদের মিথ্যা উদ্ভাবন তাহাদেরকে প্রবঞ্চিত করিয়াছে। | |
| | فَكَيْفَ اِذَا جَمَعْنٰهُمْ لِيَوْمٍ لَّا رَيْبَ فِيْهِ ۟ وَوُفِّيَتْ كُلُّ نَفْسٍ مَّا كَسَبَتْ وَهُمْ لَا يُظْلَمُوْنَ ﴿۲۵﴾ | **25** |
| *প্রতিবর্ণায়ন* | ফাকাইফা ইয়া– জামা‘না–হুম লিইয়াওমিল্ লা–রাইবা ফীহি (قف) ওয়া উফ্‌ফিয়াত কুল্লু নাফছিম্ মা– কাছাবাত ওয়াহুম লা–ইউজ়লামূন। | |
| *তরজমা* | কিন্তু সেইদিন, যাহাতে কোন সন্দেহ নাই, তাহাদের কি অবস্থা হইবে ? যে দিন আমি তাহাদেরকে একত্র করিব এবং প্রত্যেককে তাহার অর্জিত কর্মের প্রতিদান পূর্ণভাবে দেওয়া হইবে, আর তাহাদের প্রতি কোন অন্যায় করা হইবে না। | |
| | قُلِ اللّٰهُمَّ مٰلِكَ الْمُلْكِ تُؤْتِي الْمُلْكَ مَنْ تَشَآءُ وَتَنْزِعُ الْمُلْكَ مِمَّنْ تَشَآءُ ۫ وَتُعِزُّ مَنْ تَشَآءُ وَتُذِلُّ مَنْ تَشَآءُ ؕ بِيَدِكَ الْخَيْرُ ؕ اِنَّكَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ﴿۲۶﴾ | **26** |
| *প্রতিবর্ণায়ন* | কু়লিল্লা–হুম্মা মা–লিকাল মুলকি তু’তিল মুলকা মাং তাশা~উ (ز) ওয়া তাংঝি‘উল মুলকা মিম্মাং তাশা~উ (ط) ওয়াতু‘ইঝ্ঝু মাং তাশা~উ ওয়া তুযি়ল্লু মাং তাশা~উ (ط) বিইয়াদিকাল্ খাইরু; ইন্নাকা ‘আলা–কুল্লি শাইয়িং ক়াদীর। | |
| *তরজমা* | বল, ‘হে সার্বভৌম শক্তির মালিক আল্লাহ! তুমি যাহাকে ইচ্ছা ক্ষমতা প্রদান কর এবং যাহার নিকট হইতে ইচ্ছা ক্ষমতা কাড়িয়া লও; যাহাকে ইচ্ছা তুমি ইজ্জত দান কর, আর যাহাকে ইচ্ছা তুমি হীন কর। কল্যাণ তোমার হাতেই। নিশ্চয়ই তুমি সকল বিষয়ে সর্বশক্তিমান। | |
| | تُوْلِجُ الَّيْلَ فِي النَّهَارِ وَتُوْلِجُ النَّهَارَ فِي الَّيْلِ ۫ وَتُخْرِجُ الْحَيَّ مِنَ الْمَيِّتِ وَتُخْرِجُ الْمَيِّتَ مِنَ الْحَيِّ ۫ وَتَرْزُقُ مَنْ تَشَآءُ بِغَيْرِ حِسَابٍ ﴿۲۷﴾ | **27** |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | তূলিজুল্ লাল্লাইলা ফিন্নাহা-রি ওয়াতূলিজুন্নাহা-রা ফিল্লাইলি (ز) ওয়াতুখরিজুল্ হ়াইইয়া মিনাল মাইয়িতি ওয়াতুখ্‌রিজুল মাইয়িতা মিনাল হ়াইয়ি (ز) ওয়াতারঝুকু মাং তাশা~উ বিগাইরি হি়ছা-ব। | |
| *তরজমা* | ‘তুমি রাত্রিকে দিবসে পরিণত এবং দিবসকে রাত্রিতে পরিণত কর : তুমিই মৃত হইতে জীবন্তের আবির্ভাব ঘটাও, আবার জীবন্ত হইতে মৃতের আবির্ভাব ঘটাও। তুমি যাহাকে ইচ্ছা অপরিমিত জীবনোপকরণ দান কর।’ | |
| | لَا يَتَّخِذِ الْمُؤْمِنُوْنَ الْكٰفِرِيْنَ اَوْلِيَآءَ مِنْ دُوْنِ الْمُؤْمِنِيْنَ ۚ وَمَنْ يَّفْعَلْ ذٰلِكَ فَلَيْسَ مِنَ اللّٰهِ فِيْ شَيْءٍ اِلَّآ اَنْ تَتَّقُوْا مِنْهُمْ تُقٰىةً ۗ وَيُحَذِّرُكُمُ اللّٰهُ نَفْسَهٗ ۗ وَاِلَى اللّٰهِ الْمَصِيْرُ ﴿٢٨﴾ | 28 |
| *প্রতিবর্ণায়ন* | লা-ইয়াত্তাখিযি়ল মু’মিনূনাল কা-ফিরীনা আওলিয়া~আ মিং দূনিল মু’মিমীনা (ج) ওয়া মাইঁ ইয়াফ্‘আল য়া-লিকা ফালাইছা মিনাল্লা-হি ফী শাইইন ইল্লা~আং তাত্তাকূ মিনহুম তুক়া-তাওঁ (ط) ওয়া ইউহ়ায্‌যি়রুকুমুল্লা-হু নাফছাহূ (ط) ওয়া ইলাল্লা-হিল্ মাসীর। | |
| *তরজমা* | মু’মিনগণ যেন মু’মিনগণ ব্যতীত কাফিরদের বন্ধুরূপে গ্রহণ না করে। যে কেহ এইরূপ করিবে তাহার সঙ্গে আল্লাহ্‌র কোন সম্পর্ক থাকিবে না; তবে ব্যতিক্রম, যদি তোমরা তাহাদের নিকট হইতে আত্মরক্ষার জন্য সতর্কতা অবলম্বন কর। আর আল্লাহ্ তাঁহার নিজের সম্বন্ধে তোমাদেরকে সাবধান করিতেছেন এবং আল্লাহ্‌র দিকেই প্রত্যাবর্তন। | |
| | قُلْ اِنْ تُخْفُوْا مَا فِيْ صُدُوْرِكُمْ اَوْ تُبْدُوْهُ يَعْلَمْهُ اللّٰهُ ۗ وَيَعْلَمُ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ۗ وَاللّٰهُ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ﴿٢٩﴾ | 29 |
| *প্রতিবর্ণায়ন* | কু়ল ইং তুখ্‌ফু মা-ফী সুদূরিকুম আও তুবদূহু ইয়া‘লামহুল্লা-হু (ط) ওয়া ইয়া‘লামু মা-ফিছ্‌ছামা-ওয়া-তি ওয়ামা- ফিল আরদি় (ط) ওয়াল্লা-হু ‘আলা-কুল্লি শাইইং ক়াদীর। | |
| *তরজমা* | বল, ‘তোমাদের অন্তরে যাহা আছে তাহা যদি তোমরা গোপন অথবা ব্যক্ত কর আল্লাহ্ উহা অবগত আছেন এবং আসমান ও যমীনে যাহা কিছু আছে তাহাও অবগত আছেন। আল্লাহ্ সর্ববিষয়ে সর্বশক্তিমান’। | |
| | يَوْمَ تَجِدُ كُلُّ نَفْسٍ مَّا عَمِلَتْ مِنْ خَيْرٍ مُّحْضَرًا ۚ وَّمَا عَمِلَتْ مِنْ سُوْٓءٍ ۚ تَوَدُّ لَوْ اَنَّ بَيْنَهَا وَبَيْنَهٗٓ اَمَدًا ۢ بَعِيْدًا ۗ وَيُحَذِّرُكُمُ اللّٰهُ نَفْسَهٗ ۗ وَاللّٰهُ رَءُوْفٌ ۢ بِالْعِبَادِ ﴿٣٠﴾ | 30 |

| *প্রতিবর্ণায়ন* | ইয়াওমা তাজিদু কুল্লু নাফছিম্ মা–‘আমিলাত মিন খাইরিম মুহ্‌দ্বারাও (مع) ওয়ামা–‘আমিলাত মিং ছূ~ইং (مع) তাওয়াদ্দু লাও আন্না বাইনাহা– ওয়াবাইনাহূ˜ আমাদাম্ বা‘ঈদান (ط) ওয়া ইউহ্‌াযযিরুকুমুল্লা–হু নাফছাহু (ط) ওয়াল্লা–হু রাউফুম বিল‘ইবা–দ। | |
| *তরজমা* | যেদিন প্রত্যেকে সে যে ভাল কাজ করিয়াছে এবং সে যে মন্দ কাজ করিয়াছে তাহা বিদ্যমান পাইবে, সেদিন সে তাহার ও উহার মধ্যে দূর ব্যবধান কামনা করিবে। আল্লাহ্ তাঁহার নিজের সম্বন্ধে তোমাদেরকে সাবধান করিতেছেন। আল্লাহ্ বান্দাদের প্রতি অত্যন্ত দয়ার্দ্র। | |
| | قُلْ إِنْ كُنْتُمْ تُحِبُّوْنَ اللّٰهَ فَاتَّبِعُوْنِيْ يُحْبِبْكُمُ اللّٰهُ وَيَغْفِرْ لَكُمْ ذُنُوْبَكُمْ ۗ وَاللّٰهُ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٣١﴾ | **31** |
| *প্রতিবর্ণায়ন* | কু্ল ইং কুংতুম তুহি্ব্বূনাল্লা–হা ফাত্তাবি‘উনী ইউহ্‌বিব্‌কুমুল্লা–হু ওয়াইয়াগফির লাকুম যু্নূবাকুম (ط) ওয়াল্লা–হু গাফুরূর্ রাহ্‌ীম। | |
| *তরজমা* | বল, ‘তোমরা যদি আল্লাহ্‌কে ভালবাস তবে আমাকে অনুসরণ কর, আল্লাহ্ তোমাদেরকে ভালবাসিবেন এবং তোমাদের অপরাধ ক্ষমা করিবেন। আল্লাহ্ অত্যন্ত ক্ষমাশীল, পরম দয়ালু।’ | |
| | قُلْ أَطِيْعُوا اللّٰهَ وَالرَّسُوْلَ ۚ فَإِنْ تَوَلَّوْا فَإِنَّ اللّٰهَ لَا يُحِبُّ الْكٰفِرِيْنَ ﴿٣٢﴾ | **32** |
| *প্রতিবর্ণায়ন* | কু্ল আত্‌ী‘উল্লা–হা ওয়ার্ রাছূলা (ج) ফাইং তাওয়াল্লাও ফাইন্নাল্লা–হা লা–ইউহি্ব্বুল কা–ফিরীন। | |
| *তরজমা* | বল, ‘আল্লাহ্ ও রাসূলের অনুগত হও।’ যদি তাহারা মুখ ফিরাইয়া নেয় তবে জানিয়া রাখ, আল্লাহ্ তো কাফিরদেরকে পসন্দ করেন না। | |
| | إِنَّ اللّٰهَ اصْطَفٰىٓ اٰدَمَ وَنُوْحًا وَّاٰلَ إِبْرٰهِيْمَ وَاٰلَ عِمْرٰنَ عَلَى الْعٰلَمِيْنَ ﴿٣٣﴾ | **33** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাল্লা–হাসত্‌াফা˜ আ–দামা ওয়ানূহ্‌াওঁ ওয়াআ–লা ইবরা–হীমা ওয়াআ–লা ‘ইমরা–না ‘আলাল ‘আ–লামীন। | |
| *তরজমা* | নিশ্চয়ই আল্লাহ্ আদমকে, নূহকে ও ইব্‌রাহীমের বংশধর এবং ‘ইমরানের বংশধরকে বিশ্বজগতে মনোনীত করিয়াছেন। | |
| | ذُرِّيَّةً ۢ بَعْضُهَا مِنْ ۢ بَعْضٍ ۗ وَاللّٰهُ سَمِيْعٌ عَلِيْمٌ ﴿٣٤﴾ | **34** |
| *প্রতিবর্ণায়ন* | যু্র্‌রিইইয়াতাম্ বা‘দু্হা–মিম্ বা‘দিন (ط) ওয়াল্লা–হু ছামী‘উন ‘আলীম। | |
| *তরজমা* | ইহারা একে অপরের বংশধর। আল্লাহ সর্বশ্রোতা, সর্বজ্ঞ। | |
| | إِذْ قَالَتِ امْرَاَتُ عِمْرٰنَ رَبِّ إِنِّيْ نَذَرْتُ لَكَ مَا فِيْ بَطْنِيْ مُحَرَّرًا فَتَقَبَّلْ مِنِّيْ ۚ إِنَّكَ أَنْتَ السَّمِيْعُ الْعَلِيْمُ ﴿٣٥﴾ | **35** |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ইয্‌ ক্বা-লাতিম্‌ রাআতু ‘ইমরা-না রাব্বি ইন্নী নায্‌ারতু লাকা মা-ফী বাত্বনী মুহ্‌াররারাং ফাতাক্বাব্বাল মিন্নী (ج) ইন্নাকা আংতাছ ছামী‘উল ‘আলীম। | |
| *তরজমা* | স্মরণ কর, যখন ইমরানের স্ত্রী বলিয়াছিল, হে আমার প্রতিপালক ! আমার গর্ভে যাহা আছে তাহা একান্ত তোমার জন্য আমি উৎসর্গ করিলাম। সুতরাং তুমি আমার নিকট হইতে উহা কবূল কর, নিশ্চয়ই তুমি সর্বশ্রোতা, সর্বজ্ঞ। | |
| | فَلَمَّا وَضَعَتۡهَا قَالَتۡ رَبِّ إِنِّي وَضَعۡتُهَآ أُنثَىٰ ۖ وَٱللَّهُ أَعۡلَمُ بِمَا وَضَعَتۡ ۖ وَلَيۡسَ ٱلذَّكَرُ كَٱلۡأُنثَىٰ ۖ وَإِنِّي سَمَّيۡتُهَا مَرۡيَمَ وَإِنِّيٓ أُعِيذُهَا بِكَ وَذُرِّيَّتَهَا مِنَ ٱلشَّيۡطَٰنِ ٱلرَّجِيمِ ٣٦ | 36 |
| *প্রতিবর্ণায়ন* | ফালাম্মা- ওয়াদ্বা‘আত্‌হা-ক্বালাত রাব্বি ইন্নী ওয়াদ্বা‘তুহা~ উংছা- (ط) ওয়াল্লা-হু আ‘লামু বিমা-ওয়াদ্বা‘আত (ط) ওয়ালাইছায্‌যাকারু কালউংছা- (ج) ওয়া ইন্নী ছাম্মাইতুহা-মারইয়ামা ওয়া ইন্নী উ‘ঈযু্‌হা-বিকা ওয়া যু্‌র্‌রিইইয়াতাহা-মিনাশশাইত্বানির রাজীম। | |
| *তরজমা* | অতঃপর যখন সে উহাকে প্রসব করিল তখন সে বলিল, ‘হে আমার প্রতিপালক ! আমি কন্যা প্রসব করিয়াছি।’ সে যাহা প্রসব করিয়াছে আল্লাহ্‌ তাহা সম্যক অবগত। ‘আর ছেলে তো এই মেয়ের মত নয়, আমি উহার নাম ‘মার্‌ইয়াম’ রাখিয়াছি এবং অভিশপ্ত শয়তান হইতে তাহার ও তাহার বংশধরদের জন্য তোমার শরণ লইতেছি।’ | |
| | فَتَقَبَّلَهَا رَبُّهَا بِقَبُولٍ حَسَنٍ وَّأَنۢبَتَهَا نَبَاتًا حَسَنًا ۙ وَّكَفَّلَهَا زَكَرِيَّا ۖ كُلَّمَا دَخَلَ عَلَيۡهَا زَكَرِيَّا ٱلۡمِحۡرَابَ ۙ وَجَدَ عِندَهَا رِزۡقًا ۖ قَالَ يَٰمَرۡيَمُ أَنَّىٰ لَكِ هَٰذَا ۖ قَالَتۡ هُوَ مِنۡ عِندِ ٱللَّهِ ۖ إِنَّ ٱللَّهَ يَرۡزُقُ مَن يَشَآءُ بِغَيۡرِ حِسَابٍ ٣٧ | 37 |
| *প্রতিবর্ণায়ন* | ফাতাক্বাব্বালাহা- রাব্বুহা- বিক্বাবূলিন হ্‌াছানিওঁ ওয়া আম্বাতাহা- নাবাতান হ্‌াছানাওঁ (ﻻ) ওয়াকাফ্‌ফালাহা- ঝাকারিইইয়া- (ج) কুল্লামা- দাখালা ‘আলাইহা- ঝাকারিইইয়াল্‌ মিহ্‌রা-বা (ﻻ) ওয়াজাদা ‘ইংদাহা- রিঝ্‌ক্বাং (ج) ক্বা-লা ইয়া-মারইয়ামু আন্না-লাকি হা-যা- (ط) ক্বা-লাত হুওয়া মিন ‘ইংদিল্লা-হি (ط) ইন্নাল্লা-হা ইয়ারঝুকু মাইঁ ইয়াশা~উ বিগাইরি হি্‌ছা-ব। | |
| *তরজমা* | অতঃপর তাহার প্রতিপালক তাহাকে ভালভাবে কবূল করিলেন এবং তাহাকে উত্তমরূপে লালন-পালন করিলেন এবং তিনি তাহাকে যাকারিয়ার তত্ত্বাবধানে রাখিয়াছিলেন। যখনই যাকারিয়া কক্ষে তাহার সঙ্গে সাক্ষাৎ করিতে যাইত তখনই তাহার নিকট খাদ্য-সামগ্রী দেখিতে পাইত। সে বলিত, ‘হে মার্‌ইয়াম! এই সব তুমি কোথায় পাইলে ?’ সে বলিত, ‘উহা আল্লাহ্‌র নিকট হইতে।’ নিশ্চয়ই আল্লাহ্‌ যাহাকে ইচ্ছা অপরিমিত রিযিক দান করেন। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | هُنَالِكَ دَعَا زَكَرِيَّا رَبَّهٗ ۚ قَالَ رَبِّ هَبْ لِيْ مِنْ لَّدُنْكَ ذُرِّيَّةً طَيِّبَةً ۚ اِنَّكَ سَمِيْعُ الدُّعَآءِ ﴿٣٨﴾ | 38 |
| *প্রতিবর্ণায়ন* | হুনা–লিকা দা‘আ–  ঝাকারিইইয়া– রাব্বাহূ  (ج) ক˙া–লা রাব্বি হাবলী মিল্লাদুংকা যু˙ররিইইয়াতাং ত˙াইয়িবাতান (ج) ইন্নাকা ছামী‘উদ্দু‘আ~ই। | |
| *তরজমা* | সেখানেই যাকারিয়া তাহার প্রতিপালকের নিকট প্রার্থনা করিয়া বলিল, ‘হে আমার প্রতিপালক! আমাকে তুমি তোমার নিকট হইতে সৎ বংশধর দান কর। নিশ্চয়ই তুমি প্রার্থনা শ্রবণকারী।’ | |
| | فَنَادَتْهُ الْمَلٰٓئِكَةُ وَهُوَ قَآئِمٌ يُّصَلِّيْ فِي الْمِحْرَابِ ۙ اَنَّ اللّٰهَ يُبَشِّرُكَ بِيَحْيٰى مُصَدِّقًا بِكَلِمَةٍ مِّنَ اللّٰهِ وَسَيِّدًا وَّحَصُوْرًا وَّنَبِيًّا مِّنَ الصّٰلِحِيْنَ ﴿٣٩﴾ | 39 |
| *প্রতিবর্ণায়ন* | ফানা–দাতহুল মালা~ইকাতু ওয়া হুওয়া ক˙া~ইমুইঁ ইউসাল্লী ফিল্ মিহ˙রা–বি (ز) আন্নাল্লা–হা ইউবাশ্শিরুকা বিইয়াহ˙ইয়া– মুসাদ্দিক˙াম্ বিকালিমাতিম্ মিনাল্লা–হি ওয়া ছাইয়িদাওঁ ওয়াহ˙াসূরাওঁ ওয়ানাবিইয়াম্ মিনাস্সা–লিহ˙ীন। | |
| *তরজমা* | যখন যাকারিয়া কক্ষে সালাতে দাঁড়াইয়াছিলেন তখন ফিরিশতাগণ তাহাকে সম্বোধন করিয়া বলিল, ‘আল্লাহ তোমাকে ইয়াহ্ইয়ার সুসংবাদ দিতেছেন, সে হইবে আল্লাহ্‌র বাণীর সমর্থক, নেতা, স্ত্রী বিরাগী এবং পুণ্যবানদের মধ্যে একজন নবী।’ | |
| | قَالَ رَبِّ اَنّٰى يَكُوْنُ لِيْ غُلٰمٌ وَّقَدْ بَلَغَنِيَ الْكِبَرُ وَامْرَاَتِيْ عَاقِرٌ ؕ قَالَ كَذٰلِكَ اللّٰهُ يَفْعَلُ مَا يَشَآءُ ﴿٤٠﴾ | 40 |
| *প্রতিবর্ণায়ন* | ক˙ালা রাব্বি আন্না–ইয়াকূনু লী গুলা–মুওঁ ওয়াক˙াদ বালাগানিইয়াল্ কিবারু ওয়ামরাআতী ‘আ–কি˙রুং (ط) ক˙া–লা কায˙া–লিকাল্লা–হু ইয়াফ‘আলু মা–ইয়াশা~উ। | |
| *তরজমা* | সে বলিল, ‘হে আমার প্রতিপালক ! আমার পুত্র হইবে কিরূপে ? আমার তো বার্ধক্য আসিয়াছে এবং আমার স্ত্রী বন্ধ্যা।’ তিনি বলিলেন ‘এইভাবেই।’ আল্লাহ্ যাহা ইচ্ছা তাহা করেন। | |
| | قَالَ رَبِّ اجْعَلْ لِّيْۤ اٰيَةً ؕ قَالَ اٰيَتُكَ اَلَّا تُكَلِّمَ النَّاسَ ثَلٰثَةَ اَيَّامٍ اِلَّا رَمْزًا ؕ وَاذْكُرْ رَّبَّكَ كَثِيْرًا وَّسَبِّحْ بِالْعَشِيِّ وَالْاِبْكَارِ ﴿٤١﴾ | 41 |
| *প্রতিবর্ণায়ন* | ক˙া–লা রাব্বিজ ‘আল্লী˜আ–য়াতাং (ط) ক˙া–লা আ–য়াতুকা আল্লা–তুকাল্লিমান্না–ছা ছ˙ালা–ছ˙াতা আইয়া–মিন্ ইল্লা–রামঝাওঁ (ط) ওয়ায্˙কুর্ রাব্বাকা কাছ˙ীরাওঁ ছাব্বিহ˙ বিল‘আশিইয়ি ওয়াল ইব্কা–র। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | সে বলিল, 'হে আমার প্রতিপালক! আমাকে একটি নিদর্শন দাও।' তিনি বলিলেন, 'তোমার নিদর্শন এই যে, তিন দিন তুমি ইংগিত ব্যতীত কথা বলিতে পারিবে না, আর তোমার প্রতিপালককে অধিক স্মরণ করিবে এবং সন্ধ্যায় ও প্রভাতে তাঁহার পবিত্রতা ও মহিমা ঘোষণা করিবে।' | |
| | وَإِذْ قَالَتِ ٱلْمَلَٰٓئِكَةُ يَٰمَرْيَمُ إِنَّ ٱللَّهَ ٱصْطَفَىٰكِ وَطَهَّرَكِ وَٱصْطَفَىٰكِ عَلَىٰ نِسَآءِ ٱلْعَٰلَمِينَ ﴿٤٢﴾ | **42** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয ক'া–লাতিল্ মালা~ইকাতু ইয়া–মারইয়ামু ইন্নাল্লা–হাসত'াফা–কি ওয়া ত'াহ্‌হারাকি ওয়াসত'াফা–কি 'আলা–নিছা~ইল 'আ–লামীন। | |
| তরজমা | স্মরণ কর, যখন ফিরিশ্‌তাগণ বলিয়াছিল, 'হে মার্‌ইয়াম! আল্লাহ্ তোমাকে মনোনীত ও পবিত্র করিয়াছেন এবং বিশ্বের নারীগণের মধ্যে তোমাকে মনোনীত করিয়াছেন।' | |
| | يَٰمَرْيَمُ ٱقْنُتِى لِرَبِّكِ وَٱسْجُدِى وَٱرْكَعِى مَعَ ٱلرَّٰكِعِينَ ﴿٤٣﴾ | **43** |
| *প্রতিবর্ণায়ন* | ইয়া–মারইয়ামুক'নুতী লিরাব্বিকি ওয়াছজুদী ওয়ারকা'ঈ মা'আর্‌রা–কি'ঈন। | |
| তরজমা | 'হে মার্‌ইয়াম! তোমার প্রতিপালকের অনুগত হও ও সিজ্‌দা কর এবং যাহারা রুকূ' করে তাহাদের সঙ্গে রুকূ' কর।' | |
| | ذَٰلِكَ مِنْ أَنۢبَآءِ ٱلْغَيْبِ نُوحِيهِ إِلَيْكَ ۚ وَمَا كُنتَ لَدَيْهِمْ إِذْ يُلْقُونَ أَقْلَٰمَهُمْ أَيُّهُمْ يَكْفُلُ مَرْيَمَ ۖ وَمَا كُنتَ لَدَيْهِمْ إِذْ يَخْتَصِمُونَ ﴿٤٤﴾ | **44** |
| *প্রতিবর্ণায়ন* | য'া–লিকা মিন আম্‌বা~ইল গাইবি নূহ ীহি ইলাইকা (ط) ওয়ামা– কুংতা লাদাইহিম ইয' ইউলকূ 'না আক'লা–মাহুম আইয়ুহুম ইয়াক্‌ফুলু মারইয়ামা (ص) ওয়ামা– কুংতা লাদাইহিম ইয' ইয়াখ্‌তাসিমূন। | |
| তরজমা | ইহা অদৃশ্য বিষয়ের সংবাদ-যাহা তোমাকে ওহী দ্বারা অবহিত করিতেছি। মার্‌ইয়ামের তত্ত্বাবধানের দায়িত্ব তাহাদের মধ্যে কে গ্রহণ করিবে ইহার জন্য যখন তাহারা তাহাদের কলম নিক্ষেপ করিতেছিল তুমি তখন তাহাদের নিকট ছিলে না এবং তাহারা যখন বাদানুবাদ করিতেছিল তখনও তুমি তাহাদের নিকট ছিলে না। | |
| | إِذْ قَالَتِ ٱلْمَلَٰٓئِكَةُ يَٰمَرْيَمُ إِنَّ ٱللَّهَ يُبَشِّرُكِ بِكَلِمَةٍ مِّنْهُ ٱسْمُهُ ٱلْمَسِيحُ عِيسَى ٱبْنُ مَرْيَمَ وَجِيهًا فِى ٱلدُّنْيَا وَٱلْءَاخِرَةِ وَمِنَ ٱلْمُقَرَّبِينَ ﴿٤٥﴾ | **45** |
| *প্রতিবর্ণায়ন* | ইয' ক'া–লাতিল মালা~ইকাতু ইয়া–মারইয়ামু ইন্নাল্লা–হা ইউবাশ্‌শিরুকি বিকালিমাতিম মিনহু(ق) ছমুহুল্ মাছীহু 'ঈছাবনু মারইয়ামা ওয়াজীহাং ফিদ্দুনইয়া– ওয়াল আ–খিরাতি ওয়া মিনাল মুক'াররাবীন। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
| --- | --- | --- |
| তরজমা | স্মরণ কর, যখন ফিরিশ্‌তাগণ বলিল, 'হে মার্‌ইয়াম ! নিশ্চয়ই আল্লাহ্‌ তোমাকে তাঁহার পক্ষ হইতে একটি কালেমার সুসংবাদ দিতেছেন। তাহার নাম মাসীহ্‌ মার্‌ইয়াম-তনয় 'ঈসা, সে দুনিয়া ও আখিরাতে সম্মানিত এবং সান্নিধ্যপ্রাপ্তগণের অন্যতম হইবে। | |
| | وَيُكَلِّمُ النَّاسَ فِي الْمَهْدِ وَكَهْلًا وَّمِنَ الصّٰلِحِيْنَ ﴿٤٦﴾ | 46 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ইউকাল্লিমুন্না-ছা ফিল মাহদি ওয়া কাহলাওঁ ওয়া মিনাসসা-লিহ ীন। | |
| তরজমা | 'সে দোলনায় থাকা অবস্থায় ও পরিণত বয়সে মানুষের সঙ্গে কথা বলিবে এবং সে হইবে পুণ্যবানদের একজন।' | |
| | قَالَتْ رَبِّ اَنّٰى يَكُوْنُ لِيْ وَلَدٌ وَّلَمْ يَمْسَسْنِيْ بَشَرٌ ۭ قَالَ كَذٰلِكِ اللّٰهُ يَخْلُقُ مَا يَشَاۗءُ ۭ اِذَا قَضٰٓى اَمْرًا فَاِنَّمَا يَقُوْلُ لَهٗ كُنْ فَيَكُوْنُ ﴿٤٧﴾ | 47 |
| প্রতিবর্ণায়ন | ক া-লাত রাব্বি আন্না-ইয়াকূনু লী ওয়ালাদদুওঁ ওয়া লাম ইয়ামছাছ্‌নী বাশারুং (ط) ক া-লা কায া-লিকিল্লা-হু ইয়াখলুকু মা-ইয়াশা-উ (ط) ইয া- ক াদ া- আমরাং ফাইন্নামা- ইয়াকূ লু লাহু কুং ফাইয়াকূন। | |
| তরজমা | সে বলিল, 'হে আমার প্রতিপালক ! আমাকে কোন পুরুষ স্পর্শ করে নাই, আমার সন্তান হইবে কীভাবে ?' তিনি বলিলেন, 'এইভাবেই', আল্লাহ্‌ যাহা ইচ্ছা সৃষ্টি করেন। তিনি যখন কিছু স্থির করেন তখন বলেন, 'হও' এবং ইহা হইয়া যায়। | |
| | وَيُعَلِّمُهُ الْكِتٰبَ وَالْحِكْمَةَ وَالتَّوْرٰىةَ وَالْاِنْجِيْلَ ﴿٤٨﴾ | 48 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ইউ'আল্লিমুহুল কিতা-বা ওয়াল হি কমাতা ওয়াত্তাওরা-তা ওয়ালইংজীল। | |
| তরজমা | 'এবং তিনি তাহাকে শিক্ষা দিবেন কিতাব, হিকমত, তাওরাত ও ইন্‌জীল। | |
| | وَرَسُوْلًا اِلٰى بَنِيْٓ اِسْرَاۗءِيْلَ ڏ اَنِّىْ قَدْ جِئْتُكُمْ بِاٰيَةٍ مِّنْ رَّبِّكُمْ ڏ اَنِّىْٓ اَخْلُقُ لَكُمْ مِّنَ الطِّيْنِ كَهَيْــــَٔــةِ الطَّيْرِ فَاَنْفُخُ فِيْهِ فَيَكُوْنُ طَيْرًۢا بِاِذْنِ اللّٰهِ ۚ وَاُبْرِئُ الْاَكْمَهَ وَالْاَبْرَصَ وَاُحْىِ الْمَوْتٰى بِاِذْنِ اللّٰهِ ۚ وَاُنَبِّئُكُمْ بِمَا تَاْكُلُوْنَ وَمَا تَدَّخِرُوْنَ ۙ فِيْ بُيُوْتِكُمْ ۭ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً لَّكُمْ اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ﴿٤٩﴾ | 49 |

| | | |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ওয়া রাছূলান ইলা–বানী˜ ইছরা~ঈলা (ۙ) আন্নী ক'াদ জি'তুকুম্ বিআ–য়াতিম্ মির্‌রাব্বিকুম (ۙ) আন্নী–আখলুকু˙ লাকুম মিনাত্ত ীনি কাহাইআতিত্ত াইরি ফাআংফুখু ফীহি ফাইয়াকূনু ত াইরাম্ বিইয ˙নিল্লা–হি (ج) ওয়াউবরিউল আকমাহা ওয়াল আবরাসা ওয়া উহ ˙য়িল্ মাওতা–বিইয ˙নিল্লা–হি (ج) ওয়া উনাব্বিউকুম বিমা– তা'কুলূনা ওয়ামা–তাদ্দাখিরূনা (ۙ) ফী বুইউতিকুম (ط) ইন্না ফী য া–লিকা লাআ–য়াতাল্লাকুম ইং কুংতুম মু'মিনীন। | |
| *তরজমা* | 'এবং তাহাকে বনী ইসরাঈলের জন্য রাসূল করিবেন।' সে বলিবে, 'আমি তোমাদের প্রতিপালকের পক্ষ হইতে তোমাদের নিকট নিদর্শন লইয়া আসিয়াছি। আমি তোমাদের জন্য কর্দম দ্বারা একটি পক্ষীসদৃশ আকৃতি গঠন করিব ; অতঃপর ইহাতে আমি ফুৎকার দিব ; ফলে আল্লাহ্‌র হুকুমে উহা পাখি হইয়া যাইবে। আমি জন্মান্ধ ও কুষ্ঠ ব্যাধিগ্রস্তকে নিরাময় করিব এবং আল্লাহ্‌র হুকুমে মৃতকে জীবন্ত করিব। তোমরা তোমাদের গৃহে যাহা আহার কর ও মওজুদ কর তাহা তোমাদেরকে বলিয়া দিব। তোমরা যদি মু'মিন হও তবে ইহাতে তোমাদের জন্য নিদর্শন রহিয়াছে। | |
| | وَمُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيَّ مِنَ التَّوْرٰىةِ وَلِاُحِلَّ لَكُمْ بَعْضَ الَّذِيْ حُرِّمَ عَلَيْكُمْ وَجِئْتُكُمْ بِاٰيَةٍ مِّنْ رَّبِّكُمْ فَاتَّقُوا اللّٰهَ وَاَطِيْعُوْنِ ﴿٥٠﴾ | 50 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া মুসাদ্দিক াল্লি মা–বাইনা ইয়াদাইয়া মিনাত্তাওরা–তি ওয়া লিউহি ˙ল্লা লাকুম বা'দ াল্লায ী হু ˙র্‌রিমা 'আলাইকুম ওয়া জি'তুকুম বিআ–য়াতিম মির্ রাব্বিকুম (قف) ফাত্তাকু ˙ল্লা–হা, ওয়া আতী'উন। | |
| *তরজমা* | 'আর আমি আসিয়াছি আমার সম্মুখে তাওরাতে যাহা রহিয়াছে উহার সমর্থকরূপে ও তোমাদের জন্য যাহা নিষিদ্ধ ছিল উহার কতকগুলিকে বৈধ করিতে। এবং আমি তোমাদের প্রতিপালকের পক্ষ হইতে তোমাদের নিকট নিদর্শন লইয়া আসিয়াছি। সুতরাং আল্লাহ্‌কে ভয় কর আর আমাকে অনুসরণ কর। | |
| | اِنَّ اللّٰهَ رَبِّيْ وَرَبُّكُمْ فَاعْبُدُوْهُ ؕ هٰذَا صِرَاطٌ مُّسْتَقِيْمٌ ﴿٥١﴾ | 51 |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাল্লা–হা রাব্বী ওয়া রাব্বুকুম ফা'বুদূহু (قف) হা–য া– সিরা–তুম মুছতাক ীম। | |
| *তরজমা* | 'নিশ্চয়ই আল্লাহ্ আমার প্রতিপালক এবং তোমাদেরও প্রতিপালক, সুতরাং তোমরা তাঁহার 'ইবাদত করিবে। ইহাই সরল পথ।' | |
| | فَلَمَّاۤ اَحَسَّ عِيْسٰى مِنْهُمُ الْكُفْرَ قَالَ مَنْ اَنْصَارِيْۤ اِلَى اللّٰهِ ؕ قَالَ الْحَوَارِيُّوْنَ نَحْنُ اَنْصَارُ اللّٰهِ ۚ اٰمَنَّا بِاللّٰهِ ۚ وَاشْهَدْ بِاَنَّا مُسْلِمُوْنَ ﴿٥٢﴾ | 52 |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| প্রতিবর্ণায়ন | ফালাম্মা˜ আহ˙ছ্ছা ‘ঈছা-মিনহুমুল কুফরা ক˙া-লা মান আংসা-রী˜ইলাল্লা-হি (ط) ক˙া-লাল হ˙াওয়া- রিইয়ূনা নাহ˙নু আংসা-রুল্লা-হি (ج) আ-মান্না-বিল্লাহি (ج) ওয়াশ্হাদ বিআন্না-মুছ্লিমূন। | |
| তরজমা | যখন ‘ঈসা তাহাদের অবিশ্বাস উপলব্ধি করিল তখন সে বলিল, ‘আল্লাহ্র পথে কাহারা আমার সাহায্যকারী ?’ হাওয়ারীগণ বলিল, ‘আমরাই আল্লাহ্র পথে সাহায্যকারী। আমরা আল্লাহে ঈমান আনিয়াছি। আমরা আত্মসমর্পণ-কারী, তুমি ইহার সাক্ষী থাক। | |
| | رَبَّنَآ اٰمَنَّا بِمَآ اَنۡزَلۡتَ وَاتَّبَعۡنَا الرَّسُوۡلَ فَاكۡتُبۡنَا مَعَ الشّٰهِدِيۡنَ ﴿۵۳﴾ | 53 |
| প্রতিবর্ণায়ন | রাব্বানা˜আ-মান্না˜ বিমা˜আংঝালতা ওয়াত্তবা‘নার্ রাছূলা ফাক্তুবনা-মা‘আশ্শা-হিদীন। | |
| তরজমা | ‘হে আমাদের প্রতিপালক ! তুমি যাহা অবতীর্ণ করিয়াছ তাহাতে আমরা ঈমান আনিয়াছি এবং আমরা এই রাসূলের অনুসরণ করিয়াছি। সুতরাং আমাদেরকে সাক্ষ্যদান-কারীদের তালিকাভুক্ত কর।’ | |
| | وَمَكَرُوۡا وَمَكَرَ اللّٰهُ ؕ وَاللّٰهُ خَيۡرُ الۡمٰكِرِيۡنَ ﴿۵۴﴾ ع | 54 |
| প্রতিবর্ণায়ন | ওয়ামাকারু ওয়া মাকারাল্লা-হু (ج) ওয়াল্লা-হু খাইরুল্ মা-কিরীন। | |
| তরজমা | আর তাহারা চক্রান্ত করিয়াছিল আল্লাহ্ও কৌশল করিয়াছিলেন; আল্লাহ্ কৌশলীদের শ্রেষ্ঠ। | |
| | اِذۡ قَالَ اللّٰهُ يٰعِيۡسٰۤى اِنِّىۡ مُتَوَفِّيۡكَ وَرَافِعُكَ اِلَىَّ وَمُطَهِّرُكَ مِنَ الَّذِيۡنَ كَفَرُوۡا وَجَاعِلُ الَّذِيۡنَ اتَّبَعُوۡكَ فَوۡقَ الَّذِيۡنَ كَفَرُوۡۤا اِلٰى يَوۡمِ الۡقِيٰمَةِ ۚ ثُمَّ اِلَىَّ مَرۡجِعُكُمۡ فَاَحۡكُمُ بَيۡنَكُمۡ فِيۡمَا كُنۡتُمۡ فِيۡهِ تَخۡتَلِفُوۡنَ ﴿۵۵﴾ | 55 |
| প্রতিবর্ণায়ন | ইয˙ ক˙া-লাল্লা-হু ইয়া-‘ঈছা-ইন্নী মুতাওয়াফ্ফীকা ওয়ারা-ফি‘উকা ইলাইইয়া ওয়ামুত˙াহ্হিরুকা মিনাল্লায˙ীনা কাফারু ওয়া জা-‘ইলুল্লায˙ীনাত্তাবা‘উকা ফাওক˙াল্লায˙ীনা কাফারূ˜ ইলা-ইয়াওমিল কি˙য়া-মাতি (ج) ছু˙ম্মা ইলাইইয়া মারজি‘উকুম ফাআহ˙কুমু বাইনাকুম ফীমা-কুংতুম  ফীহি তাখতালিফূন। | |
| তরজমা | স্মরণ কর, যখন আল্লাহ্ বলিবেন, ‘হে ‘ঈসা! আমি তোমার কাল পূর্ণ করিতেছি এবং আমার নিকট তোমাকে তুলিয়া লইতেছি এবং যাহারা কুফরী করিয়াছে তাহাদের মধ্য হইতে তোমাকে পবিত্র করিতেছি। আর তোমার অনুসারিগণকে কিয়ামত পর্যন্ত কাফিরদের উপর প্রাধান্য দিতেছি, অতঃপর আমার কাছে তোমাদের প্রত্যাবর্তন।’ তারপর যে বিষয়ে তোমাদের মতান্তর ঘটিতেছে আমি উহা মীমাংসা করিয়া দিব। | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| | فَاَمَّا الَّذِيۡنَ كَفَرُوۡا فَاُعَذِّبُهُمۡ عَذَابًا شَدِيۡدًا فِى الدُّنۡيَا وَالۡاٰخِرَةِ وَمَا لَهُمۡ مِّنۡ نّٰصِرِيۡنَ ﴿۵۶﴾ | 56 |
| *প্রতিবর্ণায়ন* | ফাআম্মাল্লায ীনা কাফারূ ফাউ'আয যি বুহুম 'আয া-বাং শাদীদাং ফিদ্দুনইয়া-ওয়াল আ-খিরাতি (ز) ওয়ামা-লাহুম মিন্ না-সিরীন। | |
| *তরজমা* | যাহারা কুফরী করিয়াছে আমি তাহাদেরকে দুনিয়া ও আখিরাতে কঠোর শাস্তি প্রদান করিব এবং তাহাদের কোন সাহায্য-কারী নাই। | |
| | وَاَمَّا الَّذِيۡنَ اٰمَنُوۡا وَعَمِلُوا الصّٰلِحٰتِ فَيُوَفِّيۡهِمۡ اُجُوۡرَهُمۡ ؕ وَاللّٰهُ لَا يُحِبُّ الظّٰلِمِيۡنَ ﴿۵۷﴾ | 57 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আম্মাল্লায ীনা আ-মানূ ওয়া 'আমিলুসসা-লিহ া-তি ফাইউওয়াফ্ফীহিম উজূরাহুম (ط) ওয়াল্লা-হু লা-ইউহি ব্বুজ্জ া-লিমীন। | |
| *তরজমা* | আর যাহারা ঈমান আনিয়াছে এবং সৎকাজ করিয়াছে তিনি তাহাদের প্রতিফল পুরাপুরিভাবে প্রদান করিবেন। আল্লাহ্ জালিম-দের পসন্দ করেন না। | |
| | ذٰلِكَ نَتۡلُوۡهُ عَلَيۡكَ مِنَ الۡاٰيٰتِ وَالذِّكۡرِ الۡحَكِيۡمِ ﴿۵۸﴾ | 58 |
| *প্রতিবর্ণায়ন* | য া-লিকা নাতলূহু 'আলাইকা মিনাল আ-য়া-তি ওয়ায্ যি করিল হ াকীম। | |
| *তরজমা* | ইহা আমি তোমার নিকট তিলাওয়াত করিতেছি আয়াতসমূহ ও সারগর্ভ বাণী হইতে। | |
| | اِنَّ مَثَلَ عِيۡسٰى عِنۡدَ اللّٰهِ كَمَثَلِ اٰدَمَ ؕ خَلَقَهٗ مِنۡ تُرَابٍ ثُمَّ قَالَ لَهٗ كُنۡ فَيَكُوۡنُ ﴿۵۹﴾ | 59 |
| *প্রতিবর্ণায়ন* | ইন্না মাছ ালা 'ঈছা- 'ইংদাল্লা-হি কামাছ ালি আ-দামা (ط) খালাক াহু মিং তুরা-বিং ছু ম্মা ক া-লা লাহু কুং ফাইয়াকূন। | |
| *তরজমা* | আল্লাহ্র নিকট নিশ্চয়ই 'ঈসার দৃষ্টান্ত আদমের দৃষ্টান্তসদৃশ। তিনি তাহাকে মৃত্তিকা হইতে সৃষ্টি করিয়াছেন; অতঃপর উহাকে বলিলেন 'হও', ফলে সে হইয়া গেল। | |
| | اَلۡحَقُّ مِنۡ رَّبِّكَ فَلَا تَكُنۡ مِّنَ الۡمُمۡتَرِيۡنَ ﴿۶۰﴾ | 60 |
| *প্রতিবর্ণায়ন* | আলহ াক্কু মির্‌রাব্বিকা ফালা-তাকুম মিনাল মুমতারীন। | |
| *তরজমা* | সত্য তো তোমার প্রতিপালকের নিকট হইতে, সুতরাং তুমি সংশয়বাদীদের অন্তর্ভুক্ত হইও না। | |
| | فَمَنۡ حَآجَّكَ فِيۡهِ مِنۡۢ بَعۡدِ مَا جَآءَكَ مِنَ الۡعِلۡمِ فَقُلۡ تَعَالَوۡا نَدۡعُ اَبۡنَآءَنَا وَاَبۡنَآءَكُمۡ وَنِسَآءَنَا وَنِسَآءَكُمۡ وَاَنۡفُسَنَا وَاَنۡفُسَكُمۡ ثُمَّ نَبۡتَهِلۡ فَنَجۡعَلْ لَّعۡنَتَ اللّٰهِ عَلَى الۡكٰذِبِيۡنَ ﴿۶۱﴾ | 61 |
| *প্রতিবর্ণায়ন* | ফামান হ া~জ্জাকা ফীহি মিম্ বা'দি মা-জা~আকা মিনাল 'ইলমি ফাকু ল তা'আ-লাও নাদ'উ আবনা~আনা-ওয়া আব্না~আকুম ওয়া নিছা~আনা-ওয়া নিছা~আকুম ওয়া আংফুছানা-ওয়া আংফুছাকুম (قف) ছু ম্মা নাবতাহি ল ফানাজ'আল্ লা'নাতাল্লা-হি আলাল কা-যি বীন। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | তোমার নিকট জ্ঞান আসিবার পর যে কেহ এই বিষয়ে তোমার সঙ্গে তর্ক করে তাহাকে বল, আস, আমরা আহ্বান করি আমাদের পুত্রগণকে ও তোমাদের পুত্রগণকে, আমাদের নারীগণকে ও তোমাদের নারীগণকে, আমাদের নিজেদেরকে ও তোমাদের নিজেদেরকে, অতঃপর আমরা বিনীত আবেদন করি এবং মিথ্যাবাদীদের উপর দেই আল্লাহ্‌র লা‘নত। | |
| | إِنَّ هَٰذَا لَهُوَ الْقَصَصُ الْحَقُّ ۚ وَمَا مِنْ إِلَٰهٍ إِلَّا اللَّهُ ۗ وَإِنَّ اللَّهَ لَهُوَ الْعَزِيزُ الْحَكِيمُ ﴿٦٢﴾ | **62** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্না হা-য়া- লাহুওয়াল ক়াসাসুল হ়াক্কু (ج) ওয়ামা-মিন ইলা-হিন ইল্লাল্লা-হু (ط) ওয়া ইন্নাল্লা-হা লাহুওয়াল ‘আঝীঝুল হ়াকীম। | |
| *তরজমা* | নিশ্চয়ই ইহা সত্য বৃত্তান্ত। আল্লাহ্ ব্যতীত অন্য ইলাহ্ নাই; নিশ্চয় আল্লাহ্ পরম প্রতাপশালী, প্রজ্ঞাময়। | |
| | فَإِنْ تَوَلَّوْا فَإِنَّ اللَّهَ عَلِيمٌ بِالْمُفْسِدِينَ ﴿٦٣﴾ | **63** |
| *প্রতিবর্ণায়ন* | ফাইং তাওয়াল্লাও ফাইন্নাল্লা-হা ‘আলীমুম্ বিলমুফছিদীন। | |
| *তরজমা* | যদি তাহারা মুখ ফিরাইয়া নেয়, তবে নিশ্চয়ই আল্লাহ্ ফাসাদকারীদের সম্বন্ধে সম্যক অবহিত। | |
| | قُلْ يَا أَهْلَ الْكِتَابِ تَعَالَوْا إِلَىٰ كَلِمَةٍ سَوَاءٍ بَيْنَنَا وَبَيْنَكُمْ أَلَّا نَعْبُدَ إِلَّا اللَّهَ وَلَا نُشْرِكَ بِهِ شَيْئًا وَلَا يَتَّخِذَ بَعْضُنَا بَعْضًا أَرْبَابًا مِنْ دُونِ اللَّهِ ۚ فَإِنْ تَوَلَّوْا فَقُولُوا اشْهَدُوا بِأَنَّا مُسْلِمُونَ ﴿٦٤﴾ | **64** |
| *প্রতিবর্ণায়ন* | কু়ল ইয়া~আহলাল কিতা-বি তা‘আ-লাও ইলা-কালিমাতিং ছাওয়া~ইম্ বাইনানা-ওয়া বাইনাকুম আল্লা-না‘বুদা ইল্লাল্লাহা ওয়ালা- নুশরিকা বিহী শাইআওঁ ওয়ালা- ইয়াত্তাখিযা বা‘দু়না- বা‘দ়ান আরবা-বাম মিং দূনিল্লা-হি (ط) ফাইং তাওয়াল্লাও ফকূ়লুশ্‌হ়াদূ বিআন্না- মুছলিমূন। | |
| *তরজমা* | তুমি বল, ‘হে কিতাবীগণ ! আস সে কথায় যাহা আমাদের ও তোমাদের মধ্যে এক; যেন আমরা আল্লাহ্ ব্যতীত কাহারও ‘ইবাদত না করি, কোন কিছুকেই তাঁহার শরীক না করি এবং আমাদের কেহ কাহাকেও আল্লাহ্ ব্যতীত রব হিসাবে গ্রহণ না করে।’ যদি তাহারা মুখ ফিরাইয়া নেয় তবে বল, ‘তোমরা সাক্ষী থাক, অবশ্যই আমরা মুসলিম।’ | |
| | يَا أَهْلَ الْكِتَابِ لِمَ تُحَاجُّونَ فِي إِبْرَاهِيمَ وَمَا أُنْزِلَتِ التَّوْرَاةُ وَالْإِنْجِيلُ إِلَّا مِنْ بَعْدِهِ ۚ أَفَلَا تَعْقِلُونَ ﴿٦٥﴾ | **65** |
| *প্রতিবর্ণায়ন* | ইয়া~আহলাল কিতা-বি লিমা তুহ়া~জ্জুনা ফী~ইবরা-হীমা ওয়ামা উংঝিলাতিত্ তাওরা-তু ওয়াল ইংজীলু ইল্লা-মিম্ বা‘দিহী (ط) আফালা-তা‘কি়লূন। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | হে কিতাবীগণ! ইব্রাহীম সম্বন্ধে কেন তোমরা তর্ক কর, অথচ তাওরাত ও ইন্জীল তো তাহার পরেই অবতীর্ণ হইয়াছিল? তোমরা কি বুঝ না ? | |
| | هٰٓاَنْتُمْ هٰٓؤُلَآءِ حَاجَجْتُمْ فِيْمَا لَكُمْ بِهٖ عِلْمٌ فَلِمَ تُحَآجُّوْنَ فِيْمَا لَيْسَ لَكُمْ بِهٖ عِلْمٌ ؕ وَاللّٰهُ يَعْلَمُ وَاَنْتُمْ لَا تَعْلَمُوْنَ ﴿٦٦﴾ | 66 |
| প্রতিবর্ণায়ন | হা˜ আংতুম হা˜উলা~ই হা-জাজতুম ফীমা- লাকুম বিহী ‘ইলমুং ফালিমা তুহা~জ্জূনা ফীমা লাইছা লাকুম বিহী ‘ইলমুং (ط) ওয়াল্লা-হু ইয়া‘লামু ওয়া আংতুম্ লা-তা‘লামূন। | |
| তরজমা | হাঁ, তোমরা তো সেইসব লোক, যে বিষয়ে তোমাদের সামান্য জ্ঞান আছে সে বিষয়ে তোমরাই তো তর্ক করিয়াছ, তবে যে বিষয়ে তোমাদের কোন জ্ঞান নাই সে বিষয়ে কেন তর্ক করিতেছ ? আল্লাহ্ জ্ঞাত আছেন এবং তোমরা জ্ঞাত নও। | |
| | مَا كَانَ اِبْرٰهِيْمُ يَهُوْدِيًّا وَّلَا نَصْرَانِيًّا وَّلٰكِنْ كَانَ حَنِيْفًا مُّسْلِمًا ؕ وَمَا كَانَ مِنَ الْمُشْرِكِيْنَ ﴿٦٧﴾ | 67 |
| প্রতিবর্ণায়ন | মা-কানা ইবরা-হীমু ইয়াহূদিইইয়াওঁ ওয়ালা- নাসরা-নিয়ইইয়াওঁ ওয়ালা-কিং কা-না হানীফাম্ মুছলিমাওঁ (ط) ওয়ামা-কা-না মিনাল মুশরিকীন। | |
| তরজমা | ইব্রাহীম ইয়াহূদীও ছিল না, খ্রিস্টানও ছিল না; সে ছিল একনিষ্ঠ আত্মসমর্পণকারী এবং সে মুশরিকদের অন্তর্ভুক্তও ছিল না। | |
| | اِنَّ اَوْلَى النَّاسِ بِاِبْرٰهِيْمَ لَلَّذِيْنَ اتَّبَعُوْهُ وَهٰذَا النَّبِيُّ وَالَّذِيْنَ اٰمَنُوْا ؕ وَاللّٰهُ وَلِيُّ الْمُؤْمِنِيْنَ ﴿٦٨﴾ | 68 |
| প্রতিবর্ণায়ন | ইন্না আওলান্না-ছি বিইবরাহীমা লাল্লাযীনাত্তাবা‘উহু ওয়া হা-যান্নাবিইইয়ু ওয়াল্লাযীনা আ-মানূ (ط) ওয়াল্লা-হু ওয়ালিইয়ুল মু’মিনীন। | |
| তরজমা | নিশ্চয়ই মানুষের মধ্যে তাহারা ইব্রাহীমের ঘনিষ্ঠতম যাহারা তাহার অনুসরণ করিয়াছে এবং এই নবী ও যাহারা ঈমান আনিয়াছে; আর আল্লাহ্ মু’মিনদের অভিভাবক। | |
| | وَدَّتْ طَّآئِفَةٌ مِّنْ اَهْلِ الْكِتٰبِ لَوْ يُضِلُّوْنَكُمْ ؕ وَمَا يُضِلُّوْنَ اِلَّآ اَنْفُسَهُمْ وَمَا يَشْعُرُوْنَ ﴿٦٩﴾ | 69 |
| প্রতিবর্ণায়ন | ওয়াদ্দাত্ তা~ইফাতুম্ মিন আহলিল কিতা-বি লাও ইউদিল্লূনাকুম (ط) ওয়ামা ইউদিল্লূনা ইল্লা-আংফুছাহুম ওয়ামা-ইয়াশ‘উরূন। | |
| তরজমা | কিতাবীদের একদল চাহে যেন তোমাদেরকে বিপথগামী করিতে পারে, অথচ তাহারা নিজেদেরকেই বিপথগামী করে, কিন্তু তাহারা উপলব্ধি করে না। | |
| | يٰٓاَهْلَ الْكِتٰبِ لِمَ تَكْفُرُوْنَ بِاٰيٰتِ اللّٰهِ وَاَنْتُمْ تَشْهَدُوْنَ ﴿٧٠﴾ | 70 |
| প্রতিবর্ণায়ন | ইয়া˜আহলাল কিতা-বি লিমা তাক্ফুরুনা বিআ-য়া-তিল্লা-হি ওয়া আংতুম তাশহাদূন। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | হে কিতাবী-গণ! তোমরা কেন আল্লাহ্‌র আয়াতকে অস্বীকার কর, যখন তোমরাই সাক্ষ্য বহন কর ? | |
| | يَٰٓأَهْلَ ٱلْكِتَٰبِ لِمَ تَلْبِسُونَ ٱلْحَقَّ بِٱلْبَٰطِلِ وَتَكْتُمُونَ ٱلْحَقَّ وَأَنتُمْ تَعْلَمُونَ ﴿٧١﴾ | **71** |
| প্রতিবর্ণায়ন | ইয়া˜আহলাল কিতা-বি লিমা তালবিছুনাল হা়ক্কা় বিল্‌বা-তি়লি ওয়া তাকতুমূনাল হা়ক্কা় ওয়া আংতুম তা‘লামূন। | |
| তরজমা | হে কিতাবীগণ! তোমরা কেন সত্যকে মিথ্যার সঙ্গে মিশ্রিত কর এবং সত্য গোপন কর, যখন তোমরা জান ? | |
| | وَقَالَت طَّآئِفَةٌ مِّنْ أَهْلِ ٱلْكِتَٰبِ ءَامِنُوا۟ بِٱلَّذِىٓ أُنزِلَ عَلَى ٱلَّذِينَ ءَامَنُوا۟ وَجْهَ ٱلنَّهَارِ وَٱكْفُرُوٓا۟ ءَاخِرَهُۥ لَعَلَّهُمْ يَرْجِعُونَ ﴿٧٢﴾ | **72** |
| প্রতিবর্ণায়ন | ওয়া কা়-লাত্তা়~ইফাতুম্ মিন আহলিল কিতা-বি আ-মিনূ বিল্লাযী˜ উংঝিলা ‘আলাল্লাযীনা আ-মানূ ওয়াজ্‌হান্নাহা-রি ওয়াকফুরূ˜আ-খিরাহূ লা‘আল্লাহুম ইয়ারজি‘উন। | |
| তরজমা | কিতাবীদের একদল বলিল, ‘যাহারা ঈমান আনিয়াছে তাহাদের প্রতি যাহা অবতীর্ণ হইয়াছে তোমরা দিনের প্রারম্ভে তাহা বিশ্বাস কর এবং দিনের শেষে তাহা প্রত্যাখ্যান কর ; হয়ত তাহারা ফিরিবে। | |
| | وَلَا تُؤْمِنُوٓا۟ إِلَّا لِمَن تَبِعَ دِينَكُمْ قُلْ إِنَّ ٱلْهُدَىٰ هُدَى ٱللَّهِ أَن يُؤْتَىٰٓ أَحَدٌ مِّثْلَ مَآ أُوتِيتُمْ أَوْ يُحَآجُّوكُمْ عِندَ رَبِّكُمْ قُلْ إِنَّ ٱلْفَضْلَ بِيَدِ ٱللَّهِ يُؤْتِيهِ مَن يَشَآءُ وَٱللَّهُ وَٰسِعٌ عَلِيمٌ ﴿٧٣﴾ | **73** |
| প্রতিবর্ণায়ন | ওয়ালা- তু’মিনূ˜ ইল্লা-লিমাং তাবি‘আ দীনাকুম (ط) কু়ল ইন্নাল হুদা- হুদাল্লা-হি (ﻻ) আইঁ ইউ’তা˜ আহা়দুম মিছ্‌লা মা˜উতীতুম আও ইউহা়~জ্জূকুম ইংদা রাব্বিকুম (ط) কু়ল ইন্নাল ফাদ্বলা বিইয়াদিল্লা-হি (ج) ইউ’তীহি মাইঁ ইয়াশা~উ (ط) ওয়াল্লা-হু ওয়া-ছি‘উন ‘আলীম। | |
| তরজমা | ‘আর যে ব্যক্তি তোমাদের দীনের অনুসরণ করে তাহাদেরকে ব্যতীত আর কাহাকেও বিশ্বাস করিও না।’ বল, ‘আল্লাহ্‌র নির্দেশিত পথই একমাত্র পথ। ইহা এইজন্য যে, তোমাদেরকে যাহা দেওয়া হইয়াছে অনুরূপ আর কাহাকেও দেওয়া হইবে অথবা তোমাদের প্রতিপালকের সম্মুখে তাহারা তোমাদেরকে যুক্তিতে পরাভূত করিবে। বল, ‘অনুগ্রহ আল্লাহ্‌রই হাতে ; তিনি যাহাকে ইচ্ছা তাহা প্রদান করেন। আল্লাহ্ প্রাচুর্যময়, সর্বজ্ঞ। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | يَّخْتَصُّ بِرَحْمَتِهٖ مَنْ يَّشَآءُ ۗ وَاللّٰهُ ذُو الْفَضْلِ الْعَظِيْمِ ﴿٧٤﴾ | **74** |
| *প্রতিবর্ণায়ন* | ইয়াখ্‌তাসসু বিরাহ্‌মাতিহী মাইঁ ইয়াশা~উ (ط) ওয়াল্লা-হু যুলফাদ্‌ লিল ‘আজ্‌ীম। | |
| *তরজমা* | তিনি স্বীয় অনুগ্রহের জন্য যাহাকে ইচ্ছা বিশেষ করিয়া বাছিয়া নেন। আল্লাহ্ মহা অনুগ্রহশীল। | |
| | وَمِنْ اَهْلِ الْكِتٰبِ مَنْ اِنْ تَاْمَنْهُ بِقِنْطَارٍ يُّؤَدِّهٖۤ اِلَيْكَ ۚ وَمِنْهُمْ مَّنْ اِنْ تَاْمَنْهُ بِدِيْنَارٍ لَّا يُؤَدِّهٖۤ اِلَيْكَ اِلَّا مَا دُمْتَ عَلَيْهِ قَآئِمًا ۗ ذٰلِكَ بِاَنَّهُمْ قَالُوْا لَيْسَ عَلَيْنَا فِى الْاُمِّيّٖنَ سَبِيْلٌ ۚ وَيَقُوْلُوْنَ عَلَى اللّٰهِ الْكَذِبَ وَهُمْ يَعْلَمُوْنَ ﴿٧٥﴾ | **75** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া মিন আহ্‌লিল কিতা-বি মান ইং তা‘মানহু বিকিংতা-রিইঁ ইউআদ্দিহী~ ইলাইকা (ج) ওয়া মিনহুম মান ইং তা‘মানহু বিদীনা-রিল্ লা-ইউআদ্দিহী~ইলাইকা ইল্লা-মা-দুমতা ‘আলাইহি কা-~ইমাং (ط) যা-লিকা বিআন্নাহুম কা-লূ লাইছা ‘আলাইনা-ফিল উম্মিইয়ীনা ছাবীলুওঁ (ج) ওয়া ইয়াকূ্‌লূনা ‘আলাল্লা-হিল কাযিবা ওয়াহুম ইয়া‘লামূন। | |
| *তরজমা* | কিতাবীদের মধ্যে এমন লোক রহিয়াছে, যে বিপুল সম্পদ আমানত রাখিলেও ফেরত দিবে; আবার এমন লোকও আছে যাহার নিকট একটি দীনারও আমানত রাখিলে তাহার পিছনে লাগিয়া না থাকিলে সে ফেরত দিবে না, ইহা এই কারণে যে, তাহারা বলে, ‘নিরক্ষরদের প্রতি আমাদের কোন বাধ্যবাধকতা নাই’, এবং তাহারা জানিয়া-শুনিয়া আল্লাহ্ সম্পর্কে মিথ্যা বলে। | |
| | بَلٰى مَنْ اَوْفٰى بِعَهْدِهٖ وَاتَّقٰى فَاِنَّ اللّٰهَ يُحِبُّ الْمُتَّقِيْنَ ﴿٧٦﴾ | **76** |
| *প্রতিবর্ণায়ন* | বালা-মান আওফা-বিআহদিহী ওয়াত্তাকা-ফাইন্নাল্লা-হা ইউহিব্বুল মুত্তাকীন। | |
| *তরজমা* | হাঁ, কেহ তাহার অঙ্গীকার পূর্ণ করিলে এবং তাক্‌ওয়া অবলম্বন করিয়া চলিলে আল্লাহ্ অবশ্যই মুত্তাকীদের ভালবাসেন। | |
| | اِنَّ الَّذِيْنَ يَشْتَرُوْنَ بِعَهْدِ اللّٰهِ وَاَيْمَانِهِمْ ثَمَنًا قَلِيْلًا اُولٰٓئِكَ لَا خَلَاقَ لَهُمْ فِى الْاٰخِرَةِ وَلَا يُكَلِّمُهُمُ اللّٰهُ وَلَا يَنْظُرُ اِلَيْهِمْ يَوْمَ الْقِيٰمَةِ وَلَا يُزَكِّيْهِمْ ۪ وَلَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ﴿٧٧﴾ | **77** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাল্লাযীনা ইয়াশতারূনা বি‘আহদিল্লা-হি ওয়াআইমা-নিহিম ছামানাং কালীলান উলা~ইকা লা-খালা-কা লাহুম ফিল আ-খিরাতি ওয়ালা-ইউকাল্লিমুহুমুল্লা-হু ওয়ালা-ইয়াংজুরু ইলাইহিম ইয়াওমাল কিয়া-মাতি ওয়ালা- ইউঝাক্কীহিম (ص) ওয়ালাহুম ‘আযা-বুন আলীম। | |

| *তরজমা* | যাহারা আল্লাহ্‌র সঙ্গে কৃত প্রতিশ্রুতি এবং নিজেদের শপথকে তুচ্ছ মূল্যে বিক্রয় করে পরকালে তাহাদের কোন অংশ নাই। কিয়ামতের দিন আল্লাহ্ তাহাদের সঙ্গে কথা বলিবেন না এবং তাহাদের দিকে চাহিবেন না এবং তাহাদেরকে পরিশুদ্ধ করিবেন না ; তাহাদের জন্য মর্মন্তুদ শাস্তি রহিয়াছে। | |
| | وَاِنَّ مِنۡهُمۡ لَفَرِيۡقًا يَّلۡوٗنَ اَلۡسِنَتَهُمۡ بِالۡكِتٰبِ لِتَحۡسَبُوۡهُ مِنَ الۡكِتٰبِ وَمَا هُوَ مِنَ الۡكِتٰبِ‌ۚ وَيَقُوۡلُوۡنَ هُوَ مِنۡ عِنۡدِ اللّٰهِ وَمَا هُوَ مِنۡ عِنۡدِ اللّٰهِ‌ۚ وَيَقُوۡلُوۡنَ عَلَى اللّٰهِ الۡكَذِبَ وَهُمۡ يَعۡلَمُوۡنَ ﴿۷۸﴾ | **78** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইন্না মিনহুম লাফারীক্বাইঁ ইয়াল্উনা আলছিনাতাহুম বিলকিতা-বি লিতাহ্ছাবূহু মিনাল কিতা-বি ওয়ামা-হুওয়া মিনাল কিতা-বি (ج) ওয়া ইয়াকূলূনা হুওয়া মিন ‘ইংদিল্লা-হি ওয়ামা-হুওয়া মিন ‘ইংদিল্লা-হি (ج) ওয়া ইয়াকূলূনা ‘আলাল্লা-হিল কাযিবা ওয়াহুম ইয়া‘লামূন। | |
| *তরজমা* | আর নিশ্চয়ই তাহাদের মধ্যে একদল লোক আছেই যাহারা কিতাবকে জিহ্বা দ্বারা বিকৃত করে যাহাতে তোমরা উহাকে আল্লাহ্‌র কিতাবের অংশ মনে কর; কিন্তু উহা কিতাবের অংশ নহে এবং তাহারা বলে, ‘উহা আল্লাহ্‌র পক্ষ হইতে’, কিন্তু উহা আল্লাহ্‌র পক্ষ হইতে প্রেরিত নহে। তাহারা জানিয়া-শুনিয়া আল্লাহ্ সম্পর্কে মিথ্যা বলে। | |
| | مَا كَانَ لِبَشَرٍ اَنۡ يُّؤۡتِيَهُ اللّٰهُ الۡكِتٰبَ وَالۡحُكۡمَ وَالنُّبُوَّةَ ثُمَّ يَقُوۡلَ لِلنَّاسِ كُوۡنُوۡا عِبَادًا لِّىۡ مِنۡ دُوۡنِ اللّٰهِ وَلٰـكِنۡ كُوۡنُوۡا رَبّٰنِيّٖنَ بِمَا كُنۡتُمۡ تُعَلِّمُوۡنَ الۡكِتٰبَ وَبِمَا كُنۡتُمۡ تَدۡرُسُوۡنَ ﴿۷۹﴾ | **79** |
| *প্রতিবর্ণায়ন* | মা-কা-না লিবাশারিন আই ইউ’তিইয়াহুল্লা-হুল কিতা-বা ওয়াল হুকমা ওয়ান্নুবুওওয়াতা ছুম্মা ইয়াকূলা লিন্না-ছি কূনূ ‘ইবা-দাল্লী মিং দুনিল্লা-হি ওয়ালা-কিং কূনূ রাব্বানিইয়ীনা বিমা-কুংতুম তু‘আল্লিমূনাল কিতা-বা ওয়া বিমা কুংতুম তাদরুছূন। | |
| *তরজমা* | কোন ব্যক্তিকে আল্লাহ্ কিতাব, হিক্‌মত ও নবুওয়াত দান করিবার পর সে মানুষকে বলিবে, ‘আল্লাহ্‌র পরিবর্তে তোমরা আমার দাস হইয়া যাও’, ইহা তাহার জন্য সঙ্গত নহে ; বরং সে বলিবে, ‘তোমরা রব্বানী হইয়া যাও, যেহেতু তোমরা কিতাব শিক্ষা দান কর এবং যেহেতু তোমরা অধ্যয়ন কর।’ | |
| | وَلَا يَاۡمُرَكُمۡ اَنۡ تَتَّخِذُوا الۡمَلٰۤـئِكَةَ وَالنَّبِيّٖنَ اَرۡبَابًا‌ ؕ اَيَاۡمُرُكُمۡ بِالۡكُفۡرِ بَعۡدَ اِذۡ اَنۡتُمۡ مُّسۡلِمُوۡنَ ﴿۸۰﴾ | **80** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালা-ইয়া’মুরাকুম আং তাত্তাখিযুল মালা~ইকাতা ওয়ান্নাবিইয়ীনা আরবা-বান (ط) আইয়া‘মুরুকুম বিলকুফরি বা‘দা ইয আংতুম মুছলিমূন। | |

| --- | --- | --- |
| *তরজমা* | ফিরিশ্‌তাগণকে ও নবীগণকে প্রতিপালকরূপে গ্রহণ করিতে সে তোমাদেরকে নির্দেশ দিতে পারে না। তোমাদের মুসলিম হওয়ার পর সে কি তোমাদেরকে কুফরীর নির্দেশ দিবে ? | |
| | وَإِذْ أَخَذَ اللّٰهُ مِيْثَاقَ النَّبِيّٖنَ لَمَآ اٰتَيْتُكُمْ مِّنْ كِتٰبٍ وَّحِكْمَةٍ ثُمَّ جَآءَكُمْ رَسُوْلٌ مُّصَدِّقٌ لِّمَا مَعَكُمْ لَتُؤْمِنُنَّ بِهٖ وَلَتَنْصُرُنَّهٗ ۗ قَالَ ءَاَقْرَرْتُمْ وَاَخَذْتُمْ عَلٰى ذٰلِكُمْ اِصْرِىْ ۗ قَالُوْٓا اَقْرَرْنَا ۗ قَالَ فَاشْهَدُوْا وَاَنَا مَعَكُمْ مِّنَ الشّٰهِدِيْنَ ﴿٨١﴾ | 81 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয ́ আখায ́াল্লা–হু মীছ ̇া–ক ̇ান্নাবিইয়ীনা লামা˜ আ–তাইতুকুম মিং কিতা–বিওঁ ওয়া হি ̇কমাতিং ছু ̇ম্মা জা~আকুম রাছূলুম মুসাদ্দিকুল্ লিমা–মা‘আকুম লাতু’মিনুন্না বিহী ওয়ালাতাংসুরুন্নাহু (ط) ক ̇া–লা আ আক ̇াররতুম ওয়া আখায ́তুম ‘আলা–য ̇া–লিকুম ইসরী (ط) ক ̇ালূ˜ আক ̇াররনা– (ط) ক ̇া–লা ফাশহাদূ ওয়া আনা মা‘আকুম মিনাশ্‌শা–হিদীন। | |
| *তরজমা* | স্মরণ কর, যখন আল্লাহ্ নবীদের অঙ্গীকার লইয়াছিলেন যে, তোমাদেরকে কিতাব ও হিক্‌মত যাহা কিছু দিয়াছি, অতঃপর তোমাদের কাছে যাহা আছে তাহার প্রত্যায়নকারীরূপে যখন একজন রাসূল আসিবে তখন তোমরা অবশ্যই তাহার প্রতি ঈমান আনিবে এবং তাহাকে সাহায্য করিবে।’ তিনি বলিবেন, ‘তোমরা কি স্বীকার করিলে ? এবং এই সম্পর্কে আমার অঙ্গীকার কি তোমরা গ্রহণ করিলে?’ তাহারা বলিল, ‘আমরা স্বীকার করিলাম।’ তিনি বলিলেন, ‘তবে তোমরা সাক্ষী থাক এবং আমিও তোমাদের সঙ্গে সাক্ষী রহিলাম।’ | |
| | فَمَنْ تَوَلّٰى بَعْدَ ذٰلِكَ فَاُولٰٓئِكَ هُمُ الْفٰسِقُوْنَ ﴿٨٢﴾ | 82 |
| *প্রতিবর্ণায়ন* | ফামাং তাওয়াল্লা– বা‘দা য ̇া–লিকা ফাউলা~ইকা হুমুল ফা–ছিকূ ̇ন। | |
| *তরজমা* | ইহার পর যাহারা মুখ ফিরাইবে তাহারাই সত্যপথত্যাগী। | |
| | اَفَغَيْرَ دِيْنِ اللّٰهِ يَبْغُوْنَ وَلَهٗٓ اَسْلَمَ مَنْ فِى السَّمٰوٰتِ وَالْاَرْضِ طَوْعًا وَّكَرْهًا وَّاِلَيْهِ يُرْجَعُوْنَ ﴿٨٣﴾ | 83 |
| *প্রতিবর্ণায়ন* | আফাগাইরা দীনিল্লা–হি ইয়াবগুনা ওয়ালাহূ˜আছলামা মাং ফিছ ছামা–ওয়া–তি ওয়াল আরদি ̇ ত ̇াও‘আওঁ ওয়াকারহাওঁ ওয়া ইলাইহি ইউরজা‘ঊন। | |
| *তরজমা* | তাহারা কি চাহে আল্লাহ্‌র দীনের পরিবর্তে অন্য দীন ? যখন আকাশে ও পৃথিবীতে যাহা কিছু রহিয়াছে সমস্তই স্বেচ্ছায় অথবা অনিচ্ছায় তাঁহার নিকট আত্মসমর্পণ করিয়াছে! আর তাঁহার দিকেই তাহারা প্রত্যানীত হইবে। | |

| | قُلْ اٰمَنَّا بِاللّٰهِ وَمَآ اُنْزِلَ عَلَيْنَا وَمَآ اُنْزِلَ عَلٰٓى اِبْرٰهِيْمَ وَاِسْمٰعِيْلَ وَاِسْحٰقَ وَيَعْقُوْبَ وَالْاَسْبَاطِ وَمَآ اُوْتِيَ مُوْسٰى وَعِيْسٰى وَالنَّبِيُّوْنَ مِنْ رَّبِّهِمْ ۖ لَا نُفَرِّقُ بَيْنَ اَحَدٍ مِّنْهُمْ ۖ وَنَحْنُ لَهٗ مُسْلِمُوْنَ ﴿٨٤﴾ | 84 |
| *প্রতিবর্ণায়ন* | কু়ল আ–মান্না–বিল্লা–হি ওয়ামা˜উংঝিলা ‘আলাইনা–ওয়ামা–উংঝিলা ‘আলা˜ইবরা–হীমা ওয়া ইছমা–‘ঈলা ওয়া ইছহা়–কা় ওয়া ইয়া‘কূ়বা ওয়াল আছবা–তি় ওয়ামা˜ উতিইয়া মূছা–ওয়া ‘ঈছা– ওয়ান্নাবিইয়ূনা মির রাব্বিহিম (ص) লা–নুফার্‌রিকু বাইনা আহা়দিম মিনহুম (ز) ওয়া নাহ়নূ লাহূ মূছলিমূন। | |
| *তরজমা* | বল, ‘আমরা আল্লাহ্‌তে এবং আমাদের প্রতি যাহা অবতীর্ণ হইয়াছে এবং ইব্‌রাহীম, ইসমাঈল, ইসহাক, ইয়া‘কূব ও তাহার বংশধরগণের প্রতি যাহা অবতীর্ণ হইয়াছিল এবং যাহা মূসা, ‘ঈসা ও অন্যান্য নবীকে তাহাদের প্রতিপালকের নিকট হইতে যাহা প্রদান করা হইয়াছে তাহাতে ঈমান আনিয়াছি, আমরা তাহাদের মধ্যে কোন তারতম্য করি না এবং আমরা তাঁহারই নিকট আত্মসমর্পণকারী।’ | |
| | وَمَنْ يَّبْتَغِ غَيْرَ الْاِسْلَامِ دِيْنًا فَلَنْ يُّقْبَلَ مِنْهُ ۚ وَهُوَ فِى الْاٰخِرَةِ مِنَ الْخٰسِرِيْنَ ﴿٨٥﴾ | 85 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া মাই ইয়াবতাগি গাইরাল ইছলা–মি দীনাং ফালাই ইউক়বালা মিনহু (ج) ওয়া হুওয়া ফিল আ–খিরাতি মিনাল খা–ছিরীন। | |
| *তরজমা* | কেহ ইসলাম ব্যতীত অন্য কোন দীন গ্রহণ করিতে চাহিলে তাহা কখনও কবূল করা হইবে না এবং সে হইবে আখিরাতে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত। | |
| | كَيْفَ يَهْدِى اللّٰهُ قَوْمًا كَفَرُوْا بَعْدَ اِيْمَانِهِمْ وَشَهِدُوْٓا اَنَّ الرَّسُوْلَ حَقٌّ وَّجَآءَهُمُ الْبَيِّنٰتُ ۗ وَاللّٰهُ لَا يَهْدِى الْقَوْمَ الظّٰلِمِيْنَ ﴿٨٦﴾ | 86 |
| *প্রতিবর্ণায়ন* | কাইফা ইয়াহদিল্লা–হু কা়ওমাং কাফারূ বা‘দা ঈমা–নিহিম ওয়াশাহিদূ˜ আন্নার্‌রাছূলা হা়ক্কু়ওঁ ওয়াজা~আহুমুল বাইয়িনা–তু (ط) ওয়াল্লা–হু লা–ইয়াহদিল কা়ওমাজ্জ়া–লিমীন। | |
| *তরজমা* | আল্লাহ্‌ কিরূপে সৎপথে পরিচালিত করিবেন সেই সম্প্রদায়কে, যাহারা ঈমান আনয়নের পর ও রাসূলকে সত্য বলিয়া সাক্ষ্যদান করিবার পর এবং তাহাদের নিকট স্পষ্ট নিদর্শন আসিবার পর কুফরী করে ? আল্লাহ্‌ জালিম সম্প্রদায়কে সৎপথে পরিচালিত করেন না। | |
| | اُولٰٓئِكَ جَزَآؤُهُمْ اَنَّ عَلَيْهِمْ لَعْنَةَ اللّٰهِ وَالْمَلٰٓئِكَةِ وَالنَّاسِ اَجْمَعِيْنَ ﴿٨٧﴾ | 87 |
| *প্রতিবর্ণায়ন* | উলা~ইকা জাঝা~উহুম আন্না ‘আলাইহিম লা‘নাতাল্লা–হি ওয়াল মালা~ইকাতি ওয়ান্না–ছি আজমা‘ঈন। | |

| তরজমা | ইহারাই তাহারা যাহাদের কর্মফল এই যে, তাহাদের উপর আল্লাহ্‌র, ফিরিশতাগণের এবং মানুষ সকলেরই লা'নত। | |
| | خٰلِدِيْنَ فِيْهَا ۚ لَا يُخَفَّفُ عَنْهُمُ الْعَذَابُ وَلَا هُمْ يُنْظَرُوْنَ ﴿٨٨﴾ | 88 |
| প্রতিবর্ণায়ন | খা-লিদীনা ফীহা- (ج) লা-ইউখাফ্‌ফাফু 'আনহুমুল 'আযা-বু ওয়ালা-হুম ইউংজারূন। | |
| তরজমা | তাহারা ইহাতে স্থায়ী হইবে, তাহাদের শাস্তি লঘু করা হইবে না এবং তাহাদেরকে অবকাশও দেওয়া হইবে না। | |
| | اِلَّا الَّذِيْنَ تَابُوْا مِنْۢ بَعْدِ ذٰلِكَ وَاَصْلَحُوْا ۟ فَاِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٨٩﴾ | 89 |
| প্রতিবর্ণায়ন | ইল্লাল্লাযীনা তা-বূ মিম্ বা'দি যা-লিকা ওয়া আসলাহূ (قف) ফাইন্নাল্লা-হা গাফূরুর্ রাহীম। | |
| তরজমা | তবে ইহার পর যাহারা তওবা করে ও নিজেদেরকে সংশোধন করিয়া নেয় তাহারা ব্যতিরেকে। নিশ্চয়ই আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু। | |
| | اِنَّ الَّذِيْنَ كَفَرُوْا بَعْدَ اِيْمَانِهِمْ ثُمَّ ازْدَادُوْا كُفْرًا لَّنْ تُقْبَلَ تَوْبَتُهُمْ ۚ وَاُولٰٓئِكَ هُمُ الضَّآلُّوْنَ ﴿٩٠﴾ | 90 |
| প্রতিবর্ণায়ন | ইন্নাল্লাযীনা কাফারূ বা'দা ঈমা-নিহিম ছুম্মায্‌দা-দূ কুফরাল্লাং তুক্‌বালা তাওবাতুহুম (ج) ওয়া উলা~ইকা হুমুদ্ দা-~ললূন। | |
| তরজমা | ঈমান আনার পর যাহারা কুফরী করে এবং যাহাদের সত্য প্রত্যাখ্যান-প্রবৃত্তি বৃদ্ধি পাইতে থাকে তাহাদের তওবা কখনও কবূল হইবে না। ইহারাই পথভ্রষ্ট। | |
| | اِنَّ الَّذِيْنَ كَفَرُوْا وَمَاتُوْا وَهُمْ كُفَّارٌ فَلَنْ يُّقْبَلَ مِنْ اَحَدِهِمْ مِّلْءُ الْاَرْضِ ذَهَبًا وَّلَوِ افْتَدٰى بِهٖ ؕ اُولٰٓئِكَ لَهُمْ عَذَابٌ اَلِيْمٌ وَّمَا لَهُمْ مِّنْ نّٰصِرِيْنَ ﴿٩١﴾ | 91 |
| প্রতিবর্ণায়ন | ইন্নাল্লযীনা কাফারু ওয়ামা-তূ ওয়া হুম কুফ্‌ফা-রুং ফালাইঁ ইউক্‌বালা মিন আহাদিহিম মিলউল আর্‌দি যাহাবাওঁ ওয়ালাবিফ্‌তাদা-বিহী (ط) উলা~ইকা লাহুম 'আযা-বুন আলীমুওঁ ওয়ামা-লাহুম মিন্ না-সিরীন। | |
| তরজমা | যাহারা কুফরী করে এবং কাফিররূপে যাহাদের মৃত্যু ঘটে তাহাদের কাহারও নিকট হইতে পৃথিবীপূর্ণ স্বর্ণ বিনিময়স্বরূপ প্রদান করিলেও তাহা কখনও কবূল করা হইবে না। ইহারাই তাহারা যাহাদের জন্য মর্মন্তুদ শাস্তি রহিয়াছে ; ইহাদের কোন সাহায্যকারী নাই। | |
| | لَنْ تَنَالُوا الْبِرَّ حَتّٰى تُنْفِقُوْا مِمَّا تُحِبُّوْنَ ؕ وَمَا تُنْفِقُوْا مِنْ شَيْءٍ فَاِنَّ اللّٰهَ بِهٖ عَلِيْمٌ ﴿٩٢﴾ | 92 |
| প্রতিবর্ণায়ন | লাং তানা-লুল বিররা হাত্তা-তুংফিকূ মিম্মা-তুহিব্বূনা (ط) ওয়ামা-তুংফিকূ মিং শাইইং ফাইন্নাল্লা-হা বিহী 'আলীম। | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | তোমরা যাহা ভালবাস তাহা হইতে ব্যয় না করা পর্যন্ত তোমরা কখনও পুণ্য লাভ করিবে না। তোমরা যাহা কিছু ব্যয় কর আল্লাহ্ অবশ্যই সে সম্বন্ধে সবিশেষ অবহিত। | |
| | كُلُّ الطَّعَامِ كَانَ حِلًّا لِّبَنِيْٓ اِسْرَآءِيْلَ اِلَّا مَا حَرَّمَ اِسْرَآءِيْلُ عَلٰى نَفْسِهٖ مِنْ قَبْلِ اَنْ تُنَزَّلَ التَّوْرٰىةُ ؕ قُلْ فَاْتُوْا بِالتَّوْرٰىةِ فَاتْلُوْهَآ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿۹۳﴾ | 93 |
| *প্রতিবর্ণায়ন* | কুলুত্ত ্া‘আ-মি কা-না হি ্ল্লাল্ লিবানী˜ইছরা~ঈলা ইল্লা-মা-হ ্াররামা ইসরা~ঈলু ‘আলা-নাফছিহী মিং ক ্াবলি আং তুনাঝ্ঝালাত্ তাওরা-তু (ط) কু ্ল্ ফা’তূ বিত্তাওরা-তি ফাতলূহা˜ইং কুংতুম সা-দিকী ্ন। | |
| *তরজমা* | তাওরাত অবতীর্ণ হওয়ার পূর্বে ইসরাঈল নিজের জন্য যাহা হারাম করিয়াছিল তাহা ব্যতীত বনী ইস্‌রাঈলের জন্য যাবতীয় খাদ্যই হালাল ছিল। বল, ‘যদি তোমরা সত্যবাদী হও তবে তাওরাত আন এবং পাঠ কর।’ | |
| | فَمَنِ افْتَرٰى عَلَى اللّٰهِ الْكَذِبَ مِنْۢ بَعْدِ ذٰلِكَ فَاُولٰٓئِكَ هُمُ الظّٰلِمُوْنَ ﴿۹۴﴾ | 94 |
| *প্রতিবর্ণায়ন* | ফামানিফ্ তারা-‘আলাল্লা-হিল্ কাযি ্বা মিম্ বা‘দি য ্া-লিকা ফাউলা~ইকা হুমুজ্জ ্া-লিমূন। | |
| *তরজমা* | ইহার পরও যাহারা আল্লাহ্ সম্পর্কে মিথ্যা সৃষ্টি করে তাহারাই জালিম। | |
| | قُلْ صَدَقَ اللّٰهُ ۫ فَاتَّبِعُوْا مِلَّةَ اِبْرٰهِيْمَ حَنِيْفًا ؕ وَمَا كَانَ مِنَ الْمُشْرِكِيْنَ ﴿۹۵﴾ | 95 |
| *প্রতিবর্ণায়ন* | ক ্ুল্ সাদাক ্াল্লা-হু (قف) ফাত্তাবি‘ঊ মিল্লাতা ইবরা-হীমা হ ্ানীফাওঁ (ط) ওয়ামা-কা-না মিনাল্ মুশরিকীন। | |
| *তরজমা* | বল, ‘আল্লাহ্ সত্য বলিয়াছেন। সুতরাং তোমরা একনিষ্ঠ ইব্‌রাহীমের ধর্মাদর্শ অনুসরণ কর, সে মুশরিকদের অন্তর্ভুক্ত নহে।’ | |
| | اِنَّ اَوَّلَ بَيْتٍ وُّضِعَ لِلنَّاسِ لَلَّذِيْ بِبَكَّةَ مُبٰرَكًا وَّهُدًى لِّلْعٰلَمِيْنَ ﴿۹۶﴾ | 96 |
| *প্রতিবর্ণায়ন* | ইন্না আওওয়ালা বাইতিওঁ উদি ্‘আ লিন্না-ছি লাল্লায ্ী বিবাক্কাতা মুবা-রাকাওঁ ওয়াহুদাল লিল‘আ-লামীন। | |
| *তরজমা* | নিশ্চয়ই মানবজাতির জন্য সর্বপ্রথম যে গৃহ প্রতিষ্ঠিত হইয়াছিল তাহা তো বাক্কায়, উহা বরকতময় ও বিশ্বজগতের দিশারী। | |
| | فِيْهِ اٰيٰتٌۢ بَيِّنٰتٌ مَّقَامُ اِبْرٰهِيْمَ ۚ وَمَنْ دَخَلَهٗ كَانَ اٰمِنًا ؕ وَلِلّٰهِ عَلَى النَّاسِ حِجُّ الْبَيْتِ مَنِ اسْتَطَاعَ اِلَيْهِ سَبِيْلًا ؕ وَمَنْ كَفَرَ فَاِنَّ اللّٰهَ غَنِيٌّ عَنِ الْعٰلَمِيْنَ ﴿۹۷﴾ | 97 |

| | | |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ফীহি আ-য়া-তুম্ বাইয়িনা-তুম্ মাক া-মু ইবরা-হীমা (ج) ওয়া মাং দাখালাহু কা-না আ-মিনাওঁ (ط) ওয়ালিল্লা-হি 'আলান্না-ছি হি জ্জুল বাইতি মানিছ্তাত া-'আ ইলাইহি ছাবীলাওঁ (ط) ওয়া মাং কাফারা ফাইন্নাল্লা-হা গানিইয়ুন 'আনিল 'আ-লামীন। | |
| *তরজমা* | উহাতে অনেক সুস্পষ্ট নিদর্শন আছে, যেমন মাকামে ইব্‌রাহীম। আর যে কেহ সেখানে প্রবেশ করে সে নিরাপদ। মানুষের মধ্যে যাহার সেখানে যাওয়ার সামর্থ্য আছে, আল্লাহ্‌র উদ্দেশ্যে ঐ গৃহের হজ্জ করা তাহার অবশ্যকর্তব্য। এবং কেহ প্রত্যাখ্যান করিলে সে জানিয়া রাখুক, নিশ্চয়ই আল্লাহ্ বিশ্বজগতের মুখাপেক্ষী নন। | |
| | قُلْ يَٰٓأَهْلَ ٱلْكِتَٰبِ لِمَ تَكْفُرُونَ بِـَٔايَٰتِ ٱللَّهِ وَٱللَّهُ شَهِيدٌ عَلَىٰ مَا تَعْمَلُونَ ﴿٩٨﴾ | **98** |
| *প্রতিবর্ণায়ন* | কু ল ইয়া~আহলাল কিতা-বি লিমা তাকফুরূনা বিআ-য়া-তিল্লা-হি (ق) ওয়াল্লা-হু শাহীদুন 'আলা-মা-তা'মালূন। | |
| *তরজমা* | বল, 'হে কিতাবীগণ ! তোমরা আল্লাহ্‌র নিদর্শনকে কেন প্রত্যাখ্যান কর ? তোমরা যাহা কর আল্লাহ্ উহার সাক্ষী।' | |
| | قُلْ يَٰٓأَهْلَ ٱلْكِتَٰبِ لِمَ تَصُدُّونَ عَن سَبِيلِ ٱللَّهِ مَنْ ءَامَنَ تَبْغُونَهَا عِوَجًا وَأَنتُمْ شُهَدَآءُ ۗ وَمَا ٱللَّهُ بِغَٰفِلٍ عَمَّا تَعْمَلُونَ ﴿٩٩﴾ | **99** |
| *প্রতিবর্ণায়ন* | কু ল ইয়া~আহলাল কিতা-বি লিমা তাসুদ্দূনা 'আং ছাবীলিল্লা-হি মান আ-মানা তাবগূনাহা 'ইওয়াজাওঁ ওয়া আংতুম শুহাদা~উ (ط) ওয়ামাল্লা-হু বিগা-ফিলিন 'আম্মা-তা'মালূন। | |
| *তরজমা* | বল, 'হে কিতাবীগণ! যে ব্যক্তি ঈমান আনিয়াছে তাহাকে কেন আল্লাহ্‌র পথে বাধা দিতেছ, উহাতে বক্রতা অন্বেষণ করিয়া ? অথচ তোমরা সাক্ষী। তোমরা যাহা কর, আল্লাহ্ সে সম্বন্ধে অনবহিত নন।' | |
| | يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُوٓا۟ إِن تُطِيعُوا۟ فَرِيقًا مِّنَ ٱلَّذِينَ أُوتُوا۟ ٱلْكِتَٰبَ يَرُدُّوكُم بَعْدَ إِيمَٰنِكُمْ كَٰفِرِينَ ﴿١٠٠﴾ | **100** |
| *প্রতিবর্ণায়ন* | ইয়া~আইয়ুহাল্লায ীনা আ-মানূ~ ইং তুত ী'উ ফারীক াম মিনাল্লায ীনা উতুল কিতা-বা ইয়ারুদ্দূকুম বা'দা ঈমা-নিকুম কা-ফিরীন। | |
| *তরজমা* | হে মু'মিনগণ ! যাহাদেরকে কিতাব দেওয়া হইয়াছে, তোমরা যদি তাহাদের দলবিশেষের আনুগত্য কর, তবে তাহারা তোমাদেরকে ঈমান আনার পর আবার কাফির বানাইয়া ছাড়িবে। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | وَكَيْفَ تَكْفُرُوْنَ وَاَنْتُمْ تُتْلٰى عَلَيْكُمْ اٰيٰتُ اللّٰهِ وَفِيْكُمْ رَسُوْلُهٗ ؕ وَمَنْ يَّعْتَصِمْ بِاللّٰهِ فَقَدْ هُدِىَ اِلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿١٠١﴾ | **101** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া কাইফা তাকফুরূনা ওয়া আংতুম তুতলা–‘আলাইকুম আ–য়া–তুল্লা–হি ওয়া ফীকুম রাসূলুহু (ط) ওয়া মাইঁ ইয়া‘তাসিম বিল্লা–হি ফাক ˙াদ হুদিয়া ইলা–সিরা–তি ˙ মুছতাক ˙ীম। | |
| *তরজমা* | কিরূপে তোমরা সত্য প্রত্যাখ্যান করিবে যখন আল্লাহ্‌র আয়াতসমূহ তোমাদের নিকট পঠিত হয় এবং তোমাদের মধ্যে তাঁহার রাসূল রহিয়াছে ? কেহ আল্লাহ্‌কে দৃঢ়ভাবে অবলম্বন করিলে সে অবশ্যই সরল পথে পরিচালিত হইবে। | |
| | يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اتَّقُوا اللّٰهَ حَقَّ تُقٰتِهٖ وَلَا تَمُوْتُنَّ اِلَّا وَاَنْتُمْ مُّسْلِمُوْنَ ﴿١٠٢﴾ | **102** |
| *প্রতিবর্ণায়ন* | ইয়া ˜আইয়ুহাল্লায ˙ীনা আ-মানুত্তাকু ˙ল্লা–হা হ ˙াক্ক ˙া তুক ˙া–তিহী ওয়ালা–তামূতুন্না ইল্লা–ওয়া আংতুম মুছলিমূন। | |
| *তরজমা* | হে মু’মিনগণ! তোমরা আল্লাহ্‌কে যথার্থভাবে ভয় কর এবং তোমরা আত্মসমর্পণকারী না হইয়া কোন অবস্থায় মৃত্যুবরণ করিও না। | |
| | وَاعْتَصِمُوْا بِحَبْلِ اللّٰهِ جَمِيْعًا وَّلَا تَفَرَّقُوْا ۪ وَاذْكُرُوْا نِعْمَتَ اللّٰهِ عَلَيْكُمْ اِذْ كُنْتُمْ اَعْدَآءً فَاَلَّفَ بَيْنَ قُلُوْبِكُمْ فَاَصْبَحْتُمْ بِنِعْمَتِهٖۤ اِخْوَانًا ۚ وَكُنْتُمْ عَلٰى شَفَا حُفْرَةٍ مِّنَ النَّارِ فَاَنْقَذَكُمْ مِّنْهَا ؕ كَذٰلِكَ يُبَيِّنُ اللّٰهُ لَكُمْ اٰيٰتِهٖ لَعَلَّكُمْ تَهْتَدُوْنَ ﴿١٠٣﴾ | **103** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া‘তাসিমূ বিহ ˙াবলিল্লা–হি জামী‘আওঁ ওয়ালা– তাফার্‌রাকূ ˙ (ص) ওয়ায ˙কুরূ নি‘মাতাল্লা–হি ‘আলাইকুম ইয ˙কুংতুম আ‘দা~আং ফাআল্লাফা বাইনা কু ˙লূবিকুম ফাআসবাহ ˙তুম বিনি‘মাতিহী˜ ইখওয়া–নাওঁ (ج) ওয়া কুংতুম ‘আলা–শাফা হু ˙ফ্‌রাতিম্‌ মিনান্না–রি ফাআংক ˙ায ˙াকুম মিন্‌হা– (ط)কায ˙া–লিকা ইউবাইয়িনুল্লা–হু লাকুম আ–য়া–তিহী লা‘আল্লাকুম তাহতাদূন। | |
| *তরজমা* | তোমরা সকলে আল্লাহ্‌র রজ্জু দৃঢ়ভাবে ধর এবং পরস্পর বিচ্ছিন্ন হইও না। তোমাদের প্রতি আল্লাহ্‌র অনুগ্রহ স্মরণ কর : তোমরা ছিলে পরস্পর শত্রু এবং তিনি তোমাদের হৃদয়ে প্রীতির সঞ্চার করেন, ফলে তাঁহার অনুগ্রহে তোমরা পরস্পর ভাই হইয়া গেলে। তোমরা তো অগ্নিকুণ্ডের প্রান্তে ছিলে, আল্লাহ্‌ উহা হইতে তোমাদের রক্ষা করিয়াছেন। এইরূপে আল্লাহ্‌ তোমাদের জন্য তাঁহার নিদর্শনসমূহ স্পষ্টভাবে বিবৃত করেন যাহাতে তোমরা সৎপথ পাইতে পার। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | وَلْتَكُن مِّنكُمْ أُمَّةٌ يَدْعُونَ إِلَى الْخَيْرِ وَيَأْمُرُونَ بِالْمَعْرُوفِ وَيَنْهَوْنَ عَنِ الْمُنكَرِ ۚ وَأُولَٰئِكَ هُمُ الْمُفْلِحُونَ ١٠٤ | **104** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালতাকুম মিংকুম উম্মাতুইঁ ইয়াদ‘উনা ইলাল খাইরি ওয়াইয়া’মুরূনা বিলমা‘রূফি ওয়া ইয়ানহাওনা ‘আনিল মুংকারি (ط) ওয়া উলা~ইকা হুমুল মুফলিহূ ন। | |
| *তরজমা* | তোমাদের মধ্যে এমন একদল হউক যাহারা কল্যাণের দিকে আহ্বান করিবে এবং সৎকর্মের নির্দেশ দিবে ও অসৎকর্মে নিষেধ করিবে; ইহারাই সফলকাম। | |
| | وَلَا تَكُونُوا كَالَّذِينَ تَفَرَّقُوا وَاخْتَلَفُوا مِن بَعْدِ مَا جَاءَهُمُ الْبَيِّنَاتُ ۚ وَأُولَٰئِكَ لَهُمْ عَذَابٌ عَظِيمٌ ١٠٥ | **105** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালা-তাকূনূ কাল্লায ীনা তাফার্‌রাকূ ওয়াখতালাফূ মিম্ বা‘দি মা-জা~আহুমুল বাইয়িনা-তু (ط) ওয়া উলা~ইকা লাহুম ‘আয া-বুন ‘আজ ীম। | |
| *তরজমা* | তোমরা তাহাদের মত হইও না যাহারা তাহাদের নিকট স্পষ্ট নিদর্শন আসিবার পর বিচ্ছিন্ন হইয়াছে ও নিজেদের মধ্যে মতান্তর সৃষ্টি করিয়াছে। তাহাদের জন্য মহাশাস্তি রহিয়াছে। | |
| | يَوْمَ تَبْيَضُّ وُجُوهٌ وَتَسْوَدُّ وُجُوهٌ ۚ فَأَمَّا الَّذِينَ اسْوَدَّتْ وُجُوهُهُمْ أَكَفَرْتُم بَعْدَ إِيمَانِكُمْ فَذُوقُوا الْعَذَابَ بِمَا كُنتُمْ تَكْفُرُونَ ١٠٦ | **106** |
| *প্রতিবর্ণায়ন* | ইয়াওমা তাবইয়াদ্দু উজূহুওঁ ওয়া তাছওয়াদ্দু উজূহুং (ج) ফাআম্মাল্লায ী নাছ্‌ওয়াদ্দাত্ উজূহুহুম (قف) আকাফারতুম বা‘দা ঈমা-নিকুম ফাযূ ক ূল ‘আয া-বা বিমা-কুংতুম তাকফুরূন। | |
| *তরজমা* | সেদিন কতক মুখ উজ্জ্বল হইবে এবং কতক মুখ কাল হইবে; যাহাদের মুখ কাল হইবে তাহাদেরকে বলা হইবে, ‘ঈমান আনয়নের পর কি তোমরা কুফরী করিয়াছিলে? সুতরাং তোমরা শাস্তি ভোগ কর, যেহেতু তোমরা কুফরী করিতে।’ | |
| | وَأَمَّا الَّذِينَ ابْيَضَّتْ وُجُوهُهُمْ فَفِي رَحْمَةِ اللَّهِ ۖ هُمْ فِيهَا خَالِدُونَ ١٠٧ | **107** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আম্মাল্লায ীনাব ইয়াদ্দ াত উজূহুহুম, ফাফী রাহ মাতিল্লা-হি (ط) হুম ফীহা- খা-লিদূন। | |
| *তরজমা* | আর যাহাদের মুখ উজ্জ্বল হইবে তাহারা আল্লাহ্‌র অনুগ্রহে থাকিবে, সেখানে তাহারা স্থায়ী হইবে। | |
| | تِلْكَ آيَاتُ اللَّهِ نَتْلُوهَا عَلَيْكَ بِالْحَقِّ ۗ وَمَا اللَّهُ يُرِيدُ ظُلْمًا لِّلْعَالَمِينَ ١٠٨ | **108** |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | তিলকা আ–য়া–তুল্লা–হি নাতলূহা–‘আলাইকা বিলহ াক্কি (ط) ওয়ামাল্লা–হু ইউরীদু জু লমাল্ লিল‘আ–লামীন। | |
| *তরজমা* | এইগুলি আল্লাহ্‌র আয়াত, তোমার নিকট যথাযথভাবে তিলাওয়াত করিতেছি। আল্লাহ্ বিশ্বজগতের প্রতি জুলুম করিতে চান না। | |
| | وَلِلّٰهِ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ۚ وَاِلَى اللّٰهِ تُرْجَعُ الْاُمُوْرُ ﴿١٠٩﴾ | **109** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালিল্লা–হি মা–ফিছ্ ছামা–ওয়া–তি ওয়ামা–ফিল আরদি (ط) ওয়া ইলাল্লা–হি তুরজ‘উল উমূর। | |
| *তরজমা* | আসমানে যাহা কিছু আছে ও যমীনে যাহা কিছু আছে সব আল্লাহ্‌রই; আল্লাহ্‌র নিকটই সব কিছু প্রত্যানীত হইবে। | |
| | كُنْتُمْ خَيْرَ اُمَّةٍ اُخْرِجَتْ لِلنَّاسِ تَاْمُرُوْنَ بِالْمَعْرُوْفِ وَتَنْهَوْنَ عَنِ الْمُنْكَرِ وَتُؤْمِنُوْنَ بِاللّٰهِ ۗ وَلَوْ اٰمَنَ اَهْلُ الْكِتٰبِ لَكَانَ خَيْرًا لَّهُمْ ۗ مِنْهُمُ الْمُؤْمِنُوْنَ وَاَكْثَرُهُمُ الْفٰسِقُوْنَ ﴿١١٠﴾ | **110** |
| *প্রতিবর্ণায়ন* | কুংতুম খাইরা উম্মাতিন উখরিজাত লিন্না–ছি তা’মুরূনা বিলমা‘রূফি ওয়াতানহাওনা ‘আনিল মুংকারি ওয়া তু’মিনূনা বিল্লা–হি (ط) ওয়া লাও আ–মানা আহলুল কিতা–বি লাকা–না খাইরাল্লাহুম (ط) মিনহুমুল মু’মিনূনা ওয়া আকছ ারুহুমুল ফা–ছিক্ ন। | |
| *তরজমা* | তোমরাই শ্রেষ্ঠ উম্মত, মানবজাতির জন্য তোমাদের আবির্ভাব হইয়াছে; তোমরা সৎকাজের নির্দেশ দান কর, অসৎকাজে নিষেধ কর এবং আল্লাহর উপর বিশ্বাস কর। কিতাবীগণ যদি ঈমান আনিত তবে তাহাদের জন্য ভাল হইত। তাহাদের মধ্যে কিছুসংখ্যক মু’মিন আছে; কিন্তু তাহাদের অধিকাংশ সত্যত্যাগী। | |
| | لَنْ يَّضُرُّوْكُمْ اِلَّآ اَذًى ۗ وَاِنْ يُّقَاتِلُوْكُمْ يُوَلُّوْكُمُ الْاَدْبَارَ ۟ ثُمَّ لَا يُنْصَرُوْنَ ﴿١١١﴾ | **111** |
| *প্রতিবর্ণায়ন* | লাইঁ ইয়াদু র্রূকুম ইল্লা ˜আয াওঁ (ط) ওয়া ইয়ঁ ইউক া–তিলূকুম ইউওয়াল্লূকুমুল আদবা–রা (قف) ছু ম্মা লা–ইউংসারূন। | |
| *তরজমা* | সামান্য ক্লেশ দেওয়া ছাড়া তাহারা তোমাদের কোন ক্ষতি করিতে পারিবে না। যদি তাহারা তোমাদের সঙ্গে যুদ্ধ করে তবে তাহারা পৃষ্ঠপ্রদর্শন করিবে; অতঃপর তাহারা সাহায্যপ্রাপ্ত হইবে না। | |
| | ضُرِبَتْ عَلَيْهِمُ الذِّلَّةُ اَيْنَ مَا ثُقِفُوْٓا اِلَّا بِحَبْلٍ مِّنَ اللّٰهِ وَحَبْلٍ مِّنَ النَّاسِ وَبَآءُوْ بِغَضَبٍ مِّنَ اللّٰهِ وَضُرِبَتْ عَلَيْهِمُ الْمَسْكَنَةُ ۗ ذٰلِكَ بِاَنَّهُمْ كَانُوْا يَكْفُرُوْنَ بِاٰيٰتِ اللّٰهِ وَيَقْتُلُوْنَ الْاَنْۢبِيَآءَ بِغَيْرِ حَقٍّ ۗ ذٰلِكَ بِمَا عَصَوْا وَّكَانُوْا يَعْتَدُوْنَ ﴿١١٢﴾ | **112** |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | দু˙রিবাত 'আলাইহিমুয্˙যি˙ল্লাতু আইনা মা-ছু˙কি˙ফূ ইল্লা-বিহ˙াবলিম মিনাল্লা-হি ওয়াহ˙াবলিম মিনান্না-ছি ওয়া বা~উ বিগাদ˙াবিম্ মিনাল্লা-হি ওয়া দু˙রিবাত 'আলাইহিমুল মাছকানাতু (قف) য˙া-লিকা বিআন্নাহুম কানূ ইয়াকফুরূনা বিআ-য়া-তিল্লাহি ওয়াকতুলূনাল আম্বিয়াআ বিগাইরিল হ˙াক্কি (ط) য˙ালিকা বিমা য˙া-লিকা বিমা-'আসাওওয়া কা-নূ ইয়া'তাদূন। | |
| *তরজমা* | আল্লাহ্‌র প্রতিশ্রুতি ও মানুষের প্রতিশ্রুতির বাহিরে যেখানেই তাহাদের পাওয়া গিয়াছে সেখানেই তাহারা লাঞ্ছিত হইয়াছে। তাহারা আল্লাহ্‌র ক্রোধের পাত্র হইয়াছে এবং হীনতাগ্রস্ত হইয়াছে। ইহা এইহেতু যে, তাহারা আল্লাহ্‌র আয়াতসমূহ প্রত্যাখ্যান করিত এবং অন্যায়ভাবে নবীগণকে হত্যা করিত; ইহা এইজন্য যে, তাহারা অবাধ্য হইয়াছিল এবং সীমালংঘন করিত। | |
| | لَيْسُوْا سَوَآءً ؕ مِنْ اَهْلِ الْكِتٰبِ اُمَّةٌ قَآئِمَةٌ يَّتْلُوْنَ اٰيٰتِ اللّٰهِ اٰنَآءَ الَّيْلِ وَهُمْ يَسْجُدُوْنَ ﴿۱۱۳﴾ | **113** |
| *প্রতিবর্ণায়ন* | লাইছূ ছাওয়া~আম্; মিন আহলিল কিতা-বি উম্মাতুং ক˙া~ইমাতুইঁ ইয়াতলূনা আ- য়া - তিল্লা হি আ-না~আল্লাইলি ওয়াহুম ইয়াছজুদূন। | |
| *তরজমা* | তাহারা সকলে এক রকম নয়। কিতাবীদের মধ্যে অবিচলিত একদল আছে ; তাহারা রাত্রিকালে আল্লাহ্‌র আয়াতসমূহ তিলাওয়াত করে এবং সিজ্‌দা করে। | |
| | يُؤْمِنُوْنَ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ وَيَاْمُرُوْنَ بِالْمَعْرُوْفِ وَيَنْهَوْنَ عَنِ الْمُنْكَرِ وَيُسَارِعُوْنَ فِي الْخَيْرٰتِ ؕ وَ اُولٰٓئِكَ مِنَ الصّٰلِحِيْنَ ﴿۱۱۴﴾ | **114** |
| *প্রতিবর্ণায়ন* | ইউ'মিনূনা বিল্লা-হি ওয়াল ইয়াওমিল আ-খিরি ওয়া ইয়া'মুরূনা বিলমা'রূফি ওয়াইয়ানহাওনা 'আনিল মুংকারি ওয়া ইউছা-রি'ঊনা ফিল খাইরা-তি (ط) ওয়া উলা~ইকা মিনাস্‌সা-লিহী˙ন। | |
| *তরজমা* | তাহারা আল্লাহ্ এবং শেষ দিনে বিশ্বাস করে, সৎকাজের নির্দেশ দেয়, অসৎকাজে নিষেধ করে এবং তাহারা কল্যাণকর কাজে প্রতিযোগিতা করে। তাহারাই সজ্জনদের অন্তর্ভুক্ত। | |
| | وَمَا يَفْعَلُوْا مِنْ خَيْرٍ فَلَنْ يُّكْفَرُوْهُ ؕ وَاللّٰهُ عَلِيْمٌۢ بِالْمُتَّقِيْنَ ﴿۱۱۵﴾ | **115** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা- ইয়াফ'আলূ মিন খাইরিং ফালাইঁ ইউক্‌ফারূহু (ط) ওল্লাহু আলীমুম বিলমুত্তাক˙ীন। | |
| *তরজমা* | উত্তম কাজের যাহা কিছু তাহারা করে তাহা হইতে তাহাদের কখনও বঞ্চিত করা হইবে না। আল্লাহ্ মুত্তাকীদের সম্বন্ধে সবিশেষ অবহিত। | |

| | إِنَّ الَّذِينَ كَفَرُوا لَنْ تُغْنِيَ عَنْهُمْ أَمْوَالُهُمْ وَلَا أَوْلَادُهُمْ مِنَ اللَّهِ شَيْئًا ۖ وَأُولَٰئِكَ أَصْحَابُ النَّارِ ۚ هُمْ فِيهَا خَالِدُونَ ﴿١١٦﴾ | **116** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাল্লায ীনা কাফারূ লাং তুগনিয়া ‘আনহুম আমওয়া–লুহুম ওয়ালা– আওলা–দুহুম মিনাল্লা–হি শাইআওঁ (ط) ওয়া উলা~ইকা আসহ া–বুন্না–রি (ج) হুম ফীহা–খা–লিদূন। | |
| *তরজমা* | যাহারা কুফরী করে তাহাদের ধনৈশ্বর্য ও সন্তান-সন্ততি আল্লাহ্‌র নিকট কখনও কোন কাজে আসিবে না। তাহারাই দোজখবাসী, সেখানে তাহারা স্থায়ী হইবে। | |
| | مَثَلُ مَا يُنْفِقُونَ فِي هَٰذِهِ الْحَيَاةِ الدُّنْيَا كَمَثَلِ رِيحٍ فِيهَا صِرٌّ أَصَابَتْ حَرْثَ قَوْمٍ ظَلَمُوا أَنْفُسَهُمْ فَأَهْلَكَتْهُ ۚ وَمَا ظَلَمَهُمُ اللَّهُ وَلَٰكِنْ أَنْفُسَهُمْ يَظْلِمُونَ ﴿١١٧﴾ | **117** |
| *প্রতিবর্ণায়ন* | মাছ ালু মা–ইউংফিকূ না ফী হা–যি হিল হ ায়া–তিদ্দুন্‌ইয়া–কামাছ ালি রীহি ং ফীহা–সির্‌রুন আসা–বাত হ ারছ া ক াওমিং জ ালামু–আংফুছাহুম ফাআহ্‌লাকাত্‌হু (ط) ওয়ামা–জ ালামাহুমুল্লা–হু ওয়ালা–কিন আংফুছাহুম ইয়াজ লিমূন। | |
| *তরজমা* | এই পার্থিব জীবনে যাহা তাহারা ব্যয় করে তাহার দৃষ্টান্ত হিমশীতল বায়ু, উহা যে জাতি নিজেদের প্রতি জুলুম করিয়াছে তাহাদের শস্যক্ষেত্রকে আঘাত করে ও বিনষ্ট করে। আল্লাহ্‌ তাহাদের প্রতি কোন জুলুম করেন নাই, তাহারাই নিজেদের প্রতি জুলুম করে। | |
| | يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا بِطَانَةً مِنْ دُونِكُمْ لَا يَأْلُونَكُمْ خَبَالًا وَدُّوا مَا عَنِتُّمْ قَدْ بَدَتِ الْبَغْضَاءُ مِنْ أَفْوَاهِهِمْ وَمَا تُخْفِي صُدُورُهُمْ أَكْبَرُ ۚ قَدْ بَيَّنَّا لَكُمُ الْآيَاتِ ۖ إِنْ كُنْتُمْ تَعْقِلُونَ ﴿١١٨﴾ | **118** |
| *প্রতিবর্ণায়ন* | ইয়া~আইয়ুহাল্লায ীনা আ–মানূ লা–তাত্তাখিযূ বিত া–নাতাম্‌ মিং দূনিকুম লা–ইয়া’লূনাকুম খাবা–লাওঁ (ط) ওয়াদ্দূ মা–‘আনিত্তুম (ج) ক াদ্‌ বাদাতিল বাগদ া~উ মিন আফওয়া–হিহিম (ج) ওয়ামা–তুখফী সুদূরুহুম আকবার (ط) ক াদ বাইইয়ান্না– লাকুমুল আ–য়া–তি ইং কুংতুম তা‘কি লূন। | |
| *তরজমা* | হে মু’মিনগণ ! তোমাদের আপনজন ব্যতীত অপর কাহাকেও অন্তরঙ্গ বন্ধুরূপে গ্রহণ করিও না। তাহারা তোমাদের অনিষ্ট করিতে ত্রুটি করিবে না ; যাহা তোমাদের বিপন্ন করে তাহাই তাহারা কামনা করে। তাহাদের মুখে বিদ্বেষ প্রকাশ পায় এবং তাহাদের হৃদয় যাহা গোপন রাখে তাহা আরও গুরুতর। তোমাদের জন্য নিদর্শনসমূহ বিশদভাবে বিবৃত করিয়াছি, যদি তোমরা অনুধাবন কর। | |

| | هٰٓاَنْتُمْ اُولَآءِ تُحِبُّوْنَهُمْ وَلَا يُحِبُّوْنَكُمْ وَتُؤْمِنُوْنَ بِالْكِتٰبِ كُلِّهٖ ۚ وَاِذَا لَقُوْكُمْ قَالُوْٓا اٰمَنَّا ۖ وَاِذَا خَلَوْا عَضُّوْا عَلَيْكُمُ الْاَنَامِلَ مِنَ الْغَيْظِ ؕ قُلْ مُوْتُوْا بِغَيْظِكُمْ ؕ اِنَّ اللّٰهَ عَلِيْمٌۢ بِذَاتِ الصُّدُوْرِ ﴿١١٩﴾ | **119** |
| *প্রতিবর্ণায়ন* | হা~আংতুম উলা~ই তুহি ব্বূনাহুম ওয়ালা ইউহি ব্বূনাকুম ওয়া তু'মিনূনা বিলকিতা-বি কুল্লিহী (ج) ওয়া ইযা-লাকূ কুম কা-লূ ~আ-মান্না- (ج) ওয়া ইযা-খালাও 'আদ্দূ 'আলাইকুমুল আনা-মিলা মিনাল্ গাইজি (ط) কু ল মূতূ বি্গাইজি কুম (ط) ইন্নাল্লা-হা 'আলীমুম্ বিযা-তিস্ সুদূর। | |
| *তরজমা* | দেখ, তোমরাই তাহাদের ভালবাস কিন্তু তাহারা তোমাদের ভালবাসে না অথচ তোমরা সমস্ত কিতাবে ঈমান রাখ আর তাহারা যখন তোমাদের সংস্পর্শে আসে তখন বলে, 'আমরা বিশ্বাস করি ; কিন্তু তাহারা যখন একান্তে মিলিত হয় তখন তোমাদের প্রতি আক্রোশে তাহারা নিজেদের অঙ্গুলির অগ্রভাগ দাঁতে কাটিয়া থাকে। বল, 'তোমাদের আক্রোশেই তোমরা মর।' অন্তরে যাহা রহিয়াছে সে সম্বন্ধে আল্লাহ্ সবিশেষ অবহিত। | |
| | اِنْ تَمْسَسْكُمْ حَسَنَةٌ تَسُؤْهُمْ ۫ وَاِنْ تُصِبْكُمْ سَيِّئَةٌ يَّفْرَحُوْا بِهَا ؕ وَاِنْ تَصْبِرُوْا وَتَتَّقُوْا لَا يَضُرُّكُمْ كَيْدُهُمْ شَيْـًٔا ؕ اِنَّ اللّٰهَ بِمَا يَعْمَلُوْنَ مُحِيْطٌ ﴿١٢٠﴾ | **120** |
| *প্রতিবর্ণায়ন* | ইং তামছাছকুম হাছানাতুং তাছু'হুম (ز) ওয়া ইং তুসিবকুম ছাইয়িআতুইঁ ইয়াফরাহূ বিহা- (ط) ওয়া ইং তাসবিরূ ওয়া তাত্তাকূ লা-ইয়াদু ররুকুম কাইদুহুম শাইআন (ط) ইন্নাল্লা-হা বিমা-ইয়া'মালূনা মুহীত। | |
| *তরজমা* | তোমাদের মঙ্গল হইলে উহা তাহাদেরকে কষ্ট দেয় আর তোমাদের অমঙ্গল হইলে তাহারা উহাতে আনন্দিত হয়। তোমরা যদি ধৈর্যশীল হও এবং মুত্তাকী হও তবে তাহাদের ষড়যন্ত্র তোমাদের কিছুই ক্ষতি করিতে পারিবে না। তাহারা যাহা করে নিশ্চয়ই আল্লাহ্ তাহা পরিবেষ্টন করিয়া রহিয়াছেন। | |
| | وَاِذْ غَدَوْتَ مِنْ اَهْلِكَ تُبَوِّئُ الْمُؤْمِنِيْنَ مَقَاعِدَ لِلْقِتَالِ ؕ وَاللّٰهُ سَمِيْعٌ عَلِيْمٌ ﴿١٢١﴾ | **121** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয গাদাওতা মিন আহলিকা তুবাওবি উল মু'মিনীনা মাকা-'ইদা লিলকিতা-লি (ط) ওয়াল্লা-হু ছামী'উন 'আলীম। | |
| *তরজমা* | স্মরণ কর, যখন তুমি তোমার পরিজনবর্গের নিকট হইতে প্রত্যূষে বাহির হইয়া যুদ্ধের জন্য মু'মিনগণকে ঘাঁটিতে বিন্যস্ত করিতেছিলে এবং আল্লাহ্ সর্বশ্রোতা, সর্বজ্ঞ। | |
| | اِذْ هَمَّتْ طَّآئِفَتٰنِ مِنْكُمْ اَنْ تَفْشَلَا ۙ وَاللّٰهُ وَلِيُّهُمَا ؕ وَعَلَى اللّٰهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُوْنَ ﴿١٢٢﴾ | **122** |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ইয ̇ হাম্মাত ত ̇া~ইফাতা-নি মিংকুম আং তাফশালা- (ا) ওয়াল্লা-হু ওয়ালিইয়ুহুমা- (ط) ওয়া ‘আলাল্লা-হি ফালইয়াতাওয়াক্কালিল মু’মিনূন। | |
| *তরজমা* | যখন তোমাদের মধ্যে দুই দলের সাহস হারাইবার উপক্রম হইয়াছিল অথচ আল্লাহ্ উভয়ের বন্ধু ছিলেন, আল্লাহ্‌র প্রতিই যেন মু’মিনগণ নির্ভর করে। | |
| | وَلَقَدْ نَصَرَكُمُ اللّٰهُ بِبَدْرٍ وَّاَنْتُمْ اَذِلَّةٌ ۚ فَاتَّقُوا اللّٰهَ لَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ﴿١٢٣﴾ | 123 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাক ̇াদ নাসারাকুমুল্লা-হু বিবাদরিওঁ ওয়া আংতুম আযি ̇ ল্লাতুং (ج) ফাত্তাকু ̇ ল্লা-হা লা‘আল্লাকুম তাশকুরূন। | |
| *তরজমা* | আর বদরের যুদ্ধে যখন তোমরা হীনবল ছিলে আল্লাহ্ তো তোমাদের সাহায্য করিয়াছিলেন। সুতরাং তোমরা আল্লাহ্‌কে ভয় কর, যাহাতে তোমরা কৃতজ্ঞ হইতে পার। | |
| | اِذْ تَقُوْلُ لِلْمُؤْمِنِيْنَ اَلَنْ يَّكْفِيَكُمْ اَنْ يُّمِدَّكُمْ رَبُّكُمْ بِثَلٰثَةِ اٰلٰفٍ مِّنَ الْمَلٰٓئِكَةِ مُنْزَلِيْنَ ﴿١٢٤﴾ | 124 |
| *প্রতিবর্ণায়ন* | ইয ̇ তাকূ ̇ লু লিলমু’মিনীনা আলাইঁ ইয়াক্‌ফিয়াকুম আইঁ ইউমিদ্দাকুম রাব্বুকুম বিছ ̇ালা-ছ ̇াতি আ-লা-ফিম মিনাল মালা~ইকাতি মুংঝালীন। | |
| *তরজমা* | স্মরণ কর, যখন তুমি মু’মিনগণকে বলিতেছিলে, ‘ইহা কি তোমাদের জন্য যথেষ্ট নয় যে, তোমাদের প্রতিপালক-প্রেরিত তিন সহস্র ফিরিশ্‌তা দ্বারা তোমাদেরকে সহায়তা করিবেন ?’ | |
| | بَلٰٓى ۙ اِنْ تَصْبِرُوْا وَتَتَّقُوْا وَيَاْتُوْكُمْ مِّنْ فَوْرِهِمْ هٰذَا يُمْدِدْكُمْ رَبُّكُمْ بِخَمْسَةِ اٰلٰفٍ مِّنَ الْمَلٰٓئِكَةِ مُسَوِّمِيْنَ ﴿١٢٥﴾ | 125 |
| *প্রতিবর্ণায়ন* | বালা~ (ا) ইং তাসবিরু ওয়া তাত্তাকূ ̇ ওয়া ইয়া’তূকুম মিং ফাওরিহিম হা-য ̇া- ইউম্‌দিদকুম রাব্বুকুম বিখামছাতি আ-লা-ফিম্ মিনাল মালা~ইকাতি মুছাওবি ̇ মীন। | |
| *তরজমা* | হ্যাঁ, নিশ্চয়, যদি তোমরা ধৈর্য ধারণ কর এবং সাবধান হইয়া চল, তবে তাহারা দ্রুতগতিতে তোমাদের উপর আক্রমণ করিলে আল্লাহ্ পাঁচ সহস্র চিহ্নিত ফিরিশ্‌তা দ্বারা তোমাদের সাহায্য করিবেন। | |
| | وَمَا جَعَلَهُ اللّٰهُ اِلَّا بُشْرٰى لَكُمْ وَلِتَطْمَئِنَّ قُلُوْبُكُمْ بِهٖ ؕ وَمَا النَّصْرُ اِلَّا مِنْ عِنْدِ اللّٰهِ الْعَزِيْزِ الْحَكِيْمِ ﴿١٢٦﴾ | 126 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা-জা‘আলাহুল্লা-হু ইল্লা-বুশরা-লাকুম ওয়া লিতাত ̇ মাইন্না কু ̇ লূবুকুম বিহী (ط) ওয়ামান্নাসরু ইল্লা-মিন ‘ইংদিল্লা-হিল্ ‘আঝীঝিল হ ̇াকীম। | |
| *তরজমা* | ইহা তো আল্লাহ্ তোমাদের জন্য শুধু সুসংবাদ ও তোমাদের চিত্ত-প্রশান্তির জন্য করিয়াছেন এবং সাহায্য তো শুধু পরাক্রান্ত, প্রজ্ঞাময় আল্লাহ্‌র নিকট হইতেই হয়, | |

|  | لِيَقْطَعَ طَرَفًا مِّنَ الَّذِينَ كَفَرُوٓا۟ أَوْ يَكْبِتَهُمْ فَيَنقَلِبُوا۟ خَآئِبِينَ ﴿١٢٧﴾ | **127** |
| *প্রতিবর্ণায়ন* | লিইয়াক্‌ত'আ ত'রাফাম্ মিনাল্লাযীনা কাফারূ আও ইয়াক্‌বিতাহুম ফাইয়াংকালিবূ খা~ইবীন। |  |
| *তরজমা* | কাফিরদের এক অংশকে নিশ্চিহ্ন করার জন্য অথবা লাঞ্ছিত করার জন্য; ফলে তাহারা নিরাশ হইয়া ফিরিয়া যায়। |  |
|  | لَيْسَ لَكَ مِنَ الْأَمْرِ شَىْءٌ أَوْ يَتُوبَ عَلَيْهِمْ أَوْ يُعَذِّبَهُمْ فَإِنَّهُمْ ظَٰلِمُونَ ﴿١٢٨﴾ | **128** |
| *প্রতিবর্ণায়ন* | লাইছা লাকা মিনাল্ আমরি শাইউন আও ইয়াতূবা 'আলাইহিম আও ইউ'আযযিবাহুম ফাইন্নাহুম জ'া-লিমূন। |  |
| *তরজমা* | তিনি তাহাদের প্রতি ক্ষমাশীল হইবেন অথবা তাহাদেরকে শাস্তি দিবেন-এই বিষয়ে তোমার করণীয় কিছুই নাই ; কারণ তাহারা তো জালিম। |  |
|  | وَلِلَّهِ مَا فِى السَّمَٰوَٰتِ وَمَا فِى الْأَرْضِ ۚ يَغْفِرُ لِمَن يَشَآءُ وَيُعَذِّبُ مَن يَشَآءُ ۚ وَاللَّهُ غَفُورٌ رَّحِيمٌ ﴿١٢٩﴾ | **129** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লিল্লা-হি মা-ফিছ্ ছামা-ওয়া-তি ওয়ামা-ফিল আরদি (ط) ইয়াগফিরু লিমাইঁ ইয়াশা~উ ওয়া ইউ'আয্‌যিবু মাইঁ ইয়াশা~উ (ط) ওয়াল্লা-হু গাফুরুর রাহীম। |  |
| *ZiRgv* | আসমানে যাহা কিছু আছে ও যমীনে যাহা কিছু আছে সমস্ত আল্লাহ্‌রই। তিনি যাহাকে ইচ্ছা ক্ষমা করেন এবং যাহাকে ইচ্ছা শাস্তি দান করেন। আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু। |  |
|  | يَٰٓأَيُّهَا الَّذِينَ ءَامَنُوا۟ لَا تَأْكُلُوا۟ الرِّبَوٰٓا۟ أَضْعَٰفًا مُّضَٰعَفَةً ۖ وَاتَّقُوا۟ اللَّهَ لَعَلَّكُمْ تُفْلِحُونَ ﴿١٣٠﴾ | **130** |
| *প্রতিবর্ণায়ন* | ইয়া~আইয়ুহাল্লাযীনা আ-মানূ লা-তা'কুলুর্ রিবা-আদ'আ-ফাম্ মুদ'া-'আফাতাওঁ (ص) ওয়াত্তাকুল্লা-হা লা'আল্লাকুম তুফলিহূন। |  |
| *তরজমা* | হে মু'মিনগণ ! তোমরা সুদ খাইও না ক্রমবর্ধমান এবং আল্লাহ্‌কে ভয় কর যাহাতে তোমরা সফলকাম হইতে পার। |  |
|  | وَاتَّقُوا۟ النَّارَ الَّتِىٓ أُعِدَّتْ لِلْكَٰفِرِينَ ﴿١٣١﴾ | **131** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াত্তাকুন্না-রাল্লাতী উ'ইদ্দাত লিলকা-ফিরীন। |  |
| *তরজমা* | এবং তোমরা সেই অগ্নিকে ভয় কর যাহা কাফিরদের জন্য প্রস্তুত রাখা হইয়াছে। |  |
|  | وَأَطِيعُوا۟ اللَّهَ وَالرَّسُولَ لَعَلَّكُمْ تُرْحَمُونَ ﴿١٣٢﴾ | **132** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আতি'উল্লা-হা ওয়ার্‌রাছূলা লা'আল্লাকুম তুরহামূন। |  |
| *তরজমা* | তোমরা আল্লাহ্ ও রাসূলের আনুগত্য কর যাহাতে তোমরা কৃপা লাভ করিতে পার। |  |
|  | وَسَارِعُوٓا۟ إِلَىٰ مَغْفِرَةٍ مِّن رَّبِّكُمْ وَجَنَّةٍ عَرْضُهَا السَّمَٰوَٰتُ وَالْأَرْضُ أُعِدَّتْ لِلْمُتَّقِينَ ﴿١٣٣﴾ | **133** |

| | | |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ছা–রি‘উ˜ইলা– মাগফিরাতিম মির্ রাব্বিকুম ওয়া জান্নাতিন ‘আরদু ˙হাছ্ছামা–ওয়া–তু ওয়াল আরদু ˙(ۙ) উ‘ইদ্দাত লিলমুত্তাক ˙ীন। | |
| *তরজমা* | তোমরা ধাবমান হও স্বীয় প্রতিপালকের ক্ষমার দিকে এবং সেই জান্নাতের দিকে যাহার বিস্তৃতি আসমান ও যমীনের ন্যায়, যাহা প্রস্তুত রাখা হইয়াছে মুত্তাকীদের জন্য, | |
| | الَّذِيْنَ يُنْفِقُوْنَ فِي السَّرَّآءِ وَالضَّرَّآءِ وَالْكٰظِمِيْنَ الْغَيْظَ وَالْعَافِيْنَ عَنِ النَّاسِ ؕ وَاللّٰهُ يُحِبُّ الْمُحْسِنِيْنَ ۚ﴿۱۳۴﴾ | **134** |
| *প্রতিবর্ণায়ন* | আল্লায ˙ীনা ইউংফিকূ ˙না ফিছছার্‌রা~ই ওয়াদ্ ˙দ ˙াররা~ই ওয়াল কা–জি ˙মীনাল গাইজ ˙া ওয়াল‘আ–ফীনা ‘আনিন্না–ছি (ط) ওয়াল্লা–হু ইউহি ˙ব্বুল মুহ ˙ছিনীন। | |
| *তরজমা* | যাহারা সচ্ছল ও অসচ্ছল অবস্থায় ব্যয় করে এবং যাহারা ক্রোধ সংবরণকারী এবং মানুষের প্রতি ক্ষমাশীল; আল্লাহ্ সৎকর্মপরায়ণদেরকে ভালবাসেন ; | |
| | وَالَّذِيْنَ اِذَا فَعَلُوْا فَاحِشَةً اَوْ ظَلَمُوْٓا اَنْفُسَهُمْ ذَكَرُوا اللّٰهَ فَاسْتَغْفَرُوْا لِذُنُوْبِهِمْ ۠ وَمَنْ يَّغْفِرُ الذُّنُوْبَ اِلَّا اللّٰهُ ۠ۥ وَلَمْ يُصِرُّوْا عَلٰى مَا فَعَلُوْا وَهُمْ يَعْلَمُوْنَ ﴿۱۳۵﴾ | **135** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াল্লায ˙ীনা ইয ˙া–ফা‘আলূ ফা–হি ˙শাতান আও জ ˙ালামূ˜ আংফুছাহুম য ˙াকারুল্লা–হা ফাছ্‌তাগফারু লিযু ˙নূবিহিম (ص) ওয়া মাইঁ ইয়াগফিরুয্ ˙যু ˙নূবা ইল্লাল্লা–হু (ص) ওয়ালাম ইউছির্‌রু ‘আলা–মা–ফা‘আলূ ওয়া হুম ইয়া‘লামূন। | |
| *তরজমা* | এবং যাহারা কোন অশ্লীল কাজ করিয়া ফেলিলে অথবা নিজেদের প্রতি জুলুম করিলে আল্লাহ্‌কে স্মরণ করে এবং নিজেদের পাপের জন্য ক্ষমা প্রার্থনা করে। আল্লাহ্ ব্যতীত কে পাপ ক্ষমা করিবে ? এবং তাহারা যাহা করিয়া ফেলে, জানিয়া-শুনিয়া তাহার পুনরাবৃত্তি করে না। | |
| | اُولٰٓئِكَ جَزَآؤُهُمْ مَّغْفِرَةٌ مِّنْ رَّبِّهِمْ وَجَنّٰتٌ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَا ؕ وَنِعْمَ اَجْرُ الْعٰمِلِيْنَ ﴿۱۳۶﴾ | **136** |
| *প্রতিবর্ণায়ন* | উলা~ইকা জাঝা~উহুম মাগফিরাতুম মির রাব্বিহিম ওয়া জান্না–তুং তাজরী মিং তাহ ˙তিহাল আনহা–রু খা–লিদীনা ফীহা– (ط) ওয়ানি‘মা আজরুল ‘আ–মিলীন। | |
| *তরজমা* | উহারাই তাহারা, যাহাদের পুরস্কার তাহাদের প্রতিপালকের ক্ষমা এবং জান্নাত, যাহার পাদদেশে নদী প্রবাহিত ; সেখানে তাহারা স্থায়ী হইবে এবং সৎকর্মশীলদের পুরস্কার কত উত্তম! | |

| | قَدْ خَلَتْ مِنْ قَبْلِكُمْ سُنَنٌ ۙ فَسِيرُوا فِي الْأَرْضِ فَانْظُرُوا كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُكَذِّبِينَ ﴿١٣٧﴾ | 137 |
| *প্রতিবর্ণায়ন* | ক াদ খালাত মিং ক াবলিকুম ছুনানুং (ۙ) ফাছীরু ফিল আরদি  ফাংজু  রূ কাইফা কা–না ‘আ–কি বাতুল মুকায্ যি বীন। | |
| *তরজমা* | তোমাদের পূর্বে বহু বিধান-ব্যবস্থা গত হইয়াছে, সুতরাং তোমরা পৃথিবী ভ্রমণ কর এবং দেখ মিথ্যাশ্রয়ীদের কী পরিণাম ! | |
| | هَٰذَا بَيَانٌ لِلنَّاسِ وَهُدًى وَمَوْعِظَةٌ لِلْمُتَّقِينَ ﴿١٣٨﴾ | 138 |
| *প্রতিবর্ণায়ন* | হা–য া–বায়া–নুল্ লিন্না–ছি ওয়া হুদাওঁ ওয়া মাও‘ইজ াতুল লিলমুত্তাক ীন। | |
| *তরজমা* | ইহা মানবজাতির জন্য স্পষ্ট বর্ণনা এবং মুত্তাকীদের জন্য হিদায়াত ও উপদেশ। | |
| | وَلَا تَهِنُوا وَلَا تَحْزَنُوا وَأَنْتُمُ الْأَعْلَوْنَ إِنْ كُنْتُمْ مُؤْمِنِينَ ﴿١٣٩﴾ | 139 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালা–তাহিনূ ওয়ালা–তাহ ঝানূ ওয়া আংতুমুল আ‘লাওনা ইং কুংতুম মু’মিনীন। | |
| *তরজমা* | তোমরা হীনবল হইও না এবং দুঃখিতও হইও না ; তোমরাই বিজয়ী যদি তোমরা মু’মিন হও। | |
| | إِنْ يَمْسَسْكُمْ قَرْحٌ فَقَدْ مَسَّ الْقَوْمَ قَرْحٌ مِثْلُهُ ۚ وَتِلْكَ الْأَيَّامُ نُدَاوِلُهَا بَيْنَ النَّاسِ وَلِيَعْلَمَ اللَّهُ الَّذِينَ آمَنُوا وَيَتَّخِذَ مِنْكُمْ شُهَدَاءَ ۗ وَاللَّهُ لَا يُحِبُّ الظَّالِمِينَ ﴿١٤٠﴾ | 140 |
| *প্রতিবর্ণায়ন* | ইয়ঁ ইয়ামছাছকুম ক ারহু ং ফাক াদ মাছছাল ক াওমা ক ারহু ম্ মিছ লুহু (ط) ওয়া তিলকাল আইইয়া–মু নুদা–বি লুহা–বাইনান্না–ছি (ج) ওয়ালিয়া‘লামাল্লা–হুল্লায ীনা আ–মানূ ওয়া ইয়াত্তাখিয া মিংকুম শুহাদা~আ (ط) ওয়াল্লা–হু লা–ইউহি ব্বুজ জ া–লিমীন। | |
| *তরজমা* | যদি তোমাদের আঘাত লাগিয়া থাকে, অনুরূপ আঘাত তো উহাদেরও লাগিয়াছিল। মানুষের মধ্যে এই দিনগুলির পর্যায়ক্রমে আমি আবর্তন ঘটাই, যাহাতে আল্লাহ্ মু’মিনগণকে জানিতে পারেন এবং তোমাদের মধ্য হইতে কতককে শহীদরূপে গ্রহণ করিতে পারেন এবং আল্লাহ্ জালিমদের পসন্দ করেন না ; | |
| | وَلِيُمَحِّصَ اللَّهُ الَّذِينَ آمَنُوا وَيَمْحَقَ الْكَافِرِينَ ﴿١٤١﴾ | 141 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লিইউমাহ হি সাল্লাহুল্লায ীনা আ–মানূ ওয়া ইয়ামহ াক াল কা–ফিরীন। | |
| *তরজমা* | এবং যাহাতে আল্লাহ্ মু’মিনদের পরিশোধন করিতে পারেন এবং কাফিরদের নিশ্চিহ্ন করিতে পারেন। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | أَمْ حَسِبْتُمْ أَنْ تَدْخُلُوا الْجَنَّةَ وَلَمَّا يَعْلَمِ اللّٰهُ الَّذِيْنَ جٰهَدُوْا مِنْكُمْ وَيَعْلَمَ الصّٰبِرِيْنَ ﴿١٤٢﴾ | **142** |
| *প্রতিবর্ণায়ন* | আম হা ছিবতুম আং তাদখুলুল জান্নাতা ওয়া লাম্মা-ইয়া‘লামিল্লা-হুল্লায ীনা জা-হাদূ মিংকুম ওয়া ইয়া‘লামাস্‌সা-বিরীন। | |
| *তরজমা* | তোমরা কি মনে কর যে, তোমরা জান্নাতে প্রবেশ করিবে, অথচ আল্লাহ্ তোমাদের মধ্যে কে জিহাদ করিয়াছে আর কে ধৈর্যশীল তাহা এখনও প্রকাশ করেন নাই ? | |
| | وَلَقَدْ كُنْتُمْ تَمَنَّوْنَ الْمَوْتَ مِنْ قَبْلِ أَنْ تَلْقَوْهُ ۠ فَقَدْ رَأَيْتُمُوْهُ وَأَنْتُمْ تَنْظُرُوْنَ ﴿١٤٣﴾ | **143** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাক াদ কুংতুম তামান্নাওনাল মাওতা মিং ক াবলি আং তালক াওহু (ص) ফাক াদ রাআইতুমূহু ওয়া আংতুম তাংজু রুন। | |
| *তরজমা* | মৃত্যুর সম্মুখীন হওয়ার পূর্বে তোমরা তো উহা কামনা করিতে, এখন তো তোমরা তাহা স্বচক্ষে দেখিলে। | |
| | وَمَا مُحَمَّدٌ إِلَّا رَسُوْلٌ ۚ قَدْ خَلَتْ مِنْ قَبْلِهِ الرُّسُلُ ۗ أَفَإِنْ مَّاتَ أَوْ قُتِلَ انْقَلَبْتُمْ عَلٰى أَعْقَابِكُمْ ۗ وَمَنْ يَّنْقَلِبْ عَلٰى عَقِبَيْهِ فَلَنْ يَّضُرَّ اللّٰهَ شَيْئًا ۗ وَسَيَجْزِي اللّٰهُ الشّٰكِرِيْنَ ﴿١٤٤﴾ | **144** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা-মুহাম্মাদুন ইল্লা-রাছুলুং (ج) ক াদ খালাত মিং ক াবলিহির রুছুলু (ط) আফাইম্মা-তা আও কু তিলাংক ালাবতুম ‘আলা ˜আ‘ক া-বিকুম (ط) ওয়া মাইঁ ইয়াংক ালিব ‘আলা- ‘আকি বাইহি ফালাইঁ ইয়াদু ররাল্লা-হা শাইআওঁ (ط) ওয়াছাইয়াজ্‌ঝিল্লা-হুশ্‌শা-কিরীন। | |
| *তরজমা* | মুহাম্মদ একজন রাসূল মাত্র ; তাহার পূর্বে বহু রাসূল গত হইয়াছে। সুতরাং যদি সে মারা যায় অথবা সে নিহত হয় তবে তোমরা কি পৃষ্ঠ প্রদর্শন করিবে ? এবং কেহ পৃষ্ঠ প্রদর্শন করিলে সে কখনও আল্লাহ্‌র ক্ষতি করিতে পারিবে না ; বরং আল্লাহ্ শীঘ্রই কৃতজ্ঞদের পুরস্কৃত করিবেন। | |
| | وَمَا كَانَ لِنَفْسٍ أَنْ تَمُوْتَ إِلَّا بِإِذْنِ اللّٰهِ كِتٰبًا مُّؤَجَّلًا ۗ وَمَنْ يُّرِدْ ثَوَابَ الدُّنْيَا نُؤْتِهٖ مِنْهَا ۚ وَمَنْ يُّرِدْ ثَوَابَ الْاٰخِرَةِ نُؤْتِهٖ مِنْهَا ۗ وَسَنَجْزِي الشّٰكِرِيْنَ ﴿١٤٥﴾ | **145** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা-কা-না লিনাফছিন আং তামূতা ইল্লা-বিইয ্নিল্লা-হি কিতা-বাম মুআজ্জালাওঁ (ط) ওয়া মাইঁ ইউরিদ ছ াওয়া-বাদ্দুনইয়া- নু’তিহী মিনহা- (ج) ওয়া মাইঁ ইউরিদ ছ াওয়া-বাল আ-খিরাতি নু’তিহী মিনহা- (ط) ওয়া ছানাজ্‌ঝিশ্‌শা-কিরীন। | |
| *তরজমা* | আল্লাহ্‌র অনুমতি ব্যতীত কাহারও মৃত্যু হইতে পারে না, যেহেতু উহার মেয়াদ অবধারিত। কেহ পার্থিব পুরস্কার চাহিলে আমি তাহাকে তাহার কিছু দেই এবং কেহ পারলৌকিক পুরস্কার চাহিলে আমি তাহাকে তাহার কিছু দেই এবং শীঘ্রই কৃতজ্ঞদের পুরস্কৃত করিব। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | وَكَاَيِّنْ مِّنْ نَّبِيٍّ قٰتَلَ ۙ مَعَهٗ رِبِّيُّوْنَ كَثِيْرٌ ۚ فَمَا وَهَنُوْا لِمَاۤ اَصَابَهُمْ فِيْ سَبِيْلِ اللّٰهِ وَمَا ضَعُفُوْا وَمَا اسْتَكَانُوْا ؕ وَاللّٰهُ يُحِبُّ الصّٰبِرِيْنَ ﴿۱۴۶﴾ | **146** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া কাআইয়িম মিন্ নাবিইয়িং ক া-তালা (ۙ) মা'আহূ রিব্বিইয়ূনা কাছ ীরুং (ج) ফামা-ওয়াহানূ লিমা~আসা-বাহুম ফী ছাবীলিল্লা-হি ওয়ামা-দ া'উফূ ওয়ামাছ তাকা-নূ (ج) ওয়াল্লা-হু ইউহি ব্বুস্‌সা-বিরীন। | |
| *তরজমা* | এবং কত নবী যুদ্ধ করিয়াছে, তাহাদের সঙ্গে বহু আল্লাহ্‌ওয়ালা ছিল। আল্লাহ্‌র পথে তাহাদের যে বিপর্যয় ঘটিয়াছিল তাহাতে তাহারা হীনবল হয় নাই, দুর্বল হয় নাই এবং নত হয় নাই। আল্লাহ্ ধৈর্যশীলদের ভালবাসেন। | |
| | وَمَا كَانَ قَوْلَهُمْ اِلَّاۤ اَنْ قَالُوْا رَبَّنَا اغْفِرْ لَنَا ذُنُوْبَنَا وَاِسْرَافَنَا فِيْۤ اَمْرِنَا وَثَبِّتْ اَقْدَامَنَا وَانْصُرْنَا عَلَى الْقَوْمِ الْكٰفِرِيْنَ ﴿۱۴۷﴾ | **147** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা-কা-না ক াওলাহুম ইল্লা~আং ক া-লূ রাব্বানাগ্ ফিরলানা-যু নূবানা-ওয়া ইছরা-ফানা-ফী~আমরিনা-ওয়াছ াব্বিত আক দা-মানা- ওয়াংসুরনা-'আলাল ক াওমিল কা-ফিরীন। | |
| *তরজমা* | এই কথা ব্যতীত তাহাদের আর কোন কথা ছিল না, 'হে আমাদের প্রতিপালক! আমাদের পাপ এবং আমাদের কাজে সীমালংঘন তুমি ক্ষমা কর, আমাদের পা সুদৃঢ় রাখ এবং কাফির সম্প্রদায়ের বিরুদ্ধে আমাদেরকে সাহায্য কর।' | |
| | فَاٰتٰىهُمُ اللّٰهُ ثَوَابَ الدُّنْيَا وَحُسْنَ ثَوَابِ الْاٰخِرَةِ ؕ وَاللّٰهُ يُحِبُّ الْمُحْسِنِيْنَ ﴿۱۴۸﴾ | **148** |
| *প্রতিবর্ণায়ন* | ফাআ-তা-হুমুল্লা-হু ছ াওয়া-বাদ্দুন্‌ইয়া-ওয়াহু ছনা ছ াওয়া-বিল আ-খিরাতি (ط) ওয়াল্লা-হু ইউহি ব্বুল মুহ ছিনীন। | |
| *তরজমা* | অতঃপর আল্লাহ্ তাহাদেরকে পার্থিব পুরস্কার এবং উত্তম পারলৌকিক পুরস্কার দান করেন। আল্লাহ্ সৎকর্মপরায়ণদেরকে ভালবাসেন। | |
| | يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْۤا اِنْ تُطِيْعُوا الَّذِيْنَ كَفَرُوْا يَرُدُّوْكُمْ عَلٰۤى اَعْقَابِكُمْ فَتَنْقَلِبُوْا خٰسِرِيْنَ ﴿۱۴۹﴾ | **149** |
| *প্রতিবর্ণায়ন* | ইয়া~ আইয়ূহাল্লায ীনা আ-মানূ~ইং তুতী 'উল্লায ীনা কাফারু ইয়ারুদ্দূকুম আলা~ আ'ক াবিকুম ফাতাংক ালিবূ খা-ছিরীন। | |
| *তরজমা* | হে মু'মিনগণ ! যদি তোমরা কাফিরদের আনুগত্য কর তবে তাহারা তোমাদেরকে বিপরীত দিকে ফিরাইয়া দিবে এবং তোমরা ক্ষতিগ্রস্ত হইয়া পড়িবে। | |
| | بَلِ اللّٰهُ مَوْلٰىكُمْ ۚ وَهُوَ خَيْرُ النّٰصِرِيْنَ ﴿۱۵۰﴾ | **150** |
| *প্রতিবর্ণায়ন* | বালিল্লা-হু মাওলা-কুম (ج) ওয়া হুয়া খাইরুন্না-সিরীন। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | আল্লাহ্ই তো তোমাদের অভিভাবক এবং তিনিই শ্রেষ্ঠ সাহায্যকারী। | |
| | سَنُلْقِي فِي قُلُوبِ الَّذِينَ كَفَرُوا الرُّعْبَ بِمَا أَشْرَكُوا بِاللَّهِ مَا لَمْ يُنَزِّلْ بِهِ سُلْطَانًا ۖ وَمَأْوَاهُمُ النَّارُ ۚ وَبِئْسَ مَثْوَى الظَّالِمِينَ ﴿١٥١﴾ | **151** |
| *প্রতিবর্ণায়ন* | ছানুলকী ফী কু লূবিল্লায ীনা কাফারুর রু‘বা বিমা ~আশরাকূ বিল্লা-হি মা-লাম ইউনাঝ্ঝিল বিহী ছুলত া-নাওঁ (ج) ওয়ামা’ওয়া-হুমুন্না-রু (ط) ওয়াবি’ছা মাছ ওয়াজ্জ া-লিমীন। | |
| *তরজমা* | আমি কাফিরদের হৃদয়ে ভীতির সঞ্চার করিব, যেহেতু তাহারা আল্লাহ্র সঙ্গে শরীক করিয়াছে, যাহার স্বপক্ষে আল্লাহ্ কোন সনদ পাঠান নাই। জাহান্নাম তাহাদের আবাস; কত নিকৃষ্ট আবাসস্থল জালিমদের! | |
| | وَلَقَدْ صَدَقَكُمُ اللَّهُ وَعْدَهُ إِذْ تَحُسُّونَهُمْ بِإِذْنِهِ ۖ حَتَّىٰ إِذَا فَشِلْتُمْ وَتَنَازَعْتُمْ فِي الْأَمْرِ وَعَصَيْتُمْ مِنْ بَعْدِ مَا أَرَاكُمْ مَا تُحِبُّونَ ۚ مِنْكُمْ مَنْ يُرِيدُ الدُّنْيَا وَمِنْكُمْ مَنْ يُرِيدُ الْآخِرَةَ ۚ ثُمَّ صَرَفَكُمْ عَنْهُمْ لِيَبْتَلِيَكُمْ ۖ وَلَقَدْ عَفَا عَنْكُمْ ۗ وَاللَّهُ ذُو فَضْلٍ عَلَى الْمُؤْمِنِينَ ﴿١٥٢﴾ | **152** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাক াদ সাদাক াকুমুল্লা-হু ওয়া‘দাহূ ~ইয তাহু ছ্ছূনাহুম বিইয নিহী (ج) হা ত্তা ~ইয া-ফাশিলতুম ওয়াতানা-ঝা‘তুম ফিল আমরি ওয়া‘আসাইতুম মিম্ বা‘দি মা ~আরা-কুম মা-তুহি ব্বূনা (ط) মিংকুম মাইঁ ইউরীদুদ্দুনইয়া-ওয়া মিংকুম মাইঁ ইউরীদুল আ-খিরাতা (ج) ছু ম্মা সারাফাকুম ‘আনহুম লিইয়াবতালিয়াকুম (ج) ওয়া লাক াদ ‘আফা-‘আংকুম (ط) ওয়াল্লা-হু যূ ফাদ লিন ‘আলাল মু’মিনীন। | |
| *তরজমা* | আল্লাহ্ তোমাদের সঙ্গে তাঁহার প্রতিশ্রুতি পূর্ণ করিয়াছিলেন যখন তোমরা আল্লাহ্র অনুমতিক্রমে তাহাদেরকে বিনাশ করিতেছিলে, যে পর্যন্ত না তোমরা সাহস হারাইলে এবং নির্দেশ সম্বন্ধে মতভেদ সৃষ্টি করিলে এবং যাহা তোমরা ভালবাস তাহা তোমাদের দেখাইবার পর তোমরা অবাধ্য হইলে। তোমাদের কতক ইহকাল চাহিতেছিল এবং কতক পরকাল চাহিতেছিল। অতঃপর তিনি পরীক্ষা করার জন্য তোমাদেরকে তাহাদের হইতে ফিরাইয়া দিলেন। অবশ্যই তিনি তোমাদেরকে ক্ষমা করিলেন এবং আল্লাহ্ মু’মিনদের প্রতি অনুগ্রহশীল। | |
| | إِذْ تُصْعِدُونَ وَلَا تَلْوُونَ عَلَىٰ أَحَدٍ وَالرَّسُولُ يَدْعُوكُمْ فِي أُخْرَاكُمْ فَأَثَابَكُمْ غَمًّا بِغَمٍّ لِكَيْلَا تَحْزَنُوا عَلَىٰ مَا فَاتَكُمْ وَلَا مَا أَصَابَكُمْ ۗ وَاللَّهُ خَبِيرٌ بِمَا تَعْمَلُونَ ﴿١٥٣﴾ | **153** |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
| --- | --- | --- |
| প্রতিবর্ণায়ন | ইয  তুস‘ইদূনা ওয়ালা–তালউনা ‘আলা–আহ াদিওঁ ওয়ার রাছূলু ইয়াদ‘উকুম ফী˜উখরা–কুম ফাআছ া–বাকুম গাম্মাম্ বিগামমিল লিকাইলা–তাহ ঝানূ ‘আলা–মা–ফা–তাকুম ওয়ালা–মা˜আসা–বাকুম (ط) ওয়াল্লা–হু খাবীরুম বিমা-তা‘মালূন। | |
| তরজমা | স্মরণ কর, তোমরা যখন উপরের দিকে ছুটিতেছিলে এবং পিছন ফিরিয়া কাহারও প্রতি লক্ষ্য করিতেছিলে না, আর রাসূল তোমাদেরকে পিছন দিক হইতে আহ্বান করিতেছিল। ফলে তিনি তোমাদেরকে বিপদের উপর বিপদ দিলেন যাহাতে তোমরা যাহা হারাইয়াছ অথবা যে বিপদ তোমাদের উপর আসিয়াছে তাহার জন্য তোমরা দুঃখিত না হও। তোমরা যাহা কর আল্লাহ্ তাহা বিশেষভাবে অবহিত। | |
| | ثُمَّ اَنْزَلَ عَلَيْكُمْ مِّنْۢ بَعْدِ الْغَمِّ اَمَنَةً نُّعَاسًا يَّغْشٰى طَآئِفَةً مِّنْكُمْ ۙ وَطَآئِفَةٌ قَدْ اَهَمَّتْهُمْ اَنْفُسُهُمْ يَظُنُّوْنَ بِاللّٰهِ غَيْرَ الْحَقِّ ظَنَّ الْجَاهِلِيَّةِ ؕ يَقُوْلُوْنَ هَلْ لَّنَا مِنَ الْاَمْرِ مِنْ شَيْءٍ ؕ قُلْ اِنَّ الْاَمْرَ كُلَّهٗ لِلّٰهِ ؕ يُخْفُوْنَ فِيْٓ اَنْفُسِهِمْ مَّا لَا يُبْدُوْنَ لَكَ ؕ يَقُوْلُوْنَ لَوْ كَانَ لَنَا مِنَ الْاَمْرِ شَيْءٌ مَّا قُتِلْنَا هٰهُنَا ؕ قُلْ لَّوْ كُنْتُمْ فِيْ بُيُوْتِكُمْ لَبَرَزَ الَّذِيْنَ كُتِبَ عَلَيْهِمُ الْقَتْلُ اِلٰى مَضَاجِعِهِمْ ۚ وَلِيَبْتَلِيَ اللّٰهُ مَا فِيْ صُدُوْرِكُمْ وَلِيُمَحِّصَ مَا فِيْ قُلُوْبِكُمْ ؕ وَاللّٰهُ عَلِيْمٌۢ بِذَاتِ الصُّدُوْرِ ﴿۱۵۴﴾ | 154 |
| প্রতিবর্ণায়ন | ছু ম্মা আংঝালা ‘আলাইকুম মিম্ বা‘দিল গাম্মি আমানাতান্ নু‘আ–ছাইঁ ইয়াগশা–ত া~ইফাতাম্ মিংকুম (ۙ) ওয়া ত া~ইফাতুং ক াদ আহাম্মাত্হুম আংফছুহুম ইয়াজু ন্নুনা বিল্লা–হি গাইরাল হ াক্কি  জ ান্নাল জা–হিলিইইয়াতি (ط) ইয়াকূ লূনা হাল্লানা–মিনাল আমরি মিং শাইইং (ط) কু ল ইন্নাল আমরা কু ল্লাহূ লিল্লা–হি (ط) ইউখফূনা ফী˜আংফুছিহিম মা–লা–ইউবদূনা লাকা (ط) ইয়াকূ লূনা লাও কা–না লানা–মিনাল আমরি শাইউম্ মা–কু তিলনা–হা–হুনা– (ط) কুল্লাও কুংতুম ফী বুয়ূতিকুম লাবারাঝাল্লায ীনা কুতিবা ‘আলাইহিমুল ক াতলু ইলা–মাদ া–জি‘ইহিম (ج) ওয়া লিইয়াবতালিইয়াল্লা–হু মা–ফী সুদূরিকুম ওয়ালিইউমাহ হি সা মা–ফী কু লূবিকুম (ط) ওয়াল্লা–হু ‘আলীমুম্ বিয া–তিস্সুদূর। | |

| | | |
|---|---|---|
| তরজমা | অতঃপর দুঃখের পর তিনি তোমাদেরকে প্রদান করিলেন প্রশান্তি তন্দ্রারূপে, যাহা তোমাদের একদলকে আচ্ছন্ন করিয়াছিল। এবং একদল জাহিলী যুগের অজ্ঞের ন্যায় আল্লাহ্ সম্বন্ধে অবাস্তব ধারণা করিয়া নিজেরাই নিজেদেরকে উদ্বিগ্ন করিয়াছিল এই বলিয়া যে, 'আমাদের কি কোন অধিকার আছে?' বল, 'সমস্ত বিষয় আল্লাহ্রই ইখ্তিয়ার।' যাহা তাহারা তোমার নিকট প্রকাশ করে না, তাহারা তাহাদের অন্তরে উহা গোপন রাখে, আর বলে, 'এই ব্যাপারে আমাদের কোন অধিকার থাকিলে আমরা এই স্থানে নিহত হইতাম না।' বল, 'যদি তোমরা তোমাদের গৃহে অবস্থান করিতে তবুও নিহত হওয়া যাহাদের জন্য অবধারিত ছিল তাহারা নিজেদের মৃত্যুস্থানে বাহির হইত। ইহা এইজন্য যে, আল্লাহ্ তোমাদের অন্তরে যাহা আছে তাহা পরীক্ষা করেন এবং তোমাদের অন্তরে যাহা আছে তাহা পরিশোধন করেন। অন্তরে যাহা আছে আল্লাহ্ সে সম্পর্কে বিশেষভাবে অবহিত। | |
| | إِنَّ الَّذِينَ تَوَلَّوْا مِنكُمْ يَوْمَ الْتَقَى الْجَمْعَانِ إِنَّمَا اسْتَزَلَّهُمُ الشَّيْطَانُ بِبَعْضِ مَا كَسَبُوا ۖ وَلَقَدْ عَفَا اللَّهُ عَنْهُمْ ۗ إِنَّ اللَّهَ غَفُورٌ حَلِيمٌ ﴿١٥٥﴾ | 155 |
| প্রতিবর্ণায়ন | ইন্নাল্লায ীনা তাওয়াল্লাও মিংকুম ইয়াওমাল তাক াল জাম'আ–নি (ﻻ) ইন্নামাছ্ তাঝাল্লাহুমুশ্ শাইত া–নু বিবা'দি মা–কাছাবূ (ج) ওয়া লাকা দ 'আফাল্লা–হু 'আনহুম; ইন্নাল্লা–হা গাফূরুন হ ালীম। | |
| তরজমা | যেদিন দুই দল পরস্পরের সম্মুখীন হইয়াছিল সেই দিন তোমাদের মধ্য হইতে যাহারা পৃষ্ঠ প্রদর্শন করিয়াছিল, তাহাদের কোন কৃতকর্মের জন্য শয়তানই তাহাদের পদস্খলন ঘটাইয়াছিল। অবশ্য আল্লাহ্ তাহাদের ক্ষমা করিয়াছেন। আল্লাহ্ ক্ষমাপরায়ণ ও পরম সহনশীল। | |
| | يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَكُونُوا كَالَّذِينَ كَفَرُوا وَقَالُوا لِإِخْوَانِهِمْ إِذَا ضَرَبُوا فِي الْأَرْضِ أَوْ كَانُوا غُزًّى لَّوْ كَانُوا عِندَنَا مَا مَاتُوا وَمَا قُتِلُوا لِيَجْعَلَ اللَّهُ ذَٰلِكَ حَسْرَةً فِي قُلُوبِهِمْ ۗ وَاللَّهُ يُحْيِي وَيُمِيتُ ۗ وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ ﴿١٥٦﴾ | 156 |
| প্রতিবর্ণায়ন | ইয়া ~আইয়ুহাল্লায ীনা আ–মানূ লা– তাকূনূ কাল্লায ীনা কাফারূ ওয়া ক া–লূ লিইখ্ওয়া–নিহিম ইয া–দ ারাবূ ফিল আরদি আও কা–নূ গুঝ্ঝাল্লাও কা–নু 'ইংদানা–মা–মা–তূ ওয়ামা–ক ুতিলূ (ج) লিইয়াজ'আলাল্লা–হু য া–লিকা হ াছরাতাং ফী কু লূবিহিম (ط) ওয়াল্লা–হু ইউহ য়ী ওয়া ইউমীতু (ط) ওয়াল্লা–হু বিমা– ত'মালূনা বাসীর। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | হে মু'মিনগণ! তোমরা তাহাদের মত হইও না যাহারা কুফরী করে এবং তাহাদের ভ্রাতাগণ যখন দেশে দেশে সফর করে অথবা যুদ্ধে লিপ্ত হয়, তাহাদের সম্পর্কে বলে, 'তাহারা যদি আমাদের নিকট থাকিত তবে তাহারা মরিত না এবং নিহত হইত না।' ফলে আল্লাহ্ ইহাই তাহাদের মনস্তাপে পরিণত করেন ; আল্লাহ্ই জীবন দান করেন ও মৃত্যু ঘটান, তোমরা যাহা কর আল্লাহ্ উহার সম্যক দ্রষ্টা। | |
| | وَلَئِن قُتِلْتُمْ فِي سَبِيلِ اللَّهِ أَوْ مُتُّمْ لَمَغْفِرَةٌ مِّنَ اللَّهِ وَرَحْمَةٌ خَيْرٌ مِّمَّا يَجْمَعُونَ ﴿١٥٧﴾ | **157** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালাইং কু্তিলতুম ফী ছাবীলিল্লা-হি আও মুততুম লামাগফিরাতুম মিনাল্লা-হি ওয়া রাহ্মাতুন খাইরুম মিম্মা-ইয়াজমা'উন। | |
| *তরজমা* | তোমরা আল্লাহ্র পথে নিহত হইলে অথবা মৃত্যুবরণ করিলে, যাহা তাহারা জমা করে, আল্লাহ্র ক্ষমা এবং দয়া অবশ্য তাহা অপেক্ষা শ্রেয়। | |
| | وَلَئِن مُّتُّمْ أَوْ قُتِلْتُمْ لَإِلَى اللَّهِ تُحْشَرُونَ ﴿١٥٨﴾ | **158** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালাইম মুততুম আও কু্তিলতুম লা ইলাল্লা-হি তুহ্শারূন। | |
| *তরজমা* | এবং তোমাদের মৃত্যু হইলে অথবা তোমরা নিহত হইলে আল্লাহ্রই নিকট তোমাদেরকে একত্র করা হইবে। | |
| | فَبِمَا رَحْمَةٍ مِّنَ اللَّهِ لِنتَ لَهُمْ ۖ وَلَوْ كُنتَ فَظًّا غَلِيظَ الْقَلْبِ لَانفَضُّوا مِنْ حَوْلِكَ ۖ فَاعْفُ عَنْهُمْ وَاسْتَغْفِرْ لَهُمْ وَشَاوِرْهُمْ فِي الْأَمْرِ ۖ فَإِذَا عَزَمْتَ فَتَوَكَّلْ عَلَى اللَّهِ ۚ إِنَّ اللَّهَ يُحِبُّ الْمُتَوَكِّلِينَ ﴿١٥٩﴾ | **159** |
| *প্রতিবর্ণায়ন* | ফাবিমা- রাহ্মাতিম মিনাল্লা-হি লিংতা লাহুম (ج) ওয়ালাও কুংতা ফাজ্জান গালীজাল কালবি লাংফাদ্দূ মিন হাওলিকা (ص) ফা'ফু 'আনহুম ওয়াছতাগফির লাহুম ওয়া শা-বির্হুম ফিল আমরি (ج) ফাইযা-'আঝামতা ফাতাওয়াক্কাল 'আলাল্লা-হি (ط) ইন্নাল্লা-হা ইউহিব্বুল মুতাওয়াক্কিলীন। | |
| *তরজমা* | আল্লাহ্র দয়ায় তুমি তাহাদের প্রতি কোমল-হৃদয় হইয়াছিলে ; যদি তুমি রূঢ় ও কঠোরচিত্ত হইতে তবে তাহারা তোমার আশপাশ হইতে সরিয়া পড়িত। সুতরাং তুমি তাহাদের ক্ষমা কর এবং তাহাদের জন্য ক্ষমা প্রার্থনা কর এবং কাজেকর্মে তাহাদের সঙ্গে পরামর্শ কর, অতঃপর তুমি কোন সংকল্প করিলে আল্লাহ্র উপর নির্ভর করিবে, যাহারা নির্ভর করে আল্লাহ্ তাহাদের ভালবাসেন। | |
| | إِن يَنصُرْكُمُ اللَّهُ فَلَا غَالِبَ لَكُمْ ۖ وَإِن يَخْذُلْكُمْ فَمَن ذَا الَّذِي يَنصُرُكُم مِّن بَعْدِهِ ۗ وَعَلَى اللَّهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُونَ ﴿١٦٠﴾ | **160** |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ইয়ঁ ইয়াংসুর কুমুল্লা–হু ফালা–গা–লিবা লাকুম (ج) ওয়াইয়ঁ ইয়াখযু ল্কুম ফামাং য াল্লায ী ইয়াংসুরুকুম মিম্ বা'দিহী (ط) ওয়া 'আলাল্লা–হি ফালইয়াতাওয়াক্কালিল মু'মিনূন। | |
| *তরজমা* | আল্লাহ্ তোমাদের সাহায্য করিলে তোমাদের উপর জয়ী হইবার কেহই থাকিবে না। আর তিনি তোমাদেরকে সাহায্য না করিলে, তিনি ছাড়া কে এমন আছে, যে তোমাদের সাহায্য করিবে ? মু'মিনগণ আল্লাহ্র উপরই নির্ভর করুক। | |
| | وَمَا كَانَ لِنَبِيٍّ اَنْ يَّغُلَّ ؕ وَمَنْ يَّغْلُلْ يَاْتِ بِمَا غَلَّ يَوْمَ الْقِيٰمَةِ ۚ ثُمَّ تُوَفّٰى كُلُّ نَفْسٍ مَّا كَسَبَتْ وَهُمْ لَا يُظْلَمُوْنَ ۝١٦١ | 161 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা–কা–না লিনাবিইয়িন আইঁ ইয়াগুল্লা (ط ) ওয়ামাইঁ ইয়াগলুল ইয়া'তি বিমা–গাল্লা ইয়াওমাল কি য়া–মাতি (ج ) ছু ম্মা তুওয়াফ্ফা– কুল্লু নাফছিম্ মা–কাছাবাত ওয়াহুম লা–ইউজ লামূন। | |
| *তরজমা* | অন্যায়ভাবে কোন বস্তু গোপন করিবে, ইহা নবীর পক্ষে অসম্ভব। এবং কেহ অন্যায়ভাবে কিছু গোপন করিলে, যাহা সে অন্যায়ভাবে গোপন করিবে কিয়ামতের দিন সে তাহা লইয়া আসিবে। অতঃপর প্রত্যেককে, যাহা সে অর্জন করিয়াছে তাহা পূর্ণমাত্রায় দেওয়া হইবে। তাহাদের প্রতি কোন জুলুম করা হইবে না। | |
| | اَفَمَنِ اتَّبَعَ رِضْوَانَ اللّٰهِ كَمَنْۢ بَآءَ بِسَخَطٍ مِّنَ اللّٰهِ وَمَاْوٰىهُ جَهَنَّمُ ؕ وَبِئْسَ الْمَصِيْرُ ۝١٦٢ | 162 |
| *প্রতিবর্ণায়ন* | আফামানিত্তাবা'আ রিদ ওয়া–নাল্লা–হি কামাম বা–আ বিছাখাতি ম্ মিনাল্লা–হি ওয়ামা'ওয়া–হু জাহান্নামু; (ط) ওয়াবি'ছাল মাসীর। | |
| *তরজমা* | যে আল্লাহ্র সন্তুষ্টির অনুসারী, সে কি উহার মত যে আল্লাহ্র ক্রোধের পাত্র হইয়াছে এবং জাহান্নামই যাহার আবাস ? এবং উহা কত নিকৃষ্ট প্রত্যাবর্তনস্থল ! | |
| | هُمْ دَرَجٰتٌ عِنْدَ اللّٰهِ ؕ وَاللّٰهُ بَصِيْرٌۢ بِمَا يَعْمَلُوْنَ ۝١٦٣ | 163 |
| *প্রতিবর্ণায়ন* | হুম দারাজা–তুন ইংদাল্লা–হি (ط) ওয়াল্লা–হু বাসীরুম বিমা–ইয়া'মালূন। | |
| *তরজমা* | আল্লাহ্র নিকট তাহারা বিভিন্ন স্তরের; তাহারা যাহা করে আল্লাহ্ তাহার সম্যক দ্রষ্টা। | |
| | لَقَدْ مَنَّ اللّٰهُ عَلَى الْمُؤْمِنِيْنَ اِذْ بَعَثَ فِيْهِمْ رَسُوْلًا مِّنْ اَنْفُسِهِمْ يَتْلُوْا عَلَيْهِمْ اٰيٰتِهٖ وَيُزَكِّيْهِمْ وَيُعَلِّمُهُمُ الْكِتٰبَ وَالْحِكْمَةَ ۚ وَاِنْ كَانُوْا مِنْ قَبْلُ لَفِيْ ضَلٰلٍ مُّبِيْنٍ ۝١٦٤ | 164 |
| *প্রতিবর্ণায়ন* | লাক াদ মান্নাল্লা–হু 'আলাল মু'মিনীনা ইয বা'আছ া ফীহিম রাছূলাম মিন আংফুছিহিম ইয়াতলূ 'আলাইহিম আ–য়া–তিহী ওয়া ইউঝাক্কীহিম ওয়া ইউ'আল্লিমুহুমুল কিতা–বা ওয়াল হি কমাতা (ج) ওয়া ইং কা–নূ মিং ক াবলু লাফী দ ালা–লিম মুবীন। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | আল্লাহ্ মু'মিনদের প্রতি অবশ্যই অনুগ্রহ করিয়াছেন যে, তিনি তাহাদের নিজেদের মধ্য হইতে তাহাদের নিকট রাসূল প্রেরণ করিয়াছেন, যে তাঁহার আয়াতসমূহ তাহাদের নিকট তিলাওয়াত করে, তাহাদেরকে পরিশোধন করে এবং কিতাব ও হিক্‌মত শিক্ষা দেয়, যদিও তাহারা পূর্বে স্পষ্ট বিভ্রান্তিতেই ছিল। | |
| | اَوَلَمَّآ اَصَابَتۡكُمۡ مُّصِيۡبَةٌ قَدۡ اَصَبۡتُمۡ مِّثۡلَيۡهَا ۙ قُلۡتُمۡ اَنّٰى هٰذَا ؕ قُلۡ هُوَ مِنۡ عِنۡدِ اَنۡفُسِكُمۡ ؕ اِنَّ اللّٰهَ عَلٰى كُلِّ شَىۡءٍ قَدِيۡرٌ ﴿۱۶۵﴾ | **165** |
| *প্রতিবর্ণায়ন* | আওয়ালাম্মা–আসা–বাত্‌কুম মুসীবাতুং ক াদ আসাবতুম মিছ লাইহা– (ۙ) কু লতুম আন্না–হা–য া– (ط) কু ল হুওয়া মিন 'ইংদি আংফুছিকুম (ط) ইন্নাল্লা–হা 'আলা–কুল্লি শাইইং ক াদীর। | |
| *তরজমা* | কী ব্যাপার ! যখন তোমাদের উপর মুসীবত আসিল তখন তোমরা বলিলে, 'ইহা কোথা হইতে আসিল ?' অথচ তোমরা তো দ্বিগুণ বিপদ ঘটাইয়াছিলে। বল, 'ইহা তোমাদের নিজেদেরই নিকট হইতে'; নিশ্চয়ই আল্লাহ্ সর্ববিষয়ে সর্বশক্তিমান। | |
| | وَمَآ اَصَابَكُمۡ يَوۡمَ الۡتَقَى الۡجَمۡعٰنِ فَبِاِذۡنِ اللّٰهِ وَلِيَعۡلَمَ الۡمُؤۡمِنِيۡنَ ۙ ﴿۱۶۶﴾ | **166** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা ~আসা–বাকুম ইয়াওমাল তাক াল জাম'আ–নি ফাবিইয্ নিল্লা–হি ওয়ালিইয়া'লামাল মু'মিনীন। | |
| *তরজমা* | যেদিন দুই দল পরস্পরের সম্মুখীন হইয়াছিল, সেদিন তোমাদের উপর যে বিপর্যয় ঘটিয়াছিল তাহা আল্লাহ্‌রই হুকুমে; ইহা মু'মিনগণকে জানিবার জন্য। | |
| | وَلِيَعۡلَمَ الَّذِيۡنَ نَافَقُوۡا ۖۚ وَقِيۡلَ لَهُمۡ تَعَالَوۡا قَاتِلُوۡا فِىۡ سَبِيۡلِ اللّٰهِ اَوِ ادۡفَعُوۡا ؕ قَالُوۡا لَوۡ نَعۡلَمُ قِتَالًا لَّا تَّبَعۡنٰكُمۡ ؕ هُمۡ لِلۡكُفۡرِ يَوۡمَئِذٍ اَقۡرَبُ مِنۡهُمۡ لِلۡاِيۡمَانِ ۚ يَقُوۡلُوۡنَ بِاَفۡوَاهِهِمۡ مَّا لَيۡسَ فِىۡ قُلُوۡبِهِمۡ ؕ وَاللّٰهُ اَعۡلَمُ بِمَا يَكۡتُمُوۡنَ ﴿۱۶۷﴾ | **167** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালিইয়া'লামাল্লায ীনা না–ফাকূ (ج) ওয়া কী লা লাহুম তা'আ–লাও ক া–তিলূ ফী ছাবীলিল্লা–হি আবি দ্‌ফা'উ (ط) ক া–লূ লাও না'লামু কি তা–লাল্লাত্তাবা'না–কুম (ط) হুম লিলকুফরি ইয়াওমাইযি ন আক রাবু মিনহুম লিলঈমা–নি (ج) ইয়াকূ লূনা বিআফওয়া–হিহিম মা–লাইছা ফী কু লূবিহিম (ط) ওয়াল্লা–হু আ'লামু বিমা–ইয়াক্‌তুমূন। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | এবং মুনাফিকদেরকে জানিবার জন্য এবং তাহাদেরকে বলা হইয়াছিল, ‘আস, তোমরা আল্লাহ্‌র পথে যুদ্ধ কর অথবা প্রতিরোধ কর।’ তাহারা বলিয়াছিল, ‘যদি যুদ্ধ জানিতাম তবে নিশ্চিতভাবে তোমাদের অনুসরণ করিতাম।’ সেদিন তাহারা ঈমান অপেক্ষা কুফরীর নিকটতর ছিল। যাহা তাহাদের অন্তরে নাই তাহারা তাহা মুখে বলে; তাহারা যাহা গোপন রাখে আল্লাহ্‌ তাহা বিশেষভাবে অবহিত। | |
| | ٱلَّذِينَ قَالُوا۟ لِإِخْوَٰنِهِمْ وَقَعَدُوا۟ لَوْ أَطَاعُونَا مَا قُتِلُوا۟ ۗ قُلْ فَٱدْرَءُوا۟ عَنْ أَنفُسِكُمُ ٱلْمَوْتَ إِن كُنتُمْ صَٰدِقِينَ ﴿١٦٨﴾ | 168 |
| *প্রতিবর্ণায়ন* | আল্লাযী না কা-লূ লিইখওয়া-নিহিম ওয়াকা‘আদূ লাও আতা-‘উনা-মা-কুতিলূ (ط) কুল ফাদরাউ ‘আন আংফুছিকুমুল মাওতা ইং কুংতুম সা-দিকীন। | |
| *তরজমা* | যাহারা ঘরে বসিয়া রহিল এবং তাহাদের ভাইদের সম্বন্ধে বলিল, তাহারা আমাদের কথামত চলিলে নিহত হইত না, তাহাদেরকে বল, ‘যদি তোমরা সত্যবাদী হও তবে নিজেদেরকে মৃত্যু হইতে রক্ষা কর।’ | |
| | وَلَا تَحْسَبَنَّ ٱلَّذِينَ قُتِلُوا۟ فِى سَبِيلِ ٱللَّهِ أَمْوَٰتًۢا ۚ بَلْ أَحْيَآءٌ عِندَ رَبِّهِمْ يُرْزَقُونَ ﴿١٦٩﴾ | 169 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালা-তাহছাবান্নাল্লাযীনা কুতিলূ ফী ছাবীলিল্লা-হি আমওয়া-তাম্‌ (ط) বাল আহইয়া~উন ‘ইংদা রাব্বিহিম ইউরঝাকূন। | |
| *তরজমা* | যাহারা আল্লাহ্‌র পথে নিহত হইয়াছে তাহাদের কখনই মৃত মনে করিও না, বরং তাহারা জীবিত এবং তাহাদের প্রতিপালকের নিকট হইতে তাহারা জীবিকাপ্রাপ্ত। | |
| | فَرِحِينَ بِمَآ ءَاتَىٰهُمُ ٱللَّهُ مِن فَضْلِهِۦ وَيَسْتَبْشِرُونَ بِٱلَّذِينَ لَمْ يَلْحَقُوا۟ بِهِم مِّنْ خَلْفِهِمْ أَلَّا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُونَ ﴿١٧٠﴾ | 170 |
| *প্রতিবর্ণায়ন* | ফারিহীনা বিমা-আ-তা-হুমুল্লা-হু মিং ফাদলিহী (২) ওয়াইয়াছতাব্‌শিরূনা বিল্লাযীনা লাম ইয়াল্‌হাকূ বিহিম মিন খালফিহিম (২) আল্লা-খাওফুন ‘আলাইহিম ওয়ালা-হুম ইয়াহঝানূন। | |
| *তরজমা* | আল্লাহ্‌ নিজ অনুগ্রহে তাহাদেরকে যাহা দিয়াছেন তাহাতে তাহারা আনন্দিত এবং তাহাদের পিছনে যাহারা এখনও তাহাদের সঙ্গে মিলিত হয় নাই তাহাদের জন্য আনন্দ প্রকাশ করে, এইজন্য যে, তাহাদের কোন ভয় নাই এবং তাহারা দুঃখিতও হইবে না। | |
| *তরজমা* | তাহাদের অনেককে তুমি কাফিরদের সঙ্গে বন্ধুত্ব করিতে দেখিবে। কত নিকৃষ্ট তাহাদের কৃতকর্ম!-যে কারণে আল্লাহ্ তাহাদের উপর ক্রোধান্বিত হইয়াছেন। তাহাদের শাস্তিভোগ স্থায়ী হইবে। | |
| | وَلَوْ كَانُوْا يُؤْمِنُوْنَ بِاللّٰهِ وَالنَّبِيِّ وَمَآ اُنْزِلَ اِلَيْهِ مَا اتَّخَذُوْهُمْ اَوْلِيَآءَ وَلٰكِنَّ كَثِيْرًا مِّنْهُمْ فٰسِقُوْنَ ﴿٨١﴾ | **81** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাও কা–নূ ইউ'মিনূনা বিল্লা–হি ওয়ান্নাবিইয়ি ওয়ামা~উংঝিলা ইলাইহি মাত্তাখায ূহুম আওলিয়া~আ ওয়ালা–কিন্না কাছ ীরাম মিনহুম ফা–ছিক ূন। | |
| *তরজমা* | তাহারা আল্লাহে, নবীতে ও তাহার প্রতি যাহা অবতীর্ণ হইয়াছে তাহাতে ঈমান আনিলে উহাদেরকে বন্ধুরূপে গ্রহণ করিত না, কিন্তু তাহাদের অনেকে ফাসিক। | |
| | لَتَجِدَنَّ اَشَدَّ النَّاسِ عَدَاوَةً لِّلَّذِيْنَ اٰمَنُوا الْيَهُوْدَ وَالَّذِيْنَ اَشْرَكُوْا ۚ وَلَتَجِدَنَّ اَقْرَبَهُمْ مَّوَدَّةً لِّلَّذِيْنَ اٰمَنُوا الَّذِيْنَ قَالُوْٓا اِنَّا نَصٰرٰى ۗ ذٰلِكَ بِاَنَّ مِنْهُمْ قِسِّيْسِيْنَ وَرُهْبَانًا وَّاَنَّهُمْ لَا يَسْتَكْبِرُوْنَ ﴿٨٢﴾ | **82** |
| *প্রতিবর্ণায়ন* | লাতাজিদান্না আশাদ্দান্‌না–ছি 'আদা–ওয়াতাল্ লিল্লায ীনা আ–মানুল ইয়াহূদা ওয়াল্লায ীনা আশরাকূ (ج) ওয়ালাতাজিদান্না আক রাবাহুম মাওয়াদ্দাতাল্ লিল্লায ীনা আ–মানুল্লায ীনা ক া–লূ~ইন্না–নাসা–রা– (ط) য া–লিকা বিআন্না মিনহুম কি ছ্‌ছীছীনা ওয়া রুহবা–নাওঁ ওয়া আন্নাহুম লা–ইয়াছতাকবিরূনা। | |

| | | |
|---|---|---|
| তরজমা | অবশ্য মু'মিনদের প্রতি শত্রুতায় মানুষের মধ্যে ইয়াহূদী ও মুশরিকদেরকেই তুমি সর্বাধিক উগ্র দেখিবে এবং যাহারা বলে 'আমরা খ্রিস্টান' মানুষের মধ্যে তাহাদেরকেই তুমি মু'মিনদের নিকটতর বন্ধুত্বে দেখিবে; কারণ তাহাদের মধ্যে অনেক পণ্ডিত ও সংসার-বিরাগী আছে, আর তাহারা অহংকারও করে না। | |
| | وَإِذَا سَمِعُوا مَا أُنْزِلَ إِلَى الرَّسُولِ تَرَى أَعْيُنَهُمْ تَفِيضُ مِنَ الدَّمْعِ مِمَّا عَرَفُوا مِنَ الْحَقِّ ۖ يَقُولُونَ رَبَّنَا آمَنَّا فَاكْتُبْنَا مَعَ الشَّاهِدِينَ ﴿٨٣﴾ | 83 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ইয া-ছামি'উ মা ˜উংঝিলা ইলার্ রাছূলি তারা ˜আ'ইউনাহুম তাফীদু ˙ মিনাদ্ দাম'ই মিম্মা-'আরাফূ মিনাল হ াক্কি ˙ (ج) ইয়াকূ ˙লূনা রাব্বানা ˜আ-মান্না- ফাকতুব্না-মা'আশ্শা-হিদীন। | |
| তরজমা | রাসূলের প্রতি যাহা অবতীর্ণ হইয়াছে তাহা যখন তাহারা শ্রবণ করে তখন তাহারা যে সত্য উপলব্ধি করে তাহার জন্য তুমি তাহাদের চক্ষু অশ্রু-বিগলিত দেখিবে। তাহারা বলে, 'হে আমাদের প্রতিপালক! আমরা ঈমান আনিয়াছি; সুতরাং তুমি আমাদেরকে সাক্ষ্যদানকারীদের তালিকাভুক্ত কর।' | |
| | وَمَا لَنَا لَا نُؤْمِنُ بِاللَّهِ وَمَا جَاءَنَا مِنَ الْحَقِّ ۙ وَنَطْمَعُ أَنْ يُدْخِلَنَا رَبُّنَا مَعَ الْقَوْمِ الصَّالِحِينَ ﴿٨٤﴾ | 84 |
| প্রতিবর্ণায়ন | ওয়ামা-লানা-লা-নু'মিনু বিল্লা-হি ওয়ামা- জা~আনা-মিনাল্ হ াক্কি ˙ (ۙ) ওয়া নাত ˙মা'উ আইঁ ইউদ্‌খিলানা- রাব্বুনা- মা'আল ক াওমিস্‌সা-লিহ ীন। | |
| তরজমা | 'আল্লাহে ও আমাদের নিকট আগত সত্যে আমাদের ঈমান না আনার কী কারণ থাকিতে পারে যখন আমরা প্রত্যাশা করি, 'আল্লাহ্ আমাদেরকে সৎকর্মপরায়ণদের অন্তর্ভুক্ত করুন?' | |
| | فَأَثَابَهُمُ اللَّهُ بِمَا قَالُوا جَنَّاتٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ خَالِدِينَ فِيهَا ۚ وَذَٰلِكَ جَزَاءُ الْمُحْسِنِينَ ﴿٨٥﴾ | 85 |
| প্রতিবর্ণায়ন | ফাআছ াবাহুমুল্লা-হু বিমা- ক া-লূ জান্না-তিং তাজ্‌রী মিং তাহ ˙তিহাল আনহা-রু খা-লিদীনা ফীহা- (ط) ওয়া য া-লিকা জাঝা~উল মুহ ˙ছিনীন। | |
| তরজমা | এবং তাহাদের এই কথার জন্য আল্লাহ্ তাহাদের পুরস্কার নির্দিষ্ট করিয়াছেন জান্নাত-যাহার পাদদেশে নদী প্রবাহিত; তাহারা সেখানে স্থায়ী হইবে। ইহা সৎকর্মপরায়ণদের পুরস্কার। | |
| | وَالَّذِينَ كَفَرُوا وَكَذَّبُوا بِآيَاتِنَا أُولَٰئِكَ أَصْحَابُ الْجَحِيمِ ﴿٨٦﴾ | 86 |

| *প্রতিবর্ণায়ন* | ওয়াল্লায ীনা কাফারূ ওয়া কায্ যা বূ বিআ-য়া-তিনা ~উলা~ইকা আসহ া-বুল জাহ ীম। | |
| *তরজমা* | যাহারা কুফরী করিয়াছে ও আমার আয়াতসমূহকে অস্বীকার করিয়াছে তাহারাই জাহান্নামবাসী। | |
| | يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُوا۟ لَا تُحَرِّمُوا۟ طَيِّبَٰتِ مَآ أَحَلَّ ٱللَّهُ لَكُمْ وَلَا تَعْتَدُوٓا۟ ۚ إِنَّ ٱللَّهَ لَا يُحِبُّ ٱلْمُعْتَدِينَ ﴿٨٧﴾ | 87 |
| *প্রতিবর্ণায়ন* | ইয়া~আইয়ুহাল্লায ীনা আ-মানূ লা-তুহ াররিমূ ত াইয়িবা-তি মা~আহ াল্লাল্লা-হু লাকুম ওয়ালা-তা'তাদূ (ط) ইন্নাল্লা-হা লা-ইউহি ব্বুল মু'তাদীন। | |
| *তরজমা* | হে মু'মিনগণ! আল্লাহ্ তোমাদের জন্য উৎকৃষ্ট যেসব বস্তু হালাল করিয়াছেন সেই সমুদয়কে তোমরা হারাম করিও না এবং সীমালংঘন করিও না। নিশ্চয়ই আল্লাহ্ সীমালংঘনকারীদেরকে পসন্দ করেন না। | |
| | وَكُلُوا۟ مِمَّا رَزَقَكُمُ ٱللَّهُ حَلَٰلًا طَيِّبًا ۚ وَٱتَّقُوا۟ ٱللَّهَ ٱلَّذِىٓ أَنتُم بِهِۦ مُؤْمِنُونَ ﴿٨٨﴾ | 88 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াকুলূ মিম্মা- রাঝাক াকুমুল্লা-হু হ ালা-লাং ত াইয়িবাওঁ (ص) ওয়াত্তাকু ল্লা-হাল্লায ীদআংতুম বিহী মু'মিনূন। | |
| *তরজমা* | আল্লাহ্ তোমাদেরকে যে হালাল ও উৎকৃষ্ট জীবিকা দিয়াছেন তাহা হইতে ভক্ষণ কর এবং ভয় কর আল্লাহ্কে, যাঁহার প্রতি তোমরা বিশ্বাসী। | |
| | لَا يُؤَاخِذُكُمُ ٱللَّهُ بِٱللَّغْوِ فِىٓ أَيْمَٰنِكُمْ وَلَٰكِن يُؤَاخِذُكُم بِمَا عَقَّدتُّمُ ٱلْأَيْمَٰنَ ۖ فَكَفَّٰرَتُهُۥٓ إِطْعَامُ عَشَرَةِ مَسَٰكِينَ مِنْ أَوْسَطِ مَا تُطْعِمُونَ أَهْلِيكُمْ أَوْ كِسْوَتُهُمْ أَوْ تَحْرِيرُ رَقَبَةٍ ۖ فَمَن لَّمْ يَجِدْ فَصِيَامُ ثَلَٰثَةِ أَيَّامٍ ۚ ذَٰلِكَ كَفَّٰرَةُ أَيْمَٰنِكُمْ إِذَا حَلَفْتُمْ ۚ وَٱحْفَظُوٓا۟ أَيْمَٰنَكُمْ ۚ كَذَٰلِكَ يُبَيِّنُ ٱللَّهُ لَكُمْ ءَايَٰتِهِۦ لَعَلَّكُمْ تَشْكُرُونَ ﴿٨٩﴾ | 89 |
| *প্রতিবর্ণায়ন* | লা-ইউআ-খিযু কুমুল্লা-হু বিল্ লাগবি ফী~আইমা-নিকুম ওয়ালা-কিইঁ ইউআ-খিযু কুম বিমা-'আক্ ক াত্তুমুল্ আইমা-না (ج) ফাকাফ্ফা-রাতুহূ~ইত্ 'আ-মু 'আশারাতি মাছা-কীনা মিন আওছাতি মা-তুত''ইমূনা আহলীকুম আও কিছওয়াতুহুম আও তাহ রীরু রাক াবাতিং (ط) ফামাল্লাম ইয়াজিদ ফাসিয়া-মু ছ ালা-ছ াতি আইয়া-মিং (ط) য া-লিকা কাফফা-রাতু আইমা-নিকুম ইয া-হ ালাফতুম (ط) ওয়াহ ফাজূ ~আইমা-নাকুম; কায া-লিকা ইউবাইয়িনুল্লা-হু লাকুম আ-য়া-তিহী লা'আল্লাকুম তাশকুরূন। | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | তোমাদের বৃথা শপথের জন্য আল্লাহ্ তোমাদেরকে দায়ী করিবেন না, কিন্তু যেসব শপথ তোমরা ইচ্ছাকৃতভাবে কর সেই সকলের জন্য তিনি তোমাদেরকে দায়ী করিবেন। অতঃপর ইহার কাফ্‌ফারা দশজন দরিদ্রকে মধ্যম ধরনের আহার্য দান, যাহা তোমরা তোমাদের পরিজনদের খাইতে দাও, অথবা তাহাদেরকে বস্ত্রদান, কিংবা একজন দাস মুক্তি এবং যাহার সামর্থ্য নাই তাহার জন্য তিনদিন সিয়াম পালন। তোমরা শপথ করিলে ইহাই তোমাদের শপথের কাফ্‌ফারা, তোমরা তোমাদের শপথ রক্ষা করিও। এইভাবে আল্লাহ্ তোমাদের জন্য তাঁহার বিধানসমূহ বিশদভাবে বর্ণনা করেন যেন তোমরা কৃতজ্ঞতা জ্ঞাপন কর। | |
| | يَاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اِنَّمَا الْخَمْرُ وَالْمَيْسِرُ وَالْاَنْصَابُ وَالْاَزْلَامُ رِجْسٌ مِّنْ عَمَلِ الشَّيْطٰنِ فَاجْتَنِبُوْهُ لَعَلَّكُمْ تُفْلِحُوْنَ ﴿٩٠﴾ | 90 |
| প্রতিবর্ণায়ন | ইয়া~আইয়ুহাল্লায ীনা আ-মানূ~ইন্নামাল খামরু ওয়াল মাইছিরু ওয়াল আংসা-বু ওয়াল আঝ্‌লা-মু রিজছুম মিন ‘আমালিশ শাইত া-নি ফাজতানিবূহু লা‘আল্লাকুম তুফলিহূ ন। | |
| তরজমা | হে মু’মিনগণ! মদ, জুয়া, মূর্তিপূজার বেদী ও ভাগ্য নির্ণায়ক শর ঘৃণ্য বস্তু, শয়তানের কাজ। সুতরাং তোমরা উহা বর্জন কর-যাহাতে তোমরা সফলকাম হইতে পার। | |
| | اِنَّمَا يُرِيْدُ الشَّيْطٰنُ اَنْ يُّوْقِعَ بَيْنَكُمُ الْعَدَاوَةَ وَالْبَغْضَآءَ فِي الْخَمْرِ وَالْمَيْسِرِ وَيَصُدَّكُمْ عَنْ ذِكْرِ اللّٰهِ وَعَنِ الصَّلٰوةِ ۚ فَهَلْ اَنْتُمْ مُّنْتَهُوْنَ ﴿٩١﴾ | 91 |
| প্রতিবর্ণায়ন | ইন্নামা-ইউরীদুশ্‌শাইত া-নু আইঁ ইউকি ‘আ বাইনাকুমুল ‘আদা-ওয়াতা ওয়াল বাগদ া~আ ফিল খামরি ওয়াল মাইছিরি ওয়া ইয়াসুদ্দাকুম ‘আং যি ক্‌রিল্লা-হি ওয়া ‘আনিস্‌সালা-তি (ج) ফাহাল আংতুম মুংতাহূন। | |
| তরজমা | শয়তান তো মদ ও জুয়া দ্বারা তোমাদের মধ্যে শত্রুতা ও বিদ্বেষ ঘটাইতে চায় এবং তোমাদেরকে আল্লাহ্‌র স্মরণে ও সালাতে বাধা দিতে চায়। তবে কি তোমরা নিবৃত্ত হইবে না ? | |
| | وَاَطِيْعُوا اللّٰهَ وَاَطِيْعُوا الرَّسُوْلَ وَاحْذَرُوْا ۚ فَاِنْ تَوَلَّيْتُمْ فَاعْلَمُوْٓا اَنَّمَا عَلٰى رَسُوْلِنَا الْبَلٰغُ الْمُبِيْنُ ﴿٩٢﴾ | 92 |
| প্রতিবর্ণায়ন | ওয়া আত ী‘উল্লা-হা ওয়া আত ী‘উর রাছূলা ওয়াহ্‌য ারূ (ج) ফাইং তাওয়াল্লাইতুম ফা‘লামু~আন্নামা- ‘আলা-রাছূলিনাল বালা-গুল মুবীন। | |
| তরজমা | তোমরা আল্লাহ্‌র আনুগত্য কর ও রাসূলের আনুগত্য কর এবং সতর্ক হও; যদি তোমরা মুখ ফিরাইয়া নেও তবে জানিয়া রাখ, স্পষ্ট প্রচারই আমার রাসূলের কর্তব্য। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | لَيْسَ عَلَى الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ جُنَاحٌ فِيْمَا طَعِمُوْٓا اِذَا مَا اتَّقَوْا وَّاٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ ثُمَّ اتَّقَوْا وَّاٰمَنُوْا ثُمَّ اتَّقَوْا وَّاَحْسَنُوْا ؕ وَاللّٰهُ يُحِبُّ الْمُحْسِنِيْنَ ﴿۹۳﴾ | 93 |
| *প্রতিবর্ণায়ন* | লাইছা 'আলাল্লায ীনা আ-মানূ ওয়া 'আমিলুস্‌সা-লিহ া-তি জুনা-হু ং ফীমা-ত া'ইমূ ইয া-মাত্তাক াও ওয়া আ-মানূ ওয়া 'আমিলুস্‌সা-লিহ া-তি ছু ম্মাত্তাক াও ওয়া আ-মানূ ছু ম্মাত্তাক াও ওয়া আহ ছানূ (ط) ওয়াল্লা-হু ইউহি ব্বুল মুহ ছিনীন। | |
| *তরজমা* | যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে তাহারা পূর্বে যাহা ভক্ষণ করিয়াছে তজ্জন্য তাহাদের কোন গুনাহ্ নাই; যদি তাহারা সাবধান হয় এবং ঈমান আনে ও সৎকর্ম করে, সাবধান হয় ও বিশ্বাস করে, পুনরায় সাবধান হয় ও সৎকর্ম করে এবং আল্লাহ্ সৎকর্মপরায়ণদেরকে ভালবাসেন। | |
| | يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَيَبْلُوَنَّكُمُ اللّٰهُ بِشَيْءٍ مِّنَ الصَّيْدِ تَنَالُهٗٓ اَيْدِيْكُمْ وَرِمَاحُكُمْ لِيَعْلَمَ اللّٰهُ مَنْ يَّخَافُهٗ بِالْغَيْبِ ۚ فَمَنِ اعْتَدٰى بَعْدَ ذٰلِكَ فَلَهٗ عَذَابٌ اَلِيْمٌ ﴿۹۴﴾ | 94 |
| *প্রতিবর্ণায়ন* | ইয়া ~আইয়ুহাল্লায ীনা আ-মানূ লাইয়াব্‌লুওয়ান্নাকুমুল্লা-হু বিশাইইম মিনাস্‌সাইদি তানা-লুহূ~ আইদীকুম ওয়া রিমা-হু কুম লিইয়া'লামাল্লা-হু মাইঁ ইয়াখা-ফুহু বিলগাইবি (ج) ফামানি'তাদা-বা'দা য া-লিকা ফালাহু 'আয া-বুন আলীম। | |
| *তরজমা* | হে মু'মিনগণ! তোমাদের হাত ও বর্শা যাহা শিকার করে সে বিষয়ে আল্লাহ্ অবশ্যই তোমাদেরকে পরীক্ষা করিবেন, যাহাতে আল্লাহ্ অবহিত হন কে তাঁহাকে না দেখিয়াও ভয় করে। সুতরাং ইহার পর কেহ সীমালংঘন করিলে তাহার জন্য মর্মন্তুদ শাস্তি রহিয়াছে। | |
| | يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَقْتُلُوا الصَّيْدَ وَاَنْتُمْ حُرُمٌ ؕ وَمَنْ قَتَلَهٗ مِنْكُمْ مُّتَعَمِّدًا فَجَزَآءٌ مِّثْلُ مَا قَتَلَ مِنَ النَّعَمِ يَحْكُمُ بِهٖ ذَوَا عَدْلٍ مِّنْكُمْ هَدْيًۢا بٰلِغَ الْكَعْبَةِ اَوْ كَفَّارَةٌ طَعَامُ مَسٰكِيْنَ اَوْ عَدْلُ ذٰلِكَ صِيَامًا لِّيَذُوْقَ وَبَالَ اَمْرِهٖ ؕ عَفَا اللّٰهُ عَمَّا سَلَفَ ؕ وَمَنْ عَادَ فَيَنْتَقِمُ اللّٰهُ مِنْهُ ؕ وَاللّٰهُ عَزِيْزٌ ذُو انْتِقَامٍ ﴿۹۵﴾ | 95 |
| *প্রতিবর্ণায়ন* | ইয়া ~আইয়ুহাল্লায ীনা আ-মানূ লা-তাক তুলুস্‌সাইদা ওয়া আংতুম হু রুমুওঁ (ط) ওয়ামাং ক াতালাহূ মিংকুম মুতা'আম্মিদাং ফাজাঝা~উম মিছ লু মা-ক াতালা মিনান্ না'আমি ইয়াহ কুমু বিহী য াওয়া-'আদলিম মিংকুম হাদইয়াম বা-লিগাল কা'বাতি আও কাফ্‌ফা-রাতুং তা'আ-মু মাছা-কীনা আও 'আদলু য া-লিকা সিয়া-মাল্ লিইয়াযূ ক া ওয়াবা-লা আমরিহী (ط) 'আফাল্লা-হু 'আম্মা-ছালাফা (ط) ওয়ামান 'আ-দা ফাইয়াংতাকি মুল্লা-হু মিনহু (ط) ওয়াল্লা-হু 'আঝীঝুং যু ংতিক া-ম। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | হে মু'মিনগণ! ইহ্‌রামে থাকাকালে তোমরা শিকার-জন্তু হত্যা করিও না; তোমাদের মধ্যে কেহ ইচ্ছাকৃতভাবে উহা হত্যা করিলে যাহা সে হত্যা করিল তাহার বিনিময় হইতেছে অনুরূপ গৃহপালিত জন্তু, যাহার ফয়সালা করিবে তোমাদের মধ্যে দুইজন ন্যায়বান লোক-কা'বায় প্রেরিতব্য কুরবানীরূপে। অথবা উহার কাফ্‌ফারা হইবে দরিদ্রকে খাদ্য দান করা কিংবা সমসংখ্যক সিয়াম পালন করা, যাহাতে সে আপন কৃতকর্মের ফল ভোগ করে। যাহা গত হইয়াছে আল্লাহ্ তাহা ক্ষমা করিয়াছেন। কেহ উহা পুনরায় করিলে আল্লাহ্ তাহার শাস্তি দিবেন এবং আল্লাহ্ পরাক্রমশালী, শাস্তিদাতা। | |
| | أُحِلَّ لَكُمْ صَيْدُ الْبَحْرِ وَطَعَامُهُ مَتَاعًا لَّكُمْ وَلِلسَّيَّارَةِ ۖ وَحُرِّمَ عَلَيْكُمْ صَيْدُ الْبَرِّ مَا دُمْتُمْ حُرُمًا ۗ وَاتَّقُوا اللَّهَ الَّذِي إِلَيْهِ تُحْشَرُونَ ﴿٩٦﴾ | **96** |
| *প্রতিবর্ণায়ন* | উহি ল্লা লাকুম সাইদুল বাহ রি ওয়া তা'আ-মুহূ মাতা-'আল্লাকুম ওয়া লিছ্ছাইয়ি-রাতি (ج) ওয়া হু র্‌রিমা 'আলাইকুম সাইদুল বার্‌রি মা-দুমতুম হু রুমাওঁ (ط) ওয়াত্তাকু ল্লা-হাল্লায ী ~ইলাইহি তুহ্ শারূন। | |
| *তরজমা* | তোমাদের জন্য সমুদ্রের শিকার ও উহা ভক্ষণ হালাল করা হইয়াছে, তোমাদের ও পর্যটকদের ভোগের জন্য। তোমরা যতক্ষণ ইহ্‌রামে থাকিবে ততক্ষণ স্থলের শিকার তোমাদের জন্য হারাম। তোমরা ভয় কর আল্লাহ্‌কে, যাঁহার নিকট তোমাদেরকে একত্র করা হইবে। | |
| | جَعَلَ اللَّهُ الْكَعْبَةَ الْبَيْتَ الْحَرَامَ قِيَامًا لِّلنَّاسِ وَالشَّهْرَ الْحَرَامَ وَالْهَدْيَ وَالْقَلَائِدَ ۚ ذَٰلِكَ لِتَعْلَمُوا أَنَّ اللَّهَ يَعْلَمُ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ وَأَنَّ اللَّهَ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ ﴿٩٧﴾ | **97** |
| *প্রতিবর্ণায়ন* | জা'আলাল্লা-হুল কা'বাতাল বাইতাল হ ারা-মা কি য়া-মাল্ লিন্না-ছি ওয়াশ্‌শাহরাল হ ারা-মা ওয়াল হাদইয়া ওয়াল ক ালা~ইদা (ط) য া-লিকা লিতা'লামূ ~আন্নাল্লা-হা ইয়া'লামু মা-ফিছ্ছামা-ওয়া-তি ওয়ামা-ফিল আরদি  ওয়াআন্নাল্লা-হা বিকুল্লি শাইয়িন 'আলীম। | |
| *তরজমা* | পবিত্র কা'বাগৃহ, পবিত্র মাস, কুরবানীর জন্য কা'বায় প্রেরিত পশু ও গলায় মালা পরিহিত পশুকে আল্লাহ্ মানুষের কল্যাণের জন্য নির্ধারণ করিয়াছেন। ইহা এইহেতু যে, তোমরা যেন জানিতে পার-যাহা কিছু আসমান ও যমীনে আছে আল্লাহ্ তাহা জানেন এবং আল্লাহ্ তো সর্ববিষয়ে সর্বজ্ঞ। | |
| | اعْلَمُوا أَنَّ اللَّهَ شَدِيدُ الْعِقَابِ وَأَنَّ اللَّهَ غَفُورٌ رَّحِيمٌ ﴿٩٨﴾ | **98** |
| *প্রতিবর্ণায়ন* | ই'লামূ ~আন্নাল্লা-হা শাদীদুল 'ইক া-বি ওয়া আন্নাল্লা-হা গাফূরুর্ রাহ ীম। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | জানিয়া রাখ, নিশ্চয়ই আল্লাহ্ শাস্তিদানে কঠোর এবং আল্লাহ্ পরম ক্ষমাশীল, পরম দয়ালু। | |
| | مَا عَلَى الرَّسُوْلِ اِلَّا الْبَلٰغُ ؕ وَاللّٰهُ يَعْلَمُ مَا تُبْدُوْنَ وَمَا تَكْتُمُوْنَ ﴿۹۹﴾ | **99** |
| প্রতিবর্ণায়ন | মা–‘আলার্‌রাছূলি ইল্লাল বালা–গু (ط) ওয়াল্লা–হু ইয়া‘লামু মা–তুবদূনা ওয়ামা– তাকতুমূন। | |
| তরজমা | প্রচার করাই কেবল রাসূলের কর্তব্য। আর তোমরা যাহা প্রকাশ কর ও গোপন রাখ আল্লাহ্ তাহা জানেন। | |
| | قُلْ لَّا يَسْتَوِى الْخَبِيْثُ وَالطَّيِّبُ وَلَوْ اَعْجَبَكَ كَثْرَةُ الْخَبِيْثِ ۚ فَاتَّقُوا اللّٰهَ يٰۤاُولِى الْاَلْبَابِ لَعَلَّكُمْ تُفْلِحُوْنَ ﴿۱۰۰﴾ | **100** |
| প্রতিবর্ণায়ন | কুল্লা– ইয়াছতাব ীল খাবীছু  ওয়াত্ত াইয়িবু ওয়ালাও আ‘জাবাকা কাছ রাতুল খাবীছি (ج) ফাত্তাকু ল্লা–হা ইয়া ˜উলিল আলবা–বি লা‘আল্লাকুম তুফলিহূ ন। | |
| তরজমা | বল, ‘মন্দ ও ভাল এক নয়; যদিও মন্দের আধিক্য তোমাকে চমৎকৃত করে। সুতরাং হে বোধশক্তিসম্পন্নেরা! আল্লাহ্‌কে ভয় কর-যাহাতে তোমরা সফলকাম হইতে পার।’ | |
| | يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَسْـَٔلُوْا عَنْ اَشْيَآءَ اِنْ تُبْدَ لَكُمْ تَسُؤْكُمْ ۚ وَاِنْ تَسْـَٔلُوْا عَنْهَا حِيْنَ يُنَزَّلُ الْقُرْاٰنُ تُبْدَ لَكُمْ ؕ عَفَا اللّٰهُ عَنْهَا ؕ وَاللّٰهُ غَفُوْرٌ حَلِيْمٌ ﴿۱۰۱﴾ | **101** |
| প্রতিবর্ণায়ন | ইয়া ˜আইয়ুহাল্লায ীনা আ–মানূ লা–তাছআলূ ‘আন আশইয়া~আ ইংতুবদালাকুম  তাছু’কুম (ج) ওয়া ইং তাছআলূ ‘আনহা–হ ীনা ইউনাঝ্‌ঝালুল কু রআ–নু তুবদালাকুম (ط) ‘আফাল্লা–হু ‘আনহা– (ط) ওয়াল্লা–হু গাফূরুন হ ালীম। | |
| তরজমা | হে মু’মিনগণ! তোমরা সেই সব বিষয়ে প্রশ্ন করিও না যাহা তোমাদের নিকট প্রকাশ হইলে তাহা তোমাদেরকে কষ্ট দিবে। কুরআন নাযিলের সময় তোমরা যদি সেই সব বিষয়ে প্রশ্ন কর তবে উহা তোমাদের নিকট প্রকাশ করা হইবে। আল্লাহ্ সেই সব ক্ষমা করিয়াছেন এবং আল্লাহ্ ক্ষমাশীল, সহনশীল। | |
| | قَدْ سَاَلَهَا قَوْمٌ مِّنْ قَبْلِكُمْ ثُمَّ اَصْبَحُوْا بِهَا كٰفِرِيْنَ ﴿۱۰۲﴾ | **102** |
| প্রতিবর্ণায়ন | ক াদ ছাআলাহা– কাওমুম মিং ক াবলিকুম ছু ম্মা আসবাহূ  বিহা–কা–ফিরীন। | |
| তরজমা | তোমাদের পূর্বেও তো এক সম্প্রদায় এই প্রকার প্রশ্ন করিয়াছিল; অতঃপর তাহারা উহা প্রত্যাখ্যান করে। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | مَا جَعَلَ اللّٰهُ مِنْۢ بَحِيْرَةٍ وَّلَا سَآئِبَةٍ وَّلَا وَصِيْلَةٍ وَّلَا حَامٍ ۙ وَّلٰكِنَّ الَّذِيْنَ كَفَرُوْا يَفْتَرُوْنَ عَلَى اللّٰهِ الْكَذِبَ ؕ وَاَكْثَرُهُمْ لَا يَعْقِلُوْنَ ﴿۱۰۳﴾ | **103** |
| *প্রতিবর্ণায়ন* | মা–জা‘আলাল্লা–হু মিম বাহ ীরাতিওঁ ওয়ালা– ছা~য়িবাতিওঁ ওয়ালা–ওয়াসীলাতিওঁ ওয়ালা– হ া–মিওঁ (ۙ) ওয়ালা–কিন্নাল্লায ীনা কাফারূ ইয়াফতারূনা ‘আলাল্লা–হিল্ কাযি বা (ط) ওয়া আকছ ারুহুম লা–ইয়া‘কি লূন। | |
| *তরজমা* | বাহীরাঃ, সাইবাঃ, ওয়াসীলাঃ ও হাম আল্লাহ্ স্থির করেন নাই; কিন্তু কাফিরগণ আল্লাহ্র প্রতি মিথ্যা আরোপ করে এবং তাহাদের অধিকাংশই উপলব্ধি করে না। | |
| | وَاِذَا قِيْلَ لَهُمْ تَعَالَوْا اِلٰى مَاۤ اَنْزَلَ اللّٰهُ وَاِلَى الرَّسُوْلِ قَالُوْا حَسْبُنَا مَا وَجَدْنَا عَلَيْهِ اٰبَآءَنَا ؕ اَوَلَوْ كَانَ اٰبَآؤُهُمْ لَا يَعْلَمُوْنَ شَيْـًٔا وَّلَا يَهْتَدُوْنَ ﴿۱۰۴﴾ | **104** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয া– ক ীলা লাহুম তা‘আ–লাও ইলা–মা ঁআংঝালাল্লাহু ওয়া ইলার্রাছূলি ক া–লূ হ াছবুনা–মা–ওয়াজাদনা– ‘আলাইহি আ–বা~আনা– (ط) আওয়া লাও কা–না আ–বা~উহুম লা–ইয়া‘লামূনা শাইআওঁ ওয়ালা–ইয়াহতাদূন। | |
| *তরজমা* | যখন তাহাদেরকে বলা হয়, ‘আল্লাহ্ যাহা অবতীর্ণ করিয়াছেন তাহার দিকে ও রাসূলের দিকে আস’, তাহারা বলে, ‘আমরা আমাদের পূর্বপুরুষদেরকে যাহাতে পাইয়াছি তাহাই আমাদের জন্য যথেষ্ট।’ যদিও তাহাদের পূর্বপুরুষগণ কিছুই জানিত না এবং সৎপথপ্রাপ্তও ছিল না, তবুও কি ? | |
| | يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا عَلَيْكُمْ اَنْفُسَكُمْ ۚ لَا يَضُرُّكُمْ مَّنْ ضَلَّ اِذَا اهْتَدَيْتُمْ ؕ اِلَى اللّٰهِ مَرْجِعُكُمْ جَمِيْعًا فَيُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿۱۰۵﴾ | **105** |
| *প্রতিবর্ণায়ন* | ইয়া ঁআইয়ুহাল্লায ীনা আ–মানূ ‘আলাইকুম আংফুছাকুম (ج) লা–ইয়াদু র্রুকুম মাং দ াল্লা ইয াহ তাদাইতুম (ط) ইলাল্লা–হি মারজি‘উকুম জামী‘আং ফাইউনাব্বিউকুম বিমা–কুংতুম তা‘মালূন। | |
| *তরজমা* | হে মু’মিনগণ! তোমাদের দায়িত্ব তোমাদেরই উপর। তোমরা যদি সৎপথে পরিচালিত হও তবে যে পথভ্রষ্ট হইয়াছে সে তোমাদের কোন ক্ষতি করিতে পারিবে না। আল্লাহ্র দিকেই তোমাদের সকলের প্রত্যাবর্তন; অতঃপর তোমরা যাহা করিতে তিনি সে সম্বন্ধে তোমাদেরকে অবহিত করিবেন। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُوا۟ شَهَٰدَةُ بَيْنِكُمْ إِذَا حَضَرَ أَحَدَكُمُ ٱلْمَوْتُ حِينَ ٱلْوَصِيَّةِ ٱثْنَانِ ذَوَا عَدْلٍ مِّنكُمْ أَوْ ءَاخَرَانِ مِنْ غَيْرِكُمْ إِنْ أَنتُمْ ضَرَبْتُمْ فِى ٱلْأَرْضِ فَأَصَٰبَتْكُم مُّصِيبَةُ ٱلْمَوْتِ ۚ تَحْبِسُونَهُمَا مِنۢ بَعْدِ ٱلصَّلَوٰةِ فَيُقْسِمَانِ بِٱللَّهِ إِنِ ٱرْتَبْتُمْ لَا نَشْتَرِى بِهِۦ ثَمَنًا وَلَوْ كَانَ ذَا قُرْبَىٰ ۙ وَلَا نَكْتُمُ شَهَٰدَةَ ٱللَّهِ إِنَّآ إِذًا لَّمِنَ ٱلْءَاثِمِينَ ﴿١٠٦﴾ | **106** |
| *প্রতিবর্ণায়ন* | ইয়া~আইয়ুহাল্লায ীনা আ–মানূ শাহা–দাতু বাইনিকুম ইয া–হ াদ ারা আহ াদাকুমুল মাওতু হ ীনাল ওয়াসি্ইইয়াতিছ না–নি য াওয়া– ‘আদলিম্ মিংকুম আও আ–খারা–নি মিন গাইরিকুম ইন আংতুম দ ারাবতুম ফিল আরদি  ফাআসা–বাত্কুম মুসীবাতুল মাওতি (ط) তাহ বিছুনাহুমা–মিম বা‘দিস্সালা–তি ফাইউক ছিমা–নি বিল্লা–হি ইনির্তাবতুম লা–নাশতারী বিহী ছ ামানওঁ ওয়া লাও কা–না য া– কু রবা– (ﻻ) ওয়ালা–নাকতুমু শাহা–দাতাল্লা–হি ইন্না~ইয াল্লা মিনাল আ–ছি মীন। | |
| *তরজমা* | হে মু’মিনগণ! তোমাদের কাহারও যখন মৃত্যু উপস্থিত হয়, তখন ওসিয়াত করার সময় তোমাদের মধ্য হইতে দুইজন ন্যায়পরায়ণ লোককে সাক্ষী রাখিবে; তোমরা সফরে থাকিলে এবং তোমাদের মৃত্যুর বিপদ উপস্থিত হইলে তোমাদের ছাড়া অন্য লোকদের মধ্য হইতে দুইজন সাক্ষী মনোনীত করিবে। তোমাদের সন্দেহ হইলে সালাতের পর তাহাদেরকে অপেক্ষমাণ রাখিবে। অতঃপর তাহারা আল্লাহ্‌র নামে শপথ করিয়া বলিবে, ‘আমরা উহার বিনিময়ে কোন মূল্য গ্রহণ করিব না-যদি সে আত্মীয়ও হয় এবং আমরা আল্লাহ্‌র সাক্ষ্য গোপন করিব না; করিলে অবশ্যই পাপীদের অন্তর্ভুক্ত হইব।’ | |
| | فَإِنْ عُثِرَ عَلَىٰٓ أَنَّهُمَا ٱسْتَحَقَّآ إِثْمًا فَـَٔاخَرَانِ يَقُومَانِ مَقَامَهُمَا مِنَ ٱلَّذِينَ ٱسْتَحَقَّ عَلَيْهِمُ ٱلْأَوْلَيَٰنِ فَيُقْسِمَانِ بِٱللَّهِ لَشَهَٰدَتُنَآ أَحَقُّ مِن شَهَٰدَتِهِمَا وَمَا ٱعْتَدَيْنَآ إِنَّآ إِذًا لَّمِنَ ٱلظَّٰلِمِينَ ﴿١٠٧﴾ | **107** |
| *প্রতিবর্ণায়ন* | ফাইন ‘উছি রা ‘আলা~আন্নাহুমাছ তাহ াক্ক া~ ইছ মাং ফাআ–খারা–নি ইয়াকূ মা–নি মাক া–মাহুমা– মিনাল্লায ীনাছ্তাহ াক্ক া ‘আলাইহিমুল আওলাইয়া–নি ফাইউক ছিমা–নি বিল্লা–হি লাশাহা–দাতুনা~আহা ক্ কু মিং শাহা–দাতিহিমা–ওয়া মা‘তাদাইনা~ (ز) ইন্না~ইয াল্লা মিনাজ্ জ া–লিমীন। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | যদি ইহা প্রকাশ পায় যে, তাহারা দুইজন অপরাধে লিপ্ত হইয়াছে তবে যাহাদের স্বার্থহানি ঘটিয়াছে তাহাদের মধ্য হইতে নিকটতম দুইজন তাহাদের স্থলবর্তী হইবে এবং আল্লাহ্‌র নামে শপথ করিয়া বলিবে, 'আমাদের সাক্ষ্য অবশ্যই তাহাদের সাক্ষ্য হইতে অধিকতর সত্য এবং আমরা সীমালংঘন করি নাই- করিলে অবশ্যই আমরা জালিমদের অন্তর্ভুক্ত হইব।' | |
| | ذٰلِكَ اَدْنٰۤى اَنْ يَّاْتُوْا بِالشَّهَادَةِ عَلٰى وَجْهِهَاۤ اَوْ يَخَافُوْۤا اَنْ تُرَدَّ اَيْمَانٌۢ بَعْدَ اَيْمَانِهِمْ ؕ وَاتَّقُوا اللّٰهَ وَاسْمَعُوْا ؕ وَ اللّٰهُ لَا يَهْدِى الْقَوْمَ الْفٰسِقِيْنَ ﴿۱۰۸﴾ | 108 |
| প্রতিবর্ণায়ন | য া-লিকা আদনা-আইঁ ইয়া'তূ বিশ্‌শাহা-দাতি 'আলা-ওয়াজহিহা˜ আও ইয়াখা-ফূ˜আং তুরাদ্দা আইমা-নুম বা'দা আইমা-নিহিম (ط) ওয়াত্তাকু ল্লা-হা ওয়াছমা'উ (ط) ওয়াল্লা-হু লা-ইয়াহদিল ক া ওমাল ফা-ছিক ীন। | |
| তরজমা | এই পদ্ধতিতেই অধিকতর সম্ভাবনা আছে লোকের যথাযথ সাক্ষ্যদানের অথবা শপথের পর আবার তাহাদেরকে শপথ করান হইবে-এই ভয়ের। আল্লাহ্‌কে ভয় কর এবং শ্রবণ কর, আল্লাহ্ ফাসিক সম্প্রদায়কে সৎপথে পরিচালিত করেন না। | |
| | يَوْمَ يَجْمَعُ اللّٰهُ الرُّسُلَ فَيَقُوْلُ مَاذَاۤ اُجِبْتُمْ ؕ قَالُوْا لَا عِلْمَ لَنَا ؕ اِنَّكَ اَنْتَ عَلَّامُ الْغُيُوْبِ ﴿۱۰۹﴾ | 109 |
| প্রতিবর্ণায়ন | ইয়াওমা ইয়াজমা'উল্লা-হুর রুছুলা ফাইয়াকূ লু মা-য া˜উজিবতুম (ط) ক া-লূ লা-'ইলমা লানা- (ط) ইন্নাকা আংতা 'আল্লা-মুল গুয়ূব। | |
| তরজমা | স্মরণ কর, যে দিন আল্লাহ্ রাসূলগণকে একত্র করিবেন এবং জিজ্ঞাসা করিবেন, 'তোমরা কী উত্তর পাইয়াছিলে ?' তাহারা বলিবে, 'এই বিষয়ে আমাদের কোন জ্ঞানই নাই; তুমিই তো অদৃশ্য সম্বন্ধে সম্যক পরিজ্ঞাত।' | |
| | اِذْ قَالَ اللّٰهُ يٰعِيْسَى ابْنَ مَرْيَمَ اذْكُرْ نِعْمَتِىْ عَلَيْكَ وَعَلٰى وَالِدَتِكَ ۘ اِذْ اَيَّدْتُّكَ بِرُوْحِ الْقُدُسِ ۗ تُكَلِّمُ النَّاسَ فِى الْمَهْدِ وَكَهْلًا ۚ وَاِذْ عَلَّمْتُكَ الْكِتٰبَ وَالْحِكْمَةَ وَالتَّوْرٰىةَ وَالْاِنْجِيْلَ ۚ وَاِذْ تَخْلُقُ مِنَ الطِّيْنِ كَهَيْـَٔةِ الطَّيْرِ بِاِذْنِىْ فَتَنْفُخُ فِيْهَا فَتَكُوْنُ طَيْرًاۢ بِاِذْنِىْ وَتُبْرِئُ الْاَكْمَهَ وَالْاَبْرَصَ بِاِذْنِىْ ۚ وَاِذْ تُخْرِجُ الْمَوْتٰى بِاِذْنِىْ ۚ وَاِذْ كَفَفْتُ بَنِىْۤ اِسْرَآءِيْلَ عَنْكَ اِذْ جِئْتَهُمْ بِالْبَيِّنٰتِ فَقَالَ الَّذِيْنَ كَفَرُوْا مِنْهُمْ اِنْ هٰذَاۤ اِلَّا سِحْرٌ مُّبِيْنٌ ﴿۱۱۰﴾ | 110 |

| | | |
|---|---|---|
| প্রতিবর্ণায়ন | ইয ক া-লাল্লা-হু ইয়া-‘ঈছাব্না মারইয়ামায্ কুর্ নি‘মাতী ‘আলাইকা ওয়া ‘আলা-ওয়া-লিদাতিক (م)। ইয আইঁ ইয়াত্তুকা বিরুহি ল কু দুছি (قف) তুকাল্লিমুন্ না-ছা ফিল মাহদি ওয়া কাহলাওঁ (ج) ওয়া ইয ‘আল্লামতুকাল কিতা-বা ওয়াল হি কমাতা ওয়াত্তাওরা-তা ওয়াল ইংজীলা (ج) ওয়া ইয তাখলুকু মিনাত্ ত ীনি কাহাইআতিত্ ত াইরি বিইয নী ফাতাংফুখু ফীহা- ফাতাকূনু ত াইরাম্ বিইয নী ওয়াতুব্‌রিউল আকমাহা ওয়াল আবরাসা বিইয নী (ج) ওয়া ইয তুখরিজুল মাওতা-বিইয নী (ج) ওয়া ইয কাফাফ্‌তু বানী˜ইছরা~ঈলা ‘আংকা ইয জি’তাহুম বিলবাইয়িনা-তি ফাক া-লাল্লায ীনা কাফারূ মিনহুম ইন হা-য া˜ ইল্লা-ছিহ রুম মুবীন। | |
| তরজমা | স্মরণ কর, আল্লাহ্ বলিবেন, ‘হে মার্‌ইয়াম-তনয় ‘ঈসা! তোমার প্রতি ও তোমার জননীর প্রতি আমার অনুগ্রহ স্মরণ কর, পবিত্র আত্মা দ্বারা আমি তোমাকে শক্তিশালী করিয়াছিলাম এবং তুমি দোলনায় থাকা অবস্থায় ও পরিণত বয়সে মানুষের সঙ্গে কথা বলিতে; তোমাকে কিতাব, হিক্‌মত, তাওরাত ও ইন্‌জীল শিক্ষা দিয়াছিলাম; তুমি কর্দম দ্বারা আমার অনুমতিক্রমে পাখিসদৃশ আকৃতি গঠন করিতে এবং উহাতে ফুৎকার দিতে; ফলে আমার অনুমতিক্রমে উহা পাখি হইয়া যাইত; জন্মান্ধ ও কুষ্ঠ ব্যাধিগ্রস্তকে তুমি আমার অনুমতিক্রমে নিরাময় করিতে এবং আমার অনুমতিক্রমে তুমি মৃতকে জীবিত করিতে; আমি তোমা হইতে বনী ইস্‌রাঈলকে নিবৃত্ত রাখিয়াছিলাম ; তুমি যখন তাহাদের নিকট স্পষ্ট নিদর্শন আনিয়াছিলে তখন তাহাদের মধ্যে যাহারা কুফরী করিয়াছিল তাহারা বলিতেছিল, ‘ইহা তো স্পষ্ট জাদু।’ | |
| | وَاِذْ اَوْحَيْتُ اِلَى الْحَوَارِيّٖنَ اَنْ اٰمِنُوْا بِيْ وَبِرَسُوْلِيْ ۚ قَالُوْٓا اٰمَنَّا وَاشْهَدْ بِاَنَّنَا مُسْلِمُوْنَ ﴿١١١﴾ | **111** |
| প্রতিবর্ণায়ন | ওয়া ইয আওহ াইতু ইলাল হ াওয়া-রিইয়ীনা আন আ-মিনূ বী ওয়াবিরাছূলী (ج) ক া-লূ˜আ-মান্না- ওয়াশহাদ বিআন্নানা-মুছলিমূন। | |
| তরজমা | আরও স্মরণ কর, আমি যখন ‘হাওয়ারীদেরকে এই আদেশ দিয়াছিলাম যে, ‘তোমরা আমার প্রতি ও আমার রাসূলের প্রতি ঈমান আন’, তাহারা বলিয়াছিল, ‘আমরা ঈমান আনিলাম এবং তুমি সাক্ষী থাক যে, আমরা তো মুসলিম।’ | |
| | اِذْ قَالَ الْحَوَارِيُّوْنَ يٰعِيْسَى ابْنَ مَرْيَمَ هَلْ يَسْتَطِيْعُ رَبُّكَ اَنْ يُّنَزِّلَ عَلَيْنَا مَآئِدَةً مِّنَ السَّمَآءِ ۗ قَالَ اتَّقُوا اللّٰهَ اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ﴿١١٢﴾ | **112** |
| প্রতিবর্ণায়ন | ইয ক া-লাল হ াওয়া-রিইয়ূনা ইয়া- ‘ঈছাবনা মারইয়ামা হাল ইয়াছতাত ী‘উ রাব্বুকা আইঁ ইউনাঝঝিলা ‘আলাইনা- মা~ইদাতাম্ মিনাছছামা~ই (ط) ক া-লাত্ তাকু ল্লা-হা ইং কুংতুম মু’মিনীন। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | স্মরণ কর, হাওয়ারীগণ বলিয়াছিল, 'হে মার্‌ইয়াম-তনয় 'ঈসা ! তোমার প্রতিপালক কি আমাদের জন্য আসমান হইতে খাদ্য-পরিপূর্ণ খাঞ্চা প্রেরণ করিতে সক্ষম ?' সে বলিয়াছিল, 'আল্লাহ্‌কে ভয় কর, যদি তোমরা মু'মিন হও।' | |
| | قَالُوْا نُرِيْدُ اَنْ نَّاْكُلَ مِنْهَا وَتَطْمَىِٕنَّ قُلُوْبُنَا وَنَعْلَمَ اَنْ قَدْ صَدَقْتَنَا وَنَكُوْنَ عَلَيْهَا مِنَ الشّٰهِدِيْنَ ﴿١١٣﴾ | **113** |
| *প্রতিবর্ণায়ন* | কা-লূ নুরীদু আন্ না'কুলা মিনহা- ওয়া তাত মাইন্না কু লূবুনা-ওয়া না'লামা আং কাদ সাদাক তানা- ওয়া নাকূনা 'আলাইহা- মিনাশ্‌শা-হিদীন। | |
| *তরজমা* | তাহারা বলিয়াছিল, 'আমরা চাই যে, উহা হইতে কিছু খাইব ও আমাদের চিত্ত প্রশান্তি লাভ করিবে। আর আমরা জানিতে চাই যে, তুমি আমাদেরকে সত্য বলিয়াছ এবং আমরা উহার সাক্ষী থাকিতে চাই।' | |
| | قَالَ عِيْسَى ابْنُ مَرْيَمَ اللّٰهُمَّ رَبَّنَآ اَنْزِلْ عَلَيْنَا مَآىِٕدَةً مِّنَ السَّمَآءِ تَكُوْنُ لَنَا عِيْدًا لِّاَوَّلِنَا وَاٰخِرِنَا وَاٰيَةً مِّنْكَ ۚ وَارْزُقْنَا وَاَنْتَ خَيْرُ الرّٰزِقِيْنَ ﴿١١٤﴾ | **114** |
| *প্রতিবর্ণায়ন* | কা-লা 'ঈছাবনু মারইয়ামাল্লা-হুম্মা রাব্বানা˜আংঝিল 'আলাইনা- মা~ইদাতাম মিনাছ্ছামা~ই তাকূনু লানা-'ঈদাল্ লিআওওয়ালিনা-ওয়া আ-খিরিনা-ওয়া আ-ইয়াতাম মিংকা (ج) ওয়ারঝুক্ না- ওয়া আংতা খাইরুর রা-ঝিক ীন। | |
| *তরজমা* | মার্‌ইয়াম-তনয় 'ঈসা বলিল, 'হে আল্লাহ্ আমাদের প্রতিপালক! আমাদের জন্য আসমান হইতে খাদ্যপূর্ণ খাঞ্চা প্রেরণ কর; ইহা আমাদের ও আমাদের পূর্ববর্তী ও পরবর্তী সকলের জন্য হইবে আনন্দোৎসবস্বরূপ এবং তোমার নিকট হইতে নিদর্শন। আর আমাদেরকে জীবিকা দান কর; তুমিই তো শ্রেষ্ঠ জীবিকাদাতা।' | |
| | قَالَ اللّٰهُ اِنِّيْ مُنَزِّلُهَا عَلَيْكُمْ ۚ فَمَنْ يَّكْفُرْ بَعْدُ مِنْكُمْ فَاِنِّيْٓ اُعَذِّبُهٗ عَذَابًا لَّآ اُعَذِّبُهٗٓ اَحَدًا مِّنَ الْعٰلَمِيْنَ ﴿١١٥﴾ ع | **115** |
| *প্রতিবর্ণায়ন* | কা-লাল্লা-হু ইন্নী মুনাঝঝিলুহা- 'আলাইকুম (ج) ফামাইঁ ইয়াকফুর্ বা'দু মিংকুম ফাইন্নী˜উ'আয যি বুহূ 'আয া-বাল্ লা˜উ'আয যি বুহূ- আহ াদাম মিনাল 'আ-লামীন। | |
| *তরজমা* | আল্লাহ্ বলিলেন, 'আমিই তোমাদের নিকট উহা প্রেরণ করিব; কিন্তু ইহার পর তোমাদের মধ্যে কেহ কুফরী করিলে তাহাকে এমন শাস্তি দিব, যে শাস্তি বিশ্বজগতের অপর কাহাকেও দিব না।' | |

| | وَاِذْ قَالَ اللّٰهُ يٰعِيْسَى ابْنَ مَرْيَمَ ءَاَنْتَ قُلْتَ لِلنَّاسِ اتَّخِذُوْنِيْ وَاُمِّيَ اِلٰهَيْنِ مِنْ دُوْنِ اللّٰهِ ؕ قَالَ سُبْحٰنَكَ مَا يَكُوْنُ لِيْۤ اَنْ اَقُوْلَ مَا لَيْسَ لِيْ ۗ بِحَقٍّ ؕ اِنْ كُنْتُ قُلْتُهٗ فَقَدْ عَلِمْتَهٗ ؕ تَعْلَمُ مَا فِيْ نَفْسِيْ وَلَاۤ اَعْلَمُ مَا فِيْ نَفْسِكَ ؕ اِنَّكَ اَنْتَ عَلَّامُ الْغُيُوْبِ ﴿١١٦﴾ | 116 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ইয ˙ কা–লাল্লা–হু ইয়া–‘ঈছাবনা মারইয়ামা আআংতা কু˙লতা লিন্না–ছিত্তাখিযূ˙নী ওয়া উম্মিয়া ইলা–হাইনি মিং দূনিল্লা–হি (ج) ক˙া–লা ছুবহ˙া–নাকা মা –ইয়াকূনু লী˜আন আকূ˙লা মা–লাইছা লী (ق) বিহ˙াক্কি˙ন (ط) ইং কুংতু কু˙ল্তুহূ ফাক˙াদ ‘আলিমতাহূ (ط) তা‘লামু মা–ফী নাফছী ওয়ালা˜আ‘লামু মা–ফী নাফছিকা (ط) ইন্নাকা আংতা ‘আল্লা–মুল গুয়ূব। | |
| তরজমা | আল্লাহ্ যখন বলিবেন, ‘হে মার্‌ইয়াম-তনয় ‘ঈসা! তুমি কি লোকদেরকে বলিয়াছিলে, তোমরা আল্লাহ্ ব্যতীত আমাকে ও আমার জননীকে দুই ইলাহ্‌রূপে গ্রহণ কর ?’ সে বলিবে, ‘তুমিই মহিমান্বিত! যাহা বলার অধিকার আমার নাই তাহা বলা আমার পক্ষে শোভন নয়। যদি আমি তাহা বলিতাম তবে তুমি তো তাহা জানিতে। আমার অন্তরের কথা তো তুমি অবগত আছ, কিন্তু তোমার অন্তরের কথা আমি অবগত নই ; তুমি অদৃশ্য সম্বন্ধে সম্যক পরিজ্ঞাত।’ | |
| | مَا قُلْتُ لَهُمْ اِلَّا مَاۤ اَمَرْتَنِيْ بِهٖۤ اَنِ اعْبُدُوا اللّٰهَ رَبِّيْ وَرَبَّكُمْ ۚ وَكُنْتُ عَلَيْهِمْ شَهِيْدًا مَّا دُمْتُ فِيْهِمْ ۚ فَلَمَّا تَوَفَّيْتَنِيْ كُنْتَ اَنْتَ الرَّقِيْبَ عَلَيْهِمْ ؕ وَاَنْتَ عَلٰى كُلِّ شَيْءٍ شَهِيْدٌ ﴿١١٧﴾ | 117 |
| প্রতিবর্ণায়ন | মা–কু˙লতু লাহুম ইল্লা– মা˜আমারতানী বিহী˜আনি‘বুদুল্লা–হা রাব্বী ওয়া রাব্বাকুম (ج) ওয়া কুংতু ‘আলাইহিম শাহীদাম মা–দুমতু ফীহিম (ج) ফালাম্মা– তাওয়াফ্‌ফাইতানী কুংতা আংতার রাক˙ীবা ‘আলাইহিম (ط) ওয়া আংতা ‘আলা–কুল্লি শাইয়িং শাহীদ। | |
| তরজমা | তুমি আমাকে যে আদেশ করিয়াছ তাহা ব্যতীত তাহাদেরকে আমি কিছুই বলি নাই, তাহা এই : ‘তোমরা আমার প্রতিপালক ও তোমাদের প্রতিপালক আল্লাহ্‌র ‘ইবাদত কর এবং যত দিন আমি তাহাদের মধ্যে ছিলাম তত দিন আমি ছিলাম তাহাদের কার্যকলাপের সাক্ষী; কিন্তু যখন তুমি আমাকে তুলিয়া লইলে তখন তুমিই তো ছিলে তাহাদের কার্যকলাপের তত্ত্বাবধায়ক এবং তুমিই সর্ববিষয়ে সাক্ষী।’ | |
| | اِنْ تُعَذِّبْهُمْ فَاِنَّهُمْ عِبَادُكَ ۚ وَاِنْ تَغْفِرْ لَهُمْ فَاِنَّكَ اَنْتَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ﴿١١٨﴾ | 118 |
| প্রতিবর্ণায়ন | ইং তু‘আয্˙যি˙ব্‌হুম ফাইন্নাহুম ‘ইবা–দুকা (ج) ওয়া ইং তাগফির্ লাহুম ফাইন্নাকা আংতাল ‘আঝীঝুল হ˙াকীম। | |

| | | |
|---|---|---|
| তরজমা | 'তুমি যদি তাহাদেরকে শাস্তি দাও তবে তাহারা তো তোমারই বান্দা, আর যদি তাহাদেরকে ক্ষমা কর তবে তুমি তো পরাক্রমশালী, প্রজ্ঞাময়।' | |
| | قَالَ اللّٰهُ هٰذَا يَوۡمُ يَنۡفَعُ الصّٰدِقِيۡنَ صِدۡقُهُمۡ ؕ لَهُمۡ جَنّٰتٌ تَجۡرِىۡ مِنۡ تَحۡتِهَا الۡاَنۡهٰرُ خٰلِدِيۡنَ فِيۡهَاۤ اَبَدًا ؕ رَضِىَ اللّٰهُ عَنۡهُمۡ وَرَضُوۡا عَنۡهُ ؕ ذٰلِكَ الۡفَوۡزُ الۡعَظِيۡمُ ﴿۱۱۹﴾ | 119 |
| প্রতিবর্ণায়ন | ক'া-লাল্লা-হু হা-য 'া- ইয়াওমু ইয়াংফা'উস্সা-দিক 'ীনা সিদকু 'হুম (ط) লাহুম জান্না-তুং তাজরী মিং তাহ'তিহাল আনহা-রু খা-লিদীনা ফীহা˜আবাদার্ (ط) রাদি 'য়াল্লা-হু 'আনহুম ওয়া রাদূ 'আনহু (ط) য 'া-লিকাল ফাওঝুল 'আজ 'ীম। | |
| তরজমা | আল্লাহ্ বলিবেন, 'এই সেই দিন যেদিন সত্যবাদিগণ তাহাদের সত্যতার জন্য উপকৃত হইবে, তাহাদের জন্য আছে জান্নাত যাহার পাদদেশে নদী প্রবাহিত। তাহারা সেখানে চিরস্থায়ী হইবে; আল্লাহ্ তাহাদের প্রতি প্রসন্ন এবং তাহারাও তাঁহার প্রতি সন্তুষ্ট; ইহা মহাসফলতা।' | |
| | لِلّٰهِ مُلۡكُ السَّمٰوٰتِ وَالۡاَرۡضِ وَمَا فِيۡهِنَّ ؕ وَهُوَ عَلٰى كُلِّ شَىۡءٍ قَدِيۡرٌ ﴿۱۲۰﴾ | 120 |
| প্রতিবর্ণায়ন | লিল্লা-হি মুলকুছ্ছামা-ওয়া-তি ওয়াল্ আরদি' ওয়া মা- ফীহিন্না (ط) ওয়া হুওয়া 'আলা-কুল্লি শাইয়িং ক'াদীর। | |
| তরজমা | আসমান ও যমীন এবং উহাদের মধ্যে যাহা কিছু আছে তাহার সার্বভৌমত্ব আল্লাহ্রই এবং তিনি সর্ববিষয়ে শক্তিমান। | |

## 6 - Al-'An`am-আনআম -الأنعام

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

| | | |
|---|---|---|
| | اَلۡحَمۡدُ لِلّٰهِ الَّذِىۡ خَلَقَ السَّمٰوٰتِ وَالۡاَرۡضَ وَجَعَلَ الظُّلُمٰتِ وَالنُّوۡرَ ؕ ثُمَّ الَّذِيۡنَ كَفَرُوۡا بِرَبِّهِمۡ يَعۡدِلُوۡنَ ﴿۱﴾ | 1 |
| প্রতিবর্ণায়ন | আলহ'ামদু লিল্লা-হিল্লায 'ী খালক'াছ্ছামা-ওয়া-তি ওয়াল আরদ 'া ওয়া জা'আলাজ্ 'জু 'লুমা-তি ওয়ান্নূরা(ط) ছু 'ম্মাল্লায 'ীনা কাফারূ বিরাব্বিহীম ইয়া'দিলূন। | |
| তরজমা | সকল প্রশংসা আল্লাহ্রই যিনি আস্মান ও যমীন সৃষ্টি করিয়াছেন, আর সৃষ্টি করিয়াছেন অন্ধকার ও আলো। এতদ্সত্ত্বেও কাফিরগণ তাহাদের প্রতিপালকের সমকক্ষ দাঁড় করায়। | |

| | | |
|---|---|---|
| | هُوَالَّذِیْ خَلَقَكُمْ مِّنْ طِیْنٍ ثُمَّ قَضٰۤی اَجَلًا ؕ وَاَجَلٌ مُّسَمًّی عِنْدَهٗ ثُمَّ اَنْتُمْ تَمْتَرُوْنَ ۝ | **2** |
| *প্রতিবর্ণায়ন* | হুওয়াল্লায ী খালাক াকুম মিং ত ীনিং ছু ম্মা ক াদ া ˜আজালাওঁ (ط) ওয়া আজালুম মুছাম্মান ‘ইংদাহূ ছু ম্মা আংতুম তামতারূন। | |
| *তরজমা* | তিনিই তোমাদেরকে মৃত্তিকা হইতে সৃষ্টি করিয়াছেন, অতঃপর এক কাল নির্দিষ্ট করিয়াছেন এবং আর একটি নির্ধারিত কাল আছে যাহা তিনিই জ্ঞাত, এতদ্সত্ত্বেও তোমরা সন্দেহ কর। | |
| | وَهُوَاللّٰهُ فِی السَّمٰوٰتِ وَفِی الْاَرْضِ ؕ یَعْلَمُ سِرَّكُمْ وَجَهْرَكُمْ وَیَعْلَمُ مَا تَكْسِبُوْنَ ۝ | **3** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া হুওয়াল্লা-হু ফিছ্ছামা-ওয়া-তি ওয়া ফিল আরদি (ط) ইয়া‘লামু ছির্রাকুম ওয়া জাহরাকুম ওয়া ইয়া‘লামু মা-তাকছিবূন। | |
| *তরজমা* | আসমান ও যমীনে তিনিই আল্লাহ্, তোমাদের গোপন ও প্রকাশ্য সবকিছু তিনি জানেন এবং তোমরা যাহা অর্জন কর তাহাও তিনি অবগত আছেন। | |
| | وَمَا تَاْتِیْهِمْ مِّنْ اٰیَةٍ مِّنْ اٰیٰتِ رَبِّهِمْ اِلَّا كَانُوْا عَنْهَا مُعْرِضِیْنَ ۝ | **4** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা- তা’তীহিম মিন্ আ-য়াতিম্ মিন আ-ইয়া-তি রাব্বিহিম ইল্লা-কা-নূ ‘আনহা-মু‘রিদ ীন। | |
| *তরজমা* | তাহাদের প্রতিপালকের নিদর্শনাবলীর এমন কোন নিদর্শন তাহাদের নিকট উপস্থিত হয় না যাহা হইতে তাহারা মুখ না ফিরায়। | |
| | فَقَدْ كَذَّبُوْا بِالْحَقِّ لَمَّا جَآءَهُمْ ؕ فَسَوْفَ یَاْتِیْهِمْ اَنْبٰٓؤُا مَا كَانُوْا بِهٖ یَسْتَهْزِءُوْنَ ۝ | **5** |
| *প্রতিবর্ণায়ন* | ফাক াদ কায য াবূ বিল্হ াক্কি লাম্মা-জাূআহুম (ط) ফাছাওফা ইয়া‘তীহিম আমবাূউ মা- কা-নূ বিহী ইয়াছ্তাহঝিউন। | |
| *তরজমা* | সত্য যখন তাহাদের নিকট আসিয়াছে তাহারা উহা প্রত্যাখ্যান করিয়াছে। যাহা লইয়া তাহারা ঠাট্টা-বিদ্রূপ করিত উহার যথার্থ সংবাদ অচিরেই তাহাদের নিকট পৌঁছিবে। | |
| | اَلَمْ یَرَوْا كَمْ اَهْلَكْنَا مِنْ قَبْلِهِمْ مِّنْ قَرْنٍ مَّكَّنّٰهُمْ فِی الْاَرْضِ مَا لَمْ نُمَكِّنْ لَّكُمْ وَاَرْسَلْنَا السَّمَآءَ عَلَیْهِمْ مِّدْرَارًا ۪ وَّجَعَلْنَا الْاَنْهٰرَ تَجْرِیْ مِنْ تَحْتِهِمْ فَاَهْلَكْنٰهُمْ بِذُنُوْبِهِمْ وَاَنْشَاْنَا مِنْۢ بَعْدِهِمْ قَرْنًا اٰخَرِیْنَ ۝ | **6** |
| *প্রতিবর্ণায়ন* | আলাম ইয়ারাও কাম্ আহলাক্না- মিং ক াব্লিহিম মিং ক ারনিম্ মাক্কান্না-হুম ফিল আরদি মা-লাম নুমাক্কিল্ লাকুম ওয়া আরছাল্নাছ্ছামা~আ ‘আলাইহিম মিদ্‌রা-রাওঁ (ص) ওয়া জা‘আলনাল আন্হা-রা তাজরী মিং তাহ তিহিম ফাআহলাকনা-হুম বিযু নূবিহিম ওয়া আংশা’না- মিম বা‘দিহিম ক ারনান আ-খারীন। | |

| | | |
|---|---|---|
| *তরজমা* | তাহারা কি দেখে না যে, আমি তাহাদের পূর্বে কত মানবগোষ্ঠীকে বিনাশ করিয়াছি ? তাহাদেরকে দুনিয়ায় এমনভাবে প্রতিষ্ঠিত করিয়াছিলাম যেমনটি তোমাদেরকেও করি নাই এবং তাহাদের উপর মুষলধারে বৃষ্টি বর্ষণ করিয়াছিলাম, আর তাহাদের পাদদেশে নদী প্রবাহিত করিয়াছিলাম; অতঃপর তাহাদের পাপের দরুন তাহাদেরকে বিনাশ করিয়াছি এবং তাহাদের পরে অপর মানবগোষ্ঠী সৃষ্টি করিয়াছি। | |
| | وَلَوْ نَزَّلْنَا عَلَيْكَ كِتٰبًا فِيْ قِرْطَاسٍ فَلَمَسُوْهُ بِاَيْدِيْهِمْ لَقَالَ الَّذِيْنَ كَفَرُوْٓا اِنْ هٰذَآ اِلَّا سِحْرٌ مُّبِيْنٌ ﴿٧﴾ | 7 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালাও নাঝ্ঝালনা– আলাইকা কিতা–বাং ফী কি`রত`া–ছিং ফালামাছূহু বিআইদীহিম লাক`া -লাল্লায`ীনা কাফারূ˜ ইন হা–য`া– ইল্লা˜ছিহ`রুম মুবীন। | |
| *তরজমা* | আমি যদি তোমার প্রতি কাগজে লিখিত কিতাবও নাযিল করিতাম আর তাহারা যদি উহা হস্ত দ্বারা স্পর্শও করিত তবুও কাফিরগণ বলিত, 'ইহা স্পষ্ট জাদু ব্যতীত আর কিছুই নয়।' | |
| | وَقَالُوْا لَوْلَآ اُنْزِلَ عَلَيْهِ مَلَكٌ ؕ وَلَوْ اَنْزَلْنَا مَلَكًا لَّقُضِيَ الْاَمْرُ ثُمَّ لَا يُنْظَرُوْنَ ﴿٨﴾ | 8 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ক`া–লূ লাওলা˜উংঝিলা 'আলাইহি মালাকুওঁ (ط) ওয়া লাও আংঝালনা– মালাকাল্ লাকুদি`য়াল আমরু ছু`ম্মা লা–ইউংজ`ারূন। | |
| *তরজমা* | তাহারা বলে, 'তাহার নিকট কোন ফিরিশ্‌তা কেন প্রেরিত হয় না ?' যদি আমি ফিরিশ্‌তা প্রেরণ করিতাম তাহা হইলে চূড়ান্ত ফয়সালাই তো হইয়া যাইত; আর তাহাদেরকে কোন অবকাশ দেওয়া হইত না। | |
| | وَلَوْ جَعَلْنٰهُ مَلَكًا لَّجَعَلْنٰهُ رَجُلًا وَّلَلَبَسْنَا عَلَيْهِمْ مَّا يَلْبِسُوْنَ ﴿٩﴾ | 9 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাও জা'আলনা–হু মালাকাল্লাজা'আলনা–হু রাজুলাওঁ ওয়া লালাবাছনা– 'আলাইহিম মা–ইয়ালবিছূন। | |
| *তরজমা* | যদি তাহাকে ফিরিশ্‌তা করিতাম তবে তাহাকে মানুষের আকৃতিতেই প্রেরণ করিতাম; আর তাহাদেরকে সেরূপ বিভ্রমে ফেলিতাম, যেরূপ বিভ্রমে তাহারা এখন রহিয়াছে। | |
| | وَلَقَدِ اسْتُهْزِئَ بِرُسُلٍ مِّنْ قَبْلِكَ فَحَاقَ بِالَّذِيْنَ سَخِرُوْا مِنْهُمْ مَّا كَانُوْا بِهٖ يَسْتَهْزِءُوْنَ ﴿١٠﴾ | 10 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাক`াদিছ্ তুহঝিআ বিরুছুলিম মিং ক`াবলিকা ফাহ`া–ক`া বিল্লায`ীনা ছাখিরূ মিনহুম মা–কানূ বিহী ইয়াছতাহঝিউ–ন। | |
| *তরজমা* | তোমার পূর্বেও অনেক রাসূলকেই ঠাট্টা-বিদ্রূপ করা হইয়াছে। তাহারা যাহা লইয়া ঠাট্টা-বিদ্রূপ করিতেছিল পরিণামে তাহাই বিদ্রূপকারীদেরকে পরিবেষ্টন করিয়াছে। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | قُلْ سِيْرُوْا فِي الْاَرْضِ ثُمَّ انْظُرُوْا كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُكَذِّبِيْنَ ﴿١١﴾ | **11** |
| *প্রতিবর্ণায়ন* | কু˙ল ছীরূ ফিল আরদি˙ ছু˙ম্মাংজু˙রূ কাইফা কা–না ‘আ–কি˙বাতুল মুকায˙যি˙বীন। | |
| *তরজমা* | বল, ‘তোমরা পৃথিবীতে পরিভ্রমণ কর, অতঃপর দেখ, যাহারা সত্যকে অস্বীকার করিয়াছে তাহাদের পরিণাম কী হইয়াছিল।’ | |
| | قُلْ لِّمَنْ مَّا فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ قُلْ لِّلّٰهِ ؕ كَتَبَ عَلٰى نَفْسِهِ الرَّحْمَةَ ؕ لَيَجْمَعَنَّكُمْ اِلٰى يَوْمِ الْقِيٰمَةِ لَا رَيْبَ فِيْهِ ؕ اَلَّذِيْنَ خَسِرُوْۤا اَنْفُسَهُمْ فَهُمْ لَا يُؤْمِنُوْنَ ﴿١٢﴾ | **12** |
| *প্রতিবর্ণায়ন* | কু˙ল লিমাম্ মা–ফিছ্ ছামা–ওয়া–তি ওয়াল আরদি˙ (ط) কু˙ল লিল্লা–হি (ط) কাতাবা ‘আলা–নাফছিহির রাহ˙মাতা (ط) লাইয়াজ্‌মা‘আন্নাকুম ইলা– ইয়াওমিল কি˙য়া–মাতি লা–রাইবা ফীহি (ط) আল্লায˙ীনা খাছিরূ˜আংফুছাহুম ফাহুম লা–ইউ’মিনূন। | |
| *তরজমা* | বল, ‘আসমান ও যমীনে যাহা আছে তাহা কাহার ?’ বল, ‘আল্লাহ্‌রই’, দয়া করা তিনি তাঁহার কর্তব্য বলিয়া স্থির করিয়াছেন। কিয়ামতের দিন তিনি তোমাদেরকে অবশ্যই একত্র করিবেন- ইহাতে কোনই সন্দেহ নাই। যাহারা নিজেরাই নিজেদের ক্ষতি করিয়াছে তাহারা ঈমান আনিবে না। | |
| | وَلَهٗ مَا سَكَنَ فِي الَّيْلِ وَالنَّهَارِ ؕ وَهُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ﴿١٣﴾ | **13** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাহূ মা–ছাকানা ফিল্লাইলি ওয়ান্নাহা–রি (ط) ওয়া হুওয়াছ্ ছামী‘উল ‘আলীম। | |
| *তরজমা* | রাত্রি ও দিবসে যাহা কিছু থাকে তাহা তাঁহারই এবং তিনি সর্বশ্রোতা, সর্বজ্ঞ। | |
| | قُلْ اَغَيْرَ اللّٰهِ اَتَّخِذُ وَلِيًّا فَاطِرِ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَهُوَ يُطْعِمُ وَلَا يُطْعَمُ ؕ قُلْ اِنِّيْۤ اُمِرْتُ اَنْ اَكُوْنَ اَوَّلَ مَنْ اَسْلَمَ وَلَا تَكُوْنَنَّ مِنَ الْمُشْرِكِيْنَ ﴿١٤﴾ | **14** |
| *প্রতিবর্ণায়ন* | কু˙ল আগাইরাল্লা–হি আত্তাখিযু˙ ওয়ালিইইয়াং ফা–তি˙রিছ্‌ছামা–ওয়া–তি ওয়াল আরদি˙ ওয়া হুওয়া ইউত˙‘ইমু ওয়ালা–ইউত˙‘আমু (ط) কুল ইন্নী˜উমিরতু আন আকূনা আওওয়ালা মান আছলামা ওয়ালা-তাকূনান্না মিনাল মুশরিকীন। | |
| *তরজমা* | বল, ‘আমি কি আসমান ও যমীনের স্রষ্টা আল্লাহ্‌ ব্যতীত অন্যকে অভিভাবকরূপে গ্রহণ করিব? তিনিই আহার্য দান করেন কিন্তু তাঁহাকে কেহ আহার্য দান করে না’; এবং বল, ‘আমি আদিষ্ট হইয়াছি যেন আত্মসমর্পণকারীদের মধ্যে আমি প্রথম ব্যক্তি হই’; আমাকে আরও আদেশ করা হইয়াছে, ‘তুমি মুশরিকদের অন্তর্ভুক্ত হইও না।’ | |
| | قُلْ اِنِّيْۤ اَخَافُ اِنْ عَصَيْتُ رَبِّيْ عَذَابَ يَوْمٍ عَظِيْمٍ ﴿١٥﴾ | **15** |
| *প্রতিবর্ণায়ন* | কু˙ল ইন্নী˜আখা–ফু ইন ‘আসাইতু রাব্বী ‘আয˙া–বা ইয়াওমিন ‘আজ˙ীম। | |

| | | |
|---|---|---|
| *তরজমা* | বল, 'আমি যদি আমার প্রতিপালকের অবাধ্যতা করি তবে আমি ভয় করি মহাদিনের শাস্তির। | |
| | مَنْ يُّصْرَفْ عَنْهُ يَوْمَىِٕذٍ فَقَدْ رَحِمَهٗ ؕ وَ ذٰلِكَ الْفَوْزُ الْمُبِيْنُ ﴿۱۶﴾ | **16** |
| *প্রতিবর্ণায়ন* | মাইঁ ইউসরাফ্ 'আনহু ইয়াওমাইযি ং ফাক াদ রাহি মাহূ (ط) ওয়া য া-লিকাল্ ফাওঝুল মুবীন। | |
| *তরজমা* | 'সেই দিন যাহাকে উহা হইতে রক্ষা করা হইবে তাহার প্রতি তিনি তো দয়া করিবেন এবং ইহাই স্পষ্ট সফলতা।' | |
| | وَ اِنْ يَّمْسَسْكَ اللّٰهُ بِضُرٍّ فَلَا كَاشِفَ لَهٗۤ اِلَّا هُوَ ؕ وَ اِنْ يَّمْسَسْكَ بِخَيْرٍ فَهُوَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ﴿۱۷﴾ | **17** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয়ঁ ইয়ামছাছ্কাল্লা-হু বিদু র্রিং ফালা- কা-শিফা লাহূ˜ ইল্লা- হুওয়া (ط) ওয়া ইয়ঁ ইয়ামছাছ্কা বিখাইরিং ফাহুওয়া 'আলা-কুল্লি শাইয়িং ক াদীর। | |
| *তরজমা* | আল্লাহ্ তোমাকে ক্লেশ দিলে তিনি ব্যতীত উহা মোচনকারী আর কেহ নাই। আর তিনি তোমার কল্যাণ করিলে তবে তিনিই তো সর্ববিষয়ে শক্তিমান। | |
| | وَ هُوَ الْقَاهِرُ فَوْقَ عِبَادِهٖ ؕ وَ هُوَ الْحَكِيْمُ الْخَبِيْرُ ﴿۱۸﴾ | **18** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া হুওয়াল ক া-হিরু ফাওক া 'ইবা-দিহী (ط) ওয়া হুওয়াল হ াকীমুল খাবীর। | |
| *তরজমা* | তিনি আপন বান্দাদের উপর পরাক্রমশালী, তিনি প্রজ্ঞাময়, জ্ঞাতা। | |
| | قُلْ اَيُّ شَيْءٍ اَكْبَرُ شَهَادَةً ؕ قُلِ اللّٰهُ ۙ شَهِيْدٌۢ بَيْنِيْ وَ بَيْنَكُمْ ۚ وَ اُوْحِيَ اِلَيَّ هٰذَا الْقُرْاٰنُ لِاُنْذِرَكُمْ بِهٖ وَ مَنْۢ بَلَغَ ؕ اَئِنَّكُمْ لَتَشْهَدُوْنَ اَنَّ مَعَ اللّٰهِ اٰلِهَةً اُخْرٰى ؕ قُلْ لَّاۤ اَشْهَدُ ۚ قُلْ اِنَّمَا هُوَ اِلٰهٌ وَّاحِدٌ وَّ اِنَّنِيْ بَرِيْٓءٌ مِّمَّا تُشْرِكُوْنَ ﴿۱۹﴾ | **19** |
| *প্রতিবর্ণায়ন* | কু ল আইয়ু শাইয়িন আক্বারু শাহা-দাতাং (ط) কু লিল্লা-হু, শাহীদুম বাইনী ওয়া বাইনাকুম (قف) ওয়া উহি ইয়া ইলাইইয়া হা-য াল কু রআ-নু লিউংযি রাকুম বিহী ওয়া মাম্ বালাগা (ط) আইন্নাকুম্ লাতাশহাদূনা আন্না মা'আল্লা-হি আ-লিহাতান উখরা- (ط) কু ল্ লা˜আশহাদু (ج) কু ল্ ইন্নামা-হুওয়া ইলা-হুওঁ ওয়াহি দুওঁ ওয়া ইন্নানী বারী~উম্ মিম্মা-তুশরিকূন। | |
| *তরজমা* | বল, 'সাক্ষ্যতে সর্বশ্রেষ্ঠ বিষয় কী ?' বল, 'আল্লাহ্ আমার ও তোমাদের মধ্যে সাক্ষী এবং এই কুরআন আমার নিকট প্রেরিত হইয়াছে যেন তোমাদেরকে এবং যাহার নিকট ইহা পৌঁছিবে তাহাদেরকে এতদ্দ্বারা আমি সতর্ক করি। তোমরা কি এই সাক্ষ্য দাও যে, আল্লাহ্র সঙ্গে অন্য ইলাহ্ও আছে? বল, 'আমি সে সাক্ষ্য দেই না।' বল, 'তিনি তো এক ইলাহ্ এবং তোমরা যে শরীক কর তাহা হইতে আমি অবশ্যই নির্লিপ্ত।' | |

| | | |
|---|---|---|
| | الَّذِينَ آتَيْنَاهُمُ الْكِتَابَ يَعْرِفُونَهُ كَمَا يَعْرِفُونَ أَبْنَاءَهُمُ ۘ الَّذِينَ خَسِرُوا أَنفُسَهُمْ فَهُمْ لَا يُؤْمِنُونَ ﴿٢٠﴾ | **20** |
| *প্রতিবর্ণায়ন* | আল্লায ীনা আ-তাইনা-হুমুল কিতা-বা ইয়া'রিফূনাহু কামা- ইয়া'রিফূনা আবনা~আহুম (م)। আল্লায ীনা খাছিরূ~আংফুছাহুম ফাহুম লা-ইউ'মিনূন । | |
| *তরজমা* | আমি যাহাদেরকে কিতাব দিয়াছি তাহারা তাহাকে সেইরূপ চেনে যেইরূপ চেনে তাহাদের সন্তানগণকে। যাহারা নিজেরাই নিজেদের ক্ষতি করিয়াছে, তাহারা বিশ্বাস করিবে না। | |
| | وَمَنْ أَظْلَمُ مِمَّنِ افْتَرَىٰ عَلَى اللَّهِ كَذِبًا أَوْ كَذَّبَ بِآيَاتِهِ ۗ إِنَّهُ لَا يُفْلِحُ الظَّالِمُونَ ﴿٢١﴾ | **21** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া মান আজ লামু মিম্ মানিফ্ তারা- 'আলাল্লা-হি কাযি বান আও কায য াবা বিআ-য়া-তিহী (ط) ইন্নাহু লা-ইউফ্লিহু জ্ জ া-লিমূন। | |
| *তরজমা* | যে ব্যক্তি আল্লাহ্ সম্বন্ধে মিথ্যা রচনা করে অথবা তাঁহার নিদর্শনকে প্রত্যাখ্যান করে তাহার অপেক্ষা অধিক জালিম আর কে ? জালিমরা আদৌ সফলকাম হয় না। | |
| | وَيَوْمَ نَحْشُرُهُمْ جَمِيعًا ثُمَّ نَقُولُ لِلَّذِينَ أَشْرَكُوا أَيْنَ شُرَكَاؤُكُمُ الَّذِينَ كُنتُمْ تَزْعُمُونَ ﴿٢٢﴾ | **22** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয়াওমা নাহ শুরুহুম জামী'আং ছু ম্মা নাকূ লু লিল্লায ীনা আশ্রাকূ ~আইনা শুরাকা~উকুমুল্লায ীনা কুংতুম তায্'উমূন। | |
| *তরজমা* | স্মরণ কর, যেদিন তাহাদের সকলকে একত্র করিব, অতঃপর মুশরিকদেরকে বলিব, 'যাহাদেরকে তোমরা আমার শরীক মনে করিতে, তাহারা কোথায় ?' | |
| | ثُمَّ لَمْ تَكُن فِتْنَتُهُمْ إِلَّا أَن قَالُوا وَاللَّهِ رَبِّنَا مَا كُنَّا مُشْرِكِينَ ﴿٢٣﴾ | **23** |
| *প্রতিবর্ণায়ন* | ছু ম্মা লাম তাকুং ফিতনাতুহুম ইল্লা~আং ক া-লূ ওয়াল্লা-হি রাব্বিনা- মা- কুন্না- মুশরিকীন। | |
| *তরজমা* | অতঃপর তাহাদের ইহা ছাড়া বলিবার অন্য কোন অজুহাত থাকিবে না : 'আমাদের প্রতিপালক আল্লাহ্‌র শপথ! আমরা তো মুশরিকই ছিলাম না।' | |
| | انظُرْ كَيْفَ كَذَبُوا عَلَىٰ أَنفُسِهِمْ ۚ وَضَلَّ عَنْهُم مَّا كَانُوا يَفْتَرُونَ ﴿٢٤﴾ | **24** |
| *প্রতিবর্ণায়ন* | উংজু র কাইফা কায াবূ 'আলা~আংফুছিহিম ওয়া দ াল্লা 'আনহুম মা- কা-নূ ইয়াফ্তারূন। | |
| *তরজমা* | দেখ, তাহারা নিজেদের প্রতি কিরূপ মিথ্যা আরোপ করে এবং যে মিথ্যা তাহারা রচনা করিত উহা কিভাবে তাহাদের নিকট হইতে উধাও হইয়া গেল! | |

| | وَمِنْهُمْ مَّنْ يَّسْتَمِعُ اِلَيْكَ ۚ وَجَعَلْنَا عَلٰى قُلُوْبِهِمْ اَكِنَّةً اَنْ يَّفْقَهُوْهُ وَفِيْٓ اٰذَانِهِمْ وَقْرًا ؕ وَاِنْ يَّرَوْا كُلَّ اٰيَةٍ لَّا يُؤْمِنُوْا بِهَا ؕ حَتّٰٓى اِذَا جَآءُوْكَ يُجَادِلُوْنَكَ يَقُوْلُ الَّذِيْنَ كَفَرُوْٓا اِنْ هٰذَآ اِلَّآ اَسَاطِيْرُ الْاَوَّلِيْنَ ﴿٢٥﴾ | 25 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া মিনহুম মাইঁ ইয়াছতামি‘উ ইলাইকা (ج) ওয়া জা‘আলনা–‘আলা– কু্লূবিহিম আকিন্নাতান আইঁ ইয়াফক্াহূহু ওয়া ফী~আ–য্া–নিহিম ওয়াক্রাওঁ (ط) ওয়া ইয়ঁ ইয়ারাও কুল্লা আ–য়াতিল্ লা– ইউ’মিনূ বিহা– (ط) হ্াত্তা~ইয্া– জা~উকা ইউজা–দিলূনাকা ইয়াকূ্লুল্লায্ীনা কাফারু~ ইন হা–য্া~ ইল্লা~আছা–ত্বীরুল আওওয়ালীন। | |
| *তরজমা* | তাহাদের মধ্যে কতক তোমার দিকে কান পাতিয়া রাখে, কিন্তু আমি তাহাদের অন্তরের উপর আবরণ দিয়াছি যেন তাহারা তাহা উপলব্ধি করিতে না পারে; তাহাদেরকে বধির করিয়াছি এবং সমস্ত নিদর্শন প্রত্যক্ষ করিলেও তাহারা উহাতে ঈমান আনিবে না; এমনকি তাহারা যখন তোমার নিকট উপস্থিত হইয়া বিতর্কে লিপ্ত হয় তখন কাফিরগণ বলে, ‘ইহা তো পূর্ববর্তীদের উপকথা ব্যতীত আর কিছুই নয়।’ | |
| | وَهُمْ يَنْهَوْنَ عَنْهُ وَيَنْئَوْنَ عَنْهُ ۚ وَاِنْ يُّهْلِكُوْنَ اِلَّآ اَنْفُسَهُمْ وَمَا يَشْعُرُوْنَ ﴿٢٦﴾ | 26 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া হুম ইয়ানহাওনা ‘আনহু ওয়া ইয়ানআওনা ‘আনহু (ج) ওয়া ইয়ঁ ইউহলিকূনা ইল্লা~আংফুছাহুম ওয়া মা– ইয়াশ‘উরুন। | |
| *তরজমা* | তাহারা অন্যকে উহা শ্রবণে বিরত রাখে এবং নিজেরাও উহা হইতে দূরে থাকে, আর তাহারা নিজেরাই শুধু নিজেদেরকে ধ্বংস করে, অথচ তাহারা উপলব্ধি করে না। | |
| | وَلَوْ تَرٰٓى اِذْ وُقِفُوْا عَلَى النَّارِ فَقَالُوْا يٰلَيْتَنَا نُرَدُّ وَلَا نُكَذِّبَ بِاٰيٰتِ رَبِّنَا وَنَكُوْنَ مِنَ الْمُؤْمِنِيْنَ ﴿٢٧﴾ | 27 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাও তারা~ ইয্উকিফূ ‘আলান্না–রি ফাক্া–লূ ইয়া–লাইতানা–নুরাদ্দু ওয়ালা–নুকায্যিবা বিআ–য়া–তি রাব্বিনা–ওয়া নাকূনা মিনাল মু’মিনীন। | |
| *তরজমা* | তুমি যদি দেখিতে পাইতে যখন তাহাদেরকে দোজখের পার্শ্বে দাঁড় করান হইবে এবং তাহারা বলিবে, ‘হায়! যদি আমাদের প্রত্যাবর্তন ঘটিত তবে আমরা আমাদের প্রতিপালকের নিদর্শনকে অস্বীকার করিতাম না এবং আমরা মু’মিনদের অন্তর্ভুক্ত হইতাম!’ | |
| | بَلْ بَدَا لَهُمْ مَّا كَانُوْا يُخْفُوْنَ مِنْ قَبْلُ ؕ وَلَوْ رُدُّوْا لَعَادُوْا لِمَا نُهُوْا عَنْهُ وَاِنَّهُمْ لَكٰذِبُوْنَ ﴿٢٨﴾ | 28 |

| প্রতিবর্ণায়ন | বাল বাদা-লাহুম মা-কা-নূ ইউখফূনা মিং ক'াবলু (ط) ওয়া লাও রুদ্দূ লা'আ-দূ লিমা-নুহূ 'আনহু ওয়া ইন্নাহুম লাকা-যি ̇বূন। | |
| তরজমা | না, পূর্বে তাহারা যাহা গোপন করিত তাহা এখন তাহাদের নিকট প্রকাশ পাইয়াছে এবং তাহারা প্রত্যাবর্তিত হইলেও যাহা করিতে তাহাদেরকে নিষেধ করা হইয়াছিল পুনরায় তাহারা তাহাই করিত এবং নিশ্চয় তাহারা মিথ্যাবাদী। | |
| | وَقَالُوْٓا اِنْ هِيَ اِلَّا حَيَاتُنَا الدُّنْيَا وَمَا نَحْنُ بِمَبْعُوْثِيْنَ ﴿٢٩﴾ | 29 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ক'া-লূ ইন হিয়া ইলা-হ'ায়া-তুনাদ্দুনইয়া- ওয়া মা- নাহ'নু বিমাব'উছ ̇ীন। | |
| তরজমা | তাহারা বলে, 'আমাদের পার্থিব জীবনই একমাত্র জীবন এবং আমরা পুনরুত্থিতও হইব না।' | |
| | وَلَوْ تَرٰٓى اِذْ وُقِفُوْا عَلٰى رَبِّهِمْ ؕ قَالَ اَلَيْسَ هٰذَا بِالْحَقِّ ؕ قَالُوْا بَلٰى وَرَبِّنَا ؕ قَالَ فَذُوْقُوا الْعَذَابَ بِمَا كُنْتُمْ تَكْفُرُوْنَ ﴿٣٠﴾ | 30 |
| প্রতিবর্ণায়ন | ওয়া লাও তারা~ইয ̇ উকি'ফূ 'আলা-রাব্বিহিম (ط) ক'ালা আলাইছা হা-য ̇া- বিলহ'াক্কি ̇ (ط) ক'ালূ বালা-ওয়া রাব্বিনা- (ط) ক'া-লা ফাযূ ̇ক'ূল আয ̇া-বা বিমা- কুংতুম তাকফুরূন। | |
| তরজমা | তুমি যদি দেখিতে পাইতে তাহাদেরকে যখন তাহাদের প্রতিপালকের সম্মুখে দাঁড় করান হইবে এবং তিনি বলিবেন, 'ইহা কি প্রকৃত সত্য নয় ?' তাহারা বলিবে, 'আমাদের প্রতিপালকের শপথ! নিশ্চয়ই সত্য।' তিনি বলিবেন, 'তবে তোমরা যে কুফরী করিতে তজ্জন্য তোমরা এখন শাস্তি ভোগ কর।' | |
| | قَدْ خَسِرَ الَّذِيْنَ كَذَّبُوْا بِلِقَآءِ اللّٰهِ ؕ حَتّٰٓى اِذَا جَآءَتْهُمُ السَّاعَةُ بَغْتَةً قَالُوْا يٰحَسْرَتَنَا عَلٰى مَا فَرَّطْنَا فِيْهَا ۙ وَهُمْ يَحْمِلُوْنَ اَوْزَارَهُمْ عَلٰى ظُهُوْرِهِمْ ؕ اَلَا سَآءَ مَا يَزِرُوْنَ ﴿٣١﴾ | 31 |
| প্রতিবর্ণায়ন | ক'াদ খাছিরাল্লায ̇ীনা কায ̇য ̇াবূ বিলিক'া~ইল্লা-হি (ط) হ'াত্তা- ইয ̇া~জা~আতহুমুছছা-'আতু বাগতাতাং ক'া-লূ ইয়া-হ'াছরাতানা- 'আলা-মা-ফার্‌রাত ̇না-ফীহা- (ۙ) ওয়া হুম ইয়াহ'মিলূনা আওঝা-রাহুম 'আলা-জু ̇হূরিহিম (ط) 'আলা-ছা~আ মা-ইয়াঝিরূন। | |
| তরজমা | যাহারা আল্লাহ্‌র সম্মুখীন হওয়াকে মিথ্যা বলিয়াছে তাহারা অবশ্যই ক্ষতিগ্রস্ত হইয়াছে, এমনকি অকস্মাৎ তাহাদের নিকট যখন কিয়ামত উপস্থিত হইবে তখন তাহারা বলিবে, 'হায় ! ইহাকে আমরা যে অবহেলা করিয়াছি তজ্জন্য আক্ষেপ !' তাহারা তাহাদের পৃষ্ঠে নিজেদের পাপ বহন করিবে ; দেখ, তাহারা যাহা বহন করিবে তাহা অতি নিকৃষ্ট! | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | وَمَا الْحَيٰوةُ الدُّنْيَآ اِلَّا لَعِبٌ وَّلَهْوٌ ۗ وَلَلدَّارُ الْاٰخِرَةُ خَيْرٌ لِّلَّذِيْنَ يَتَّقُوْنَ ۗ اَفَلَا تَعْقِلُوْنَ ﴿۳۲﴾ | 32 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া মাল হ ায়া–তুদ্দুনইয়া ˜ইল্লা– লা'ইবুওঁ ওয়া লাহ্উয়ঁ (ط) ওয়া লাদ্দা–রুল আ–খিরাতু খাইরুল্ লিল্লায ীনা ইয়াত্তাকূ না (ط) আফালা–তা'কি লূন। | |
| *তরজমা* | পার্থিব জীবন তো ক্রীড়া-কৌতুক ব্যতীত আর কিছুই নয় এবং যাহারা তাক্ওয়া অবলম্বন করে তাহাদের জন্য আখিরাতের আবাসই শ্রেয় ; তোমরা কি অনুধাবন কর না ? | |
| | قَدْ نَعْلَمُ اِنَّهٗ لَيَحْزُنُكَ الَّذِيْ يَقُوْلُوْنَ فَاِنَّهُمْ لَا يُكَذِّبُوْنَكَ وَلٰكِنَّ الظّٰلِمِيْنَ بِاٰيٰتِ اللّٰهِ يَجْحَدُوْنَ ﴿۳۳﴾ | 33 |
| *প্রতিবর্ণায়ন* | ক াদ না'লামু ইন্নাহূ লাইয়াহ্ ঝুনুকাল্লায ী ইয়াকূ লূনা ফাইন্নাহুম লা– ইউকায্ যি ওয়ালা–কিন্নাজ্ জ া–লিমীনাবিআ–য়া–তিল্লা–হিইয়াজহ াদূন। | |
| *তরজমা* | আমি অবশ্য জানি যে, তাহারা যাহা বলে তাহা তোমাকে নিশ্চিতই কষ্ট দেয়; কিন্তু তাহারা তোমাকে তো মিথ্যাবাদী বলে না; বরং জালিমেরা আল্লাহ্র আয়াতকে অস্বীকার করে। | |
| | وَلَقَدْ كُذِّبَتْ رُسُلٌ مِّنْ قَبْلِكَ فَصَبَرُوْا عَلٰى مَا كُذِّبُوْا وَاُوْذُوْا حَتّٰٓى اَتٰهُمْ نَصْرُنَا ۚ وَلَا مُبَدِّلَ لِكَلِمٰتِ اللّٰهِ ۚ وَلَقَدْ جَآءَكَ مِنْ نَّبَاِى الْمُرْسَلِيْنَ ﴿۳۴﴾ | 34 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাক াদ কুয যি বাত রুছুলুম মিং ক াবলিকা ফাসাবারূ 'আলা– মা–কুয্ যি বূ ওয়াউযূ হ াত্তা˜ আতা–হুম নাসরুনা– (ج) ওয়ালা–মুবাদ্দিলা লিকালিমা–তিল্লা–হি (ج) ওয়ালাক াদ জা~আকা মিন্ নাবাইল মুরছালীন। | |
| *তরজমা* | তোমার পূর্বেও অনেক রাসূলকে অবশ্যই মিথ্যাবাদী বলা হইয়াছিল ; কিন্তু তাহাদেরকে মিথ্যাবাদী বলা ও ক্লেশ দেওয়া সত্ত্বেও তাহারা ধৈর্য ধারণ করিয়াছিল যে পর্যন্ত না আমার সাহায্য তাহাদের নিকট আসিয়াছে। আল্লাহ্র আদেশ কেহ পরিবর্তন করিতে পারে না, রাসূলগণের সম্বন্ধে কিছু সংবাদ তো তোমার নিকট আসিয়াছে। | |
| | وَاِنْ كَانَ كَبُرَ عَلَيْكَ اِعْرَاضُهُمْ فَاِنِ اسْتَطَعْتَ اَنْ تَبْتَغِيَ نَفَقًا فِى الْاَرْضِ اَوْ سُلَّمًا فِى السَّمَآءِ فَتَاْتِيَهُمْ بِاٰيَةٍ ۗ وَلَوْ شَآءَ اللّٰهُ لَجَمَعَهُمْ عَلَى الْهُدٰى فَلَا تَكُوْنَنَّ مِنَ الْجٰهِلِيْنَ ﴿۳۵﴾ | 35 |

| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইং কা-না কাবুরা ‘আলাইকা ই‘রা-দ্বুহুম ফাইনিছ্‌তাত ̇া‘তা আং তাবতাগিয়া নাফাক ̇াং ফিল আরদি ̇ আও ছুল্লামাং ফিছ্ছামা~ই ফাতা’তিয়াহুম বিআ-ইয়াতিওঁ (ط) ওয়া লাও শা~আল্লা-হু লাজামা‘আহুম ‘আলাল হুদা- ফালা- তাকূনান্না মিনাল জা-হিলীন। | |
| *তরজমা* | যদি তাহাদের উপেক্ষা তোমার নিকট কষ্টকর হয় তবে পারিলে ভূগর্ভে সুড়ঙ্গ অথবা আকাশের সোপান অন্বেষণ কর এবং তাহাদের নিকট কোন নিদর্শন আন। আল্লাহ্‌ ইচ্ছা করিলে তাহাদের সকলকে অবশ্যই সৎপথে একত্র করিতেন। সুতরাং তুমি মূর্খদের অন্তর্ভুক্ত হইও না। | |
| | إِنَّمَا يَسْتَجِيبُ الَّذِينَ يَسْمَعُونَ ۘ وَالْمَوْتَىٰ يَبْعَثُهُمُ اللَّهُ ثُمَّ إِلَيْهِ يُرْجَعُونَ ﴿٣٦﴾ | **36** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নামা-ইয়াছতাজীবুল্লায ̇ীনা ইয়াছমা‘উনা (ط) ওয়াল মাওতা- ইয়াব্‌‘আছু ̇হুমুল্লা-হু ছু ̇ম্মা ইলাইহি ইউর্‌জা‘উন। | |
| *তরজমা* | যাহারা শ্রবণ করে শুধু তাহারাই ডাকে সাড়া দেয়। আর মৃতকে আল্লাহ্‌ পুনর্জীবিত করিবেন; অতঃপর তাঁহার দিকেই তাহারা প্রত্যানীত হইবে। | |
| | وَقَالُوا لَوْلَا نُزِّلَ عَلَيْهِ آيَةٌ مِّن رَّبِّهِ ۚ قُلْ إِنَّ اللَّهَ قَادِرٌ عَلَىٰ أَن يُنَزِّلَ آيَةً وَلَٰكِنَّ أَكْثَرَهُمْ لَا يَعْلَمُونَ ﴿٣٧﴾ | **37** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ক ̇া-লূ লাওলা- নুঝ্‌ঝিলা ‘আলাইহি আ-য়াতুম্‌ মির্‌ রাব্বিহী (ط) কু ̇ল ইন্নাল্লা-হা ক ̇া-দিরুন ‘আলা~আইঁ ইউনাঝ্‌ঝিলা আ-য়াতাওঁ ওয়ালা-কিন্না আকছ ̇ারাহুম লা-ইয়া‘লামূন। | |
| *তরজমা* | তাহারা বলে, ‘তাহার প্রতিপালকের নিকট হইতে তাহার নিকট কোন নিদর্শন অবতীর্ণ হয় না কেন ?’ বল, ‘নিদর্শন নাযিল করিতে আল্লাহ্‌ অবশ্যই সক্ষম,’ কিন্তু তাহাদের অধিকাংশই জানে না। | |
| | وَمَا مِن دَابَّةٍ فِي الْأَرْضِ وَلَا طَائِرٍ يَطِيرُ بِجَنَاحَيْهِ إِلَّا أُمَمٌ أَمْثَالُكُم ۚ مَّا فَرَّطْنَا فِي الْكِتَابِ مِن شَيْءٍ ۚ<br>ثُمَّ إِلَىٰ رَبِّهِمْ يُحْشَرُونَ ﴿٣٨﴾ | **38** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া মা-মিং দা~ব্বাতিং ফিল আরদি ̇ ওয়ালা-ত ̇া~ইরিইঁ ইয়াত ̇ীরু বিজানা-হ ̇াইহি ইল্লা~উমামুন্‌ আমছ ̇া-লুকুম (ط) মা-ফার্‌রাত ̇না-ফিল কিতা-বি মিং শাইয়িং ছু ̇ম্মা ইলা-রাব্বিহিম ইউহ্‌ ̇শারূন। | |

| | | |
|---|---|---|
| *তরজমা* | ভূপৃষ্ঠে বিচরণশীল জীব এবং নিজ ডানার সাহায্যে উড়ন্ত পাখি-তাহারা সকলে তোমাদের মতই এক-একটি জাতি। কিতাবে কোন কিছুই আমি বাদ দেই নাই; অতঃপর স্বীয় প্রতিপালকের দিকে তাহাদেরকে একত্র করা হইবে। | |
| | وَالَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِنَا صُمٌّ وَّبُكْمٌ فِى الظُّلُمٰتِ ؕ مَنْ يَّشَاِ اللّٰهُ يُضْلِلْهُ ؕ وَمَنْ يَّشَاْ يَجْعَلْهُ عَلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿٣٩﴾ | **39** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াল্লায ীনা কায য াবূ বিআ– ইয়া–তিনা– সুম্মুওঁ ওয়া বুক্মং ফিজ্ জু লুমা–তি (ط) মাইঁ ইয়াশাইল্লা–হু ইউদ লিল্হু (ط) ওয়া মাইঁ ইয়াশা' ইয়াজ'আলহু 'আলা– সিরা–তি ম্ মুছতাক ীম। | |
| *তরজমা* | যাহারা আমার আয়াতসমূহকে অস্বীকার করে তাহারা বধির ও মূক, অন্ধকারে রহিয়াছে। যাহাকে ইচ্ছা আল্লাহ্ বিপথগামী করেন এবং যাহাকে ইচ্ছা তিনি সরল পথে স্থাপন করেন। | |
| | قُلْ اَرَءَيْتَكُمْ اِنْ اَتٰىكُمْ عَذَابُ اللّٰهِ اَوْ اَتَتْكُمُ السَّاعَةُ اَغَيْرَ اللّٰهِ تَدْعُوْنَ ۚ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٤٠﴾ | **40** |
| *প্রতিবর্ণায়ন* | কু ল আরা'আইতাকুম্ ইন আতা–কুম 'আয া–বুল্লা–হি আও আতাত্কুমুছ্ছা–'আতু আগাইরাল্লা–হি তাদ'ঊনা (ج) ইং কুংতুম্ সা–দিক ীন। | |
| *তরজমা* | বল, 'তোমরা ভাবিয়া দেখ যে, আল্লাহ্র শাস্তি তোমাদের উপর আপতিত হইলে অথবা তোমাদের নিকট কিয়ামত উপস্থিত হইলে তোমরা কি আল্লাহ্ ব্যতীত অন্য কাহাকেও ডাকিবে, যদি তোমরা সত্যবাদী হও ? | |
| | بَلْ اِيَّاهُ تَدْعُوْنَ فَيَكْشِفُ مَا تَدْعُوْنَ اِلَيْهِ اِنْ شَآءَ وَتَنْسَوْنَ مَا تُشْرِكُوْنَ ﴿٤١﴾ | **41** |
| *প্রতিবর্ণায়ন* | বাল ইয়্যা–হু তাদ'ঊনা ফাইয়াক্শিফু মা–তাদ'ঊনা ইলাইহি ইং শা~আ ওয়া তাংছাওনা মা–তুশরিকূন । | |
| *তরজমা* | 'না, তোমরা শুধু তাঁহাকেই ডাকিবে, তোমরা যে দুঃখের জন্য তাঁহাকে ডাকিতেছ তিনি ইচ্ছা করিলে তোমাদের সেই দুঃখ দূর করিবেন এবং যাহাকে তোমরা তাঁহার শরীক করিতে, তাহা তোমরা বিস্মৃত হইবে।' | |
| | وَلَقَدْ اَرْسَلْنَاۤ اِلٰٓى اُمَمٍ مِّنْ قَبْلِكَ فَاَخَذْنٰهُمْ بِالْبَاْسَآءِ وَالضَّرَّآءِ لَعَلَّهُمْ يَتَضَرَّعُوْنَ ﴿٤٢﴾ | **42** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাক াদ আর্ছাল্না~ইলা~ উমামিম্ মিং ক াবলিকা ফাআখায্ না–হুম বিল বা'ছা~ই ওয়াদ্ দ াররা~ই লা'আল্লাহুম ইয়াতাদ ার্রা'উন। | |

| তরজমা | যাহারা আমার নিদর্শনকে অস্বীকার এবং সে সম্বন্ধে অহংকার করে, তাহাদের জন্য আকাশের দ্বার উন্মুক্ত করা হইবে না এবং তাহারা জান্নাতেও প্রবেশ করিতে পারিবে না— যতক্ষণ না সূঁচের ছিদ্রপথে উষ্ট্র প্রবেশ করে। এইভাবে আমি অপরাধীদের প্রতিফল দিব। | |
| | لَهُمْ مِنْ جَهَنَّمَ مِهَادٌ وَمِنْ فَوْقِهِمْ غَوَاشٍ ۚ وَكَذَٰلِكَ نَجْزِي الظَّالِمِينَ ﴿٤١﴾ | 41 |
| প্রতিবর্ণায়ন | লাহুম মিং জাহান্নামা মিহা-দুওঁ ওয়া মিং ফাওকিহিম গাওয়া-শিওঁ (ط) ওয়া কাযা-লিকা নাজঝিজ্ জা-লিমীন। | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | তাহাদের শয্যা হইবে জাহান্নামের এবং তাহাদের উপরের আচ্ছাদনও; এইভাবে আমি জালিমদেরকে প্রতিফল দিব। | |
| | وَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ لَا نُكَلِّفُ نَفْسًا اِلَّا وُسْعَهَآ اُولٰٓئِكَ اَصْحٰبُ الْجَنَّةِ ۚ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿٤٢﴾ | **42** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াল্লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্সা-লিহা-তি লা- নুকাল্লিফু নাফছান ইল্লা-উছ'আহা (ز) উলা~ইকা আসহা-বুল্ জান্নাতি (ج) হুম ফীহা-খা-লিদূন। | |
| *তরজমা* | আমি কাহাকেও তাহার সাধ্যাতীত ভার অর্পণ করি না। যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে উহারাই জান্নাতবাসী, সেখানে তাহারা স্থায়ী হইবে। | |
| | وَنَزَعْنَا مَا فِيْ صُدُوْرِهِمْ مِّنْ غِلٍّ تَجْرِيْ مِنْ تَحْتِهِمُ الْاَنْهٰرُ ۚ وَقَالُوا الْحَمْدُ لِلّٰهِ الَّذِيْ هَدٰىنَا لِهٰذَا ۗ وَمَا كُنَّا لِنَهْتَدِيَ لَوْلَآ اَنْ هَدٰىنَا اللّٰهُ ۚ لَقَدْ جَآءَتْ رُسُلُ رَبِّنَا بِالْحَقِّ ۗ وَنُوْدُوْٓا اَنْ تِلْكُمُ الْجَنَّةُ اُوْرِثْتُمُوْهَا بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿٤٣﴾ | **43** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া নাঝা'না- মা-ফী সুদূরিহিম মিন গিল্লিং তাজরী মিং তাহ্তিহিমুল আনহা-রু (ج) ওয়া কা-লুল হামদু লিল্লা-হিল্লাযী হাদা-না-লিহা-যা- (قف) ওয়া মা-কুন্না-লিনাহতাদিইয়া লাওলা~আন হাদা-নাল্লা-হু (ج) লাকাদ জা~আত্ রুছুলু রাব্বিনা-বিলহাক্কি (ط) ওয়া নূদূ~আং তিলকুমুল্ জান্নাতু উরিছ্তুমূহা-বিমা-কুংতুম তা'মালূন। | |
| *তরজমা* | আমি তাহাদের অন্তর হইতে ঈর্ষা দূর করিব, তাহাদের পাদদেশে প্রবাহিত হইবে নদী এবং তাহারা বলিবে, 'প্রশংসা আল্লাহ্‌রই যিনি আমাদেরকে ইহার পথ দেখাইয়াছেন। আল্লাহ্ আমাদেরকে পথ না দেখাইলে আমরা কখনও পথ পাইতাম না। আমাদের প্রতিপালকের রাসূলগণ তো সত্যবাণী আনিয়াছিলেন,' এবং তাহাদেরকে সম্বোধন করিয়া বলা হইবে, 'তোমরা যাহা করিতে তাহারই জন্য তোমাদেরকে এই জান্নাতের উত্তরাধিকারী করা হইয়াছে।' | |
| | وَنَادٰٓى اَصْحٰبُ الْجَنَّةِ اَصْحٰبَ النَّارِ اَنْ قَدْ وَجَدْنَا مَا وَعَدَنَا رَبُّنَا حَقًّا فَهَلْ وَجَدْتُّمْ مَّا وَعَدَ رَبُّكُمْ حَقًّا ۗ قَالُوْا نَعَمْ ۚ فَاَذَّنَ مُؤَذِّنٌ ۢ بَيْنَهُمْ اَنْ لَّعْنَةُ اللّٰهِ عَلَى الظّٰلِمِيْنَ ﴿٤٤﴾ | **44** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া না-দা-আসহা-বুল জান্নাতি আস্হা-বান্না-রি আং কাদ ওয়াজাদ্না-মা-ওয়া'আদানা-রাব্বুনা-হাক্কাং ফাহাল ওয়াজাত্তুম মা-ওয়া'আদা রাব্বুকুম হাক্কাং (ط) কা-লূ না'আম (ج) ফাআয্যানা মুআয্যিনুম্ বাইনাহুম আল লা'নাতুল্লা-হি 'আলাজ্জা-লিমীন। | |

| *তরজমা* | জান্নাতবাসিগণ দোজখবাসীদেরকে সম্বোধন করিয়া বলিবে, ‘আমাদের প্রতিপালক আমাদেরকে যে প্রতিশ্রুতি দিয়াছিলেন আমরা তো তাহা সত্য পাইয়াছি। তোমাদের প্রতিপালক তোমাদেরকে যে প্রতিশ্রুতি দিয়াছিলেন তোমরা তাহা সত্য পাইয়াছ কি ?’ উহারা বলিবে, ‘হ্যাঁ’। অতঃপর জনৈক ঘোষণাকারী তাহাদের মধ্যে ঘোষণা করিবে, ‘আল্লাহ্‌র লা‘নত জালিমদের উপর- | |
| | الَّذِيْنَ يَصُدُّوْنَ عَنْ سَبِيْلِ اللّٰهِ وَيَبْغُوْنَهَا عِوَجًا ۚ وَهُمْ بِالْاٰخِرَةِ كٰفِرُوْنَ ﴿۴۵﴾ | 45 |
| *প্রতিবর্ণায়ন* | আল্লাযীনা ইয়াসুদ্দূনা ‘আং ছাবীলিল্লা-হি ওয়া ইয়াবগূনাহা-‘ইওয়াজা- (ج) ওয়া হুম বিল আ-খিরাতি কা-ফিরূন। | |
| *তরজমা* | ‘যাহারা আল্লাহ্‌র পথে প্রতিবন্ধকতা সৃষ্টি করিত এবং উহাতে বক্রতা অনুসন্ধান করিত; উহারাই আখিরাত সম্বন্ধে অবিশ্বাসী।’ | |
| | وَبَيْنَهُمَا حِجَابٌ ۚ وَعَلَى الْاَعْرَافِ رِجَالٌ يَّعْرِفُوْنَ كُلًّاۢ بِسِيْمٰىهُمْ ۚ وَنَادَوْا اَصْحٰبَ الْجَنَّةِ اَنْ سَلٰمٌ عَلَيْكُمْ ۟ لَمْ يَدْخُلُوْهَا وَهُمْ يَطْمَعُوْنَ ﴿۴۶﴾ | 46 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া বাইনাহুমা-হিজা-বুওঁ (ج) ওয়া ‘আলাল্ আ‘রা-ফি রিজা-লুইঁ ইয়া‘রিফূনা কুল্লাম্ বিছীমা-হুম (ج) ওয়া না-দাও আসহা-বাল জান্নাতি আং ছালা-মুন ‘আলাইকুম (قف) লাম ইয়াদ্‌খুলূহা-ওয়া হুম ইয়াতমা‘উন। | |
| *তরজমা* | উভয়ের মধ্যে পর্দা আছে এবং আ‘রাফে কিছু লোক থাকিবে যাহারা প্রত্যেককে তাহার লক্ষণ দ্বারা চিনিবে এবং জান্নাতবাসীদেরকে সম্বোধন করিয়া বলিবে, ‘তোমাদের শান্তি হউক।’ তাহারা তখনও জান্নাতে প্রবেশ করে নাই, কিন্তু আকাঙ্ক্ষা করে। | |
| | وَاِذَا صُرِفَتْ اَبْصَارُهُمْ تِلْقَآءَ اَصْحٰبِ النَّارِ ۙ قَالُوْا رَبَّنَا لَا تَجْعَلْنَا مَعَ الْقَوْمِ الظّٰلِمِيْنَ ﴿۴۷﴾ | 47 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইযা-সুরিফাত আবসা-রুহুম তিলকা-আ আসহা-বিন্না-রি (ٚ) কা-লূ রাব্বানা- লা-তাজ‘আলনা-মা‘আল কাওমিজ্ জা-লিমীন। | |
| *তরজমা* | যখন তাহাদের দৃষ্টি দোজখবাসীদের প্রতি ফিরাইয়া দেওয়া হইবে তখন তাহারা বলিবে, ‘হে আমাদের প্রতিপালক ! আমাদেরকে জালিমদের সঙ্গী করিও না।’ | |
| | وَنَادٰۤى اَصْحٰبُ الْاَعْرَافِ رِجَالًا يَّعْرِفُوْنَهُمْ بِسِيْمٰىهُمْ قَالُوْا مَاۤ اَغْنٰى عَنْكُمْ جَمْعُكُمْ وَمَا كُنْتُمْ تَسْتَكْبِرُوْنَ ﴿۴۸﴾ | 48 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ানা-দা~আস্‌হা- বুল আ‘রাফি রিজালাইঁ ইয়া‘রিফূনাহুম বিছীমা-হুম কা-লূ মা~আগনা-‘আংকুম জাম‘উকুম ওয়া মা-কুংতুম তাছ্‌তাকবিরূন। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | আ'রাফবাসিগণ যে লোকদেরকে লক্ষণ দ্বারা চিনিবে তাহাদেরকে সম্বোধন করিয়া বলিবে, 'তোমাদের দল ও তোমাদের অহংকার কোন কাজে আসিল না।' | |
| | اَهٰٓؤُلَآءِ الَّذِيْنَ اَقْسَمْتُمْ لَا يَنَالُهُمُ اللّٰهُ بِرَحْمَةٍ ؕ اُدْخُلُوا الْجَنَّةَ لَا خَوْفٌ عَلَيْكُمْ وَلَآ اَنْتُمْ تَحْزَنُوْنَ ﴿۴۹﴾ | 49 |
| প্রতিবর্ণায়ন | আহা˜উলা~ইল্লায ীনা আক ছাম্তুম্ লা-ইয়ানা-লুহুমুল্লা-হু বিরাহ মাতিন (ط) উদখুলুল্ জান্নাতা লা-খাওফুন 'আলাইকুম ওয়ালা-আংতুম তাহ ঝানূন। | |
| তরজমা | ইহারাই কি তাহারা, যাহাদের সম্বন্ধে তোমরা শপথ করিয়া বলিতে যে, আল্লাহ্ ইহাদের প্রতি দয়া প্রদর্শন করিবেন না ? ইহাদেরকেই বলা হইবে, 'তোমরা জান্নাতে প্রবেশ কর, তোমাদের কোন ভয় নাই এবং তোমরা দুঃখিতও হইবে না।' | |
| | وَنَادٰۤى اَصْحٰبُ النَّارِ اَصْحٰبَ الْجَنَّةِ اَنْ اَفِيْضُوْا عَلَيْنَا مِنَ الْمَآءِ اَوْ مِمَّا رَزَقَكُمُ اللّٰهُ ؕ قَالُوْۤا اِنَّ اللّٰهَ حَرَّمَهُمَا عَلَى الْكٰفِرِيْنَ ﴿۵۰﴾ | 50 |
| প্রতিবর্ণায়ন | ওয়া না-দা˜আসহ া-বুন্না-রি আসহ া-বাল্ জান্নাতি আন আফীদূ 'আলাইনা-মিনাল মা~ই আও মিম্মা-রাঝাক াকুমুল্লা-হু (ط) ক া-লূ˜ইন্নাল্লা-হা হ াররামাহুমা-'আলাল কা-ফিরীন। | |
| তরজমা | জাহান্নামীরা জান্নাতবাসীদেরকে সম্বোধন করিয়া বলিবে, 'আমাদের উপর কিছু পানি ঢালিয়া দাও, অথবা আল্লাহ্ জীবিকারূপে তোমাদেরকে যাহা দিয়াছেন তাহা হইতে কিছু দাও।' তাহারা বলিবে, 'আল্লাহ্ তো এই দুইটি হারাম করিয়াছেন কাফিরদের জন্য- | |
| | الَّذِيْنَ اتَّخَذُوْا دِيْنَهُمْ لَهْوًا وَّلَعِبًا وَّغَرَّتْهُمُ الْحَيٰوةُ الدُّنْيَا ۚ فَالْيَوْمَ نَنْسٰهُمْ كَمَا نَسُوْا لِقَآءَ يَوْمِهِمْ هٰذَا ۙ وَمَا كَانُوْا بِاٰيٰتِنَا يَجْحَدُوْنَ ﴿۵۱﴾ | 51 |
| প্রতিবর্ণায়ন | আল্লায ীনাত্তাখায ূ দীনাহুম লাহওয়াওঁ ওয়া লা'ইবাওঁ ওয়া গার্রাত্হুমুল হ ায়া-তুদ্দুনইয়া- (ج) ফালইয়াওমা নাংছা-হুম কামা- নাছূ লিক া~আ ইয়াওমিহিম হা-য া- (ﻻ) ওয়ামা-কা-নূ বিআ-য়া-তিনা-ইয়াজ্হ াদূন। | |
| তরজমা | 'যাহারা তাহাদের দীনকে ক্রীড়া-কৌতুকরূপে গ্রহণ করিয়াছিল এবং পার্থিব জীবন যাহাদেরকে প্রতারিত করিয়াছিল।' সুতরাং আজ আমি তাহাদেরকে বিস্মৃত হইব, যেভাবে তাহারা তাহাদের এই দিনের সাক্ষাতকে ভুলিয়া গিয়াছিল এবং যেভাবে তাহারা আমার নিদর্শনকে অস্বীকার করিয়াছিল। | |
| | وَلَقَدْ جِئْنٰهُمْ بِكِتٰبٍ فَصَّلْنٰهُ عَلٰى عِلْمٍ هُدًى وَّرَحْمَةً لِّقَوْمٍ يُّؤْمِنُوْنَ ﴿۵۲﴾ | 52 |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাক াদ্ জি'না-হুম বিকিতা-বিং ফাস্সালনা-হু 'আলা-'ইলমিন হুদাওঁ ওয়ারাহ মাতাল্ লিক াওমিইঁ ইউ'মিনূন। | |
| *তরজমা* | অবশ্য আমি তাহাদেরকে পৌঁছাইয়াছিলাম এমন এক কিতাব যাহা পূর্ণজ্ঞান দ্বারা বিশদ ব্যাখ্যা করিয়াছিলাম এবং যাহা ছিল মু'মিন সম্প্রদায়ের জন্য পথনির্দেশ ও দয়া। | |
| | هَلْ يَنْظُرُوْنَ اِلَّا تَاْوِيْلَهٗ ؕ يَوْمَ يَاْتِيْ تَاْوِيْلُهٗ يَقُوْلُ الَّذِيْنَ نَسُوْهُ مِنْ قَبْلُ قَدْ جَآءَتْ رُسُلُ رَبِّنَا بِالْحَقِّ ۚ فَهَلْ لَّنَا مِنْ شُفَعَآءَ فَيَشْفَعُوْا لَنَآ اَوْ نُرَدُّ فَنَعْمَلَ غَيْرَ الَّذِيْ كُنَّا نَعْمَلُ ؕ قَدْ خَسِرُوْٓا اَنْفُسَهُمْ وَضَلَّ عَنْهُمْ مَّا كَانُوْا يَفْتَرُوْنَ ﴿٥٣﴾ ع | 53 |
| *প্রতিবর্ণায়ন* | হাল ইয়াংজু রূনা ইল্লা-তা'ব ীলাহু (ط) ইয়াওমা ইয়া'তী তা'ব ীলুহূ ইয়াকূ লুল্লায ীনা নাছূহু মিং ক াবলু ক াদ জা~আত রুছুলু রাব্বিনা-বিলহ াক্কি (ج) ফাহাল লানা-মিং শুফা'আ~আ ফাইয়াশফা'ঊলানা~ আও নুরাদ্দ ফানা'মালা গাইরাল্লায ী কুন্না-না'মালু (ط) ক াদ খাছিরূ~আংফছাহুম ওয়াদ াল্লা 'আনহুম মা-কানূ ইয়াফতারূন। | |
| *তরজমা* | তাহারা কি শুধু উহার পরিণামের প্রতীক্ষা করে, যেদিন উহার পরিণাম প্রকাশ পাইবে! সেদিন যাহারা পূর্বে উহার কথা ভুলিয়া গিয়াছিল তাহারা বলিবে, 'আমাদের প্রতিপালকের রাসূলগণ তো সত্যবাণী আনিয়াছিল, আমাদের কি এমন কোন সুপারিশকারী আছে যে আমাদের জন্য সুপারিশ করিবে অথবা আমাদেরকে কি পুনরায় ফিরিয়া যাইতে দেওয়া হইবে, যেন আমরা পূর্বে যাহা করিতাম তাহা হইতে ভিন্নতর কিছু করিতে পারি ?' তাহারা নিজেদেরই ক্ষতি করিয়াছে এবং তাহারা যে মিথ্যা রচনা করিত তাহাও অন্তর্হিত হইয়াছে। | |
| | اِنَّ رَبَّكُمُ اللّٰهُ الَّذِيْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ فِيْ سِتَّةِ اَيَّامٍ ثُمَّ اسْتَوٰى عَلَى الْعَرْشِ ۫ يُغْشِي الَّيْلَ النَّهَارَ يَطْلُبُهٗ حَثِيْثًا ۙ وَّالشَّمْسَ وَالْقَمَرَ وَالنُّجُوْمَ مُسَخَّرٰتٍۭ بِاَمْرِهٖ ؕ اَلَا لَهُ الْخَلْقُ وَالْاَمْرُ ؕ تَبٰرَكَ اللّٰهُ رَبُّ الْعٰلَمِيْنَ ﴿٥٤﴾ | 54 |
| *প্রতিবর্ণায়ন* | ইন্না-রাব্বাকুমুল্লা-হুল্লায ী খালাক াছছামা-ওয়া-তি ওয়াল আরদ া ফী ছিত্তাতি আইইয়া-মিং ছু ম্মাছ তাওয়া-'আলাল 'আরশি (قف) ইউগ্শিল লাইলান্ নাহা-রা ইয়াত লুবুহূ হ াছ ীছ াওঁ (لا) ওয়াশশামছা ওয়াল ক ামারা ওয়ান্ নুজূমা মুছাখ্খারা-তিম্ বিআমরিহী (ط) আলা-লাহুল খালকু ওয়াল আমরু (ط) তাবা-রাকাল্লা-হু রাব্বুল 'আ-লামীন। | |

| *তরজমা* | তোমাদের প্রতিপালক আল্লাহ্ যিনি আকাশমণ্ডলী ও পৃথিবী ছয় দিনে সৃষ্টি করেন; অতঃপর তিনি আরশে সমাসীন হন। তিনিই দিবসকে রাত্রি দ্বারা আচ্ছাদিত করেন যাহাতে উহাদের একে অন্যকে দ্রুতগতিতে অনুসরণ করে; আর সূর্য, চন্দ্র ও নক্ষত্ররাজি- যাহা তাঁহারই আজ্ঞাধীন, তাহা তিনিই সৃষ্টি করিয়াছেন। জানিয়া রাখ, সৃজন ও আদেশ তাঁহারই। মহিমময় বিশ্বজগতের প্রতিপালক আল্লাহ্। | |
| | اُدْعُوْا رَبَّكُمْ تَضَرُّعًا وَّخُفْيَةً ۚ اِنَّهٗ لَا يُحِبُّ الْمُعْتَدِيْنَ ﴿٥٥﴾ | **55** |
| *প্রতিবর্ণায়ন* | উদ‘উ রাব্বাকুম তাদ ারুরু‘আওঁ ওয়া খুফ্ইয়াতান (ط) ইন্নাহূ লা- ইউহি ব্বুল্ মু‘তাদীন। | |
| *তরজমা* | তোমরা বিনীতভাবে ও গোপনে তোমাদের প্রতিপালককে ডাক; তিনি সীমালংঘন-কারীদেরকে পসন্দ করেন না। | |
| | وَلَا تُفْسِدُوْا فِى الْاَرْضِ بَعْدَ اِصْلَاحِهَا وَادْعُوْهُ خَوْفًا وَّطَمَعًا ۚ اِنَّ رَحْمَتَ اللّٰهِ قَرِيْبٌ مِّنَ الْمُحْسِنِيْنَ ﴿٥٦﴾ | **56** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালা-তুফছিদূ ফিল আরদি বা‘দা ইসলা-হি হা-ওয়াদ‘উহু খাওফাওঁ ওয়া ত ামা‘আন (ط) ইন্না রাহ্ মাতাল্লা-হি ক ারীবুম্ মিনাল মুহ ছিনীন। | |
| *তরজমা* | দুনিয়ায় শান্তি স্থাপনের পর তোমরা উহাতে বিপর্যয় ঘটাইও না, তাঁহাকে ভয় ও আশার সঙ্গে ডাকিবে। নিশ্চয়ই আল্লাহ্র অনুগ্রহ সৎকর্মপরায়ণদের নিকটবর্তী। | |
| | وَهُوَ الَّذِىْ يُرْسِلُ الرِّيٰحَ بُشْرًاۢ بَيْنَ يَدَىْ رَحْمَتِهٖ ۚ حَتّٰۤى اِذَاۤ اَقَلَّتْ سَحَابًا ثِقَالًا سُقْنٰهُ لِبَلَدٍ مَّيِّتٍ فَاَنْزَلْنَا بِهِ الْمَآءَ فَاَخْرَجْنَا بِهٖ مِنْ كُلِّ الثَّمَرٰتِ ۚ كَذٰلِكَ نُخْرِجُ الْمَوْتٰى لَعَلَّكُمْ تَذَكَّرُوْنَ ﴿٥٧﴾ | **57** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া হুওয়াল্লায ী ইউরছিলুর্ রিয়া-হ া বুশ্রাম বাইনা ইয়াদাই রাহ্ মাতিহী (ط) হ াত্তা-ইয া-আক াল্লাত্ ছাহ া-বাং ছি ক া-লাং ছুক না-হু লিবালাদিম মাইয়িতিং ফাআংঝাল্না-বিহিল্ মা~আ ফাআখরাজনা-বিহী মিং কুল্লিছ্ ছ ামারা-তি (ط) কায া-লিকা নুখরিজুল্ মাওতা-লা‘আল্লাকুম তায াক্কারূন। | |
| *তরজমা* | তিনিই স্বীয় অনুগ্রহের প্রাক্কালে বায়ুকে সুসংবাদবাহীরূপে প্রেরণ করেন। যখন উহা ঘন মেঘ বহন করে তখন আমি উহা নির্জীব ভূখণ্ডের দিকে চালনা করি, পরে উহা হইতে বৃষ্টি বর্ষণ করি ; তৎপর উহার দ্বারা সর্বপ্রকার ফল উৎপাদন করি। এইভাবে আমি মৃতকে জীবিত করি যাহাতে তোমরা শিক্ষা লাভ কর। | |
| | وَالْبَلَدُ الطَّيِّبُ يَخْرُجُ نَبَاتُهٗ بِاِذْنِ رَبِّهٖ ۚ وَالَّذِىْ خَبُثَ لَا يَخْرُجُ اِلَّا نَكِدًا ۚ كَذٰلِكَ نُصَرِّفُ الْاٰيٰتِ لِقَوْمٍ يَّشْكُرُوْنَ ﴿٥٨﴾ | **58** |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ওয়াল বালাদুত্ ত াইয়িবু ইয়াখরুজু নাবা–তুহূ বিইয্ নি রাব্বিহী (ط) ওয়াল্লায ী খাবুছ া লা–ইয়াখরুজু ইল্লা–নাকিদাং; কায া–লিকা নুসার্‌রিফুল আ–য়া–তি লিক াওমিইঁ ইয়াশকুরুন। | |
| *তরজমা* | এবং উৎকৃষ্ট ভূমি-ইহার ফসল ইহার প্রতিপালকের আদেশে উৎপন্ন হয় এবং যাহা নিকৃষ্ট তাহাতে কঠোর পরিশ্রম না করিলে কিছুই জন্মায় না। এইভাবে আমি কৃতজ্ঞ সম্প্রদায়ের জন্য নিদর্শন বিভিন্নভাবে বিবৃত করি। | |
| | لَقَدْ اَرْسَلْنَا نُوْحًا اِلٰى قَوْمِهٖ فَقَالَ يٰقَوْمِ اعْبُدُوا اللّٰهَ مَا لَكُمْ مِّنْ اِلٰهٍ غَيْرُهٗ ؕ اِنِّىْۤ اَخَافُ عَلَيْكُمْ عَذَابَ يَوْمٍ عَظِيْمٍ ﴿٥٩﴾ | **59** |
| *প্রতিবর্ণায়ন* | লাক াদ আরছালনা–নূহ ান ইলা–ক াওমিহী ফাক া–লা ইয়া–ক াওমি‘বুদুল্লা–হা মা–লাকুম মিন ইলা–হিন গাইরুহূ (ط) ইন্নী~আখা–ফু ‘আলাইকুম ‘আয া–বা ইয়াওমিন ‘আজ ীম। | |
| *তরজমা* | আমি তো নূহ্‌কে পাঠাইয়াছিলাম তাহার সম্প্রদায়ের নিকট এবং সে বলিয়াছিল, ‘হে আমার সম্প্রদায়! আল্লাহ্‌র ‘ইবাদত কর, তিনি ব্যতীত তোমাদের অন্য কোন ইলাহ্ নাই। আমি তোমাদের জন্য মহাদিনের শাস্তির আশংকা করিতেছি।’ | |
| | قَالَ الْمَلَاُ مِنْ قَوْمِهٖۤ اِنَّا لَنَرٰىكَ فِىْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿٦٠﴾ | **60** |
| *প্রতিবর্ণায়ন* | ক া–লাল্ মালাউ মিং ক াওমিহী~ইন্না–লানারা–কা ফী দ ালা–লিম মুবীন। | |
| *তরজমা* | তাহার সম্প্রদায়ের প্রধানগণ বলিয়াছিল, ‘আমরা তো তোমাকে স্পষ্ট ভ্রান্তিতে দেখিতেছি।’ | |
| | قَالَ يٰقَوْمِ لَيْسَ بِىْ ضَلٰلَةٌ وَّلٰكِنِّىْ رَسُوْلٌ مِّنْ رَّبِّ الْعٰلَمِيْنَ ﴿٦١﴾ | **61** |
| *প্রতিবর্ণায়ন* | ক া–লা ইয়া–ক াওমি লাইছা বী দ ালা–লাতুওঁ ওয়া লা–কিন্নী রাছূলুম মির রাব্বিল ‘আ–লামীন। | |
| *তরজমা* | সে বলিয়াছিল, ‘হে আমার সম্প্রদায়! আমাতে কোন ভ্রান্তি নাই, বরং আমি তো জগতসমূহের প্রতিপালকের রাসূল। | |
| | اُبَلِّغُكُمْ رِسٰلٰتِ رَبِّىْ وَاَنْصَحُ لَكُمْ وَاَعْلَمُ مِنَ اللّٰهِ مَا لَا تَعْلَمُوْنَ ﴿٦٢﴾ | **62** |
| *প্রতিবর্ণায়ন* | উবাল্লিগুকুম রিছা–লা–তি রাব্বি ওয়া আংসাহু লাকুম ওয়া আ‘লামু মিনাল্লা–হি মা– লা তা‘লামূন। | |
| *তরজমা* | ‘আমার প্রতিপালকের বাণী আমি তোমাদের নিকট পৌঁছাইতেছি ও তোমাদেরকে হিতোপদেশ দিতেছি এবং তোমরা যাহা জান না আমি তাহা আল্লাহ্‌র নিকট হইতে জানি।’ | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| | اَوَعَجِبۡتُمۡ اَنۡ جَآءَكُمۡ ذِكۡرٌ مِّنۡ رَّبِّكُمۡ عَلٰى رَجُلٍ مِّنۡكُمۡ لِيُنۡذِرَكُمۡ وَلِتَتَّقُوۡا وَلَعَلَّكُمۡ تُرۡحَمُوۡنَ ﴿۶۳﴾ | 63 |
| প্রতিবর্ণায়ন | আওয়া 'আজিব্‌তুম আং জা~আকুম যি˙ক্˙রুম মির্‌ রাব্বিকুম 'আলা–রাজুলিম মিংকুম্‌ লিইউংযি˙রাকুম ওয়া লিতাত্তাকূ˙ ওয়া লা'আল্লাকুম তুর্‌হ˙ামূন। | |
| তরজমা | 'তোমরা কি বিস্মিত হইতেছ যে, তোমাদেরই একজনের মাধ্যমে তোমাদের প্রতিপালকের নিকট হইতে তোমাদের নিকট উপদেশ আসিয়াছে যাহাতে সে তোমাদেরকে সতর্ক করে, তোমরা সাবধান হও এবং তোমরা অনুকম্পা লাভ কর ?' | |
| | فَكَذَّبُوۡهُ فَاَنۡجَيۡنٰهُ وَالَّذِيۡنَ مَعَهٗ فِى الۡفُلۡكِ وَاَغۡرَقۡنَا الَّذِيۡنَ كَذَّبُوۡا بِاٰيٰتِنَا ؕ اِنَّهُمۡ كَانُوۡا قَوۡمًا عَمِيۡنَ ﴿۶۴﴾ | 64 |
| প্রতিবর্ণায়ন | ফাকায্‌˙য˙াবূহু ফাআংজাইনা–হু ওয়াল্লায˙ীনা মা'আহূ ফিল ফুলকি ওয়া আগ্‌রাক˙নাল্লায˙ীনা কায্‌˙য˙াবূ বিআ–য়া–তিনা– (ط) ইন্নাহুম কা–নূ ক˙াওমান 'আমীন। | |
| তরজমা | অতঃপর তাহারা তাহাকে মিথ্যাবাদী বলে। তাহাকে ও তাহার সঙ্গে যাহারা তরণীতে ছিল আমি তাহাদেরকে উদ্ধার করি এবং যাহারা আমার নিদর্শন অস্বীকার করিয়াছিল তাহাদেরকে নিমজ্জিত করি। তাহারা তো ছিল এক অন্ধ সম্প্রদায়। | |
| | وَاِلٰى عَادٍ اَخَاهُمۡ هُوۡدًا ؕ قَالَ يٰقَوۡمِ اعۡبُدُوا اللّٰهَ مَا لَـكُمۡ مِّنۡ اِلٰهٍ غَيۡرُهٗ ؕ اَفَلَا تَتَّقُوۡنَ ﴿۶۵﴾ | 65 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ইলা–'আ–দিন আখা–হুম হূদাং (ط) ক˙া–লা ইয়া–ক˙াওমি'বুদুল্লা–হা মা–লাকুম মিন ইলা–হিন্‌ গাইরুহূ (ط) আফালা– তাত্তাকূ˙ন। | |
| তরজমা | আদ জাতির নিকট আমি উহাদের ভ্রাতা হূদকে পাঠাইয়াছিলাম। সে বলিয়াছিল, 'হে আমার সম্প্রদায়! তোমরা আল্লাহ্‌র 'ইবাদত কর, তিনি ব্যতীত অন্য কোন ইলাহ্‌ নাই। তোমরা কি সাবধান হইবে না ?' | |
| | قَالَ الۡمَلَاُ الَّذِيۡنَ كَفَرُوۡا مِنۡ قَوۡمِهٖۤ اِنَّا لَـنَرٰٮكَ فِىۡ سَفَاهَةٍ وَّاِنَّا لَـنَظُنُّكَ مِنَ الۡكٰذِبِيۡنَ ﴿۶۶﴾ | 66 |
| প্রতিবর্ণায়ন | ক˙া-লাল্‌ মালাউল্লায˙ীনা কাফারূ মিং ক˙াওমিহী-ইন্না-লানারা-কা ফী ছাফা-হাতিওঁ ওয়া ইন্না-লানাজু˙ন্নুকা মিনাল্‌ কা-যি˙বীন। | |
| তরজমা | তাহার সম্প্রদায়ের প্রধানগণ–যাহারা কুফরী করিয়াছিল, তাহারা বলিয়াছিল, 'আমরা তো দেখিতেছি তুমি নির্বোধ এবং তোমাকে আমরা তো মিথ্যাবাদী মনে করি।' | |
| | قَالَ يٰقَوۡمِ لَيۡسَ بِىۡ سَفَاهَةٌ وَّلٰكِنِّىۡ رَسُوۡلٌ مِّنۡ رَّبِّ الۡعٰلَمِيۡنَ ﴿۶۷﴾ | 67 |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
| --- | --- | --- |
| *প্রতিবর্ণায়ন* | ক'া-লা ইয়া-ক'াওমি লাইছা বী ছাফা-হাতুওঁ ওয়া লা-কিন্নী রাছূলুম্ মির্‌রাব্বিল 'আ-লামীন। | |
| *তরজমা* | সে বলিল, 'হে আমার সম্প্রদায়! আমি নির্বোধ নই, বরং আমি জগতসমূহের প্রতিপালকের রাসূল। | |
| | اُبَلِّغُكُمْ رِسٰلٰتِ رَبِّيْ وَاَنَا لَكُمْ نَاصِحٌ اَمِيْنٌ ﴿٦٨﴾ | 68 |
| *প্রতিবর্ণায়ন* | উবাল্লিগুকুম রিছা-লা-তি রাব্বী ওয়া আনা-লাকুম না-সিহু 'ন আমীন। | |
| *তরজমা* | 'আমি আমার প্রতিপালকের বাণী তোমাদের নিকট পৌঁছাইতেছি এবং আমি তোমাদের একজন বিশ্বস্ত হিতাকাঙ্ক্ষী। | |
| | اَوَعَجِبْتُمْ اَنْ جَآءَكُمْ ذِكْرٌ مِّنْ رَّبِّكُمْ عَلٰى رَجُلٍ مِّنْكُمْ لِيُنْذِرَكُمْ ۗ وَاذْكُرُوْٓا اِذْ جَعَلَكُمْ خُلَفَآءَ مِنْۢ بَعْدِ قَوْمِ نُوْحٍ وَّزَادَكُمْ فِي الْخَلْقِ بَصْۜطَةً ۚ فَاذْكُرُوْٓا اٰلَآءَ اللّٰهِ لَعَلَّكُمْ تُفْلِحُوْنَ ﴿٦٩﴾ | 69 |
| *প্রতিবর্ণায়ন* | আওয়া 'আজিব্‌তুম আং জা~আকুম যি'ক্‌রুম মির্‌ রাব্বিকুম 'আলা-রাজুলিম মিংকুম লিইউংযি'রাকুম (ط) ওয়ায্'কুরূ~ইয' জা'আলাকুম খুলাফা~আ মিম বা'দি ক'াওমি নূহি'ওঁ ওয়া ঝা-দাকুম ফিল খালকি' বাছত'াতাং (ج) ফায'কুরূ~ আ-লা~আল্লা-হি লা'আল্লাকুম তুফ্‌লিহূ'ন। | |
| *তরজমা* | 'তোমরা কি বিস্মিত হইতেছ যে, তোমাদের নিকট তোমাদের একজনের মাধ্যমে তোমাদের প্রতিপালকের নিকট হইতে তোমাদেরকে সতর্ক করিবার জন্য উপদেশ আসিয়াছে ? এবং স্মরণ কর, আল্লাহ্ তোমাদেরকে নূহের সম্প্রদায়ের পরে তাহাদের স্থলাভিষিক্ত করিয়াছেন এবং তোমাদের দৈহিক গঠনে অধিকতর হৃষ্টপুষ্ট-বলিষ্ঠ করিয়াছেন। সুতরাং তোমরা আল্লাহ্‌র অনুগ্রহ স্মরণ কর, হয়ত তোমরা সফলকাম হইবে।' | |
| | قَالُوْٓا اَجِئْتَنَا لِنَعْبُدَ اللّٰهَ وَحْدَهٗ وَنَذَرَ مَا كَانَ يَعْبُدُ اٰبَآؤُنَا ۚ فَاْتِنَا بِمَا تَعِدُنَآ اِنْ كُنْتَ مِنَ الصّٰدِقِيْنَ ﴿٧٠﴾ | 70 |
| *প্রতিবর্ণায়ন* | ক'া-লূ~আজি'তানা- লিনা'বুদাল্লা-হা ওয়াহ'দাহূ ওয়া নায'ারা মা-কা-না ইয়া'বুদু আ-বা~উনা- (ج) ফা'তিনা-বিমা-তা'ইদুনা-ইং কুংতা মিনাস্‌সা-দিক'ীন। | |
| *তরজমা* | তাহারা বলিল, 'তুমি কি আমাদের নিকট এই উদ্দেশ্যে আসিয়াছ যে, আমরা যেন এক আল্লাহ্‌র 'ইবাদত করি এবং আমাদের পূর্বপুরুষগণ যাহার 'ইবাদত করিত তাহা বর্জন করি ? সুতরাং তুমি সত্যবাদী হইলে আমাদেরকে যাহার ভয় দেখাইতেছ তাহা আনয়ন কর।' | |

| | قَالَ قَدْ وَقَعَ عَلَيْكُمْ مِّنْ رَّبِّكُمْ رِجْسٌ وَّغَضَبٌ ؕ اَتُجَادِلُوْنَنِيْ فِيْٓ اَسْمَآءٍ سَمَّيْتُمُوْهَآ اَنْتُمْ وَاٰبَآؤُكُمْ مَّا نَزَّلَ اللّٰهُ بِهَا مِنْ سُلْطٰنٍ ؕ فَانْتَظِرُوْٓا اِنِّيْ مَعَكُمْ مِّنَ الْمُنْتَظِرِيْنَ ﴿٧١﴾ | 71 |
| *প্রতিবর্ণায়ন* | ক া-লা ক াদ ওয়াক া'আ 'আলাইকুম্ মির রাব্বিকুম রিজছুওঁ ওয়া গাদাবুন (ط) আতুজা-দিলুনানী ফী ˜আছমা~ইং; ছাম্মাইতুমূহা ˜আংতুম ওয়া আ-বা~উকুম মা- নাঝ্ঝালাল্লা-হু বিহা-মিং ছুলত া-নিং (ط) ফাংতাজি ্রূ ˜ইন্নী মা'আকুম মিনাল মুংতাজি ্রীন। | |
| *তরজমা* | সে বলিল, 'তোমাদের প্রতিপালকের শাস্তি ও ক্রোধ তো তোমাদের জন্য নির্ধারিত হইয়াই আছে; তবে কি তোমরা আমার সঙ্গে বিতর্কে লিপ্ত হইতে চাও এমন কতকগুলি নাম সম্বন্ধে যাহা তোমরা ও তোমাদের পূর্বপুরুষগণ সৃষ্টি করিয়াছ এবং যে সম্বন্ধে আল্লাহ্ কোন সনদ পাঠান নাই ? সুতরাং তোমরা প্রতীক্ষা কর, আমিও তোমাদের সঙ্গে প্রতীক্ষা করিতেছি।' | |
| | فَاَنْجَيْنٰهُ وَالَّذِيْنَ مَعَهٗ بِرَحْمَةٍ مِّنَّا وَقَطَعْنَا دَابِرَ الَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِنَا وَمَا كَانُوْا مُؤْمِنِيْنَ ﴿٧٢﴾ | 72 |
| *প্রতিবর্ণায়ন* | ফাআংজাইনা-হু ওয়াল্লায ীনা মা'আহূ বিরাহ্ মাতিম মিন্না-ওয়া ক াত া'না-দা-বিরাল্লায ীনা কায য াবূ বিআ-য়া-তিনা- ওয়ামা-কা-নূ মু'মিনীন। | |
| *তরজমা* | অতঃপর আমি তাহাকে ও তাহার সঙ্গীদেরকে আমার অনুগ্রহে উদ্ধার করিয়াছিলাম ; আর আমার নিদর্শনকে যাহারা অস্বীকার করিয়াছিল এবং যাহারা মু'মিন ছিল না তাহাদেরকে নির্মূল করিয়াছিলাম। | |
| | وَاِلٰى ثَمُوْدَ اَخَاهُمْ صٰلِحًا ۘ قَالَ يٰقَوْمِ اعْبُدُوا اللّٰهَ مَا لَكُمْ مِّنْ اِلٰهٍ غَيْرُهٗ ؕ قَدْ جَآءَتْكُمْ بَيِّنَةٌ مِّنْ رَّبِّكُمْ ؕ هٰذِهٖ نَاقَةُ اللّٰهِ لَكُمْ اٰيَةً فَذَرُوْهَا تَاْكُلْ فِيْٓ اَرْضِ اللّٰهِ وَلَا تَمَسُّوْهَا بِسُوْٓءٍ فَيَاْخُذَكُمْ عَذَابٌ اَلِيْمٌ ﴿٧٣﴾ | 73 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইলা-ছ ামূদা আখা-হুম সা-লিহ া-(م)। ক া-লা ইয়া-ক াওমি'বুদুল্লা-হা মা-লাকুম মিন ইলা-হিন গাইরুহূ (ط) ক াদ জা~আত্কুম বাইয়িনাতুম মির্ রাব্বিকুম; হা-যি ্হী না-ক াতুল্লা-হি লাকুম আ-য়াতাং ফায ারূহা-তা'কুল ফী-আরদি ল্লা-হি ওয়ালা-তামাছ্ছূহা-বিছূ~ইং ফাইয়া'খুয াকুম 'আয া-বুন আলীম। | |

| | | |
|---|---|---|
| তরজমা | সামূদ জাতির নিকট তাহাদের ভ্রাতা সালিহ্‌কে পাঠাইয়াছিলাম। সে বলিয়াছিল, 'হে আমার সম্প্রদায়! তোমরা আল্লাহ্‌র 'ইবাদত কর। তিনি ব্যতীত তোমাদের অন্য কোন ইলাহ্ নাই। তোমাদের নিকট তোমাদের প্রতিপালক হইতে স্পষ্ট নিদর্শন আসিয়াছে। আল্লাহ্‌র এই উষ্ট্রী তোমাদের জন্য একটি নিদর্শন। ইহাকে আল্লাহ্‌র জমিতে চরিয়া খাইতে দাও এবং ইহাকে কোন ক্লেশ দিও না, দিলে মর্মন্তুদ শাস্তি তোমাদের উপর আপতিত হইবে। | |
| | وَاذْكُرُوْٓا اِذْ جَعَلَكُمْ خُلَفَآءَ مِنْۢ بَعْدِ عَادٍ وَّبَوَّاَكُمْ فِي الْاَرْضِ تَتَّخِذُوْنَ مِنْ سُهُوْلِهَا قُصُوْرًا وَّتَنْحِتُوْنَ الْجِبَالَ بُيُوْتًا ۚ فَاذْكُرُوْٓا اٰلَآءَ اللّٰهِ وَلَا تَعْثَوْا فِي الْاَرْضِ مُفْسِدِيْنَ ۝٧٤ | 74 |
| প্রতিবর্ণায়ন | ওয়ায্‌কুরূ ইয্‌জা'আলাকুম খুলাফা~আ মিম বা'দি 'আ-দিওঁ ওয়া বাওওয়াআকুম ফিল আরদি তাত্তাখিযূনা মিং ছুহূলিহা- কুসূরাওঁ ওয়া তানহিতূনাল জিবা-লা বুইয়ূতাং (৳) ফায্‌কুরূ আ-লা~আল্লা-হি ওয়ালা- তা'ছাও ফিল আরদি মুফ্‌ছিদীন। | |
| তরজমা | 'স্মরণ কর, আদ জাতির পর তিনি তোমাদেরকে তাহাদের স্থলাভিষিক্ত করিয়াছেন, তিনি তোমাদেরকে পৃথিবীতে এমনভাবে প্রতিষ্ঠিত করিয়াছেন যে, তোমরা সমতল ভূমিতে প্রাসাদ নির্মাণ ও পাহাড় কাটিয়া বাসগৃহ নির্মাণ করিতেছ। সুতরাং তোমরা আল্লাহ্‌র অনুগ্রহ স্মরণ কর এবং পৃথিবীতে বিপর্যয় সৃষ্টি করিয়া বেড়াইও না। | |
| | قَالَ الْمَلَاُ الَّذِيْنَ اسْتَكْبَرُوْا مِنْ قَوْمِهٖ لِلَّذِيْنَ اسْتُضْعِفُوْا لِمَنْ اٰمَنَ مِنْهُمْ اَتَعْلَمُوْنَ اَنَّ صٰلِحًا مُّرْسَلٌ مِّنْ رَّبِّهٖ ۗ قَالُوْٓا اِنَّا بِمَآ اُرْسِلَ بِهٖ مُؤْمِنُوْنَ ۝٧٥ | 75 |
| প্রতিবর্ণায়ন | কা-লাল মালাউল্লাযীনাছ্ তাকবারূ মিং কাওমিহী লিল্লাযীনাছ্ তুদ'ইফূ লিমান আ-মানা মিনহুম আতা'লামূনা আন্না সা-লিহাম্ মুরছালুম্ মির্‌রাব্বিহী (৳) কালূ ইন্না-বিমা উরছিলা বিহী মু'মিনূন। | |
| তরজমা | তাহার সম্প্রদায়ের দাম্ভিক প্রধানেরা সেই সম্প্রদায়ের ঈমানদার-যাহাদেরকে দুর্বল মনে করা হইত তাহাদেরকে বলিল, 'তোমরা কি জান যে, সালিহ্ আল্লাহ্ কর্তৃক প্রেরিত ?' তাহারা বলিল, 'তাহার প্রতি যে বাণী প্রেরিত হইয়াছে আমরা তাহাতে বিশ্বাসী।' | |
| | قَالَ الَّذِيْنَ اسْتَكْبَرُوْٓا اِنَّا بِالَّذِيْٓ اٰمَنْتُمْ بِهٖ كٰفِرُوْنَ ۝٧٦ | 76 |
| প্রতিবর্ণায়ন | কা-লাল্লাযীনাছ্তাকবারূ ইন্না- বিল্লাযী আ-মাংতুম বিহী কা-ফিরূন। | |
| তরজমা | দাম্ভিকেরা বলিল, 'তোমরা যাহা বিশ্বাস কর আমরা তো তাহা প্রত্যাখ্যান করি।' | |
| | فَعَقَرُوا النَّاقَةَ وَعَتَوْا عَنْ اَمْرِ رَبِّهِمْ وَقَالُوْا يٰصٰلِحُ ائْتِنَا بِمَا تَعِدُنَآ اِنْ كُنْتَ مِنَ الْمُرْسَلِيْنَ ۝٧٧ | 77 |

| *প্রতিবর্ণায়ন* | ফা'আক্‌ারুন্‌না–ক্‌াতা ওয়া'আতাও 'আন আমরি রব্বিহিম ওয়া ক্‌া–লূ ইয়া–সা–লিহু ্'তিনা–বিমা–তা'ইদুনা ~ইং কুংতা মিনাল মুরছালীন। | |
| *তরজমা* | অতঃপর তাহারা সেই উষ্ট্রী বধ করে এবং আল্লাহ্‌র আদেশ অমান্য করে এবং বলে, 'হে সালিহ্‌! তুমি রাসূল হইলে আমাদেরকে যাহার ভয় দেখাইতেছ তাহা আনয়ন কর।' | |
| | فَاَخَذَتۡهُمُ الرَّجۡفَةُ فَاَصۡبَحُوۡا فِیۡ دَارِهِمۡ جٰثِمِیۡنَ ﴿۷۸﴾ | **78** |
| *প্রতিবর্ণায়ন* | ফাআখায্‌াতহুমুর্‌রাজ্‌ফাতু ফাআসবাহূ ফী দা–রিহিম জা–ছি্‌মীন। | |
| *তরজমা* | অতঃপর তাহারা ভূমিকম্প দ্বারা আক্রান্ত হয়, ফলে তাহাদের প্রভাত হইল নিজগৃহে অধঃমুখে পতিত অবস্থায়। | |
| | فَتَوَلّٰی عَنۡهُمۡ وَقَالَ یٰقَوۡمِ لَقَدۡ اَبۡلَغۡتُكُمۡ رِسَالَةَ رَبِّیۡ وَنَصَحۡتُ لَكُمۡ وَلٰكِنۡ لَّا تُحِبُّوۡنَ النّٰصِحِیۡنَ ﴿۷۹﴾ | **79** |
| *প্রতিবর্ণায়ন* | ফাতাওয়াল্লা–'আনহুম ওয়া ক্‌া–লা ইয়া–ক্‌াওমি লাক্‌াদ আবলাগতুকুম রিছা–লাতা রাব্বী ওয়া নাসাহ্‌তু লাকুম ওয়ালা–কিল্‌ লা–তুহি্‌ব্বূনান্‌ না–সিহ্‌ীন। | |
| *তরজমা* | তৎপর সে তাহাদের নিকট হইতে মুখ ফিরাইয়া লইয়া বলিল, 'হে আমার সম্প্রদায়! আমি তো আমার প্রতিপালকের বাণী তোমাদের নিকট পৌঁছাইয়াছিলাম এবং তোমাদেরকে হিতোপদেশ দিয়াছিলাম, কিন্তু তোমরা তো হিতোপদেশ দানকারীদেরকে পসন্দ কর না।' | |
| | وَلُوۡطًا اِذۡ قَالَ لِقَوۡمِهٖۤ اَتَاۡتُوۡنَ الۡفَاحِشَةَ مَا سَبَقَكُمۡ بِهَا مِنۡ اَحَدٍ مِّنَ الۡعٰلَمِیۡنَ ﴿۸۰﴾ | **80** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লূত্‌ান ইয্‌ ক্‌া–লা লিক্‌াওমিহী ~আতা'তূনাল্‌ ফা–হি্‌শাতা মা–ছাবাক্‌াকুম বিহা–মিন আহ্‌াদিম্‌ মিনাল 'আল–লামীন। | |
| *তরজমা* | আর আমি লূতকেও পাঠাইয়াছিলাম। সে তাহার সম্প্রদায়কে বলিয়াছিল, 'তোমরা এমন কুকর্ম করিতেছ যাহা তোমাদের পূর্বে বিশ্বে কেহ করে নাই। | |
| | اِنَّكُمۡ لَتَاۡتُوۡنَ الرِّجَالَ شَهۡوَةً مِّنۡ دُوۡنِ النِّسَآءِ ؕ بَلۡ اَنۡتُمۡ قَوۡمٌ مُّسۡرِفُوۡنَ ﴿۸۱﴾ | **81** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাকুম লাতা'তূনার্‌ রিজা–লা শাহওয়াতাম্‌ মিং দূনিন্‌ নিছা~ই (ط) বাল আংতুম ক্‌াওমুম মুছ্‌রিফূন। | |
| *তরজমা* | 'তোমরা তো কাম-তৃপ্তির জন্য নারী ছাড়িয়া পুরুষের নিকট গমন কর; তোমরা তো সীমালংঘনকারী সম্প্রদায়।' | |
| | وَمَا كَانَ جَوَابَ قَوۡمِهٖۤ اِلَّاۤ اَنۡ قَالُوۡۤا اَخۡرِجُوۡهُمۡ مِّنۡ قَرۡیَتِكُمۡ ۚ اِنَّهُمۡ اُنَاسٌ یَّتَطَهَّرُوۡنَ ﴿۸۲﴾ | **82** |

| *প্রতিবর্ণায়ন* | ওয়া মা–কা–না জাওয়া–বা ক্বাওমিহী˜ইল্লা˜আং ক্বা–লূ˜আখরিজূহুম মিং ক্বার্‌ইয়াতিকুম (ج) ইন্নাহুম উনা–ছুইঁ ইয়াতাতাহ্‌হারূন। | |
| *তরজমা* | উত্তরে তাহার সম্প্রদায় শুধু বলিল, 'ইহাদেরকে তোমাদের জনপদ হইতে বহিষ্কার কর, ইহারা তো এমন লোক যাহারা অতি পবিত্র হইতে চায়।' | |
| | فَاَنْجَيْنٰهُ وَاَهْلَهٗۤ اِلَّا امْرَاَتَهٗ ۖ كَانَتْ مِنَ الْغٰبِرِيْنَ ﴿٨٣﴾ | 83 |
| *প্রতিবর্ণায়ন* | ফাআংজাইনা–হু ওয়া আহলাহূ˜ইল্লাম্‌রাআতাহূ (صلے) কা–নাত মিনাল গা–বিরীন। | |
| *তরজমা* | অতঃপর আমি তাহাকে ও তাহার স্ত্রী ব্যতীত তাহার পরিজনবর্গকে উদ্ধার করিয়াছিলাম, তাহার স্ত্রী ছিল পশ্চাতে অবস্থানকারীদের অন্তর্ভুক্ত। | |
| | وَاَمْطَرْنَا عَلَيْهِمْ مَّطَرًا ؕ فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُجْرِمِيْنَ ﴿٨٤﴾ | 84 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আমত্বারনা–'আলাইহিম মাতারাং (ط) ফাংজুর কাইফা কা–না 'আ–কিবাতুল্ মুজ্‌রিমীন। | |
| *তরজমা* | আমি তাহাদের উপর ভীষণভাবে বৃষ্টি বর্ষণ করিয়াছিলাম। সুতরাং অপরাধীদের পরিণাম কী হইয়াছিল তাহা লক্ষ্য কর। | |
| | وَاِلٰى مَدْيَنَ اَخَاهُمْ شُعَيْبًا ؕ قَالَ يٰقَوْمِ اعْبُدُوا اللّٰهَ مَا لَكُمْ مِّنْ اِلٰهٍ غَيْرُهٗ ؕ قَدْ جَآءَتْكُمْ بَيِّنَةٌ مِّنْ رَّبِّكُمْ فَاَوْفُوا الْكَيْلَ وَالْمِيْزَانَ وَلَا تَبْخَسُوا النَّاسَ اَشْيَآءَهُمْ وَلَا تُفْسِدُوْا فِى الْاَرْضِ بَعْدَ اِصْلَاحِهَا ؕ ذٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ﴿٨٥﴾ | 85 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইলা–মাদ্‌ইয়ানা আখা–হুম শু'আইবাং (ط) ক্বা–লা ইয়া– ক্বাওমি'বুদুল্লা–হা মা–লাকুম মিন ইলা–হিন গাইরুহূ (ط) ক্বাদ জা~আত্‌কুম বাইয়্যিনাতুম্ মির্‌রাব্বিকুম ফাআওফুল কাইলা ওয়াল মীঝা–না ওয়ালা– তাব্‌খাছুন্না–ছা আশইয়া~আহুম ওয়ালা–তুফ্‌ছিদূ ফিল আরদ্বি বা'দা ইস্‌লা–হিহা– (ط) য্বা–লিকুম খাইরুল্লাকুম ইং কুংতুম মু'মিনীন। | |
| *তরজমা* | আমি মাদ্‌য়ানবাসীদের নিকট তাহাদের ভ্রাতা শু'আয়বকে পাঠাইয়াছিলাম। সে বলিয়াছিল, 'হে আমার সম্প্রদায় ! তোমরা আল্লাহ্‌র 'ইবাদত কর, তিনি ব্যতীত তোমাদের অন্য কোন ইলাহ্ নাই; তোমাদের প্রতিপালক হইতে তোমাদের নিকট স্পষ্ট প্রমাণ আসিয়াছে। সুতরাং তোমরা মাপ ও ওজন ঠিকভাবে দিবে, লোকদেরকে তাহাদের প্রাপ্য বস্তু কম দিবে না এবং দুনিয়ায় শান্তি স্থাপনের পর বিপর্যয় ঘটাইবে না ; তোমরা মু'মিন হইলে তোমাদের জন্য ইহা কল্যাণকর। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | وَلَا تَقْعُدُوْا بِكُلِّ صِرَاطٍ تُوْعِدُوْنَ وَتَصُدُّوْنَ عَنْ سَبِيْلِ اللّٰهِ مَنْ اٰمَنَ بِهٖ وَتَبْغُوْنَهَا عِوَجًا ۚ وَاذْكُرُوْٓا اِذْ كُنْتُمْ قَلِيْلًا فَكَثَّرَكُمْ ۠ وَانْظُرُوْا كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُفْسِدِيْنَ ﴿٨٦﴾ | **86** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালা–তাক ‘উদূ বিকুল্লি সিরা–তি ং তূ‘ইদূনা ওয়া তাসূদ্দূনা ‘আং ছাবীলিল্লা–হি মান আ–মানা বিহী ওয়া তাবগূনাহা–‘ইওয়াজাওঁ (ج) ওয়ায্‌কুরূ ইয্ কুংতুম কালীলাং ফাকাছ ছ ারাকুম (ص) ওয়াংজু রূ কাইফা কা–না ‘আ–কি বাতুল্ মুফ্‌ছিদীন। | |
| *তরজমা* | ‘তাঁহার প্রতি যাহারা ঈমান আনিয়াছে তাহাদেরকে ভয় প্রদর্শনের জন্য তোমরা কোন পথে বসিয়া থাকিবে না, আল্লাহ্‌র পথে তাহাদেরকে বাধা দিবে না এবং উহাতে বক্রতা অনুসন্ধান করিবে না।’ স্মরণ কর, ‘তোমরা যখন সংখ্যায় কম ছিলে, আল্লাহ্ তখন তোমাদের সংখ্যা বৃদ্ধি করিয়াছেন এবং বিপর্যয় সৃষ্টিকারীদের পরিণাম কিরূপ ছিল, তাহা লক্ষ্য কর। | |
| | وَاِنْ كَانَ طَآئِفَةٌ مِّنْكُمْ اٰمَنُوْا بِالَّذِيْٓ اُرْسِلْتُ بِهٖ وَطَآئِفَةٌ لَّمْ يُؤْمِنُوْا فَاصْبِرُوْا حَتّٰى يَحْكُمَ اللّٰهُ بَيْنَنَا ۚ وَهُوَ خَيْرُ الْحٰكِمِيْنَ ﴿٨٧﴾ | **87** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইং কা–না ত া~ইফাতুম্ মিংকুম আ–মানূ বিল্লায ী উরছিল্‌তু বিহী ওয়া তা~ইফাতুল্ লাম্ ইউ’মিনূ ফাস্‌বিরূ হ াত্তা–ইয়াহ কুমাল্লা–হু বাইনানা– (ج) ওয়া হুওয়া খাইরুল্ হ া–কিমীন। | |
| *তরজমা* | ‘আমি যাহা লইয়া প্রেরিত হইয়াছি তাহাতে যদি তোমাদের কোন দল ঈমান আনে এবং কোন দল ঈমান না আনে তবে ধৈর্য ধারণ কর, যতক্ষণ না আল্লাহ্ আমাদের মধ্যে মীমাংসা করিয়া দেন; আর তিনিই শ্রেষ্ঠ মীমাংসাকারী।’ | |
| | قَالَ الْمَلَاُ الَّذِيْنَ اسْتَكْبَرُوْا مِنْ قَوْمِهٖ لَنُخْرِجَنَّكَ يٰشُعَيْبُ وَالَّذِيْنَ اٰمَنُوْا مَعَكَ مِنْ قَرْيَتِنَآ اَوْ لَتَعُوْدُنَّ فِيْ مِلَّتِنَا ۗ قَالَ اَوَلَوْ كُنَّا كٰرِهِيْنَ ﴿٨٨﴾ | **88** |
| *প্রতিবর্ণায়ন* | কা–লাল মালউল্লাায ীনাছ্ তাক বারূ মিং কাওমিহী লানুখরিজান্নাকা ইয়া–শু‘আইবু ওয়াল্লায ীনা আ–মানূ মা‘আকা মিং কার্‌ইয়াতিনা–আও লাতা‘উদুন্না ফী মিল্লাতিনা (ط) কা–লা আওয়ালাও কুন্না–কা–রিহীন । | |
| *তরজমা* | তাহার সম্প্রদায়ের দাম্ভিক প্রধানরা বলিল, ‘হে শু‘আয়ব! আমরা তোমাকে ও তোমার সঙ্গে যাহারা ঈমান আনিয়াছে তাহাদেরকে আমা-দের জনপদ হইতে বহিষ্কার করিবই অথবা তোমাদেরকে আমাদের ধর্মাদর্শে ফিরিয়া আসিতে হইবে।’ সে বলিল, ‘যদি আমরা উহা ঘৃণা করি তবুও ?’ | |

| | قَدِ افْتَرَيْنَا عَلَى اللّٰهِ كَذِبًا اِنْ عُدْنَا فِيْ مِلَّتِكُمْ بَعْدَ اِذْ نَجّٰنَا اللّٰهُ مِنْهَا ؕ وَمَا يَكُوْنُ لَنَاۤ اَنْ نَّعُوْدَ فِيْهَاۤ اِلَّاۤ اَنْ يَّشَآءَ اللّٰهُ رَبُّنَا ؕ وَسِعَ رَبُّنَا كُلَّ شَيْءٍ عِلْمًا ؕ عَلَى اللّٰهِ تَوَكَّلْنَا ؕ رَبَّنَا افْتَحْ بَيْنَنَا وَبَيْنَ قَوْمِنَا بِالْحَقِّ وَاَنْتَ خَيْرُ الْفٰتِحِيْنَ ﴿۸۹﴾ | 89 |
| *প্রতিবর্ণায়ন* | ক া দিফ্ তারাইনা–‘আলাল্লা–হি কাযি˙বান ইন ‘উদ্না–ফী মিল্লাতিকুম বা‘দা ইয্˙ নাজ্জানাল্লা–হু মিনহা (ط)ওয়ামা–ইয়াকূনু লানা˜ আন্না‘উদা ফীহা˜ ইল্লা˜ আইঁ ইয়াশা~আল্লা–হু রাব্বুনা–(ط) ওয়াছি‘আ রাব্বুনা–কুল্লা শাইইন ‘ইলমান (ط) ‘আলাল্লা–হি তাওয়াক্কাল্না– (ط) রাব্বানাফ্তাহ্ বাইনানা–ওয়া বাইনা–ক া ওমিনা–বিলহ া ক্কি˙ ওয়া আংতা খাইরুল ফা–তিহ ীন। | |
| *তরজমা* | ‘তোমাদের ধর্মাদর্শ হইতে আল্লাহ্ আমাদেরকে উদ্ধার করিবার পর যদি আমরা উহাতে ফিরিয়া যাই তবে তো আমরা আল্লাহ্র প্রতি মিথ্যা আরোপ করিব। আমাদের প্রতিপালক আল্লাহ্ ইচ্ছা না করিলে আর উহাতে ফিরিয়া যাওয়া আমাদের জন্য সমীচীন নয়। সবকিছুই আমাদের প্রতিপালকের জ্ঞানায়ত্ত, আমরা আল্লাহ্র প্রতি নির্ভর করি। হে আমাদের প্রতিপালক! আমাদের ও আমাদের সম্প্রদায়ের মধ্যে ন্যায্যভাবে মীমাংসা করিয়া দাও এবং তুমিই শ্রেষ্ঠ মীমাংসাকারী।’ | |
| | وَقَالَ الْمَلَاُ الَّذِيْنَ كَفَرُوْا مِنْ قَوْمِهٖ لَئِنِ اتَّبَعْتُمْ شُعَيْبًا اِنَّكُمْ اِذًا لَّخٰسِرُوْنَ ﴿۹۰﴾ | 90 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ক া–লাল মালাউল্লায ীনা কাফারূ মিং ক া ওমিহী লাইনিত্তাবা‘তুম শু‘আইবান ইন্নাকুম ইয া ল্ লাখা–ছিরূন। | |
| *তরজমা* | তাহার সম্প্রদায়ের অবিশ্বাসী প্রধানরা বলিল, ‘তোমরা যদি শু‘আয়বকে অনুসরণ কর তবে তোমরা তো ক্ষতিগ্রস্ত হইবেই।’ | |
| | فَاَخَذَتْهُمُ الرَّجْفَةُ فَاَصْبَحُوْا فِيْ دَارِهِمْ جٰثِمِيْنَ ﴿۹۱﴾ | 91 |
| *প্রতিবর্ণায়ন* | ফাআখায া ত্হুমুর্ রাজ্ফাতু ফাআসবাহ্ ফী দা–রিহিম জা–ছি˙মীন। | |
| *তরজমা* | অতঃপর তাহারা ভূমিকম্প দ্বারা আক্রান্ত হইল, ফলে তাহাদের প্রভাত হইল নিজগৃহে অধঃমুখে পতিত অবস্থায়। | |
| | الَّذِيْنَ كَذَّبُوْا شُعَيْبًا كَاَنْ لَّمْ يَغْنَوْا فِيْهَا ۛۚ اَلَّذِيْنَ كَذَّبُوْا شُعَيْبًا كَانُوْا هُمُ الْخٰسِرِيْنَ ﴿۹۲﴾ | 92 |
| *প্রতিবর্ণায়ন* | আল্লায ীনা ক া য্˙য া বূ শু‘আইবাং কাআল্লাম ইয়াগনাও ফীহা– (مع) আল্লায ীনা ক া য্˙য া বূ শু‘আইবাং কা–নূ হুমুল্ খা–ছিরীন। | |

| *তরজমা* | মনে হইল, শু‘আয়বকে যাহারা মিথ্যাবাদী বলিয়াছিল তাহারা যেন কখনও সেখানে বসবাস করেই নাই। শু‘আয়বকে যাহারা মিথ্যাবাদী বলিয়াছিল তাহারাই ক্ষতিগ্রস্ত হইয়াছিল। | |
| | فَتَوَلّٰى عَنْهُمْ وَقَالَ يٰقَوْمِ لَقَدْ اَبْلَغْتُكُمْ رِسٰلٰتِ رَبِّيْ وَنَصَحْتُ لَكُمْ ۚ فَكَيْفَ اٰسٰى عَلٰى قَوْمٍ كٰفِرِيْنَ ﴿۹۳﴾ | **93** |
| *প্রতিবর্ণায়ন* | ফাতাওয়াল্লা–‘আনহুম ওয়া ক'া–লা ইয়া–ক'াওমি লাক'াদ আবলাগতুকুম রিছা–লা–তি রাব্বী ওয়া নাসাহ'্তু লাকুম (ج) ফাকাইফা আ–ছা–‘আলা–ক'াওমিং কা–ফিরীন। | |
| *তরজমা* | সে তাহাদের হইতে মুখ ফিরাইল এবং বলিল, ‘হে আমার সম্প্রদায়! আমার প্রতিপালকের বাণী আমি তো তোমাদেরকে পৌঁছাইয়া দিয়াছি এবং তোমাদেরকে উপদেশ দিয়াছি, সুতরাং আমি কাফির সম্প্রদায়ের জন্য কী করিয়া আক্ষেপ করি!’ | |
| | وَمَآ اَرْسَلْنَا فِيْ قَرْيَةٍ مِّنْ نَّبِيٍّ اِلَّآ اَخَذْنَآ اَهْلَهَا بِالْبَاْسَآءِ وَالضَّرَّآءِ لَعَلَّهُمْ يَضَّرَّعُوْنَ ﴿۹۴﴾ | **94** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া মা˜আরছালনা–ফী ক'ারইয়াতিম্ মিং নাবিইয়িন ইল্লা–আখায'না˜ আহ্লাহা–বিলবা’ছা~ই ওয়াদ্'দ'াররা~ই লা‘আল্লাহুম ইয়াদ' দ'াররা‘উন। | |
| *তরজমা* | আমি কোন জনপদে নবী পাঠাইলে উহার অধিবাসীবৃন্দকে অর্থ-সংকট ও দুঃখ-ক্লেশ দ্বারা আক্রান্ত করি, যাহাতে তাহারা কাকুতি-মিনতি করে। | |
| | ثُمَّ بَدَّلْنَا مَكَانَ السَّيِّئَةِ الْحَسَنَةَ حَتّٰى عَفَوْا وَّقَالُوْا قَدْ مَسَّ اٰبَآءَنَا الضَّرَّآءُ وَالسَّرَّآءُ فَاَخَذْنٰهُمْ بَغْتَةً وَّهُمْ لَا يَشْعُرُوْنَ ﴿۹۵﴾ | **95** |
| *প্রতিবর্ণায়ন* | ছু' ম্মা বাদ্দাল্না–মাকা–নাছ্ছাইয়িআতিল্ হ'াছানাতা হ'াত্তা–‘আফাওঁ ওয়া ক'া–লূ ক'াদ মাছ্ছা আ–বা~আনাদ্'দ'ার্রা~উ ওয়াছ্ছার্রা~উ ফাআখায'না–হুম বাগতাতাওঁ ওয়া হুম লা–ইয়াশ‘উরূন। | |
| *তরজমা* | অতঃপর আমি অকল্যাণকে কল্যাণে পরিবর্তিত করি। অবশেষে তাহারা প্রাচুর্যের অধিকারী হয় এবং বলে, ‘আমাদের পূর্বপুরুষরাও তো দুঃখ-সুখ ভোগ করিয়াছে।’ অতঃপর অকস্মাৎ তাহাদেরকে আমি পাকড়াও করি, কিন্তু তাহারা উপলব্ধি করিতে পারে না। | |
| | وَلَوْ اَنَّ اَهْلَ الْقُرٰٓى اٰمَنُوْا وَاتَّقَوْا لَفَتَحْنَا عَلَيْهِمْ بَرَكٰتٍ مِّنَ السَّمَآءِ وَالْاَرْضِ وَلٰكِنْ كَذَّبُوْا فَاَخَذْنٰهُمْ بِمَا كَانُوْا يَكْسِبُوْنَ ﴿۹۶﴾ | **96** |

| | | |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাও আন্না আহ্‌লাল ক্‌ুরা˜আ–মানূ ওয়াত্তাক˙াও লাফাতাহ্‌˙না–‘আলাইহিম বারাকা–তিম্‌ মিনাছ্ছামা~ই ওয়াল্‌ আরদি˙ ওয়ালা–কিং কায˙য˙াবূ ফাআখায˙না–হুম বিমা–কা–নূ ইয়াকছিবূন। | |
| *তরজমা* | যদি সেই সকল জনপদের অধিবাসীবৃন্দ ঈমান আনিত ও তাক্‌ওয়া অবলম্বন করিত তবে আমি তাহাদের জন্য আকাশমণ্ডলী ও পৃথিবীর কল্যাণ উন্মুক্ত করিতাম, কিন্তু তাহারা প্রত্যাখ্যান করিয়াছিল ; সুতরাং তাহাদের কৃতকর্মের জন্য তাহাদেরকে শাস্তি দিয়াছি। | |
| | اَفَاَمِنَ اَهۡلُ الۡقُرٰۤى اَنۡ يَّاۡتِيَهُمۡ بَاۡسُنَا بَيَاتًا وَّهُمۡ نَآٮِٕمُوۡنَ ؕ ﴿۹۷﴾ | 97 |
| *প্রতিবর্ণায়ন* | আফা আমিনা আহ˙লুল্‌ ক্‌ু˙রা˜ আইঁ আইয়া’তিয়াহুম বা’ছুনা– বায়া–তাওঁ ওয়া হুম না~ইমূন। | |
| *তরজমা* | তবে কি জনপদের অধিবাসীবৃন্দ ভয় রাখে না যে, আমার শাস্তি তাহাদের উপর আসিবে রাত্রিতে যখন তাহারা থাকিবে নিদ্রামগ্ন ? | |
| | اَوَ اَمِنَ اَهۡلُ الۡقُرٰۤى اَنۡ يَّاۡتِيَهُمۡ بَاۡسُنَا ضُحًى وَّهُمۡ يَلۡعَبُوۡنَ ﴿۹۸﴾ | 98 |
| *প্রতিবর্ণায়ন* | আওয়া আমিনা আহ˙লুল ক্‌ু˙রা˜আইঁ ইয়া’তিয়াহুম বা’ছুনা–দু˙হ˙াওঁ ওয়া হুম ইয়াল্‌‘আবূন। | |
| *তরজমা* | অথবা জনপদের অধিবাসীবৃন্দ কি ভয় রাখে না যে, আমার শাস্তি তাহাদের উপর আসিবে পূর্বাহ্নে যখন তাহারা থাকিবে ক্রীড়ারত? | |
| | اَفَاَمِنُوۡا مَكۡرَ اللّٰهِ ۚ فَلَا يَاۡمَنُ مَكۡرَ اللّٰهِ اِلَّا الۡقَوۡمُ الۡخٰسِرُوۡنَ ﴿۹۹﴾ | 99 |
| *প্রতিবর্ণায়ন* | আফা আমিনূ মাক্‌রাল্লা–হি, ফালা–ইয়া’মানু মাক্‌রাল্লা–হি (ج) ইল্লাল ক˙াওমুল খা–ছিরূন। | |
| *তরজমা* | তাহারা কি আল্লাহ্‌র কৌশলের ভয় রাখে না ? বস্তুত ক্ষতিগ্রস্ত সম্প্রদায় ব্যতীত কেহই আল্লাহ্‌র কৌশল হইতে নিরাপদ মনে করে না। | |
| | اَوَلَمۡ يَهۡدِ لِلَّذِيۡنَ يَرِثُوۡنَ الۡاَرۡضَ مِنۡۢ بَعۡدِ اَهۡلِهَاۤ اَنۡ لَّوۡ نَشَآءُ اَصَبۡنٰهُمۡ بِذُنُوۡبِهِمۡ ۚ وَنَطۡبَعُ عَلٰى قُلُوۡبِهِمۡ فَهُمۡ لَا يَسۡمَعُوۡنَ ﴿۱۰۰﴾ | 100 |
| *প্রতিবর্ণায়ন* | আওয়া লাম ইয়াহদি লিল্লায˙ীনা ইয়ারিছূ˙নাল আরদ˙া মিম্‌ বা‘দি˙ আহলিহা–আল নাও নাশা~উ আসাবনা–হুম বিযু˙নূবিহিম (ج) ওয়া নাত˙বা‘উ ‘আলা–কু˙লূবিহিম ফাহুম লাইয়াছমা‘উন। | |

| | | |
|---|---|---|
| তরজমা | কোন দেশের জনগণের পর যাহারা ঐ দেশের উত্তরাধিকারী হয় তাহাদের নিকট ইহা কি প্রতীয়মান হয় নাই যে, আমি ইচ্ছা করিলে তাহাদের পাপের দরুন তাহাদেরকে শাস্তি দিতে পারি ? আর আমি তাহাদের হৃদয় মোহর করিয়া দিব, ফলে তাহারা শুনিবে না। | |
| | تِلْكَ الْقُرٰى نَقُصُّ عَلَيْكَ مِنْ اَنْۢبَآئِهَا ۚ وَلَقَدْ جَآءَتْهُمْ رُسُلُهُمْ بِالْبَيِّنٰتِ ۚ فَمَا كَانُوْا لِيُؤْمِنُوْا بِمَا كَذَّبُوْا مِنْ قَبْلُ ؕ كَذٰلِكَ يَطْبَعُ اللّٰهُ عَلٰى قُلُوْبِ الْكٰفِرِيْنَ ﴿١٠١﴾ | 101 |
| প্রতিবর্ণায়ন | তিলকাল–কু'রা–নাকু'স্সু 'আলাইকা মিন আমবা~ইহা (ج) ওয়া লাকা'দ জা~আত্হুম রুছুলুহুম বিলবাইয়িনা–তি (ج) ফামা–কা–নূ লিইউ'মিনূ বিমা–কায'য'াবূ মিং কা'ব্লু (ط) কায'া–লিকা ইয়াতবা'উল্লা–হু 'আলা–কু'লূবিল কা–ফিরীন। | |
| তরজমা | এই সকল জনপদের কিছু বৃত্তান্ত আমি তোমার নিকট বিবৃত করিতেছি, তাহাদের নিকট তাহাদের রাসূলগণ তো স্পষ্ট প্রমাণসহ আসিয়াছিল; কিন্তু যাহা তাহারা পূর্বে প্রত্যাখ্যান করিয়াছিল তাহাতে ঈমান আনিবার পাত্র তাহারা ছিল না, এইভাবে আল্লাহ্ কাফিরদের হৃদয় মোহর করিয়া দেন। | |
| | وَمَا وَجَدْنَا لِاَكْثَرِهِمْ مِّنْ عَهْدٍ ۚ وَاِنْ وَّجَدْنَآ اَكْثَرَهُمْ لَفٰسِقِيْنَ ﴿١٠٢﴾ | 102 |
| প্রতিবর্ণায়ন | ওয়া মা–ওয়াজাদ্না–লিআকছ'ারিহিম মিন 'আহদিওঁ (ج) ওয়া ইওঁ ওয়াজাদনা~ আকছ'ারাহুম লাফা–ছিক'ীন। | |
| তরজমা | আমি তাহাদের অধিকাংশকে প্রতিশ্রুতি পালনকারী পাই নাই; বরং তাহাদের অধিকাংশকে তো পাপাচারীই পাইয়াছি। | |
| | ثُمَّ بَعَثْنَا مِنْۢ بَعْدِهِمْ مُّوْسٰى بِاٰيٰتِنَآ اِلٰى فِرْعَوْنَ وَمَلَا۟ئِهٖ فَظَلَمُوْا بِهَا ۚ فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُفْسِدِيْنَ ﴿١٠٣﴾ | 103 |
| প্রতিবর্ণায়ন | ছু'ম্মা বা'আছ'না–মিম বা'দিহি'ম মূছা–বিআ–য়া–তিনা~ ইলা– ফির'আওনা ওয়া মালাইহী ফাজ'ালামূ বিহা– (ج) ফাংজু'র কাইফা কা–না 'আ–কি'বাতুল্ মুফছিদীন। | |
| তরজমা | তাহাদের পর মূসাকে আমার নিদর্শনসহ ফির'আওন ও তাহার পারিষদবর্গের নিকট পাঠাই ; কিন্তু তাহারা উহা অস্বীকার করে। বিপর্যয় সৃষ্টিকারীদের পরিণাম কি হইয়াছিল তাহা লক্ষ্য কর। | |
| | وَقَالَ مُوْسٰى يٰفِرْعَوْنُ اِنِّيْ رَسُوْلٌ مِّنْ رَّبِّ الْعٰلَمِيْنَ ﴿١٠٤﴾ | 104 |
| প্রতিবর্ণায়ন | ওয়া কা'–লা মুছা–ইয়া–ফির'আওনু ইন্নী রাছূলুম মির রাব্বিল 'আ–লামীন। | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | মূসা বলিল, 'হে ফির'আওন! আমি তো জগতসমূহের প্রতিপালকের নিকট হইতে প্রেরিত। | |
| | حَقِيْقٌ عَلٰٓى اَنْ لَّآ اَقُوْلَ عَلَى اللّٰهِ اِلَّا الْحَقَّ ۗ قَدْ جِئْتُكُمْ بِبَيِّنَةٍ مِّنْ رَّبِّكُمْ فَاَرْسِلْ مَعِيَ بَنِيْٓ اِسْرَآءِيْلَ ﴿١٠٥﴾ | 105 |
| প্রতিবর্ণায়ন | হা্কীকুন্ 'আলা˜আল্লা˜ আকূলা 'আলাল্লা-হি ইল্লাল্ হা্ক্কা (ط) কা্দ জি'তুকুম বিবাইয়িনাতিম্ মির্রাব্বিকুম ফাআরছিল মা'ইয়া বানী˜ইছরা~ঈল। | |
| তরজমা | 'ইহা স্থির নিশ্চিত যে, আমি আল্লাহ্ সম্বন্ধে সত্য ব্যতীত বলিব না। তোমাদের প্রতিপালকের নিকট হইতে স্পষ্ট প্রমাণ আমি তোমাদের নিকট আনিয়াছি, সুতরাং বনী ইসরাঈলকে তুমি আমার সঙ্গে যাইতে দাও।' | |
| | قَالَ اِنْ كُنْتَ جِئْتَ بِاٰيَةٍ فَاْتِ بِهَآ اِنْ كُنْتَ مِنَ الصّٰدِقِيْنَ ﴿١٠٦﴾ | 106 |
| প্রতিবর্ণায়ন | কা-লা ইং কুংতা জি'তা বিআ-য়াতিং ফা'তি বিহা˜ ইং কুংতা মিনাসসা-দিকীন। | |
| তরজমা | ফির'আওন বলিল, 'যদি তুমি কোন নিদর্শন আনিয়া থাক তবে তুমি সত্যবাদী হইলে তাহা পেশ কর।' | |
| | فَاَلْقٰى عَصَاهُ فَاِذَا هِيَ ثُعْبَانٌ مُّبِيْنٌ ﴿١٠٧﴾ | 107 |
| প্রতিবর্ণায়ন | ফাআলকা-'আসা-হু ফাইযা-হিয়া ছু'বা-নুম্ মুবীন। | |
| তরজমা | অতঃপর মূসা তাহার লাঠি নিক্ষেপ করিল এবং তৎক্ষণাৎ উহা এক সাক্ষাৎ অজগর হইল। | |
| | وَّنَزَعَ يَدَهٗ فَاِذَا هِيَ بَيْضَآءُ لِلنّٰظِرِيْنَ ﴿١٠٨﴾ | 108 |
| প্রতিবর্ণায়ন | ওয়া নাঝা'আ ইয়াদাহূ ফাইযা-হিয়া বাইদা~উ লিন্ না-জিরীন। | |
| তরজমা | এবং সে তাহার হাত বাহির করিল আর তৎক্ষণাৎ উহা দর্শকদের দৃষ্টিতে শুভ্র উজ্জ্বল প্রতিভাত হইল। | |
| | قَالَ الْمَلَاُ مِنْ قَوْمِ فِرْعَوْنَ اِنَّ هٰذَا لَسٰحِرٌ عَلِيْمٌ ﴿١٠٩﴾ | 109 |
| প্রতিবর্ণায়ন | কা-লাল মালাউ মিং কাওমি ফির'আওনা ইন্না হা-যা-লাছা-হিরুন 'আলীম। | |
| তরজমা | ফির'আওন-সম্প্রদায়ের প্রধানরা বলিল, 'এ তো একজন সুদক্ষ জাদুকর, | |
| | يُّرِيْدُ اَنْ يُّخْرِجَكُمْ مِّنْ اَرْضِكُمْ ۚ فَمَاذَا تَاْمُرُوْنَ ﴿١١٠﴾ | 110 |
| প্রতিবর্ণায়ন | ইউরীদু আইঁ ইউখরিজাকুম মিন আরদিকুম (ج) ফামা-যা- তা'মুরূন। | |
| তরজমা | 'এ তোমাদেরকে তোমাদের দেশ হইতে বহিষ্কার করিতে চায়, এখন তোমরা কী পরামর্শ দাও ?' | |

| --- | --- | --- |
| | قَالُوْٓا اَرْجِهْ وَاَخَاهُ وَاَرْسِلْ فِى الْمَدَآئِنِ حٰشِرِيْنَ ﴿١١١﴾ | 111 |
| প্রতিবর্ণায়ন | কা-লূ˜আরজিহ্ ওয়া আখা-হু ওয়া আরছিল ফিল মাদা~ইনি হা-শিরীন। | |
| তরজমা | তাহারা বলিল, 'তাহাকে ও তাহার ভ্রাতাকে কিঞ্চিত অবকাশ দাও এবং নগরে নগরে সংগ্রাহকদেরকে পাঠাও, | |
| | يَاْتُوْكَ بِكُلِّ سٰحِرٍ عَلِيْمٍ ﴿١١٢﴾ | 112 |
| প্রতিবর্ণায়ন | ইয়া'তূকা বিকুল্লি ছা-হিরীন 'আলীম। | |
| তরজমা | 'যেন তাহারা তোমার নিকট প্রতিটি সুদক্ষ জাদুকর উপস্থিত করে।' | |
| | وَجَآءَ السَّحَرَةُ فِرْعَوْنَ قَالُوْٓا اِنَّ لَنَا لَاَجْرًا اِنْ كُنَّا نَحْنُ الْغٰلِبِيْنَ ﴿١١٣﴾ | 113 |
| প্রতিবর্ণায়ন | ওয়া জা~আছ্ছাহারাতু ফির'আওনা কা-লূ˜ ইন্না লানা-লাআজ্‌রান ইং কুন্না-নাহনুল গা-লিবীন। | |
| তরজমা | জাদুকরেরা ফির'আওনের নিকট আসিয়া বলিল, 'আমরা যদি বিজয়ী হই তবে আমাদের জন্য পুরস্কার থাকিবে তো ?' | |
| | قَالَ نَعَمْ وَاِنَّكُمْ لَمِنَ الْمُقَرَّبِيْنَ ﴿١١٤﴾ | 114 |
| প্রতিবর্ণায়ন | কা-লা না'আম ওয়া ইন্নাকুম লামিনাল মুকার্‌রাবীন। | |
| তরজমা | সে বলিল, 'হাঁা এবং তোমরা অবশ্যই আমার সান্নিধ্যপ্রাপ্তদের অন্তর্ভুক্ত হইবে।' | |
| | قَالُوْا يٰمُوْسٰٓى اِمَّآ اَنْ تُلْقِىَ وَاِمَّآ اَنْ نَّكُوْنَ نَحْنُ الْمُلْقِيْنَ ﴿١١٥﴾ | 115 |
| প্রতিবর্ণায়ন | কা-লূ ইয়া-মূছা˜ ইম্মা˜আং তুল্‌কিয়া ওয়া ইম্মা˜আং নাকূনা নাহনুল মুলকীন। | |
| তরজমা | তাহারা বলিল, 'হে মূসা ! তুমিই কি নিক্ষেপ করিবে, না আমরাই নিক্ষেপ করিব ?' | |
| | قَالَ اَلْقُوْا ۚ فَلَمَّآ اَلْقَوْا سَحَرُوْٓا اَعْيُنَ النَّاسِ وَاسْتَرْهَبُوْهُمْ وَجَآءُوْ بِسِحْرٍ عَظِيْمٍ ﴿١١٦﴾ | 116 |
| প্রতিবর্ণায়ন | কা-লা আলকূ (ج) ফালাম্মা˜ আলকাও ছাহারূ˜ আ'ইউনান্ না-ছি ওয়াছতার্‌হাবূহুম ওয়া জা~উ বিছিহরিন 'আজীম। | |
| তরজমা | সে বলিল, 'তোমরাই নিক্ষেপ কর'। যখন তাহারা নিক্ষেপ করিল তখন তাহারা লোকের চোখে জাদু করিল, তাহাদেরকে আতংকিত করিল এবং তাহারা এক বড় রকমের জাদু দেখাইল। | |
| | وَاَوْحَيْنَآ اِلٰى مُوْسٰٓى اَنْ اَلْقِ عَصَاكَ ۚ فَاِذَا هِىَ تَلْقَفُ مَا يَاْفِكُوْنَ ﴿١١٧﴾ | 117 |
| প্রতিবর্ণায়ন | ওয়া আওহাইনা˜ ইলা-মূছা˜আন আলকি 'আসা-কা (ج) ফাইযা-হিয়া তালকাফু মা-ইয়া'ফিকূন। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | আমি মূসার প্রতি প্রত্যাদেশ করিলাম, 'তুমিও তোমার লাঠি নিক্ষেপ কর।' সহসা উহা তাহাদের অলীক সৃষ্টিগুলিকে গ্রাস করিতে লাগিল; | |
| | فَوَقَعَ الْحَقُّ وَبَطَلَ مَا كَانُوْا يَعْمَلُوْنَ ۝١١٨ | 118 |
| প্রতিবর্ণায়ন | ফাওয়াক'া'আল হ'াক্কু' ওয়া বাত'ালা মা-কা-নূ ইয়া'মালূন। | |
| তরজমা | ফলে সত্য প্রতিষ্ঠিত হইল এবং তাহারা যাহা করিতেছিল তাহা মিথ্যা প্রতিপন্ন হইল। | |
| | فَغُلِبُوْا هُنَالِكَ وَانْقَلَبُوْا صٰغِرِيْنَ ۝١١٩ | 119 |
| প্রতিবর্ণায়ন | ফাগুলিবূ হুনা-লিকা ওয়াং ক'ালাবূ সা-গিরীন। | |
| তরজমা | সেখানে তাহারা পরাভূত হইল ও লাঞ্ছিত হইল, | |
| | وَاُلْقِيَ السَّحَرَةُ سٰجِدِيْنَ ۝١٢٠ | 120 |
| প্রতিবর্ণায়ন | ওয়া উলকি'য়াছ্ছাহ'ারাতু ছা-জিদীন। | |
| তরজমা | এবং জাদুকরেরা সিজ্‌দাবনত হইল। | |
| | قَالُوْٓا اٰمَنَّا بِرَبِّ الْعٰلَمِيْنَ ۝١٢١ | 121 |
| প্রতিবর্ণায়ন | ক'া-লূ˜আ-মান্না-বিরাব্বিল 'আ-লামীন। | |
| তরজমা | তাহারা বলিল, 'আমরা ঈমান আনিলাম জগতসমূহের প্রতিপালকের প্রতি- | |
| | رَبِّ مُوْسٰى وَهٰرُوْنَ ۝١٢٢ | 122 |
| প্রতিবর্ণায়ন | রাব্বি মূছা-ওয়া হা-রূন। | |
| তরজমা | 'যিনি মূসা ও হারূনেরও প্রতিপালক।' | |
| | قَالَ فِرْعَوْنُ اٰمَنْتُمْ بِهٖ قَبْلَ اَنْ اٰذَنَ لَكُمْ ۚ اِنَّ هٰذَا لَمَكْرٌ مَّكَرْتُمُوْهُ فِي الْمَدِيْنَةِ لِتُخْرِجُوْا مِنْهَآ اَهْلَهَا ۚ فَسَوْفَ تَعْلَمُوْنَ ۝١٢٣ | 123 |
| প্রতিবর্ণায়ন | ক'া-লা ফির'আওনু আ-মাংতুম বিহী ক'াবলা আন আ-য'ানা লাকুম (ج) ইন্না হা-য'া-লামাকরুম্‌ মাকারতুমূহু ফিল মাদীনাতি লিতুখরিজূ মিনহা˜ আহলাহা- (ج) ফাছওফা তা'লামূন। | |
| তরজমা | ফির'আওন বলিল, 'কী! আমি তোমাদেরকে অনুমতি দেওয়ার পূর্বে তোমরা উহাতে বিশ্বাস করিলে ? ইহা তো এক চক্রান্ত; তোমরা সজ্ঞানে এই চক্রান্ত করিয়াছ নগরবাসীদেরকে উহা হইতে বহিষ্কারের জন্য। আচ্ছা, তোমরা শীঘ্রই ইহার পরিণাম জানিবে। | |
| | لَاُقَطِّعَنَّ اَيْدِيَكُمْ وَاَرْجُلَكُمْ مِّنْ خِلَافٍ ثُمَّ لَاُصَلِّبَنَّكُمْ اَجْمَعِيْنَ ۝١٢٤ | 124 |

| | | |
|---|---|---|
| প্রতিবর্ণায়ন | লাউক্বাত্তি ‘আন্না আইদিয়াকুম ওয়া আরজুলাকুম মিন খিলা-ফিং ছুম্মা লাউসাল্লিবান্নাকুম আজমা‘ঈন। | |
| তরজমা | ‘আমি তো তোমাদের হস্তপদ বিপরীত দিক হইতে কর্তন করিবই; অতঃপর তোমাদের সকলকে শূলবিদ্ধ করিবই।’ | |
| | قَالُوْٓا اِنَّآ اِلٰى رَبِّنَا مُنْقَلِبُوْنَ ﴿۱۲۵﴾ | 125 |
| প্রতিবর্ণায়ন | ক্বা-লূ~ইন্না~ইলা-রাব্বিনা- মুংক্বালিবূন। | |
| তরজমা | তাহারা বলিল, ‘আমরা আমাদের প্রতিপালকের নিকট অবশ্যই প্রত্যাবর্তন করিব; | |
| | وَمَا تَنْقِمُ مِنَّآ اِلَّآ اَنْ اٰمَنَّا بِاٰيٰتِ رَبِّنَا لَمَّا جَآءَتْنَا ؕ رَبَّنَآ اَفْرِغْ عَلَيْنَا صَبْرًا وَّتَوَفَّنَا مُسْلِمِيْنَ ﴿۱۲۶﴾ | 126 |
| প্রতিবর্ণায়ন | ওয়ামা-তাংক্বিমু মিন্না~ ইল্লা~আন আ-মান্না-বিআ-য়া-তি রাব্বিনা-লাম্মা- জা~আতনা- (ط) রাব্বানা-আফরিগ ‘আলাইনা-সাব্‌রাওঁ ওয়াতাওয়াফ্‌ফানা-মুছলিমীন। | |
| তরজমা | ‘তুমি তো আমাদেরকে শাস্তি দিতেছ শুধু এইজন্য যে, আমরা আমাদের প্রতিপালকের নিদর্শনে ঈমান আনিয়াছি যখন উহা আমাদের নিকট আসিয়াছে। হে আমাদের প্রতিপালক ! আমাদেরকে ধৈর্য দান কর এবং মুসলমানরূপে আমাদেরকে মৃত্যু দাও।’ | |
| | وَقَالَ الْمَلَاُ مِنْ قَوْمِ فِرْعَوْنَ اَتَذَرُ مُوْسٰى وَقَوْمَهٗ لِيُفْسِدُوْا فِى الْاَرْضِ وَيَذَرَكَ وَاٰلِهَتَكَ ؕ قَالَ سَنُقَتِّلُ اَبْنَآءَهُمْ وَنَسْتَحْىٖ نِسَآءَهُمْ ۚ وَاِنَّا فَوْقَهُمْ قٰهِرُوْنَ ﴿۱۲۷﴾ | 127 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ক্বা-লাল মালাউ মিং ক্বাওমি ফির‘আওনা আতায়ারু মূছা- ওয়া ক্বাওমাহূ লিইউফ্‌ছিদূ ফিল আরদি ওয়া ইয়ায়ারাকা ওয়া আ-লিহাতাকা (ط) ক্বা-লা ছানুক্বাত্তিলু আবনা~আহুম ওয়া নাছতাহ্‌ঈ নিছা~আহুম, ওয়া ইন্না-ফাওক্বাহুম ক্বা-হিরূন। | |
| তরজমা | ফির‘আওন সম্প্রদায়ের প্রধানরা বলিল, ‘আপনি কি মূসাকে ও তাহার সম্প্রদায়কে রাজ্যে বিপর্যয় সৃষ্টি করিতে এবং আপনাকে ও আপনার দেবতাদেরকে বর্জন করিতে দিবেন ?’ সে বলিল, ‘আমরা তাহাদের পুত্রদের হত্যা করিব এবং তাহাদের নারীদের জীবিত রাখিব আর আমরা তো তাহাদের উপর প্রবল।’ | |
| | قَالَ مُوْسٰى لِقَوْمِهِ اسْتَعِيْنُوْا بِاللّٰهِ وَاصْبِرُوْا ۚ اِنَّ الْاَرْضَ لِلّٰهِ ۙ يُوْرِثُهَا مَنْ يَّشَآءُ مِنْ عِبَادِهٖ ؕ وَالْعَاقِبَةُ لِلْمُتَّقِيْنَ ﴿۱۲۸﴾ | 128 |

| *প্রতিবর্ণায়ন* | ক া-লা মূছা- লিক াওমিহিছ তা‘ঈনূ বিল্লা-হি ওয়াস্‌বিরূ (ج) ইন্নাল্ আরদ া লিল্লা-হি (قف) ইউরিছু  হা- মাইঁ ইয়াশা~উ মিন ‘ইবা-দিহী (ط) ওয়াল ‘আ-কি বাতু লিল্‌মুত্তাক ীন। | |
| *তরজমা* | মূসা তাহার সম্প্রদায়কে বলিল, ‘আল্লাহ্‌র নিকট সাহায্য প্রার্থনা কর এবং ধৈর্য ধারণ কর; যমীন তো আল্লাহ্‌রই। তিনি তাঁহার বান্দাদের মধ্যে যাহাকে ইচ্ছা উহার উত্তরাধিকারী করেন এবং শুভ পরিণাম তো মুত্তাকীদের জন্য।’ | |
| | قَالُوْٓا اُوْذِيْنَا مِنْ قَبْلِ اَنْ تَاْتِيَنَا وَمِنْۢ بَعْدِ مَا جِئْتَنَا ؕ قَالَ عَسٰى رَبُّكُمْ اَنْ يُّهْلِكَ عَدُوَّكُمْ وَيَسْتَخْلِفَكُمْ فِى الْاَرْضِ فَيَنْظُرَ كَيْفَ تَعْمَلُوْنَ ﴿١٢٩﴾ | 129 |
| *প্রতিবর্ণায়ন* | ক া-লূ~ ঊয ীনা-মিং ক াবলি আং তা’তিয়ানা- ওয়া মিম বা‘দি মা-জি’তানা- (ط) ক া-লা ‘আছা-রাব্বুকুম আইঁ ইউহলিকা ‘আদুওওয়াকুম ওয়া ইয়াছ্‌তাখলিফাকুম ফিল আরদি ফাইয়াংজু  রা কাইফা তা‘মালূন। | |
| *তরজমা* | তাহারা বলিল, ‘আমাদের নিকট তোমার আসিবার পূর্বে আমরা নির্যাতিত হইয়াছি এবং তোমার আসিবার পরেও।’ সে বলিল, শীঘ্রই তোমাদের প্রতিপালক তোমাদের শত্রু ধ্বংস করিবেন এবং তিনি তোমাদেরকে যমীনে তাহাদের স্থলাভিষিক্ত করিবেন, অতঃপর তোমরা কী কর তাহা তিনি লক্ষ্য করিবেন।’ | |
| | وَلَقَدْ اَخَذْنَآ اٰلَ فِرْعَوْنَ بِالسِّنِيْنَ وَنَقْصٍ مِّنَ الثَّمَرٰتِ لَعَلَّهُمْ يَذَّكَّرُوْنَ ﴿١٣٠﴾ | 130 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাক াদ আখায না~আ-লা ফির‘আওনা বিছ্‌ছিনীনা ওয়া নাক সিম মিনাছ ্ছ ামারা-তি লা‘আল্লাহুম ইয়ায্ য াক্কারূন। | |
| *তরজমা* | আমি তো ফির‘আওনের অনুসারীদেরকে দুর্ভিক্ষ ও ফল-ফসলের ক্ষতির দ্বারা আক্রান্ত করিয়াছি, যাহাতে তাহারা অনুধাবন করে। | |
| | فَاِذَا جَآءَتْهُمُ الْحَسَنَةُ قَالُوْا لَنَا هٰذِهٖ ۚ وَاِنْ تُصِبْهُمْ سَيِّئَةٌ يَّطَّيَّرُوْا بِمُوْسٰى وَمَنْ مَّعَهٗ ؕ اَلَآ اِنَّمَا طٰٓئِرُهُمْ عِنْدَ اللّٰهِ وَلٰكِنَّ اَكْثَرَهُمْ لَا يَعْلَمُوْنَ ﴿١٣١﴾ | 131 |
| *প্রতিবর্ণায়ন* | ফাইয া-জা~আত্‌হুমুল হ াছানাতু ক া-লূ লানা-হা-যি হী (ج) ওয়া ইং তুসিবহুম ছাইয়িআতুইঁ ইয়াত্ত াইয়ারূ বিমূছা- ওয়া মাম্ মা‘আহূ (ط) আলা~ইন্নামা ত া~ইরুহুম ‘ইংদাল্লা-হি ওয়ালা-কিন্না আকছ ারাহুম লা-ইয়া‘লামূন। | |
| *তরজমা* | ‘যখন তাহাদের কোন কল্যাণ হইত, তাহারা বলিত, ‘ইহা আমাদের প্রাপ্য।’ আর যখন কোন অকল্যাণ হইত তখন তাহারা মূসা ও তাহার সঙ্গীদেরকে অলক্ষুণে গণ্য করিত, তাহাদের অকল্যাণ আল্লাহ্‌র নিয়ন্ত্রণাধীন ; কিন্তু তাহাদের অধিকাংশ ইহা জানে না। | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| | وَقَالُوْا مَهْمَا تَأْتِنَا بِهٖ مِنْ اٰيَةٍ لِّتَسْحَرَنَا بِهَا ۙ فَمَا نَحْنُ لَكَ بِمُؤْمِنِيْنَ ﴿١٣٢﴾ | 132 |
| প্রতিবর্ণায়ন | ওয়া কা-লূ মাহমা-তা'তিনা-বিহী মিন আ-য়াতিল্ লিতাছহা'রানা-বিহা- (ۙ) ফামা-নাহ'নু লাকা বিমু'মিনীন। | |
| তরজমা | তাহারা বলিল, 'আমাদেরকে জাদু করিবার জন্য তুমি যে কোন নিদর্শন আমাদের নিকট পেশ কর না কেন আমরা তোমাতে বিশ্বাস করিব না।' | |
| | فَاَرْسَلْنَا عَلَيْهِمُ الطُّوْفَانَ وَالْجَرَادَ وَالْقُمَّلَ وَالضَّفَادِعَ وَالدَّمَ اٰيٰتٍ مُّفَصَّلٰتٍ ۟ فَاسْتَكْبَرُوْا وَكَانُوْا قَوْمًا مُّجْرِمِيْنَ ﴿١٣٣﴾ | 133 |
| প্রতিবর্ণায়ন | ফাআরাছালনা-'আলাইহিমুত্ তূ ফা-না ওয়াল জারা-দা ওয়াল্ কু ম্মালা ওয়াদ দা ফা-দি'আ ওয়াদ্দামা আ-য়া-তিম মুফাস্সালা-তিং (قف) ফাছ্তাক্বারূ ওয়া কা-নূ কা ওমাম মুজরিমীন। | |
| তরজমা | অতঃপর আমি তাহাদেরকে প্লাবন, পঙ্গপাল, উকুন, ভেক ও রক্ত দ্বারা ক্লিষ্ট করি। এইগুলি স্পষ্ট নিদর্শন ; কিন্তু তাহারা দাম্ভিকই রহিয়া গেল; আর তাহারা ছিল এক অপরাধী সম্প্রদায়। | |
| | وَلَمَّا وَقَعَ عَلَيْهِمُ الرِّجْزُ قَالُوْا يٰمُوْسَى ادْعُ لَنَا رَبَّكَ بِمَا عَهِدَ عِنْدَكَ ۚ لَئِنْ كَشَفْتَ عَنَّا الرِّجْزَ لَنُؤْمِنَنَّ لَكَ وَلَنُرْسِلَنَّ مَعَكَ بَنِيْٓ اِسْرَآءِيْلَ ﴿١٣٤﴾ | 134 |
| প্রতিবর্ণায়ন | ওয়া লাম্মা-ওয়া কা'আ 'আলাইহিমুর্ রিজ্ঝু কা-লূ ইয়া-মূছাদ্'উলানা-রাব্বাকা বিমা-'আহিদা 'ইংদাকা (ج) লাইং কাশাফ্তা 'আন্নার রিজ্ঝা লানু'মিনান্না লাকা ওয়ালানুর্ছিলান্না মা'আকা বানী˜ইছরা~ঈল। | |
| তরজমা | এবং যখন তাহাদের উপর শাস্তি আসিত তাহারা বলিত, 'হে মূসা ! তুমি তোমার প্রতিপালকের নিকট আমাদের জন্য প্রার্থনা কর তোমার সঙ্গে তিনি যে অঙ্গীকার করিয়াছেন তদনুযায়ী; যদি তুমি আমাদের উপর হইতে শাস্তি অপসারিত কর তবে আমরা তো তোমাতে ঈমান আনিবই এবং বনী ইসরাঈলকেও তোমার সঙ্গে অবশ্যই যাইতে দিব।' | |
| | فَلَمَّا كَشَفْنَا عَنْهُمُ الرِّجْزَ اِلٰٓى اَجَلٍ هُمْ بٰلِغُوْهُ اِذَا هُمْ يَنْكُثُوْنَ ﴿١٣٥﴾ | 135 |
| প্রতিবর্ণায়ন | ফালাম্মা- কাশাফনা-'আনহুমুর রিজঝা ইলা˜আজালিন হুম বা-লিগূহু ইযা-হুম ইয়াংকুছূ ন। | |
| তরজমা | আমি যখনই তাহাদের উপর হইতে শাস্তি অপসারিত করিতাম এক নির্দিষ্ট কালের জন্য যাহা তাহাদের জন্য নির্ধারিত ছিল, তাহারা তখনই তাহাদের অঙ্গীকার ভঙ্গ করিত। | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
| --- | --- | --- |
| | فَانْتَقَمْنَا مِنْهُمْ فَاَغْرَقْنٰهُمْ فِي الْيَمِّ بِاَنَّهُمْ كَذَّبُوْا بِاٰيٰتِنَا وَكَانُوْا عَنْهَا غٰفِلِيْنَ ١٣٦ | **136** |
| *প্রতিবর্ণায়ন* | ফাংতাকামনা- মিনহুম ফাআগরাক্বনা-হুম ফিল ইয়াম্মি বিআন্নাহুম কায্যাবূ বিআ-য়া-তিনা- ওয়া কা-নূ 'আনহা-গা-ফিলীন। | |
| *তরজমা* | সুতরাং আমি তাহাদেরকে শাস্তি দিয়াছি এবং তাহাদেরকে অতল সমুদ্রে নিমজ্জিত করিয়াছি। কারণ তাহারা আমার নিদর্শনকে অস্বীকার করিত এবং এই সম্বন্ধে তাহারা ছিল গাফিল। | |
| | وَاَوْرَثْنَا الْقَوْمَ الَّذِيْنَ كَانُوْا يُسْتَضْعَفُوْنَ مَشَارِقَ الْاَرْضِ وَمَغَارِبَهَا الَّتِيْ بٰرَكْنَا فِيْهَا ؕ وَتَمَّتْ كَلِمَتُ رَبِّكَ الْحُسْنٰى عَلٰى بَنِيْٓ اِسْرَآءِيْلَ ۙ بِمَا صَبَرُوْا ؕ وَدَمَّرْنَا مَا كَانَ يَصْنَعُ فِرْعَوْنُ وَقَوْمُهٗ وَمَا كَانُوْا يَعْرِشُوْنَ ١٣٧ | **137** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আওরাছনাল ক্বাওমাল্লাযীনা কা-নূ ইউছ্তাদ'আফূনা মাশা-রিক্বাল আরদি ওয়া মাগা-রিবাহাল্লাতী বা-রাক্না-ফীহা- (ط) ওয়া তাম্মাত কালিমাতু রাব্বিকাল হুছনা-'আলা-বানী ইছরা~ঈলা (ۙ) বিমা-সাবারূ (ط) ওয়া দাম্মারনা- মা-কা-না ইয়াসনা'উ ফির'আওনু ওয়া ক্বাওমুহূ ওয়া মা-কা-নূ ইয়া'রিশূন। | |
| *তরজমা* | যে সম্প্রদায়কে দুর্বল গণ্য করা হইত তাহাদেরকে আমি আমার কল্যাণপ্রাপ্ত রাজ্যের পূর্ব ও পশ্চিমের উত্তরাধিকারী করি; এবং বনী ইসরাঈল সম্বন্ধে তোমার প্রতিপালকের শুভ বাণী সত্যে পরিণত হইল, যেহেতু তাহারা ধৈর্য ধারণ করিয়াছিল, আর ফির'আওন ও তাহার সম্প্রদায়ের শিল্প এবং যেসব প্রাসাদ তাহারা নির্মাণ করিয়াছিল তাহা ধ্বংস করিয়াছি। | |
| | وَجٰوَزْنَا بِبَنِيْٓ اِسْرَآءِيْلَ الْبَحْرَ فَاَتَوْا عَلٰى قَوْمٍ يَّعْكُفُوْنَ عَلٰٓى اَصْنَامٍ لَّهُمْ ۚ قَالُوْا يٰمُوْسَى اجْعَلْ لَّنَآ اِلٰهًا كَمَا لَهُمْ اٰلِهَةٌ ؕ قَالَ اِنَّكُمْ قَوْمٌ تَجْهَلُوْنَ ١٣٨ | **138** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া জা~ওয়াঝ্না- বিবানী ইছরা~ঈলাল বাহ্‌রা ফাআতাওঁ 'আলা-ক্বাওমিইঁ ইয়া'কুফূনা 'আলা আসনা-মিল্লাহুম (ج) ক্বা-লূ ইয়া-মূছাজ'আল্লানা ইলা-হাং কামা-লাহুম আ-লিহাতুং (ط) ক্বা-লা ইন্নাকুম ক্বাওমুং তাজহালূন। | |
| | وَاٰخَرُوْنَ اعْتَرَفُوْا بِذُنُوْبِهِمْ خَلَطُوْا عَمَلًا صَالِحًا وَّاٰخَرَ سَيِّئًا ۗ عَسَى اللّٰهُ اَنْ يَّتُوْبَ عَلَيْهِمْ ۗ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿١٠٢﴾ | 102 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আ-খারূনা‘তারাফু বিযু ়নূবিহিম খালাতূ ় ‘আমালাং সা-লিহ ়াওঁ ওয়া আ-খারা ছাইয়িআন (ط) ‘আছাল্লা-হু আইঁ ইয়াতূবা ‘আলাইহিম (ط) ইন্নাল্লা-হা গাফূরুর রাহ ়ীম। | |
| *তরজমা* | এবং অপর কতক লোকে নিজেদের অপরাধ স্বীকার করিয়াছে, উহারা এক সৎকর্মের সঙ্গে অপর অসৎকর্ম মিশ্রিত করিয়াছে; আল্লাহ্ হয়ত উহাদেরকে ক্ষমা করিবেন; নিশ্চয়ই আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু। | |
| | خُذْ مِنْ اَمْوَالِهِمْ صَدَقَةً تُطَهِّرُهُمْ وَتُزَكِّيْهِمْ بِهَا وَصَلِّ عَلَيْهِمْ ۗ اِنَّ صَلٰوتَكَ سَكَنٌ لَّهُمْ ۗ وَاللّٰهُ سَمِيْعٌ عَلِيْمٌ ﴿١٠٣﴾ | 103 |

| | | |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | খুয˙ মিন আমওয়া–লিহিম সাদাক˙াতাং তুত˙াহ্হিরুহুম ওয়া তুঝাক্কীহিম বিহা–ওয়া সাল্লি ‘আলাইহিম (ط) ইন্না সালা–তাকা ছাকানুল্লাহুম (ط) ওয়াল্লা–হু ছামী‘উন ‘আলীম। | |
| *তরজমা* | উহাদের সম্পদ হইতে ‘সাদাকা’ গ্রহণ করিবে। ইহার দ্বারা তুমি উহাদেরকে পবিত্র করিবে এবং পরিশোধিত করিবে। তুমি উহাদেরকে দু‘আ করিবে। তোমার দু‘আ তো উহাদের জন্য চিত্ত স্বস্তিকর। আল্লাহ্ সর্বশ্রোতা, সর্বজ্ঞ। | |
| | اَلَمْ يَعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ هُوَ يَقْبَلُ التَّوْبَةَ عَنْ عِبَادِهٖ وَيَاْخُذُ الصَّدَقٰتِ وَاَنَّ اللّٰهَ هُوَ التَّوَّابُ الرَّحِيْمُ ﴿١٠٤﴾ | **104** |
| *প্রতিবর্ণায়ন* | আলাম ইয়া‘লামূ˜ আন্নাল্লা–হা হুওয়া ইয়াক˙বালুত্ তাওবাতা ‘আন ‘ইবা–দিহী ওয়া ইয়া’খুযু˙স্সাদাক˙া–তি ওয়া আন্নাল্লা–হা হুওয়াত্ তাওওয়া–বুর রাহ˙ীম। | |
| *তরজমা* | উহারা কি জানে না যে, আল্লাহ্ তো তাঁহার বান্দাদের তওবা কবুল করেন এবং ‘সাদাকা’ গ্রহণ করেন, নিশ্চয়ই আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু ? | |
| | وَقُلِ اعْمَلُوْا فَسَيَرَى اللّٰهُ عَمَلَكُمْ وَرَسُوْلُهٗ وَالْمُؤْمِنُوْنَ ؕ وَسَتُرَدُّوْنَ اِلٰى عٰلِمِ الْغَيْبِ وَالشَّهَادَةِ فَيُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿١٠٥﴾ | **105** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া কুলি‘মালূ ফাছাইয়ারাল্লা–হু ‘আমালাকুম ওয়া রাছূলুহূ ওয়াল মু’মিনূনা (ط) ওয়া ছাতুরাদ্দূনা ইলা– ‘আ–লিমিল গাইবি ওয়াশশাহা–দাতি ফাইউনাব্বিউকুম বিমা–কুংতুম তা‘লামূন। | |
| *তরজমা* | এবং বল, ‘তোমরা কর্ম করিতে থাক ; আল্লাহ্ তো তোমাদের কার্যকলাপ লক্ষ্য করিবেন এবং তাঁহার রাসূল ও মু’মিনগণও করিবে এবং অচিরেই তোমরা প্রত্যাবর্তিত হইবে অদৃশ্য ও দৃশ্যের পরিজ্ঞাতার নিকট, অতঃপর তিনি তোমরা যাহা করিতে তাহা তোমাদেরকে জানাইয়া দিবেন।’ | |
| | وَاٰخَرُوْنَ مُرْجَوْنَ لِاَمْرِ اللّٰهِ اِمَّا يُعَذِّبُهُمْ وَاِمَّا يَتُوْبُ عَلَيْهِمْ ؕ وَاللّٰهُ عَلِيْمٌ حَكِيْمٌ ﴿١٠٦﴾ | **106** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আ–খারুনা মুরজাওনা লিআমরিল্লা–হি ইম্মা–ইউ‘আয˙যি˙বুহুম ওয়া ইম্মা–ইয়াতূব ‘আলাইহিম (ط) ওয়াল্লা–হু ‘আলীমুন হ˙াকীম। | |
| *তরজমা* | এবং আল্লাহ্‌র আদেশের প্রতীক্ষায় অপর কতকের সম্পর্কে সিদ্ধান্ত স্থগিত রহিল তিনি উহাদেরকে শাস্তি দিবেন, না ক্ষমা করিবেন। আল্লাহ্ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়। | |
| | وَالَّذِيْنَ اتَّخَذُوْا مَسْجِدًا ضِرَارًا وَّكُفْرًا وَّتَفْرِيْقًا بَيْنَ الْمُؤْمِنِيْنَ وَاِرْصَادًا لِّمَنْ حَارَبَ اللّٰهَ وَرَسُوْلَهٗ مِنْ قَبْلُ ؕ وَلَيَحْلِفُنَّ اِنْ اَرَدْنَآ اِلَّا الْحُسْنٰى ؕ وَاللّٰهُ يَشْهَدُ اِنَّهُمْ لَكٰذِبُوْنَ ﴿١٠٧﴾ | **107** |

| --- | --- | --- |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াল্লায ীনাত তাখায ূ মাছজিদাং দি রা–রাওঁ ওয়া কুফরাওঁ ওয়া তাফরীক াম বাইনাল মু'মিনীনা ওয়া ইরসা–দাল্ লিমান হ া–রাবাল্লা–হা ওয়া রাছূলাহূ মিং ক াবলু (ط) ওয়ালাইয়াহ লিফুন্না ইন আরাদনা ~ইল্লাল হু ছনা– (ط) ওয়াল্লা–হু ইয়াশহাদু ইন্নাহুম লাকা–যি বূন। | |
| *তরজমা* | এবং যাহারা মসজিদ নির্মাণ করিয়াছে ক্ষতিসাধন, কুফরী ও মু'মিনদের মধ্যে বিভেদ সৃষ্টির উদ্দেশ্যে এবং ইতিপূর্বে আল্লাহ্ ও তাঁহার রাসূলের বিরুদ্ধে যে ব্যক্তি সংগ্রাম করিয়াছে তাহার গোপন ঘাঁটিস্বরূপ ব্যবহারের উদ্দেশ্যে, তাহারা অবশ্যই শপথ করিবে, 'আমরা সদুদ্দেশ্যেই উহা করিয়াছি'; আল্লাহ্ সাক্ষী, তাহারা তো মিথ্যাবাদী। | |
| | لَا تَقُمْ فِيهِ أَبَدًا ۚ لَمَسْجِدٌ أُسِّسَ عَلَى التَّقْوَىٰ مِنْ أَوَّلِ يَوْمٍ أَحَقُّ أَنْ تَقُومَ فِيهِ ۚ فِيهِ رِجَالٌ يُحِبُّونَ أَنْ يَتَطَهَّرُوا ۚ وَاللَّهُ يُحِبُّ الْمُطَّهِّرِينَ ﴿١٠٨﴾ | 108 |
| *প্রতিবর্ণায়ন* | লা–তাকু ম ফীহি আবাদাল্ (ط) লামাছজিদুন উছ্ছিছা 'আলাত্তাক ওয়া–মিন আওওয়ালি ইয়াওমিন আহ াক্কু আং তাকূ মা ফীহি (ط) ফীহি রিজা–লুইঁ ইউহি ব্বূনা আইঁ ইয়াতাত াহ্হারু (ط) ওয়াল্লা–হু ইউহি ব্বুল মুত াত াহ্হিরীন। | |
| *তরজমা* | তুমি ইহাতে কখনও দাঁড়াইও না। যে মসজিদের ভিত্তি প্রথম দিন হইতেই স্থাপিত হইয়াছে তাক্ওয়ার উপর, উহাই তোমার সালাতের জন্য অধিক যোগ্য। সেখানে এমন লোক আছে যাহারা পবিত্রতা অর্জন ভালবাসে এবং পবিত্রতা অর্জনকারীদেরকে আল্লাহ্ পছন্দকরেন। | |
| | أَفَمَنْ أَسَّسَ بُنْيَانَهُ عَلَىٰ تَقْوَىٰ مِنَ اللَّهِ وَرِضْوَانٍ خَيْرٌ أَمْ مَنْ أَسَّسَ بُنْيَانَهُ عَلَىٰ شَفَا جُرُفٍ هَارٍ فَانْهَارَ بِهِ فِي نَارِ جَهَنَّمَ ۗ وَاللَّهُ لَا يَهْدِي الْقَوْمَ الظَّالِمِينَ ﴿١٠٩﴾ | 109 |
| *প্রতিবর্ণায়ন* | আফামান আছ্ছাছা বুনইয়া–নাহূ 'আলা–তাক ওয়া–মিনাল্লা–হি ওয়া রিদ াওয়া–নিন খাইরুন আম্মান আছ্ছাআ বুনইয়া–নাহূ 'আলা–শাফা– জুরুফিন হা–রিং ফানহা–রা বিহী ফী না–রি জাহান্নামা (ط) ওয়াল্লা–হু লা–ইয়াহদিল ক াওমাজ্ জ া–লিমীন। | |
| *তরজমা* | যে ব্যক্তি তাহার গৃহের ভিত্তি আল্লাহ্ভীতি ও আল্লাহ্র সন্তুষ্টির উপর স্থাপন করে সে উত্তম, না ঐ ব্যক্তি উত্তম যে তাহার গৃহের ভিত্তি স্থাপন করে এক খাদের ধসোন্মুখ কিনারায়, ফলে যাহা উহাকেসহ জাহান্নামের অগ্নিতে পতিত হয় ? আল্লাহ্ জালিম সম্প্রদায়কে পথ প্রদর্শন করেন না। | |
| | لَا يَزَالُ بُنْيَانُهُمُ الَّذِي بَنَوْا رِيبَةً فِي قُلُوبِهِمْ إِلَّا أَنْ تَقَطَّعَ قُلُوبُهُمْ ۗ وَاللَّهُ عَلِيمٌ حَكِيمٌ ﴿١١٠﴾ | 110 |
| *প্রতিবর্ণায়ন* | লা–ইঝা–লু বুনইয়া–নুহুমুল্লায ী বানাও রীবাতাং ফী কু লূবিহিম ইল্লা–আং তাক াত্ত া'আ কু লূবুহুম (ط) ওয়াল্লা–হু 'আলীমুন হ াকীম। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | উহাদের গৃহ যাহা উহারা নির্মাণ করিয়াছে তাহা উহাদের অন্তরে সন্দেহের কারণ হইয়া থাকিবে। যে পর্যন্ত না উহাদের অন্তর ছিন্ন-বিচ্ছিন্ন হইয়া যায়। আল্লাহ্ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়। | |
| | إِنَّ اللّٰهَ اشْتَرٰى مِنَ الْمُؤْمِنِيْنَ أَنْفُسَهُمْ وَأَمْوَالَهُمْ بِأَنَّ لَهُمُ الْجَنَّةَ ۚ يُقَاتِلُوْنَ فِيْ سَبِيْلِ اللّٰهِ فَيَقْتُلُوْنَ وَيُقْتَلُوْنَ ۖ وَعْدًا عَلَيْهِ حَقًّا فِي التَّوْرٰىةِ وَالْإِنْجِيْلِ وَالْقُرْاٰنِ ۚ وَمَنْ أَوْفٰى بِعَهْدِهٖ مِنَ اللّٰهِ فَاسْتَبْشِرُوْا بِبَيْعِكُمُ الَّذِيْ بَايَعْتُمْ بِهٖ ۚ وَذٰلِكَ هُوَ الْفَوْزُ الْعَظِيْمُ ﴿١١١﴾ | 111 |
| প্রতিবর্ণায়ন | ইন্নাল্লা-হাশতারা- মিনাল মু'মিনীনা আংফুছাহুম ওয়া আমওয়া-লাহুম বিআন্না লাহুমুল্ জান্নাতা (ط) ইউকা-তিলূনা ফী ছাবীলিল্লা-হি ফাইয়াকতুলূনা ওয়া ইউকতালূনা (قف) ওয়া'দান আলাইহি হাককাং ফিত্তাওরা-তি ওয়াল ইংজীলি ওয়াল কুরআ-নি (ط) ওয়া মান আওফা-বি'আহদিহী মিনাল্লা-হি ফাছতাবশিরূ বিবাই'ইকুমুল্লাযী বা-ইয়া'তুম বিহী (ط) ওয়া যা-লিকা হুওয়াল ফাওঝুল 'আজীম। | |
| তরজমা | নিশ্চয়ই আল্লাহ্ মু'মিনদের নিকট হইতে তাহাদের জীবন ও সম্পদ ক্রয় করিয়া লইয়াছেন, তাহাদের জন্য জান্নাত আছে ইহার বিনিময়ে। তাহারা আল্লাহ্র পথে যুদ্ধ করে, নিধন করে ও নিহত হয়। তাওরাত, ইনজীল ও কুরআনে এই সম্পর্কে তাহাদের দৃঢ় প্রতিশ্রুতি রহিয়াছে। নিজ প্রতিজ্ঞা পালনে আল্লাহ্ অপেক্ষা শ্রেষ্ঠতর কে আছে ? তোমরা যে সওদা করিয়াছ সেই সওদার জন্য আনন্দিত হও এবং উহাই তো মহাসাফল্য। | |
| | اَلتَّآئِبُوْنَ الْعٰبِدُوْنَ الْحٰمِدُوْنَ السَّآئِحُوْنَ الرّٰكِعُوْنَ السّٰجِدُوْنَ الْاٰمِرُوْنَ بِالْمَعْرُوْفِ وَالنَّاهُوْنَ عَنِ الْمُنْكَرِ وَالْحٰفِظُوْنَ لِحُدُوْدِ اللّٰهِ ۗ وَبَشِّرِ الْمُؤْمِنِيْنَ ﴿١١٢﴾ | 112 |
| প্রতিবর্ণায়ন | আত্তা~ইবূনাল 'আ-বিদূনাল হা-মিদূনাছ্ছা-ইহূনার রা-কি'উনাছ্ছা-জিদূনাল আ-মিরূনা বিলামা'রূফি ওয়াননা-হুনা 'আনিল মুংকারি ওয়াল হা-ফিজূনা লিহুদূদিল্লা-হি (ط) ওয়া বাশশিরিল মু'মিনীন। | |
| তরজমা | উহারা তওবাকারী, 'ইবাদতকারী, আল্লাহ্র প্রশংসাকারী, সিয়াম পালনকারী, রুকূ'কারী, সিজ্দাকারী, সৎকাজের নির্দেশদাতা, অসৎকাজে নিষেধকারী এবং আল্লাহ্র নির্ধারিত সীমারেখা সংরক্ষণকারী; এই মু'মিনদেরকে তুমি শুভ সংবাদ দাও। | |
| | مَا كَانَ لِلنَّبِيِّ وَالَّذِيْنَ اٰمَنُوْٓا اَنْ يَّسْتَغْفِرُوْا لِلْمُشْرِكِيْنَ وَلَوْ كَانُوْٓا اُولِيْ قُرْبٰى مِنْۢ بَعْدِ مَا تَبَيَّنَ لَهُمْ اَنَّهُمْ اَصْحٰبُ الْجَحِيْمِ ﴿١١٣﴾ | 113 |

| *প্রতিবর্ণায়ন* | মা–কা–না লিন্নাবিইয়ি ওয়াল্লাযীনা আ–মানূ~ আইঁ ইয়াছতাগফিরূ লিলমুশরিকীনা ওয়ালাও কা–নূ~উলী কুরবা–মিম বা'দি মা–তাবাইইয়ানা লাহুম আন্নাহুম আসহা–বুল জাহীম। | |
| *তরজমা* | আত্মীয়-স্বজন হইলেও মুশরিকদের জন্য ক্ষমা প্রার্থনা করা নবী এবং মু'মিনদের জন্য সংগত নয় যখন ইহা সুস্পষ্ট হইয়া গিয়াছে যে, নিশ্চিতই উহারা জাহান্নামী। | |
| | وَمَا كَانَ اسْتِغْفَارُ اِبْرٰهِيْمَ لِاَبِيْهِ اِلَّا عَنْ مَّوْعِدَةٍ وَّعَدَهَآ اِيَّاهُ ۚ فَلَمَّا تَبَيَّنَ لَهٗٓ اَنَّهٗ عَدُوٌّ لِّلّٰهِ تَبَرَّاَ مِنْهُ ؕ اِنَّ اِبْرٰهِيْمَ لَاَوَّاهٌ حَلِيْمٌ ﴿١١٤﴾ | **114** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া মা–কানাছ্তিগফা–রু ইবরা–হীমা লিআবীহি ইল্লা–'আম মাও 'ইদাতিওঁ ওয়া'আদহা–ইইয়া–হু (ج) ফালাম্মা–তাবাইইয়ানা লাহূ আন্নাহূ 'আদুওউল্ লিল্লা–হি তাবার্‌রাআমিনহু (ط) ইন্না ইবরা–হীমা লা আওওয়া–হুন হালীম। | |
| *তরজমা* | ইব্‌রাহীম তাহার পিতার জন্য ক্ষমা প্রার্থনা করিয়াছিল, তাহাকে ইহার প্রতিশ্রুতি দিয়াছিল বলিয়া ; অতঃপর যখন ইহা তাহার নিকট সুস্পষ্ট হইল যে, সে আল্লাহ্‌র শত্রু তখন ইব্‌রাহীম উহার সম্পর্ক ছিন্ন করিল। ইব্‌রাহীম তো কোমল হৃদয় ও সহনশীল। | |
| | وَمَا كَانَ اللّٰهُ لِيُضِلَّ قَوْمًۢا بَعْدَ اِذْ هَدٰىهُمْ حَتّٰى يُبَيِّنَ لَهُمْ مَّا يَتَّقُوْنَ ؕ اِنَّ اللّٰهَ بِكُلِّ شَىْءٍ عَلِيْمٌ ﴿١١٥﴾ | **115** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া মা–কা–নাল্লা–হু লিইউদিল্লা কাওমাম বা'দা ইয হাদা–হুম হাত্তা– ইউবাইয়িনা লাহুম মা–ইয়াত্তাকূন্না (ط) ইন্নাল্লা–হা বিকুল্লি শাইয়িন 'আলীম। | |
| *তরজমা* | আল্লাহ্ এমন নন যে, তিনি কোন সম্প্রদায়কে পথপ্রদর্শন করিবার পর উহাদেরকে বিভ্রান্ত করিবেন-উহাদেরকে কী বিষয়ে তাক্‌ওয়া অবলম্বন করিতে হইবে, ইহা সুস্পষ্টরূপে ব্যক্ত না করা পর্যন্ত ; নিশ্চয়ই আল্লাহ সর্ববিষয়ে সবিশেষ অবহিত। | |
| | اِنَّ اللّٰهَ لَهٗ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ يُحْىٖ وَيُمِيْتُ ؕ وَمَا لَكُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ مِنْ وَّلِيٍّ وَّلَا نَصِيْرٍ ﴿١١٦﴾ | **116** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাল্লা–হা লাহূ মুলকুছ্ছামা–ওয়া–তি ওয়াল আরদি (ط) ইউহয়ী ওয়া ইউমীতু (ط) ওয়া মা লাকুম মিং দূনিল্লা–হি মিওঁ ওয়ালিইয়িওঁ ওয়ালা–নাসীর। | |
| *তরজমা* | আকাশমণ্ডলী ও পৃথিবীর সার্বভৌম ক্ষমতা আল্লাহরই; তিনিই জীবন দান করেন এবং তিনিই মৃত্যু ঘটান। আল্লাহ্ ব্যতীত তোমাদের কোন অভিভাবক নাই, সাহায্যকারীও নাই। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | لَقَدْ تَّابَ اللّٰهُ عَلَى النَّبِيِّ وَالْمُهٰجِرِيْنَ وَالْاَنْصَارِ الَّذِيْنَ اتَّبَعُوْهُ فِيْ سَاعَةِ الْعُسْرَةِ مِنْۢ بَعْدِ مَا كَادَ يَزِيْغُ قُلُوْبُ فَرِيْقٍ مِّنْهُمْ ثُمَّ تَابَ عَلَيْهِمْ ؕ اِنَّهٗ بِهِمْ رَءُوْفٌ رَّحِيْمٌ ﴿۱۱۷﴾ | **117** |
| *প্রতিবর্ণায়ন* | লাক াত্তা-বাল্লা-হু ‘আলান্নাবিইয়ি ওয়াল মুহা-জিরীনা ওয়াল আংসা-রিল্লায ীনাত্ তাবা‘উহু ফী ছা-‘আতিল ‘উছরাতি মিম বা‘দি মা-কা-দা ইয়াঝীগু কু ্লূবু ফারীকি ্ম মিনহুম ছু ্ম্মা তা-বা ‘আলাইহিম (ط) ইন্নাহূ বিহিমি রাউফুর রাহ ীম। | |
| *তরজমা* | আল্লাহ্ অবশ্যই অনুগ্রহপরায়ণ হইলেন নবীর প্রতি এবং মুহাজির ও আনসারদের প্রতি যাহারা তাহার অনুসরণ করিয়াছিল সংকটকালে-এমনকি যখন তাহাদের একদলের চিত্ত-বৈকল্যের উপক্রম হইয়াছিল। পরে আল্লাহ্ উহাদেরকে ক্ষমা করিলেন; তিনি তো উহাদের প্রতি দয়ার্দ্র, পরম দয়ালু। | |
| | وَّعَلَى الثَّلٰثَةِ الَّذِيْنَ خُلِّفُوْا ؕ حَتّٰۤى اِذَا ضَاقَتْ عَلَيْهِمُ الْاَرْضُ بِمَا رَحُبَتْ وَضَاقَتْ عَلَيْهِمْ اَنْفُسُهُمْ وَظَنُّوْۤا اَنْ لَّا مَلْجَاَ مِنَ اللّٰهِ اِلَّاۤ اِلَيْهِ ؕ ثُمَّ تَابَ عَلَيْهِمْ لِيَتُوْبُوْا ؕ اِنَّ اللّٰهَ هُوَ التَّوَّابُ الرَّحِيْمُ ﴿۱۱۸﴾ | **118** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ‘আলাছ ্ছ ালা-ছাতিল্লায ীনা খুল্লিফূ (ط) হ াত্তা-ইয া-দ া-ক াত ‘আলাইহিমুল আরদু ্বিমা-রাহু ্বাত ওয়াদ া-ক াত ‘আলাইহিম আংফুছুহুম ওয়া জ ান্নু ~আল্লা-মালজাআ মিনাল্লা-হি ইল্লা ~ইলাইহি (ط) ছু ্ম্মা তা-বা ‘আলাইহিম লিইয়াতূবূ (ط) ইন্নাল্লা-হু হুওয়াত্তাওওয়া-বুর রাহ ীম। | |
| *তরজমা* | এবং তিনি ক্ষমা করিলেন অপর তিনজনকেও, যাহাদের সম্পর্কে সিদ্ধান্ত স্থগিত রাখা হইয়াছিল, যে পর্যন্ত না পৃথিবী বিস্তৃত হওয়া সত্ত্বেও তাহাদের জন্য উহা সংকুচিত হইয়াছিল এবং তাহাদের জীবন তাহাদের জন্য দুর্বিষহ হইয়াছিল এবং তাহারা উপলব্ধি করিয়াছিল যে, আল্লাহ্ ব্যতীত কোন আশ্রয়স্থল নাই, তাঁহার দিকে প্রত্যাবর্তন ব্যতীত, পরে তিনি উহাদের তওবা কবুল করিলেন যাহাতে উহারা তওবায় স্থির থাকে। নিশ্চয়ই আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু। | |
| | يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اتَّقُوا اللّٰهَ وَكُوْنُوْا مَعَ الصّٰدِقِيْنَ ﴿۱۱۹﴾ | **119** |
| *প্রতিবর্ণায়ন* | ইয়া ~আইয়ুহাল্লায ীনা আ-মানুত্তাকু ্ল্লা-হা ওয়াকূনূ মা‘আসসা-দিক ীন। | |
| *তরজমা* | হে মু’মিনগণ! তোমরা আল্লাহ্‌কে ভয় কর এবং সত্যবাদীদের অন্তর্ভুক্ত হও। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | مَا كَانَ لِأَهْلِ الْمَدِينَةِ وَمَنْ حَوْلَهُمْ مِنَ الْأَعْرَابِ أَنْ يَتَخَلَّفُوا عَنْ رَسُولِ اللَّهِ وَلَا يَرْغَبُوا بِأَنْفُسِهِمْ عَنْ نَفْسِهِ ۚ ذَٰلِكَ بِأَنَّهُمْ لَا يُصِيبُهُمْ ظَمَأٌ وَلَا نَصَبٌ وَلَا مَخْمَصَةٌ فِي سَبِيلِ اللَّهِ وَلَا يَطَئُونَ مَوْطِئًا يَغِيظُ الْكُفَّارَ وَلَا يَنَالُونَ مِنْ عَدُوٍّ نَيْلًا إِلَّا كُتِبَ لَهُمْ بِهِ عَمَلٌ صَالِحٌ ۚ إِنَّ اللَّهَ لَا يُضِيعُ أَجْرَ الْمُحْسِنِينَ ﴿١٢٠﴾ | **120** |
| *প্রতিবর্ণায়ন* | মা–কা–না লিআহ্লিল মাদীনাতি ওয়া মান হ ়াওলাহুম মিনাল আ'রা–বি আইঁ ইয়াতাখাল্লাফূ 'আর রাছূলিল্লা–হি ওয়ালা–ইয়ারগাবূ বিআংফুছিহিম 'আং নাফছিহী (ط) য ়া–লিকা বিআন্নাহুম লা–ইউসীবুহুম জ ়ামাউওঁ ওয়ালা–নাসাবুওঁ ওয়ালা–মাখমাসাতুং ফী ছাবীলিল্লাহি ওয়লা ইয়াত ়াউনা মাওতি ়আইঁ ইয়াগিজু ়ল কুফ্ফারা ওয়ালা ইয়ানালূনা মিন 'আদুবি ়ন্ নাইলান ইল্লা কুতিবা লাহুম বিহী 'আমালুং সা-লিহু ়ন (ط) ইন্নাল্লা–হা লা–ইউদ ়ী'উ আজারাল মহ্ ়ছিনীন। | |
| *তরজমা* | মদীনাবাসী ও উহাদের পার্শ্ববর্তী মরুবাসীদের জন্য সঙ্গত নয় আল্লাহর রাসূলের সহগামী না হইয়া পিছনে রহিয়া যাওয়া এবং তাহার জীবন অপেক্ষা তাহাদের নিজেদের জীবনকে প্রিয় জ্ঞান করা ; কারণ আল্লাহ্‌র পথে উহাদের তৃষ্ণা, ক্লান্তি এবং ক্ষুধায় ক্লিষ্ট হওয়া এবং কাফিরদের ক্রোধ উদ্রেক করে এমন পদক্ষেপ গ্রহণ করা এবং শত্রুদের নিকট হইতে কিছু প্রাপ্ত হওয়া উহাদের সৎকর্মরূপে গণ্য হয়। নিশ্চয়ই আল্লাহ্ সৎকর্মপরায়ণদের শ্রমফল নষ্ট করেন না। | |
| | وَلَا يُنْفِقُونَ نَفَقَةً صَغِيرَةً وَلَا كَبِيرَةً وَلَا يَقْطَعُونَ وَادِيًا إِلَّا كُتِبَ لَهُمْ لِيَجْزِيَهُمُ اللَّهُ أَحْسَنَ مَا كَانُوا يَعْمَلُونَ ﴿١٢١﴾ | **121** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালা–ইউংফিকূ ়না নাফাক ়াতাং সাগীরাতাওঁ ওয়ালা– কাবীরাতাওঁ ওয়ালা– ইয়াক ়তা'ঊনা ওয়া–দিয়ান ইল্লা–কুতিবা লাহুম লিইয়াজ্‌ঝিয়াহুমুল্লা–হু আহ ়ছানা মা–কা–নূ ইয়া'মালূন। | |
| *তরজমা* | এবং উহারা ক্ষুদ্র অথবা বৃহৎ যাহাই ব্যয় করে এবং যে কোন প্রান্তরই অতিক্রম করে তাহা উহাদের অনুকূলে লিপিবদ্ধ হয়-যাহাতে উহারা যাহা করে আল্লাহ তাহা অপেক্ষা উৎকৃষ্টতর পুরস্কার উহাদেরকে দিতে পারেন। | |
| | وَمَا كَانَ الْمُؤْمِنُونَ لِيَنْفِرُوا كَافَّةً ۚ فَلَوْلَا نَفَرَ مِنْ كُلِّ فِرْقَةٍ مِنْهُمْ طَائِفَةٌ لِيَتَفَقَّهُوا فِي الدِّينِ وَلِيُنْذِرُوا قَوْمَهُمْ إِذَا رَجَعُوا إِلَيْهِمْ لَعَلَّهُمْ يَحْذَرُونَ ﴿١٢٢﴾ | **122** |

| | | |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা–কা–নাল মু'মিনূনা লিইয়াংফিরু কা~ফফাতাং (ط) ফালাওলা–নাফারা মিং কুল্লি ফিরক ািতিম মিনহুম ত া~ইফাতুল লিইয়াতাফাক্ক াহূ ফিদ্দীনি ওয়ালিইউংযি রূ ক াওমাহুম ইয া–রাজা'উ~ইলাইহিম লা'আল্লাহুম ইয়াহ য ারূন। | |
| *তরজমা* | মু'মিনদের সকলের একসঙ্গে অভিযানে বাহির হওয়া সংগত নয়, উহাদের প্রত্যেক দলের এক অংশ বহির্গত হয় না কেন, যাহাতে তাহারা দীন সম্বন্ধে জ্ঞানানুশীলন করিতে পারে এবং উহাদের সম্প্রদায়কে সতর্ক করিতে পারে, যখন তাহারা তাহাদের নিকট ফিরিয়া আসিবে যাহাতে তাহারা সতর্ক হয়। | |
| | يَاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا قَاتِلُوا الَّذِيْنَ يَلُوْنَكُمْ مِّنَ الْكُفَّارِ وَلْيَجِدُوْا فِيْكُمْ غِلْظَةً ۗ وَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ مَعَ الْمُتَّقِيْنَ ﴿١٢٣﴾ | 123 |
| *প্রতিবর্ণায়ন* | ইয়া~আইয়ুহাল্লায ীনা আ–মানূ ক া–তিলুল্লায ীনা ইয়ালূনাকুম মিনাল কুফ্ফা–রি ওয়াল ইয়াজিদূ ফীকুম গিলজ াতাওঁ (ط) ওয়া'লামূ~আন্নাল্লা–হা মা'আল মুত্তাক ীন। | |
| *তরজমা* | হে মু'মিনগণ! কাফিরদের মধ্যে যাহারা তোমাদের নিকটবর্তী তাহাদের সঙ্গে যুদ্ধ কর এবং উহারা যেন তোমাদের মধ্যে কঠোরতা দেখিতে পায়। জানিয়া রাখ, আল্লাহ্ তো মুত্তাকীদের সঙ্গে আছেন। | |
| | وَاِذَا مَآ اُنْزِلَتْ سُوْرَةٌ فَمِنْهُمْ مَّنْ يَّقُوْلُ اَيُّكُمْ زَادَتْهُ هٰذِهٖٓ اِيْمَانًا ۚ فَاَمَّا الَّذِيْنَ اٰمَنُوْا فَزَادَتْهُمْ اِيْمَانًا وَّهُمْ يَسْتَبْشِرُوْنَ ﴿١٢٤﴾ | 124 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয া-মাদ উংঝিলাত ছুরাতুং ফামিনহুম মাইঁ ইয়াক ূলু আইয়ুকুম ঝা-দাতহু হা-যি হীদ ঈমানাং (ج) ফাআম্মাল্লায ীনা আ-মানূ ফাঝা-দাতহুম ঈমা-নাওঁ ওয়াহুম ইয়াছতাবশিরূন। | |
| *তরজমা* | যখনই কোন সূরা অবতীর্ণ হয় তখন উহাদের কেহ কেহ বলে, 'ইহা তোমাদের মধ্যে কাহার ঈমান বৃদ্ধি করিল ?' যাহারা মু'মিন ইহা তাহাদেরই ঈমান বৃদ্ধি করে এবং তাহারাই আনন্দিত হয়। | |
| | وَاَمَّا الَّذِيْنَ فِيْ قُلُوْبِهِمْ مَّرَضٌ فَزَادَتْهُمْ رِجْسًا اِلٰى رِجْسِهِمْ وَمَاتُوْا وَهُمْ كٰفِرُوْنَ ﴿١٢٥﴾ | 125 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াআম্মাল্লায ীনা ফী ক ুলূবিহিম মারাদু ন ফাঝা-দাতহুম রিজছান ইলা-রিজছিহিম ওয়ামা-তূ ওয়াহুম কা-ফিরূন। | |
| *তরজমা* | এবং যাহাদের অন্তরে ব্যাধি আছে, ইহা তাহাদের কলুষের সঙ্গে আরও কলুষ যুক্ত করে এবং উহাদের মৃত্যু ঘটে কাফির অবস্থায়। | |
| | اَوَلَا يَرَوْنَ اَنَّهُمْ يُفْتَنُوْنَ فِيْ كُلِّ عَامٍ مَّرَّةً اَوْ مَرَّتَيْنِ ثُمَّ لَا يَتُوْبُوْنَ وَلَا هُمْ يَذَّكَّرُوْنَ ﴿١٢٦﴾ | 126 |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | আওয়ালা-ইয়ারাওনা আন্নাহুম ইউফ্‌তানূনা ফী কুল্লি ‘আমিম মার্‌রাতান আও মাররাতাইনি ছু ম্মা লা-ইয়াতূবূনা ওয়ালা-হুম ইয়ায য্‌াক্কারূন। | |
| *তরজমা* | উহারা কি দেখে না যে, ‘উহাদেরকে প্রতি বৎসর একবার বা দুইবার বিপর্যস্ত করা হয় ?’ ইহার পরও উহারা তওবা করে না এবং উপদেশ গ্রহণ করে না, | |
| | وَإِذَا مَآ أُنزِلَتْ سُورَةٌ نَّظَرَ بَعْضُهُمْ إِلَىٰ بَعْضٍ ۖ هَلْ يَرَىٰكُم مِّنْ أَحَدٍ ثُمَّ ٱنصَرَفُوا۟ ۚ صَرَفَ ٱللَّهُ قُلُوبَهُم بِأَنَّهُمْ قَوْمٌ لَّا يَفْقَهُونَ ﴿١٢٧﴾ | **127** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয া-মা ˜উংঝিলাত ছূরাতুং নাজারা বা‘দ ুহুম ইলা-বা‘দি ন (ط) হাল ইয়ারা-কুম মিন আহ াদিং ছু ম্মাং সারাফূ (ط) সারাফাল্লা-হু কু লূবাহুম বিআন্নাহুম ক াওমুল্ লা-ইয়াফক াহূন। | |
| *তরজমা* | এবং যখনই কোন সূরা অবতীর্ণ হয়, তখন উহারা একে অপরের দিকে তাকায় এবং ইশারায় জিজ্ঞাসা করে ‘তোমাদেরকে কেহ লক্ষ্য করিতেছে কি ?’ অতঃপর উহারা সরিয়া পড়ে। আল্লাহ্ উহাদের হৃদয়কে সত্যবিমুখ করিয়াছেন, কারণ উহারা এমন এক সম্প্রদায় যাহাদের বোধশক্তি নাই। | |
| | لَقَدْ جَآءَكُمْ رَسُولٌ مِّنْ أَنفُسِكُمْ عَزِيزٌ عَلَيْهِ مَا عَنِتُّمْ حَرِيصٌ عَلَيْكُم بِٱلْمُؤْمِنِينَ رَءُوفٌ رَّحِيمٌ ﴿١٢٨﴾ | **128** |
| *প্রতিবর্ণায়ন* | লাক াদ জা~আকুম রাছূলুম মিন আংফুছিকুম ‘আঝীঝুন ‘আলাইহি মা-‘আনিত্তুম হারীসুন ‘আলাইকুম বিল মু’মিনীন রাঊফুর রাহ ীম। | |
| *তরজমা* | অবশ্যই তোমাদের মধ্য হইতেই তোমাদের নিকট এক রাসূল আসিয়াছে। তোমাদেরকে যাহা বিপন্ন করে উহা তাহার জন্য কষ্টদায়ক। সে তোমাদের মঙ্গলকামী, মু’মিনদের প্রতি সে দয়ার্দ্র ও পরম দয়ালু। | |
| | فَإِن تَوَلَّوْا۟ فَقُلْ حَسْبِىَ ٱللَّهُ لَآ إِلَٰهَ إِلَّا هُوَ ۖ عَلَيْهِ تَوَكَّلْتُ ۖ وَهُوَ رَبُّ ٱلْعَرْشِ ٱلْعَظِيمِ ﴿١٢٩﴾ | **129** |
| *প্রতিবর্ণায়ন* | ফাইং তাওয়াল্লাও ফাকু ল হ াছবিয়াল্লা-হু (ق) লা~ইলা-হুওয়া (ط) ‘আলাইহি তাওয়াক্কালতু ওয়া হুওয়া রাব্বুল ‘আরশিল ‘আজ ীম। | |
| *তরজমা* | অতঃপর উহারা যদি মুখ ফিরাইয়া নেয় তবে তুমি বলিও, ‘আমার জন্য আল্লাহই যথেষ্ট, তিনি ব্যতীত অন্য কোন ইলাহ্ নাই। আমি তাহারই উপর নির্ভর করি এবং তিনি মহাআর্‌শের অধিপতি।’ | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ | |
| | الٓرٰ ۚ تِلۡكَ اٰيٰتُ الۡكِتٰبِ الۡحَكِيۡمِ ① | **1** |
| *প্রতিবর্ণায়ন* | আলিফ লা~ম রা- (قف) তিলকা আ-য়া-তুল কিতা-বিল হা়কীম। | |
| *তরজমা* | আলিফ-লাম-রা। এইগুলি জ্ঞানগর্ভ কিতাবের আয়াত। | |
| | اَكَانَ لِلنَّاسِ عَجَبًا اَنۡ اَوۡحَيۡنَاۤ اِلٰى رَجُلٍ مِّنۡهُمۡ اَنۡ اَنۡذِرِ النَّاسَ وَبَشِّرِ الَّذِيۡنَ اٰمَنُوۡۤا اَنَّ لَهُمۡ قَدَمَ صِدۡقٍ عِنۡدَ رَبِّهِمۡ ؕ قَالَ الۡكٰفِرُوۡنَ اِنَّ هٰذَا لَسٰحِرٌ مُّبِيۡنٌ ② | **2** |
| *প্রতিবর্ণায়ন* | আকা-না লিন্না-ছি ‘আজাবান আন আওহা়ইনা~ইলা-রাজুলিম মিনহুম আন আংযি়রিন্না-ছা ওয়া বাশশিরিল্লাযী়না আ-মানূ আন্না লাহুম্ কা়দামা সিদ্কি়ন ‘ইংদা রাব্বিহিম্ (ط) কা়-লাল কা-ফিরূনা ইন্না হা-যা়-লাছা-হি়রুম মুবীন। | |
| *তরজমা* | মানুষের জন্য ইহা কি আশ্চর্যের বিষয় যে, আমি তাহাদেরই একজনের নিকট ওহী প্রেরণ করিয়াছি এই মর্মে যে, তুমি মানুষকে সতর্ক কর এবং মু’মিনদেরকে সুসংবাদ দাও, তাহাদের জন্য তাহাদের প্রতিপালকের নিকট আছে উচ্চ মর্যাদা! কাফিররা বলে, ‘এ তো এক সুস্পষ্ট জাদুকর!’ | |
| | اِنَّ رَبَّكُمُ اللّٰهُ الَّذِيۡ خَلَقَ السَّمٰوٰتِ وَالۡاَرۡضَ فِيۡ سِتَّةِ اَيَّامٍ ثُمَّ اسۡتَوٰى عَلَى الۡعَرۡشِ يُدَبِّرُ الۡاَمۡرَ ؕ مَا مِنۡ شَفِيۡعٍ اِلَّا مِنۡۢ بَعۡدِ اِذۡنِهٖ ؕ ذٰلِكُمُ اللّٰهُ رَبُّكُمۡ فَاعۡبُدُوۡهُ ؕ اَفَلَا تَذَكَّرُوۡنَ ③ | **3** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্না রাব্বাকুমুল্লা-হুল্লাযী় খালাকা়ছ্ ছামা-ওয়া-তি ওয়াল আরদা় ফী ছিত্তাতি আইয়া-মিং ছু়ম্মাছতাওয়া-‘আলাল ‘আরশি ইউদাব্বিরুল আমরা (ط) মা-মিং শাফী‘ইন ইল্লা-মিম বা‘দি ইয়নিহী (ط) যা়-লিকুমুল্লা-হু রাব্বুকুম ফা‘বুদূহু (ط) আফালা-তাযা়ক্কারূন। | |
| *তরজমা* | তোমাদের প্রতিপালক আল্লাহ্, যিনি আকাশমণ্ডলী ও পৃথিবী ছয় দিনে সৃষ্টি করেন, অতঃপর তিনি আর্‌শে সমাসীন হন। তিনি সকল বিষয় পরিচালনা করেন। তাহার অনুমতি লাভ না করিয়া সুপারিশ করিবার কেহ নাই। ইনিই আল্লাহ্, তোমাদের প্রতিপালক, সুতরাং তাহার ‘ইবাদত কর। তবুও কি তোমরা উপদেশ গ্রহণ করিবে না ? | |

|  | اِلَيۡهِ مَرۡجِعُكُمۡ جَمِيۡعًا ؕ وَعۡدَ اللّٰهِ حَقًّا ؕ اِنَّهٗ يَبۡدَؤُا الۡخَلۡقَ ثُمَّ يُعِيۡدُهٗ لِيَجۡزِىَ الَّذِيۡنَ اٰمَنُوۡا وَعَمِلُوا الصّٰلِحٰتِ بِالۡقِسۡطِ ؕ وَالَّذِيۡنَ كَفَرُوۡا لَهُمۡ شَرَابٌ مِّنۡ حَمِيۡمٍ وَّعَذَابٌ اَلِيۡمٌۢ بِمَا كَانُوۡا يَكۡفُرُوۡنَ ﴿٤﴾ | 4 |
| *প্রতিবর্ণায়ন* | ইলাইহি মারজি‘উকুম জামী‘আওঁ ওয়া‘দাল্লা-হি হ াক্ক ান (ط) ইন্নাহূ ইয়াবদাউল খালক া ছু ম্মা ইউ‘ঈদুহূ লিইয়াজঝিয়াল্লায ীনা আ-মানূ ওয়া আ‘মিলুসসা-লিহ া-তি বিলকি ছতি  (ط) ওয়াল্লায ীনা কাফারূ লাহুম শারা-বুম্ মিন্ হ ামীমিওঁ ওয়া ‘আয া-বুন আলীমুম বিমা-কা-নূ ইয়াকফুরূন। |  |
| *তরজমা* | তাঁহারই নিকট তোমাদের সকলের প্রত্যাবর্তন; আল্লাহ্র প্রতিশ্রুতি সত্য। সৃষ্টিকে তিনিই প্রথম অস্তিত্বে আনেন, অতঃপর উহার পুনরাবর্তন ঘটান, যাহারা মু’মিন ও সৎকর্মপরায়ণ তাহাদেরকে ন্যায়বিচারের সঙ্গে কর্মফল প্রদানের জন্য। এবং যাহারা কাফির তাহারা কুফরী করিত বলিয়া তাহাদের জন্য রহিয়াছে অত্যুষ্ণ পানীয় ও  মর্মন্তুদ শাস্তি। |  |
|  | هُوَ الَّذِىۡ جَعَلَ الشَّمۡسَ ضِيَآءً وَّالۡقَمَرَ نُوۡرًا وَّقَدَّرَهٗ مَنَازِلَ لِتَعۡلَمُوۡا عَدَدَ السِّنِيۡنَ وَالۡحِسَابَ ؕ مَا خَلَقَ اللّٰهُ ذٰلِكَ اِلَّا بِالۡحَـقِّ ۚ يُفَصِّلُ الۡاٰيٰتِ لِقَوۡمٍ يَّعۡلَمُوۡنَ ﴿٥﴾ | 5 |
| *প্রতিবর্ণায়ন* | হুওয়াল্লায ী জা‘আলাশ্শামছা দি য়া~আওঁ ওয়ালক ামারা নূরাওঁ ওয়াক াদ্দারাহূ মানা-ঝিলা লিতা‘লামূ ‘আদাদাছ ছিনীনা ওয়ালহি ছা-বা (ط) মা-খালাক াল্লা-হু য া-লিকা ইল্লা-বিলহ াক্কি (ج) ইউফাসসিলুল আ-য়া-তি লিক াওমিইঁ ইয়া‘লামূন। |  |
| *তরজমা* | তিনিই সূর্যকে তেজস্কর ও চন্দ্রকে জ্যোতির্ময় করিয়াছেন এবং উহার মন্‌যিল নির্দিষ্ট করিয়াছেন যাহাতে তোমরা বৎসর গণনা ও সময়ের হিসাব জানিতে পার। আল্লাহ্ ইহা নিরর্থক সৃষ্টি করেন নাই। জ্ঞানী সম্প্রদায়ের জন্য তিনি এই সমস্ত নিদর্শন বিশদভাবে বিবৃত করেন। |  |
|  | اِنَّ فِى اخۡتِلَافِ الَّيۡلِ وَالنَّهَارِ وَمَا خَلَقَ اللّٰهُ فِى السَّمٰوٰتِ وَالۡاَرۡضِ لَاٰيٰتٍ لِّقَوۡمٍ يَّتَّقُوۡنَ ﴿٦﴾ | 6 |
| *প্রতিবর্ণায়ন* | ইন্না ফিখতিলা-ফিল্লাইলি ওয়ান্নাহা-রি ওয়ামা-খালাক াল্লা-হু ফিছছামা-ওয়া-তি ওয়াল আরদি লাআ-য়া-তিল লিক াওমিইঁ ইয়াত্তাক ূন। |  |
| *তরজমা* | নিশ্চয়ই দিবস ও রাত্রির পরিবর্তনে এবং আল্লাহ্ আকাশমণ্ডলী ও পৃথিবীতে যাহা সৃষ্টি করিয়াছেন তাহাতে নিদর্শন রহিয়াছে মুত্তাকী সম্প্রদায়ের জন্য। |  |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | إِنَّ الَّذِينَ لَا يَرْجُونَ لِقَآءَنَا وَرَضُوا بِالْحَيٰوةِ الدُّنْيَا وَاطْمَاَنُّوا بِهَا وَالَّذِينَ هُمْ عَنْ اٰيٰتِنَا غٰفِلُونَ ۝٧ | **7** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাল্লায ীনা লা-ইয়ারজূনা লিক া~আনা-ওয়া রাদূ  বিলহ ায়া-তিদ দুনইয়া-ওয়াত মাআন্নূ বিহা-ওয়াল্লায ীনা হুম ‘আন আ-য়া-তিনা- গা-ফিলূন। | |
| *তরজমা* | নিশ্চয়ই যাহারা আমার সাক্ষাতের আশা পোষণ করে না এবং পার্থিব জীবনেই সন্তুষ্ট এবং ইহাতেই পরিতৃপ্ত থাকে এবং যাহারা আমার নিদর্শনাবলী সম্বন্ধে গাফিল। | |
| | اُولٰٓئِكَ مَاْوٰىهُمُ النَّارُ بِمَا كَانُوا يَكْسِبُونَ ۝٨ | **8** |
| *প্রতিবর্ণায়ন* | উলা~ইকা মা‘ওয়া-হুমুন্না-রু বিমা-কা-নূ ইয়াকছিবূন। | |
| *তরজমা* | উহাদেরই আবাস দোজখ, উহাদের কৃতকর্মের জন্য। | |
| | إِنَّ الَّذِينَ اٰمَنُوا وَعَمِلُوا الصّٰلِحٰتِ يَهْدِيهِمْ رَبُّهُمْ بِاِيْمَانِهِمْ ۚ تَجْرِيْ مِنْ تَحْتِهِمُ الْاَنْهٰرُ فِيْ جَنّٰتِ النَّعِيْمِ ۝٩ | **9** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাল্লায ীনা আ-মানূ ওয়া ‘আমিলুসসা-লিহ া-তি ইয়াহদীহিম রাব্বুহুম বিঈমা-নিহিম (ج) তাজরী মিং তাহ তিহিমুল আনহা-রু ফী জান্না-তিং না‘ঈম। | |
| *তরজমা* | যাহারা মু’মিন ও সৎকর্মপরায়ণ তাহাদের প্রতিপালক তাহাদের ঈমান হেতু তাহাদেরকে পথনির্দেশ করিবেন; সুখদ কাননে তাহাদের পাদদেশে নহরসমূহ প্রবাহিত হইবে। | |
| | دَعْوٰىهُمْ فِيْهَا سُبْحٰنَكَ اللّٰهُمَّ وَتَحِيَّتُهُمْ فِيْهَا سَلٰمٌ ۚ وَاٰخِرُ دَعْوٰىهُمْ اَنِ الْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ ۝١٠ | **10** |
| *প্রতিবর্ণায়ন* | দা‘ওয়া-হুম ফীহা-ছুবহ া-নাকাল্লা-হুম্মা ওয়া তাহি ইয়াতুহুম ফীহা-ছালা-মুঁ (ج) ওয়া আ-খিরু দা‘ওয়া-হুম ‘আনিল হ ামদুলিল্লা-হি রাব্বিল ‘আ-লামীন। | |
| *তরজমা* | সেখানে তাহাদের ধ্বনি হইবে : ‘হে আল্লাহ্! তুমি মহান, পবিত্র !’ এবং সেখানে তাহাদের অভিবাদন হইবে ‘সালাম’ এবং তাহাদের শেষ ধ্বনি হইবে এই : ‘সকল প্রশংসা জগতসমূহের প্রতিপালক আল্লাহ্র প্রাপ্য!’ | |
| | وَلَوْ يُعَجِّلُ اللّٰهُ لِلنَّاسِ الشَّرَّ اسْتِعْجَالَهُمْ بِالْخَيْرِ لَقُضِيَ اِلَيْهِمْ اَجَلُهُمْ ۭ فَنَذَرُ الَّذِيْنَ لَا يَرْجُوْنَ لِقَآءَنَا فِيْ طُغْيَانِهِمْ يَعْمَهُوْنَ ۝١١ | **11** |

| প্রতিবর্ণায়ন | ওয়া লাও ইউআজ্জিলুল্লা-হু লিন্না-ছিশশার্‌রাছতি'জা-লাহুম বিলখাইরি লাকুদি'য়া ইলাইহিম আজালুহুম (ط) ফানায'রুল্লায'ীনা লা-ইয়ারজুনা লিক'া~আনা-ফী তুগইয়া-নিহিম ইয়া'মাহূন। | |
| তরজমা | আল্লাহ্ যদি মানুষের অকল্যাণ ত্বরান্বিত করিতেন, যেভাবে তাহারা তাহাদের কল্যাণ ত্বরান্বিত করিতে চায়, তবে অবশ্যই তাহাদের মৃত্যু ঘটিত। সুতরাং যাহারা আমার সাক্ষাতের আশা পোষণ করে না তাহাদেরকে আমি তাহাদের অবাধ্যতায় উদ্‌ভ্রান্তের ন্যায় ঘুরিয়া বেড়াইতে দেই। | |
| | وَإِذَا مَسَّ الْإِنسَانَ الضُّرُّ دَعَانَا لِجَنبِهِ أَوْ قَاعِدًا أَوْ قَائِمًا فَلَمَّا كَشَفْنَا عَنْهُ ضُرَّهُ مَرَّ كَأَن لَّمْ يَدْعُنَا إِلَىٰ ضُرٍّ مَّسَّهُ ۚ كَذَٰلِكَ زُيِّنَ لِلْمُسْرِفِينَ مَا كَانُوا يَعْمَلُونَ ﴿١٢﴾ | 12 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ইয'া-মাছ্ছাল ইংছা-নাদ্'দু'র্‌রু দা'আ-না-লিজামবিহী আও ক'া-'ইদান আও ক'া~ইমাং (ج) ফালাম্মা-কাশাফনা-'আনহু দ'ুররাহূ মার্‌রা কাআল্লামা ইয়াদ'উনা~ ইলা-দু'ররিম্ মাছছাহূ (ط) কায'া-লিকা ঝুইয়িনা লিলমুছরিফীনা মা-কা-নূ ইয়া'মালূন। | |
| তরজমা | আর মানুষকে যখন দুঃখ-দৈন্য স্পর্শ করে তখন সে শুইয়া, বসিয়া অথবা দাঁড়াইয়া আমাকে ডাকিয়া থাকে। অতঃপর আমি যখন তাহার দুঃখ-দৈন্য দূরীভূত করি, সে এমন পথ অবলম্বন করে, যেন তাহাকে যে দুঃখ-দৈন্য স্পর্শ করিয়াছিল তাহার জন্য সে আমাকে ডাকেই নাই। যাহারা সীমালংঘন করে তাহাদের কর্ম তাহাদের নিকট এইভাবে শোভনীয় করিয়া দেওয়া হইয়াছে। | |
| | وَلَقَدْ أَهْلَكْنَا الْقُرُونَ مِن قَبْلِكُمْ لَمَّا ظَلَمُوا ۙ وَجَاءَتْهُمْ رُسُلُهُم بِالْبَيِّنَاتِ وَمَا كَانُوا لِيُؤْمِنُوا ۚ كَذَٰلِكَ نَجْزِي الْقَوْمَ الْمُجْرِمِينَ ﴿١٣﴾ | 13 |
| প্রতিবর্ণায়ন | ওয়া লাক'াদ আহলাকনাল কু'রূনা মিং ক'াবলিকুম লাম্মা-জ'ালামূ (لا) ওয়া জা~আতহুম রুছুলুহুম বিলবাইয়িনা-তি ওয়ামা-কা-নূ লিইউ'মিনূ (ط) কায'া-লিকা নাজঝিল ক'াওমাল মুজরিমীন। | |
| তরজমা | তোমাদের পূর্বে বহু মানবগোষ্ঠীকে আমি তো ধ্বংস করিয়াছি যখন তাহারা সীমা অতিক্রম করিয়াছিল। স্পষ্ট নিদর্শনসহ তাহাদের নিকট তাহাদের রাসূলগণ আসিয়াছিল, কিন্তু তাহারা ঈমান আনিবার জন্য প্রস্তুত ছিল না। এইভাবে আমি অপরাধী সম্প্রদায়কে প্রতিফল দিয়া থাকি। | |
| | ثُمَّ جَعَلْنَاكُمْ خَلَائِفَ فِي الْأَرْضِ مِن بَعْدِهِمْ لِنَنظُرَ كَيْفَ تَعْمَلُونَ ﴿١٤﴾ | 14 |
| প্রতিবর্ণায়ন | ছু'ম্মা জা'আলনা-কুম খালা~ইফা ফিল আরদি' মিম বা'দিহিম লিনাংজু'রা কাইফা তা'মালূন। | |

| | | |
|---|---|---|
| *তরজমা* | অতঃপর আমি উহাদের পর পৃথিবীতে তোমাদেরকে স্থলাভিষিক্ত করিয়াছি, তোমরা কিরূপ কর্ম কর তাহা দেখিবার জন্য। | |
| | وَإِذَا تُتْلَىٰ عَلَيْهِمْ آيَاتُنَا بَيِّنَاتٍ ۙ قَالَ الَّذِينَ لَا يَرْجُونَ لِقَاءَنَا ائْتِ بِقُرْآنٍ غَيْرِ هَٰذَا أَوْ بَدِّلْهُ ۚ قُلْ مَا يَكُونُ لِي أَنْ أُبَدِّلَهُ مِنْ تِلْقَاءِ نَفْسِي ۖ إِنْ أَتَّبِعُ إِلَّا مَا يُوحَىٰ إِلَيَّ ۖ إِنِّي أَخَافُ إِنْ عَصَيْتُ رَبِّي عَذَابَ يَوْمٍ عَظِيمٍ ﴿١٥﴾ | **15** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইযা- তুত্‌লা-‘আলাইহিম আ-য়া-তুনা- বাইয়িনা-তিং (ۙ) কা-লাল্লাযীনা লা-ইয়ারজূনা লিকা-আনা’তি বিকু্রআ-নিন গাইরি হা-যা-আও বাদ্দিলহু (ط) কুল মা-ইয়াকূনু লী~ আন উবাদ্দিলাহূ মিন তিলকা-ই নাফছী (ج) ইন্ আত্তাবি‘উ ইল্লা-মা-ইউহা~ইলাইইয়া (ج) ইন্নী~ আখা-ফু ইন ‘আসাইতু রাব্বী ‘আযা-বা ইয়াওমিন ‘আজীম। | |
| *তরজমা* | যখন আমার আয়াত, যাহা সুস্পষ্ট, তাহাদের নিকট পাঠ করা হয় তখন যাহারা আমার সাক্ষাতের আশা পোষণ করে না তাহারা বলে, ‘অন্য এক কুরআন আন ইহা ছাড়া, অথবা ইহাকে বদলাও।’ বল, ‘নিজ হইতে ইহা বদলান আমার কাজ নয়। আমার প্রতি যাহা ওহী হয়, আমি কেবল তাহারই অনুসরণ করি। আমি আমার প্রতিপালকের অবাধ্যতা করিলে অবশ্যই আমি মহাদিবসের শাস্তির আশংকা করি। | |
| | قُلْ لَوْ شَاءَ اللَّهُ مَا تَلَوْتُهُ عَلَيْكُمْ وَلَا أَدْرَاكُمْ بِهِ ۖ فَقَدْ لَبِثْتُ فِيكُمْ عُمُرًا مِنْ قَبْلِهِ ۚ أَفَلَا تَعْقِلُونَ ﴿١٦﴾ | **16** |
| *প্রতিবর্ণায়ন* | কুল লাও শা~আল্লা-হু মা-তালাওতুহূ ‘আলাইকুম ওয়ালা~আদরা-কুম বিহী (ز) ফাকাদ লাবিছ্‌তু ফীকুম ‘উমুরাম মিং কাবলিহী (ط) আফালা- তা‘কিলূন। | |
| *তরজমা* | বল, ‘আল্লাহ্ যদি চাহিতেন আমিও তোমাদের নিকট ইহা তিলাওয়াত করিতাম না এবং তিনিও তোমাদেরকে এ বিষয়ে অবহিত করিতেন না। আমি তো ইহার পূর্বে তোমাদের মধ্যে জীবনের দীর্ঘকাল অবস্থান করিয়াছি; তবুও কি তোমরা বুঝিতে পার না ?’ | |
| | فَمَنْ أَظْلَمُ مِمَّنِ افْتَرَىٰ عَلَى اللَّهِ كَذِبًا أَوْ كَذَّبَ بِآيَاتِهِ ۚ إِنَّهُ لَا يُفْلِحُ الْمُجْرِمُونَ ﴿١٧﴾ | **17** |
| *প্রতিবর্ণায়ন* | ফামান আজলামু মিম্মানিফ্‌তারা-‘আলাল্লা-হি কাযিবান আও কাযযাবা বিআ-য়া-তিহী (ط) ইন্নাহূ লা-ইউফলিহুল মুজরিমূন। | |
| *তরজমা* | যে ব্যক্তি আল্লাহ্ সম্পর্কে মিথ্যা রচনা করে অথবা আল্লাহ্‌র নিদর্শনকে অস্বীকার করে তাহার অপেক্ষা অধিক জালিম আর কে ? নিশ্চয়ই অপরাধিগণ সফলকাম হয় না। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | وَيَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ مَا لَا يَضُرُّهُمْ وَلَا يَنْفَعُهُمْ وَيَقُوْلُوْنَ هٰٓؤُلَآءِ شُفَعَآؤُنَا عِنْدَ اللّٰهِ ؕ قُلْ اَتُنَبِّـُٔوْنَ اللّٰهَ بِمَا لَا يَعْلَمُ فِى السَّمٰوٰتِ وَلَا فِى الْاَرْضِ ؕ سُبْحٰنَهٗ وَتَعٰلٰى عَمَّا يُشْرِكُوْنَ ﴿١٨﴾ | **18** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয়া‘বুদূনা মিং দূনিল্লা-হি মা-লা-ইয়াদু্‌রুহুম ওয়ালা-ইয়াংফা‘উহুম ওয়াইয়াকূ্‌লূনা হা˜উলা~ই শুফা‘আ~উনা-‘ইংদাল্লা-হি (ط) কু্‌ল আতুনাব্বিউনাল্লা-হা বিমা- লা-ইয়া‘লামু ফিছ্‌ছামা-ওয়া-তি ওয়ালা-ফিলআরদি্‌ ছুবহা-নাহূ ওয়া তা‘আ-লা-‘আম্মা-ইউশরিকূন। | |
| *তরজমা* | উহারা আল্লাহ্ ব্যতীত যাহার ‘ইবাদত করে তাহা উহাদের ক্ষতিও করিতে পারে না, উপকারও করিতে পারে না। উহারা বলে, ‘এইগুলি আল্লাহ্‌র নিকট আমাদের সুপারিশকারী।’ বল, ‘তোমরা কি আল্লাহ্‌কে আকাশমণ্ডলী ও পৃথিবীর এমন কিছুর সংবাদ দিবে যাহা তিনি জানেন না ? তিনি মহান, পবিত্র’ এবং তাহারা যাহাকে শরীক করে তাহা হইতে তিনি ঊর্ধ্বে। | |
| | وَمَا كَانَ النَّاسُ اِلَّآ اُمَّةً وَّاحِدَةً فَاخْتَلَفُوْا ؕ وَلَوْلَا كَلِمَةٌ سَبَقَتْ مِنْ رَّبِّكَ لَقُضِىَ بَيْنَهُمْ فِيْمَا فِيْهِ يَخْتَلِفُوْنَ ﴿١٩﴾ | **19** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া মা-কা-নান্‌না-ছু ইল্লা˜উম্মাতাওঁ ওয়া হি্‌দাতাং ফাখতালাফূ (ط) ওয়া লাওলা-কালিমাতুং ছাবাক্বাত মির রাব্বিকা লাকুদি্‌য়া বাইনাহুম ফীমা-ফীহি ইয়াখতালিফূন। | |
| *ZiRgv* | মানুষ ছিল একই উম্মত, পরে উহারা মতভেদ সৃষ্টি করে। তোমার প্রতিপালকের পূর্ব-ঘোষণা না থাকিলে তাহারা যে বিষয়ে মতভেদ ঘটায় তাহার মীমাংসা তো হইয়াই যাইত। | |
| | وَيَقُوْلُوْنَ لَوْلَآ اُنْزِلَ عَلَيْهِ اٰيَةٌ مِّنْ رَّبِّهٖ ۚ فَقُلْ اِنَّمَا الْغَيْبُ لِلّٰهِ فَانْتَظِرُوْا ۚ اِنِّىْ مَعَكُمْ مِّنَ الْمُنْتَظِرِيْنَ ﴿٢٠﴾ | **20** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয়াকূ্‌লূনা লাওলা˜উংঝিলা ‘আলাইহি আ-য়াতুম্ মির রাব্বিহী (ج) ফাকু্‌ল ইন্নামাল গাইবু লিল্লা-হি ফাংতাজি্‌রু (ج) ইন্নী মা‘আকুম মিনাল মুংতাজি্‌রীন। | |
| *তরজমা* | উহারা বলে, ‘তাহার প্রতিপালকের নিকট হইতে তাহার নিকট কোন নিদর্শন অবতীর্ণ হয় না কেন ?’ বল, ‘অদৃশ্যের জ্ঞান তো কেবল আল্লাহরই আছে। সুতরাং তোমরা প্রতীক্ষা কর, আমিও তোমাদের সঙ্গে প্রতীক্ষা করিতেছি।’ | |
| | وَاِذَآ اَذَقْنَا النَّاسَ رَحْمَةً مِّنْۢ بَعْدِ ضَرَّآءَ مَسَّتْهُمْ اِذَا لَهُمْ مَّكْرٌ فِىْٓ اٰيَاتِنَا ؕ قُلِ اللّٰهُ اَسْرَعُ مَكْرًا ؕ اِنَّ رُسُلَنَا يَكْتُبُوْنَ مَا تَمْكُرُوْنَ ﴿٢١﴾ | **21** |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইযা ~আযাক্বনান্না-ছা রাহ্মাতাম মিম বা'দি দ্বাররা~আ মাছ্ছাতহুম ইযা-লাহুম মাকরুং ফী-আ-য়া-তিনা- (ط) ক্বুলিল্লা-হু আছরা'উ মাকরা- (ط) ইন্না রুছুলানা- ইয়াকতুবূনা মা-তামকুরূন। | |
| *তরজমা* | আর দুঃখ-দৈন্য তাহাদেরকে স্পর্শ করিবার পর, যখন আমি মানুষকে অনুগ্রহের আস্বাদন করাই তাহারা তখনই আমার নিদর্শনের বিরুদ্ধে অপকৌশল করে। বল, 'আল্লাহ্ অপকৌশলের শাস্তিদানে দ্রুততর।' তোমরা যে অপকৌশল কর তাহা অবশ্যই আমার ফিরিশ্তাগণ লিখিয়া রাখে। | |
| | هُوَ الَّذِيْ يُسَيِّرُكُمْ فِي الْبَرِّ وَالْبَحْرِ ؕ حَتّٰۤى اِذَا كُنْتُمْ فِي الْفُلْكِ ۚ وَجَرَيْنَ بِهِمْ بِرِيْحٍ طَيِّبَةٍ وَّفَرِحُوْا بِهَا جَآءَتْهَا رِيْحٌ عَاصِفٌ وَّجَآءَهُمُ الْمَوْجُ مِنْ كُلِّ مَكَانٍ وَّظَنُّوْۤا اَنَّهُمْ اُحِيْطَ بِهِمْ ۙ دَعَوُا اللّٰهَ مُخْلِصِيْنَ لَهُ الدِّيْنَ ۚ لَئِنْ اَنْجَيْتَنَا مِنْ هٰذِهٖ لَنَكُوْنَنَّ مِنَ الشّٰكِرِيْنَ ﴿۲۲﴾ | 22 |
| *প্রতিবর্ণায়ন* | হুওয়াল্লাযী ইউছাইয়িরুকুম ফিল বাররি ওয়াল বাহ্রি (ط) হাত্তা~ ইযা- কুংতুম ফিল ফুলকি (ج) ওয়া জারাইনা বিহিম বিরীহিং ত্বাইয়িবাতিওঁ ওয়াফারিহূ বিহা-জা~আতহা-রীহুন 'আ-সিফুওঁ ওয়া জা~আহুমুল মাওজু মিং কুল্লি মাকা-নিও ওয়াজান্নু~ আন্নাহুম উহীত্বা বিহিম (ﻻ) দা'আউল্লা-হা মুখলিসীনা লাহুদ্দীনা (ج) লাইন আংজাইতানা-মিন হা-যিহী লানাকূনান্না মিনাশ্শা-কিরীন। | |
| *তরজমা* | তিনিই তোমাদেরকে জলেস্থলে ভ্রমণ করান এবং তোমরা যখন নৌকারোহী হও এবং এইগুলি আরোহী লইয়া অনুকূল বাতাসে বহিয়া যায় এবং তাহারা উহাতে আনন্দিত হয়; অতঃপর এইগুলি বাত্যাহত এবং সর্বদিক হইতে তরঙ্গাহত হয় এবং তাহারা উহা দ্বারা পরিবেষ্টিত হইয়া পড়িয়াছে মনে করে, তখন তাহারা আনুগত্যে বিশুদ্ধচিত্ত হইয়া আল্লাহ্কে ডাকিয়া বলে : 'তুমি আমাদেরকে ইহা হইতে ত্রাণ করিলে আমরা অবশ্যই কৃতজ্ঞদের অন্তর্ভুক্ত হইব।' | |
| | فَلَمَّاۤ اَنْجٰىهُمْ اِذَا هُمْ يَبْغُوْنَ فِي الْاَرْضِ بِغَيْرِ الْحَقِّ ؕ يٰۤاَيُّهَا النَّاسُ اِنَّمَا بَغْيُكُمْ عَلٰۤى اَنْفُسِكُمْ ۙ مَّتَاعَ الْحَيٰوةِ الدُّنْيَا ۫ ثُمَّ اِلَيْنَا مَرْجِعُكُمْ فَنُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿۲۳﴾ | 23 |
| *প্রতিবর্ণায়ন* | ফালাম্মা~আংজা-হুম ইযা-হুম ইয়াবগুনা ফিল আরদ্বি বিগাইরিল হাক্কি (ط) ইয়া~আইয়ুহান্না-ছু ইন্নামা-বাগইউকুম 'আলা~আংফুছিকুম মাতা-'আল হায়া-তিদ্দুনইয়া- (ز) ছুম্মা ইলাইনা-মারজি'উকুম ফানুনাব্বিউকুম বিমা- কুংতুম তা'মালূন। | |

| | | |
|---|---|---|
| *তরজমা* | অতঃপর তিনি যখনই উহাদেরকে বিপদমুক্ত করেন তখনই উহারা পৃথিবীতে অন্যায়ভাবে জুলুম করিতে থাকে। হে মানুষ! তোমাদের জুলুম বস্তুত তোমাদের নিজেদের প্রতিই হইয়া থাকে; পার্থিব জীবনের সুখ ভোগ করিয়া নাও, পরে আমারই নিকট তোমাদের প্রত্যাবর্তন। তখন আমি তোমাদেরকে জানাইয়া দিব তোমরা যাহা করিতে। | |
| | إِنَّمَا مَثَلُ الْحَيَوٰةِ الدُّنْيَا كَمَآءٍ أَنْزَلْنٰهُ مِنَ السَّمَآءِ فَاخْتَلَطَ بِهٖ نَبَاتُ الْأَرْضِ مِمَّا يَأْكُلُ النَّاسُ وَالْأَنْعَامُ ۖ حَتّٰٓى إِذَآ أَخَذَتِ الْأَرْضُ زُخْرُفَهَا وَازَّيَّنَتْ وَظَنَّ أَهْلُهَآ أَنَّهُمْ قٰدِرُوْنَ عَلَيْهَآ ۙ أَتٰهَآ أَمْرُنَا لَيْلًا أَوْ نَهَارًا فَجَعَلْنٰهَا حَصِيْدًا كَأَنْ لَّمْ تَغْنَ بِالْأَمْسِ ۚ كَذٰلِكَ نُفَصِّلُ الْاٰيٰتِ لِقَوْمٍ يَّتَفَكَّرُوْنَ ﴿٢٤﴾ | **24** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নামা–মাছ ালুল হ ায়া–তিদ্‌দুনইয়া–কামা~ইন আংঝালনা–হু মিনাছছামা~ই ফাখতালাত া বিহী নাবা–তুল আরদি মিম্মা–ইয়া'কুলুন্‌না–ছু ওয়াল আন'আ–মু (ط) হ াত্তা–ইয া ~আখায াতিল আরদু ঝুখরুফাহা– ওয়াঝ্‌ঝাইয়ানাত ওয়াজ ান্না আহলুহা– আন্নাহুম ক া–দিরূনা 'আলাইহা~ (ۙ) আতা–হা ~আমরুনা–লাইলান আও নাহা–রাং ফাজা'আলনা–হা–হ াসীদাং কাআল্লাম তাগনা বিলআমছি (ط) কায া–লিকা নুফাসসিলুল আ–য়া–তি লিক াওমিইঁ ইয়াতাফাক্কারূন। | |
| *তরজমা* | বস্তুত পার্থিব জীবনের দৃষ্টান্ত এইরূপ : যেমন আমি আকাশ হইতে বারি বর্ষণ করি যদ্দ্বারা ভূমিজ উদ্ভিদ ঘন-সন্নিবিষ্ট হইয়া উদ্‌গত হয়, যাহা হইতে মানুষ ও জীবজন্তু আহার করিয়া থাকে। অতঃপর যখন ভূমি তাহার শোভা ধারণ করে ও নয়নাভিরাম হয় এবং উহার অধিকারিগণ মনে করে উহা তাহাদের আয়ত্তাধীন, তখন দিবসে অথবা রজনীতে আমার নির্দেশ আসিয়া পড়ে ও আমি উহা এমনভাবে নির্মূল করিয়া দেই, যেন গতকালও উহার অস্তিত্ব ছিল না। এইভাবে আমি নিদর্শনাবলী বিশদভাবে বিবৃত করি চিন্তাশীল সম্প্রদায়ের জন্য। | |
| | وَاللّٰهُ يَدْعُوْٓا إِلٰى دَارِ السَّلٰمِ ۖ وَيَهْدِيْ مَنْ يَّشَآءُ إِلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿٢٥﴾ | **25** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াল্লা–হু ইয়াদ'উ ~ইলা–দা–রিছ্ ছালা–মি (ط) ওয়া ইয়াহদী মাইঁ ইয়াশা~উ ইলা–সিরা–তি ম মুছতাক ীম। | |
| *তরজমা* | আল্লাহ্ শান্তির আবাসের দিকে আহ্বান করেন এবং যাহাকে ইচ্ছা সরল পথে পরিচালিত করেন। | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| | لِلَّذِينَ أَحْسَنُوا الْحُسْنَىٰ وَزِيَادَةٌ ۖ وَلَا يَرْهَقُ وُجُوهَهُمْ قَتَرٌ وَلَا ذِلَّةٌ ۚ أُولَٰئِكَ أَصْحَابُ الْجَنَّةِ ۖ هُمْ فِيهَا خَالِدُونَ ﴿٢٦﴾ | 26 |
| প্রতিবর্ণায়ন | লিল্লাযীনা আহ্ছানুল হুছনা-ওয়া ঝিয়া-দাতুওঁ (ط) ওয়ালা ইয়ারহাকু উজূহাহুম কাতারুওঁ ওয়ালা- যিল্লাতুন (ط) উলা~ইকা আসহা-বুল জান্নাতি (ج) হুম ফীহা-খা-লিদূন। | |
| তরজমা | যাহারা কল্যাণকর কাজ করে তাহাদের জন্য আছে কল্যাণ এবং আরও অধিক। কালিমা ও হীনতা উহাদের মুখমণ্ডলকে আচ্ছন্ন করিবে না। উহারাই জান্নাতের অধিবাসী, সেখানে উহারা স্থায়ী হইবে। | |
| | وَالَّذِينَ كَسَبُوا السَّيِّئَاتِ جَزَاءُ سَيِّئَةٍ بِمِثْلِهَا وَتَرْهَقُهُمْ ذِلَّةٌ ۖ مَا لَهُمْ مِنَ اللَّهِ مِنْ عَاصِمٍ ۖ كَأَنَّمَا أُغْشِيَتْ وُجُوهُهُمْ قِطَعًا مِنَ اللَّيْلِ مُظْلِمًا ۚ أُولَٰئِكَ أَصْحَابُ النَّارِ ۖ هُمْ فِيهَا خَالِدُونَ ﴿٢٧﴾ | 27 |
| প্রতিবর্ণায়ন | ওয়াল্লাযীনা কাছাবুছ্ছাইয়িআ-তি জাঝা~উ ছাইয়িআতিম বিমিছ্লিহা- (لا) ওয়া তারহাকুহুম যিল্লাতুন (ط) মা-লাহুম মিনাল্লা-হি মিন 'আ-সিমিং (ج) কাআন্নামা-উগশিয়াত উজূহুম কিতা'আম মিনাল্লাইলি মুজলিমান (ط) উলা~ইকা আসহা-বুন্না-রি (ج) হুম ফীহা-খা-লিদূন। | |
| তরজমা | যাহারা মন্দ কাজ করে তাহাদের প্রতিফল অনুরূপ মন্দ এবং তাহাদেরকে হীনতা আচ্ছন্ন করিবে; আল্লাহ্ হইতে উহাদেরকে রক্ষা করিবার কেহ নাই; উহাদের মুখমণ্ডল যেন রাত্রির অন্ধকার আস্তরণে আচ্ছাদিত। উহারা দোজখের অধিবাসী, সেখানে উহারা স্থায়ী হইবে। | |
| | وَيَوْمَ نَحْشُرُهُمْ جَمِيعًا ثُمَّ نَقُولُ لِلَّذِينَ أَشْرَكُوا مَكَانَكُمْ أَنْتُمْ وَشُرَكَاؤُكُمْ ۚ فَزَيَّلْنَا بَيْنَهُمْ ۖ وَقَالَ شُرَكَاؤُهُمْ مَا كُنْتُمْ إِيَّانَا تَعْبُدُونَ ﴿٢٨﴾ | 28 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ইয়াওমা নাহ্শুরুহুম জামী'আং ছুম্মা নাকূলু লিল্লাযীনা আশরাকূ মাকা-নাকুম আংতুম ওয়া শুরাকা~উকুম (ج) ফাঝাইইয়ালনা- বাইনাহুম ওয়া কা-লা শুরাকা~উহুম মা-কুংতুম ইয়্যা-না- তা'বুদূন। | |
| তরজমা | এবং যেদিন আমি উহাদের সকলকে একত্র করিয়া, যাহারা মুশরিক তাহাদেরকে বলিব, 'তোমরা এবং তোমরা যাহাদেরকে শরীক করিয়াছিলে তাহারা স্ব স্ব স্থানে অবস্থান কর;' আমি উহাদেরকে পরস্পর হইতে পৃথক করিয়া দিব এবং উহারা যাহাদেরকে শরীক করিয়াছিল তাহারা বলিবে, 'তোমরা তো আমাদের 'ইবাদত করিতে না।' | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | فَكَفٰى بِاللّٰهِ شَهِيْدًاۢ بَيْنَنَا وَبَيْنَكُمْ اِنْ كُنَّا عَنْ عِبَادَتِكُمْ لَغٰفِلِيْنَ ﴿٢٩﴾ | 29 |
| *প্রতিবর্ণায়ন* | ফাকাফা–বিল্লা–হি শাহীদাম বাইনানা–ওয়া বাইনাকুম ইং কুন্না–‘আন ‘ইবা–দাতিকুম লাগা–ফিলীন। | |
| *তরজমা* | ‘আল্লাহই আমাদের ও তোমাদের মধ্যে সাক্ষী হিসাবে যথেষ্ট যে, তোমরা আমাদের ‘ইবাদত করিতে এ বিষয়ে আমরা তো গাফিল ছিলাম।’ | |
| | هُنَالِكَ تَبْلُوْا كُلُّ نَفْسٍ مَّاۤ اَسْلَفَتْ وَرُدُّوْۤا اِلَى اللّٰهِ مَوْلٰىهُمُ الْحَقِّ وَضَلَّ عَنْهُمْ مَّا كَانُوْا يَفْتَرُوْنَ ﴿٣٠﴾ | 30 |
| *প্রতিবর্ণায়ন* | হুনা–লিকা তাবলূ কুল্লু নাফ্ছিম্ মা–আছলাফাত ওয়া রুদ্দূ˜ ইলাল্লা–হি মাওলা–হুমুল হাক্কি˙ ওয়া দ˙াল্লা ‘আনহুম মা–কা–নূ ইয়াফতারূন। | |
| *তরজমা* | সেখানে তাহাদের প্রত্যেকে তাহার পূর্বকৃত কর্ম পরীক্ষা করিয়া লইবে এবং উহাদেরকে উহাদের প্রকৃত অভিভাবক আল্লাহ্র নিকট ফিরাইয়া আনা হইবে এবং উহাদের উদ্ভাবিত মিথ্যা উহাদের নিকট হইতে অন্তর্হিত হইবে। | |
| | قُلْ مَنْ يَّرْزُقُكُمْ مِّنَ السَّمَآءِ وَالْاَرْضِ اَمَّنْ يَّمْلِكُ السَّمْعَ وَالْاَبْصَارَ وَمَنْ يُّخْرِجُ الْحَيَّ مِنَ الْمَيِّتِ وَيُخْرِجُ الْمَيِّتَ مِنَ الْحَيِّ وَمَنْ يُّدَبِّرُ الْاَمْرَ ؕ فَسَيَقُوْلُوْنَ اللّٰهُ ۚ فَقُلْ اَفَلَا تَتَّقُوْنَ ﴿٣١﴾ | 31 |
| *প্রতিবর্ণায়ন* | কু˙ল মাইঁ ইয়ারঝুকু˙কুম মিনাছছামা~ই ওয়াল আরদি˙ আম্মাইঁ ইয়ামলিকুছছাম‘আ ওয়াল আবসা–রা ওয়া মাইঁ ইউখরিজুল হ˙াইইয়া মিনাল মাইয়িতি ওয়া ইউখরিজুল মাইয়িতা মিনাল হ˙াইয়ি ওয়ামাইঁ ইউদাব্বিরুল আমরা (ط) ফাছাইয়াকূ˙লূনাল্লা–হু (ج) ফাকু˙ল আফালা–তাত্তাকূ˙ন। | |
| *তরজমা* | বল, ‘কে তোমাদেরকে আকাশ ও পৃথিবী হইতে জীবনোপকরণ সরবরাহ করে অথবা শ্রবণ ও দৃষ্টিশক্তি কাহার কর্তৃত্বাধীন, জীবিতকে মৃত হইতে কে বাহির করে এবং মৃতকে জীবিত হইতে কে বাহির করে এবং সকল বিষয় কে নিয়ন্ত্রণ করে ? তখন তাহারা বলিবে, ‘আল্লাহ্’। বল, ‘তবুও কি তোমরা সাবধান হইবে না ?’ | |
| | فَذٰلِكُمُ اللّٰهُ رَبُّكُمُ الْحَقُّ ۚ فَمَاذَا بَعْدَ الْحَقِّ اِلَّا الضَّلٰلُ ۚۖ فَاَنّٰى تُصْرَفُوْنَ ﴿٣٢﴾ | 32 |
| *প্রতিবর্ণায়ন* | ফায˙া–লিকুমুল্লা–হু রাব্বুকুমুল হ˙াক্কু˙ (ج) ফামা–য˙া– বা‘দাল হ˙াক্কি˙ ইল্লাদ্˙দ˙ালা–লু (ج) ফাআন্না–তুস্রাফূন। | |
| *তরজমা* | তিনিই আল্লাহ্, তোমাদের সত্য প্রতিপালক। সত্য ত্যাগ করিবার পর বিভ্রান্তি ব্যতীত আর কী থাকে ? সুতরাং তোমরা কোথায় চালিত হইতেছ ? | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | كَذٰلِكَ حَقَّتۡ كَلِمَتُ رَبِّكَ عَلَى الَّذِيۡنَ فَسَقُوۡۤا اَنَّهُمۡ لَا يُؤۡمِنُوۡنَ ﴿۳۳﴾ | 33 |
| *প্রতিবর্ণায়ন* | কায া–লিকা হ াক্ক াত কালিমাতু রাব্বিকা ‘আলাল্লায ীনা ফাছাক্ ˜ আন্নাহুম লা–ইউ’মিনূন। | |
| *তরজমা* | এইভাবে সত্যত্যাগীদের সম্পর্কে তোমার প্রতিপালকের এই বাণী সত্য প্রতিপন্ন হইয়াছে যে, তাহারা তো ঈমান আনিবে না। | |
| | قُلۡ هَلۡ مِنۡ شُرَكَآٮِٕكُمۡ مَّنۡ يَّبۡدَؤُا الۡخَلۡقَ ثُمَّ يُعِيۡدُهٗ ؕ قُلِ اللّٰهُ يَبۡدَؤُا الۡخَلۡقَ ثُمَّ يُعِيۡدُهٗ فَاَنّٰى تُؤۡفَكُوۡنَ ﴿۳۴﴾ | 34 |
| *প্রতিবর্ণায়ন* | কু ল হাল মিং শুরাকা~ইকুম মাইঁ ইয়াবদাউল খালক া ছু ম্মা ইউ‘ঈদুহূ (ط) কু লিল্লা–হু ইয়াবদাউল খালক া ছু ম্মা ইউ‘ঈদুহূ ফাআন্না–তু’ফাকূন। | |
| *তরজমা* | বল, ‘তোমরা যাহাদের শরীক কর তাহাদের মধ্যে কি এমন কেহ আছে, যে সৃষ্টিকে অস্তিত্বে আনয়ন করে ও পরে উহার পুনরাবর্তন ঘটায় ?’ বল, ‘আল্লাহ্ই সৃষ্টিকে অস্তিত্বে আনয়ন করেন ও পরে উহার পুনরাবর্তন ঘটান,’ সুতরাং তোমরা কেমন করিয়া সত্য-বিচ্যুত হইতেছ ? | |
| | قُلۡ هَلۡ مِنۡ شُرَكَآٮِٕكُمۡ مَّنۡ يَّهۡدِىۡۤ اِلَى الۡحَـقِّ ؕ قُلِ اللّٰهُ يَهۡدِىۡ لِلۡحَـقِّ ؕ اَفَمَنۡ يَّهۡدِىۡۤ اِلَى الۡحَـقِّ اَحَقُّ اَنۡ يُّتَّبَعَ اَمَّنۡ لَّا يَهِدِّىۡۤ اِلَّاۤ اَنۡ يُّهۡدٰى ۚ فَمَا لَـكُمۡ كَيۡفَ تَحۡكُمُوۡنَ ﴿۳۵﴾ | 35 |
| *প্রতিবর্ণায়ন* | কু ল হাল মিং শুরাকা~ইকুম মাইঁ ইয়াহদী ইলাল হ াক্কি (ط) কু লিল্লা–হু ইয়াহদী লিলহ াক্কি (ط) আফামাইঁ ইয়াহদী ইলাল হ াক্কি আহ াক্কু আইঁ ইউত্তাবা‘আ আম্মাল্ লা–ইয়াহিদ্দী˜ইল্লা˜আইঁ ইউহদা– (ج) ফামা–লাকুম (قف) কাইফা তাহ কুমূন। | |
| *তরজমা* | বল, ‘তোমরা যাহাদেরকে শরীক কর তাহাদের মধ্যে কি এমন কেহ আছে, যে সত্যের পথ নির্দেশ করে ?’ বল, ‘আল্লাহ্ই সত্যের পথ নির্দেশ করেন। যিনি সত্যের পথ নির্দেশ করেন তিনি আনুগত্যের অধিকতর হক্দার, না যাহাকে পথ না দেখাইলে পথ পায় না-সে ? তোমাদের কী হইয়াছে ? তোমরা কীভাবে সিদ্ধান্ত করিয়া থাক ?’ | |
| | وَمَا يَتَّبِعُ اَكۡثَرُهُمۡ اِلَّا ظَنًّا ؕ اِنَّ الظَّنَّ لَا يُغۡنِىۡ مِنَ الۡحَـقِّ شَيۡـًٔـا ؕ اِنَّ اللّٰهَ عَلِيۡمٌۢ بِمَا يَفۡعَلُوۡنَ ﴿۳۶﴾ | 36 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা– ইয়াত্তাবি‘উ আকছ ারুহুম ইল্লা–জ ান্নান (ط) ইন্নাজ্ জ ান্না লা– ইউগনী মিনাল হ াক্কি শাইআন (ط) ইন্নাল্লা–হা ‘আলীমুম বিমা– ইয়াফ‘আলূন। | |
| *তরজমা* | উহাদের অধিকাংশ অনুমানেরই অনুসরণ করে, সত্যের পরিবর্তে অনুমান কোন কাজে আসে না, উহারা যাহা করে নিশ্চয়ই আল্লাহ্ সে বিষয়ে সবিশেষ অবহিত। | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| | وَمَا كَانَ هٰذَا الْقُرْاٰنُ اَنْ يُّفْتَرٰى مِنْ دُوْنِ اللّٰهِ وَلٰـكِنْ تَصْدِيْقَ الَّذِىْ بَيْنَ يَدَيْهِ وَتَفْصِيْلَ الْـكِتٰبِ لَا رَيْبَ فِيْهِ مِنْ رَّبِّ الْعٰلَمِيْنَ ۟ | 37 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া মা-কা-না হা-য া ল কু র আ-নু আইঁ ইউফতারা-মিং দূনিল্লা-হি ওয়ালা-কিং তাসদীক াল্লায ী বাইনা ইয়াদাইহি ওয়া তাফসীলাল কিতা-বি লা-রাইবা ফীহি মির্ রাব্বিল ‘আ-লামীন। | |
| *তরজমা* | এই কুরআন আল্লাহ ব্যতীত অপর কাহারও রচনা নয়। পক্ষান্তরে, ইহার পূর্বে যাহা অবতীর্ণ হইয়াছে ইহা তাহার সমর্থন এবং ইহা বিধানসমূহের বিশদ ব্যাখ্যা। ইহাতে কোন সন্দেহ নাই যে, ইহা জগতসমূহের প্রতিপালকের পক্ষ হইতে। | |
| | اَمْ يَقُوْلُوْنَ افْتَرٰىهُ ؕ قُلْ فَاْتُوْا بِسُوْرَةٍ مِّثْلِهٖ وَادْعُوْا مَنِ اسْتَطَعْتُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ۟ | 38 |
| *প্রতিবর্ণায়ন* | আম ইয়াকূ লূনাফ তারা-হু (ط) কু ল ফা’তূ বিছূরাতিম্ মিছ লিহী ওয়াদ‘উ মানিছ্তাত া‘আতুম মিং দূনিল্লা-হি ইং কুংতুম সা-দ্বিক ীন। | |
| *তরজমা* | তাহারা কি বলে, ‘সে ইহা রচনা করিয়াছে ?’ বল, ‘তবে তোমরা ইহার অনুরূপ একটি সূরা আনয়ন কর এবং আল্লাহ্ ব্যতীত অপর যাহাকে পার আহ্বান কর, যদি তোমরা সত্যবাদী হও।’ | |
| | بَلْ كَذَّبُوْا بِمَا لَمْ يُحِيْطُوْا بِعِلْمِهٖ وَلَمَّا يَاْتِهِمْ تَاْوِيْلُهٗ ؕ كَذٰلِكَ كَذَّبَ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الظّٰلِمِيْنَ ۟ | 39 |
| *প্রতিবর্ণায়ন* | বাল কায য াবূ বিমা-লাম ইউহ ীতু বি‘ইলমিহী ওয়ালাম্মা- ইয়া’তিহিম তা’ব ীলুহূ (ط) কায া-লিকা কায য াবাল্লায ীনা মিং ক াবলিহিম ফাংজু র কাইফা কা-না ‘আ-কি বাতুজ্ জ া-লিমীন। | |
| *তরজমা* | পরন্তু উহারা যে বিষয়ের জ্ঞান আয়ত্ত করে নাই তাহা অস্বীকার করে এবং এখনও ইহার পরিণাম উহাদের নিকট উপস্থিত হয় নাই। এইভাবে উহাদের পূর্ববর্তীগণও মিথ্যা আরোপ করিয়াছিল, সুতরাং দেখ, জালিমদের পরিণাম কী হইয়াছে। | |
| | وَمِنْهُمْ مَّنْ يُّؤْمِنُ بِهٖ وَمِنْهُمْ مَّنْ لَّا يُؤْمِنُ بِهٖ ؕ وَرَبُّكَ اَعْلَمُ بِالْمُفْسِدِيْنَ ۟ | 40 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া মিনহুম মাইঁ ইউ’মিনু বিহী ওয়া মিনহুম মাল্ লা-ইউ’মিনু বিহী (ط) ওয়া রাব্বুকা আ‘লামু বিল মুফছিদীন। | |
| *তরজমা* | উহাদের মধ্যে কেহ ইহাতে বিশ্বাস করে এবং কেহ ইহাতে বিশ্বাস করে না এবং তোমার প্রতিপালক অশান্তি সৃষ্টিকারীদের সম্বন্ধে সম্যক অবহিত। | |

| | | |
|---|---|---|
| | وَاِنۡ كَذَّبُوۡكَ فَقُلْ لِّىۡ عَمَلِىۡ وَلَـكُمۡ عَمَلُكُمۡ ۚ اَنۡـتُمۡ بَرِيۡٓـــُٔوۡنَ مِمَّاۤ اَعۡمَلُ وَاَنَا بَرِىۡٓءٌ مِّمَّا تَعۡمَلُوۡنَ‏ | **41** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইং কায্‌য্‌াবূকা ফাকু্‌ল লী আমালী ওয়া লাকুম ‘আমালুকুম (ج) আংতুম বারী~উনা মিম্মা˜ আ‘মালূ ওয়া আনা– বারী~উম মিম্মা– তা‘মালূন। | |
| *তরজমা* | এবং তাহারা যদি তোমার প্রতি মিথ্যা আরোপ করে তবে তুমি বলিও, ‘আমার কর্মের দায়িত্ব আমার এবং তোমাদের কর্মের দায়িত্ব তোমাদের। আমি যাহা করি সে বিষয়ে তোমরা দায়মুক্ত এবং তোমরা যাহা কর সে বিষয়ে আমিও দায়মুক্ত।’ | |
| | وَمِنۡهُمۡ مَّنۡ يَّسۡتَمِعُوۡنَ اِلَيۡكَؕ اَفَاَنۡتَ تُسۡمِعُ الصُّمَّ وَلَوۡ كَانُوۡا لَا يَعۡقِلُوۡنَ‏ | **42** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া মিনহুম মাইঁ ইয়াছতামি‘ঊনা ইলাইকা (ط) আফাআংতা তুছমিউস সুম্মা ওয়া লাও কা–নূ লা–ইয়া‘কি্‌লূন। | |
| *তরজমা* | উহাদের মধ্যে কেহ কেহ তোমার দিকে কান পাতিয়া রাখে। তুমি কি বধিরকে শুনাইবে, তাহারা না বুঝিলেও ? | |
| | وَمِنۡهُمۡ مَّنۡ يَّنۡظُرُ اِلَيۡكَ ؕ اَفَاَنۡتَ تَهۡدِى الۡعُمۡىَ وَلَوۡ كَانُوۡا لَا يُبۡصِرُوۡنَ‏ | **43** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া মিনহুম মাইঁ ইয়াংজু্‌রু ইলাইকা (ط) আফাআংতা তাহদিল ‘উমইয়া ওয়ালাও কা–নূ লা–ইউবসিরূন। | |
| *তরজমা* | উহাদের মধ্যে কেহ কেহ তোমার দিকে তাকাইয়া থাকে। তুমি কি অন্ধকে পথ দেখাইবে, তাহারা না দেখিলেও ? | |
| | اِنَّ اللّٰهَ لَا يَظۡلِمُ النَّاسَ شَيۡـئًا وَّلٰـكِنَّ النَّاسَ اَنۡفُسَهُمۡ يَظۡلِمُوۡنَ‏ | **44** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাল্লা–হা লা–ইয়াজ্‌লিমুন্না–ছা শাইয়াওঁ ওয়ালা–কিন্নান্না–ছা আংফুছাহুম ইয়াজ্‌লিমূন। | |
| *তরজমা* | নিশ্চয়ই আল্লাহ্ মানুষের প্রতি কোন জুলুম করেন না, বরং মানুষই নিজেদের প্রতি জুলুম করিয়া থাকে। | |
| | وَيَوۡمَ يَحۡشُرُهُمۡ كَاَنۡ لَّمۡ يَلۡبَثُوۡۤا اِلَّا سَاعَةً مِّنَ النَّهَارِ يَتَعَارَفُوۡنَ بَيۡنَهُمۡ ؕ قَدۡ خَسِرَ الَّذِيۡنَ كَذَّبُوۡا بِلِقَآءِ اللّٰهِ وَمَا كَانُوۡا مُهۡتَدِيۡنَ‏ | **45** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয়াওমা ইয়াহ্‌শুরুহুম কাআল্লাম ইয়ালবাছূ˜ ইল্লা–ছা–‘আতাম মিনান্নাহা–রি ইয়াতা‘আ–রাফূনা বাইনাহুম (ط) ক্‌াদ খাছিরাল লায্‌ীনা কায্‌য্‌াবূ বিলিক্‌া~ইল্লা–হি ওয়ামা–কা–নূ মুহতাদীন। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | যেদিন তিনি উহাদেরকে একত্র করিবেন সেদিন উহাদের মনে হইবে, উহাদের অবস্থিতি দিবসের মুহূর্তকাল মাত্র ছিল; উহারা পরস্পরকে চিনিবে। আল্লাহ্‌র সাক্ষাৎ যাহারা অস্বীকার করিয়াছে তাহারা ক্ষতিগ্রস্ত হইয়াছে এবং তাহারা সৎপথপ্রাপ্ত ছিল না। | |
| | وَإِمَّا نُرِيَنَّكَ بَعْضَ الَّذِي نَعِدُهُمْ أَوْ نَتَوَفَّيَنَّكَ فَإِلَيْنَا مَرْجِعُهُمْ ثُمَّ اللَّهُ شَهِيدٌ عَلَىٰ مَا يَفْعَلُونَ ﴿٤٦﴾ | 46 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ইম্মা–নুরিইয়ান্নাকা বা'দ'াল্লাযী না'ইদুহুম আও নাতাওয়াফফাইয়ান্নাকা ফাইলাইনা–মারজি'উহুম ছু'ম্মাল্লা–হু শাহীদুন 'আলা–মা–ইয়াফ'আলূন। | |
| তরজমা | আমি উহাদেরকে যে ভীতি প্রদর্শন করিয়াছি তাহার কিছু যদি তোমাকে দেখাইয়াই দেই অথবা তোমার কাল পূর্ণ করিয়াই দেই, উহাদের প্রত্যাবর্তন তো আমারই নিকট; এবং উহারা যাহা করে আল্লাহ্ তাহার সাক্ষী। | |
| | وَلِكُلِّ أُمَّةٍ رَسُولٌ ۖ فَإِذَا جَاءَ رَسُولُهُمْ قُضِيَ بَيْنَهُمْ بِالْقِسْطِ وَهُمْ لَا يُظْلَمُونَ ﴿٤٧﴾ | 47 |
| প্রতিবর্ণায়ন | ওয়া লিকুল্লি উম্মাতির্ রাছূলুং (ج) ফাইয'া–জা~আ রাছূলুহুম কু'দি'য়া বাইনাহুম বিলকি'ছতি' ওয়াহুম লা–ইউজ'লামূন। | |
| তরজমা | প্রত্যেক জাতির জন্য আছে একজন রাসূল এবং যখন উহাদের রাসূল আসিয়াছে তখন ন্যায়বিচারের সঙ্গে উহাদের মীমাংসা হইয়াছে এবং উহাদের প্রতি জুলুম করা হয় নাই। | |
| | وَيَقُولُونَ مَتَىٰ هَٰذَا الْوَعْدُ إِنْ كُنْتُمْ صَادِقِينَ ﴿٤٨﴾ | 48 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ইয়াকূ'লূনা মাতা–হা–য'াল ওয়া'দু ইং কুংতুম সা–দিক'ীন। | |
| তরজমা | উহারা বলে, 'যদি তোমরা সত্যবাদী হও, তবে 'বল এই প্রতিশ্রুতি কবে ফলিবে ?' | |
| | قُلْ لَا أَمْلِكُ لِنَفْسِي ضَرًّا وَلَا نَفْعًا إِلَّا مَا شَاءَ اللَّهُ ۗ لِكُلِّ أُمَّةٍ أَجَلٌ ۚ إِذَا جَاءَ أَجَلُهُمْ فَلَا يَسْتَأْخِرُونَ سَاعَةً ۖ وَلَا يَسْتَقْدِمُونَ ﴿٤٩﴾ | 49 |
| প্রতিবর্ণায়ন | কু'ল লা~আমলিকু লিনাফছী দ'াররাওঁ ওয়ালা–নাফ'আন ইল্লা–মা~শা–আল্লা–হু (ط) লিকুল্লি উম্মাতিন আজালুন (ط) ইয'া–জা~আ আজালুহুম্ ফালা–ইয়াছতা'খিরূনা ছা–'আতাওঁ ওয়ালা–ইয়াছতাক'দিমূন। | |
| তরজমা | বল, 'আল্লাহ্ যাহা ইচ্ছা করেন তাহা ব্যতীত আমার নিজের ভালমন্দের উপর আমার কোন অধিকার নাই।' প্রত্যেক জাতির এক নির্দিষ্ট সময় আছে; যখন তাহাদের সময় আসিবে তখন তাহারা মুহূর্তকালও বিলম্ব বা ত্বরা করিতে পারিবে না। | |
| | قُلْ أَرَأَيْتُمْ إِنْ أَتَاكُمْ عَذَابُهُ بَيَاتًا أَوْ نَهَارًا مَاذَا يَسْتَعْجِلُ مِنْهُ الْمُجْرِمُونَ ﴿٥٠﴾ | 50 |

| | | |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | কু'ল আরাআইতুম ইন্ আতা–কুম 'আযা'–বুহূ বায়া–তান আও নাহা–রাম্ মা–যা'–ইয়াছতা'জিলু মিনহুল মুজরিমূন। | |
| *তরজমা* | বল, 'তোমরা কি ভাবিয়া দেখিয়াছ, যদি তাঁহার শাস্তি তোমাদের উপর রজনীতে অথবা দিবসে আসিয়া পড়ে তবে অপরাধীরা উহার কী ত্বরান্বিত করিতে চায় ?' | |
| | اَثُمَّ اِذَا مَا وَقَعَ اٰمَنۡتُمۡ بِهٖ ؕ آٰلۡـٰٔنَ وَقَدۡ كُنۡتُمۡ بِهٖ تَسۡتَعۡجِلُوۡنَ ﴿۵۱﴾ | 51 |
| *প্রতিবর্ণায়ন* | আছু'ম্মা ইযা'–মা–ওয়াকা'‘আ আ–মাংতুম বিহী (ط) আ~ল্আ–না ওয়া কা'দ কুংতুম বিহী তাছতা'জিলূন। | |
| *তরজমা* | তোমরা কি ইহা ঘটিবার পর ইহা বিশ্বাস করিবে ? এখন ? তোমরা তো ইহাই ত্বরান্বিত করিতে চাহিয়াছিলে! | |
| | ثُمَّ قِيۡلَ لِلَّذِيۡنَ ظَلَمُوۡا ذُوۡقُوۡا عَذَابَ الۡخُلۡدِ ۚ هَلۡ تُجۡزَوۡنَ اِلَّا بِمَا كُنۡتُمۡ تَكۡسِبُوۡنَ ﴿۵۲﴾ | 52 |
| *প্রতিবর্ণায়ন* | ছু'ম্মা ক'ীলা লিল্লাযী'না জ'ালামূ যূ'কূ' ‘আযা'–বাল খুলদি (ج) হাল তুজঝাওনা ইল্লা–বিমা–কুংতুম তাকছিবূন। | |
| *তরজমা* | পরে জালিমদেরকে বলা হইবে, 'স্থায়ী শাস্তি আস্বাদন কর; তোমরা যাহা করিতে, তোমাদেরকে তাহারই প্রতিফল দেওয়া হইতেছে।' | |
| | وَيَسۡتَنۡۢبِـُٔوۡنَكَ اَحَقٌّ هُوَ ؔؕ قُلۡ اِىۡ وَرَبِّىۡۤ اِنَّهٗ لَحَقٌّ ؔؕ وَمَاۤ اَنۡتُمۡ بِمُعۡجِزِيۡنَ ﴿۵۳﴾ | 53 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয়াছতামবিউনাকা আহা'ক্কু'ন হুওয়া (ج) কুল ঈ ওয়ারাব্বী ইন্নাহূ লাহা'ক্কু'ওঁ (ج) ওয়া মা~আংতুম বিমু'জিঝীন। | |
| *তরজমা* | উহারা তোমার নিকট জানিতে চায়, 'ইহা কি সত্য ?' বল, 'হ্যাঁ, আমার প্রতিপালকের শপথ ! ইহা অবশ্যই সত্য। এবং তোমরা ইহা ব্যর্থ করিতে পারিবে না।' | |
| | وَلَوۡ اَنَّ لِكُلِّ نَفۡسٍ ظَلَمَتۡ مَا فِى الۡاَرۡضِ لَافۡتَدَتۡ بِهٖ ؕ وَاَسَرُّوا النَّدَامَةَ لَمَّا رَاَوُا الۡعَذَابَ ۚ وَقُضِىَ بَيۡنَهُمۡ بِالۡقِسۡطِ وَهُمۡ لَا يُظۡلَمُوۡنَ ﴿۵۴﴾ | 54 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাও আন্না লিকুল্লি নাফছিং জ'ালামাত মা–ফিল আরদি' লাফতাদাত বিহী (ط) ওয়া আছাররুন্ নাদা–মাতা লাম্মা–রাআউল 'আযা'–বা (ج) ওয়া কুদি'য়া বাইনাহুম বিলকি'ছতি' ওয়া হুম লা–ইউজ'লামূন। | |
| *তরজমা* | প্রত্যেক সীমালংঘনকারীই পৃথিবীতে যাহা কিছু আছে তাহা যদি তাহার হইত তবে সে মুক্তির বিনিময়ে উহা দিয়া দিত ; এবং যখন উহারা শাস্তি প্রত্যক্ষ করিবে তখন মনস্তাপ গোপন করিবে। উহাদের মীমাংসা ন্যায়বিচারের সঙ্গে করা হইবে এবং উহাদের প্রতি জুলুম করা হইবে না। | |
| | اَلَاۤ اِنَّ لِلّٰهِ مَا فِى السَّمٰوٰتِ وَالۡاَرۡضِ ؕ اَلَاۤ اِنَّ وَعۡدَ اللّٰهِ حَقٌّ وَّلٰـكِنَّ اَكۡثَرَهُمۡ لَا يَعۡلَمُوۡنَ ﴿۵۵﴾ | 55 |

| --- | --- | --- |
| *প্রতিবর্ণায়ন* | আলা ˜ইন্না লিল্লা–হি মা–ফিছছামা–ওয়া–তি ওয়াল আরদি˙ (ط) আলা ˜ইন্না ওয়া'দাল্লা–হি হ˙াক্কু˙ওঁ ওয়া লা–কিন্না আকছ˙ারাহুম লা–ইয়া'লামূন। | |
| *তরজমা* | সাবধান! আকাশমণ্ডলী ও পৃথিবীতে যাহা কিছু আছে তাহা আল্লাহ্‌রই। সাবধান! আল্লাহ্‌র প্রতিশ্রুতি সত্য, কিন্তু উহাদের অধিকাংশই অবগত নয়। | |
| | هُوَ يُحۡيٖ وَيُمِيۡتُ وَاِلَيۡهِ تُرۡجَعُوۡنَ ۝٥٦ | 56 |
| *প্রতিবর্ণায়ন* | হুওয়া ইউহ˙য়ী ওয়া ইউমীতু ওয়া ইলাইহি তুরজা'উন। | |
| *তরজমা* | তিনিই জীবন দান করেন এবং মৃত্যু ঘটান এবং তাঁহারই নিকট তোমরা প্রত্যাবর্তিত হইবে। | |
| | يٰۤاَيُّهَا النَّاسُ قَدۡ جَآءَتۡكُمۡ مَّوۡعِظَةٌ مِّنۡ رَّبِّكُمۡ وَشِفَآءٌ لِّمَا فِى الصُّدُوۡرِ ۙ وَهُدًى وَّرَحۡمَةٌ لِّلۡمُؤۡمِنِيۡنَ ۝٥٧ | 57 |
| *প্রতিবর্ণায়ন* | ইয়া˜ আইয়ূহান্না–ছু ক˙াদ জা~আতকুম মাও'ইজ˙াতুম মির রাব্বিকুম ওয়া শিফা~উল লিমা–ফিস্‌সুদূরি (৺) ওয়াহুদাওঁ ওয়া রাহ˙মাতুল লিলমু'মিনীন। | |
| *তরজমা* | হে মানুষ! তোমাদের প্রতি তোমাদের প্রতিপালকের নিকট হইতে আসিয়াছে উপদেশ ও তোমাদের অন্তরে যাহা আছে তাহার আরোগ্য এবং মু'মিনদের জন্য হিদায়াত ও রহমত। | |
| | قُلۡ بِفَضۡلِ اللّٰهِ وَبِرَحۡمَتِهٖ فَبِذٰلِكَ فَلۡيَفۡرَحُوۡا ؕ هُوَ خَيۡرٌ مِّمَّا يَجۡمَعُوۡنَ ۝٥٨ | 58 |
| *প্রতিবর্ণায়ন* | কু˙ল বিফাদ˙লিল্লা–হি ওয়া বিরাহ˙মাতিহী ফাবিয˙া–লিকা ফালইয়াফরাহূ˙ (ط) হুওয়া খাইরুম্ মিম্মা–ইয়াজমা'উন। | |
| *তরজমা* | বল, 'ইহা আল্লাহ্‌র অনুগ্রহে ও তাঁহার দয়ায়; সুতরাং ইহাতে উহারা আনন্দিত হউক।' উহারা যাহা পুঞ্জীভূত করে তাহা অপেক্ষা ইহা শ্রেয়। | |
| | قُلۡ اَرَءَيۡتُمۡ مَّاۤ اَنۡزَلَ اللّٰهُ لَـكُمۡ مِّنۡ رِّزۡقٍ فَجَعَلۡتُمۡ مِّنۡهُ حَرَامًا وَّحَلٰلًا ؕ قُلۡ آٰللّٰهُ اَذِنَ لَـكُمۡ اَمۡ عَلَى اللّٰهِ تَفۡتَرُوۡنَ ۝٥٩ | 59 |
| *প্রতিবর্ণায়ন* | কু˙ল আরাআইতুম মা˜আংঝালাল্লা–হু লাকুম মির রিঝকি˙ং ফাজা'আলতুম মিনহু হ˙ারা–মাওঁ ওয়া হ˙ালা–লাং (ط) কু˙ল আ~ল্লা–হু আযি˙না লাকুম আম 'আলাল্লা–হি তাফতারূন। | |
| *তরজমা* | বল, 'তোমরা কি ভাবিয়া দেখিয়াছ, আল্লাহ্ তোমাদের যে রিযিক দিয়াছেন তোমরা যে তাহার কিছু হালাল ও কিছু হারাম করিয়াছ ? বল, 'আল্লাহ্ কি তোমাদেরকে ইহার অনুমতি দিয়াছেন, না তোমরা আল্লাহ্‌র প্রতি মিথ্যা আরোপ করিতেছ ?' | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
| --- | --- | --- |
| | وَمَا ظَنُّ الَّذِيۡنَ يَفۡتَرُوۡنَ عَلَى اللّٰهِ الۡـكَذِبَ يَوۡمَ الۡقِيٰمَةِ ؕ اِنَّ اللّٰهَ لَذُوۡ فَضۡلٍ عَلَى النَّاسِ وَلٰـكِنَّ اَكۡثَرَهُمۡ لَا يَشۡكُرُوۡنَ ﴿٦٠﴾ | 60 |
| প্রতিবর্ণায়ন | ওয়া মা- জ ান্নুল্লায ীনা ইয়াফতারূনা ‘আলাল্লা-হিল কাযি বা ইয়াওমাল কি য়া-মাতি (ط) ইন্নাল্লা-হা লাযূ ফাদ লিন ‘আলান্না-ছি ওয়ালা-কিন্না আকছ ারাহুম লা-ইয়াশকুরূন। | |
| তরজমা | যাহারা আল্লাহ্ সম্বন্ধে মিথ্যা উদ্ভাবন করে, কিয়ামত দিবস সম্বন্ধে তাহাদের কী ধারণা ? নিশ্চয়ই আল্লাহ্ মানুষের প্রতি অনুগ্রহপরায়ণ, কিন্তু উহাদের অধিকাংশই কৃতজ্ঞতা প্রকাশ করে না। | |
| | وَمَا تَكُوۡنُ فِىۡ شَاۡنٍ وَّمَا تَتۡلُوۡا مِنۡهُ مِنۡ قُرۡاٰنٍ وَّلَا تَعۡمَلُوۡنَ مِنۡ عَمَلٍ اِلَّا كُنَّا عَلَيۡكُمۡ شُهُوۡدًا اِذۡ تُفِيۡضُوۡنَ فِيۡهِ ؕ وَمَا يَعۡزُبُ عَنۡ رَّبِّكَ مِنۡ مِّثۡقَالِ ذَرَّةٍ فِى الۡاَرۡضِ وَلَا فِى السَّمَآءِ وَلَاۤ اَصۡغَرَ مِنۡ ذٰ لِكَ وَلَاۤ اَكۡبَرَ اِلَّا فِىۡ كِتٰبٍ مُّبِيۡنٍ ﴿٦١﴾ | 61 |
| প্রতিবর্ণায়ন | ওয়া মা-তাকূনু ফী শা’নিওঁ ওয়া মা-তাতলূ মিনহু মিং কু রআ-নিওঁ ওয়ালা- তা‘মালূনা মিন ‘আমালিন ইল্লা-কুন্না-‘আলাইকুম শুহূদান ইয তুফীদূনা ফীহি (ط) ওয়া মা- ইয়া‘ঝুবু ‘আর রাব্বিকা মিম্ মিছ ক া-লি য াররাতিং ফিল আরদি ওয়ালা- ফিছছামা~ই ওয়ালা ~আসগারা মিং য া-লিকা ওয়ালা ~আকবারা ইল্লা-ফী কিতা-বিম মুবীন। | |
| তরজমা | তুমি যে কোন অবস্থায় থাক এবং তুমি তৎসম্পর্কে কুরআন হইতে যাহা তিলাওয়াত কর এবং তোমরা যে কোন কাজ কর, আমি তোমাদের পরিদর্শক-যখন তোমরা উহাতে প্রবৃত্ত হও। আকাশমণ্ডলী ও পৃথিবীর অণু পরিমাণও তোমার প্রতিপালকের অগোচর নয় এবং উহা অপেক্ষা ক্ষুদ্রতর অথবা বৃহত্তর কিছুই নাই যাহা সুস্পষ্ট কিতাবে নাই। | |
| | اَلَاۤ اِنَّ اَوۡلِيَآءَ اللّٰهِ لَا خَوۡفٌ عَلَيۡهِمۡ وَلَا هُمۡ يَحۡزَنُوۡنَ ﴿٦٢﴾ | 62 |
| প্রতিবর্ণায়ন | আলা ~ইন্না আওলিয়া~আল্লা-হি লা-খাওফুন ‘আলাইহিম ওয়ালা-হুম ইয়াহ ঝানূন। | |
| তরজমা | জানিয়া রাখ! আল্লাহ্‌র বন্ধুদের কোন ভয় নাই এবং তাহারা দুঃখিতও হইবে না। | |
| | الَّذِيۡنَ اٰمَنُوۡا وَكَانُوۡا يَتَّقُوۡنَ ﴿٦٣﴾ | 63 |
| প্রতিবর্ণায়ন | আল্লায ীনা আ-মানূ ওয়া কা-নূ ইয়াত্তাকূ ন। | |
| তরজমা | যাহারা ঈমান আনে এবং তাক্ওয়া অবলম্বন করে, | |
| | لَهُمُ الۡبُشۡرٰى فِى الۡحَيٰوةِ الدُّنۡيَا وَفِى الۡاٰخِرَةِ ؕ لَا تَبۡدِيۡلَ لِكَلِمٰتِ اللّٰهِ ؕ ذٰ لِكَ هُوَ الۡفَوۡزُ الۡعَظِيۡمُ ﴿٦٤﴾ | 64 |

| | | |
|---|---|---|
| প্রতিবর্ণায়ন | লাহুমুল বুশরা– ফিল হ াায়া–তিদ দুন্ইয়া– ওয়াফিল আ–খিরাতি (ط) লা–তাবদীলা লিকালিমা–তিল্লা–হি (ط) য া–লিকা হুওয়াল ফাওঝুল 'আজ ীম। | |
| তরজমা | তাহাদের জন্য আছে সুসংবাদ দুনিয়ার জীবনে ও আখিরাতে, আল্লাহ্‌র বাণীর কোন পরিবর্তন নাই ; উহাই মহাসাফল্য। | |
| | وَلَا يَحْزُنْكَ قَوْلُهُمْ ۘ اِنَّ الْعِزَّةَ لِلّٰهِ جَمِيْعًا ؕ هُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ﴿۶۵﴾ | 65 |
| প্রতিবর্ণায়ন | ওয়ালা– ইয়াহ ঝুংকা ক াওলুহুম (م)। ইন্নাল 'ইঝ্ঝাতা লিল্লা–হি জামী'আন (ط) হুওয়াছ ছামী'উল 'আলীম। | |
| তরজমা | উহাদের কথা তোমাকে যেন দুঃখ না দেয়। সমস্ত শক্তিই আল্লাহ্‌র; তিনি সর্বশ্রোতা, সর্বজ্ঞ। | |
| | اَلَاۤ اِنَّ لِلّٰهِ مَنْ فِى السَّمٰوٰتِ وَمَنْ فِى الْاَرْضِ ؕ وَمَا يَتَّبِعُ الَّذِيْنَ يَدْعُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ شُرَكَآءَ ؕ اِنْ يَّتَّبِعُوْنَ اِلَّا الظَّنَّ وَاِنْ هُمْ اِلَّا يَخْرُصُوْنَ ﴿۶۶﴾ | 66 |
| প্রতিবর্ণায়ন | আলা ~ইন্না লিল্লা–হি মাং ফিছ ছামা–ওয়া তি ওয়া মাং ফিল আরদি (ط) ওয়া মা–ইয়াত্তাবি'উল্লায ীনা ইয়াদ'উনা মিং দূনিল্লা–হি শুরাকা~আ (ط) ইয়ঁ ইয়াত্তাবি'উনা ইল্লাজ্ জ ান্না ওয়াইন হুম ইল্লা–ইয়াখরুসূন। | |
| তরজমা | জানিয়া রাখ! যাহারা আকাশমণ্ডলে আছে এবং যাহারা পৃথিবীতে আছে তাহারা আল্লাহ্‌রই। যাহারা আল্লাহ্ ব্যতীত অপরকে শরীকরূপে ডাকে, তাহারা কিসের অনুসরণ করে ? তাহারা তো শুধু অনুমানেরই অনুসরণ করে এবং তাহারা শুধু মিথ্যাই বলে। | |
| | هُوَ الَّذِىْ جَعَلَ لَـكُمُ الَّيْلَ لِتَسْكُنُوْا فِيْهِ وَالنَّهَارَ مُبْصِرًا ؕ اِنَّ فِىْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يَّسْمَعُوْنَ ﴿۶۷﴾ | 67 |
| প্রতিবর্ণায়ন | হুওয়াল্লায ী জা'আলা লাকুমুল লাইলা লিতাছকুনূ ফীহি ওয়ান্নাহা–রা মুবসিরান (ط) ইন্না ফী য া–লিকা লাআ–য়া–তিল্ লিক াওমিইঁ ইয়াছমা'উন। | |
| তরজমা | তিনিই সৃষ্টি করিয়াছেন তোমাদের জন্য রাত্রি, যেন উহাতে তোমরা বিশ্রাম করিতে পার এবং দিবস দেখিবার জন্য। যে সম্প্রদায় কথা শুনে নিশ্চয়ই তাহাদের জন্য ইহাতে আছে নিদর্শন। | |
| | قَالُوا اتَّخَذَ اللّٰهُ وَلَدًا سُبْحٰنَهٗ ؕ هُوَ الْغَنِىُّ ؕ لَهٗ مَا فِى السَّمٰوٰتِ وَمَا فِى الْاَرْضِ ؕ اِنْ عِنْدَكُمْ مِّنْ سُلْطٰنٍۭ بِهٰذَا ؕ اَتَقُوْلُوْنَ عَلَى اللّٰهِ مَا لَا تَعْلَمُوْنَ ﴿۶۸﴾ | 68 |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ক া–লুত্তাখায াল্লা–হু ওয়ালাদাং ছুবহ া–নাহূ (ط) হুওয়াল গানিইইয়ু (ط) লাহূ মা–ফিছ ছামা–ওয়া–তি ওয়ামা–ফিল আরদি (ط) ইন ‘ইংদাকুম মিং ছুলত া–নিম বিহা–য া– (ط) আতাকূ লূনা ‘আলাল্লা–হি মা–লা তা‘লামূন। | |
| *তরজমা* | তাহারা বলে ‘আল্লাহ্ সন্তান গ্রহণ করিয়াছেন।’ তিনি মহান পবিত্র! তিনি অভাবমুক্ত! যাহা কিছু আছে আকাশমণ্ডলে ও যাহা কিছু আছে পৃথিবীতে তাহা তাঁহারই। এ বিষয়ে তোমাদের নিকট কোন সনদ নাই। তোমরা কি আল্লাহ্ সম্বন্ধে এমন কিছু বলিতেছ, যে বিষয়ে তোমাদের কোন জ্ঞান নাই ? | |
| | قُلْ إِنَّ الَّذِينَ يَفْتَرُونَ عَلَى اللَّهِ الْكَذِبَ لَا يُفْلِحُونَ ﴿٦٩﴾ | 69 |
| *প্রতিবর্ণায়ন* | কু ল ইন্নাল্লায ীনা ইয়াফ্তারূনা ‘আলাল্লা–হিল কাযি বা লা– ইউফ্লিহূ ন। | |
| *তরজমা* | বল, ‘যাহারা আল্লাহ্ সম্বন্ধে মিথ্যা উদ্ভাবন করিবে তাহারা সফলকাম হইবে না।’ | |
| | مَتَاعٌ فِي الدُّنْيَا ثُمَّ إِلَيْنَا مَرْجِعُهُمْ ثُمَّ نُذِيقُهُمُ الْعَذَابَ الشَّدِيدَ بِمَا كَانُوا يَكْفُرُونَ ﴿٧٠﴾ | 70 |
| *প্রতিবর্ণায়ন* | মাতা–‘উং ফিদ্দুনইয়া– ছু ম্মা ইলাইনা– মারজি‘উহুম ছু ম্মা নুয ীকু হুমুল ‘আয া–বাশ্শাদীদা বিমা–কা–নূ ইয়াক্ফুরূন। | |
| *তরজমা* | পৃথিবীতে ইহাদের জন্য আছে কিছু সুখ-সম্ভোগ ; পরে আমারই নিকট উহাদের প্রত্যাবর্তন। অতঃপর কুফরী হেতু উহাদেরকে আমি কঠোর শাস্তির আস্বাদ গ্রহণ করাইব। | |
| | وَاتْلُ عَلَيْهِمْ نَبَأَ نُوحٍ إِذْ قَالَ لِقَوْمِهِ يَٰقَوْمِ إِنْ كَانَ كَبُرَ عَلَيْكُمْ مَقَامِي وَتَذْكِيرِي بِآيَاتِ اللَّهِ فَعَلَى اللَّهِ تَوَكَّلْتُ فَأَجْمِعُوا أَمْرَكُمْ وَشُرَكَاءَكُمْ ثُمَّ لَا يَكُنْ أَمْرُكُمْ عَلَيْكُمْ غُمَّةً ثُمَّ اقْضُوا إِلَيَّ وَلَا تُنْظِرُونِ ﴿٧١﴾ | 71 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াতলু ‘আলাইহিম নাবাআ নূহ্ (م)। ইয  ক া–লা লিক াওমিহী ইয়া–ক াওমি ইং কা–না কাবুরা ‘আলাইকুম মাক া–মী ওয়া তায কীরী বিআ–য়া–তিল্লা–হি ফা‘আলাল্লা–হি তাওয়াক্কাল্তু ফাআজমি‘উ আমরাকুম ওয়া শুরাকা~আকুম ছু ম্মা লা–ইয়াকুন আমরুকুম ‘আলাইকুম গুম্মাতাং ছু ম্মাক দূ ~ইলাইইয়া ওয়ালা–তুংজি রূন। | |
| *তরজমা* | উহাদেরকে নূহ্-এর বৃত্তান্ত শোনাও। সে তাহার সম্প্রদায়কে বলিয়াছিল, ‘হে আমার সম্প্রদায়! আমার অবস্থিতি ও আল্লাহ্র নিদর্শন দ্বারা আমার উপদেশদান তোমাদের নিকট যদি দুঃসহ হয় তবে আমি তো আল্লাহ্র উপর নির্ভর করি। তোমরা যাহাদেরকে শরীক করিয়াছ তৎসহ তোমাদের কর্তব্য স্থির করিয়া নাও, পরে যেন কর্তব্য বিষয়ে তোমাদের কোন সংশয় না থাকে। আমার সম্বন্ধে তোমাদের কর্ম নিষ্পন্ন করিয়া ফেল এবং আমাকে অবকাশ দিও না। | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
| --- | --- | --- |
| | فَاِنْ تَوَلَّيْتُمْ فَمَا سَاَلْتُكُمْ مِّنْ اَجْرٍ ؕ اِنْ اَجْرِىَ اِلَّا عَلَى اللّٰهِ ۙ وَاُمِرْتُ اَنْ اَكُوْنَ مِنَ الْمُسْلِمِيْنَ ﴿٧٢﴾ | 72 |
| *প্রতিবর্ণায়ন* | ফাইং তাওয়াল্লাইতুম ফামা-ছাআলতুকুম মিন আজরিন (ط) ইন আজরিয়া ইল্লা- 'আলাল্লা-হি (ﻻ) ওয়া উমিরতু আন আকূনা মিনাল মুছলিমীন। | |
| *তরজমা* | 'অতঃপর তোমরা মুখ ফিরাইয়া লইলে লইতে পার, তোমাদের নিকট আমি তো কোন পারিশ্রমিক চাই নাই, আমার পারিশ্রমিক আছে আল্লাহ্‌র নিকট, আমি তো আত্মসমর্পণকারীদের অন্তর্ভুক্ত হইতে আদিষ্ট হইয়াছি।' | |
| | فَكَذَّبُوْهُ فَنَجَّيْنٰهُ وَمَنْ مَّعَهٗ فِى الْفُلْكِ وَجَعَلْنٰهُمْ خَلٰٓئِفَ وَاَغْرَقْنَا الَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِنَا ۚ فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُنْذَرِيْنَ ﴿٧٣﴾ | 73 |
| *প্রতিবর্ণায়ন* | ফাকায্‌যাবূহু ফানাজ্জাইনা-হু ওয়ামাম্ মা'আহূ ফিল ফুলকি ওয়া জা'আলনা-হুম খালা~ইফা ওয়া আগরাক্বনাল্লায্‌ীনা কায্‌যাবূ বিআ-য়া-তিনা- (ج) ফাংজু্‌র কাইফা কা-না 'আ-কি্‌বাতুল মুংয্‌রীন। | |
| *তরজমা* | আর উহারা তাহাকে মিথ্যাবাদী বলে; অতঃপর তাহাকে ও তাহার সঙ্গে যাহারা তরণীতে ছিল তাহাদেরকে আমি উদ্ধার করি এবং তাহাদেরকে স্থলাভিষিক্ত করি ও যাহারা আমার নিদর্শনকে প্রত্যাখ্যান করিয়াছিল তাহাদেরকে নিমজ্জিত করি। সুতরাং দেখ, যাহাদেরকে সতর্ক করা হইয়াছিল তাহাদের পরিণাম কী হইয়াছিল! | |
| | ثُمَّ بَعَثْنَا مِنْۢ بَعْدِهٖ رُسُلًا اِلٰى قَوْمِهِمْ فَجَآءُوْهُمْ بِالْبَيِّنٰتِ فَمَا كَانُوْا لِيُؤْمِنُوْا بِمَا كَذَّبُوْا بِهٖ مِنْ قَبْلُ ؕ كَذٰلِكَ نَطْبَعُ عَلٰى قُلُوْبِ الْمُعْتَدِيْنَ ﴿٧٤﴾ | 74 |
| *প্রতিবর্ণায়ন* | ছু্‌ম্মা বা'আছ্‌না-মিম বা'দিহী রুছুলান ইলা-ক্বাওমিহিম ফাজা~উহুম বিলবাইয়িনা-তি ফামা-কা-নূ লিইউ'মিনূ বিমা-কায্‌যাবূ বিহী মিং ক্বাবলু (ط) কায্‌া-লিকা নাত্‌বা'উ 'আলা-কু্‌লূবিল মু'তাদীন। | |
| *তরজমা* | অনন্তর তাহার পরে আমি রাসূলগণকে প্রেরণ করি, তাহাদের সম্প্রদায়ের নিকট; তাহারা উহাদের নিকট সুস্পষ্ট নিদর্শনসহ আসিয়াছিল। কিন্তু উহারা পূর্বে যাহা প্রত্যাখ্যান করিয়াছিল তাহার প্রতি ঈমান আনিবার জন্য প্রস্তুত ছিল না। এইভাবে আমি সীমালংঘনকারীদের হৃদয় মোহর করিয়া দেই। | |
| | ثُمَّ بَعَثْنَا مِنْۢ بَعْدِهِمْ مُّوْسٰى وَهٰرُوْنَ اِلٰى فِرْعَوْنَ وَمَلَا۠ئِهٖ بِاٰيٰتِنَا فَاسْتَكْبَرُوْا وَكَانُوْا قَوْمًا مُّجْرِمِيْنَ ﴿٧٥﴾ | 75 |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ছু ম্মা বা'আছ না-মিম বা'দিহিম মূছা- ওয়া হা-রূনা ইলা-ফির'আওনা ওয়া মালাইহী বিআ-য়া-তিনা- ফাছতাক্বারূ ওয়া কা-নূ ক াওমাম মুজরিমীন। | |
| *তরজমা* | পরে আমার নিদর্শনসহ মূসা ও হারূনকে ফির'আওন ও তাহার পারিষদবর্গের নিকট প্রেরণ করি। কিন্তু উহারা অহংকার করে এবং উহারা ছিল অপরাধী সম্প্রদায়। | |
| | فَلَمَّا جَآءَهُمُ الْحَقُّ مِنْ عِنْدِنَا قَالُوْٓا اِنَّ هٰذَا لَسِحْرٌ مُّبِيْنٌ ﴿٧٦﴾ | **76** |
| *প্রতিবর্ণায়ন* | ফালাম্মা-জা~আহুমুল হ াক্ক ু মিন 'ইংদিনা-ক া-লূ ~ইন্না হা-য া- লাছিহ রুম মুবীন। | |
| *তরজমা* | অতঃপর যখন উহাদের নিকট আমার নিকট হইতে সত্য আসিল তখন উহারা বলিল, 'ইহা তো নিশ্চয়ই স্পষ্ট জাদু।' | |
| | قَالَ مُوْسٰٓى اَتَقُوْلُوْنَ لِلْحَقِّ لَمَّا جَآءَكُمْ ؕ اَسِحْرٌ هٰذَا ؕ وَلَا يُفْلِحُ السّٰحِرُوْنَ ﴿٧٧﴾ | **77** |
| *প্রতিবর্ণায়ন* | ক া-লা মূছা-আতাকূ লূনা লিলহ াক্কি লাম্মা-জা~আকুম (ط) আছিহ রুন হা-য া- (ط) ওয়ালা-ইউফলিহু ছ্ছা-হি রুন। | |
| *তরজমা* | মূসা বলিল, 'সত্য যখন তোমাদের নিকট আসিল তখন তৎসম্পর্কে তোমরা এইরূপ বলিতেছ? ইহা কি জাদু ? জাদুকরেরা তো সফলকাম হয় না।' | |
| | قَالُوْٓا اَجِئْتَنَا لِتَلْفِتَنَا عَمَّا وَجَدْنَا عَلَيْهِ اٰبَآءَنَا وَتَكُوْنَ لَكُمَا الْكِبْرِيَآءُ فِى الْاَرْضِ ؕ وَمَا نَحْنُ لَكُمَا بِمُؤْمِنِيْنَ ﴿٧٨﴾ | **78** |
| *প্রতিবর্ণায়ন* | ক া-লূ আজি'তানা- লিতালফিতানা-'আম্মা-ওয়াজাদনা-'আলাইহি আ-বা~আনা-ওয়াতাকূনা লাকুমাল কিবরিয়া~উ ফিল আরদি (ط) ওয়া মা-নাহ নু লাকুমা-বিমু'মিনীন। | |
| *তরজমা* | উহারা বলিল, 'আমরা আমাদের পিতৃপুরুষগণকে যাহাতে পাইয়াছি তুমি কি তাহা হইতে আমাদেরকে বিচ্যুত করিবার জন্য আমাদের নিকট আসিয়াছ এবং যাহাতে দেশে তোমাদের দুইজনের প্রতিপত্তি হয়, এইজন্য ? আমরা তোমাদের প্রতি বিশ্বাসী নই।' | |
| | وَقَالَ فِرْعَوْنُ ائْتُوْنِىْ بِكُلِّ سٰحِرٍ عَلِيْمٍ ﴿٧٩﴾ | **79** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ক া-লা ফির'আওনু'তূনী বিকুল্লি ছা-হি রিন 'আলীম। | |
| *তরজমা* | ফির'আওন বলিল, 'তোমরা আমার নিকট সকল সুদক্ষ জাদুকরকে লইয়া আস।' | |
| | فَلَمَّا جَآءَ السَّحَرَةُ قَالَ لَهُمْ مُّوْسٰٓى اَلْقُوْا مَآ اَنْتُمْ مُّلْقُوْنَ ﴿٨٠﴾ | **80** |
| *প্রতিবর্ণায়ন* | ফালাম্মা-জা~আ ছ্ছাহ ারাতু ক া-লা লাহুম মূছা ~আলকূ মা ~আংতুম মুলকূ ন। | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | অতঃপর যখন জাদুকরেরা আসিল তখন উহাদেরকে মূসা বলিল, 'তোমাদের যাহা নিক্ষেপ করিবার, নিক্ষেপ কর।' | |
| | فَلَمَّآ اَلْقَوْا قَالَ مُوْسٰى مَا جِئْتُمْ بِهِ ۙ السِّحْرُ ؕ اِنَّ اللّٰهَ سَيُبْطِلُهٗ ؕ اِنَّ اللّٰهَ لَا يُصْلِحُ عَمَلَ الْمُفْسِدِيْنَ ﴿۸۱﴾ | **81** |
| *প্রতিবর্ণায়ন* | ফালাম্মা˜ আলক˙াও ক˙া–লা মূছা– মা–জি'তুম বিহিছ্‌ছিহ˙রু (ط) ইন্নাল্লা–হা ছাইউবতি˙লুহূ˜ (ط) ইন্নাল্লা–হা লা–ইউসলিহু˙ 'আমালাল মুফছিদীন। | |
| *তরজমা* | অতঃপর যখন তাহারা নিক্ষেপ করিল তখন মূসা বলিল, 'তোমরা যাহা আনিয়াছ তাহা জাদু, নিশ্চয়ই আল্লাহ্ উহাকে অসার করিয়া দিবেন। আল্লাহ্ অবশ্যই অশান্তি সৃষ্টিকারীদের কর্ম সার্থক করেন না।' | |
| | وَيُحِقُّ اللّٰهُ الْحَقَّ بِكَلِمٰتِهٖ وَلَوْ كَرِهَ الْمُجْرِمُوْنَ ﴿۸۲﴾ | **82** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইউহি˙ক্কু˙ল্লা–হুল হ˙াক্ক˙া বিকালিমা–তিহী ওয়ালাও কারিহাল মুজরিমূন। | |
| *তরজমা* | অপরাধীরা অপ্রীতিকর মনে করিলেও আল্লাহ্ তাঁহার বাণী অনুযায়ী সত্যকে প্রতিষ্ঠিত করিবেন। | |
| | فَمَآ اٰمَنَ لِمُوْسٰٓى اِلَّا ذُرِّيَّةٌ مِّنْ قَوْمِهٖ عَلٰى خَوْفٍ مِّنْ فِرْعَوْنَ وَمَلَا۟ئِهِمْ اَنْ يَّفْتِنَهُمْ ؕ وَاِنَّ فِرْعَوْنَ لَعَالٍ فِى الْاَرْضِ ۚ وَاِنَّهٗ لَمِنَ الْمُسْرِفِيْنَ ﴿۸۳﴾ | **83** |
| *প্রতিবর্ণায়ন* | ফামা˜ আ–মানা লিমূছা˜ইল্লা–য˙ুররিইয়াতুম মিং ক˙াওমিহী 'আলা– খাওফিম মিং ফির'আওনা ওয়া মালাইহিম আইঁ ইয়াফতিনাহুম (ط) ওয়াইন্না ফির'আওনা লা'আ–লিং ফিল আরদি˙ (ج) ওয়া ইন্নাহূ লামিনাল মুছরিফীন। | |
| *তরজমা* | ফির'আওন ও তাহার পারিষদবর্গ নির্যাতন করিবে এই আশংকায় মূসার সম্প্রদায়ের একদল ব্যতীত আর কেহ তাহার প্রতি ঈমান আনে নাই। বস্তুত ফির'আওন ছিল দেশে পরাক্রমশালী এবং সে অবশ্যই সীমালংঘনকারীদের অন্তর্ভুক্ত। | |
| | وَقَالَ مُوْسٰى يٰقَوْمِ اِنْ كُنْتُمْ اٰمَنْتُمْ بِاللّٰهِ فَعَلَيْهِ تَوَكَّلُوْٓا اِنْ كُنْتُمْ مُّسْلِمِيْنَ ﴿۸۴﴾ | **84** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ক˙া–লা মূছা– ইয়া ক˙াওমি ইং কুংতুম আ–মাংতুম বিল্লা–হি ফা'আলাইহি তাওয়াক্কালূ˜ ইং কুংতুম মুছলিমীন। | |
| *তরজমা* | মূসা বলিয়াছিল, 'হে আমার সম্প্রদায়! যদি তোমরা আল্লাহ্‌তে ঈমান আনিয়া থাক, যদি তোমরা আত্মসমর্পণকারী হও তবে তোমরা তাঁহারই উপর নির্ভর কর।' | |
| | فَقَالُوْا عَلَى اللّٰهِ تَوَكَّلْنَا ۚ رَبَّنَا لَا تَجْعَلْنَا فِتْنَةً لِّلْقَوْمِ الظّٰلِمِيْنَ ﴿۸۵﴾ | **85** |

| --- | --- | --- |
| প্রতিবর্ণায়ন | ফাক া-লূ 'আলাল্লা-হি তাওয়াক্কাল্না- (ج) রাব্বানা-লা-তাজ'আলনা- ফিতনাতাল লিল্ক াওমিজ জ া-লিমীন। | |
| তরজমা | অতঃপর তাহারা বলিল, 'আমরা আল্লাহ্‌র উপর নির্ভর করিলাম। হে আমাদের প্রতিপালক! আমাদেরকে জালিম সম্প্রদায়ের উৎপীড়নের পাত্র করিও না; | |
| | وَنَجِّنَا بِرَحْمَتِكَ مِنَ الْقَوْمِ الْكٰفِرِيْنَ ۝٨٦ | 86 |
| প্রতিবর্ণায়ন | ওয়া নাজজিনা- বিরাহ মাতিকা মিনাল ক াওমিল কা-ফিরীন। | |
| তরজমা | 'এবং আমাদেরকে তোমার অনুগ্রহে কাফির সম্প্রদায় হইতে রক্ষা কর।' | |
| | وَاَوْحَيْنَآ اِلٰى مُوْسٰى وَاَخِيْهِ اَنْ تَبَوَّاٰ لِقَوْمِكُمَا بِمِصْرَ بُيُوْتًا وَّاجْعَلُوْا بُيُوْتَكُمْ قِبْلَةً وَّاَقِيْمُوا الصَّلٰوةَ ۗ وَبَشِّرِ الْمُؤْمِنِيْنَ ۝٨٧ | 87 |
| প্রতিবর্ণায়ন | ওয়া আওহ াইনা~ ইলা- মূছা- ওয়া আখীহি আং তাবাওওয়াআ- লিক াওমিকুমা- বিমিসরা বুইউতাওঁ ওয়াজ'আলূ বুইউতাকুম কি বলাতাওঁ ওয়াআক ীমুসসালা-তা (ط) ওয়া বাশশিরিল মু'মিনীন। | |
| তরজমা | আমি মূসা ও তাহার ভ্রাতাকে প্রত্যাদেশ করিলাম, 'মিসরে তোমাদের সম্প্রদায়ের জন্য গৃহ স্থাপন কর এবং তোমাদের গৃহগুলিকে 'ইবাদতগৃহ কর, সালাত কায়েম কর এবং মু'মিনদেরকে সুসংবাদ দাও।' | |
| | وَقَالَ مُوْسٰى رَبَّنَآ اِنَّكَ اٰتَيْتَ فِرْعَوْنَ وَمَلَاَهٗ زِيْنَةً وَّاَمْوَالًا فِى الْحَيٰوةِ الدُّنْيَا ۙ رَبَّنَا لِيُضِلُّوْا عَنْ سَبِيْلِكَ ۚ رَبَّنَا اطْمِسْ عَلٰٓى اَمْوَالِهِمْ وَاشْدُدْ عَلٰى قُلُوْبِهِمْ فَلَا يُؤْمِنُوْا حَتّٰى يَرَوُا الْعَذَابَ الْاَلِيْمَ ۝٨٨ | 88 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ক া-লা মূছা- রাব্বানা~ ইন্নাকা আ-তাইতা ফির'আওনা ওয়া মালাআহূ ঝীনাতাওঁ ওয়া আমওয়া-লাং ফিল হ ায়া-তিদ্দুনইয়া- (ﻻ) রাব্বানা-লিইউদি ল্লূ 'আং ছাবীলিকা (ج) রাব্বানাত মিছ 'আলা~আমওয়া-লিহিম ওয়াশদুদ 'আলা- ক্ লূবিহিম ফালা- ইউ'মিনূ হ াত্তা-ইয়ারাউল 'আয া-বাল 'আলীম। | |
| তরজমা | মূসা বলিল, 'হে আমাদের প্রতিপালক! তুমি তো ফির'আওন ও তাহার পারিষদবর্গকে পার্থিব জীবনে শোভা ও সম্পদ দান করিয়াছ যদ্দ্বারা, হে আমাদের প্রতিপালক! উহারা মানুষকে তোমার পথ হইতে ভ্রষ্ট করে। হে আমাদের প্রতি-পালক! উহাদের সম্পদ বিনষ্ট কর, উহাদের হৃদয় কঠিন করিয়া দাও, উহারা তো মর্মন্তুদ শাস্তি প্রত্যক্ষ না করা পর্যন্ত ঈমান আনিবে না।' | |
| | قَالَ قَدْ اُجِيْبَتْ دَّعْوَتُكُمَا فَاسْتَقِيْمَا وَلَا تَتَّبِعٰٓنِّ سَبِيْلَ الَّذِيْنَ لَا يَعْلَمُوْنَ ۝٨٩ | 89 |

| --- | --- | --- |
| *প্রতিবর্ণায়ন* | ক্বা-লা ক্বাদ উজীবাদ্ দা'ওয়াতুকুমা- ফাছতাক্বীমা- ওয়ালা-তাত্তাবি'আ~ন্নি ছাবীলাল্লাযীনা লা-ইয়া'লামূন। | |
| *তরজমা* | তিনি বলিলেন, 'তোমাদের দুইজনের দু'আ কবূল হইল, সুতরাং তোমরা দৃঢ় থাক এবং তোমরা কখনও অজ্ঞদের পথ অনুসরণ করিও না।' | |
| | وَجٰوَزْنَا بِبَنِيْٓ اِسْرَآءِيْلَ الْبَحْرَ فَاَتْبَعَهُمْ فِرْعَوْنُ وَجُنُوْدُهٗ بَغْيًا وَّعَدْوًا ؕ حَتّٰٓى اِذَآ اَدْرَكَهُ الْغَرَقُ ۙ قَالَ اٰمَنْتُ اَنَّهٗ لَآ اِلٰهَ اِلَّا الَّذِيْٓ اٰمَنَتْ بِهٖ بَنُوْٓا اِسْرَآءِيْلَ وَاَنَا مِنَ الْمُسْلِمِيْنَ ۝٩٠ | **90** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া জা~ওয়াঝনা- বিবানী~ইছরা~ঈলাল বাহ্‌রা ফাআতবা'আহুম ফির'আওনু ওয়াজুনূদুহূ বাগইয়াওঁ ওয়া 'আদওয়ান (ط) হাত্তা~ ইযা-আদরাকাহুল গারাকু (ۙ) ক্বা-লা আ-মাংতু আন্নাহূ লা~ইলা-হা ইল্লাল্লাযী~ আ-মানত বিহী বানূ~ ইছরা~ঈলা ওয়া আনা-মিনাল মুছলিমীন। | |
| *তরজমা* | আমি বনী ইসরাঈলকে সমুদ্র পার করাইলাম এবং ফির'আওন ও তাহার সৈন্যবাহিনী ঔদ্ধত্য সহকারে সীমালংঘন করিয়া তাহাদের পশ্চাদ্ধাবন করিল। পরিশেষে যখন সে নিমজ্জমান হইল তখন বলিল, 'আমি বিশ্বাস করিলাম বনী ইসরাঈল যাহাতে বিশ্বাস করে। নিশ্চয়ই তিনি ব্যতীত অন্য কোন ইলাহ্ নাই এবং আমি আত্মসমর্পণকারীদের অন্তর্ভুক্ত।' | |
| | آٰلْـٰٔنَ وَقَدْ عَصَيْتَ قَبْلُ وَكُنْتَ مِنَ الْمُفْسِدِيْنَ ۝٩١ | **91** |
| *প্রতিবর্ণায়ন* | আ~ল্‌আ-না ওয়া ক্বাদ 'আসাইতা ক্বাবলু ওয়া কুংতা মিনাল মুফছিদীন। | |
| *তরজমা* | 'এখন! ইতিপূর্বে তো তুমি অমান্য করিয়াছ এবং তুমি অশান্তি সৃষ্টিকারীদের অন্তর্ভুক্ত ছিলে। | |
| | فَالْيَوْمَ نُنَجِّيْكَ بِبَدَنِكَ لِتَكُوْنَ لِمَنْ خَلْفَكَ اٰيَةً ؕ وَاِنَّ كَثِيْرًا مِّنَ النَّاسِ عَنْ اٰيٰتِنَا لَغٰفِلُوْنَ ۝٩٢ | **92** |
| *প্রতিবর্ণায়ন* | ফালইয়াওমা নুনাজ্‌জীকা বিবাদানিকা লিতাকূনা লিমান খালফাকা আ-য়াতাওঁ (ط) ওয়া ইন্না কাছীরাম মিনান্ না-ছি 'আন আ-য়া-তিনা-লাগা-ফিলূন। | |
| *তরজমা* | 'আজ আমি তোমার দেহটি রক্ষা করিব যাহাতে তুমি তোমার পরবর্তীদের জন্য নিদর্শন হইয়া থাক। অবশ্যই মানুষের মধ্যে অনেকে আমার নিদর্শন সম্বন্ধে গাফিল।' | |
| | وَلَقَدْ بَوَّاْنَا بَنِيْٓ اِسْرَآءِيْلَ مُبَوَّاَ صِدْقٍ وَّرَزَقْنٰهُمْ مِّنَ الطَّيِّبٰتِ ۚ فَمَا اخْتَلَفُوْا حَتّٰى جَآءَهُمُ الْعِلْمُ ؕ اِنَّ رَبَّكَ يَقْضِيْ بَيْنَهُمْ يَوْمَ الْقِيٰمَةِ فِيْمَا كَانُوْا فِيْهِ يَخْتَلِفُوْنَ ۝٩٣ | **93** |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাক˙াদ বাওওয়া'না-বানী˜ইছরা~ঈলা মুবাওওয়াআ সিদকি˙ওঁ ওয়া-রাঝাক্˙না-হুম মিনাত্˙ ত˙াইয়িবা-তি (ج) ফামাখ তালাফূ হ˙াত্তা- জা~আহুমুল 'ইলমু (ط) ইন্না রাব্বাকা ইয়াক˙দ˙ী বাইনাহুম ইয়াওমাল কি˙য়া-মাতি ফীমা-কা-নূ ফীহি ইয়াখতালিফূন। | |
| *তরজমা* | আমি তো বনী ইসরাঈলকে উৎকৃষ্ট আবাসভূমিতে বসবাস করাইলাম এবং আমি উহাদেরকে উত্তম জীবনোপকরণ দিলাম, অতঃপর উহাদের নিকট জ্ঞান আসিলে উহারা বিভেদ সৃষ্টি করিল। উহারা যে বিষয়ে বিভেদ সৃষ্টি করিয়াছিল তোমার প্রতিপালক অবশ্যই তাহাদের মধ্যে কিয়ামতের দিন উহার ফয়সালা করিয়া দিবেন। | |
| | فَإِنْ كُنْتَ فِيْ شَكٍّ مِّمَّآ اَنْزَلْنَآ اِلَيْكَ فَسْـَٔلِ الَّذِيْنَ يَقْرَءُوْنَ الْكِتٰبَ مِنْ قَبْلِكَ ۚ لَقَدْ جَآءَكَ الْحَقُّ مِنْ رَّبِّكَ فَلَا تَكُوْنَنَّ مِنَ الْمُمْتَرِيْنَ ﴿٩٤﴾ | 94 |
| *প্রতিবর্ণায়ন* | ফাইং কুংতা ফী শাক্কিম মিম্মা˜ আংঝালনা˜ ইলাইকা ফাছআলিল্লায˙ীনা ইয়াক˙রাঊনাল কিতা-বা মিং ক˙াবলিকা (ج) লাক˙াদ জা~আকাল্ হ˙াক্কু˙ মির রাব্বিকা ফালা- তাকূনান্না মিনাল মুমতারীন। | |
| *তরজমা* | আমি তোমার প্রতি যাহা অবতীর্ণ করিয়াছি উহাতে যদি তুমি সন্দেহে থাক তবে তোমার পূর্বের কিতাব যাহারা পাঠ করে তাহাদেরকে জিজ্ঞাসা কর ; তোমার প্রতিপালকের নিকট হইতে তোমার নিকট সত্য অবশ্যই আসিয়াছে। তুমি কখনও সন্দিগ্ধচিত্তদের অন্তর্ভুক্ত হইও না, | |
| | وَلَا تَكُوْنَنَّ مِنَ الَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِ اللّٰهِ فَتَكُوْنَ مِنَ الْخٰسِرِيْنَ ﴿٩٥﴾ | 95 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালা- তাকূনান্না মিনাল্লায˙ীনা কায্˙য˙াবূ বিআ-য়া-তিল্লা-হি ফাতাকূনা মিনাল খা-ছিরীন। | |
| *তরজমা* | এবং যাহারা আল্লাহ্‌র নিদর্শন প্রত্যাখ্যান করিয়াছে তুমি কখনও তাহাদের অন্তর্ভুক্ত হইও না-তাহা হইলে তুমিও ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হইবে। | |
| | اِنَّ الَّذِيْنَ حَقَّتْ عَلَيْهِمْ كَلِمَتُ رَبِّكَ لَا يُؤْمِنُوْنَ ﴿٩٦﴾ | 96 |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাল্লায˙ীনা হ˙াক্ক˙াত 'আলাইহিম কালিমাতু রাব্বিকা লা-ইউ'মিনূন। | |
| *তরজমা* | নিশ্চয়ই যাহাদের বিরুদ্ধে তোমার প্রতিপালকের বাক্য সাব্যস্ত হইয়া গিয়াছে, তাহারা ঈমান আনিবে না, | |
| | وَلَوْ جَآءَتْهُمْ كُلُّ اٰيَةٍ حَتّٰى يَرَوُا الْعَذَابَ الْاَلِيْمَ ﴿٩٧﴾ | 97 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালাও জা~আতহুম কুল্লু আ-য়াতিন হ˙াত্তা-ইয়ারাউল 'আয˙া-বাল আলীম। | |
| *তরজমা* | যদিও উহাদের নিকট প্রত্যেকটি নিদর্শন আসে যতক্ষণ না উহারা মর্মন্তুদ শাস্তি প্রত্যক্ষ করিবে। | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| | فَلَوْلَا كَانَتْ قَرْيَةٌ اٰمَنَتْ فَنَفَعَهَآ اِيْمَانُهَآ اِلَّا قَوْمَ يُوْنُسَ ۗ لَمَّآ اٰمَنُوْا كَشَفْنَا عَنْهُمْ عَذَابَ الْخِزْيِ فِي الْحَيٰوةِ الدُّنْيَا وَمَتَّعْنٰهُمْ اِلٰى حِيْنٍ ﴿٩٨﴾ | 98 |
| প্রতিবর্ণায়ন | ফালাওলা- কা-নাত কারইয়াতুন আ-মানাত ফানাফ‘আহা˜ ঈমা-নুহা˜ ইল্লা-কাওমা ইউনুছা (ط) লাম্মা˜ আ-মানূ কাশাফ্না-‘আনহুম ‘আযা-বাল খিঝ্য়ি ফিল হায়া-তিদ্দুনইয়া-ওয়ামাত্তা‘না-হুম ইলা-হীন। | |
| তরজমা | তবে ইউনুসের সম্প্রদায় ব্যতীত কোন জনপদবাসী কেন এমন হইল না যাহারা ঈমান আনিত এবং তাহাদের ঈমান তাহাদের উপকারে আসিত ? তাহারা যখন ঈমান আনিল তখন আমি তাহাদের নিকট হইতে পার্থিব জীবনের হীনতাজনক শাস্তি দূর করিলাম এবং উহাদেরকে কিছুকালের জন্য জীবনোপভোগ করিতে দিলাম। | |
| | وَلَوْ شَآءَ رَبُّكَ لَاٰمَنَ مَنْ فِي الْاَرْضِ كُلُّهُمْ جَمِيْعًا ۗ اَفَاَنْتَ تُكْرِهُ النَّاسَ حَتّٰى يَكُوْنُوْا مُؤْمِنِيْنَ ﴿٩٩﴾ | 99 |
| প্রতিবর্ণায়ন | ওয়ালাও শা~আ রাব্বুকা লাআ-মানা মাং ফিল আরদি কুল্লুহুম জামী‘আন (ط) আফাআংতা তুকরিহুন্না-ছা হাত্তা- ইয়াকূনূ মু’মিনীন। | |
| তরজমা | তোমার প্রতিপালক ইচ্ছা করিলে পৃথিবীতে যাহারা আছে তাহারা সকলেই অবশ্যই ঈমান আনিত; তবে কি তুমি মু’মিন হইবার জন্য মানুষের উপর জবরদস্তি করিবে ? | |
| | وَمَا كَانَ لِنَفْسٍ اَنْ تُؤْمِنَ اِلَّا بِاِذْنِ اللّٰهِ ۗ وَيَجْعَلُ الرِّجْسَ عَلَى الَّذِيْنَ لَا يَعْقِلُوْنَ ﴿١٠٠﴾ | 100 |
| প্রতিবর্ণায়ন | ওয়া মা-কা-না লিনাফছিন আন তু’মিনা ইল্লা- বিইযনিল্লা-হি (ط) ওয়া ইয়াজ‘আলুর্ রিজছা ‘আলাল্লাযীনা লা-ইয়া‘কিলূন। | |
| তরজমা | আল্লাহ্‌র অনুমতি ব্যতীত ঈমান আনা কাহারও সাধ্য নয় এবং যাহারা অনুধাবন করে না আল্লাহ্ তাহাদেরকে কলুষলিপ্ত করেন। | |
| | قُلِ انْظُرُوْا مَاذَا فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۗ وَمَا تُغْنِي الْاٰيٰتُ وَالنُّذُرُ عَنْ قَوْمٍ لَّا يُؤْمِنُوْنَ ﴿١٠١﴾ | 101 |
| প্রতিবর্ণায়ন | কুলিংজুরূ মা-যা- ফিছছামা-ওয়া-তি ওয়াল আরদি (ط) ওয়া মা-তুগনিল আ-য়া-তু ওয়াননুযুরু ‘আং কাওমিল্ লা-ইউ’মিনূন। | |
| তরজমা | বল, ‘আকাশমণ্ডলী ও পৃথিবীতে যাহা কিছু আছে তাহার প্রতি লক্ষ্য কর।’ নিদর্শনাবলী ও ভীতি প্রদর্শন অবিশ্বাসী সম্প্রদায়ের উপকারে আসে না। | |
| | فَهَلْ يَنْتَظِرُوْنَ اِلَّا مِثْلَ اَيَّامِ الَّذِيْنَ خَلَوْا مِنْ قَبْلِهِمْ ۗ قُلْ فَانْتَظِرُوْٓا اِنِّيْ مَعَكُمْ مِّنَ الْمُنْتَظِرِيْنَ ﴿١٠٢﴾ | 102 |

| প্রতিবর্ণায়ন | ফাহাল ইয়াংতাজি ৃরূনা ইল্লা– মিছ্ লা আইইয়া–মিল্লায ীনা খালাও মিং ক াবলিহিম (ط) কু ল ফাংতাজি ৃরূ ~ ইন্নী মা'আকুম মিনাল মুংতাজি ৃরীন। | |
| তরজমা | ইহারা কি ইহাদের পূর্বে যাহা ঘটিয়াছে উহার অনুরূপ ঘটনারই প্রতীক্ষা করে ? বল, 'তোমরা প্রতীক্ষা কর, আমিও তোমাদের সঙ্গে প্রতীক্ষা করিতেছি।' | |
| | ثُمَّ نُنَجِّىْ رُسُلَنَا وَالَّذِيْنَ اٰمَنُوْا كَذٰلِكَ ۚ حَقًّا عَلَيْنَا نُنْجِ الْمُؤْمِنِيْنَ ﴿١٠٣﴾ | 103 |
| প্রতিবর্ণায়ন | ছুম্মা নুনাজ্জী রুছুলানা– ওয়াল্লায ীনা আ–মানূ (ج) কায া–লিকা হ াক্ক ান 'আলাইনা– নুনজিল মু'মিনীন। | |
| তরজমা | পরিশেষে আমি আমার রাসূলগণকে এবং মু'মিনগণকেও উদ্ধার করি। এইভাবে আমার দায়িত্ব মু'মিনগণকে উদ্ধার করা। | |
| | قُلْ يٰۤاَيُّهَا النَّاسُ اِنْ كُنْتُمْ فِىْ شَكٍّ مِّنْ دِيْنِىْ فَلَاۤ اَعْبُدُ الَّذِيْنَ تَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ وَلٰكِنْ اَعْبُدُ اللّٰهَ الَّذِىْ يَتَوَفّٰٮكُمْ ۖۚ وَاُمِرْتُ اَنْ اَكُوْنَ مِنَ الْمُؤْمِنِيْنَ ﴿١٠٤﴾ | 104 |
| প্রতিবর্ণায়ন | কু ল ইয়া ~ আইয়ুহান্না–ছু ইং কুংতুম ফী শাক্কিম মিং দীনী ফালা– আ'বুদুল্লায ীনা তা'বুদূনা মিং দূনিল্লা–হি ওয়ালা–কিন আ'বুদুল্লা–হা ল্লায ী ইয়াতাওয়াফ্ফা–কুম (ج) ওয়া উমিরতু আন আকূনা মিনাল মু'মিনীন। | |
| তরজমা | বল, 'হে মানুষ! তোমরা যদি আমার দীনের প্রতি সংশয়যুক্ত হও তবে জানিয়া রাখ, তোমরা আল্লাহ্ ব্যতীত যাহাদের 'ইবাদত কর আমি উহাদের 'ইবাদত করি না। পরন্তু আমি 'ইবাদত করি আল্লাহ্র যিনি তোমাদের মৃত্যু ঘটান এবং আমি মু'মিনদের অন্তর্ভুক্ত হইবার জন্য আদিষ্ট হইয়াছি, | |
| | وَاَنْ اَقِمْ وَجْهَكَ لِلدِّيْنِ حَنِيْفًا ۚ وَلَا تَكُوْنَنَّ مِنَ الْمُشْرِكِيْنَ ﴿١٠٥﴾ | 105 |
| প্রতিবর্ণায়ন | ওয়া আন আকি ম ওয়াজহাকা লিদ্দীনি হ ানীফাওঁ (ج) ওয়ালা– তাকূনান্না মিনাল মুশরিকীন। | |
| তরজমা | আর উহাও এই যে, 'তুমি একনিষ্ঠভাবে দীনে প্রতিষ্ঠিত হও এবং কখনই মুশরিকদের অন্তর্ভুক্ত হইও না, | |
| | وَلَا تَدْعُ مِنْ دُوْنِ اللّٰهِ مَا لَا يَنْفَعُكَ وَلَا يَضُرُّكَ ۚ فَاِنْ فَعَلْتَ فَاِنَّكَ اِذًا مِّنَ الظّٰلِمِيْنَ ﴿١٠٦﴾ | 106 |
| প্রতিবর্ণায়ন | ওয়ালা– তাদ'উ মিং দূনিল্লা–হি মা–লা– ইয়াংফা'উকা ওয়ালা–ইয়াদু র্রুকা (ج) ফাইং ফা'আলতা ফাইন্নাকা ইয া ম্ মিনাজ জ া–লিমীন। | |

| তরজমা | ‘এবং আল্লাহ্ ব্যতীত অন্য কাহাকেও ডাকিবে না, যাহা তোমার উপকারও করে না, অপকারও করে না, কারণ ইহা করিলে তখন তুমি অবশ্যই জালিমদের অন্তর্ভুক্ত হইবে।’ | |
| | وَإِنْ يَمْسَسْكَ اللَّهُ بِضُرٍّ فَلَا كَاشِفَ لَهُ إِلَّا هُوَ ۖ وَإِنْ يُرِدْكَ بِخَيْرٍ فَلَا رَادَّ لِفَضْلِهِ ۚ يُصِيبُ بِهِ مَنْ يَشَاءُ مِنْ عِبَادِهِ ۚ وَهُوَ الْغَفُورُ الرَّحِيمُ ١٠٧ | 107 |
| প্রতিবর্ণায়ন | ওয়াইয়ঁ ইয়ামছাছ্কাল্লা-হু বিদু˙ররিং ফালা- কা-শিফা লাহূ˜ ইল্লা-হুওয়া (ج) ওয়া ইয়ঁ ইউরিদ্কা বিখাইরিং ফালা-রা~দ্দা লিফাদ˙লিহী (ط) ইউসীবু বিহী মাইঁ ইয়াশা~উ মিন ‘ইবা-দিহী (ط) ওয়া হুওয়াল গাফূরুর রাহ˙ীম। | |
| তরজমা | ‘এবং আল্লাহ্ তোমাকে ক্লেশ দিলে তিনি ব্যতীত ইহা মোচনকারী আর কেহ নাই এবং আল্লাহ্ যদি তোমার মঙ্গল চান তবে তাঁহার অনুগ্রহ রদ করিবার কেহ নাই। তাঁহার বান্দাদের মধ্যে যাহাকে ইচ্ছা তিনি মঙ্গল দান করেন। তিনি ক্ষমাশীল, পরম দয়ালু।’ | |
| | قُلْ يَا أَيُّهَا النَّاسُ قَدْ جَاءَكُمُ الْحَقُّ مِنْ رَبِّكُمْ ۖ فَمَنِ اهْتَدَىٰ فَإِنَّمَا يَهْتَدِي لِنَفْسِهِ ۖ وَمَنْ ضَلَّ فَإِنَّمَا يَضِلُّ عَلَيْهَا ۖ وَمَا أَنَا عَلَيْكُمْ بِوَكِيلٍ ١٠٨ | 108 |
| প্রতিবর্ণায়ন | কু˙ল ইয়া˜আইয়ুহান্না-ছু ক˙াদ জা~আকুমুল হ˙াক্কু˙ মির রাব্বিকুম (ج) ফামানিহ্তাদা-ফাইন্নামা- ইয়াহতাদী লিনাফছিহী (ج) ওয়া মাং দ˙াল্লা ফাইন্নামা- ইয়াদিল্লু ‘আলাইহা- (ج) ওয়ামা˜আনা- ‘আলাইকুম বিওয়াকীল। | |
| তরজমা | বল, ‘হে মানুষ! তোমাদের প্রতিপালকের নিকট হইতে তোমাদের নিকট সত্য আসিয়াছে। সুতরাং যাহারা সৎপথ অবলম্বন করিবে তাহারা তো নিজেদেরই মঙ্গলের জন্য সৎপথ অবলম্বন করিবে এবং যাহারা পথভ্রষ্ট হইবে তাহারা তো পথভ্রষ্ট হইবে নিজেদেরই ধ্বংসের জন্য এবং আমি তোমাদের কর্মবিধায়ক নই।’ | |
| | وَاتَّبِعْ مَا يُوحَىٰ إِلَيْكَ وَاصْبِرْ حَتَّىٰ يَحْكُمَ اللَّهُ ۚ وَهُوَ خَيْرُ الْحَاكِمِينَ ١٠٩ | 109 |
| প্রতিবর্ণায়ন | ওয়াত্তাবি‘ মা ইউহ˙া˜ ইলাইকা ওয়াস্‌বির হ˙াত্তা- ইয়াহ˙কুমাল্লা-হু (ج) ওয়া হুওয়া খাইরুল হ˙া-কিমীন। | |
| তরজমা | তোমার প্রতি যে ওহী অবতীর্ণ হইয়াছে তুমি তাহার অনুসরণ কর এবং তুমি ধৈর্য ধারণ কর, যে পর্যন্ত না আল্লাহ্ ফয়সালা করেন এবং আল্লাহ্ই সর্বোত্তম বিধানকর্তা। | |

بِسۡمِ اللّٰہِ الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ

| | | |
|---|---|---|
| | الٓرٰ ۟ کِتٰبٌ اُحۡکِمَتۡ اٰیٰتُہٗ ثُمَّ فُصِّلَتۡ مِنۡ لَّدُنۡ حَکِیۡمٍ خَبِیۡرٍ ۙ﴿۱﴾ | **1** |
| *প্রতিবর্ণায়ন* | আলিফ লা~ম রা-, কিতা-বুন উহ্‌কিমাত আ-য়া-তুহূ ছু ম্মা ফুসসিলাত মিল্লাদুন হা'কীমিন খাবীর। | |
| *তরজমা* | আলিফ-লাম-রা, এই কিতাব প্রজ্ঞাময়, সর্বজ্ঞের নিকট হইতে; ইহার আয়াতসমূহ সুস্পষ্ট, সুবিন্যস্ত ও পরে বিশদভাবে বিবৃত যে, | |
| | اَلَّا تَعۡبُدُوۡۤا اِلَّا اللّٰہَ ؕ اِنَّنِیۡ لَکُمۡ مِّنۡہُ نَذِیۡرٌ وَّ بَشِیۡرٌ ۙ﴿۲﴾ | **2** |
| *প্রতিবর্ণায়ন* | আল্লা তা'বুদূ~ ইল্লাল্লা-হা (ط) ইন্নানী লাকুম মিনহু নায ীরুওঁ ওয়াবাশীর। | |
| *তরজমা* | তোমরা আল্লাহ্ ব্যতীত অন্যের 'ইবাদত করিবে না, অবশ্যই আমি তাঁহার পক্ষ হইতে তোমাদের জন্য সতর্ককারী ও সুসংবাদদাতা। | |
| | وَّ اَنِ اسۡتَغۡفِرُوۡا رَبَّکُمۡ ثُمَّ تُوۡبُوۡۤا اِلَیۡہِ یُمَتِّعۡکُمۡ مَّتَاعًا حَسَنًا اِلٰۤی اَجَلٍ مُّسَمًّی وَّ یُؤۡتِ کُلَّ ذِیۡ فَضۡلٍ فَضۡلَہٗ ؕ وَ اِنۡ تَوَلَّوۡا فَاِنِّیۡۤ اَخَافُ عَلَیۡکُمۡ عَذَابَ یَوۡمٍ کَبِیۡرٍ ﴿۳﴾ | **3** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আনিছ্‌তাগফিরূ রাব্বাকুম ছু ম্মা তূবূ ইলাইহি ইউমাত্তি'কুম মাতা-'আন হা'ছানান ইলা~ আজালিম মুছাম্মাওঁ ওয়াইউ'তি কুল্লা যী ফাদলিং ফাদ'লাহূ (ط) ওয়া ইং তাওয়াল্লাও ফাইন্নী~ আখা-ফু 'আলাইকুম 'আয া-বা ইয়াওমিং কাবীর। | |
| *তরজমা* | আরও যে, তোমরা তোমাদের প্রতিপালকের নিকট ক্ষমা প্রার্থনা কর ও তাঁহার দিকে প্রত্যাবর্তন কর, তিনি তোমাদেরকে এক নির্দিষ্ট কালের জন্য উত্তম জীবন উপভোগ করিতে দিবেন এবং তিনি প্রত্যেক গু ণীজনকে তাহার প্রাপ্য মর্যাদা দান করিবেন। যদি তোমরা মুখ ফিরাইয়া নাও তবে আমি তোমাদের জন্য আশংকা করি মহাদিবসের শাস্তির। | |
| | اِلَی اللّٰہِ مَرۡجِعُکُمۡ ۚ وَ ہُوَ عَلٰی کُلِّ شَیۡءٍ قَدِیۡرٌ ﴿۴﴾ | **4** |
| *প্রতিবর্ণায়ন* | ইলাল্লা-হি মারজি'উকুম (ج) ওয়া হুওয়া 'আলা-কুল্লি শাইইং ক াদীর। | |
| *তরজমা* | আল্লাহ্‌রই নিকট তোমাদের প্রত্যাবর্তন এবং তিনি সর্ববিষয়ে সর্বশক্তিমান। | |
| | اَلَاۤ اِنَّہُمۡ یَثۡنُوۡنَ صُدُوۡرَہُمۡ لِیَسۡتَخۡفُوۡا مِنۡہُ ؕ اَلَا حِیۡنَ یَسۡتَغۡشُوۡنَ ثِیَابَہُمۡ ۙ یَعۡلَمُ مَا یُسِرُّوۡنَ وَ مَا یُعۡلِنُوۡنَ ۚ اِنَّہٗ عَلِیۡمٌۢ بِذَاتِ الصُّدُوۡرِ ﴿۵﴾ | **5** |

| | | |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | আলা~ ইন্নাহুম ইয়াছ্‌নূনা সুদূরাহুম লিইয়াছতাখফূ মিনহু (ط) আলা-হ্বীনা ইয়াছতাগশূনা ছিয়া-বাহুম (ﻻ) ইয়া‘লামু মা-ইউছিররূনা ওয়ামা- ইউ‘লিনূনা (ج) ইন্নাহূ ‘আলীমুম বিযা-তিসসুদূর। | |
| *তরজমা* | সাবধান! নিশ্চয়ই উহারা তাঁহার নিকট গোপন রাখিবার জন্য উহাদের বক্ষ দ্বিভাঁজ করে। সাবধান! উহারা যখন নিজেদেরকে বস্ত্রে আচ্ছাদিত করে তখন উহারা যাহা গোপন করে ও প্রকাশ করে, তিনি তাহা জানেন। অন্তরে যাহা আছে, নিশ্চয়ই তিনি তাহা সবিশেষ অবহিত। | |
| | وَمَا مِنْ دَآبَّةٍ فِي الْاَرْضِ اِلَّا عَلَى اللّٰهِ رِزْقُهَا وَيَعْلَمُ مُسْتَقَرَّهَا وَمُسْتَوْدَعَهَا ؕ كُلٌّ فِيْ كِتٰبٍ مُّبِيْنٍ ۝ | 6 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা-মিং দা~ববাতিং ফিল আরদি ইল্লা- ‘আলাল্লা-হি রিঝ্‌কুহা- ওয়া ইয়া‘লামু মুছতাকাররাহা-ওয়া মুছতাওদা‘আহা- (ط) কুল্লুং ফী কিতা-বিম মুবীন। | |
| *তরজমা* | ভূপৃষ্ঠে বিচরণকারী সকলের জীবিকার দায়িত্ব আল্লাহ্‌রই। তিনি উহাদের স্থায়ী ও অস্থায়ী অবস্থিতি সম্বন্ধে অবহিত; সুস্পষ্ট কিতাবে সব কিছুই আছে। | |
| | وَهُوَ الَّذِيْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ فِيْ سِتَّةِ اَيَّامٍ وَّكَانَ عَرْشُهٗ عَلَى الْمَآءِ لِيَبْلُوَكُمْ اَيُّكُمْ اَحْسَنُ عَمَلًا ؕ وَلَئِنْ قُلْتَ اِنَّكُمْ مَّبْعُوْثُوْنَ مِنْۢ بَعْدِ الْمَوْتِ لَيَقُوْلَنَّ الَّذِيْنَ كَفَرُوْۤا اِنْ هٰذَاۤ اِلَّا سِحْرٌ مُّبِيْنٌ ۝ | 7 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া হুওয়াল্লাযী খালাকাছছামা-ওয়া-তি ওয়াল আরদা ফী ছিত্তাতি আইয়া-মিওঁ ওয়া কা-না ‘আরশুহূ ‘আলাল মা~ই লিইয়াবলুওয়াকুম আইয়ুকুম আহ্‌ছানু ‘আমালাওঁ (ط) ওয়ালাইং কুলতা ইন্নাকুম মাব‘ঊছূনা মিম বা‘দিল মাওতি লাইয়াকূলান্নাল্লাযীনা কাফারূ~ ইন হা-যা-ইল্লা- ছিহ্‌রুম মুবীন। | |
| *তরজমা* | আর তিনিই আকাশমণ্ডলী ও পৃথিবী ছয় দিনে সৃষ্টি করেন, তখন তাঁহার আরশ ছিল পানির উপর, তোমাদের মধ্যে কে কর্মে শ্রেষ্ঠ তাহা পরীক্ষা করিবার জন্য। তুমি যদি বল, ‘মৃত্যুর পর তোমরা অবশ্যই উত্থিত হইবে,’ কাফিররা নিশ্চয়ই বলিবে, ‘ইহা তো সুস্পষ্ট জাদু।’ | |
| | وَلَئِنْ اَخَّرْنَا عَنْهُمُ الْعَذَابَ اِلٰۤى اُمَّةٍ مَّعْدُوْدَةٍ لَّيَقُوْلُنَّ مَا يَحْبِسُهٗ ؕ اَلَا يَوْمَ يَاْتِيْهِمْ لَيْسَ مَصْرُوْفًا عَنْهُمْ وَحَاقَ بِهِمْ مَّا كَانُوْا بِهٖ يَسْتَهْزِءُوْنَ ۝ | 8 |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাইন আখখারনা–‘আনহুমুল ‘আযা–বা ইলা~ উম্মাতিম্ মা‘দূদাতিল লাইয়াকূলুন্না মা–ইয়াহ্বিছুহূ (ط) আলা– ইয়াওমা ইয়া’তীহিম লাইছা মাছরূফান ‘আনহুম ওয়া হা–কা বিহীম মা–কা–নূ বিহী ইয়াছতাহঝিউ–ন। | |
| *তরজমা* | নির্দিষ্ট কালের জন্য আমি যদি উহাদের হইতে শাস্তি স্থগিত রাখি তবে উহারা নিশ্চয় বলিবে, ‘কিসে উহা নিবারণ করিতেছে ?’ সাবধান! যে দিন উহাদের নিকট ইহা আসিবে সেদিন উহাদের নিকট হইতে উহা নিবৃত্ত করা হইবে না এবং যাহা লইয়া উহারা ঠাট্টা-বিদ্রূপ করে তাহা উহাদেরকে পরিবেষ্টন করিবে। | |
| | وَلَئِنْ أَذَقْنَا الْإِنسَانَ مِنَّا رَحْمَةً ثُمَّ نَزَعْنَاهَا مِنْهُ ۚ إِنَّهُ لَيَئُوسٌ كَفُورٌ ﴿٩﴾ | 9 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালাইন আযাক্নাল ইংছা–না মিন্না–রাহ্মাতাং ছুম্মা নাঝা‘না–হা–মিনহু (ج) ইন্নাহূ লাইয়াউছুং কাফূর। | |
| *তরজমা* | যদি আমি মানুষকে আমার নিকট হইতে অনুগ্রহ আস্বাদন করাই ও পরে তাহার নিকট হইতে উহা প্রত্যাহার করি তখন সে অবশ্যই হতাশ ও অকৃতজ্ঞ হইবে। | |
| | وَلَئِنْ أَذَقْنَاهُ نَعْمَاءَ بَعْدَ ضَرَّاءَ مَسَّتْهُ لَيَقُولَنَّ ذَهَبَ السَّيِّئَاتُ عَنِّي ۚ إِنَّهُ لَفَرِحٌ فَخُورٌ ﴿١٠﴾ | 10 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালাই আযাক্না–হু না‘মা~আ বা‘দা দাররা~আ মাছছাতহু লাইয়াকূলান্না যাহাবাছ ছাইয়িআ–তু ‘আন্নী (ط) ইন্নাহূ লাফারিহুং ফাখূর। | |
| *তরজমা* | আর যদি দুঃখ-দৈন্য স্পর্শ করিবার পর আমি তাহাকে সুখ-সম্পদ আস্বাদন করাই তখন সে অবশ্যই বলিবে, ‘আমার বিপদ-আপদ কাটিয়া গিয়াছে’, আর সে তো হয় উৎফুল্ল ও অহংকারী। | |
| | إِلَّا الَّذِينَ صَبَرُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ أُولَٰئِكَ لَهُم مَّغْفِرَةٌ وَأَجْرٌ كَبِيرٌ ﴿١١﴾ | 11 |
| *প্রতিবর্ণায়ন* | ইল্লাল্লাযীনা সাবারূ ওয়া ‘আমিলুসসা–লিহা–তি (ط) উলা~ইকা লাহুম মাগফিরাতুওঁ ওয়া আজরুং কাবীর। | |
| *তরজমা* | কিন্তু যাহারা ধৈর্যশীল ও সৎকর্মপরায়ণ তাহাদেরই জন্য আছে ক্ষমা ও মহাপুরস্কার। | |
| | فَلَعَلَّكَ تَارِكٌ بَعْضَ مَا يُوحَىٰ إِلَيْكَ وَضَائِقٌ بِهِ صَدْرُكَ أَن يَقُولُوا لَوْلَا أُنزِلَ عَلَيْهِ كَنزٌ أَوْ جَاءَ مَعَهُ مَلَكٌ ۚ إِنَّمَا أَنتَ نَذِيرٌ ۚ وَاللَّهُ عَلَىٰ كُلِّ شَيْءٍ وَكِيلٌ ﴿١٢﴾ | 12 |
| *প্রতিবর্ণায়ন* | ফালা‘আল্লাকা তা–রিকুম্ বা‘দা মা–ইউহা~ ইলাইকা ওয়া দা~ইকুম বিহী সাদরুকা আইঁ ইয়াকূলূ লাওলা~ উংঝিলা ‘আলাইহি কাংঝুন আও জা~আ মা‘আহূ মালাকুন (ط) ইন্নামা~ আংতা নাযীরুওঁ (ط) ওয়াল্লা–হু ‘আলা–কুল্লি শাইইওঁ ওয়াকীল। | |

| | | |
| --- | --- | --- |
| তরজমা | তবে কি তোমার প্রতি যাহা অবতীর্ণ হইয়াছে তাহার কিছু তুমি বর্জন করিবে এবং ইহাতে তোমার মন সংকুচিত হইবে এইজন্য যে, তাহারা বলে, 'তাহার নিকট ধনভাণ্ডার প্রেরিত হয় না কেন অথবা তাহার সঙ্গে ফিরিশতা আসে না কেন ?' তুমি তো কেবল সতর্ককারী এবং আল্লাহ্ সর্ববিষয়ের কর্মবিধায়ক। | |
| | اَمۡ يَقُوۡلُوۡنَ افۡتَرٰىهُ‌ ؕ قُلۡ فَاۡتُوۡا بِعَشۡرِ سُوَرٍ مِّثۡلِهٖ مُفۡتَرَيٰتٍ وَّادۡعُوۡا مَنِ اسۡتَطَعۡتُمۡ مِّنۡ دُوۡنِ اللّٰهِ اِنۡ كُنۡتُمۡ صٰدِقِيۡنَ ۝١٣ | 13 |
| প্রতিবর্ণায়ন | আম ইয়াকূ লুনাফ্ তারা-হু (ط) কু ল ফা'তূ বি'আশরি ছুওয়ারিম মিছ লিহী মুফতারাইয়া-তিওঁ ওয়াদ'উ মানিছ্তাত া'তুম মিংদূনিল্লা-হি ইং কুংতুম সা-দিক ীন। | |
| তরজমা | তাহারা কি বলে, 'সে ইহা নিজে রচনা করিয়াছে ?' বল, 'তোমরা যদি সত্যবাদী হও তবে তোমরা ইহার অনুরূপ দশটি স্বরচিত সূরা আনয়ন কর এবং আল্লাহ্ ব্যতীত অপর যাহাকে পার, ডাকিয়া নাও।' | |
| | فَاِلَّمۡ يَسۡتَجِيۡبُوۡا لَـكُمۡ فَاعۡلَمُوۡۤا اَنَّمَاۤ اُنۡزِلَ بِعِلۡمِ اللّٰهِ وَاَنۡ لَّاۤ اِلٰهَ اِلَّا هُوَ‌ ۚ فَهَلۡ اَنۡتُمۡ مُّسۡلِمُوۡنَ ۝١٤ | 14 |
| প্রতিবর্ণায়ন | ফাইল্লাম ইয়াছতাজীবূ লাকুম ফা'লামূ~আন্নামা~উংঝিলা বি'ইলমিল্লা-হি ওয়া আল্লা~ইলা-হা ইল্লা- হুওয়া (ج) ফাহাল আংতুম মুছলিমূন। | |
| তরজমা | যদি তাহারা তোমাদের আহ্বানে সাড়া না দেয় তবে জানিয়া রাখ, ইহা তো আল্লাহ্র ইল্ম মুতাবিক অবতীর্ণ এবং তিনি ব্যতীত অন্য কোন ইলাহ্ নাই। তাহা হইলে তোমরা আত্মসমর্পণকারী হইবে কি ? | |
| | مَنۡ كَانَ يُرِيۡدُ الۡحَيٰوةَ الدُّنۡيَا وَزِيۡنَتَهَا نُوَفِّ اِلَيۡهِمۡ اَعۡمَالَهُمۡ فِيۡهَا وَهُمۡ فِيۡهَا لَا يُبۡخَسُوۡنَ ۝١٥ | 15 |
| প্রতিবর্ণায়ন | মাং কা-না ইউরীদুল হ ায়া-তাদ্দুনইয়া- ওয়াঝীনাতাহা- নুওয়াফফি ইলাইহিম আ'মা-লাহুম ফীহা- ওয়াহুম ফীহা- লা-ইউব্খাছূন। | |
| তরজমা | যে কেহ পার্থিব জীবন ও উহার শোভা কামনা করে, দুনিয়ায় আমি উহাদের কর্মের পূর্ণফল দান করি এবং সেখানে তাহাদেরকে কম দেওয়া হইবে না। | |
| | اُولٰٓـئِكَ الَّذِيۡنَ لَيۡسَ لَهُمۡ فِى الۡاٰخِرَةِ اِلَّا النَّارُ ‌ۖ وَحَبِطَ مَا صَنَعُوۡا فِيۡهَا وَبٰطِلٌ مَّا كَانُوۡا يَعۡمَلُوۡنَ ۝١٦ | 16 |
| প্রতিবর্ণায়ন | উলা~ইকাল্লায ীনা লাইছা লাহুম ফিল আ-খিরাতি ইল্লান্না-রু (ز) ওয়া হ াবিত া মা-সানা'উ ফীহা-ওয়া বা-তি লুম মা-কা-নূ ইয়া'মালূন। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | উহাদের জন্য আখিরাতে দোযখ ব্যতীত অন্য কিছুই নাই এবং উহারা যাহা করে আখিরাতে তাহা নিষ্ফল হইবে এবং উহারা যাহা করিয়া থাকে তাহা নিরর্থক। | |
| | أَفَمَن كَانَ عَلَىٰ بَيِّنَةٍ مِّن رَّبِّهِ وَيَتْلُوهُ شَاهِدٌ مِّنْهُ وَمِن قَبْلِهِ كِتَابُ مُوسَىٰ إِمَامًا وَرَحْمَةً ۚ أُولَٰئِكَ يُؤْمِنُونَ بِهِ ۚ وَمَن يَكْفُرْ بِهِ مِنَ الْأَحْزَابِ فَالنَّارُ مَوْعِدُهُ ۚ فَلَا تَكُ فِي مِرْيَةٍ مِّنْهُ ۚ إِنَّهُ الْحَقُّ مِن رَّبِّكَ وَلَٰكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يُؤْمِنُونَ ﴿١٧﴾ | **17** |
| *প্রতিবর্ণায়ন* | আফামাং কা–না ‘আলা– বাইয়্যিনাতিম মির রাব্বিহী ওয়া ইয়াতলূহু শা–হিদুম মিনহু ওয়ামিং ক˙াবলিহী কিতা–বু মূছা– ইমা–মাওঁ ওয়া রাহ˙মাতান (ط) উলা~ইকা ইউ’মিনূনা বিহী (ط) ওয়া মাইঁ ইয়াকফুর বিহী মিনাল আহ˙ঝা–বি ফান্‌না–রু মাও‘ইদুহূ (ج) ফালা–তাকু ফী মিরইয়াতিম মিনহু (ق) ইন্নাহুল হ˙াক্কু˙ মির রাব্বিকা ওয়ালা–কিন্না আকছ˙ারান্না–ছি লা–ইউ’মিনূন। | |
| *তরজমা* | তাহারা কি উহাদের সমতুল্য যাহারা প্রতিষ্ঠিত উহাদের প্রতিপালক-প্রেরিত স্পষ্ট প্রমাণের উপর, যাহার অনুসরণ করে তাঁহার প্রেরিত সাক্ষী এবং যাহার পূর্বে ছিল মূসার কিতাব আদর্শ ও অনুগ্রহস্বরূপ ? উহারাই ইহাতে বিশ্বাসী। অন্যান্য দলের যাহারা ইহাকে অস্বীকার করে, দোযখই তাহাদের প্রতিশ্রুত স্থান। সুতরাং তুমি ইহাতে সন্দিগ্ধ হইও না। ইহা তো তোমার প্রতিপালক-প্রেরিত সত্য, কিন্তু অধিকাংশ মানুষ বিশ্বাস করে না। | |
| | وَمَنْ أَظْلَمُ مِمَّنِ افْتَرَىٰ عَلَى اللَّهِ كَذِبًا ۚ أُولَٰئِكَ يُعْرَضُونَ عَلَىٰ رَبِّهِمْ وَيَقُولُ الْأَشْهَادُ هَٰؤُلَاءِ الَّذِينَ كَذَبُوا عَلَىٰ رَبِّهِمْ ۚ أَلَا لَعْنَةُ اللَّهِ عَلَى الظَّالِمِينَ ﴿١٨﴾ | **18** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া মান আজ˙লামূ মিম্মানিফতারা–‘আলাল্লা–হি কাযি˙বান (ط) উলা~ইকা ইউ‘রাদ˙না ‘আলা–রাব্বিহিম্‌ ওয়া ইয়াকূ˙লুল আশহা–দু হা˜উলা~ইল্লায˙ীনা কায˙াবূ ‘আলা–রাব্বিহিম (ج) আলা–লা‘নাতুল্লা–হি ‘আলাজ্‌জ˙া–লিমীন। | |
| *তরজমা* | যাহারা আল্লাহ্‌ সম্বন্ধে মিথ্যা রচনা করে তাহাদের অপেক্ষা অধিক জালিম আর কে ? উহাদেরকে উপস্থিত করা হইবে উহাদের প্রতিপালকের সম্মুখে এবং সাক্ষিগণ বলিবে, ‘ইহারাই ইহাদের প্রতিপালকের বিরুদ্ধে মিথ্যা আরোপ করিয়াছিল।’ সাবধান ! আল্লাহ্‌র লা‘নত জালিমদের উপর, | |
| | الَّذِينَ يَصُدُّونَ عَن سَبِيلِ اللَّهِ وَيَبْغُونَهَا عِوَجًا وَهُم بِالْآخِرَةِ هُمْ كَافِرُونَ ﴿١٩﴾ | **19** |
| *প্রতিবর্ণায়ন* | আল্লায˙ীনা ইয়াসুদ্দূনা ‘আং ছাবীলিল্লা–হি ওয়া ইয়াবগূনাহা–‘ইওয়াজাওঁ (ط) ওয়াহুম বিলআ–খিরাতি হুম কা–ফিরূন। | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | যাহারা আল্লাহ্র পথে বাধা দেয় এবং উহাতে বক্রতা অনুসন্ধান করে; এবং ইহারাই আখিরাত প্রত্যাখ্যান করে। | |
| | أُولَٰٓئِكَ لَمْ يَكُونُوا مُعْجِزِينَ فِي الْأَرْضِ وَمَا كَانَ لَهُمْ مِّنْ دُونِ اللَّهِ مِنْ أَوْلِيَآءَ ۘ يُضٰعَفُ لَهُمُ الْعَذَابُ ۚ مَا كَانُوا يَسْتَطِيعُونَ السَّمْعَ وَمَا كَانُوا يُبْصِرُونَ ﴿٢٠﴾ | 20 |
| *প্রতিবর্ণায়ন* | উলা~ইকা লাম ইয়াকূনূ মু‘জিঝীনা ফিল আরদি ওয়ামা-কা-না লাহুম মিং দূনিল্লা-হি মিন আওলিয়া~আ(م)। ইউদা-‘আফু লাহুমুল ‘আযা-বু (ط) মা-কা-নূ ইয়াছতাতী‘উনাছ্ছাম‘আ ওয়ামা-কা-নূ ইউবসিরূন। | |
| *তরজমা* | উহারা পৃথিবীতে আল্লাহ্কে অপারগ করিতে পারিত না এবং আল্লাহ্ ব্যতীত উহাদের অপর কোন অভিভাবক ছিল না ; উহাদের শাস্তি দ্বিগুণ করা হইবে ; উহাদের শুনিবার সামর্থ্যও ছিল না এবং উহারা দেখিতও না। | |
| | أُولَٰٓئِكَ الَّذِينَ خَسِرُوٓا أَنفُسَهُمْ وَضَلَّ عَنْهُم مَّا كَانُوا يَفْتَرُونَ ﴿٢١﴾ | 21 |
| *প্রতিবর্ণায়ন* | উলা~ইকাল্লাযীনা খাছিরূ আংফুছাহুম ওয়াদাল্লা ‘আনহুম মা-কা-নূ ইয়াফতারূন। | |
| *তরজমা* | উহারা নিজেদেরই ক্ষতি করিল এবং উহারা যে অলীক কল্পনা করিত তাহা উহাদের নিকট হইতে উধাও হইয়া গেল। | |
| | لَا جَرَمَ أَنَّهُمْ فِي الْآخِرَةِ هُمُ الْأَخْسَرُونَ ﴿٢٢﴾ | 22 |
| *প্রতিবর্ণায়ন* | লা-জারামা আন্নাহুম ফিল আ-খিরাতি হুমুল আখছারূন। | |
| *তরজমা* | নিঃসন্দেহে উহারাই আখিরাতে সর্বাধিক ক্ষতিগ্রস্ত। | |
| | إِنَّ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّٰلِحَٰتِ وَأَخْبَتُوٓا إِلَىٰ رَبِّهِمْ ۙ أُولَٰٓئِكَ أَصْحَٰبُ الْجَنَّةِ ۖ هُمْ فِيهَا خَٰلِدُونَ ﴿٢٣﴾ | 23 |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাল্লাযীনা আ-মানূ ওয়া ‘আমিলুসসা-লিহা-তি ওয়া আখবাতূ~ইলা-রাব্বিহিম (لا) উলা~ইকা আসহা-বুল জান্নাতি (ج) হুম ফীহা-খা-লিদূন। | |
| *তরজমা* | যাহারা মু’মিন, সৎকর্মপরায়ণ এবং তাহাদের প্রতিপালকের প্রতি বিনয়াবনত, তাহারাই জান্নাতের অধিবাসী, সেখানে তাহারা স্থায়ী হইবে। | |
| | مَثَلُ الْفَرِيقَيْنِ كَالْأَعْمَىٰ وَالْأَصَمِّ وَالْبَصِيرِ وَالسَّمِيعِ ۚ هَلْ يَسْتَوِيَانِ مَثَلًا ۚ أَفَلَا تَذَكَّرُونَ ﴿٢٤﴾ | 24 |
| *প্রতিবর্ণায়ন* | মাছালুল ফারীকাইনি কালআ‘মা-ওয়াল আসাম্মি ওয়াল বাসীরি ওয়াছছামী‘ই (ط) হাল ইয়াছতাবিইয়া-নি মাছালান- (ط) আফালা-তাযাক্কারূন। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | দল দুইটির উপমা অন্ধ ও বধিরের এবং চক্ষুষ্মান ও শ্রবণ শক্তিসম্পন্নের ন্যায়, তুলনায় এই দুই কি সমান ? তবুও কি তোমরা শিক্ষা গ্রহণ করিবে না ? | |
| | وَلَقَدۡ اَرۡسَلۡنَا نُوۡحًا اِلٰی قَوۡمِهٖۤ ۫ اِنِّیۡ لَکُمۡ نَذِیۡرٌ مُّبِیۡنٌ ﴿۲۵﴾ | **25** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাক াদ আরছালনা– নূহ ান ইলা–ক াওমিহী˜ (ز) ইন্নী লাকুম নায ীরুম মুবীন। | |
| *তরজমা* | আমি তো নূহ্‌কে তাহার সম্প্রদায়ের নিকট পাঠাইয়াছিলাম। সে বলিয়াছিল, ‘আমি অবশ্যই তোমাদের জন্য প্রকাশ্য সতর্ককারী, | |
| | اَنۡ لَّا تَعۡبُدُوۡۤا اِلَّا اللّٰهَ ؕ اِنِّیۡۤ اَخَافُ عَلَیۡکُمۡ عَذَابَ یَوۡمٍ اَلِیۡمٍ ﴿۲۶﴾ | **26** |
| *প্রতিবর্ণায়ন* | আল্লা– তা‘বুদূ ইল্লাল্লা–হা (ط) ইন্নী˜আখা–ফু ‘আলাইকুম ‘আয া–বা ইয়াওমিন আলীম। | |
| *তরজমা* | যেন তোমরা আল্লাহ্‌ ব্যতীত অপর কিছুর ‘ইবাদত না কর; আমি তো তোমাদের জন্য এক মর্মন্তুদ দিবসের শাস্তি আশংকা করি।’ | |
| | فَقَالَ الۡمَلَاُ الَّذِیۡنَ کَفَرُوۡا مِنۡ قَوۡمِهٖ مَا نَرٰىكَ اِلَّا بَشَرًا مِّثۡلَنَا وَمَا نَرٰىكَ اتَّبَعَكَ اِلَّا الَّذِیۡنَ هُمۡ اَرَاذِلُنَا بَادِیَ الرَّاۡیِ ۚ وَمَا نَرٰی لَکُمۡ عَلَیۡنَا مِنۡ فَضۡلٍۭ بَلۡ نَظُنُّکُمۡ کٰذِبِیۡنَ ﴿۲۷﴾ | **27** |
| *প্রতিবর্ণায়ন* | ফাক ালাল মালাউল্লায ীনা কাফারূ মিং ক াওমিহী মা–নারা–কা ইল্লা– বাশারাম মিছ ্লানা– ওয়ামা– নারা–কাত্‌তাবা‘আকা ইল্লাল্লায ীনা হুম আরা–যি ্লুনা– বা–দিয়ার্‌রা’ই (ج) ওয়ামা– নারা–লাকুম ‘আলাইনা– মিং ফাদ ্লিম্‌ বাল নাজু ্ন্নকুম কা–যি ্বীন। | |
| *তরজমা* | তাহার সম্প্রদায়ের প্রধানেরা, যাহারা ছিল কাফির তাহারা বলিল, ‘আমরা তোমাকে তো আমাদের মত মানুষ ব্যতীত কিছু দেখিতেছি না; আমরা তো দেখিতেছি, তোমার অনুসরণ করিতেছে তাহারাই, যাহারা আমাদের মধ্যে বাহ্য দৃষ্টিতেই অধম এবং আমরা আমাদের উপর তোমাদের কোন শ্রেষ্ঠত্ব দেখিতেছি না; বরং আমরা তোমাদেরকে মিথ্যাবাদী মনে করি।’ | |
| | قَالَ یٰقَوۡمِ اَرَءَیۡتُمۡ اِنۡ کُنۡتُ عَلٰی بَیِّنَۃٍ مِّنۡ رَّبِّیۡ وَاٰتٰىنِیۡ رَحۡمَۃً مِّنۡ عِنۡدِهٖ فَعُمِّیَتۡ عَلَیۡکُمۡ ؕ اَنُلۡزِمُکُمُوۡهَا وَاَنۡتُمۡ لَهَا کٰرِهُوۡنَ ﴿۲۸﴾ | **28** |
| *প্রতিবর্ণায়ন* | ক া–লা ইয়া–ক াওমি আরাআইতুম ইং কুংতু ‘আলা– বাইয়িনাতিম মির্‌ রাব্বী ওয়া আ–তা–নী রাহ ্মাতাম্‌ মিন ‘ইংদিহী ফা‘উম্মিয়াত ‘আলাইকুম (ط) আনুল্‌ঝিমুকুমূহা– ওয়া আংতুম লাহা–কা–রিহূন। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | সে বলিল, 'হে আমার সম্প্রদায়! তোমরা আমাকে বল, আমি যদি আমার প্রতিপালক প্রেরিত স্পষ্ট নিদর্শনে প্রতিষ্ঠিত থাকি এবং তিনি যদি আমাকে তাঁহার নিজ অনুগ্রহ হইতে দান করিয়া থাকেন, আর ইহা তোমাদের নিকট গোপন রাখা হইয়াছে; আমি কি এই বিষয়ে তোমাদেরকে বাধ্য করিতে পারি, যখন তোমরা ইহা অপছন্দকর ? | |
| | وَيٰقَوْمِ لَآ اَسْـَٔلُكُمْ عَلَيْهِ مَالًا ؕ اِنْ اَجْرِىَ اِلَّا عَلَى اللّٰهِ وَمَآ اَنَا بِطَارِدِ الَّذِيْنَ اٰمَنُوْا ؕ اِنَّهُمْ مُّلٰقُوْا رَبِّهِمْ وَلٰكِنِّىْٓ اَرٰىكُمْ قَوْمًا تَجْهَلُوْنَ ﴿٢٩﴾ | 29 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ইয়া-ক'াওমি লা˜আছআলুকুম 'আলাইহি মা-লান (ط) ইন আজরিয়া ইল্লা-'আলাল্লা-হি ওয়ামা˜আনা-বিত'া-রিদিল্লায'ীনা আ-মানূ (ط) ইন্নাহুম মুলা-কূ˙ রাব্বিহিম ওয়ালা-কিন্নী˜আরা-কুম ক'াওমাং তাজহালূন। | |
| তরজমা | 'হে আমার সম্প্রদায় ! ইহার পরিবর্তে আমি তোমাদের নিকট ধনসম্পদ যাচঞা করি না। আমার পারিশ্রমিক তো আল্লাহ্‌রই নিকট এবং মু'মিনদেরকে তাড়াইয়া দেওয়া আমার কাজ নয় ; তাহারা নিশ্চিতভাবে তাহাদের প্রতিপালকের সাক্ষাৎ লাভ করিবে। কিন্তু আমি তো দেখিতেছি তোমরা এক অজ্ঞ সম্প্রদায়। | |
| | وَيٰقَوْمِ مَنْ يَّنْصُرُنِىْ مِنَ اللّٰهِ اِنْ طَرَدْتُّهُمْ ؕ اَفَلَا تَذَكَّرُوْنَ ﴿٣٠﴾ | 30 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ইয়া- ক'াওমি মাইঁ ইয়াংসুরুনী মিনাল্লা-হি ইং ত'ারাততুহুম (ط) আফালা- তায'াক্কারূন। | |
| তরজমা | 'হে আমার সম্প্রদায়! আমি যদি তাহাদেরকে তাড়াইয়া দেই, তবে আল্লাহ্ হইতে আমাকে কে রক্ষা করিবে ? তবুও কি তোমরা উপদেশ গ্রহণ করিবে না ? | |
| | وَلَآ اَقُوْلُ لَكُمْ عِنْدِىْ خَزَآئِنُ اللّٰهِ وَلَآ اَعْلَمُ الْغَيْبَ وَلَآ اَقُوْلُ اِنِّىْ مَلَكٌ وَّلَآ اَقُوْلُ لِلَّذِيْنَ تَزْدَرِىْٓ اَعْيُنُكُمْ لَنْ يُّؤْتِيَهُمُ اللّٰهُ خَيْرًا ؕ اَللّٰهُ اَعْلَمُ بِمَا فِىْٓ اَنْفُسِهِمْ ۚۖ اِنِّىْٓ اِذًا لَّمِنَ الظّٰلِمِيْنَ ﴿٣١﴾ | 31 |
| প্রতিবর্ণায়ন | ওয়ালা˜ আকূ˙লু লাকুম 'ইংদী খাঝা~ইনুল্লা-হি ওয়ালা˜আ'লামুল গাইবা ওয়ালা˜আকূ˙লু ইন্নী মালাকুওঁ ওয়ালা˜আকূ˙লু লিল্লায'ীনা তাঝদারী˜ আ'ইউনুকুম লাইঁ ইউতিয়াহুমুল্লা-হু খাইরান (ط) আল্লা-হু আ'লামু বিমা-ফী˜আংফুছিহিম (ج) ইন্নী˜ইয'াল্ লামিনাজ˙জ'া-লিমীন। | |

| | | |
|---|---|---|
| *তরজমা* | 'আমি তোমাদেরকে বলি না, 'আমার নিকট আল্লাহ্‌র ধনভাণ্ডার আছে,' আর না অদৃশ্য সম্বন্ধে আমি অবগত এবং আমি ইহাও বলি না যে, আমি ফিরিশ্‌তা। তোমাদের দৃষ্টিতে যাহারা হেয় তাহাদের সম্বন্ধে আমি বলি না যে, আল্লাহ্‌ তাহাদেরকে কখনই মঙ্গল দান করিবেন না ; তাহাদের অন্তরে যাহা আছে তাহা আল্লাহ্‌ সম্যক অবগত। তাহা হইলে আমি অবশ্যই জালিমদের অন্তর্ভুক্ত হইব।' | |
| | قَالُوْا يٰنُوْحُ قَدْ جٰدَلْتَنَا فَاَكْثَرْتَ جِدَالَنَا فَاْتِنَا بِمَا تَعِدُنَآ اِنْ كُنْتَ مِنَ الصّٰدِقِيْنَ ﴿٣٢﴾ | 32 |
| *প্রতিবর্ণায়ন* | ক্বা-লূ ইয়া-নূহু ক্বাদ জা-দালতানা ফাআকছারতা জিদা-লানা- ফা'তিনা- বিমা-তা'ইদুনা~ইং কুংতা মিনাসসা-দিক্বীন। | |
| *তরজমা* | তাহারা বলিল, 'হে নূহ্‌ ! তুমি তো আমাদের সঙ্গে বিতণ্ডা করিয়াছ-তুমি বিতণ্ডা করিয়াছ আমাদের সঙ্গে অতি মাত্রায়; সুতরাং তুমি সত্যবাদী হইলে আমাদেরকে যাহার ভয় দেখাইতেছ তাহা আনয়ন কর।' | |
| | قَالَ اِنَّمَا يَاْتِيْكُمْ بِهِ اللّٰهُ اِنْ شَآءَ وَمَآ اَنْتُمْ بِمُعْجِزِيْنَ ﴿٣٣﴾ | 33 |
| *প্রতিবর্ণায়ন* | ক্বা-লা ইন্নামা- ইয়া'তীকুম বিহিল্লা-হু ইং শা~আ ওয়ামা~আংতুম বিমু'জিঝীন। | |
| *তরজমা* | সে বলিল, 'ইচ্ছা করিলে আল্লাহ্‌ই উহা তোমাদের নিকট উপস্থিত করিবেন এবং তোমরা উহা ব্যর্থ করিতে পারিবে না। | |
| | وَلَا يَنْفَعُكُمْ نُصْحِيْٓ اِنْ اَرَدْتُّ اَنْ اَنْصَحَ لَكُمْ اِنْ كَانَ اللّٰهُ يُرِيْدُ اَنْ يُّغْوِيَكُمْ ؕ هُوَ رَبُّكُمْ ۟ وَاِلَيْهِ تُرْجَعُوْنَ ﴿٣٤﴾ | 34 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালা- ইয়াংফা'উকুম নুসহী~ইন আরাততু আন আংসাহা লাকুম ইং কা-নাল্লা-হু ইউরীদু আইঁ ইউগবিয়াকুম (ط) হুওয়া রাব্বুকুম (قف) ওয়া ইলাইহি তুরজা'উন। | |
| *তরজমা* | 'আমি তোমাদেরকে উপদেশ দিতে চাহিলেও আমার উপদেশ তোমাদের উপকারে আসিবে না, যদি আল্লাহ্‌ তোমাদেরকে বিভ্রান্ত করিতে চান। তিনিই তোমাদের প্রতিপালক এবং তাঁহারই নিকট তোমাদের প্রত্যাবর্তন।' | |
| | اَمْ يَقُوْلُوْنَ افْتَرٰىهُ ؕ قُلْ اِنِ افْتَرَيْتُهٗ فَعَلَيَّ اِجْرَامِيْ وَاَنَا بَرِيْٓءٌ مِّمَّا تُجْرِمُوْنَ ﴿٣٥﴾ | 35 |
| *প্রতিবর্ণায়ন* | আম ইয়াকূলূনাফ তারা-হু (ط) কুল ইনিফ তারাইতুহূ ফা'আলাইয়া ইজরা-মী ওয়া আনা বারী~উম মিম্মা-তুজরিমূন। | |
| *তরজমা* | তাহারা কি বলে যে, সে ইহা রচনা করিয়াছে ? বল, 'আমি যদি ইহা রচনা করিয়া থাকি, তবে আমিই আমার অপরাধের জন্য দায়ী হইব। তোমরা যে অপরাধ করিতেছ তাহা হইতে আমি দায়মুক্ত।' | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
| --- | --- | --- |
| | وَاُوۡحِیَ اِلٰی نُوۡحٍ اَنَّهٗ لَنۡ یُّؤۡمِنَ مِنۡ قَوۡمِکَ اِلَّا مَنۡ قَدۡ اٰمَنَ فَلَا تَبۡتَئِسۡ بِمَا کَانُوۡا یَفۡعَلُوۡنَ ﴿ۖ۳۶﴾ | **36** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া উহি'য়া ইলা– নূহি'ন আন্নাহূ লাইঁ ইউ'মিনা মিং ক'াওমিকা ইল্লা–মাং ক'াদ আ–মানা ফালা–তাবতাইছ বিমা–কা–নূ ইয়াফ'আলূন। | |
| *তরজমা* | নূহের প্রতি প্রত্যাদেশ হইয়াছিল, 'যাহারা ঈমান আনিয়াছে তাহারা ব্যতীত তোমার সম্প্রদায়ের অন্য কেহ কখনও ঈমান আনিবে না। সুতরাং তাহারা যাহা করে তজ্জন্য তুমি দুঃখিত হইও না। | |
| | وَاصۡنَعِ الۡفُلۡکَ بِاَعۡیُنِنَا وَوَحۡیِنَا وَلَا تُخَاطِبۡنِیۡ فِی الَّذِیۡنَ ظَلَمُوۡا ۚ اِنَّهُمۡ مُّغۡرَقُوۡنَ ﴿۳۷﴾ | **37** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াসনা'ইল ফূলকা বিআ'ইউনিনা–ওয়া ওয়াহ'য়িনা– ওয়ালা– তুখা–তিবনী ফিল্লায'ীনা জ'ালামূ (ق) ইন্নাহুম মুগরাকূ'ন। | |
| *তরজমা* | 'তুমি আমার তত্ত্বাবধানে ও আমার প্রত্যাদেশ অনুযায়ী নৌকা নির্মাণ কর এবং যাহারা সীমালংঘন করিয়াছে তাহাদের সম্পর্কে তুমি আমাকে কিছু বলিও না ; তাহারা তো নিমজ্জিত হইবে।' | |
| | وَیَصۡنَعُ الۡفُلۡکَ ۟ وَکُلَّمَا مَرَّ عَلَیۡهِ مَلَاٌ مِّنۡ قَوۡمِهٖ سَخِرُوۡا مِنۡهُ ؕ قَالَ اِنۡ تَسۡخَرُوۡا مِنَّا فَاِنَّا نَسۡخَرُ مِنۡکُمۡ کَمَا تَسۡخَرُوۡنَ ﴿ؕ۳۸﴾ | **38** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয়াসনা'উল ফুলকা (قف) ওয়া কুল্লামা– মাররা 'আলাইহি মালাউম মিং ক'াওমিহী ছাখিরূ মিনহু (ط) ক'া–লা ইং তাছখারূ মিন্না–ফাইন্না–নাছখারু মিংকুম কামা–তাছখারূন্। | |
| *তরজমা* | সে নৌকা নির্মাণ করিতে লাগিল এবং যখনই তাহার সম্প্রদায়ের প্রধানেরা তাহার নিকট দিয়া যাইত, তাহাকে উপহাস করিত ; সে বলিত, 'তোমরা যদি আমাকে উপহাস কর তবে আমরাও তোমাদেরকে উপহাস করিব, যেমন তোমরা উপহাস করিতেছ; | |
| | فَسَوۡفَ تَعۡلَمُوۡنَ ۙ مَنۡ یَّاۡتِیۡهِ عَذَابٌ یُّخۡزِیۡهِ وَیَحِلُّ عَلَیۡهِ عَذَابٌ مُّقِیۡمٌ ﴿۳۹﴾ | **39** |
| *প্রতিবর্ণায়ন* | ফাছাওফা তা'লামূনা (ﻻ) মাইঁ ইয়া'তীহি 'আয'া–বুইঁ ইউখঝীহি ওয়া ইয়াহি'ল্লু 'আলাইহি 'আয'া–বুম মুক'ীম। | |
| *তরজমা* | 'এবং তোমরা অচিরে জানিতে পারিবে- কাহার উপর আসিবে লাঞ্ছনাদায়ক শাস্তি আর তাহার উপর আপতিত হইবে স্থায়ী শাস্তি।' | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | حَتّٰىٓ اِذَا جَآءَ اَمْرُنَا وَفَارَ التَّنُّوْرُ ۙ قُلْنَا احْمِلْ فِيْهَا مِنْ كُلٍّ زَوْجَيْنِ اثْنَيْنِ وَاَهْلَكَ اِلَّا مَنْ سَبَقَ عَلَيْهِ الْقَوْلُ وَمَنْ اٰمَنَ ؕ وَمَآ اٰمَنَ مَعَهٗٓ اِلَّا قَلِيْلٌ ﴿۴۰﴾ | **40** |
| *প্রতিবর্ণায়ন* | হ ়াত্তা- ইয ়া-জা~আ আমরুনা- ওয়া ফা-রাত্তান্নূরু (ۙ) কু ়লনাহ ়মিল ফীহা-মিং কুল্লিং ঝাওজাইনিছ্ নাইনি ওয়া আহলাকা ইল্লা-মাং ছাবাক ়া 'আলাইহিল ক ়াওলু ওয়ামান আ-মানা (ط) ওয়ামা ~আ-মানা মা'আহূ ~ ইল্লা-ক ়ালীল। | |
| *তরজমা* | অবশেষে যখন আমার আদেশ আসিল এবং উনুন উথলিয়া উঠিল; আমি বলিলাম, 'ইহাতে উঠাইয়া নাও প্রত্যেক শ্রেণীর যুগলের দুইটি, যাহাদের বিরুদ্ধে পূর্ব-সিদ্ধান্ত হইয়াছে তাহারা ব্যতীত তোমার পরিবার-পরিজনকে এবং যাহারা ঈমান আনিয়াছে তাহাদেরকে।' তাহার সঙ্গে ঈমান আনিয়াছিল অল্প কয়েকজন। | |
| | وَقَالَ ارْكَبُوْا فِيْهَا بِسْمِ اللّٰهِ مَجْرٖىهَا وَمُرْسٰىهَا ؕ اِنَّ رَبِّيْ لَغَفُوْرٌ رَّحِيْمٌ ﴿۴۱﴾ | **41** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ক ়া-লার কাবূ ফীহা-বিছমিল্লা-হি মাজরেহা- ওয়া মুরছা-হা- (ط) ইন্না রাব্বী লাগাফূরুর রাহ ়ীম। | |
| *তরজমা* | সে বলিল, 'ইহাতে আরোহণ কর, আল্লাহ্‌র নামে ইহার গতি ও স্থিতি, আমার প্রতিপালক অবশ্যই ক্ষমাশীল, পরম দয়ালু।' | |
| | وَهِيَ تَجْرِيْ بِهِمْ فِيْ مَوْجٍ كَالْجِبَالِ ۟ وَنَادٰى نُوْحُ ۨابْنَهٗ وَكَانَ فِيْ مَعْزِلٍ يّٰبُنَيَّ ارْكَبْ مَّعَنَا وَلَا تَكُنْ مَّعَ الْكٰفِرِيْنَ ﴿۴۲﴾ | **42** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া হিয়া তাজরী বিহিম ফী মাওজিং কালজিবা-লি (قف) ওয়া না-দা-নূহু ়নিবনাহূ ওয়া কা-না ফী মা'ঝিলিইঁইয়া- বুনাইয়ার্ কাব মা'আনা- ওয়ালা তাকুম মা'আল কা-ফিরীন। | |
| *তরজমা* | পর্বত-প্রমাণ তরঙ্গের মধ্যে ইহা তাহাদেরকে লইয়া বহিয়া চলিল ; নূহ্ তাহার পুত্রকে-যে পৃথক ছিল, আহ্বান করিয়া বলিল, 'হে আমার পুত্র! আমাদের সঙ্গে আরোহণ কর এবং কাফিরদের সঙ্গী হইও না।' | |
| | قَالَ سَاٰوِيْٓ اِلٰى جَبَلٍ يَّعْصِمُنِيْ مِنَ الْمَآءِ ؕ قَالَ لَا عَاصِمَ الْيَوْمَ مِنْ اَمْرِ اللّٰهِ اِلَّا مَنْ رَّحِمَ ۚ وَحَالَ بَيْنَهُمَا الْمَوْجُ فَكَانَ مِنَ الْمُغْرَقِيْنَ ﴿۴۳﴾ | **43** |
| *প্রতিবর্ণায়ন* | ক ়া-লা ছাআ-ব ়ী ~ ইলা জাবালিইঁ ইয়া'সিমুনী মিনাল মা~ই (ط) ক ়া-লা লা-'আ-সিমাল ইয়াওমা মিন আমরিল্লা-হি ইল্লা- মার্‌রাহি ়মা (ج) ওয়াহ ়া-লা বাইনাহুমাল মাওজু ফাকা-না মিনাল মুগরাক ়ীন। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | সে বলিল, 'আমি এমন এক পর্বতে আশ্রয় লইব যাহা আমাকে প্লাবন হইতে রক্ষা করিবে।' সে বলিল, 'আজ আল্লাহ্‌র হুকুম হইতে রক্ষা করিবার কেহ নাই, তবে যাহাকে আল্লাহ্ দয়া করিবেন সে ব্যতীত।' ইহার পর তরঙ্গ উহাদেরকে বিচ্ছিন্ন করিয়া দিল এবং সে নিমজ্জিতদের অন্তর্ভুক্ত হইল। | |
| | وَقِيلَ يَٰٓأَرۡضُ ٱبۡلَعِي مَآءَكِ وَيَٰسَمَآءُ أَقۡلِعِي وَغِيضَ ٱلۡمَآءُ وَقُضِيَ ٱلۡأَمۡرُ وَٱسۡتَوَتۡ عَلَى ٱلۡجُودِيِّۖ وَقِيلَ بُعۡدٗا لِّلۡقَوۡمِ ٱلظَّٰلِمِينَ ۝٤٤ | **44** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া-ক ীলা ইয়া˜আরদুব লা'ঈ মা~আকি ওয়া ইয়া-ছামা~উ আক লি'ঈ ওয়া গীদ াল মা~উ ওয়া কুদি য়াল আমরু ওয়াছতাওয়াত 'আলাল জুদিইয়ি ওয়া ক ীলা বু'দাল লিলক াওমিজ জ া-লিমীন। | |
| *তরজমা* | ইহার পর বলা হইল, 'হে পৃথিবী! তুমি তোমার পানি গ্রাস করিয়া নাও এবং হে আকাশ! ক্ষান্ত হও।' ইহার পর বন্যা প্রশমিত হইল এবং কার্য সমাপ্ত হইল, নৌকা জুদী পর্বতের উপর স্থির হইল এবং বলা হইল, জালিম সম্প্রদায় ধ্বংস হউক। | |
| | وَنَادَىٰ نُوحٞ رَّبَّهُۥ فَقَالَ رَبِّ إِنَّ ٱبۡنِي مِنۡ أَهۡلِي وَإِنَّ وَعۡدَكَ ٱلۡحَقُّ وَأَنتَ أَحۡكَمُ ٱلۡحَٰكِمِينَ ۝٤٥ | **45** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া না-দা- নূহু র্ রাব্বাহূ ফাক া-লা রাব্বি ইন্নাবনী মিন আহলী ওয়া ইন্না ওয়া'দাকাল হ াক্কু আংতা আহ কামুল হ া-কিমীন। | |
| *তরজমা* | নূহ্ তাহার প্রতিপালককে সম্বোধন করিয়া বলিল, 'হে আমার প্রতিপালক! আমার পুত্র আমার পরিবারভুক্ত এবং আপনার প্রতিশ্রুতি সত্য; আর আপনি তো বিচারকদের মধ্যে শ্রেষ্ঠ বিচারক।' | |
| | قَالَ يَٰنُوحُ إِنَّهُۥ لَيۡسَ مِنۡ أَهۡلِكَۖ إِنَّهُۥ عَمَلٌ غَيۡرُ صَٰلِحٖۖ فَلَا تَسۡـَٔلۡنِ مَا لَيۡسَ لَكَ بِهِۦ عِلۡمٌۖ إِنِّيٓ أَعِظُكَ أَن تَكُونَ مِنَ ٱلۡجَٰهِلِينَ ۝٤٦ | **46** |
| *প্রতিবর্ণায়ন* | ক া-লা ইয়া-নূহু ইন্নাহূ লাইছা মিন আহলিকা (ج) ইন্নাহু 'আমালুন গাইরু সা-লিহি ং (ز) ফালা- তাছআলনি মা-লাইছা লাকা বিহী 'ইলমুন (ط) ইন্নী˜ আ'ইজু কা আং তাকূনা মিনাল জা-হিলীন। | |
| *তরজমা* | তিনি বলিলেন, 'হে নূহ্! সে তো তোমার পরিবারভুক্ত নয়। সে অবশ্যই অসৎকর্মপরায়ণ। সুতরাং যে বিষয়ে তোমার জ্ঞান নাই সে বিষয়ে আমাকে অনুরোধ করিও না। আমি তোমাকে উপদেশ দিতেছি, তুমি যেন অজ্ঞদের অন্তর্ভুক্ত না হও।' | |
| | قَالَ رَبِّ إِنِّيٓ أَعُوذُ بِكَ أَنۡ أَسۡـَٔلَكَ مَا لَيۡسَ لِي بِهِۦ عِلۡمٞۖ وَإِلَّا تَغۡفِرۡ لِي وَتَرۡحَمۡنِيٓ أَكُن مِّنَ ٱلۡخَٰسِرِينَ ۝٤٧ | **47** |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ক্বা-লা রাব্বি ইন্নী~ আঊযু্বিকা আন আছআলাকা মা-লাইছা লী বিহী ‘ইলমুওঁ (ط) ওয়া ইল্লা- তাগফিরলী ওয়া তারহ্বামনী~ আকুম মিনাল খা-ছিরীন। | |
| *তরজমা* | সে বলিল, ‘হে আমার প্রতিপালক! যে বিষয়ে আমার জ্ঞান নাই, সে বিষয়ে যাহাতে আপনাকে অনুরোধ না করি, এইজন্য আমি আপনার শরণ লইতেছি। আপনি যদি আমাকে ক্ষমা না করেন এবং আমাকে দয়া না করেন, তবে আমি ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হইব।’ | |
| | قِيْلَ يٰنُوْحُ اهْبِطْ بِسَلٰمٍ مِّنَّا وَبَرَكٰتٍ عَلَيْكَ وَعَلٰٓى اُمَمٍ مِّمَّنْ مَّعَكَ ؕ وَاُمَمٌ سَنُمَتِّعُهُمْ ثُمَّ يَمَسُّهُمْ مِّنَّا عَذَابٌ اَلِيْمٌ ﴿۴۸﴾ | 48 |
| *প্রতিবর্ণায়ন* | ক্বীলা ইয়া-নূহু্ হ্বিত্ব বিছালা-মিম মিন্না-ওয়া বারাকা-তিন ‘আলাইকা ওয়া ‘আলা~উমামিম্ মিম্মাম মা‘আকা (ط) ওয়া উমামুং ছানুমাত্তি‘উহুম ছু্ম্মা ইয়ামাছ্ছুহুম মিন্না- ‘আযা্বা-বুন আলীম। | |
| *তরজমা* | বলা হইল, ‘হে নূহ্ ! অবতরণ কর আমার পক্ষ হইতে শান্তি ও কল্যাণসহ এবং তোমার প্রতি ও যে সমস্ত সম্প্রদায় তোমার সঙ্গে আছে তাহাদের প্রতি ; অপর সম্প্রদায়সমূহকে আমি জীবন উপভোগ করিতে দিব, পরে আমা হইতে মর্মন্তুদ শাস্তি উহাদেরকে স্পর্শ করিবে; | |
| | تِلْكَ مِنْ اَنْۢبَآءِ الْغَيْبِ نُوْحِيْهَآ اِلَيْكَ ۚ مَا كُنْتَ تَعْلَمُهَآ اَنْتَ وَلَا قَوْمُكَ مِنْ قَبْلِ هٰذَا ۛؕ فَاصْبِرْ ۛؕ اِنَّ الْعَاقِبَةَ لِلْمُتَّقِيْنَ ﴿۴۹﴾ | 49 |
| *প্রতিবর্ণায়ন* | তিলকা মিন আমবা~ইল গাইবি নূহ্বীহা~ইলাইকা (ج) মা-কুংতা তা‘লামুহা- আংতা ওয়ালা- ক্বাওমুকা মিং ক্বাবলি হা-যা- (مع) ফাসবির (مع) ইন্নাল ‘আ-কি্বাতা লিলমুত্তাক্বীন। | |
| *তরজমা* | ‘এই সমস্ত অদৃশ্যলোকের সংবাদ আমি তোমাকে ওহী দ্বারা অবহিত করিতেছি, যাহা ইহার পূর্বে তুমি জানিতে না এবং তোমার সম্প্রদায়ও জানিত না। সুতরাং ধৈর্য ধারণ কর, শুভ পরিণাম মুত্তাকীদেরই জন্য।’ | |
| | وَاِلٰى عَادٍ اَخَاهُمْ هُوْدًا ؕ قَالَ يٰقَوْمِ اعْبُدُوا اللّٰهَ مَا لَكُمْ مِّنْ اِلٰهٍ غَيْرُهٗ ؕ اِنْ اَنْتُمْ اِلَّا مُفْتَرُوْنَ ﴿۵۰﴾ | 50 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইলা- ‘আ-দিন আখা-হুম হূদাং (ط) ক্বা-লা ইয়া- ক্বাওমি‘বুদুল্লা-হা মা-লাকুম মিন ইলা-হিন গাইরুহূ (ط) ইন আংতুম ইল্লা- মুফতারূন্। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | আদ জাতির নিকট উহাদের ভ্রাতা হূদকে পাঠাইয়াছিলাম, সে বলিয়াছিল, ‘হে আমার সম্প্রদায়! তোমরা আল্লাহ্‌র ‘ইবাদত কর। তিনি ব্যতীত তোমাদের অন্য কোন ইলাহ্ নাই। তোমরা তো কেবল মিথ্যা রচনাকারী। | |
| | يٰقَوْمِ لَآ اَسْـَٔلُكُمْ عَلَيْهِ اَجْرًا ؕ اِنْ اَجْرِىَ اِلَّا عَلَى الَّذِىْ فَطَرَنِىْ ؕ اَفَلَا تَعْقِلُوْنَ ﴿۵۱﴾ | 51 |
| প্রতিবর্ণায়ন | ইয়া- কা ওমি লা~আছআলুকুম ‘আলাইহি আজরান (ط) ইন আজরিয়া ইল্লা-‘আলাল্লায ী ফাতারানী~ (ط) আফালা- তা‘কি লূন। | |
| তরজমা | ‘হে আমার সম্প্রদায় ! আমি ইহার পরিবর্তে তোমাদের নিকট পারিশ্রমিক যাচ্ঞা করি না। আমার পারিশ্রমিক আছে তাঁহারই নিকট, যিনি আমাকে সৃষ্টি করিয়াছেন। তোমরা কি তবুও অনুধাবন করিবে না ? | |
| | وَيٰقَوْمِ اسْتَغْفِرُوْا رَبَّكُمْ ثُمَّ تُوْبُوْۤا اِلَيْهِ يُرْسِلِ السَّمَآءَ عَلَيْكُمْ مِّدْرَارًا وَّيَزِدْكُمْ قُوَّةً اِلٰى قُوَّتِكُمْ وَلَا تَتَوَلَّوْا مُجْرِمِيْنَ ﴿۵۲﴾ | 52 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ইয়া-কা ওমিছ্‌তাগফিরূ রাব্বাকুম ছু ম্মা তূবূ~ইলাইহি; ইয়ুরছিলিছ্‌ছামা~আ ‘আলাইকুম মিদরারাওঁ ওয়া ইয়াঝিদকুম কু ওওয়াতান ইলা-কু ওওয়াতিকুম ওয়ালা-তাতাওয়াল্লাও মুজরিমীন। | |
| তরজমা | ‘হে আমার সম্প্রদায়! তোমরা তোমাদের প্রতিপালকের নিকট ক্ষমা প্রার্থনা কর, অতঃপর তাঁহার দিকেই ফিরিয়া আস। তিনি তোমাদের জন্য প্রচুর বারি বর্ষণ করিবেন। তিনি তোমাদেরকে আরও শক্তি দিয়া তোমাদের শক্তি বৃদ্ধি করিবেন এবং তোমরা অপরাধী হইয়া মুখ ফিরাইয়া লইও না।’ | |
| | قَالُوْا يٰهُوْدُ مَا جِئْتَنَا بِبَيِّنَةٍ وَّمَا نَحْنُ بِتَارِكِىْۤ اٰلِهَتِنَا عَنْ قَوْلِكَ وَمَا نَحْنُ لَكَ بِمُؤْمِنِيْنَ ﴿۵۳﴾ | 53 |
| প্রতিবর্ণায়ন | কা-লূ ইয়া-হূদু মা-জি’তানা- বিবাইয়িনাতিওঁ ওয়ামা- নাহ নু বিতা-রিকী~ আ-লিহাতিনা- ‘আং কা ওলিকা ওয়ামা- নাহ নু লাকা বিমু’মিনীন। | |
| তরজমা | উহারা বলিল, ‘হে হূদ! তুমি আমাদের নিকট কোন স্পষ্ট প্রমাণ আনয়ন কর নাই, তোমার কথায় আমরা আমাদের উপাস্যদেরকে পরিত্যাগ করিবার নহি এবং আমরা তোমাতে বিশ্বাসী নহি। | |
| | اِنْ نَّقُوْلُ اِلَّا اعْتَرٰىكَ بَعْضُ اٰلِهَتِنَا بِسُوْٓءٍ ؕ قَالَ اِنِّىْۤ اُشْهِدُ اللّٰهَ وَاشْهَدُوْۤا اَنِّىْ بَرِىْٓءٌ مِّمَّا تُشْرِكُوْنَ ﴿۵۴﴾ | 54 |
| প্রতিবর্ণায়ন | ইং নাকূ লু ইল্লা‘তারা-কা বা‘দু আ-লিহাতিনা- বিছূ~ইং (ط) কা-লা ইন্নী~উশহিদুল্লা-হা ওয়াশহাদূ~আন্নী বারী~উম মিম্মা- তুশরিকূন। | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | ‘আমরা তো ইহাই বলি, আমাদের উপাস্যদের মধ্যে কেহ তোমাকে অশুভ দ্বারা আবিষ্ট করিয়াছে।’ সে বলিল, ‘আমি তো আল্লাহ্‌কে সাক্ষী করিতেছি এবং তোমরাও সাক্ষী হও, নিশ্চয়ই আমি তাহা হইতে মুক্ত যাহাকে তোমরা আল্লাহ্‌র শরীক কর, | |
| | مِنْ دُوْنِهٖ فَكِيْدُوْنِيْ جَمِيْعًا ثُمَّ لَا تُنْظِرُوْنِ ۝٥٥ | 55 |
| প্রতিবর্ণায়ন | মিং দূনিহী ফাকীদূনী জামী‘আং ছু ম্মা লা–তুংজি রূন। | |
| তরজমা | ‘আল্লাহ্ ব্যতীত। তোমরা সকলে আমার বিরুদ্ধে ষড়যন্ত্র কর; অতঃপর আমাকে অবকাশ দিও না। | |
| | اِنِّيْ تَوَكَّلْتُ عَلَى اللّٰهِ رَبِّيْ وَرَبِّكُمْ ؕ مَا مِنْ دَآبَّةٍ اِلَّا هُوَ اٰخِذٌۢ بِنَاصِيَتِهَا ؕ اِنَّ رَبِّيْ عَلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ۝٥٦ | 56 |
| প্রতিবর্ণায়ন | ইন্নী তাওয়াক্কালতু ‘আলাল্লা–হি রাব্বী ওয়া রাব্বিকুম (ط) মা–মিং দা~ব্বাতিন ইল্লা–হুওয়া আ–খিযুম বিনা–সিয়াতিহা– (ط) ইন্না–রাব্বী ‘আলা–সিরা–তি ম মুছতাক ীম। | |
| তরজমা | ‘আমি নির্ভর করি আমার ও তোমাদের প্রতিপালক আল্লাহ্‌র উপর; এমন কোন জীবজন্তু নাই, যে তাঁহার পূর্ণ আয়ত্তাধীন নয়; নিশ্চয়ই আমার প্রতিপালক আছেন সরল পথে। | |
| | فَاِنْ تَوَلَّوْا فَقَدْ اَبْلَغْتُكُمْ مَّاۤ اُرْسِلْتُ بِهٖۤ اِلَيْكُمْ ؕ وَيَسْتَخْلِفُ رَبِّيْ قَوْمًا غَيْرَكُمْ ۚ وَلَا تَضُرُّوْنَهٗ شَيْـًٔا ؕ اِنَّ رَبِّيْ عَلٰى كُلِّ شَيْءٍ حَفِيْظٌ ۝٥٧ | 57 |
| প্রতিবর্ণায়ন | ফাইং তাওয়াল্লাও ফাক াদ আবলাগতুকুম মা~উরছিলতু বিহী~ইলাইকুম (ط) ওয়া ইয়াছতাখলিফু রাব্বী ক াওমান গাইরাকুম (ز) ওয়ালা– তাদ ুররূনাহূ শাইআন (ط) ইন্না রাব্বী ‘আলা–কুল্লি শাইইং হ াফীজ । | |
| তরজমা | ‘অতঃপর তোমরা মুখ ফিরাইয়া লইলেও আমি যাহাসহ তোমাদের নিকট প্রেরিত হইয়াছি, আমি তো তাহা তোমাদের নিকট পৌঁছাইয়া দিয়াছি; এবং আমার প্রতিপালক তোমাদের হইতে ভিন্ন কোন সম্প্রদায়কে তোমাদের স্থলাভিষিক্ত করিবেন এবং তোমরা তাঁহার কোন ক্ষতি সাধন করিতে পারিবে না। নিশ্চয়ই আমার প্রতিপালক সমস্ত কিছুর রক্ষণাবেক্ষণকারী।’ | |
| | وَلَمَّا جَآءَ اَمْرُنَا نَجَّيْنَا هُوْدًا وَّالَّذِيْنَ اٰمَنُوْا مَعَهٗ بِرَحْمَةٍ مِّنَّا ۚ وَنَجَّيْنٰهُمْ مِّنْ عَذَابٍ غَلِيْظٍ ۝٥٨ | 58 |
| প্রতিবর্ণায়ন | ওয়া লাম্মা–জা~আ আমরুনা– নাজজাইনা– হূদাওঁ ওয়াল্লায ীনা আ–মানূ মা‘আহূ বিরাহ মাতিম মিন্না– (ج) ওয়া নাজজাইনা–হুম মিন ‘আয া–বিন গালীজ । | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | এবং যখন আমার নির্দেশ আসিল তখন আমি হূদ ও তাহার সঙ্গে যাহারা ঈমান আনিয়াছিল তাহাদেরকে আমার অনুগ্রহে রক্ষা করিলাম এবং রক্ষা করিলাম তাহাদেরকে কঠিন শাস্তি হইতে। | |
| | وَتِلْكَ عَادٌ ۖ جَحَدُوا بِآيَاتِ رَبِّهِمْ وَعَصَوْا رُسُلَهُ وَاتَّبَعُوا أَمْرَ كُلِّ جَبَّارٍ عَنِيدٍ ۝٥٩ | **59** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া তিলকা ‘আ-দুং (ۘ) জাহ াদূ বিআ-য়া-তি রাব্বিহিম ওয়া‘আসাও রুছুলাহূ ওয়াত্তাবা‘উ ˜আমরা কুল্লি জাব্বা-রিন ‘আনীদ। | |
| *তরজমা* | এই ‘আদ জাতি তাহাদের প্রতিপালকের নিদর্শন অস্বীকার করিয়াছিল এবং অমান্য করিয়াছিল তাঁহার রাসূলগণকে এবং উহারা প্রত্যেক উদ্ধত স্বৈরাচারীর নির্দেশ অনুসরণ করিয়াছিল। | |
| | وَأُتْبِعُوا فِي هَٰذِهِ الدُّنْيَا لَعْنَةً وَيَوْمَ الْقِيَامَةِ ۗ أَلَا إِنَّ عَادًا كَفَرُوا رَبَّهُمْ ۗ أَلَا بُعْدًا لِعَادٍ قَوْمِ هُودٍ ۝٦٠ | **60** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া উতবি‘উ ফী হা-যি িহিদ্দুনইয়া- লা‘নাতাওঁ ওয়া ইয়াওমাল কি য়া-মাতি (ط) আলা ˜ইন্না ‘আ-দাং কাফারূ রাব্বাহুম (ط) আলা- বু‘দাল লি‘আদিং ক াওমি হূদ। | |
| *তরজমা* | এই দুনিয়ায় উহাদেরকে করা হইয়াছিল লা‘নতগ্রস্ত এবং লা‘নতগ্রস্ত হইবে উহারা কিয়ামতের দিনেও। জানিয়া রাখ! ‘আদ সম্প্রদায় তো তাহাদের প্রতিপালককে অস্বীকার করিয়াছিল। জানিয়া রাখ! ধ্বংসই হইল পরিণাম ‘আদের, যাহারা হূদের সম্প্রদায়। | |
| | وَإِلَىٰ ثَمُودَ أَخَاهُمْ صَالِحًا ۚ قَالَ يَا قَوْمِ اعْبُدُوا اللَّهَ مَا لَكُمْ مِنْ إِلَٰهٍ غَيْرُهُ ۖ هُوَ أَنْشَأَكُمْ مِنَ الْأَرْضِ وَاسْتَعْمَرَكُمْ فِيهَا فَاسْتَغْفِرُوهُ ثُمَّ تُوبُوا إِلَيْهِ ۚ إِنَّ رَبِّي قَرِيبٌ مُجِيبٌ ۝٦١ | **61** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইলা-ছ ামূদা আখা-হুম সা-লিহ া-(م)। ক া-লা ইয়া-ক াওমি‘বুদুল্লা-হা মা-লাকুম মিন ইলা-হিন গাইরুহূ (ط) হুওয়া আংশাআকুম মিনাল আরদি  ওয়াছতা‘মারাকুম ফীহা-ফাছতাগফিরূহু ছু ম্মা তূবূ ˜ইলাইহি (ط) ইন্না রাব্বী ক ারীবুম্ মুজীব। | |
| *তরজমা* | আমি সামূদ জাতির নিকট তাহাদের ভ্রাতা সালিহ্‌কে পাঠাইয়াছিলাম। সে বলিয়াছিল, ‘হে আমার সম্প্রদায়! ‘তোমরা আল্লাহ্‌র ‘ইবাদত কর, তিনি ব্যতীত তোমাদের অন্য কোন ইলাহ্ নাই। তিনি তোমাদেরকে মৃত্তিকা হইতে সৃষ্টি করিয়াছেন এবং উহাতেই তিনি তোমাদেরকে বসবাস করাইয়াছেন। সুতরাং তোমরা তাঁহার নিকট ক্ষমা প্রার্থনা কর আর তাঁহার দিকেই প্রত্যাবর্তন কর। নিশ্চয়ই আমার প্রতিপালক নিকটে, তিনি আহ্বানে সাড়া দেন।’ | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | قَالُوْا يٰصٰلِحُ قَدْ كُنْتَ فِيْنَا مَرْجُوًّا قَبْلَ هٰذَآ اَتَنْهٰىنَآ اَنْ نَّعْبُدَ مَا يَعْبُدُ اٰبَآؤُنَا وَاِنَّنَا لَفِيْ شَكٍّ مِّمَّا تَدْعُوْنَآ اِلَيْهِ مُرِيْبٍ ﴿٦٢﴾ | 62 |
| *প্রতিবর্ণায়ন* | কা–লূ ইয়া– সা–লিহু কাদ কুংতা ফীনা– মারজুওওয়া কাবলা হা–যা– আতানহা–না– আং না'বুদা মা–ইয়া'বুদু আ–বা~উনা–ওয়া ইন্নানা–লাফী শাক্কিম মিম্মা– তাদ'উনা~ ইলাইহি মুরীব। | |
| *তরজমা* | তাহারা বলিল, 'হে সালিহ্! ইহার পূর্বে তুমি ছিলে আমাদের আশাস্থল। তুমি কি আমাদেরকে নিষেধ করিতেছ 'ইবাদত করিতে তাহাদের, যাহাদের 'ইবাদত করিত আমাদের পিতৃপুরুষেরা ? আমরা অবশ্যই বিভ্রান্তিকর সন্দেহে রহিয়াছি সে বিষয়ে, যাহার প্রতি তুমি আমাদেরকে আহ্বান করিতেছ।' | |
| | قَالَ يٰقَوْمِ اَرَءَيْتُمْ اِنْ كُنْتُ عَلٰى بَيِّنَةٍ مِّنْ رَّبِّيْ وَاٰتٰىنِيْ مِنْهُ رَحْمَةً فَمَنْ يَّنْصُرُنِيْ مِنَ اللّٰهِ اِنْ عَصَيْتُهٗ فَمَا تَزِيْدُوْنَنِيْ غَيْرَ تَخْسِيْرٍ ﴿٦٣﴾ | 63 |
| *প্রতিবর্ণায়ন* | কা–লা ইয়া– কাওমি আরাআইতুম ইং কুংতু 'আলা– বাইয়িনাতিম মির রাব্বী ওয়া আ–তা–নী মিনহু রাহমাতাং ফামাইঁ ইয়াংসুরুনী মিনাল্লা–হি ইন 'আসাইতুহূ (قف) ফামা– তাঝীদূনানী গাইরা তাখছীর। | |
| *তরজমা* | সে বলিল, 'হে আমার সম্প্রদায়! তোমরা কি ভাবিয়া দেখিয়াছ, আমি যদি আমার প্রতিপালক-প্রেরিত স্পষ্ট প্রমাণে প্রতিষ্ঠিত হইয়া থাকি এবং তিনি যদি আমাকে তাঁহার নিজ অনুগ্রহ দান করিয়া থাকেন, তবে আল্লাহ্‌র শাস্তি হইতে আমাকে কে রক্ষা করিবে, আমি যদি তাঁহার অবাধ্যতা করি ? সুতরাং তোমরা তো কেবল আমার ক্ষতিই বাড়াইয়া দিতেছ। | |
| | وَيٰقَوْمِ هٰذِهٖ نَاقَةُ اللّٰهِ لَكُمْ اٰيَةً فَذَرُوْهَا تَاْكُلْ فِيْٓ اَرْضِ اللّٰهِ وَلَا تَمَسُّوْهَا بِسُوْٓءٍ فَيَاْخُذَكُمْ عَذَابٌ قَرِيْبٌ ﴿٦٤﴾ | 64 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয়া– কাওমি হা–যিহী না–কাতুল্লা–হি লাকুম আ–য়াতাং ফাযারূহা– তা'কুল ফী~আরদিল্লা–হি ওয়ালা–তামাছছূহা বিছূ~ইং ফাইয়া'খুযাকুম 'আযা–বুং কারীব। | |
| *তরজমা* | 'হে আমার সম্প্রদায় ! ইহা আল্লাহ্‌র উষ্ট্রী, তোমাদের জন্য নিদর্শনস্বরূপ। ইহাকে আল্লাহ্‌র জমিতে চরিয়া খাইতে দাও। ইহাকে কোন কষ্ট দিও না, কষ্ট দিলে আশু শাস্তি তোমাদের উপর আপতিত হইবে।' | |
| | فَعَقَرُوْهَا فَقَالَ تَمَتَّعُوْا فِيْ دَارِكُمْ ثَلٰثَةَ اَيَّامٍ ذٰلِكَ وَعْدٌ غَيْرُ مَكْذُوْبٍ ﴿٦٥﴾ | 65 |

| --- | --- | --- |
| *প্রতিবর্ণায়ন* | ফা'আক্বারূহা- ফাক্বা-লা তামাত্তা'উ ফী দা-রিকুম ছালা-ছাতা আইইয়া-মিং (ط) যা-লিকা ওয়া'দুন গাইরু মাকযূব্ । | |
| *তরজমা* | কিন্তু উহারা উহাকে বধ করিল। অতঃপর সে বলিল, 'তোমরা তোমাদের গৃহে তিন দিন জীবন উপভোগ করিয়া নাও। ইহা একটি প্রতিশ্রুতি যাহা মিথ্যা হইবার নয়।' | |
| | فَلَمَّا جَآءَ اَمۡرُنَا نَجَّيۡنَا صٰلِحًا وَّالَّذِيۡنَ اٰمَنُوۡا مَعَهٗ بِرَحۡمَةٍ مِّنَّا وَمِنۡ خِزۡىِ يَوۡمِـئِذٍ ؕ اِنَّ رَبَّكَ هُوَ الۡقَوِىُّ الۡعَزِيۡزُ ﴿۶۶﴾ | 66 |
| *প্রতিবর্ণায়ন* | ফালাম্মা-জা~আ আমরুনা- নাজজাইনা- সা-লিহাওঁ ওয়াল্লাযীনা আ-মানূ মা'আহূ বিরাহ্মাতিম মিন্না- ওয়ামিন খিঝয়ি ইয়াওমিইযিন (ط) ইন্না- রাব্বাকা হুওয়াল ক্বাবিইয়ুল 'আঝীঝ। | |
| *তরজমা* | যখন আমার নির্দেশ আসিল তখন আমি সালিহ্ ও তাঁহার সঙ্গে যাহারা ঈমান আনিয়াছিল তাহাদেরকে আমার অনুগ্রহে রক্ষা করিলাম এবং রক্ষা করিলাম সেই দিনের লাঞ্ছনা হইতে। তোমার প্রতিপালক তো মহাশক্তিমান, পরাক্রমশালী। | |
| | وَاَخَذَ الَّذِيۡنَ ظَلَمُوا الصَّيۡحَةُ فَاَصۡبَحُوۡا فِىۡ دِيَارِهِمۡ جٰثِمِيۡنَ ﴿۶۷﴾ | 67 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আখাযাল্লাযীনা জালামুসসাইহাতু ফাআসবাহূ ফী দিয়ারিহিম জা-ছিমীন। | |
| *তরজমা* | অতঃপর যাহারা সীমালঙ্ঘন করিয়াছিল মহানাদ তাহাদেরকে আঘাত করিল; ফলে উহারা নিজ নিজ গৃহে নতজানু অবস্থায় শেষ হইয়া গেল; | |
| | كَاَنۡ لَّمۡ يَغۡنَوۡا فِيۡهَا ؕ اَلَاۤ اِنَّ ثَمُوۡدَا۟ كَفَرُوۡا رَبَّهُمۡ ؕ اَلَا بُعۡدًا لِّثَمُوۡدَ ﴿۶۸﴾ | 68 |
| *প্রতিবর্ণায়ন* | কাআল্লাম ইয়াগনাও ফীহা- (ط) আলা~ইন্না ছামূদা কাফারূ রাব্বাহুম (ط) আলা-বু'দাল লিছামূদ। | |
| *তরজমা* | যেন তাহারা সেখানে কখনও বসবাস করে নাই। জানিয়া রাখ! সামূদ সম্প্রদায় তো তাহাদের প্রতিপালককে অস্বীকার করিয়াছিল। জানিয়া রাখ! ধ্বংসই হইল সামূদ সম্প্রদায়ের পরিণাম। | |
| | وَلَقَدۡ جَآءَتۡ رُسُلُنَاۤ اِبۡرٰهِيۡمَ بِالۡبُشۡرٰى قَالُوۡا سَلٰمًا ؕ قَالَ سَلٰمٌ فَمَا لَبِثَ اَنۡ جَآءَ بِعِجۡلٍ حَنِيۡذٍ ﴿۶۹﴾ | 69 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাক্বাদ জা~আত রুছুলুনা- ইবরা-হীমা বিলবুশরা- ক্বা-লূ ছালা-মাং (ط) ক্বা-লা ছালা-মুং ফামা লাবিছা আং জা~আ বি'ইজলিন হানীয। | |
| *তরজমা* | আমার ফিরিশ্তাগণ তো সুসংবাদ লইয়া ইব্রাহীমের নিকট আসিল। তাহারা বলিল, 'সালাম'। সেও বলিল, 'সালাম'। সে অবিলম্বে এক কাবাবকৃত গো-বৎস লইয়া আসিল। | |

| | | |
|---|---|---|
| | فَلَمَّا رَاٰۤ اَيْدِيَهُمْ لَا تَصِلُ اِلَيْهِ نَكِرَهُمْ وَاَوْجَسَ مِنْهُمْ خِيْفَةً ؕ قَالُوْا لَا تَخَفْ اِنَّاۤ اُرْسِلْنَاۤ اِلٰى قَوْمِ لُوْطٍ | **70** |
| *প্রতিবর্ণায়ন* | ফালাম্মা-রাআ˜আইদিয়াহুম লা-তাসিলু ইলাইহি নাকিরাহুম ওয়া আওজাছা মিনহুম খীফাতাং (ط) কা-লূ লা-তাখাফ ইন্না˜উরছিলনা˜ ইলা-কাওমি লূত। | |
| *তরজমা* | সে যখন দেখিল তাহাদের হস্ত উহার দিকে প্রসারিত হইতেছে না, তখন তাহাদেরকে অবাঞ্ছিত মনে করিল এবং তাহাদের সম্বন্ধে তাহার মনে ভীতি সঞ্চার হইল। তাহারা বলিল, ‘ভয় করিও না, আমরা তো লূতের সম্প্রদায়ের প্রতি প্রেরিত হইয়াছি।’ | |
| | وَامْرَاَتُهٗ قَآئِمَةٌ فَضَحِكَتْ فَبَشَّرْنٰهَا بِاِسْحٰقَ ۙ وَمِنْ وَّرَآءِ اِسْحٰقَ يَعْقُوْبَ | **71** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামরা’আতুহূ কা~ইমাতুং ফাদাহিকাত ফাবাশশারনা-হা- বিইছহা-কা ওয়ামিওঁ ওয়ারা~ই ইছহা-কা ইয়া‘কূব। | |
| *তরজমা* | আর তাহার স্ত্রী দণ্ডায়মান এবং সে হাসিয়া ফেলিল। অতঃপর আমি তাহাকে ইস্‌হাকের ও ইস্‌হাকের পরবর্তী ইয়া‘কূবের সুসংবাদ দিলাম। | |
| | قَالَتْ يٰوَيْلَتٰۤى ءَاَلِدُ وَاَنَا عَجُوْزٌ وَّهٰذَا بَعْلِىْ شَيْخًا ؕ اِنَّ هٰذَا لَشَىْءٌ عَجِيْبٌ | **72** |
| *প্রতিবর্ণায়ন* | কা-লাত ইয়া- ওয়াইলাতা˜আআলিদু ওয়া আনা- ‘আজুঝুওঁ ওয়া হা-যা- বা‘লী শাইখান (ط) ইন্না হা-যা- লাশাইউন ‘আজীব। | |
| *তরজমা* | সে বলিল, ‘কী আশ্চর্য! সন্তানের জননী হইব আমি, যখন আমি বৃদ্ধা এবং এই আমার স্বামী বৃদ্ধ! ইহা অবশ্যই এক অদ্ভুত ব্যাপার!’ | |
| | قَالُوْۤا اَتَعْجَبِيْنَ مِنْ اَمْرِ اللّٰهِ رَحْمَتُ اللّٰهِ وَبَرَكٰتُهٗ عَلَيْكُمْ اَهْلَ الْبَيْتِ ؕ اِنَّهٗ حَمِيْدٌ مَّجِيْدٌ | **73** |
| *প্রতিবর্ণায়ন* | কা-লূ˜আতা‘জাবীনা মিন আমরিল্লা-হি রাহমাতুল্লা-হি ওয়া বারাকা-তুহূ ‘আলাইকুম আহলাল বাইতি (ط) ইন্নাহূ হামীদুম মাজীদ। | |
| *তরজমা* | তাহারা বলিল, ‘আল্লাহ্‌র কাজে তুমি বিস্ময় বোধ করিতেছ? হে পরিবারবর্গ! তোমাদের প্রতি রহিয়াছে আল্লাহ্‌র অনুগ্রহ ও কল্যাণ। তিনি তো প্রশংসার্হ ও সম্মানার্হ।’ | |
| | فَلَمَّا ذَهَبَ عَنْ اِبْرٰهِيْمَ الرَّوْعُ وَجَآءَتْهُ الْبُشْرٰى يُجَادِلُنَا فِىْ قَوْمِ لُوْطٍ | **74** |
| *প্রতিবর্ণায়ন* | ফালাম্মা যাহাবা ‘আন ইবরা-হীমার রাও‘উ ওয়া জা~আতহুল বুশরা- ইউজা-দিলুনা-ফী কাওমি লূত। | |
| *তরজমা* | অতঃপর যখন ইব্‌রাহীমের ভীতি দূরীভূত হইল এবং তাহার নিকট সুসংবাদ আসিল তখন সে লূতের সম্প্রদায়ের সম্বন্ধে আমার সঙ্গে বাদানুবাদ করিতে লাগিল। | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| | إِنَّ إِبْرَٰهِيمَ لَحَلِيمٌ أَوَّٰهٌ مُّنِيبٌ ﴿٧٥﴾ | 75 |
| *প্রতিবর্ণায়ন* | ইন্না ইবরা–হীমা লাহ`ালীমুন আওওয়া–হুম মুনীব। | |
| *তরজমা* | ইব্রাহীম তো অবশ্যই সহনশীল, কোমলহৃদয়, সতত আল্লাহ্-অভিমুখী। | |
| | يَٰٓإِبْرَٰهِيمُ أَعْرِضْ عَنْ هَٰذَآ ۖ إِنَّهُۥ قَدْ جَآءَ أَمْرُ رَبِّكَ ۖ وَإِنَّهُمْ ءَاتِيهِمْ عَذَابٌ غَيْرُ مَرْدُودٍ ﴿٧٦﴾ | 76 |
| *প্রতিবর্ণায়ন* | ইয়া–ইবরাহীমু আ‘রিদ` ‘আন হা-য`া- (ج) ইন্নাহূ ক`াদ জা~আ আমরু রাব্বিকা (ج) ওয়া ইন্নাহুম আ–তীহিম ‘আয`া–বুন গাইরু মারদূদ। | |
| *তরজমা* | হে ইব্রাহীম! ইহা হইতে বিরত হও; তোমার প্রতিপালকের বিধান আসিয়া পড়িয়াছে; উহাদের প্রতি তো আসিবে শাস্তি, যাহা অনিবার্য। | |
| | وَلَمَّا جَآءَتْ رُسُلُنَا لُوطًا سِىٓءَ بِهِمْ وَضَاقَ بِهِمْ ذَرْعًا وَقَالَ هَٰذَا يَوْمٌ عَصِيبٌ ﴿٧٧﴾ | 77 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাম্মা- জা~আত রুছুলুনা- লূত`াং ছী~আ বিহিম ওয়াদ`া-ক`া বিহিম য`ারআওঁ ওয়া ক`া-লা হা-য`া- ইয়াওমুন ‘আসীব। | |
| *তরজমা* | এবং যখন আমার প্রেরিত ফিরিশ্তাগণ লূতের নিকট আসিল তখন তাহাদের আগমনে সে বিষণ্ণ হইল এবং নিজেকে তাহাদের রক্ষায় অসমর্থ মনে করিল এবং বলিল, ‘ইহা নিদারুণ দিন!’ | |
| | وَجَآءَهُۥ قَوْمُهُۥ يُهْرَعُونَ إِلَيْهِ وَمِن قَبْلُ كَانُوا۟ يَعْمَلُونَ ٱلسَّيِّـَٔاتِ ۚ قَالَ يَٰقَوْمِ هَٰٓؤُلَآءِ بَنَاتِى هُنَّ أَطْهَرُ لَكُمْ ۖ فَٱتَّقُوا۟ ٱللَّهَ وَلَا تُخْزُونِ فِى ضَيْفِىٓ ۖ أَلَيْسَ مِنكُمْ رَجُلٌ رَّشِيدٌ ﴿٧٨﴾ | 78 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া জা~আহূ ক`াওমুহূ ইউহরা‘ঊনা ইলাইহি (ط) ওয়া মিং ক`াবলু কা–নূ ইয়া‘মালূনাছ্ছাইয়িআ–তি (ط) ক`া–লা ইয়া- ক`াওমি হা˜উলা~ই বানা–তী হুন্না আত`হারু লাকুম ফাত্তাকু`ল্লা–হা ওয়া লা- তুখ্যূনি ফী দ`াইফী (ط) আলাইছা মিংকুম রাজুলুর রাশীদ। | |
| *তরজমা* | তাহার সম্প্রদায় তাহার নিকট উদ্‌ভ্রান্ত হইয়া ছুটিয়া আসিল এবং পূর্ব হইতে তাহারা কুকর্মে লিপ্ত ছিল। সে বলিল, ‘হে আমার সম্প্রদায় ! ইহারা আমার কন্যা, তোমাদের জন্য ইহারা পবিত্র। সুতরাং আল্লাহ্‌কে ভয় কর এবং আমার মেহমানদের ব্যাপারে আমাকে হেয় করিও না। তোমাদের মধ্যে কি কোন ভাল মানুষ নাই?’ | |
| | قَالُوا۟ لَقَدْ عَلِمْتَ مَا لَنَا فِى بَنَاتِكَ مِنْ حَقٍّ وَإِنَّكَ لَتَعْلَمُ مَا نُرِيدُ ﴿٧٩﴾ | 79 |
| *প্রতিবর্ণায়ন* | ক`া–লূ লাক`াদ ‘আলিমতা মা–লানা- ফী বানা–তিকা মিন হ`াক্কি`ওঁ (ج) ওয়া ইন্নাকা লাতা‘লামু মা–নুরীদ। | |
| *তরজমা* | তাহারা বলিল, ‘তুমি তো জান, তোমার কন্যাদেরকে আমাদের কোন প্রয়োজন নাই; আমরা কি চাই তাহা তো তুমি জানই।’ | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| | قَالَ لَوْ اَنَّ لِيْ بِكُمْ قُوَّةً اَوْ اٰوِيْٓ اِلٰى رُكْنٍ شَدِيْدٍ ﴿٨٠﴾ | 80 |
| প্রতিবর্ণায়ন | কা-লা লাও আন্না লী বিকুম কুওওয়াতান আও আ-বী ইলা- রুকনিং শাদীদ। | |
| তরজমা | সে বলিল, 'তোমাদের উপর যদি আমার শক্তি থাকিত অথবা যদি আমি আশ্রয় লইতে পারিতাম কোন সুদৃঢ় স্তম্ভের!' | |
| | قَالُوْا يٰلُوْطُ اِنَّا رُسُلُ رَبِّكَ لَنْ يَّصِلُوْٓا اِلَيْكَ فَاَسْرِ بِاَهْلِكَ بِقِطْعٍ مِّنَ الَّيْلِ وَلَا يَلْتَفِتْ مِنْكُمْ اَحَدٌ اِلَّا امْرَاَتَكَ ۗ اِنَّهٗ مُصِيْبُهَا مَآ اَصَابَهُمْ ۗ اِنَّ مَوْعِدَهُمُ الصُّبْحُ ۗ اَلَيْسَ الصُّبْحُ بِقَرِيْبٍ ﴿٨١﴾ | 81 |
| প্রতিবর্ণায়ন | কা-লূ ইয়া-লূতু ইন্না-রুছুলু রাব্বিকা লাইঁ ইয়াসিলূ ইলাইকা ফাআছরি বিআহ্লিকা বিকিত'ইম মিনাল লাইলি ওয়ালা- ইয়ালতাফিত মিংকুম আহাদুন ইল্লাম রাআতাকা (ط) ইন্নাহূ মুসীবুহা-মা আসা-বাহুম (ط) ইন্না মাও'ইদাহুমুস্‌সুবহু (ط) আলাইছাস্‌সুবহু বিকারীব। | |
| তরজমা | তাহারা বলিল, 'হে লূত! নিশ্চয়ই আমরা তোমার প্রতিপালক-প্রেরিত ফিরিশতা। উহারা কখনই তোমার নিকট পৌঁছিতে পারিবে না। সুতরাং তুমি রাত্রির কোন এক সময়ে তোমার পরিবারবর্গসহ বাহির হইয়া পড় এবং তোমাদের মধ্যে কেহ পিছন দিকে তাকাইবে না, তোমার স্ত্রী ব্যতীত। উহাদের যাহা ঘটিবে তাহারও তাহাই ঘটিবে। নিশ্চয়ই প্রভাত উহাদের জন্য নির্ধারিত কাল। প্রভাত কি নিকটবর্তী নয়? | |
| | فَلَمَّا جَآءَ اَمْرُنَا جَعَلْنَا عَالِيَهَا سَافِلَهَا وَاَمْطَرْنَا عَلَيْهَا حِجَارَةً مِّنْ سِجِّيْلٍ ۙ مَّنْضُوْدٍ ﴿٨٢﴾ | 82 |
| প্রতিবর্ণায়ন | ফালাম্মা- জা~আ আমরুনা- জা'আলনা- 'আ-লিয়াহা- ছা-ফিলাহা- ওয়া আমতারনা- 'আলাইহা-হিজা-রাতাম মিং ছিজজীলিম্ (ٚ) মাংদূদ। | |
| তরজমা | অতঃপর যখন আমার আদেশ অসিল তখন আমি জনপদকে উল্টাইয়া দিলাম এবং উহাদের উপর ক্রমাগত বর্ষণ করিলাম প্রস্তর-কঙ্কর, | |
| | مُّسَوَّمَةً عِنْدَ رَبِّكَ ۗ وَمَا هِيَ مِنَ الظّٰلِمِيْنَ بِبَعِيْدٍ ﴿٨٣﴾ | 83 |
| প্রতিবর্ণায়ন | মুছাওওয়ামাতান 'ইংদা রাব্বিকা (ط) ওয়ামা-হিয়া মিনাজ জা- লিমীনা বিবা'ঈদ। | |
| তরজমা | যাহা তোমার প্রতিপালকের নিকট চিহ্নিত ছিল। ইহা জালিমদের হইতে দূরে নয়। | |
| | وَاِلٰى مَدْيَنَ اَخَاهُمْ شُعَيْبًا ۗ قَالَ يٰقَوْمِ اعْبُدُوا اللّٰهَ مَا لَكُمْ مِّنْ اِلٰهٍ غَيْرُهٗ ۗ وَلَا تَنْقُصُوا الْمِكْيَالَ وَالْمِيْزَانَ اِنِّيْٓ اَرٰىكُمْ بِخَيْرٍ وَّاِنِّيْٓ اَخَافُ عَلَيْكُمْ عَذَابَ يَوْمٍ مُّحِيْطٍ ﴿٨٤﴾ | 84 |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইলা– মাদইয়ানা আখা–হুম শু‘আইবাং (ط) ক`া–লা ইয়া–ক`াওমি‘বুদুল্লা–হা মা–লাকুম মিন ইলা–হিন গাইরুহূ (ط) ওয়ালা–তাংকু`সুল মিকয়া–লা ওয়াল মীঝা–না ইন্নী˜আরা–কুম বিখাইরিওঁ ওয়া ইন্নী˜আখা–ফু ‘আলাইকুম ‘আয`া–বা ইয়াওমিম মুহ`ীত` । | |
| *তরজমা* | মাদইয়ানবাসীদের নিকট তাহাদের ভ্রাতা শু‘আয়বকে আমি পাঠাইয়াছিলাম। সে বলিয়াছিল, ‘হে আমার সম্প্রদায়! তোমরা আল্লাহ্‌র ‘ইবাদত কর, তিনি ব্যতীত তোমাদের অন্য কোন ইলাহ্ নাই, মাপে ও ওজনে কম করিও না; আমি তোমাদেরকে সমৃদ্ধিশালী দেখিতেছি, কিন্তু আমি তোমাদের জন্য আশংকা করিতেছি এক সর্বগ্রাসী দিবসের শাস্তি। | |
| | وَيٰقَوۡمِ اَوۡفُوا الۡمِكۡيَالَ وَالۡمِيۡزَانَ بِالۡقِسۡطِ وَلَا تَبۡخَسُوا النَّاسَ اَشۡيَآءَهُمۡ وَلَا تَعۡثَوۡا فِى الۡاَرۡضِ مُفۡسِدِيۡنَ ﴿۸۵﴾ | 85 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয়া– ক`াওমি আওফুল মিকয়া–লা ওয়াল মীঝা–না বিলকি`ছতি` ওয়ালা–তাবখাছুন্না–ছা আশইয়া~আহুম ওয়ালা– তা‘ছ`াও ফিল আরদি` মুফছিদীন। | |
| *তরজমা* | ‘হে আমার সম্প্রদায় ! তোমরা ন্যায়সঙ্গতভাবে মাপিও ও ওজন করিও, লোকদেরকে তাহাদের প্রাপ্য বস্তু কম দিও না এবং পৃথিবীতে বিপর্যয় সৃষ্টি করিয়া বেড়াইও না। | |
| | بَقِيَّتُ اللّٰهِ خَيۡرٌ لَّـكُمۡ اِنۡ كُنۡتُمۡ مُّؤۡمِنِيۡنَ ۚ وَمَاۤ اَنَا عَلَيۡكُمۡ بِحَفِيۡظٍ ﴿۸۶﴾ | 86 |
| *প্রতিবর্ণায়ন* | বাকি`ইইয়াতুল্লা–হি খাইরুল্লাকুম ইং কুংতুম মু’মিনীনা (ج) ওয়ামা˜আনা ‘আলাইকুম বিহ`াফীজ` । | |
| *তরজমা* | ‘যদি তোমরা মু’মিন হও তবে আল্লাহ্‌-অনুমোদিত যাহা বাকি থাকিবে তোমাদের জন্য তাহা উত্তম; আমি তোমাদের তত্ত্বাবধায়ক নই।’ | |
| | قَالُوۡا يٰشُعَيۡبُ اَصَلٰوتُكَ تَاۡمُرُكَ اَنۡ نَّتۡرُكَ مَا يَعۡبُدُ اٰبَآؤُنَاۤ اَوۡ اَنۡ نَّفۡعَلَ فِىۡۤ اَمۡوَالِنَا مَا نَشٰٓؤُا ؕ اِنَّكَ لَاَنۡتَ الۡحَلِيۡمُ الرَّشِيۡدُ ﴿۸۷﴾ | 87 |
| *প্রতিবর্ণায়ন* | ক`া–লূ ইয়া–শু‘আইবু আসালা–তুকা তা’মুরুকা আং নাতরুকা মা–ইয়া‘বুদু আ–বা~উনা˜আও আংনাফ‘আলা ফী˜ আমওয়া–লিনা– মা–নাশা~উ (ط) ইন্নাকা লাআংতাল হ`ালীমুর রাশীদ। | |
| *তরজমা* | উহারা বলিল, ‘হে শু‘আয়ব! তোমার সালাত কি তোমাকে নির্দেশ দেয় যে, আমাদের পিতৃপুরুষেরা যাহার ‘ইবাদত করিত আমাদেরকে তাহা বর্জন করিতে হইবে অথবা আমরা আমাদের ধন-সম্পদ সম্পর্কে যাহা করি তাহাও ? তুমি তো অবশ্যই সহিষ্ণু, ভাল মানুষ!’ | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | قَالَ يٰقَوْمِ اَرَءَيْتُمْ اِنْ كُنْتُ عَلٰى بَيِّنَةٍ مِّنْ رَّبِّيْ وَرَزَقَنِيْ مِنْهُ رِزْقًا حَسَنًا ؕ وَمَاۤ اُرِيْدُ اَنْ اُخَالِفَكُمْ اِلٰى مَاۤ اَنْهٰىكُمْ عَنْهُ ؕ اِنْ اُرِيْدُ اِلَّا الْاِصْلَاحَ مَا اسْتَطَعْتُ ؕ وَمَا تَوْفِيْقِيْۤ اِلَّا بِاللّٰهِ ؕ عَلَيْهِ تَوَكَّلْتُ وَاِلَيْهِ اُنِيْبُ ﴿۸۸﴾ | **88** |
| *প্রতিবর্ণায়ন* | ক্বা-লা ইয়া-ক্বাওমি আরাআইতুম ইং কুংতু ‘আলা-বাইয়িনাতিম মির রাব্বী ওয়া রাঝাক্বানী মিনহু রিঝক্বান হাছানাওঁ (ط) ওয়ামা~উরীদু আন উখা-লিফাকুম ইলা- মা~আনহা-কুম ‘আনহু (ط) ইন উরীদু ইল্লাল ইসলা-হা মাছতাতা'তু (ط) ওয়ামা- তাওফীক্বী~ইল্লা- বিল্লা-হি (ط) ‘আলাইহি তাওয়াক্কালতু ওয়া ইলাইহি উনীব। | |
| *তরজমা* | সে বলিল, ‘হে আমার সম্প্রদায় ! তোমরা ভাবিয়া দেখিয়াছ কি, আমি যদি আমার প্রতিপালক-প্রেরিত স্পষ্ট প্রমাণে প্রতিষ্ঠিত হইয়া থাকি এবং তিনি যদি তাঁহার নিকট হইতে আমাকে উৎকৃষ্ট জীবনোপকরণ দান করিয়া থাকেন তবে কী করিয়া আমি আমার কর্তব্য হইতে বিরত থাকিব ! আমি তোমাদেরকে যাহা নিষেধ করি আমি নিজে তাহা করিতে ইচ্ছা করি না। আমি তো আমার সাধ্যমত সংস্কারই করিতে চাই। আমার কার্যসাধন তো আল্লাহ্‌রই সাহায্যে ; আমি তাঁহারই উপর নির্ভর করি এবং আমি তাঁহারই অভিমুখী। | |
| | وَيٰقَوْمِ لَا يَجْرِمَنَّكُمْ شِقَاقِيْۤ اَنْ يُّصِيْبَكُمْ مِّثْلُ مَاۤ اَصَابَ قَوْمَ نُوْحٍ اَوْ قَوْمَ هُوْدٍ اَوْ قَوْمَ صٰلِحٍ ؕ وَمَا قَوْمُ لُوْطٍ مِّنْكُمْ بِبَعِيْدٍ ﴿۸۹﴾ | **89** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয়া- ক্বাওমি লা- ইয়াজরিমান্নাকুম শিক্বা-ক্বী~আইঁ ইউসীবাকুম মিছ্‌লু মা~ আসা-বা ক্বাওমা নূহি্‌ন আও ক্বাওমা হূদিন আও ক্বাওমা সা-লিহি্‌ওঁ (ط) ওয়ামা- ক্বাওমু লূতি্‌ম মিংকুম বিবা‘ঈদ। | |
| *তরজমা* | ‘হে আমার সম্প্রদায় ! আমার সঙ্গে বিরোধ যেন কিছুতেই তোমাদেরকে এমন অপরাধ না করায় যাহাতে তোমাদের উপর তাহার অনুরূপ বিপদ আপতিত হইবে যাহা আপতিত হইয়াছিল নূহের সম্প্রদায়ের উপর অথবা হূদের সম্প্রদায়ের উপর কিংবা সালিহের সম্প্রদায়ের উপর; আর লূতের সম্প্রদায় তো তোমাদের হইতে দূরে নয়। | |
| | وَاسْتَغْفِرُوْا رَبَّكُمْ ثُمَّ تُوْبُوْۤا اِلَيْهِ ؕ اِنَّ رَبِّيْ رَحِيْمٌ وَّدُوْدٌ ﴿۹۰﴾ | **90** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াছতাগফিরু রাব্বাকুম ছু্‌ম্মা তূবূ~ইলাইহি (ط) ইন্না রাব্বী রাহ্‌ীমুওঁ ওয়াদূদ। | |
| *তরজমা* | ‘তোমরা তোমাদের প্রতিপালকের নিকট ক্ষমা প্রার্থনা কর ও তাঁহার দিকে প্রত্যাবর্তন কর; আমার প্রতিপালক তো পরম দয়ালু, প্রেমময়।’ | |

| | | |
|---|---|---|
| | قَالُوْا يٰشُعَيْبُ مَا نَفْقَهُ كَثِيْرًا مِّمَّا تَقُوْلُ وَ اِنَّا لَنَرٰىكَ فِيْنَا ضَعِيْفًا ۚ وَلَوْلَا رَهْطُكَ لَرَجَمْنٰكَ ۫ وَمَآ اَنْتَ عَلَيْنَا بِعَزِيْزٍ ﴿٩١﴾ | **91** |
| *প্রতিবর্ণায়ন* | কা–লূ ইয়া– শু‘আইবু মা–নাফকাহু কাছ ীরাম মিম্মা– তাকূলু ওয়া ইন্না– লানারা–কা ফীনা– দা‘ঈফাওঁ– (ج) ওয়া লাওলা–রাহতু কা লারাজামনা–কা (ز) ওয়ামা˜আংতা ‘আলাইনা– বি‘আঝীঝ। | |
| *তরজমা* | উহারা বলিল, ‘হে শু‘আয়ব! তুমি যাহা বল তাহার অনেক কথা আমরা বুঝি না এবং আমরা তো আমাদের মধ্যে তোমাকে দুর্বলই দেখিতেছি। তোমার স্বজনবর্গ না থাকিলে আমরা তোমাকে প্রস্তর নিক্ষেপ করিয়া মারিয়া ফেলিতাম; আর আমাদের উপর তুমি শক্তিশালী নও।’ | |
| | قَالَ يٰقَوْمِ اَرَهْطِيْٓ اَعَزُّ عَلَيْكُمْ مِّنَ اللّٰهِ ؕ وَاتَّخَذْتُمُوْهُ وَرَآءَكُمْ ظِهْرِيًّا ؕ اِنَّ رَبِّيْ بِمَا تَعْمَلُوْنَ مُحِيْطٌ ﴿٩٢﴾ | **92** |
| *প্রতিবর্ণায়ন* | কা–লা ইয়া–কাওমি আরাহতী– আ‘আঝঝু ‘আলাইকুম মিনাল্লা–হি (ط) ওয়াত্তাখাযতুমূহু ওয়ারা~আকুম জিহরিইয়া– (ط) ইন্না রাব্বী বিমা–তা‘মালূনা মুহীত। | |
| *তরজমা* | সে বলিল, ‘হে আমার সম্প্রদায় ! তোমাদের নিকট কি আমার স্বজনবর্গ আল্লাহ্ অপেক্ষা অধিক শক্তিশালী ? তোমরা তাঁহাকে সম্পূর্ণ পশ্চাতে ফেলিয়া রাখিয়াছ। তোমরা যাহা কর আমার প্রতিপালক অবশ্যই তাহা পরিবেষ্টন করিয়া আছেন। | |
| | وَيٰقَوْمِ اعْمَلُوْا عَلٰى مَكَانَتِكُمْ اِنِّيْ عَامِلٌ ؕ سَوْفَ تَعْلَمُوْنَ ۙ مَنْ يَّاْتِيْهِ عَذَابٌ يُّخْزِيْهِ وَمَنْ هُوَ كَاذِبٌ ؕ وَ ارْتَقِبُوْٓا اِنِّيْ مَعَكُمْ رَقِيْبٌ ﴿٩٣﴾ | **93** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয়া– কাওমি‘মালূ ‘আলা– মাকা– নাতিকুম ইন্নী ‘আ–মিলুং (ط) ছাওফা তা‘লামূনা (لا) মাইঁ ইয়া’তীহি ‘আযা–বুইঁ ইউখঝীহি ওয়ামান হুওয়া কা–যিবুওঁ (ط) ওয়ারতাকিবূ˜ইন্নী মা‘আকুম রাকীব। | |
| *তরজমা* | ‘হে আমার সম্প্রদায় ! তোমরা স্ব স্ব অবস্থায় কাজ করিতে থাক, আমিও আমার কাজ করিতেছি। তোমরা শীঘ্রই জানিতে পারিবে কাহার উপর আসিবে লাঞ্ছনাদায়ক শাস্তি এবং কে মিথ্যাবাদী। সুতরাং তোমরা প্রতীক্ষা কর, আমিও তোমাদের সঙ্গে প্রতীক্ষা করিতেছি।’ | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| | وَلَمَّا جَآءَ اَمۡرُنَا نَجَّيۡنَا شُعَيۡبًا وَّالَّذِيۡنَ اٰمَنُوۡا مَعَهٗ بِرَحۡمَةٍ مِّنَّا وَاَخَذَتِ الَّذِيۡنَ ظَلَمُوا الصَّيۡحَةُ فَاَصۡبَحُوۡا فِىۡ دِيَارِهِمۡ جٰثِمِيۡنَ ۙ﴿۹۴﴾ | 94 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাম্মা-জা~আ আমরুনা- নাজজাইনা-শু‘আইবাওঁ ওয়াল্লায ীনা আ-মানূ মা‘আহূ বিরাহ মাতিম মিন্না-ওয়া আখায াতিল্লায ীনা জ ালামুসসাইহ াতু ফাআসবাহূ ফী দিয়া-রিহিম জা-ছি মীন। | |
| *তরজমা* | যখন আমার নির্দেশ আসিল তখন আমি শু‘আয়ব ও তাহার সঙ্গে যাহারা ঈমান আনিয়াছিল তাহাদেরকে আমার অনুগ্রহে রক্ষা করিয়াছিলাম। অতঃপর যাহারা সীমালংঘন করিয়াছিল মহানাদ তাহাদেরকে আঘাত করিল, ফলে উহারা নিজ নিজ গৃহে নতজানু অবস্থায় পড়িয়া রহিল, | |
| | كَاَنۡ لَّمۡ يَغۡنَوۡا فِيۡهَا ؕ اَلَا بُعۡدًا لِّمَدۡيَنَ كَمَا بَعِدَتۡ ثَمُوۡدُ ﴿۹۵﴾ | 95 |
| *প্রতিবর্ণায়ন* | কাআল্ লাম ইয়াগনাও ফীহা- (ط) আলা- বু‘দাল লিমাদইয়ানা কামা বা‘ইদাত ছ ামূদ। | |
| *তরজমা* | যেন তাহারা সেখানে কখনও বসবাস করে নাই। জানিয়া রাখ! ধ্বংসই ছিল মাদ্ইয়ান-বাসীদের পরিণাম, যেভাবে ধ্বংস হইয়াছিল সামূদ সম্প্রদায়। | |
| | وَلَقَدۡ اَرۡسَلۡنَا مُوۡسٰى بِاٰيٰتِنَا وَسُلۡطٰنٍ مُّبِيۡنٍ ۙ﴿۹۶﴾ | 96 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাক াদ আরছালনা- মূছা- বিআ-য়া-তিনা- ওয়া ছুলত া-নিম মুবীন। | |
| *তরজমা* | আমি তো মূসাকে আমার নিদর্শনাবলী ও স্পষ্ট প্রমাণসহ পাঠাইয়াছিলাম, | |
| | اِلٰى فِرۡعَوۡنَ وَمَلَا۟ئِهٖ فَاتَّبَعُوۡۤا اَمۡرَ فِرۡعَوۡنَ ۚ وَمَاۤ اَمۡرُ فِرۡعَوۡنَ بِرَشِيۡدٍ ﴿۹۷﴾ | 97 |
| *প্রতিবর্ণায়ন* | ইলা-ফির‘আওনা ওয়া মালাইহী ফাত্তাবা‘উ˜আমরা ফির‘আওনা (ج) ওয়ামা˜আমরু ফির‘আওনা বিরাশীদ। | |
| *তরজমা* | ফির‘আওন ও তাহার প্রধানদের নিকট। কিন্তু তাহারা ফির‘আওনের কার্যকলাপের অনুসরণ করিত এবং ফির‘আওনের কার্যকলাপ ভাল ছিল না। | |
| | يَقۡدُمُ قَوۡمَهٗ يَوۡمَ الۡقِيٰمَةِ فَاَوۡرَدَهُمُ النَّارَ ؕ وَبِئۡسَ الۡوِرۡدُ الۡمَوۡرُوۡدُ ﴿۹۸﴾ | 98 |
| *প্রতিবর্ণায়ন* | ইয়াক দুমু ক াওমাহূ ইয়াওমাল কি য়া-মাতি ফাআওরাদা হুমুন্না-রু (ط) ওয়া বি‘ছাল বি রদুল মাওরূদ। | |
| *তরজমা* | সে কিয়ামতের দিন তাহার সম্প্রদায়ের অগ্রভাগে থাকিবে এবং সে উহাদেরকে লইয়া দোজখে প্রবেশ করিবে। যেখানে প্রবেশ করানো হইবে তাহা কত নিকৃষ্ট স্থান! | |
| | وَاُتۡبِعُوۡا فِىۡ هٰذِهٖ لَعۡنَةً وَّيَوۡمَ الۡقِيٰمَةِ ؕ بِئۡسَ الرِّفۡدُ الۡمَرۡفُوۡدُ ﴿۹۹﴾ | 99 |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ওয়া উতবি‘ঊ ফী হা–যি`হী লা‘নাতাওঁ ওয়া ইয়াওমাল কি`য়া–মাতি (ط) বি’ছার্ রিফদুল মারফূদ। | |
| *তরজমা* | এই দুনিয়ায় উহাদেরকে করা হইয়াছিল অভিশাপগ্রস্ত এবং অভিশাপগ্রস্ত হইবে উহারা কিয়ামতের দিনেও। কত নিকৃষ্ট সে পুরস্কার যাহা উহাদেরকে দেওয়া হইবে! | |
| | ذٰلِكَ مِنْ اَنْۢبَآءِ الْقُرٰى نَقُصُّهٗ عَلَيْكَ مِنْهَا قَآئِمٌ وَّ حَصِيْدٌ ﴿۱۰۰﴾ | **100** |
| *প্রতিবর্ণায়ন* | য`া–লিকা মিন আমবা~ইল কু`রা–নাকু`স্সুহূ ‘আলাইকা মিনহা ক`া~ইমুওঁ ওয়া হ`াসীদ। | |
| *তরজমা* | ইহা জনপদসমূহের কতক সংবাদ যাহা আমি তোমার নিকট বর্ণনা করিতেছি। উহাদের মধ্যে কতক এখনও বিদ্যমান এবং কতক নির্মূল হইয়াছে। | |
| | وَمَا ظَلَمْنٰهُمْ وَلٰكِنْ ظَلَمُوْٓا اَنْفُسَهُمْ فَمَآ اَغْنَتْ عَنْهُمْ اٰلِهَتُهُمُ الَّتِىْ يَدْعُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ مِنْ شَىْءٍ لَّمَّا جَآءَ اَمْرُ رَبِّكَ ؕ وَمَا زَادُوْهُمْ غَيْرَ تَتْبِيْبٍ ﴿۱۰۱﴾ | **101** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা–জ`ালামনা–হুম ওয়ালা–কিং জ`ালামূ~আংফুছাহুম ফামা~আগনাত ‘আনহুম আ–লিহাতুহুমুল্লাতী ইয়াদ‘উনা মিং দূনিল্লা–হি মিং শাইয়িল লাম্মা–জা~আ আমরু রাব্বিকা (ط) ওয়ামা– ঝা–দুহুম গাইরা তাতবীব। | |
| *তরজমা* | আমি উহাদের প্রতি জুলুম করি নাই কিন্তু উহারাই নিজেদের প্রতি জুলুম করিয়াছিল। যখন তোমার প্রতিপালকের বিধান আসিল তখন আল্লাহ্ ব্যতীত যে ইলাহ্সমূহের তাহারা ‘ইবাদত করিত তাহারা উহাদের কোন কাজে আসিল না। তাহারা ধ্বংস ব্যতীত উহাদের অন্য কিছু বৃদ্ধি করিল না। | |
| | وَكَذٰلِكَ اَخْذُ رَبِّكَ اِذَآ اَخَذَ الْقُرٰى وَهِىَ ظَالِمَةٌ ؕ اِنَّ اَخْذَهٗٓ اَلِيْمٌ شَدِيْدٌ ﴿۱۰۲﴾ | **102** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া কায`া–লিকা আখয্`রাব্বিক ইয`া~আখায`াল কু`রা–ওয়াহিয়া জ`া–লিমাতুন (ط) ইন্না আখয`াহূ~আলীমুং শাদীদ। | |
| *তরজমা* | এইরূপই তোমার প্রতিপালকের শাস্তি! তিনি শাস্তি দান করেন জনপদসমূহকে যখন উহারা জুলুম করিয়া থাকে। নিশ্চয়ই তাঁহার শাস্তি মর্মন্তুদ, কঠিন। | |
| | اِنَّ فِىْ ذٰلِكَ لَاٰيَةً لِّمَنْ خَافَ عَذَابَ الْاٰخِرَةِ ؕ ذٰلِكَ يَوْمٌ مَّجْمُوْعٌ ۙ لَّهُ النَّاسُ وَذٰلِكَ يَوْمٌ مَّشْهُوْدٌ ﴿۱۰۳﴾ | **103** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্না ফী য`া–লিকা লাআ–য়াতাল লিমান খা–ফা ‘আয`া–বাল আ–খিরাতি (ط) য`া–লিকা ইয়াওমুম মাজমূ‘উল্লাহুন্না–ছু ওয়া য`া–লিকা ইয়াওমুম মাশহুদ। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
| --- | --- | --- |
| *তরজমা* | যে আখিরাতের শাস্তিকে ভয় করে ইহাতে তো তাহার জন্য নিদর্শন আছে। ইহা সেই দিন, যেদিন সমস্ত মানুষকে একত্র করা হইবে; ইহা সেই দিন যেদিন সকলকে উপস্থিত করা হইবে; | |
| | وَمَا نُؤَخِّرُهٗٓ اِلَّا لِاَجَلٍ مَّعْدُوْدٍ ﴿١٠٤﴾ | **104** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা-নুআখখিরুহূ~ ইল্লা-লিআজালিম মা‘দূদ। | |
| *তরজমা* | এবং আমি নির্দিষ্ট কিছুকালের জন্য উহা স্থগিত রাখি মাত্র। | |
| | يَوْمَ يَأْتِ لَا تَكَلَّمُ نَفْسٌ اِلَّا بِاِذْنِهٖ ۚ فَمِنْهُمْ شَقِيٌّ وَّسَعِيْدٌ ﴿١٠٥﴾ | **105** |
| *প্রতিবর্ণায়ন* | ইয়াওমা ইয়া'তি লা-তাকাল্লামু নাফছুন ইল্লা-বিইয্‌নিহী (ج) ফামিনহুম শাকিইয়ুঁ ওয়াছা‘ঈদ। | |
| *তরজমা* | যখন সেদিন আসিবে তখন আল্লাহ্‌র অনুমতি ব্যতীত কেহ কথা বলিতে পারিবে না; উহাদের মধ্যে কেহ হইবে হতভাগ্য আর কেহ ভাগ্যবান। | |
| | فَاَمَّا الَّذِيْنَ شَقُوْا فَفِى النَّارِ لَهُمْ فِيْهَا زَفِيْرٌ وَّشَهِيْقٌ ﴿١٠٦﴾ | **106** |
| *প্রতিবর্ণায়ন* | ফাআম্মাল্লাযীনা শাকূ ফাফিন্‌না-রি লাহুম ফীহা-ঝাফীরুওঁ ওয়া শাহীক। | |
| *তরজমা* | অতঃপর যাহারা হতভাগ্য তাহারা থাকিবে দোজখে এবং সেখানে তাহাদের জন্য থাকিবে চিৎকার ও আর্তনাদ, | |
| | خٰلِدِيْنَ فِيْهَا مَا دَامَتِ السَّمٰوٰتُ وَالْاَرْضُ اِلَّا مَا شَآءَ رَبُّكَ ۗ اِنَّ رَبَّكَ فَعَّالٌ لِّمَا يُرِيْدُ ﴿١٠٧﴾ | **107** |
| *প্রতিবর্ণায়ন* | খা-লিদীনা ফীহা-মা-দা-মাতিছছামা-ওয়া-তু ওয়াল আরদু ইল্লা-মা-শা~আ রাব্বুকা (ط) ইন্না রাব্বাকা ফা‘‘আ-লুল্লিমা-ইউরীদ। | |
| *তরজমা* | সেখানে তাহারা স্থায়ী হইবে যত দিন আকাশমণ্ডলী ও পৃথিবী বিদ্যমান থাকিবে যদি না তোমার প্রতিপালক অন্যরূপ ইচ্ছা করেন ; নিশ্চয়ই তোমার প্রতিপালক তাহাই করেন যাহা তিনি ইচ্ছা করেন। | |
| | وَاَمَّا الَّذِيْنَ سُعِدُوْا فَفِى الْجَنَّةِ خٰلِدِيْنَ فِيْهَا مَا دَامَتِ السَّمٰوٰتُ وَالْاَرْضُ اِلَّا مَا شَآءَ رَبُّكَ ۗ عَطَآءً غَيْرَ مَجْذُوْذٍ ﴿١٠٨﴾ | **108** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আম্মাল লাযীনা ছু‘ইদূ ফাফিল জান্নাতি খা-লিদীনা ফীহা-মা-দা-মাতিছছামা-ওয়া-তু ওয়াল আরদু ইল্লা-মা-শা~আ রাব্বুকা; ‘আতা-আন গাইরা মাজযূয। | |
| *তরজমা* | পক্ষান্তরে, যাহারা ভাগ্যবান তাহারা থাকিবে জান্নাতে, সেখানে তাহারা স্থায়ী হইবে, যত দিন আকাশমণ্ডলী ও পৃথিবী বিদ্যমান থাকিবে, যদি না তোমার প্রতিপালক অন্যরূপ ইচ্ছা করেন; ইহা এক নিরবচ্ছিন্ন পুরস্কার। | |

| | فَلَا تَكُ فِي مِرْيَةٍ مِّمَّا يَعْبُدُ هَٰؤُلَاءِ ۚ مَا يَعْبُدُونَ إِلَّا كَمَا يَعْبُدُ آبَاؤُهُم مِّن قَبْلُ ۚ وَإِنَّا لَمُوَفُّوهُمْ نَصِيبَهُمْ غَيْرَ مَنقُوصٍ ﴿١٠٩﴾ | **109** |
| *প্রতিবর্ণায়ন* | ফালা–তাকু ফী মিরইয়াতিম মিম্মা–ইয়া‘বুদু হা˜উলা~ই (ط) মা–ইয়া‘বুদূনা ইল্লা–কামা–ইয়া‘বুদু আ–বা~উহুম মিং ক˙াবলু (ط) ওয়া ইন্না–লামুওয়াফফূহুম নাসীবাহুম গাইরা মাংকূ˙স। | |
| *তরজমা* | সুতরাং উহারা যাহাদের ‘ইবাদত করে তাহাদের সম্বন্ধে সংশয়ে থাকিও না, পূর্বে উহাদের পিতৃপুরুষেরা যাহাদের ‘ইবাদত করিত উহারা তাহাদেরই ‘ইবাদত করে। অবশ্যই আমি উহাদেরকে উহাদের প্রাপ্য পুরাপুরি দিব-কিছুমাত্র কম করিব না। | |
| | وَلَقَدْ آتَيْنَا مُوسَى الْكِتَابَ فَاخْتُلِفَ فِيهِ ۚ وَلَوْلَا كَلِمَةٌ سَبَقَتْ مِن رَّبِّكَ لَقُضِيَ بَيْنَهُمْ ۚ وَإِنَّهُمْ لَفِي شَكٍّ مِّنْهُ مُرِيبٍ ﴿١١٠﴾ | **110** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাক˙াদ আ–তাইনা–মুছাল কিতা–বা ফাখতুলিফা ফীহি (ط) ওয়া লাওলা–কালিমাতুং ছাবাক˙াত মির রাব্বিকা লাকু˙দি˙য়া বাইনাহুম (ط) ওয়া ইন্নাহুম লাফী শাক্কিম মিনহু মুরীব। | |
| *তরজমা* | নিশ্চয়ই আমি মূসাকে কিতাব দিয়াছিলাম, অতঃপর ইহাতে মতভেদ ঘটিয়াছিল। তোমার প্রতিপালকের পূর্বসিদ্ধান্ত না থাকিলে উহাদের মীমাংসা হইয়া যাইত। উহারা অবশ্যই ইহার সম্বন্ধে বিভ্রান্তিকর সন্দেহে ছিল। | |
| | وَإِنَّ كُلًّا لَّمَّا لَيُوَفِّيَنَّهُمْ رَبُّكَ أَعْمَالَهُمْ ۚ إِنَّهُ بِمَا يَعْمَلُونَ خَبِيرٌ ﴿١١١﴾ | **111** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইন্না কুল্লাল্ লাম্মা– লাইউওয়াফফিয়ান্নাহুম রাব্বুকা আ‘মা–লাহুম (ط) ইন্নাহূ বিমা–ইয়া‘মালূনা খাবীর। | |
| *তরজমা* | যখন সময় আসিবে তখন অবশ্যই তোমার প্রতিপালক উহাদের প্রত্যেককে তাহার কর্মফল পুরাপুরি দিবেন। উহারা যাহা করে তিনি তো সে বিষয়ে সবিশেষ অবহিত; | |
| | فَاسْتَقِمْ كَمَا أُمِرْتَ وَمَن تَابَ مَعَكَ وَلَا تَطْغَوْا ۚ إِنَّهُ بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ ﴿١١٢﴾ | **112** |
| *প্রতিবর্ণায়ন* | ফাছতাকি˙ম কামা˜উমিরতা ওয়ামাং তা–বা মা‘আকা ওয়ালা–তাত˙গাও (ط) ইন্নাহূ বিমা–তা‘মালূনা বাসীর। | |
| *তরজমা* | সুতরাং তুমি যেভাবে আদিষ্ট হইয়াছ তাহাতে স্থির থাক এবং তোমার সঙ্গে যাহারা ঈমান আনিয়াছে তাহারাও স্থির থাকুক; এবং সীমালংঘন করিও না। তোমরা যাহা কর নিশ্চয়ই তিনি তাহার সম্যক দ্রষ্টা। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | وَلَا تَرْكَنُوْٓا اِلَى الَّذِيْنَ ظَلَمُوْا فَتَمَسَّكُمُ النَّارُ ۙ وَمَا لَكُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ مِنْ اَوْلِيَآءَ ثُمَّ لَا تُنْصَرُوْنَ ﴿١١٣﴾ | **113** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালা- তারকানূ˜ইলাল্লায˙ীনা জ˙ালামূ ফাতামাছছাকুমুন্না-রু ওয়ামা-লাকুম মিং দূনিল্লা-হি মিন আউলিয়া~আ ছু˙ম্মা লা-তুংসারূন। | |
| *তরজমা* | যাহারা সীমালংঘন করিয়াছে তোমরা তাহাদের প্রতি ঝুঁকিয়া পড়িও না; পড়িলে অগ্নি তোমাদেরকে স্পর্শ করিবে। এই অবস্থায় আল্লাহ্ ব্যতীত তোমাদের কোন অভিভাবক থাকিবে না এবং তোমাদের সাহায্য করা হইবে না। | |
| | وَاَقِمِ الصَّلٰوةَ طَرَفَيِ النَّهَارِ وَزُلَفًا مِّنَ الَّيْلِ ؕ اِنَّ الْحَسَنٰتِ يُذْهِبْنَ السَّيِّاٰتِ ؕ ذٰلِكَ ذِكْرٰى لِلذّٰكِرِيْنَ ﴿١١٤﴾ | **114** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আকি˙মিসসালা-তা ত˙ারাফাইন্নাহা-রি ওয়া ঝুলাফাম মিনাল্লাইলি (ط) ইন্নাল হ˙াছানা-তি ইউয˙হিবনাছ ছাইয়িআ-তি (ط) য˙া-লিকা যি˙করা-লিয˙য˙া-কিরীন। | |
| *তরজমা* | তুমি সালাত কায়েম কর দিবসের দুই প্রান্তভাগে ও রজনীর প্রথমাংশে। সৎকর্ম অবশ্যই অসৎকর্ম মিটাইয়া দেয়। যাহারা উপদেশ গ্রহণ করে, ইহা তাহাদের জন্য এক উপদেশ। | |
| | وَاصْبِرْ فَاِنَّ اللّٰهَ لَا يُضِيْعُ اَجْرَ الْمُحْسِنِيْنَ ﴿١١٥﴾ | **115** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াসবির ফাইন্নাল্লা-হা লা-ইউদ˙ী‘উ আজরাল মুহ˙ছিনীন। | |
| *তরজমা* | তুমি ধৈর্য ধারণ কর, কারণ নিশ্চয়ই আল্লাহ্ সৎকর্মপরায়ণদের শ্রমফল নষ্ট করেন না। | |
| | فَلَوْلَا كَانَ مِنَ الْقُرُوْنِ مِنْ قَبْلِكُمْ اُولُوْا بَقِيَّةٍ يَّنْهَوْنَ عَنِ الْفَسَادِ فِى الْاَرْضِ اِلَّا قَلِيْلًا مِّمَّنْ اَنْجَيْنَا مِنْهُمْ ۚ وَاتَّبَعَ الَّذِيْنَ ظَلَمُوْا مَآ اُتْرِفُوْا فِيْهِ وَكَانُوْا مُجْرِمِيْنَ ﴿١١٦﴾ | **116** |
| *প্রতিবর্ণায়ন* | ফালাওলা-কা-না মিনাল কু˙রূনি মিং ক˙াবলিকুম উলূ বাকি˙ইইয়াতিইঁ ইয়ানহাওনা ‘আনিল ফাছা-দি ফিল আরদি˙ ইল্লা-ক˙ালীলাম মিম্মান আংজাইনা-মিনহুম (ج) ওয়াত্তাবা‘আল্লায˙ীনা জ˙ালামু মা˜উতরিফূ ফীহি ওয়াকা-নূ মুজরীমিন। | |
| *তরজমা* | তোমাদের পূর্বযুগে আমি যাহাদেরকে রক্ষা করিয়াছিলাম তাহাদের মধ্যে অল্প কতক ব্যতীত সজ্জন ছিল না, যাহারা পৃথিবীতে বিপর্যয় ঘটাইতে নিষেধ করিত। সীমালংঘনকারীরা যাহাতে সুখ—স্বাচ্ছন্দ্য পাইত তাহারই অনুসরণ করিত এবং উহারা ছিল অপরাধী। | |

| | وَمَا كَانَ رَبُّكَ لِيُهْلِكَ الْقُرٰى بِظُلْمٍ وَّاَهْلُهَا مُصْلِحُوْنَ ﴿١١٧﴾ | **117** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা– কা–না রাব্বুকা লিইউহলিকাল কু'রা– বিজু'লমিওঁ ওয়া আহলুহা– মুসলিহু'ন। | |
| *তরজমা* | তোমার প্রতিপালক এইরূপ নন যে, তিনি অন্যায়ভাবে জনপদ ধ্বংস করিবেন, অথচ উহার অধিবাসীরা পুণ্যবান। | |
| | وَلَوْ شَآءَ رَبُّكَ لَجَعَلَ النَّاسَ اُمَّةً وَّاحِدَةً وَّلَا يَزَالُوْنَ مُخْتَلِفِيْنَ ﴿١١٨﴾ | **118** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাও শা~আ রাব্বুকা লাজা'আলান্না–ছা উম্মাতাওঁ ওয়া–হি'দাতাওঁ ওয়ালা–ইয়াঝা–লূনা মুখতালিফীন। | |
| *তরজমা* | তোমার প্রতিপালক ইচ্ছা করিলে সমস্ত মানুষকে এক জাতি করিতে পারিতেন, কিন্তু তাহারা মতভেদ করিতেই থাকিবে, | |
| | اِلَّا مَنْ رَّحِمَ رَبُّكَ ؕ وَلِذٰلِكَ خَلَقَهُمْ ؕ وَتَمَّتْ كَلِمَةُ رَبِّكَ لَاَمْلَـَٔنَّ جَهَنَّمَ مِنَ الْجِنَّةِ وَالنَّاسِ اَجْمَعِيْنَ ﴿١١٩﴾ | **119** |
| *প্রতিবর্ণায়ন* | ইল্লা– মার রাহি'মা রাব্বুকা (ط) ওয়া লিয'া–লিকা খালাক'াহুম (ط) ওয়া তাম্মাত কালিমাতু রাব্বিকা লাআমলাআন্না জাহান্নামা মিনাল জিন্নাতি ওয়ান্না–ছি আজমা'ঈন। | |
| *তরজমা* | তবে উহারা নয়, যাহাদেরকে তোমার প্রতিপালক দয়া করেন এবং তিনি উহাদেরকে এইজন্যই সৃষ্টি করিয়াছেন। 'আমি জিন ও মানুষ উভয় দ্বারা জাহান্নাম পূর্ণ করিবই', তোমার প্রতিপালকের এই কথা পূর্ণ হইবেই। | |
| | وَكُلًّا نَّقُصُّ عَلَيْكَ مِنْ اَنْۢبَآءِ الرُّسُلِ مَا نُثَبِّتُ بِهٖ فُؤَادَكَ ۚ وَجَآءَكَ فِىْ هٰذِهِ الْحَقُّ وَمَوْعِظَةٌ وَّذِكْرٰى لِلْمُؤْمِنِيْنَ ﴿١٢٠﴾ | **120** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াকুল্লাং নাকুসসু 'আলাইকা মিন আমবা~ইর্ রুছুলি মা–নুছ'াব্বিতু বিহী ফুআ–দাকা (ج) ওয়া জা~আকা ফীহা–যি'হিল হ'াক্কু' ওয়া মাও'ইজ'াতুওঁ ওয়া যি'করা– লিলমু'মিনীন। | |
| *তরজমা* | রাসূলদের ঐ সকল বৃত্তান্ত আমি তোমার নিকট বর্ণনা করিতেছি, যদ্দ্বারা আমি তোমার চিত্তকে দৃঢ় করি, ইহার মাধ্যমে তোমার নিকট আসিয়াছে সত্য এবং মু'মিনদের জন্য আসিয়াছে উপদেশ ও সাবধানবাণী। | |
| | وَقُلْ لِّلَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ اعْمَلُوْا عَلٰى مَكَانَتِكُمْ ؕ اِنَّا عٰمِلُوْنَ ﴿١٢١﴾ | **121** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া কু'ল লিল্লায'ীনা লা– ইউ'মিনূনা'মালূ 'আলা–মাকা–নাতিকুম (ط) ইন্না–'আ–মিলূন। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | যাহারা ঈমান আনে না তাহাদেরকে বল, 'তোমরা স্ব স্ব অবস্থানে কাজ করিতে থাক, আমরাও আমাদের কাজ করিতেছি, | |
| | وَانْتَظِرُوْا ۚ اِنَّا مُنْتَظِرُوْنَ ﴿۱۲۲﴾ | **122** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াংতাজি˙রু (ج) ইন্না-মুংতাজি˙রূন। | |
| *তরজমা* | 'এবং তোমরা প্রতীক্ষা কর, আমরাও প্রতীক্ষা করিতেছি।' | |
| | وَلِلّٰهِ غَيْبُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَاِلَيْهِ يُرْجَعُ الْاَمْرُ كُلُّهٗ فَاعْبُدْهُ وَتَوَكَّلْ عَلَيْهِ ؕ وَمَا رَبُّكَ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُوْنَ ﴿۱۲۳﴾ | **123** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালিল্লা-হি গাইবুছছামা-ওয়া-তি ওয়াল আরদি˙ ওয়া ইলাইহি ইউরজা'উল আমরু কুল্লুহূ ফা'বুদ্হু ওয়া তাওয়াক্কাল 'আলাইহি (ط) ওয়ামা-রাব্বুকা বিগা-ফিলিন 'আম্মা-তা'মালূন। | |
| *তরজমা* | আকাশমণ্ডলী ও পৃথিবীর অদৃশ্য বিষয়ের জ্ঞান আল্লাহ্‌রই এবং তাঁহারই নিকট সমস্ত কিছু প্রত্যানীত হইবে। সুতরাং তুমি তাঁহার 'ইবাদত কর এবং তাঁহার উপর নির্ভর কর। তোমরা যাহা কর সে সম্বন্ধে তোমার প্রতিপালক অনবহিত নন। | |
| | | |
| | | |

## 12 - Yusuf-ইউসুফ -يوسف

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

| | | |
|---|---|---|
| | الٓرٰ ۫ تِلْكَ اٰيٰتُ الْكِتٰبِ الْمُبِيْنِ ﴿۱﴾ | **1** |
| *প্রতিবর্ণায়ন* | আলিফ লা~ম রা- (قف) তিলকা আ-য়া-তুল কিতা-বিল মুবীন। | |
| *তরজমা* | আলিফ-লাম-রা; এইগু লি সুস্পষ্ট কিতাবের আয়াত। | |
| | اِنَّاۤ اَنْزَلْنٰهُ قُرْءٰنًا عَرَبِيًّا لَّعَلَّكُمْ تَعْقِلُوْنَ ﴿۲﴾ | **2** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্না~আংঝালনা-হু কুরআ-নান 'আরাবিইইয়াল লা'আল্লাকুম তা'কি˙লূন। | |
| *তরজমা* | ইহা আমিই অবতীর্ণ করিয়াছি আরবী ভাষায় কুরআন, যাহাতে তোমরা বুঝিতে পার। | |
| | نَحْنُ نَقُصُّ عَلَيْكَ اَحْسَنَ الْقَصَصِ بِمَاۤ اَوْحَيْنَاۤ اِلَيْكَ هٰذَا الْقُرْاٰنَ ۖ وَاِنْ كُنْتَ مِنْ قَبْلِهٖ لَمِنَ الْغٰفِلِيْنَ ﴿۳﴾ | **3** |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| প্রতিবর্ণায়ন | নাহ্‌নু নাকু্‌সসু ‘আলাইকা আহ্‌ছানাল কা্‌সাসি বিমা~আওহা্‌ইনা~ইলাইকা হা-যা্‌ল কু্‌রআ-না (ق) ওয়া ইং কুংতা মিং কা্‌বলিহী লামিনাল গা-ফিলীন। | |
| তরজমা | আমি তোমার নিকট উত্তম কাহিনী বর্ণনা করিতেছি, ওহীর মাধ্যমে তোমার নিকট এই কুরআন প্রেরণ করিয়া; যদিও ইহার পূর্বে তুমি ছিলে অনবহিতদের অন্তর্ভুক্ত। | |
| | إِذْ قَالَ يُوسُفُ لِأَبِيهِ يَٰٓأَبَتِ إِنِّى رَأَيْتُ أَحَدَ عَشَرَ كَوْكَبًا وَٱلشَّمْسَ وَٱلْقَمَرَ رَأَيْتُهُمْ لِى سَٰجِدِينَ ﴿٤﴾ | 4 |
| প্রতিবর্ণায়ন | ইয্‌ কা্‌-লা ইউছুফু লিআবীহি ইয়া~আবাতি ইন্নী রাআইতু আহা্‌দা ‘আশারা কাওকাবাওঁ ওয়াশশামছা ওয়াল কা্‌মারা রাআইতুহুম লী ছা-জিদীন। | |
| তরজমা | স্মরণ কর, ইউসুফ তাহার পিতাকে বলিয়াছিল, ‘হে আমার পিতা! আমি তো দেখিয়াছি একাদশ নক্ষত্র, সূর্য এবং চন্দ্রকে; দেখিয়াছি উহাদেরকে আমার প্রতি সিজ্‌দাবনত অবস্থায়।’ | |
| | قَالَ يَٰبُنَىَّ لَا تَقْصُصْ رُءْيَاكَ عَلَىٰٓ إِخْوَتِكَ فَيَكِيدُوا۟ لَكَ كَيْدًا ۖ إِنَّ ٱلشَّيْطَٰنَ لِلْإِنسَٰنِ عَدُوٌّ مُّبِينٌ ﴿٥﴾ | 5 |
| প্রতিবর্ণায়ন | কা্‌-লা ইয়া-বুনাইইয়া লা-তাক্‌সুস রু’ইয়া-কা ‘আলা-ইখওয়াতিকা ফাইয়াকীদূ লাকা কাইদান (ط) ইন্নাশশাইত্‌া-না লিলইংছা-নি ‘আদুওউম মুবীন। | |
| তরজমা | সে বলিল, ‘হে আমার বৎস! তোমার স্বপ্ন-বৃত্তান্ত তোমার ভ্রাতাদের নিকট বর্ণনা করিও না; করিলে তাহারা তোমার বিরুদ্ধে ষড়যন্ত্র করিবে। শয়তান তো মানুষের প্রকাশ্য শত্রু।’ | |
| | وَكَذَٰلِكَ يَجْتَبِيكَ رَبُّكَ وَيُعَلِّمُكَ مِن تَأْوِيلِ ٱلْأَحَادِيثِ وَيُتِمُّ نِعْمَتَهُۥ عَلَيْكَ وَعَلَىٰٓ ءَالِ يَعْقُوبَ كَمَآ أَتَمَّهَا عَلَىٰٓ أَبَوَيْكَ مِن قَبْلُ إِبْرَٰهِيمَ وَإِسْحَٰقَ ۚ إِنَّ رَبَّكَ عَلِيمٌ حَكِيمٌ ﴿٦﴾ | 6 |
| প্রতিবর্ণায়ন | ওয়া কাযা্‌-লিকা ইয়াজতাবীকা রাব্বুকা ওয়া ইউ‘আল্লিমুকা মিং তা’ব্‌ীলিল আহা্‌-দীছি্‌ ওয়া ইউতিম্মু নি‘মাতাহূ ‘আলাইকা ওয়া ‘আলা-আ-লি ইয়া‘কূ্‌বা কামা~আতাম্মাহা-‘আলা~আবাওয়াইকা মিং কা্‌বলু ইবরা-হীমা ওয়া ইছহা্‌-কা্‌ (ط) ইন্না রাব্বাকা ‘আলীমুন হা্‌কীম। | |
| তরজমা | এইভাবে তোমার প্রতিপালক তোমাকে মনোনীত করিবেন এবং তোমাকে স্বপ্নের ব্যাখ্যা শিক্ষা দিবেন এবং তোমার প্রতি ও ইয়া‘কূবের পরিবার-পরিজনের প্রতি তাঁহার অনুগ্রহ পূর্ণ করিবেন, যেভাবে তিনি ইহা পূর্বে পূর্ণ করিয়াছিলেন তোমার পিতৃপুরুষ ইবরাহীম ও ইসহাকের প্রতি। নিশ্চয়ই তোমার প্রতিপালক সর্বজ্ঞ, প্রজ্ঞাময়। | |
| | لَّقَدْ كَانَ فِى يُوسُفَ وَإِخْوَتِهِۦٓ ءَايَٰتٌ لِّلسَّآئِلِينَ ﴿٧﴾ | 7 |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | লাক্বাদ কা-না ফী ইউছুফা ওয়া ইখওয়াতিহী~আ-য়া-তুল লিছছা~ইলীন। | |
| *তরজমা* | ইউসুফ এবং তাহার ভ্রাতাদের ঘটনায় জিজ্ঞাসুদের জন্য অবশ্যই নিদর্শন রহিয়াছে। | |
| | إِذْ قَالُوا لَيُوسُفُ وَأَخُوهُ أَحَبُّ إِلَىٰ أَبِينَا مِنَّا وَنَحْنُ عُصْبَةٌ إِنَّ أَبَانَا لَفِي ضَلَالٍ مُبِينٍ ۝٨ | **8** |
| *প্রতিবর্ণায়ন* | ইয্ ক্বা-লূ লাইউছুফু ওয়া আখূহু আহ্াববু ইলা~আবীনা- মিন্না-ওয়া নাহ্নু ‘উসবাতুন (ط) ইন্না আবা-না-লাফী দ্বালা-লিম মুবীন। | |
| *তরজমা* | স্মরণ কর, উহারা বলিয়াছিল, ‘আমাদের পিতার নিকট ইউসুফ এবং তাহার ভ্রাতাই আমাদের অপেক্ষা অধিক প্রিয়, অথচ আমরা একটি সংহত দল; আমাদের পিতা তো স্পষ্ট বিভ্রান্তিতেই আছে। | |
| | اقْتُلُوا يُوسُفَ أَوِ اطْرَحُوهُ أَرْضًا يَخْلُ لَكُمْ وَجْهُ أَبِيكُمْ وَتَكُونُوا مِنْ بَعْدِهِ قَوْمًا صَالِحِينَ ۝٩ | **9** |
| *প্রতিবর্ণায়ন* | উক্তুলূ ইউছুফা আবিত্ব্ রাহূহু আরদ্বাইঁ ইয়াখলু লাকুম ওয়াজহু আবীকুম ওয়াতাকূনূ মিম বা‘দিহী ক্বাওমাং সা-লিহ্বীন। | |
| *তরজমা* | তোমরা ইউসুফকে হত্যা কর অথবা তাহাকে কোন স্থানে ফেলিয়া আস, ফলে তোমাদের পিতার দৃষ্টি শুধু তোমাদের প্রতিই নিবিষ্ট হইবে এবং তাহার পর তোমরা ভাল লোক হইয়া যাইবে।’ | |
| | قَالَ قَائِلٌ مِنْهُمْ لَا تَقْتُلُوا يُوسُفَ وَأَلْقُوهُ فِي غَيَابَتِ الْجُبِّ يَلْتَقِطْهُ بَعْضُ السَّيَّارَةِ إِنْ كُنْتُمْ فَاعِلِينَ ۝١٠ | **10** |
| *প্রতিবর্ণায়ন* | ক্বা-লা ক্বা~ইলুম মিনহুম লা-তাক্তুলূ ইউছুফা ওয়া আলকূহু ফী গায়া-বাতিল জুব্বি ইয়ালতাকিত্ব্হু বা‘দু্ছছাইইয়া-রাতি ইং কুংতুম ফা-‘ইলীন। | |
| *তরজমা* | উহাদের মধ্যে একজন বলিল, তোমরা ইউসুফকে হত্যা করিও না এবং যদি কিছু করিতেই চাও তবে তাহাকে কোন কূপের গভীরে নিক্ষেপ কর, যাত্রীদলের কেহ তাহাকে তুলিয়া লইয়া যাইবে।’ | |
| | قَالُوا يَا أَبَانَا مَا لَكَ لَا تَأْمَنَّا عَلَىٰ يُوسُفَ وَإِنَّا لَهُ لَنَاصِحُونَ ۝١١ | **11** |
| *প্রতিবর্ণায়ন* | ক্বা-লূ ইয়া~আবা-না-মা-লাকা লা-তা‘মান্না-‘আলা-ইউছুফা ওয়া ইন্না-লাহূ লানা-সিহূন। | |
| *তরজমা* | উহারা বলিল, “হে আমাদের পিতা! ইউসুফের ব্যাপারে তুমি আমাদেরকে বিশ্বাস করিতেছ না কেন, অথচ আমরা তো তাহার শুভাকাঙ্ক্ষী ? | |
| | أَرْسِلْهُ مَعَنَا غَدًا يَرْتَعْ وَيَلْعَبْ وَإِنَّا لَهُ لَحَافِظُونَ ۝١٢ | **12** |
| *প্রতিবর্ণায়ন* | আরছিলহু মা‘আনা-গাদাইঁ ইয়ারতা‘ ওয়া ইয়াল‘আব ওয়া ইন্না-লাহূ লাহাফিজূন। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | 'তুমি আগামীকাল তাহাকে আমাদের সঙ্গে প্রেরণ কর, সে তৃপ্তি সহকারে খাইবে ও খেলাধুলা করিবে। আমরা অবশ্যই তাহার রক্ষণাবেক্ষণ করিব।' | |
| | قَالَ اِنِّىۡ لَيَحۡزُنُنِىۡۤ اَنۡ تَذۡهَبُوۡا بِهٖ وَاَخَافُ اَنۡ يَّاۡكُلَهُ الذِّئۡبُ وَاَنۡتُمۡ عَنۡهُ غٰفِلُوۡنَ ﴿۱۳﴾ | 13 |
| প্রতিবর্ণায়ন | কা-লা ইন্নী লাইয়াহ্‌ঝুনুনী~আং তায্‌হাবূ বিহী ওয়া আখা-ফূ আইঁ ইয়া'কুলাহুয্‌যি''বু ওয়া আংতুম 'আনহু গা-ফিলূন। | |
| তরজমা | সে বলিল, 'ইহা আমাকে অবশ্যই কষ্ট দিবে যে, তোমরা তাহাকে লইয়া যাইবে এবং আমি আশংকা করি তাহাকে নেকড়ে বাঘ খাইয়া ফেলিবে, আর তোমরা তাহার প্রতি অমনোযোগী থাকিবে।' | |
| | قَالُوۡا لَئِنۡ اَكَلَهُ الذِّئۡبُ وَنَحۡنُ عُصۡبَةٌ اِنَّاۤ اِذًا لَّخٰسِرُوۡنَ ﴿۱۴﴾ | 14 |
| প্রতিবর্ণায়ন | কা-লূ লাইন আকালাহুয্‌যি''বু ওয়া নাহ্‌নু 'উসবাতুন ইন্না~ইযাল্ লাখা-ছিরূন। | |
| তরজমা | উহারা বলিল, 'আমরা একটি সংহত দল হওয়া সত্ত্বেও যদি নেকড়ে বাঘ তাহাকে খাইয়া ফেলে, তবে তো আমরা ক্ষতিগ্রস্তই হইব।' | |
| | فَلَمَّا ذَهَبُوۡا بِهٖ وَاَجۡمَعُوۡۤا اَنۡ يَّجۡعَلُوۡهُ فِىۡ غَيٰبَتِ الۡجُبِّۚ وَاَوۡحَيۡنَاۤ اِلَيۡهِ لَـتُنَـبِّئَـنَّهُمۡ بِاَمۡرِهِمۡ هٰذَا وَهُمۡ لَا يَشۡعُرُوۡنَ ﴿۱۵﴾ | 15 |
| প্রতিবর্ণায়ন | ফালাম্মা-যাহাবূ বিহী ওয়া আজমা'উ~আইঁ ইয়াজ'আলূহু ফী গায়া-বাতিল জুব্বি (ج) ওয়া আওহাইনা~ইলাইহি লাতুনাব্বিআন্নাহুম বিআম্‌রিহিম হা-যা- ওয়াহুম লা-ইয়াশ'উরূন। | |
| তরজমা | অতঃপর উহারা যখন তাহাকে লইয়া গেল এবং তাহাকে কূপের গভীরে নিক্ষেপ করিতে একমত হইল, এমতাবস্থায় আমি তাহাকে জানাইয়া দিলাম, 'তুমি উহাদেরকে উহাদের এই কর্মের কথা অবশ্যই বলিয়া দিবে যখন উহারা তোমাকে চিনিবে না।' | |
| | وَجَآءُوۡۤ اَبَاهُمۡ عِشَآءً يَّبۡكُوۡنَؕ ﴿۱۶﴾ | 16 |
| প্রতিবর্ণায়ন | ওয়া জা~উ~আবা-হুম 'ইশা~আইঁ ইয়াবকূন। | |
| তরজমা | উহারা রাত্রির প্রথম প্রহরে কাঁদিতে কাঁদিতে উহাদের পিতার নিকট আসিল। | |
| | قَالُوۡا يٰۤاَبَانَاۤ اِنَّا ذَهَبۡنَا نَسۡتَبِقُ وَتَرَكۡنَا يُوۡسُفَ عِنۡدَ مَتَاعِنَا فَاَكَلَهُ الذِّئۡبُۚ وَمَاۤ اَنۡتَ بِمُؤۡمِنٍ لَّنَا وَلَوۡ كُنَّا صٰدِقِيۡنَ ﴿۱۷﴾ | 17 |

| | | |
|---|---|---|
| প্রতিবর্ণায়ন | ক্বা-লূ ইয়া~আবা-না~ইন্না-যা্হাবনা-নাছতাবিকু্ ওয়া তারাকনা-ইউছুফা 'ইংদা মাতা-'ইনা-ফাআকালাহুয্‌যি্'বু (ج) ওয়ামা~আংতা বিমু'মিনিল লানা-ওয়ালাও কুন্না-সা-দিক্বীন। | |
| তরজমা | উহারা বলিল, 'হে আমাদের পিতা! আমরা দৌড়ের প্রতিযোগিতা করিতেছিলাম এবং ইউসুফকে আমাদের মালপত্রের নিকট রাখিয়া গিয়াছিলাম, অতঃপর নেকড়ে বাঘ তাহাকে খাইয়া ফেলিয়াছে; কিন্তু তুমি তো আমাদেরকে বিশ্বাস করিবে না, যদিও আমরা সত্যবাদী।' | |
| | وَجَآءُوْ عَلٰى قَمِيْصِهٖ بِدَمٍ كَذِبٍ ؕ قَالَ بَلْ سَوَّلَتْ لَكُمْ اَنْفُسُكُمْ اَمْرًا ؕ فَصَبْرٌ جَمِيْلٌ ؕ وَاللّٰهُ الْمُسْتَعَانُ عَلٰى مَا تَصِفُوْنَ ﴿١٨﴾ | 18 |
| প্রতিবর্ণায়ন | ওয়া জা~উ 'আলা-ক্বামীসিহী বিদামিং কাযি্বিন (ط) ক্বা-লা বাল ছাওওয়ালাত লাকুম আংফুছুকুম আমরাং (ط) ফাসাবরুং জামীলুওঁ (ط) ওয়াল্লা-হুল মুছতা'আ-নু 'আলা-মা-তাসিফূন। | |
| তরজমা | উহারা তাহার জামায় মিথ্যা রক্ত লেপন করিয়া আনিয়াছিল। সে বলিল, 'না, তোমাদের মন তোমাদের জন্য একটি কাহিনী সাজাইয়া দিয়াছে। সুতরাং পূর্ণ ধৈর্যই শ্রেয়, তোমরা যাহা বলিতেছ সে বিষয়ে একমাত্র আল্লাহ্ই আমার সাহায্যস্থল।' | |
| | وَجَآءَتْ سَيَّارَةٌ فَاَرْسَلُوْا وَارِدَهُمْ فَاَدْلٰى دَلْوَهٗ ؕ قَالَ يٰبُشْرٰى هٰذَا غُلٰمٌ ؕ وَاَسَرُّوْهُ بِضَاعَةً ؕ وَاللّٰهُ عَلِيْمٌۢ بِمَا يَعْمَلُوْنَ ﴿١٩﴾ | 19 |
| প্রতিবর্ণায়ন | ওয়া জা~আত ছাইইয়া-রাতুং ফাআরছালূ ওয়া-রিদাহুম ফাআদলা- দালওয়াহূ (ط) ক্বা-লা ইয়া-বুশরা- হা-যা্-গুলা-মুওঁ (ط) ওয়া আছাররূহু বিদা্-'আতাওঁ (ط) ওয়াল্লা-হু 'আলীমুম বিমা-ইয়া'মালূন। | |
|---|---|---|
| | الٓـمّٓرٰ ۟ تِلۡکَ اٰیٰتُ الۡکِتٰبِ ؕ وَ الَّذِیۡۤ اُنۡزِلَ اِلَیۡکَ مِنۡ رَّبِّکَ الۡحَقُّ وَ لٰکِنَّ اَکۡثَرَ النَّاسِ لَا یُؤۡمِنُوۡنَ ﴿۱﴾ | 1 |
| *প্রতিবর্ণায়ন* | আলিফ লা~ম্ মী-ম্ রা- (قف) তিলকা আ-য়া-তুল কিতা-বি (ط) ওয়াল্লায ী ~উংঝিলা ইলাইকা মির্ রাব্বিকাল হ াক্কু  ওয়ালা-কিন্না আকছ ারান্না-ছি লা-ইউ'মিনূন। | |
| *তরজমা* | আলিফ্-লাম-মীম্-রা, এইগুলি কুরআনের আয়াত, যাহা তোমার প্রতিপালক হইতে তোমার প্রতি অবতীর্ণ হইয়াছে তাহাই সত্য; কিন্তু অধিকাংশ মানুষ ইহাতে ঈমান আনে না। | |
| | اَللّٰہُ الَّذِیۡ رَفَعَ السَّمٰوٰتِ بِغَیۡرِ عَمَدٍ تَرَوۡنَہَا ثُمَّ اسۡتَوٰی عَلَی الۡعَرۡشِ وَ سَخَّرَ الشَّمۡسَ وَ الۡقَمَرَ ؕ کُلٌّ یَّجۡرِیۡ لِاَجَلٍ مُّسَمًّی ؕ یُدَبِّرُ الۡاَمۡرَ یُفَصِّلُ الۡاٰیٰتِ لَعَلَّکُمۡ بِلِقَآءِ رَبِّکُمۡ تُوۡقِنُوۡنَ ﴿۲﴾ | 2 |
| *প্রতিবর্ণায়ন* | আল্লা-হুল্লায ী রাফা'আছ্ছামা-ওয়া-তি বিগাইরি 'আমাদিং তারাওনাহা- ছু ম্মাছ তাওয়া 'আলাল্ 'আরশি ওয়া ছাখখারাশশাম্ছা ওয়াল্ ক ামারা (ط) কুল্লুইঁ ইয়াজরী লিআজালিম মুছাম্মা- (ط) ইউদাব্বিরুল আমরা ইউফাসসিলুল আ-য়া-তি লা'আল্লাকুম বিলিক া~ই রাব্বিকুম তূকি নূন। | |
| *তরজমা* | আল্লাহ্ই উর্ধ্বদেশে আকাশমণ্ডলী স্থাপন করিয়াছেন স্তম্ভ ব্যতীত-তোমরা ইহা দেখিতেছ। অতঃপর তিনি আর্‌শে সমাসীন হইলেন এবং সূর্য ও চন্দ্রকে নিয়মাধীন করিলেন; প্রত্যেকে নির্দিষ্ট কাল পর্যন্ত আবর্তন করে। তিনি সকল বিষয় নিয়ন্ত্রণ করেন এবং নিদর্শনসমূহ বিশদভাবে বর্ণনা করেন, যাহাতে তোমরা তোমাদের প্রতিপালকের সঙ্গে সাক্ষাৎ সম্বন্ধে নিশ্চিত বিশ্বাস করিতে পার। | |
| | وَ ہُوَ الَّذِیۡ مَدَّ الۡاَرۡضَ وَ جَعَلَ فِیۡہَا رَوَاسِیَ وَ اَنۡہٰرًا ؕ وَ مِنۡ کُلِّ الثَّمَرٰتِ جَعَلَ فِیۡہَا زَوۡجَیۡنِ اثۡنَیۡنِ یُغۡشِی الَّیۡلَ النَّہَارَ ؕ اِنَّ فِیۡ ذٰلِکَ لَاٰیٰتٍ لِّقَوۡمٍ یَّتَفَکَّرُوۡنَ ﴿۳﴾ | 3 |

| | | |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ওয়া হুওয়াল্লাযী মাদ্দাল আরদ্বা ওয়া জা'আলা ফীহা-রাওয়া-ছিয়া ওয়াআন্‌হা-রাওঁ (ط) ওয়া মিং কুল্লিছ্ছামারা-তি জা'আলা ফীহা- ঝাওজাইনিছ্‌নাইনি ইউগ্‌শিল্ লাইলান্‌নাহা-র (ط) ইন্না ফী যা-লিকা লা আ-য়া-তিল্ লিক্বাওমিইঁ ইয়াতাফাক্কারূন। | |
| *তরজমা* | তিনিই ভূতলকে বিস্তৃত করিয়াছেন এবং উহাতে পর্বত ও নদী সৃষ্টি করিয়াছেন এবং প্রত্যেক প্রকারের ফল সৃষ্টি করিয়াছেন জোড়ায় জোড়ায়। তিনি দিবসকে রাত্রি দ্বারা আচ্ছাদিত করেন। ইহাতে অবশ্যই নিদর্শন রহিয়াছে চিন্তাশীল সম্প্রদায়ের জন্য। | |
| | وَفِي الْأَرْضِ قِطَعٌ مُّتَجٰوِرٰتٌ وَّجَنّٰتٌ مِّنْ اَعْنَابٍ وَّزَرْعٌ وَّنَخِيْلٌ صِنْوَانٌ وَّغَيْرُ صِنْوَانٍ يُّسْقٰى بِمَآءٍ وَّاحِدٍ وَنُفَضِّلُ بَعْضَهَا عَلٰى بَعْضٍ فِي الْاُكُلِ ؕ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يَّعْقِلُوْنَ ۝ | 4 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ফিল্ আরদ্বি ক্বিত্বা'উম মুতাজা-বিরা-তুওঁ ওয়া জান্না-তুম্ মিন্ আ'না-বিওঁ ওয়া ঝার'উওঁ ওয়া নাখীলুং সিনওয়া-নুওঁ ওয়া গাইরু সিনওয়া-নিইঁ ইউছক্বা- বিমা~ইওঁ ওয়াহিদিওঁ (قف) ওয়া নুফাদ্বদ্বিলু বা'দ্বাহা- 'আলা-বা'দ্বিং ফিল্ উকুলি (ط) ইন্না ফী যা-লিকা লাআ-য়া-তিল লিক্বাওমিইঁ ইয়া'ক্বিলূন। | |
| *তরজমা* | পৃথিবীতে রহিয়াছে পরস্পর-সংলগ্ন ভূখণ্ড, উহাতে আছে দ্রাক্ষা কানন, শস্যক্ষেত্র, একাধিক শিরবিশিষ্ট অথবা এক শিরবিশিষ্ট খর্জুর-বৃক্ষ সিঞ্চিত একই পানিতে, এবং ফল হিসাবে উহাদের কতককে কতকের উপর আমি শ্রেষ্ঠত্ব দিয়া থাকি। অবশ্যই বোধশক্তিসম্পন্ন সম্প্রদায়ের জন্য ইহাতে রহিয়াছে নিদর্শন। | |
| | وَاِنْ تَعْجَبْ فَعَجَبٌ قَوْلُهُمْ ءَاِذَا كُنَّا تُرٰبًا ءَاِنَّا لَفِيْ خَلْقٍ جَدِيْدٍ ؕ اُولٰٓئِكَ الَّذِيْنَ كَفَرُوْا بِرَبِّهِمْ ۚ وَاُولٰٓئِكَ الْاَغْلٰلُ فِيْٓ اَعْنَاقِهِمْ ۚ وَاُولٰٓئِكَ اَصْحٰبُ النَّارِ ۚ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ۝ | 5 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইং তা'জাব ফা'আজাবুং ক্বাওলুহুম আইযা-কুন্না-তুরা-বান আইন্না-লাফী খালক্বিং জাদীদিন (ط) উলা~ইকাল্লাযীনা কাফারু বিরাব্বিহিম্ (ج) ওয়া উলা~ইকাল্ আগ্‌লা-লু ফী~আ'না-ক্বিহিম (ج) ওয়া উলা~ইকা আসহ্বা-বুন্না-রি (ج) হুম ফীহা- খা-লিদূন। | |
| *তরজমা* | যদি তুমি বিস্মিত হও, তবে বিস্ময়ের বিষয় উহাদের কথা-'মাটিতে পরিণত হওয়ার পরও কি আমরা নূতন জীবন লাভ করিব ?' উহারাই উহাদের প্রতিপালককে অস্বীকার করে এবং উহাদেরই গলদেশে থাকিবে লৌহশৃঙ্খল। উহারাই দোযখবাসী ও সেখানে উহারা স্থায়ী হইবে। | |
| | وَيَسْتَعْجِلُوْنَكَ بِالسَّيِّئَةِ قَبْلَ الْحَسَنَةِ وَقَدْ خَلَتْ مِنْ قَبْلِهِمُ الْمَثُلٰتُ ؕ وَاِنَّ رَبَّكَ لَذُوْ مَغْفِرَةٍ لِّلنَّاسِ عَلٰى ظُلْمِهِمْ ۚ وَاِنَّ رَبَّكَ لَشَدِيْدُ الْعِقَابِ ۝ | 6 |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয়াছ্তা'জিলূনাকা বিছ্ছাইয়িআতি ক্বাবলাল্ হ্বাছানাতি ওয়া ক্বাদ খালাত মিং ক্বাবলিহিমুল মাছু্লা–তু (ط) ওয়া ইন্না রাব্বাকা লাযূ্ মাগফিরাতিল্লিন্না–ছি 'আলা–জু্লমিহিম্ (ج) ওয়া ইন্না রাব্বাকা লাশাদীদুল্ 'ইক্বা–ব। | |
| *তরজমা* | মঙ্গলের পূর্বে উহারা তোমাকে শাস্তি ত্বরান্বিত করিতে বলে, যদিও উহাদের পূর্বে ইহার বহু দৃষ্টান্ত গত হইয়াছে। মানুষের সীমালংঘন সত্ত্বেও তোমার প্রতিপালক তো মানুষের প্রতি ক্ষমাশীল এবং তোমার প্রতিপালক শাস্তিদানে তো কঠোর। | |
| | وَيَقُوْلُ الَّذِيْنَ كَفَرُوْا لَوْلَآ اُنْزِلَ عَلَيْهِ اٰيَةٌ مِّنْ رَّبِّهٖ ؕ اِنَّمَآ اَنْتَ مُنْذِرٌ وَّلِكُلِّ قَوْمٍ هَادٍ ﴿۷﴾ | 7 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয়াকূ্লুল্লায্ীনা কাফারূ লাওলা~ উংঝিলা 'আলাইহি আ–য়াতুম্ মির্ রাব্বিহী (ط) ইন্নামা আংতা মুন্যিরুওঁ ওয়া লিকুল্লি ক্বাওমিন্ হা–দ্। | |
| *তরজমা* | যাহারা কুফরী করিয়াছে তাহারা বলে, 'তাহার প্রতিপালকের নিকট হইতে তাহার নিকট কোন নিদর্শন অবতীর্ণ হয় না কেন ?' তুমি তো কেবল সতর্ককারী এবং প্রত্যেক সম্প্রদায়ের জন্য আছে পথপ্রদর্শক। | |
| | اَللّٰهُ يَعْلَمُ مَا تَحْمِلُ كُلُّ اُنْثٰى وَمَا تَغِيْضُ الْاَرْحَامُ وَمَا تَزْدَادُ ؕ وَكُلُّ شَيْءٍ عِنْدَهٗ بِمِقْدَارٍ ﴿۸﴾ | 8 |
| *প্রতিবর্ণায়ন* | আল্লা–হু ইয়া'লামু মা–তাহ্মিলু কুল্লু উংছ্া– ওয়ামা– তাগীদুল আরহ্া–মু ওয়ামা– তাঝদা–দু (ط) ওয়া কুল্লু শাইইন্ 'ইংদাহূ বিমিক্দা–র্। | |
| *তরজমা* | প্রত্যেক নারী যাহা গর্ভে ধারণ করে এবং জরায়ুতে যাহা কিছু কমে ও বাড়ে আল্লাহ্ তাহা জানেন এবং তাঁহার বিধানে প্রত্যেক বস্তুরই এক নির্দিষ্ট পরিমাণ আছে। | |
| | عٰلِمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ الْكَبِيْرُ الْمُتَعَالِ ﴿۹﴾ | 9 |
| *প্রতিবর্ণায়ন* | 'আ–লিমুল্ গাইবি ওয়াশ্শাহা–দাতিল্ কাবীরুল মুতা'আ–ল্। | |
| *তরজমা* | যাহা অদৃশ্য ও যাহা দৃশ্যমান তিনি তাহা অবগত; তিনি মহান, সর্বোচ্চ মর্যাদাবান। | |
| | سَوَآءٌ مِّنْكُمْ مَّنْ اَسَرَّ الْقَوْلَ وَمَنْ جَهَرَ بِهٖ وَمَنْ هُوَ مُسْتَخْفٍۢ بِالَّيْلِ وَسَارِبٌۢ بِالنَّهَارِ ﴿۱۰﴾ | 10 |
| *প্রতিবর্ণায়ন* | ছাওয়া~উম্ মিংকুম্ মান্ আছার্রাল্ ক্বাওলা ওয়া মাং জাহারা বিহী ওয়া মান্ হুওয়া মুছ্তাখ্ফিম্ বিল্লাইলি ওয়া ছা–রিবুম্ বিন্নাহা–র্। | |
| *তরজমা* | তোমাদের মধ্যে যে কথা গোপন রাখে অথবা যে উহা প্রকাশ করে, রাত্রিতে যে আত্মগোপন করে এবং দিবসে যে প্রকাশ্যে বিচরণ করে, তাহারা সমভাবে আল্লাহ্‌র জ্ঞানগোচর। | |
| | لَهٗ مُعَقِّبٰتٌ مِّنْۢ بَيْنِ يَدَيْهِ وَمِنْ خَلْفِهٖ يَحْفَظُوْنَهٗ مِنْ اَمْرِ اللّٰهِ ؕ اِنَّ اللّٰهَ لَا يُغَيِّرُ مَا بِقَوْمٍ حَتّٰى يُغَيِّرُوْا مَا بِاَنْفُسِهِمْ ؕ وَاِذَآ اَرَادَ اللّٰهُ بِقَوْمٍ سُوْٓءًا فَلَا مَرَدَّ لَهٗ ۚ وَمَا لَهُمْ مِّنْ دُوْنِهٖ مِنْ وَّالٍ ﴿۱۱﴾ | 11 |

| প্রতিবর্ণায়ন | লাহূ মু‘আক্বি`বা-তুম্ মিম্ বাইনি ইয়াদাইহি ওয়া মিন্ খাল্‌ফিহী ইয়াহ্`ফাজূ`নাহূ মিন্ আম্‌রিল্লা-হি (ط) ইন্নাল্লা-হা লা-ইউগাইয়্যিরু মা-বিক`াওমিন্ হ`াত্তা-ইউগাইয়্যিরূ মা-বিআংফুছিহিম্ (ط) ওয়া ইযা`~ আরা-দাল্লা-হু বিক`াওমিং ছূ~আং ফালা-মারাদ্দা লাহূ (ج) ওয়ামা- লাহুম্ মিং দূনিহী মিওঁ ওয়া-ল্। | |
| তরজমা | মানুষের জন্য তাহার সম্মুখে ও পশ্চাতে একের পর এক প্রহরী থাকে; উহারা আল্লাহ্‌র আদেশে তাহার রক্ষণাবেক্ষণ করে। এবং আল্লাহ্ কোন সম্প্রদায়ের অবস্থা পরিবর্তন করেন না যতক্ষণ না উহারা নিজ অবস্থা নিজে পরিবর্তন করে। কোন সম্প্রদায় সম্পর্কে যদি আল্লাহ্ অশুভ কিছু ইচ্ছা করেন তবে তাহা রদ হইবার নহে এবং তিনি ব্যতীত উহাদের কোন অভিভাবক নাই। | |
| | هُوَ الَّذِىۡ يُرِيۡكُمُ الۡبَرۡقَ خَوۡفًا وَّطَمَعًا وَّيُنۡشِئُ السَّحَابَ الثِّقَالَ ۚ‏ ﴿۱۲﴾ | 12 |
| প্রতিবর্ণায়ন | হুওয়াল্লায`ী ইউরীকুমুল্ বারক`া খাওফাওঁ ওয়াত`আমাওঁ ওয়া ইউংশিউছ্‌ছাহ`া – বাছ্` ছি` ব ল্। | |
| তরজমা | তিনিই তোমাদেরকে দেখান বিজলী, ভয় ও ভরসা সঞ্চার করান এবং তিনিই সৃষ্টি করেন ভারী মেঘ; | |
| | وَيُسَبِّحُ الرَّعۡدُ بِحَمۡدِهٖ وَالۡمَلٰٓـئِكَةُ مِنۡ خِيۡفَتِهٖ ۚ وَيُرۡسِلُ الصَّوَاعِقَ فَيُصِيۡبُ بِهَا مَنۡ يَّشَآءُ وَهُمۡ يُجَادِلُوۡنَ فِى اللّٰهِ ۚ وَهُوَ شَدِيۡدُ الۡمِحَالِ ؕ‏ ﴿۱۳﴾ | 13 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ইউছাব্‌বিহু`র্ রা‘দু বিহ্`াম্‌দিহী ওয়াল মালা~ইকাতু মিন্ খীফাতিহী (ج) ওয়া ইউর্‌ছিলুস সাওয়া-‘ইক`া ফাইউসীবু বিহা- মাইঁ ইয়াশা~উ ওয়া হুম্ ইউজা-দিলূনা ফিল্লা-হি (ج) ওয়া হুওয়া শাদীদুল্ মিহ`া-ল্। | |
| তরজমা | বজ্রধ্বনি তাঁহার সপ্রশংস মহিমা ও পবিত্রতা ঘোষণা করে, ফিরিশ্‌তাগণও করে তাহার ভয়ে। তিনি বজ্রপাত করেন এবং যাহাকে ইচ্ছা উহা দ্বারা আঘাত করেন। আর উহারা আল্লাহ্ সম্বন্ধে বিতণ্ডা করে, অথচ তিনি মহাশক্তিশালী। | |
| | لَهٗ دَعۡوَةُ الۡحَـقِّ ؕ وَالَّذِيۡنَ يَدۡعُوۡنَ مِنۡ دُوۡنِهٖ لَا يَسۡتَجِيۡبُوۡنَ لَهُمۡ بِشَىۡءٍ اِلَّا كَبَاسِطِ كَفَّيۡهِ اِلَى الۡمَآءِ لِيَبۡلُغَ فَاهُ وَمَا هُوَ بِبَالِـغِهٖ ؕ وَمَا دُعَآءُ الۡكٰفِرِيۡنَ اِلَّا فِىۡ ضَلٰلٍ‏ ﴿۱۴﴾ | 14 |
| প্রতিবর্ণায়ন | লাহূ দা‘ওয়াতুল্ হ`াক্বি` (ط) ওয়াল্লায`ীনা ইয়াদ্‘উনা মিং দূনিহী লা- ইয়াছতাজীবূনা লাহুম্ বিশাইইন্ ইল্লা- কাবা-ছিতি` কাফ্‌ফাইহি ইলাল্ মা~ই লিইয়াব্‌লুগা-ফা-হু ওয়ামা- হুওয়া বিবা-লিগিহী (ط) ওয়ামা- দু‘আ~উল্ কা-ফিরীনা ইল্লা- ফী দ`ালা-ল্। | |

| | | |
|---|---|---|
| *তরজমা* | সত্যের আহ্বান তাঁহারই। যাহারা তাঁহাকে ব্যতীত আহ্বান করে অপরকে, তাহাদেরকে কোনই সাড়া দেয় না উহারা; তাহাদের দৃষ্টান্ত সেই ব্যক্তির মত, যে তাহার মুখে পানি পৌঁছিবে-এই আশায় তাহার হস্তদ্বয় প্রসারিত করে পানির দিকে, অথচ উহা তাহার মুখে পৌঁছিবার নয়, কাফিরদের আহ্বান নিষ্ফল। | |
| | وَلِلّٰهِ يَسْجُدُ مَنْ فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ طَوْعًا وَّكَرْهًا وَّظِلٰلُهُمْ بِالْغُدُوِّ وَالْاٰصَالِ ﴿١٥﴾ | 15 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লিল্লা–হি ইয়াছ্‌জুদু মাং ফিছ্ ছামা–ওয়া–তি ওয়াল্ আরদি ত াওʻআওঁ ওয়াকারহাওঁ ওয়া জি লা–লুহুম্ বিল্ গুদুওবি ওয়াল্ আ–সা–ল্। (*ছিজদাহ*-২ ) | |
| *তরজমা* | আল্লাহ্‌র প্রতি সিজ্‌দাবনত হয় আকাশমণ্ডলী ও পৃথিবীতে যাহা কিছু আছে ইচ্ছায় অথবা অনিচ্ছায় এবং তাহাদের ছায়াগু লিও সকাল ও সন্ধ্যায়। | |
| | قُلْ مَنْ رَّبُّ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ قُلِ اللّٰهُ ؕ قُلْ اَفَاتَّخَذْتُمْ مِّنْ دُوْنِهٖۤ اَوْلِيَآءَ لَا يَمْلِكُوْنَ لِاَنْفُسِهِمْ نَفْعًا وَّلَا ضَرًّا ؕ قُلْ هَلْ يَسْتَوِى الْاَعْمٰى وَالْبَصِيْرُ ۙ اَمْ هَلْ تَسْتَوِى الظُّلُمٰتُ وَالنُّوْرُ ۚ اَمْ جَعَلُوْا لِلّٰهِ شُرَكَآءَ خَلَقُوْا كَخَلْقِهٖ فَتَشَابَهَ الْخَلْقُ عَلَيْهِمْ ؕ قُلِ اللّٰهُ خَالِقُ كُلِّ شَىْءٍ وَّهُوَ الْوَاحِدُ الْقَهَّارُ ﴿١٦﴾ | 16 |
| *প্রতিবর্ণায়ন* | কু ল্ মার্ রাব্বুছ্ ছামা–ওয়া–তি ওয়াল্ আরদি ক ুলিল্লা–হু (ط) কু ল আফাত্তাখায ‘তুম্ মিং দূনিহী˜ আওলিয়া~আ লা–ইয়াম্‌লিকূনা লিআংফুছিহিম্ নাফ্‘আওঁ ওয়ালা–দ ার্‌রাং (ط) ক ুল্ হাল্ ইয়াছ্‌তাবি ল্ আ‘মা– ওয়াল্ বাসীরু (ل) আম্ হাল্ তাছতাবি জ জু লুমা–তু ওয়ান্নূরু (ج) আম জা‘আলূ লিল্লা–হি শুরাকা~আ খালাকূ কাখাল্‌কি হী ফাতাশা–বাহাল্ খাল্‌কু ‘আলাইহিম্ (ط) ক ুলিল্লা–হু খা–লিকু কুল্লি শাইয়িওঁ ওয়া হুওয়াল্ ওয়া–হি দুল্ ক াহ্‌হা–র্। | |
| *তরজমা* | বল, ‘কে আকাশমণ্ডলী ও পৃথিবীর প্রতিপালক ?’ বল, ‘আল্লাহ্’। বল, ‘তবে কি তোমরা অভিভাবকরূপে গ্রহণ করিয়াছ আল্লাহ্‌র পরিবর্তে অপরকে যাহারা নিজেদের লাভ বা ক্ষতি সাধনে সক্ষম নয় ?’ বল, ‘অন্ধ ও চক্ষুষ্মান কি সমান অথবা অন্ধকার ও আলো কি এক ?’ তবে কী তাহারা আল্লাহ্‌র এমন শরীক করিয়াছে, যাহারা আল্লাহ্‌র সৃষ্টির মত সৃষ্টি করিয়াছে, যে কারণে সৃষ্টি উহাদের নিকট সদৃশ মনে হইয়াছে ? বল, ‘আল্লাহ্ সকল বস্তুর স্রষ্টা; তিনি এক, পরাক্রমশালী।’ | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | أَنزَلَ مِنَ السَّمَاءِ مَاءً فَسَالَتْ أَوْدِيَةٌ بِقَدَرِهَا فَاحْتَمَلَ السَّيْلُ زَبَدًا رَّابِيًا ۚ وَمِمَّا يُوقِدُونَ عَلَيْهِ فِي النَّارِ ابْتِغَاءَ حِلْيَةٍ أَوْ مَتَاعٍ زَبَدٌ مِّثْلُهُ ۚ كَذَٰلِكَ يَضْرِبُ اللَّهُ الْحَقَّ وَالْبَاطِلَ ۚ فَأَمَّا الزَّبَدُ فَيَذْهَبُ جُفَاءً ۖ وَأَمَّا مَا يَنفَعُ النَّاسَ فَيَمْكُثُ فِي الْأَرْضِ ۚ كَذَٰلِكَ يَضْرِبُ اللَّهُ الْأَمْثَالَ ﴿١٧﴾ | 17 |
| *প্রতিবর্ণায়ন* | আংঝালা মিনাছ্ছামা~ই মা~আং ফাছা-লাত্ আওদিয়াতুম্ বিক াদারিহা- ফাহ্তামালাছ ছাইলু ঝাবাদার্ রা-বিয়াওঁ (ط) ওয়া মিম্মা- ইউকি দূনা ‘আলাইহি ফিন্না-রিব্ তিগা~আ হি লয়াতিন্ আও মাতা-‘ইং ঝাবাদুম মিছ লুহূ (ط) কায া-লিকা ইয়াদ রিবুল্লা-হুল্ হ াক্ক া ওয়াল বা-তি লা (ط) ফাআম্মাঝ ঝাবাদু ফাইয়ায হাবু জুফা~আওঁ (ج) ওয়া আম্মা- মা-ইয়াংফাউন্না-ছা ফাইয়াম্কুছু  ফিল আর্দি  (ط) কায া-লিকা ইয়াদ রিবুল্লা-হুল্ আম্ছ া-ল। | |
| *তরজমা* | তিনি আকাশ হইতে বৃষ্টিপাত করেন, ফলে উপত্যকাসমূহ উহাদের পরিমাণ অনুযায়ী প্লাবিত হয় এবং প্লাবন তাহার উপরিস্থিত আবর্জনা বহন করে, এইরূপে আবর্জনা উপরিভাগে আসে যখন অলংকার অথবা তৈজসপত্র নির্মাণ উদ্দেশ্যে কিছু অগ্নিতে উত্তপ্ত করা হয়। এইভাবে আল্লাহ্ সত্য ও অসত্যের দৃষ্টান্ত দিয়া থাকেন। যাহা আবর্জনা তাহা ফেলিয়া দেওয়া হয় এবং যাহা মানুষের উপকারে আসে তাহা জমিতে থাকিয়া যায়। এইভাবে আল্লাহ্ উপমা দিয়া থাকেন। | |
| | لِلَّذِينَ اسْتَجَابُوا لِرَبِّهِمُ الْحُسْنَىٰ ۚ وَالَّذِينَ لَمْ يَسْتَجِيبُوا لَهُ لَوْ أَنَّ لَهُم مَّا فِي الْأَرْضِ جَمِيعًا وَمِثْلَهُ مَعَهُ لَافْتَدَوْا بِهِ ۚ أُولَٰئِكَ لَهُمْ سُوءُ الْحِسَابِ وَمَأْوَاهُمْ جَهَنَّمُ ۖ وَبِئْسَ الْمِهَادُ ﴿١٨﴾ | 18 |
| *প্রতিবর্ণায়ন* | লিল্লায ীনাছ্তাজা-বূ লিরাব্বিহিমুল্ হু ছ্না- (ط) ওয়াল্লায ীনা লাম্ ইয়াছ্তাজীবূ লাহূ লাও আন্না লাহুম্ মা-ফিল্ আর্দি  জামী‘আওঁ ওয়া মিছ্ লাহূ মা‘আহূ লাফ্তাদাওঁ (ط) বিহী উলা~ইকা লাহুম্ ছূ~উল্ হি ছা-ব্ (لا) ওয়ামা’ওয়া-হুম্ জাহান্নামু (ط) ওয়া বি’ছাল্ মিহা-দ্। | |
| *তরজমা* | মঙ্গল তাহাদের যাহারা তাহাদের প্রতিপালকের আহ্বানে সাড়া দেয়। এবং যাহারা তাঁহার ডাকে সাড়া দেয় না, তাহাদের যদি পৃথিবীতে যাহা কিছু আছে তাহা সমস্তই থাকিত এবং তাহার সঙ্গে সমপরিমাণ আরো থাকিত উহারা মুক্তিপণস্বরূপ তাহা দিত। উহাদের হিসাব হইবে কঠোর এবং জাহান্নাম হইবে উহাদের আবাস, উহা কত নিকৃষ্ট আশ্রয়স্থল। | |
| | أَفَمَن يَعْلَمُ أَنَّمَا أُنزِلَ إِلَيْكَ مِن رَّبِّكَ الْحَقُّ كَمَنْ هُوَ أَعْمَىٰ ۚ إِنَّمَا يَتَذَكَّرُ أُولُو الْأَلْبَابِ ﴿١٩﴾ | 19 |

| *প্রতিবর্ণায়ন* | আফামাইঁ ইয়া'লামু আন্নামা~উংঝিলা ইলাইকা মির্ রাব্বিকাল্ হ্াক্কু কামান্ হুওয়া আ'মা- (ط) ইন্নামা- ইয়াতাযাক্কারু উলুল্ আল্বা-ব্। | |
| *তরজমা* | তোমার প্রতিপালক হইতে তোমার প্রতি যাহা অবতীর্ণ হইয়াছে তাহা যে ব্যক্তি সত্য বলিয়া জানে আর যে অন্ধ তাহারা কি সমান ? উপদেশ গ্রহণ করে শুধু বিবেকশক্তিসম্পন্নগণই, | |
| | الَّذِيْنَ يُوْفُوْنَ بِعَهْدِ اللّٰهِ وَلَا يَنْقُضُوْنَ الْمِيْثَاقَ ۝٢٠ | 20 |
| *প্রতিবর্ণায়ন* | আল্লাযীনা ইউফূনা বি'আহ্দিল্লা-হি ওয়ালা- ইয়াংকুদ্বনাল্ মীছা-ক্ব। | |
| *তরজমা* | যাহারা আল্লাহ্কে প্রদত্ত অঙ্গীকার রক্ষা করে এবং প্রতিজ্ঞা ভঙ্গ করে না, | |
| | وَالَّذِيْنَ يَصِلُوْنَ مَآ اَمَرَ اللّٰهُ بِهٖٓ اَنْ يُّوْصَلَ وَيَخْشَوْنَ رَبَّهُمْ وَيَخَافُوْنَ سُوْٓءَ الْحِسَابِ ۝٢١ | 21 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াল্লাযীনা ইয়াসিলূনা মা~ আমারাল্লা-হু বিহী~ আইঁ ইউসালা ওয়া ইয়াখ্শাওনা রাব্বাহুম্ ওয়া ইয়া খা-ফূনা ছূ~আল্ হ্িছা-ব্। | |
| *তরজমা* | এবং আল্লাহ্ যে সম্পর্ক অক্ষুণ্ন রাখিতে আদেশ করিয়াছেন যাহারা তাহা অক্ষুণ্ন রাখে, ভয় করে তাহাদের প্রতিপালককে এবং ভয় করে কঠোর হিসাবকে, | |
| | وَالَّذِيْنَ صَبَرُوا ابْتِغَآءَ وَجْهِ رَبِّهِمْ وَاَقَامُوا الصَّلٰوةَ وَاَنْفَقُوْا مِمَّا رَزَقْنٰهُمْ سِرًّا وَّعَلَانِيَةً وَّيَدْرَءُوْنَ بِالْحَسَنَةِ السَّيِّئَةَ اُولٰٓئِكَ لَهُمْ عُقْبَى الدَّارِ ۝٢٢ | 22 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াল্লাযীনা সাবারুব্ তিগা~আ ওয়াজহি রাব্বিহিম ওয়া আক্বা-মুসসালা-তা ওয়া আংফাকূ মিম্মা-রাঝাক্বনা-হুম্ ছিররাওঁ ওয়া 'আলা-নিয়াতাওঁ ওয়া ইয়াদ্রাউনা বিলহ্াছানাতিছ্ ছাইয়িআতা উলা~ইকা লাহুম্ 'উক্বাদ্দা-র্। | |
| *তরজমা* | এবং যাহারা তাহাদের প্রতিপালকের সন্তুষ্টি লাভের জন্য ধৈর্য ধারণ করে, সালাত কায়েম করে, আমি তাহাদেরকে যে জীবনোপকরণ দিয়াছি তাহা হইতে গোপনে ও প্রকাশ্যে ব্যয় করে এবং যাহারা ভাল দ্বারা মন্দ দূরীভূত করে, ইহাদের জন্য শুভ পরিণাম- | |
| | جَنّٰتُ عَدْنٍ يَّدْخُلُوْنَهَا وَمَنْ صَلَحَ مِنْ اٰبَآئِهِمْ وَاَزْوَاجِهِمْ وَذُرِّيّٰتِهِمْ وَالْمَلٰٓئِكَةُ يَدْخُلُوْنَ عَلَيْهِمْ مِّنْ كُلِّ بَابٍ ۝٢٣ | 23 |
| *প্রতিবর্ণায়ন* | জান্না-তু 'আদ্নিইঁ ইয়াদ্খুলূনাহা- ওয়া মাং সালাহ্া মিন্ আ-বা~ইহিম্ ওয়াআঝওয়া-জিহিম্ ওয়াযু্রিইইয়া-তিহিম্ ওয়াল্ মালা~ইকাতু ইয়াদ্খুলূনা 'আলাইহিম মিং কুল্লি বা-ব্। | |

|---|---|---|
| তরজমা | স্থায়ী জান্নাত, উহাতে তাহারা প্রবেশ করিবে এবং তাহাদের পিতা-মাতা, পতি-পত্নী ও সন্তান-সন্ততিদের মধ্যে যাহারা সৎকর্ম করিয়াছে তাহারাও এবং ফিরিশ্‌তাগণ তাহাদের নিকট উপস্থিত হইবে প্রত্যেক দ্বার দিয়া, | |
| | سَلٰمٌ عَلَيْكُمْ بِمَا صَبَرْتُمْ فَنِعْمَ عُقْبَى الدَّارِ ﴿٢٤﴾ | 24 |
| প্রতিবর্ণায়ন | ছালা–মুন্ ‘আলাইকুম্ বিমা– সাবার্‌তুম্ ফানি‘মা ‘উক্‌বাদ্‌দা–র্। | |
| তরজমা | এবং বলিবে, ‘তোমরা ধৈর্য ধারণ করিয়াছ বলিয়া তোমাদের প্রতি শান্তি; কত উত্তম এই পরিণাম। | |
| | وَالَّذِيْنَ يَنْقُضُوْنَ عَهْدَ اللّٰهِ مِنْۢ بَعْدِ مِيْثَاقِهٖ وَيَقْطَعُوْنَ مَآ اَمَرَ اللّٰهُ بِهٖٓ اَنْ يُّوْصَلَ وَيُفْسِدُوْنَ فِى الْاَرْضِ ۙ اُولٰٓئِكَ لَهُمُ اللَّعْنَةُ وَلَهُمْ سُوْٓءُ الدَّارِ ﴿٢٥﴾ | 25 |
| প্রতিবর্ণায়ন | ওয়াল্লাযীনা ইয়াংকুদূনা ‘আহ্‌দাল্লা–হি মিম্ বা‘দি মীছা–কিহী ওয়া ইয়াক্‌তা‘ঊনা মা~আমারাল্লা–হু বিহী~আঁই ইউসালা ওয়াইউফ্‌ছিদূনা ফিল্ আর্‌দি (ۙ) উলা~ইকা লাহুমুল্ লা‘নাতু ওয়া লাহুম্ ছূ~উদ্‌দা–র্। | |
| তরজমা | যাহারা আল্লাহ্‌র সঙ্গে দৃঢ় অঙ্গীকারে আবদ্ধ হইবার পর উহা ভঙ্গ করে, যে সম্পর্ক অক্ষুণ্ন রাখিতে আল্লাহ্ আদেশ করিয়াছেন, তাহা ছিন্ন করে এবং পৃথিবীতে অশান্তি সৃষ্টি করিয়া বেড়ায়, তাহাদের জন্য আছে লা‘নত এবং তাহাদের জন্য আছে মন্দ আবাস। | |
| | اَللّٰهُ يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ يَّشَآءُ وَيَقْدِرُ ؕ وَفَرِحُوْا بِالْحَيٰوةِ الدُّنْيَا ؕ وَمَا الْحَيٰوةُ الدُّنْيَا فِى الْاٰخِرَةِ اِلَّا مَتَاعٌ ﴿٢٦﴾ | 26 |
| প্রতিবর্ণায়ন | আল্লা–হু ইয়াব্‌ছুতুর্ রিঝ্‌কা লিমাইঁ ইয়াশা~উ ওয়া ইয়াক্‌দিরু (ط) ওয়া ফারিহূ বিলহা়য়া–তিদ্‌দুন্‌ইয়া– ওয়ামাল্ হা়য়া–তুদ্‌দুন্‌ইয়া– (ط) ফিল্ আ–খিরাতি ইল্লা–মাতা–‘উ। | |
| তরজমা | আল্লাহ্ যাহার জন্য ইচ্ছা তাহার জীবনোপকরণ বর্ধিত করেন এবং সংকুচিত করেন; কিন্তু ইহারা পার্থিব জীবনে উল্লসিত, অথচ দুনিয়ার জীবন তো আখিরাতের তুলনায় ক্ষণস্থায়ী ভোগমাত্র। | |
| | وَيَقُوْلُ الَّذِيْنَ كَفَرُوْا لَوْلَآ اُنْزِلَ عَلَيْهِ اٰيَةٌ مِّنْ رَّبِّهٖ ؕ قُلْ اِنَّ اللّٰهَ يُضِلُّ مَنْ يَّشَآءُ وَيَهْدِىْٓ اِلَيْهِ مَنْ اَنَابَ ﴿٢٧﴾ | 27 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ইয়াকূলুল্লাযীনা কাফারূ লাওলা~উংঝিলা ‘আলাইহি আ–য়াতুম্ মির্ রাব্বিহী (ط) কুল্ ইন্নাল্লা–হা ইউদি়ল্লু মাইঁ ইয়াশা~উ ওয়া ইয়াহদী~ ইলাইহি মান্ আনা–ব্। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | যাহারা কুফ্‌রী করিয়াছে তাহারা বলে, ‘তাহার প্রতিপালকের নিকট হইতে তাহার নিকট কোন নিদর্শন অবতীর্ণ হয় না কেন ?’ বল, ‘আল্লাহ্ যাহাকে ইচ্ছা বিভ্রান্ত করেন এবং তিনি তাহাদেরকে তাঁহার পথ দেখান যাহারা তাঁহার অভিমুখী, | |
| | اَلَّذِيْنَ اٰمَنُوْا وَتَطْمَىِٕنُّ قُلُوْبُهُمْ بِذِكْرِ اللّٰهِ ؕ اَلَا بِذِكْرِ اللّٰهِ تَطْمَىِٕنُّ الْقُلُوْبُ ؕ﴿۲۸﴾ | **28** |
| *প্রতিবর্ণায়ন* | আল্লায ীনা আ-মানূ ওয়া তাত্‌মাইন্নু ক্‌ুলূবুহুম্ বিযি্‌করিল্লা-হি (ط) ‘আলা- বিযি্‌ক্‌রিল্লা-হি তাত্‌ মাইন্নুল্ কু্‌লূব্। | |
| *তরজমা* | ‘যাহারা ঈমান আনে এবং আল্লাহ্‌র স্মরণে যাহাদের চিত্ত প্রশান্ত হয় ; জানিয়া রাখ, আল্লাহ্‌র স্মরণেই চিত্ত প্রশান্ত হয়; | |
| | اَلَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ طُوْبٰى لَهُمْ وَحُسْنُ مَاٰبٍ ﴿۲۹﴾ | **29** |
| *প্রতিবর্ণায়ন* | আল্লায ীনা আ-মানূ ওয়া ‘আমিলুসসা-লিহ া-তি তূ বা-লাহুম্ ওয়া হু্‌স্‌নু মাআ-ব্। | |
| *তরজমা* | ‘যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে, পরম আনন্দ এবং শুভ পরিণাম তাহাদেরই।’ | |
| | كَذٰلِكَ اَرْسَلْنٰكَ فِیْۤ اُمَّةٍ قَدْ خَلَتْ مِنْ قَبْلِهَاۤ اُمَمٌ لِّتَتْلُوَاۡ عَلَيْهِمُ الَّذِیْۤ اَوْحَيْنَاۤ اِلَيْكَ وَهُمْ يَكْفُرُوْنَ بِالرَّحْمٰنِ ؕ قُلْ هُوَ رَبِّیْ لَاۤ اِلٰهَ اِلَّا هُوَ ۚ عَلَيْهِ تَوَكَّلْتُ وَاِلَيْهِ مَتَابِ ﴿۳۰﴾ | **30** |
| *প্রতিবর্ণায়ন* | কায া-লিকা আর্‌ছাল্‌না-কা ফী˜উম্মাতিং ক া্‌দ খালাত্ মিং ক া্‌ব্‌লিহা˜উমামুল্ লিতাত্‌লুওয়া ‘আলাইহিমুল্লায ী˜ আওহ াইনা˜ইলাইকা ওয়াহুম্ ইয়াক্‌ফুরূনা বির্‌রাহ মা-নি (ط) কু ল্ হুওয়া রাব্বী লা˜ইলা-হা ইল্লা হুওয়া (ج) ‘আলাইহি তাওয়াক্কাল্‌তু ওয়া ইলাইহি মাতা-ব্। | |
| *তরজমা* | এইভাবে আমি তোমাকে পাঠাইয়াছি এক জাতির প্রতি যাহার পূর্বে বহু জাতি গত হইয়াছে, উহাদের নিকট তিলাওয়াত করিবার জন্য, যাহা আমি তোমার প্রতি প্রত্যাদেশ করিয়াছি। তথাপি উহারা দয়াময়কে অস্বীকার করে। বল, ‘তিনিই আমার প্রতিপালক; তিনি ব্যতীত অন্য কোন ইলাহ্ নাই। তাঁহারই উপর আমি নির্ভর করি এবং আমার প্রত্যাবর্তন তাঁহারই নিকট।’ | |
| | وَلَوْ اَنَّ قُرْاٰنًا سُيِّرَتْ بِهِ الْجِبَالُ اَوْ قُطِّعَتْ بِهِ الْاَرْضُ اَوْ كُلِّمَ بِهِ الْمَوْتٰى ؕ بَلْ لِّلّٰهِ الْاَمْرُ جَمِيْعًا ؕ اَفَلَمْ يَايْـَٔسِ الَّذِيْنَ اٰمَنُوْۤا اَنْ لَّوْ يَشَآءُ اللّٰهُ لَهَدَى النَّاسَ جَمِيْعًا ؕ وَلَا يَزَالُ الَّذِيْنَ كَفَرُوْا تُصِيْبُهُمْ بِمَا صَنَعُوْا قَارِعَةٌ اَوْ تَحُلُّ قَرِيْبًا مِّنْ دَارِهِمْ حَتّٰى يَاْتِیَ وَعْدُ اللّٰهِ ؕ اِنَّ اللّٰهَ لَا يُخْلِفُ الْمِيْعَادَ ﴿۳۱﴾ | **31** |

| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাও আন্না কু'রআ-নাং ছুইয়িরাত্ বিহিল্ জিবা-লু আও কুত্তি''আত্ বিহিল্ আর্দু' আও কুল্লিমা বিহিল্ মাওতা- (ط) বাল্ লিল্লা-হিল্ আমরু জামী'আন্ (ط) আফালাম্ ইয়াইআছিল্লায' ীনা আ-মানূ ˜আল্লাওঁ ইয়াশা~উল্লা-হু লাহাদান্না-ছা জামী'আওঁ (ط) ওয়ালা-ইয়াঝা-লুল্লায' ীনা কাফারূ তুসীবুহুম বিমা-সানা'উ ক'া-রি'আতুন্ আও তাহু'ল্লু ক'ারীবাম্ মিং দা-রিহিম্ হ'াত্তা-ইয়া'তিয়া ওয়া'দুল্লা-হি (ط) ইন্নাল্লা-হা লা-ইউখলিফুল্ মী'আ-দ্। | |
| *তরজমা* | যদি কোন কুরআন এমন হইত যদ্দ্বারা পর্বতকে গতিশীল করা যাইত অথবা পৃথিবীকে বিদীর্ণ করা যাইত অথবা মৃতের সঙ্গে কথা বলা যাইত, তবুও উহারা উহাতে বিশ্বাস করিত না। কিন্তু সমস্ত বিষয়ই আল্লাহ্র ইখ্তিয়ারভুক্ত। তবে কি যাহারা ঈমান আনিয়াছে তাহাদের প্রত্যয় হয় নাই যে, আল্লাহ্ ইচ্ছা করিলে নিশ্চয়ই সকলকে সৎপথে পরিচালিত করিতে পারিতেন ? যাহারা কুফরী করিয়াছে তাহাদের কর্মফলের জন্য তাহাদের বিপর্যয় ঘটিতেই থাকিবে, অথবা বিপর্যয় তাহাদের আশেপাশে আপতিত হইতেই থাকিবে যতক্ষণ পর্যন্ত না আল্লাহ্র প্রতিশ্রুতি আসিয়া পড়িবে। নিশ্চয়ই আল্লাহ্ প্রতিশ্রুতির ব্যতিক্রম করেন না। | |
| | وَلَقَدِ اسْتُهْزِئَ بِرُسُلٍ مِّنْ قَبْلِكَ فَأَمْلَيْتُ لِلَّذِيْنَ كَفَرُوْا ثُمَّ أَخَذْتُهُمْ ۖ فَكَيْفَ كَانَ عِقَابِ ﴿٣٢﴾ | **32** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাক'াদিছ্তুহঝিআ বিরুছুলিম্ মিং ক'াব্লিকা ফাআমলাইতু লিল্লায'ীনা কাফারূ ছু'ম্মা আখায্'তুহুম (قف) ফাকাইফা কা-না 'ইক'া-ব্। | |
| *তরজমা* | তোমার পূর্বেও অনেক রাসূলকে ঠাট্টা-বিদ্রূপ করা হইয়াছে এবং যাহারা কুফরী করিয়াছে তাহাদেরকে আমি কিছু অবকাশ দিয়াছিলাম, তাহার পর উহাদেরকে শাস্তি দিয়াছিলাম। কেমন ছিল আমার শাস্তি! | |
| | أَفَمَنْ هُوَ قَآئِمٌ عَلٰى كُلِّ نَفْسٍ بِمَا كَسَبَتْ ۚ وَجَعَلُوْا لِلّٰهِ شُرَكَآءَ ۖ قُلْ سَمُّوْهُمْ ۖ أَمْ تُنَبِّئُوْنَهٗ بِمَا لَا يَعْلَمُ فِي الْأَرْضِ أَمْ بِظَاهِرٍ مِّنَ الْقَوْلِ ۖ بَلْ زُيِّنَ لِلَّذِيْنَ كَفَرُوْا مَكْرُهُمْ وَصُدُّوْا عَنِ السَّبِيْلِ ۖ وَمَنْ يُّضْلِلِ اللّٰهُ فَمَا لَهٗ مِنْ هَادٍ ﴿٣٣﴾ | **33** |
| *প্রতিবর্ণায়ন* | আফামান্ হুওয়া ক'া~ইমুন্ 'আলা-কুল্লি নাফছিম্ বিমা কাছাবাত্ (ج) ওয়া জা'আলূ লিল্লা-হি শুরাকা~আ (ط) কু'ল ছাম্মূহুম্ (ط) আম্ তুনাব্বিউনাহূ বিমা-লা-ইয়া'লামু ফিল্ আরদি' আম্ বিজ'াহিরিম্ মিনাল্ ক'াওলি (ط) বাল্ ঝুইয়িনা লিল্লায'ীনা কাফারূ মাকরুহুম্ ওয়াসুদ্দূ 'আনিছ্ ছাবীলি (ط) ওয়ামাইঁ ইউদ্'লিলিল্লা-হু ফামা-লাহূ মিন হা-দ্। | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | তবে কি প্রত্যেক মানুষ যাহা করে তাহার যিনি পর্যবেক্ষক তিনি ইহাদের অক্ষম ইলাহ্গুলির মত ? অথচ উহারা আল্লাহ্‌র বহু শরীক করিয়াছে। বল, 'উহাদের পরিচয় দাও।' তোমরা কি পৃথিবীর মধ্যে এমন কিছুর সংবাদ দিতে চাও-যাহা তিনি জানেন না ? অথবা ইহা বাহ্যিক কথা মাত্র ? না, কাফিরদের নিকট উহাদের ছলনা শোভন প্রতীয়মান হইয়াছে এবং উহাদেরকে সৎপথ হইতে নিবৃত্ত করা হইয়াছে, আর আল্লাহ্ যাহাকে বিভ্রান্ত করেন তাহার কোন পথপ্রদর্শক নাই। | |
| | لَهُمْ عَذَابٌ فِي الْحَيٰوةِ الدُّنْيَا وَلَعَذَابُ الْاٰخِرَةِ اَشَقُّ ۚ وَمَا لَهُمْ مِّنَ اللّٰهِ مِنْ وَّاقٍ ﴿٣٤﴾ | 34 |
| প্রতিবর্ণায়ন | লাহুম্ 'আয়া-বুং ফিল্ হ ায়া-তিদ্দুন্ইয়া- ওয়ালা 'আযা-বুল্ আ-খিরাতি আশাক্কু (ج) ওয়ামা-লাহুম্ মিনাল্লা-হি মিওঁ ওয়া-ক । | |
| তরজমা | উহাদের জন্য দুনিয়ার জীবনে আছে শাস্তি এবং আখিরাতের শাস্তি তো আরো কঠোর! এবং আল্লাহ্‌র শাস্তি হইতে রক্ষা করিবার উহাদের কেহ নাই। | |
| | مَثَلُ الْجَنَّةِ الَّتِيْ وُعِدَ الْمُتَّقُوْنَ ۗ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ ۗ اُكُلُهَا دَآئِمٌ وَّظِلُّهَا ۗ تِلْكَ عُقْبَى الَّذِيْنَ اتَّقَوْا ۖ وَّعُقْبَى الْكٰفِرِيْنَ النَّارُ ﴿٣٥﴾ | 35 |
| প্রতিবর্ণায়ন | মাছ লুলু জান্নাতিল লাতী উ'ইদাল্ মুত্তাকূ না (ط) তাজরী মিং তাহ তিহাল্ আন্হা-রু (ط) উকুলুহা-দা~ইমুওঁ ওয়াজি ল্লুহা- (ط) তিল্কা 'উক বাল্লায ী নাত্তাক াওঁ ওয়া 'উক বাল্ কা-ফিরীনান্না-র্ । | |
| তরজমা | মুত্তাকীদেরকে যে জান্নাতের প্রতিশ্রুতি দেওয়া হইয়াছে, তাহার উপমা এইরূপ : উহার পাদদেশে নদী প্রবাহিত, উহার ফলসমূহ ও ছায়া চিরস্থায়ী। যাহারা মুত্তাকী ইহা তাহাদের কর্মফল এবং কাফিরদের কর্মফল দোযখ। | |
| | وَالَّذِيْنَ اٰتَيْنٰهُمُ الْكِتٰبَ يَفْرَحُوْنَ بِمَآ اُنْزِلَ اِلَيْكَ وَمِنَ الْاَحْزَابِ مَنْ يُّنْكِرُ بَعْضَهٗ ۗ قُلْ اِنَّمَآ اُمِرْتُ اَنْ اَعْبُدَ اللّٰهَ وَلَآ اُشْرِكَ بِهٖ ۗ اِلَيْهِ اَدْعُوْا وَاِلَيْهِ مَاٰبِ ﴿٣٦﴾ | 36 |
| প্রতিবর্ণায়ন | ওয়াল্লায ীনা আ-তাইনা-হুমুল্ কিতা-বা ইয়াফ্রাহূ না বিমা~উংঝিলা ইলাইকা ওয়া মিনাল আহ ঝা-বি মাইঁ ইউংকিরু বা'দ াহূ (ط) ক ুল্ ইন্নামা~উমির্তু আন্ আ'বুদাল্লা-হা ওয়ালা~উশ্রিকা বিহী (ط) ইলাইহি আদ্'উ ওয়া ইলাইহি মাআ-ব্ । | |
| তরজমা | আমি যাহাদেরকে কিতাব দিয়াছি তাহারা যাহা তোমার প্রতি অবতীর্ণ হইয়াছে তাহাতে আনন্দ পায়, কিন্তু কোন কোন দল উহার কতক অংশ অস্বীকার করে। বল, 'আমি তো আল্লাহ্‌র 'ইবাদত করিতে ও তাঁহার কোন শরীক না করিতে আদিষ্ট হইয়াছি। আমি তাঁহারই প্রতি আহ্বান করি এবং তাঁহারই নিকট আমার প্রত্যাবর্তন।' | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
| --- | --- | --- |
| | وَكَذٰلِكَ اَنْزَلْنٰهُ حُكْمًا عَرَبِيًّا ؕ وَلَئِنِ اتَّبَعْتَ اَهْوَآءَهُمْ بَعْدَ مَا جَآءَكَ مِنَ الْعِلْمِ ۙ مَا لَكَ مِنَ اللّٰهِ مِنْ وَّلِيٍّ وَّلَا وَاقٍ ﴿۳۷﴾ | **37** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া কায া-লিকা আংঝাল্না-হু হু ক্মান্ ‘আরাবিইইয়াওঁ (ط) ওয়ালাইনিত্তাবা'তা আহওয়া~আহুম্ বা'দা মা-জা~আকা মিনাল্ (ۙ) ‘ইল্মি মা-লাকা মিনাল্লা-হি মিওঁ ওয়ালিইয়িওঁ ওয়ালা- ওয়া-ক । | |
| *তরজমা* | এইভাবে আমি কুরআন অবতীর্ণ করিয়াছি বিধানরূপে আরবী ভাষায়। জ্ঞান প্রাপ্তির পর তুমি যদি তাহাদের খেয়াল-খুশির অনুসরণ কর তবে আল্লাহ্‌র বিরুদ্ধে তোমার কোন অভিভাবক ও রক্ষক থাকিবে না। | |
| | وَلَقَدْ اَرْسَلْنَا رُسُلًا مِّنْ قَبْلِكَ وَجَعَلْنَا لَهُمْ اَزْوَاجًا وَّذُرِّيَّةً ؕ وَمَا كَانَ لِرَسُوْلٍ اَنْ يَّاْتِيَ بِاٰيَةٍ اِلَّا بِاِذْنِ اللّٰهِ ؕ لِكُلِّ اَجَلٍ كِتَابٌ ﴿۳۸﴾ | **38** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাক াদ্ আরছাল্না- রুছুলাম্ মিং ক াব্লিকা ওয়া জা‘আলনা-লাহুম্ আঝওয়া-জাওঁ ওয়া য ুর্রিইয়াতাওঁ (ط) ওয়ামা-কা-না লিরাছুলিন্ আইঁ ইয়া'তিয়া বিআ-য়াতিন ইল্লা- বিইয ্নিল্লা-হি (ط) লিকুল্লি আজালিং কিতা-ব্ । | |
| *তরজমা* | তোমার পূর্বে আমি তো অনেক রাসূল প্রেরণ করিয়াছিলাম এবং তাহাদেরকে স্ত্রী ও সন্তান-সন্ততি দিয়াছিলাম। আল্লাহ্‌র অনুমতি ব্যতীত কোন নিদর্শন উপস্থিত করা কোন রাসূলের কাজ নয়। প্রত্যেক বিষয়ের নির্ধারিত কাল লিপিবদ্ধ। | |
| | يَمْحُوا اللّٰهُ مَا يَشَآءُ وَيُثْبِتُ ۚۖ وَعِنْدَهٗۤ اُمُّ الْكِتٰبِ ﴿۳۹﴾ | **39** |
| *প্রতিবর্ণায়ন* | ইয়ামহু ল্লা-হু মা- ইয়াশা~উ ওয়া ইউছ্ বিতু (ج) ওয়া ‘ইংদাহূ~ উম্মুল্ কিতা-ব্ । | |
| *তরজমা* | আল্লাহ্ যাহা ইচ্ছা তাহা নিশ্চিহ্ন করেন এবং যাহা ইচ্ছা তাহা প্রতিষ্ঠিত রাখেন এবং তাঁহারই নিকট আছে উম্মুল কিতাব। | |
| | وَاِنْ مَّا نُرِيَنَّكَ بَعْضَ الَّذِيْ نَعِدُهُمْ اَوْ نَتَوَفَّيَنَّكَ فَاِنَّمَا عَلَيْكَ الْبَلٰغُ وَعَلَيْنَا الْحِسَابُ ﴿۴۰﴾ | **40** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইম্মা- নুরিইয়ান্নাকা বা'দ াল্লায ী না‘ইদুহুম্ আও নাতাওয়াফ্ফাইয়ান্নাকা ফাইন্নামা- ‘আলাইকাল্ বালা-গু ওয়া ‘আলাইনাল হি ছা-ব্ । | |
| *তরজমা* | উহাদেরকে যে শাস্তির প্রতিশ্রুতি দিয়াছি তাহার কিছু যদি তোমাকে দেখাই অথবা যদি ইহার পূর্বে তোমার কাল পূর্ণ করিয়া দেই-তোমার কর্তব্য তো কেবল প্রচার করা এবং হিসাব-নিকাশ তো আমার কাজ। | |

| | | |
|---|---|---|
| | اَوَلَمۡ يَرَوۡا اَنَّا نَاۡتِى الۡاَرۡضَ نَـنۡقُصُهَا مِنۡ اَطۡرَافِهَا‌ ؕ وَاللّٰهُ يَحۡكُمُ لَا مُعَقِّبَ لِحُكۡمِهٖ‌ ؕ وَهُوَ سَرِيۡعُ الۡحِسَابِ‏ ﴿۴۱﴾ | **41** |
| *প্রতিবর্ণায়ন* | আওয়ালাম্ ইয়ারাও আন্না-না'তিল্ আর্‌দ া নাংকুসুহা-মিন্ আত ারা-ফিহা- (ط) ওয়াল্লা-হু ইয়াহ কুমূ লা-মু'আক্কি বা লিহু ক্‌মিহী (ط) ওয়া হুওয়া ছারী'উল্ হি ছা-ব। | |
| *তরজমা* | উহারা কি দেখে না যে, আমি উহাদের দেশকে চতুর্দিক হইতে সংকুচিত করিয়া আনিতেছি ? আল্লাহ্ আদেশ করেন, তাঁহার আদেশ রদ করিবার কেহ নাই এবং তিনি হিসাব গ্রহণে তৎপর। | |
| | وَقَدۡ مَكَرَ الَّذِيۡنَ مِنۡ قَبۡلِهِمۡ فَلِلّٰهِ الۡمَكۡرُ جَمِيۡعًا‌ ؕ يَعۡلَمُ مَا تَكۡسِبُ كُلُّ نَـفۡسٍ‌ ؕ وَسَيَـعۡلَمُ الۡـكُفّٰرُ لِمَنۡ عُقۡبَى الدَّارِ‏ ﴿۴۲﴾ | **42** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ক াদ্ মাকারা ল্লায ীনা মিং ক াব্‌লিহিম্ ফালিল্লা-হিল্ মাকরু জামী'আ ঁ (ط) ইয়া'লামু মা-তাকছিবু কুল্লু নাফ্‌ছিওঁ (ط) ওয়া ছাইয়া'লামুল্ কুফ্‌ফা-রু লিমান্ 'উক বাদ্ দা-র্। | |
| *তরজমা* | উহাদের পূর্বে যাহারা ছিল তাহারাও চক্রান্ত করিয়াছিল; কিন্তু সমস্ত চক্রান্ত আল্লাহ্‌র ইখতিয়ারে। প্রত্যেক ব্যক্তি যাহা করে তাহা তিনি জানেন এবং কাফিররা শীঘ্রই জানিবে শুভ পরিণাম কাহাদের জন্য। | |
| | وَيَقُوۡلُ الَّذِيۡنَ كَفَرُوۡا لَسۡتَ مُرۡسَلًا‌ ؕ قُلۡ كَفٰى بِاللّٰهِ شَهِيۡدًاۢ بَيۡنِىۡ وَبَيۡنَكُمۡ ۙ وَمَنۡ عِنۡدَهٗ عِلۡمُ الۡكِتٰبِ‏ ﴿۴۳﴾ | **43** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয়াকূ লুল্লায ীনা কাফারূ লাছতা মুর্‌ছালাং (ط) ক ুল্ কাফা-বিল্লা-হি শাহীদাম্ বাইনী ওয়া বাইনাকুম্ (ۙ) ওয়া মান্ 'ইংদাহূ 'ইল্‌মুল্ কিতা-ব্। | |
| *তরজমা* | যাহারা কুফরী করিয়াছে তাহারা বলে, 'তুমি আল্লাহ্‌র প্রেরিত নও।' বল, 'আল্লাহ্ এবং যাহাদের নিকট কিতাবের জ্ঞান আছে, তাহারা আমার ও তোমাদের মধ্যে সাক্ষী হিসাবে যথেষ্ট।' | |

## 14 - 'Ibrahim-ইবরাহীম -إبراهيم

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | الٓرٰ ۚ كِتٰبٌ اَنْزَلْنٰهُ اِلَيْكَ لِتُخْرِجَ النَّاسَ مِنَ الظُّلُمٰتِ اِلَى النُّوْرِ ۙ بِاِذْنِ رَبِّهِمْ اِلٰى صِرَاطِ الْعَزِيْزِ الْحَمِيْدِ ۙ﴿۱﴾ | **1** |
| *প্রতিবর্ণায়ন* | আলিফ্ লা~ম্ রা- (قف) কিতা-বুন্ আংঝাল্না-হু ইলাইকা লিতুখ্রিজান্না-ছা মিনাজ্ জু্ লুমা-তি ইলান্নূরি, বিইয্নি রাব্বিহিম্ ইলা- সিরা-তি্ল্ 'আঝীঝিল্ হা্মীদ। | |
| *তরজমা* | আলিফ-লাম্-রা, এই কিতাব, ইহা তোমার প্রতি অবতীর্ণ করিয়াছি যাহাতে তুমি মানবজাতিকে তাহাদের প্রতিপালকের নির্দেশক্রমে বাহির করিয়া আনিতে পার অন্ধকার হইতে আলোকে, তাঁহার পথে যিনি পরাক্রমশালী, প্রশংসার্হ, | |
| | اللّٰهِ الَّذِيْ لَهٗ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ؕ وَوَيْلٌ لِّلْكٰفِرِيْنَ مِنْ عَذَابٍ شَدِيْدِ ۙ﴿۲﴾ | **2** |
| *প্রতিবর্ণায়ন* | আল্লাহিল্লায্ী লাহূ মা- ফিছ্ছামা-ওয়া-তি ওয়ামা- ফিল্ আরদি্ (ط) ওয়া ওয়াইলুল্লিল্ কা-ফিরীনা মিন্ 'আযা্-বিং শাদীদ। | |
| *তরজমা* | আল্লাহ্-আকাশমণ্ডলী ও পৃথিবীতে যাহা কিছু আছে তাহা তাঁহারই। কঠিন শাস্তির দুর্ভোগ কাফিরদের জন্য, | |
| | الَّذِيْنَ يَسْتَحِبُّوْنَ الْحَيٰوةَ الدُّنْيَا عَلَى الْاٰخِرَةِ وَيَصُدُّوْنَ عَنْ سَبِيْلِ اللّٰهِ وَيَبْغُوْنَهَا عِوَجًا ؕ اُولٰٓئِكَ فِيْ ضَلٰلٍۭ بَعِيْدٍ﴿۳﴾ | **3** |
| *প্রতিবর্ণায়ন* | আল্লায্ীনা ইয়াছ্তাহি্ব্বূনাল্ হা্য়া-তাদদুন্ইয়া-'আলাল্ আ-খিরাতি ওয়াইয়াসুদ্দূনা 'আং ছাবীলিল্লা-হি ওয়া ইয়াব্গূনাহা- 'ইওয়াজান (ط) উলা~ইকা ফী দা্লা-লিম্ বা'ঈদ্। | |
| *তরজমা* | যাহারা দুনিয়ার জীবনকে আখিরাতের চেয়ে ভালবাসে, মানুষকে নিবৃত্ত করে আল্লাহ্র পথ হইতে এবং আল্লাহ্র পথ বক্র করিতে চাহে ; উহারাই তো ঘোর বিভ্রান্তিতে রহিয়াছে। | |
| | وَمَآ اَرْسَلْنَا مِنْ رَّسُوْلٍ اِلَّا بِلِسَانِ قَوْمِهٖ لِيُبَيِّنَ لَهُمْ ؕ فَيُضِلُّ اللّٰهُ مَنْ يَّشَآءُ وَيَهْدِيْ مَنْ يَّشَآءُ ؕ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ﴿۴﴾ | **4** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা~আর্ছাল্না- মির্ রাছূলিন্ ইল্লা- বিলিছা-নি কা্ওমিহী লিইউবাইয়িনা লাহুম্ (ط) ফাইউদি্লুল্লা-হু মাইঁ ইয়াশা~উ ওয়া ইয়াহদী মাইঁ ইয়াশা~উ (ط) ওয়া-হুওয়াল্ 'আঝীঝুল্ হা্কীম্। | |

| | | |
|---|---|---|
| *তরজমা* | আমি প্রত্যেক রাসূলকেই তাহার স্বজাতির ভাষাভাষী করিয়া পাঠাইয়াছি তাহাদের নিকট পরিষ্কারভাবে ব্যাখ্যা করিবার জন্য, আল্লাহ্ যাহাকে ইচ্ছা বিভ্রান্ত করেন এবং যাহাকে ইচ্ছা সৎপথে পরিচালিত করেন এবং তিনি পরাক্রমশালী, প্রজ্ঞাময়। | |
| | وَلَقَدْ اَرْسَلْنَا مُوْسٰى بِاٰيٰتِنَاۤ اَنْ اَخْرِجْ قَوْمَكَ مِنَ الظُّلُمٰتِ اِلَى النُّوْرِ ۙ وَذَكِّرْهُمْ بِاَيّٰىمِ اللّٰهِ ؕ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّكُلِّ صَبَّارٍ شَكُوْرٍ ۝ | 5 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাক াদ আর্‌ছাল্‌না– মূছা– বিআ–ইয়া–তিনা ˜আন্ আখ্‌রিজ ক াওমাকা মিনাজ্ ˙জু ˙লুমা–তি ইলান্‌নূরি (১) ওয়া য াক্‌কির্ হুম্ বিআইইয়া–মিল্লা–হি ইন্না ফী য া–লিকা লাআ–য়া–তিল লিকুল্লি সাব্বা–রিং শাকূর্। | |
| *তরজমা* | মূসাকে আমি তো আমার নিদর্শনসহ প্রেরণ করিয়াছিলাম এবং বলিয়াছিলাম, ‘তোমার সম্প্রদায়কে অন্ধকার হইতে আলোতে আনয়ন কর, এবং উহাদেরকে আল্লাহ্‌র দিবসগুলির দ্বারা উপদেশ দাও।’ ইহাতে তো নিদর্শন রহিয়াছে প্রত্যেক পরম ধৈর্যশীল ও পরম কৃতজ্ঞ ব্যক্তির জন্য। | |
| | وَاِذْ قَالَ مُوْسٰى لِقَوْمِهِ اذْكُرُوْا نِعْمَةَ اللّٰهِ عَلَيْكُمْ اِذْ اَنْجٰىكُمْ مِّنْ اٰلِ فِرْعَوْنَ يَسُوْمُوْنَكُمْ سُوْٓءَ الْعَذَابِ وَيُذَبِّحُوْنَ اَبْنَآءَكُمْ وَيَسْتَحْيُوْنَ نِسَآءَكُمْ ؕ وَفِيْ ذٰلِكُمْ بَلَآءٌ مِّنْ رَّبِّكُمْ عَظِيْمٌ ۝ | 6 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয ˙ ক া–লা মূছা– লিক াওমিহিয্ ˙কুরূ নি‘মাতাল্লা–হি ‘আলাইকুম্ ইয ˙আংজা–কুম্ মিন্ আ–লি ফির্‘আওনা ইয়াছূমূনাকুম্ ছু~আল্ ‘আয া–বি ওয়া ইউয াব্বিহূ ˙না আব্‌না~আকুম্ ওয়া ইয়াছ্‌তাহ ˙ইউনা নিছা~আকুম্ ; ওয়া ফী য া–লিকুম বালা~উম্ মির রাব্বিকুম ‘আজ ˙ীম্। | |
| *তরজমা* | স্মরণ কর, মূসা তাহার সম্প্রদায়কে বলিয়াছিল, ‘তোমরা আল্লাহ্‌র অনুগ্রহ’ স্মরণ কর যখন তিনি তোমাদেরকে রক্ষা করিয়াছিলেন ফির‘আওনী সম্প্রদায়ের কবল হইতে, যাহারা তোমাদেরকে নিকৃষ্ট শাস্তি দিত, তোমাদের পুত্রগণকে যবেহ্ করিত ও তোমাদের নারীগণকে জীবিত রাখিত; এবং ইহাতে ছিল তোমাদের প্রতিপালকের পক্ষ হইতে এক মহাপরীক্ষা।’ | |
| | وَاِذْ تَاَذَّنَ رَبُّكُمْ لَئِنْ شَكَرْتُمْ لَاَزِيْدَنَّكُمْ وَلَئِنْ كَفَرْتُمْ اِنَّ عَذَابِيْ لَشَدِيْدٌ ۝ | 7 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয্ ˙ তাআয ্য ানা রাব্বুকুম লাইং শাকারতুম্ লাআঝীদান্নাকুম্ ওয়া লাইং কাফারতুম্ ইন্না ‘আয া–বী লাশাদীদ্। | |
| *তরজমা* | স্মরণ কর, তোমাদের প্রতিপালক ঘোষণা করেন, ‘তোমরা কৃতজ্ঞ হইলে তোমাদেরকে অবশ্যই অধিক দিব আর অকৃতজ্ঞ হইলে অবশ্যই আমার শাস্তি হইবে কঠোর।’ | |

| | وَقَالَ مُوسَىٰٓ إِن تَكْفُرُوٓا أَنتُمْ وَمَن فِى ٱلْأَرْضِ جَمِيعًا فَإِنَّ ٱللَّهَ لَغَنِىٌّ حَمِيدٌ ﴿٨﴾ | **8** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ক্বা-লা মূছা~ ইং তাক্‌ফুরূ~ আংতুম্ ওয়া মাং ফিল্ আর্‌দ্বি জামী‘আং ফাইন্নাল্লা-হা লাগানিইয়ুন হ্বামীদ্। | |
| *তরজমা* | মূসা বলিয়াছিল, ‘তোমরা এবং পৃথিবীর সকলেই যদি অকৃতজ্ঞ হও তথাপি আল্লাহ্ অভাবমুক্ত এবং প্রশংসার্হ। | |
| | أَلَمْ يَأْتِكُمْ نَبَؤُا ٱلَّذِينَ مِن قَبْلِكُمْ قَوْمِ نُوحٍ وَعَادٍ وَثَمُودَ ۛ وَٱلَّذِينَ مِنۢ بَعْدِهِمْ ۛ لَا يَعْلَمُهُمْ إِلَّا ٱللَّهُ ۚ جَآءَتْهُمْ رُسُلُهُم بِٱلْبَيِّنَٰتِ فَرَدُّوٓا أَيْدِيَهُمْ فِىٓ أَفْوَٰهِهِمْ وَقَالُوٓا إِنَّا كَفَرْنَا بِمَآ أُرْسِلْتُم بِهِۦ وَإِنَّا لَفِى شَكٍّ مِّمَّا تَدْعُونَنَآ إِلَيْهِ مُرِيبٍ ﴿٩﴾ | **9** |
| *প্রতিবর্ণায়ন* | আলাম্ ইয়া’তিকুম্ নাবাউল্লাযীনা মিং ক্বাব্‌লিকুম্ ক্বাওমি নূহিওঁ ওয়া ‘আ-দিওঁ ওয়া ছামূদা ওয়াল্লাযীনা মিম্ বা‘দিহিম্ লা-ইয়া‘লামুহুম্ ইল্লাল্লা-হু জা~আত্‌হুম্ রুছুলুহুম্ বিল্‌বাইয়িনা-তি ফারাদ্দু~আইদিইয়াহুম্ ফী~আফওয়া-হিহিম্ ওয়াক্বা-লূ~ ইন্না- কাফার্‌না- বিমা~উরছিল্‌তুম্ বিহী ওয়া ইন্না- লাফী শাক্কিম্ মিম্মা- তাদ্‌‘উনানা~ইলাইহি মুরীব্। | |
| *তরজমা* | ‘তোমাদের নিকট কি সংবাদ আসে নাই তোমাদের পূর্ববর্তীদের, নূহের সম্প্রদায়ের, ‘আদের ও সামূদের এবং তাহাদের পরবর্তীদের? উহাদের বিষয় আল্লাহ্ ব্যতীত অন্য কেহ জানে না।’ উহাদের নিকট স্পষ্ট নিদর্শনসহ উহাদের রাসূল আসিয়াছিল, উহারা উহাদের হাত উহাদের মুখে স্থাপন করিত এবং বলিত, ‘যাহাসহ তোমরা প্রেরিত হইয়াছ তাহা আমরা অবশ্যই অস্বীকার করি এবং আমরা অবশ্যই বিভ্রান্তিকর সন্দেহে রহিয়াছি সে বিষয়ে, যাহার প্রতি তোমরা আমাদেরকে আহ্বান করিতেছ।’ | |
| | قَالَتْ رُسُلُهُمْ أَفِى ٱللَّهِ شَكٌّ فَاطِرِ ٱلسَّمَٰوَٰتِ وَٱلْأَرْضِ ۖ يَدْعُوكُمْ لِيَغْفِرَ لَكُم مِّن ذُنُوبِكُمْ وَيُؤَخِّرَكُمْ إِلَىٰٓ أَجَلٍ مُّسَمًّى ۚ قَالُوٓا إِنْ أَنتُمْ إِلَّا بَشَرٌ مِّثْلُنَا تُرِيدُونَ أَن تَصُدُّونَا عَمَّا كَانَ يَعْبُدُ ءَابَآؤُنَا فَأْتُونَا بِسُلْطَٰنٍ مُّبِينٍ ﴿١٠﴾ | **10** |
| *প্রতিবর্ণায়ন* | ক্বা-লাত্ রুছুলুহুম্ আফিল্লা-হি শাক্কুং ফা-তি্বরিছ্‌ছামা-ওয়া-তি ওয়াল্ আর্‌দ্বি (ط) ইয়াদ্‘উকুম্ লিইয়াগফিরা লাকুম্ মিং যুনূবিকুম্ ওয়া ইউআখ্‌খিরাকুম্ ইলা~ আজালিম্ মুছাম্মাং (ط) ক্বা-লূ~ ইন্ আংতুম্ ইল্লা-বাশারুম্ মিছ্‌লুনা- (ط) তুরীদূনা আং তাসুদ্দূনা ‘আম্মা- কা-না ইয়া‘বুদু আ-বা~উনা- ফা’তূনা বিছুল্‌ত্বা-নিম্ মুবীন্। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | উহাদের রাসূলগণ বলিয়াছিল, ‘আল্লাহ্ সম্বন্ধে কি কোন সন্দেহ আছে, যিনি আকাশমণ্ডলী ও পৃথিবীর সৃষ্টিকর্তা ? তিনি তোমাদেরকে আহ্বান করেন তোমাদের পাপ মার্জনা করিবার জন্য এবং নির্দিষ্ট কাল পর্যন্ত তোমাদেরকে অবকাশ দিবার জন্য।’ উহারা বলিত, ‘তোমরা তো আমাদেরই মত মানুষ। আমাদের পিতৃপুরুষগণ যাহাদের ‘ইবাদত করিত তোমরা তাহাদের ‘ইবাদত হইতে আমাদেরকে বিরত রাখিতে চাও। অতএব তোমরা আমাদের নিকট কোন অকাট্য প্রমাণ উপস্থিত কর।’ | |
| | قَالَتْ لَهُمْ رُسُلُهُمْ إِن نَّحْنُ إِلَّا بَشَرٌ مِّثْلُكُمْ وَلَٰكِنَّ اللَّهَ يَمُنُّ عَلَىٰ مَن يَشَاءُ مِنْ عِبَادِهِ ۖ وَمَا كَانَ لَنَا أَن نَّأْتِيَكُم بِسُلْطَانٍ إِلَّا بِإِذْنِ اللَّهِ ۚ وَعَلَى اللَّهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُونَ ﴿١١﴾ | **11** |
| *প্রতিবর্ণায়ন* | ক্বা-লাত্ লাহুম্ রুছুলুহুম্ ইন্ নাহ্ নু ইল্লা- বাশারুম্ মিছ্ লুকুম্ ওয়ালা-কিন্নাল্লা-হা ইয়ামুন্নু ‘আলা- মাইঁ ইয়াশা~উ মিন্ ‘ইবা-দিহী (ط) ওয়ামা- কা-না লানা~আন্ না’তিয়াকুম বিছুল্ত্বা-নিন্ ইল্লা- বিইয্ নিল্লা-হি (ط) ওয়া ‘আলাল্লা-হি ফালইয়াতাওয়াক্কালিল মু’মিনূন্। | |
| *তরজমা* | উহাদের রাসূলগণ উহাদেরকে বলিত, ‘সত্য বটে, আমরা তোমাদের মত মানুষই কিন্তু আল্লাহ্ তাঁহার বান্দাদের মধ্যে যাহাকে ইচ্ছা অনুগ্রহ করেন। আল্লাহ্‌র অনুমতি ব্যতীত তোমাদের নিকট প্রমাণ উপস্থিত করা আমাদের কাজ নয়। আল্লাহ্‌র উপরই মু’মিনগণের নির্ভর করা উচিত। | |
| | وَمَا لَنَا أَلَّا نَتَوَكَّلَ عَلَى اللَّهِ وَقَدْ هَدَانَا سُبُلَنَا ۚ وَلَنَصْبِرَنَّ عَلَىٰ مَا آذَيْتُمُونَا ۚ وَعَلَى اللَّهِ فَلْيَتَوَكَّلِ الْمُتَوَكِّلُونَ ﴿١٢﴾ | **12** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা- লানা~আল্লা- নাতাওয়াক্কাল ‘আলাল্লা-হি ওয়া ক্বাদ হাদা-না- ছুবুলানা- (ط) ওয়া লানাসবিরান্না ‘আলা- মা~আ-য্ইতুমূনা- (ط) ওয়া ‘আলাল্লা-হি ফাল্ইয়াতাওয়াক্কালিল্ মুতাওয়াক্কিলূন্। | |
| *তরজমা* | আমাদের কি হইয়াছে যে, ‘আমরা আল্লাহ্‌র উপর নির্ভর করিব না ? তিনিই তো আমাদেরকে পথ প্রদর্শন করিয়াছেন। তোমরা আমাদেরকে যে ক্লেশ দিতেছ, আমরা তাহাতে অবশ্যই ধৈর্য ধারণ করিব এবং আল্লাহ্‌রই উপর নির্ভরকারিগণ নির্ভর করুক।’ | |
| | وَقَالَ الَّذِينَ كَفَرُوا لِرُسُلِهِمْ لَنُخْرِجَنَّكُم مِّنْ أَرْضِنَا أَوْ لَتَعُودُنَّ فِي مِلَّتِنَا ۖ فَأَوْحَىٰ إِلَيْهِمْ رَبُّهُمْ لَنُهْلِكَنَّ الظَّالِمِينَ ﴿١٣﴾ | **13** |

| | | |
|---|---|---|
| প্রতিবর্ণায়ন | ওয়া ক়া-লাল্লায ীনা কাফারূ লিরুছুলিহিম্ লানুখরিজান্নাকুম্ মিন্ আর্‌দি না~আও লাতা‘উদুন্না ফী মিল্লাতিনা- (ط) ফাআওহ়া~ইলাইহিম্ রাব্বুহুম্ লানুহলিকান্নাজ্ জ়া-লিমীন্। | |
| তরজমা | কাফিররা উহাদের রাসূলগণকে বলিয়াছিল, ‘আমরা তোমাদেরকে আমাদের দেশ হইতে অবশ্যই বহিষ্কার করিব অথবা তোমাদেরকে আমাদের ধর্মাদর্শে ফিরিয়া আসিতেই হইবে।’ অতঃপর রাসূলগণকে তাহাদের প্রতিপালক ওহী প্রেরণ করিলেন, জালিমদেরকে আমি অবশ্যই বিনাশ করিব; | |
| | وَلَنُسْكِنَنَّكُمُ الْاَرْضَ مِنْ بَعْدِهِمْ ۚ ذٰلِكَ لِمَنْ خَافَ مَقَامِيْ وَخَافَ وَعِيْدِ ﴿١٤﴾ | 14 |
| প্রতিবর্ণায়ন | ওয়া লানুছকিনান্নাকুমুল্ আর্‌দ়া মিম্ বা‘দিহিম্ (ط) য়া-লিকা লিমান্ খা-ফা মাক়া-মী ওয়া খা-ফা ওয়া ‘ঈদ্। | |
| তরজমা | ‘উহাদের পরে আমি তোমাদেরকে দেশে প্রতিষ্ঠিত করিবই; ইহা তাহাদের জন্য যাহারা ভয় রাখে আমার সম্মুখে উপস্থিত হওয়ার এবং ভয় রাখে আমার শাস্তির।’ | |
| | وَاسْتَفْتَحُوْا وَخَابَ كُلُّ جَبَّارٍ عَنِيْدٍ ﴿١٥﴾ | 15 |
| প্রতিবর্ণায়ন | ওয়াছ্‌তাফ্‌তাহূ ওয়াখা-বা কুল্লু জাব্বা-রিন্ ‘আনীদ্। | |
| তরজমা | উহারা বিজয় কামনা করিল এবং প্রত্যেক উদ্ধত স্বৈরাচারী ব্যর্থমনোরথ হইল। | |
| | مِّنْ وَّرَآئِهٖ جَهَنَّمُ وَيُسْقٰى مِنْ مَّآءٍ صَدِيْدٍ ﴿١٦﴾ | 16 |
| প্রতিবর্ণায়ন | মিওঁ ওয়ারা~ইহী জাহান্নামু ওয়া ইউছ্‌ক়া-মিম্ মা~ইং সাদীদ্। | |
| তরজমা | উহাদের প্রত্যেকের জন্য পরিণামে জাহান্নাম রহিয়াছে এবং পান করানো হইবে গলিত পুঁজ; | |
| | يَّتَجَرَّعُهٗ وَلَا يَكَادُ يُسِيْغُهٗ وَيَاْتِيْهِ الْمَوْتُ مِنْ كُلِّ مَكَانٍ وَّمَا هُوَ بِمَيِّتٍ ۗ وَمِنْ وَّرَآئِهٖ عَذَابٌ غَلِيْظٌ ﴿١٧﴾ | 17 |
| প্রতিবর্ণায়ন | ইয়াতাজার্‌রা‘উহূ ওয়ালা- ইয়া-কা-দূ ইউছীগুহূ ওয়া ইয়া’তীহিল্ মাওতু মিং কুল্লি মাকা-নিওঁ ওয়ামা-হুওয়া বিমাইয়িতিওঁ (ط) ওয়ামিওঁ ওয়ারা~ইহী ‘আয়া-বুন্ গালীজ্। | |
| তরজমা | যাহা সে অতি কষ্টে একেক ঢোক করিয়া গলাধঃকরণ করিবে এবং উহা গলাধঃকরণ করা প্রায় সহজ হইবে না। সর্বদিক হইতে তাহার নিকট আসিবে মৃত্যুযন্ত্রণা, কিন্তু তাহার মৃত্যু ঘটিবে না এবং ইহার পর কঠোর শাস্তি ভোগ করিতেই থাকিবে। | |

| | مَثَلُ الَّذِيْنَ كَفَرُوْا بِرَبِّهِمْ اَعْمَالُهُمْ كَرَمَادِ ۨ اشْتَدَّتْ بِهِ الرِّيْحُ فِيْ يَوْمٍ عَاصِفٍ ؕ لَا يَقْدِرُوْنَ مِمَّا كَسَبُوْا عَلٰى شَيْءٍ ؕ ذٰلِكَ هُوَ الضَّلٰلُ الْبَعِيْدُ ۝١٨ | 18 |
| *প্রতিবর্ণায়ন* | মাছ ালুল্লায ীনা কাফারূ বিরাব্বিহিম্ আ'মা-লুহুম্ কারামা-দিনিশ্‌তাদ্দাত্ বিহির্ রীহু ফী ইয়াওমিন্ 'আ-সিফিল্ (ط) লা-ইয়াক দিরূনা মিম্মা-কাছাবূ 'আলা-শাইইং (ط) য া-লিকা হুওয়াদ দ ালা-লুল্ বা'ঈদ্। | |
| *তরজমা* | যাহারা তাহাদের প্রতিপালককে অস্বীকার করে তাহাদের উপমা-তাহাদের কর্মসমূহ ভস্মসদৃশ যাহা ঝড়ের দিনের বাতাস প্রচণ্ড বেগে উড়াইয়া লইয়া যায়। যাহা তাহারা উপার্জন করে তাহার কিছুই তাহারা তাহাদের কাজে লাগাইতে পারে না। ইহা তো ঘোর বিভ্রান্তি। | |
| | اَلَمْ تَرَ اَنَّ اللّٰهَ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ بِالْحَقِّ ؕ اِنْ يَّشَاْ يُذْهِبْكُمْ وَيَاْتِ بِخَلْقٍ جَدِيْدٍ ۝١٩ | 19 |
| *প্রতিবর্ণায়ন* | আলাম্ তারা আন্নাল্লা-হা খালাক ছছামা-ওয়া-তি ওয়াল্ আর্দ া বিল্ হ াক্কি (ط) ইয়ঁ ইয়াশা' ইউয হিবকুম্ ওয়া ইয়া'তি বিখালকি ং জাদীদ্। | |
| *তরজমা* | তুমি কি লক্ষ্য কর না যে, আল্লাহ্ আকাশমণ্ডলী ও পৃথিবী যথাবিধি সৃষ্টি করিয়াছেন ? তিনি ইচ্ছা করিলে তোমাদের অস্তিত্ব বিলোপ করিতে পারেন এবং এক নূতন সৃষ্টি অস্তিত্বে আনিতে পারেন, | |
| | وَّمَا ذٰلِكَ عَلَى اللّٰهِ بِعَزِيْزٍ ۝٢٠ | 20 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা-য া-লিকা 'আলাল্লা-হি বি'আঝীঝ। | |
| *তরজমা* | আর ইহা আল্লাহ্‌র জন্য আদৌ কঠিন নয়। | |
| | وَبَرَزُوْا لِلّٰهِ جَمِيْعًا فَقَالَ الضُّعَفٰٓؤُا لِلَّذِيْنَ اسْتَكْبَرُوْٓا اِنَّا كُنَّا لَكُمْ تَبَعًا فَهَلْ اَنْتُمْ مُّغْنُوْنَ عَنَّا مِنْ عَذَابِ اللّٰهِ مِنْ شَيْءٍ ؕ قَالُوْا لَوْ هَدٰىنَا اللّٰهُ لَهَدَيْنٰكُمْ ؕ سَوَآءٌ عَلَيْنَآ اَجَزِعْنَآ اَمْ صَبَرْنَا مَا لَنَا مِنْ مَّحِيْصٍ ۝٢١ | 21 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া বারাঝূ লিল্লা-হি জামী'আং ফাক ালাদ্ দ ু'আফা~উ লিল্লায ীনাছ্ তাক্‌বারূ~ইন্না- কুন্না-লাকুম্ তাবা'আং ফাহাল্ আংতুম্ মুগ্‌নূনা 'আন্না-মিন্ 'আয া-বিল্লা-হি মিং শাইইং (ط) ক া-লূ লাও হাদা-নাল্লা-হু লাহাদাইনা-কুম্ ছাওয়া~উন্ 'আলাইনা~ আজাঝি'না~ আম সাবার্‌না- মা-লানা-মিম্ মাহ ীস। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | সকলে আল্লাহ্‌র নিকট উপস্থিত হইবে। যাহারা অহংকার করিত তখন দুর্বলেরা তাহাদেরকে বলিবে, 'আমরা তো তোমাদের অনুসারী ছিলাম; এখন তোমরা আল্লাহ্‌র শাস্তি হইতে আমাদেরকে কিছুমাত্র রক্ষা করিতে পারিবে ?' উহারা বলিবে, 'আল্লাহ্ আমাদেরকে সৎপথে পরিচালিত করিলে আমরাও তোমাদেরকে সৎপথে পরিচালিত করিতাম। এখন আমরা ধৈর্যচ্যুত হই অথবা ধৈর্যশীল হই একই কথা; আমাদের কোন নিষ্কৃতি নাই।' | |
| | وَقَالَ الشَّيْطٰنُ لَمَّا قُضِيَ الْاَمْرُ اِنَّ اللّٰهَ وَعَدَكُمْ وَعْدَ الْحَقِّ وَوَعَدْتُّكُمْ فَاَخْلَفْتُكُمْ ؕ وَمَا كَانَ لِيَ عَلَيْكُمْ مِّنْ سُلْطٰنٍ اِلَّاۤ اَنْ دَعَوْتُكُمْ فَاسْتَجَبْتُمْ لِيْ ۚ فَلَا تَلُوْمُوْنِيْ وَلُوْمُوْۤا اَنْفُسَكُمْ ؕ مَاۤ اَنَا بِمُصْرِخِكُمْ وَمَاۤ اَنْتُمْ بِمُصْرِخِيَّ ؕ اِنِّيْ كَفَرْتُ بِمَاۤ اَشْرَكْتُمُوْنِ مِنْ قَبْلُ ؕ اِنَّ الظّٰلِمِيْنَ لَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ﴿۲۲﴾ | 22 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ক্বা-লাশ্‌শাইত্বা-নু লাম্মা- কুদ্বিয়াল্ আমরু ইন্নাল্লা-হা ওয়া'আদাকুম্ ওয়া'আদাল্ হাক্কি ওয়া ওয়াআত্‌তুকুম্ ফাআখ্‌লাফ্‌তুকুম্ (ط) ওয়ামা- কা-না লিয়া 'আলাইকুম্ মিং ছুলত্বা-নিন্ ইল্লা~ আং দা'আওতুকুম্ ফাছ্‌তাজাবতুম্ লী (ج) ফালা-তালূমূনী ওয়া লূমূ~আংফুছাকুম্ (ط) মা~আনা-বিমুসরিখিকুম্‌ওয়ামা~আংতুম্ বিমুসরিখিইয়া (ط) ইন্নী কাফার্‌তু বিমা~ আশরাক্‌তুমূনি মিং ক্বাব্‌লু (ط) ইন্নাজ্জ্বা-লিমীনা লাহুম্ 'আযা-বুন্ আলীম্। | |
| *তরজমা* | যখন বিচারকার্য সম্পন্ন হইবে তখন শয়তান বলিবে, 'আল্লাহ্ তো তোমাদেরকে প্রতিশ্রুতি দিয়াছিলেন সত্য প্রতিশ্রুতি, আমিও তোমাদেরকে প্রতিশ্রুতি দিয়াছিলাম, কিন্তু আমি তোমাদেরকে প্রদত্ত প্রতিশ্রুতি ভঙ্গ করিয়াছি। আমার তো তোমাদের উপর কোন আধিপত্য ছিল না, আমি কেবল তোমাদেরকে আহ্বান করিয়াছিলাম এবং তোমরা আমার আহ্বানে সাড়া দিয়াছিলে। সুতরাং তোমরা আমার প্রতি দোষারোপ করিও না, তোমরা নিজেদেরই প্রতি দোষারোপ কর। আমি তোমাদের উদ্ধারে সাহায্য করিতে সক্ষম নই এবং তোমরাও আমার উদ্ধারে সাহায্য করিতে সক্ষম নও। তোমরা যে পূর্বে আমাকে আল্লাহ্‌র শরীক করিয়াছিলে আমি তাহা অস্বীকার করিতেছি, জালিমদের জন্য তো মর্মন্তুদ শাস্তি রহিয়াছে। | |
| | وَاُدْخِلَ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَا بِاِذْنِ رَبِّهِمْ ؕ تَحِيَّتُهُمْ فِيْهَا سَلٰمٌ ﴿۲۳﴾ | 23 |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ওয়া উদ্‌খিলাল্লায ীনা আ-মানূ ওয়া 'আমিলুসসা-লিহ া-তি জান্না-তিং তাজরী মিং তাহ তিহাল্ আন্‌হা-রু খা-লিদীনা ফীহা- বিইয্‌নি রাব্বিহিম্ (ط) তাহি ইইয়াতুহুম্ ফীহা-ছালা-ম্ । | |
| *তরজমা* | যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে তাহাদেরকে দাখিল করা হইবে জান্নাতে যাহার পাদদেশে নদী প্রবাহিত। সেখানে তাহারা স্থায়ী হইবে, তাহাদের প্রতিপালকের অনুমতিক্রমে, সেখানে তাহাদের অভিবাদন হইবে 'সালাম'। | |
| | اَلَمۡ تَرَ كَيۡفَ ضَرَبَ اللّٰهُ مَثَلًا كَلِمَةً طَيِّبَةً كَشَجَرَةٍ طَيِّبَةٍ اَصۡلُهَا ثَابِتٌ وَّفَرۡعُهَا فِى السَّمَآءِ ﴿۲۴﴾ | 24 |
| *প্রতিবর্ণায়ন* | আলাম্ তারা কাইফা দারাবাল্লা-হু মাছ ালাং কালিমাতাং ত াইয়িবাতাং কাশাজারাতিং ত াইয়িবাতিং আসলুহা-ছ া-বিতুওঁ ওয়া ফার'উহা- ফিছ্ছামা~ই। | |
| *তরজমা* | তুমি কি লক্ষ্য কর না আল্লাহ্ কিভাবে উপমা দিয়া থাকেন ? সৎবাক্যের তুলনা উৎকৃষ্ট বৃক্ষ যাহার মূল সুদৃঢ় ও যাহার শাখা-প্রশাখা ঊর্ধ্বে বিস্তৃত, | |
| | تُؤۡتِىۡۤ اُكُلَهَا كُلَّ حِيۡنٍۢ بِاِذۡنِ رَبِّهَا ؕ وَيَضۡرِبُ اللّٰهُ الۡاَمۡثَالَ لِلنَّاسِ لَعَلَّهُمۡ يَتَذَكَّرُوۡنَ ﴿۲۵﴾ | 25 |
| *প্রতিবর্ণায়ন* | তু'তী~ উকুলাহা- কুল্লা হ ীনিম্ বিইয্‌নি রাব্বিহা- (ط) ওয়া ইয়াদ রিবুল্লা-হুল্ আম্‌ছ া-লা লিন্‌না-ছি লা'আল্লাহুম্ ইয়াতায াক্কারূন্। | |
| *তরজমা* | যাহা প্রত্যেক মওসুমে উহার ফলদান করে উহার প্রতিপালকের অনুমতিক্রমে। এবং আল্লাহ্ মানুষের জন্য উপমা দিয়া থাকেন, যাহাতে তাহারা শিক্ষা গ্রহণ করে। | |
| | وَمَثَلُ كَلِمَةٍ خَبِيۡثَةٍ كَشَجَرَةٍ خَبِيۡثَةِ اۨجۡتُثَّتۡ مِنۡ فَوۡقِ الۡاَرۡضِ مَا لَهَا مِنۡ قَرَارٍ ﴿۲۶﴾ | 26 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া মাছ ালু কালিমাতিন খাবীছ াতিং কাশাজারাতিন খাবীছ াতি নিজতুছ্‌ছ াত্ মিং ফাওকি ল্ আর্‌দি মা-লাহা- মিং ক ারা-র্। | |
| *তরজমা* | কুবাক্যের তুলনা এক মন্দ বৃক্ষ যাহার মূল ভূপৃষ্ঠ হইতে বিচ্ছিন্ন, যাহার কোন স্থায়িত্ব নাই। | |
| | يُثَبِّتُ اللّٰهُ الَّذِيۡنَ اٰمَنُوۡا بِالۡقَوۡلِ الثَّابِتِ فِى الۡحَيٰوةِ الدُّنۡيَا وَفِى الۡاٰخِرَةِ ۚ وَيُضِلُّ اللّٰهُ الظّٰلِمِيۡنَ ؕ وَيَفۡعَلُ اللّٰهُ مَا يَشَآءُ ﴿۲۷﴾ | 27 |
| *প্রতিবর্ণায়ন* | ইউছ াব্বিতুল্লা-হুল্লায ীনা আ-মানূ বিল্‌ক াওলিছ্ ছ া-বিতি ফিল্ হ ায়া-তিদ্‌দুন্‌ইয়া-ওয়া ফিল্ আ-খিরাতি (ج) ওয়া ইউদি ল্লা-হুজ্ জ া-লিমীনা (قف) ওয়াইয়াফ্'আলুল্লাহু মা-ইয়াশা~উ। | |
| *তরজমা* | যাহারা শাশ্বত বাণীতে বিশ্বাসী তাহাদেরকে দুনিয়ার জীবনে ও আখিরাতে আল্লাহ্ সুপ্রতিষ্ঠিত রাখিবেন এবং যাহারা জালিম আল্লাহ্ উহাদেরকে বিভ্রান্তিতে রাখিবেন। আল্লাহ্ যাহা ইচ্ছা তাহা করেন। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ بَدَّلُوا نِعْمَتَ اللَّهِ كُفْرًا وَأَحَلُّوا قَوْمَهُمْ دَارَ الْبَوَارِ ۝٢٨ | **28** |
| *প্রতিবর্ণায়ন* | আলাম্ তারা ইলাল্লায ীনা বাদ্দালূ নি‘মাতাল্লা-হি কুফ্রাওঁ ওয়া আহ াল্লূ ক াওমাহুম্ দা-রাল্ বাওয়া-র্ । | |
| *তরজমা* | তুমি কি উহাদেরকে লক্ষ্য কর না, যাহারা আল্লাহ্‌র অনুগ্রহের বদলে অকৃতজ্ঞতা প্রকাশ করে এবং উহারা উহাদের সম্প্রদায়কে নামাইয়া আনে ধ্বংসের ক্ষেত্রে- | |
| | جَهَنَّمَ ۚ يَصْلَوْنَهَا ۖ وَبِئْسَ الْقَرَارُ ۝٢٩ | **29** |
| *প্রতিবর্ণায়ন* | জাহান্নামা (ج) ইয়াসলাওনাহা- (ط) ওয়াবি’ছাল্ ক ারা-র। | |
| *তরজমা* | জাহান্নামে, যাহার মধ্যে উহারা প্রবেশ করিবে, কত নিকৃষ্ট এই আবাসস্থল! | |
| | وَجَعَلُوا لِلَّهِ أَندَادًا لِّيُضِلُّوا عَن سَبِيلِهِ ۗ قُلْ تَمَتَّعُوا فَإِنَّ مَصِيرَكُمْ إِلَى النَّارِ ۝٣٠ | **30** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া জা‘আলূ লিল্লা-হি আংদা-দাল্ লিইউদি াল্লূ ‘আং ছাবীলিহী (ط) কু ল্ তামাত্তা‘উ ফাইন্না মাসীরাকুম্ ইলান্না-র। | |
| *তরজমা* | এবং উহারা আল্লাহ্‌র সমকক্ষ নির্ধারণ করে তাঁহার পথ হইতে বিভ্রান্ত করিবার জন্য। বল, ‘ভোগ করিয়া লও, পরিণামে দোযখই তোমাদের প্রত্যাবর্তনস্থল।’ | |
| | قُل لِّعِبَادِيَ الَّذِينَ آمَنُوا يُقِيمُوا الصَّلَاةَ وَيُنفِقُوا مِمَّا رَزَقْنَاهُمْ سِرًّا وَعَلَانِيَةً مِّن قَبْلِ أَن يَأْتِيَ يَوْمٌ لَّا بَيْعٌ فِيهِ وَلَا خِلَالٌ ۝٣١ | **31** |
| *প্রতিবর্ণায়ন* | ক ুল লি‘ইবা-দিয়াল্লায ীনা আ-মানূ ইউক িমুস্‌সালা-তা ওয়া ইউংফিকূ মিম্মা- রাঝাক না হুম্ ছির্‌রাওঁ ওয়া ‘আলা-নিয়াতাম্ মিং ক াব্‌লি আইঁ ইয়া’তিয়া ইয়াওমুল্ লা-বাই‘উং ফীহি ওয়ালা- খিলা-ল্। | |
| *তরজমা* | আমার বান্দাদের মধ্যে যাহারা মু’মিন তাহাদেরকে তুমি বল, সালাত কায়েম করিতে এবং আমি তাহাদেরকে জীবিকা হিসাবে যাহা দিয়াছি তাহা হইতে গোপনে ও প্রকাশ্যে ব্যয় করিতে- সেই দিনের পূর্বে যেদিন ক্রয়-বিক্রয় ও বন্ধুত্ব থাকিবে না।’ | |
| | اللَّهُ الَّذِي خَلَقَ السَّمَاوَاتِ وَالْأَرْضَ وَأَنزَلَ مِنَ السَّمَاءِ مَاءً فَأَخْرَجَ بِهِ مِنَ الثَّمَرَاتِ رِزْقًا لَّكُمْ ۖ وَسَخَّرَ لَكُمُ الْفُلْكَ لِتَجْرِيَ فِي الْبَحْرِ بِأَمْرِهِ ۖ وَسَخَّرَ لَكُمُ الْأَنْهَارَ ۝٣٢ | **32** |
| *প্রতিবর্ণায়ন* | আল্লা-হুল্লায ী খালাক াছ্ছামা-ওয়া-তি ওয়াল্ আর্‌দ া ওয়া আংঝালা মিনাছ্ছামা~ই মা~আং ফাআখ্‌রাজা বিহী মিনাছ ছ ামারা-তি রিঝক াল্ লাকুম্ (ج) ওয়াছাখ্‌খারা লাকুমুল্ ফুল্‌কা লিতাজরিয়া ফিল্ বাহ রি বিআম্‌রিহী ওয়া ছাখ্‌খারা লাকুমুল্ আন্‌হা-র্। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | তিনিই আল্লাহ্ যিনি আকাশমণ্ডলী ও পৃথিবী সৃষ্টি করিয়াছেন, যিনি আকাশ হইতে পানি বর্ষণ করিয়া তদ্দ্বারা তোমাদের জীবিকার জন্য ফলমূল উৎপাদন করেন, যিনি নৌযানকে তোমাদের অধীন করিয়া দিয়াছেন যাহাতে তাঁহার বিধানে উহা সমুদ্রে বিচরণ করে এবং যিনি তোমাদের কল্যাণে নিয়োজিত করিয়াছেন নদীসমূহকে। | |
| | وَسَخَّرَ لَكُمُ الشَّمْسَ وَالْقَمَرَ دَآئِبَيْنِ ۚ وَسَخَّرَ لَكُمُ الَّيْلَ وَالنَّهَارَ ﴿٣٣﴾ | **33** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ছাখ্খারা লকুমুশ্শাম্ছা ওয়াল্ ক্বামারা দা~ইবাইনি (ج) ওয়া ছাখ্খারা লাকুমুল্ লাইলা ওয়ান্ নাহা-র্। | |
| *তরজমা* | তিনি তোমাদের কল্যাণে নিয়োজিত করিয়াছেন সূর্য ও চন্দ্রকে, যাহারা অবিরাম একই নিয়মের অনুবর্তী এবং তোমাদের কল্যাণে নিয়োজিত করিয়াছেন রাত্রি ও দিবসকে। | |
| | وَاٰتٰىكُمْ مِّنْ كُلِّ مَا سَاَلْتُمُوْهُ ؕ وَاِنْ تَعُدُّوْا نِعْمَتَ اللّٰهِ لَا تُحْصُوْهَا ؕ اِنَّ الْاِنْسَانَ لَظَلُوْمٌ كَفَّارٌ ﴿٣٤﴾ | **34** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আ-তা-কুম্ মিং কুল্লি মা-ছাআল্তুমূহু (ط) ওয়া ইং তা'উদ্দূ নি'মাতাল্লা-হি লা-তুহ্ সূহা- (ط) ইন্নাল্ ইংছা-না লাজ্ালূমুং কাফ্ফা-র্। | |
| *তরজমা* | এবং তিনি তোমাদেরকে দিয়াছেন তোমরা তাঁহার নিকট যাহা কিছু চাহিয়াছ তাহা হইতে। তোমরা আল্লাহ্র অনুগ্রহ গণনা করিলে উহার সংখ্যা নির্ণয় করিতে পারিবে না। মানুষ অবশ্যই অতিমাত্রায় জালিম, অকৃতজ্ঞ। | |
| | وَاِذْ قَالَ اِبْرٰهِيْمُ رَبِّ اجْعَلْ هٰذَا الْبَلَدَ اٰمِنًا وَّاجْنُبْنِيْ وَبَنِيَّ اَنْ نَّعْبُدَ الْاَصْنَامَ ﴿٣٥﴾ | **35** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয্ ক্বা-লা ইবরা-হীমু রাব্বিজ্'আল হা-যাল্ বালাদা আ-মিনাওঁ ওয়াজ্নুবনী ওয়া বানিইইয়া আন্না'বুদাল্ আসনা-ম্। | |
| *তরজমা* | স্মরণ কর, ইব্রাহীম বলিয়াছিল, 'হে আমার প্রতিপালক! এই নগরীকে নিরাপদ করিও এবং আমাকে ও আমার পুত্রগণকে প্রতিমা পূজা হইতে দূরে রাখিও। | |
| | رَبِّ اِنَّهُنَّ اَضْلَلْنَ كَثِيْرًا مِّنَ النَّاسِ ۚ فَمَنْ تَبِعَنِيْ فَاِنَّهٗ مِنِّيْ ۚ وَمَنْ عَصَانِيْ فَاِنَّكَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٣٦﴾ | **36** |
| *প্রতিবর্ণায়ন* | রাব্বি ইন্নাহুন্না আদ্লাল্না কাছ্ীরাম্ মিনান্না-ছি (ج) ফামাং তাবি'আনী ফাইন্নাহূ মিন্নী (ج) ওয়ামান্ 'আসা-নী ফাইন্নাকা গাফূরুর রাহ্ীম্। | |
| *তরজমা* | 'হে আমার প্রতিপালক! এই সকল প্রতিমা তো বহু মানুষকে বিভ্রান্ত করিয়াছে। সুতরাং যে আমার অনুসরণ করিবে সে-ই আমার দলভুক্ত, কিন্তু কেহ আমার অবাধ্য হইলে তুমি তো ক্ষমাশীল, পরম দয়ালু। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | رَبَّنَآ اِنِّيْٓ اَسْكَنْتُ مِنْ ذُرِّيَّتِيْ بِوَادٍ غَيْرِ ذِيْ زَرْعٍ عِنْدَ بَيْتِكَ الْمُحَرَّمِ ۙ رَبَّنَا لِيُقِيْمُوا الصَّلٰوةَ فَاجْعَلْ اَفْـِٕدَةً مِّنَ النَّاسِ تَهْوِيْٓ اِلَيْهِمْ وَارْزُقْهُمْ مِّنَ الثَّمَرٰتِ لَعَلَّهُمْ يَشْكُرُوْنَ ﴿٣٧﴾ | 37 |
| *প্রতিবর্ণায়ন* | রাব্বানা˜ ইন্নী˜ আছ্কাংতু মিং য্ু্রিইয়াতী বিওয়া–দিন্ গাইরি য ী ঝার্‘ইন্ ‘ইংদা বাইতিকাল্ মুহ ার্রামি (لا) রাব্বানা–লিইউক ীমুসসালা–তা ফাজ‘আল্ আফ্ইদাতাম্ মিনান্না–ছি তাহ ব ী˜ইলাইহিম্ ওয়ার্ঝুক হুম্ মিনাছ্ ছ ামারা–তি লা‘আল্লাহুম্ ইয়াশ্কুরূন। | |
| *তরজমা* | ‘হে আমাদের প্রতিপালক! আমি আমার বংশধরদের কতককে বসবাস করাইলাম অনুর্বর উপত্যকায় তোমার পবিত্র গৃহের নিকট, হে আমাদের প্রতিপালক! এইজন্য যে, উহারা যেন সালাত কায়েম করে। অতএব তুমি কিছু লোকের অন্তর উহাদের প্রতি অনুরাগী করিয়া দাও এবং ফলাদি দ্বারা উহাদের রিযিকের ব্যবস্থা করিও, যাহাতে উহারা কৃতজ্ঞতা প্রকাশ করে। | |
| | رَبَّنَآ اِنَّكَ تَعْلَمُ مَا نُخْفِيْ وَمَا نُعْلِنُ ۭ وَمَا يَخْفٰى عَلَى اللّٰهِ مِنْ شَيْءٍ فِي الْاَرْضِ وَلَا فِي السَّمَاۗءِ ﴿٣٨﴾ | 38 |
| *প্রতিবর্ণায়ন* | রাব্বানা˜ইন্নাকা তা‘লামু মা–নুখ্ফী ওয়ামা– নু‘লিনু (ط) ওয়ামা–ইয়াখ্ফা– ‘আলাল্লা–হি মিং শাইইং ফিল্ আর্দি ওয়ালা–ফিছ্ছামা~ই। | |
| *তরজমা* | ‘হে আমাদের প্রতিপালক! তুমি তো জান যাহা আমরা গোপন করি ও যাহা আমরা প্রকাশ করি; আকাশমণ্ডলী ও পৃথিবীর কিছুই আল্লাহ্‌র নিকট গোপন থাকে না। | |
| | اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِيْ وَهَبَ لِيْ عَلَى الْكِبَرِ اِسْمٰعِيْلَ وَاِسْحٰقَ ۭ اِنَّ رَبِّيْ لَسَمِيْعُ الدُّعَاۗءِ ﴿٣٩﴾ | 39 |
| *প্রতিবর্ণায়ন* | আল্হ াম্দু লিল্লা–হিল্লায ী ওয়াহাবালী ‘আলাল্ কিবারি ইছ্মা–‘ঈলা ওয়া ইছ্হ া–ক (ط) ইন্না রাব্বী লাছামী‘উদ্দু‘আ~ই। | |
| *তরজমা* | সমস্ত প্রশংসা আল্লাহ্‌রই, যিনি আমাকে আমার বার্ধক্যে ইস্‌মাঈল ও ইস্‌হাককে দান করিয়াছেন। আমার প্রতিপালক অবশ্যই প্রার্থনা শুনিয়া থাকেন। | |
| | رَبِّ اجْعَلْنِيْ مُقِيْمَ الصَّلٰوةِ وَمِنْ ذُرِّيَّتِيْ ڰ رَبَّنَا وَتَقَبَّلْ دُعَاۗءِ ﴿٤٠﴾ | 40 |
| *প্রতিবর্ণায়ন* | রাব্বিজ ‘আল্নী মুক ীমাসসালা–তি ওয়া মিং যু র্রিইয়াতী (ق) রাব্বানা– ওয়া তাক াব্বাল্ দু‘আ~ই। | |
| *তরজমা* | ‘হে আমার প্রতিপালক! আমাকে সালাত কায়েমকারী কর এবং আমার বংশধরদের মধ্য হইতেও। হে আমাদের প্রতিপালক! আমার প্রার্থনা কবূল কর। | |
| | رَبَّنَا اغْفِرْ لِيْ وَلِوَالِدَيَّ وَلِلْمُؤْمِنِيْنَ يَوْمَ يَقُوْمُ الْحِسَابُ ﴿٤١﴾ | 41 |
| *প্রতিবর্ণায়ন* | রাব্বানাগফিরলী ওয়া লিওয়ালিদাইয়া ওয়ালিল্মু’মিনীনা ইয়াওমা ইয়াকূ মুল্ হি ছা–ব্। | |

| | | |
|---|---|---|
| *তরজমা* | 'হে আমাদের প্রতিপালক! যেই দিন হিসাব অনুষ্ঠিত হইবে সেই দিন আমাকে, আমার পিতা-মাতাকে এবং মু'মিনগণকে ক্ষমা করিও।' | |
| | وَلَا تَحۡسَبَنَّ اللّٰهَ غَافِلًا عَمَّا يَعۡمَلُ الظّٰلِمُوۡنَ ؕ اِنَّمَا يُؤَخِّرُهُمۡ لِيَوۡمٍ تَشۡخَصُ فِيۡهِ الۡاَبۡصَارُ ﴿۴۲﴾ | **42** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালা- তাহ ছাবান্নাল্লা-হা গা-ফিলান্ 'আম্মা-ইয়া'মালুজ জ া-লিমূনা (ط) ইন্নামা-ইউআখ্খিরুহুম্ লিইয়াওমিং তাশখাসু ফীহিল্ আব্সা-র । | |
| *তরজমা* | তুমি কখনও মনে করিও না যে, জালিমরা যাহা করে সে বিষয়ে আল্লাহ্ গাফিল, তবে তিনি উহাদেরকে সেই দিন পর্যন্ত অবকাশ দেন যেদিন তাহাদের চক্ষু হইবে স্থির। | |
| | مُهۡطِعِيۡنَ مُقۡنِعِىۡ رُءُوۡسِهِمۡ لَا يَرۡتَدُّ اِلَيۡهِمۡ طَرۡفُهُمۡ ۚ وَاَفۡـِٕدَتُهُمۡ هَوَآءٌ ﴿۴۳﴾ | **43** |
| *প্রতিবর্ণায়ন* | মুহ তি 'ঈনা মুক নি'ঈ রুউছিহিম্ লা-ইয়ারতাদ্দু ইলাইহিম্ ত ারফুহুম (ج) ওয়া আফইদাতুহুম্ হাওয়া~উ। | |
| *তরজমা* | ভীত-বিহ্বল চিত্তে আকাশের দিকে চাহিয়া উহারা ছুটাছুটি করিবে, নিজেদের প্রতি উহাদের দৃষ্টি ফিরিবে না এবং উহাদের অন্তর হইবে উদাস। | |
| | وَاَنۡذِرِ النَّاسَ يَوۡمَ يَاۡتِيۡهِمُ الۡعَذَابُ فَيَقُوۡلُ الَّذِيۡنَ ظَلَمُوۡا رَبَّنَاۤ اَخِّرۡنَاۤ اِلٰۤى اَجَلٍ قَرِيۡبٍ ۙ نُّجِبۡ دَعۡوَتَكَ وَنَتَّبِعِ الرُّسُلَ ؕ اَوَلَمۡ تَكُوۡنُوۡۤا اَقۡسَمۡتُمۡ مِّنۡ قَبۡلُ مَا لَـكُمۡ مِّنۡ زَوَالٍ ﴿۴۴﴾ | **44** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াআংযি রিন্না-ছা ইয়াওমা ইয়া'তীহিমুল্ 'আয া-বু ফাইয়াকূলুল্লায ীনা জ ালামূ রাব্বানা~আখ্খির্না~ইলা~আজালিং ক ারীবিন্ (ۙ) নুজিব দা'ওয়াতাকা ওয়া নাত্তাবি'ইর্রুছুলা (ط) আওয়ালাম্ তাকূনূ~ আক ছাম্তুম্ মিং ক াবলু মা-লাকুম্ মিং ঝাওয়া-ল্। | |
| *তরজমা* | যেদিন তাহাদের শাস্তি আসিবে সেই দিন সম্পর্কে তুমি মানুষকে সতর্ক কর, তখন জালিমরা বলিবে, 'হে আমাদের প্রতিপালক! আমাদেরকে কিছু কালের জন্য অবকাশ দাও, আমরা তোমার আহ্বানে সাড়া দিব এবং রাসূলগণের অনুসরণ করিব।' তোমরা কি পূর্বে শপথ করিয়া বলিতে না যে, তোমাদের পতন নাই ? | |
| | وَّسَكَنۡتُمۡ فِىۡ مَسٰكِنِ الَّذِيۡنَ ظَلَمُوۡۤا اَنۡفُسَهُمۡ وَتَبَيَّنَ لَـكُمۡ كَيۡفَ فَعَلۡنَا بِهِمۡ وَضَرَبۡنَا لَـكُمُ الۡاَمۡثَالَ ﴿۴۵﴾ | **45** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ছাকাংতুম্ ফী মাছা-কিনিল্লায ীনা জ ালামূ~ আংফুছাহুম্ ওয়া তাবাইইয়ানা লাকুম্ কাইফা ফা'আল্না- বিহিম্ ওয়াদ ারাব্না-লাকুমুল্ আমছ া-ল্। | |
| *তরজমা* | অথচ তোমরা বাস করিতে তাহাদের বাসভূমিতে, যাহারা নিজেদের প্রতি জুলুম করিয়াছিল এবং তাহাদের প্রতি আমি কি করিয়াছিলাম তাহাও তোমাদের নিকট সুবিদিত ছিল এবং তোমাদের নিকট আমি উহাদের দৃষ্টান্তও উপস্থিত করিয়াছিলাম। | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| | وَقَدْ مَكَرُوْا مَكْرَهُمْ وَعِنْدَ اللّٰهِ مَكْرُهُمْ ؕ وَاِنْ كَانَ مَكْرُهُمْ لِتَزُوْلَ مِنْهُ الْجِبَالُ ﴿۴۶﴾ | 46 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ক'াদ মাকারূ মাক্‌রাহুম্‌ ওয়া 'ইংদাল্লা–হি মাক্‌রুহুম্‌ (ط) ওয়া ইং কা–না মাকরুহুম্‌ লিতাঝূলা মিন্‌হুল্‌ জিবা–ল্‌। | |
| তরজমা | উহারা ভীষণ চক্রান্ত করিয়াছিল, কিন্তু উহাদের চক্রান্ত আল্লাহ্‌ রহিত করিয়াছেন, যদিও উহাদের চক্রান্ত এমন ছিল, যাহাতে পর্বত টলিয়া যাইত। | |
| | فَلَا تَحْسَبَنَّ اللّٰهَ مُخْلِفَ وَعْدِهٖ رُسُلَهٗ ؕ اِنَّ اللّٰهَ عَزِيْزٌ ذُو انْتِقَامٍ ﴿۴۷﴾ | 47 |
| প্রতিবর্ণায়ন | ফালা– তাহ'ছাবান্নাল্লা–হা মুখ্‌লিফা ওয়া'দিহী রুছুলাহূ (ط) ইন্নাল্লা–হা 'আঝীঝুং যু'ংতিক'া–ম্‌। | |
| তরজমা | তুমি কখনও মনে করিও না যে, আল্লাহ্‌ তাঁহার রাসূলগণের প্রতি প্রদত্ত প্রতিশ্রুতি ভঙ্গ করেন। নিশ্চয়ই আল্লাহ্‌ পরাক্রমশালী, দণ্ড-বিধায়ক। | |
| | يَوْمَ تُبَدَّلُ الْاَرْضُ غَيْرَ الْاَرْضِ وَالسَّمٰوٰتُ وَبَرَزُوْا لِلّٰهِ الْوَاحِدِ الْقَهَّارِ ﴿۴۸﴾ | 48 |
| প্রতিবর্ণায়ন | ইয়াওমা তুবাদ্দালুল্‌ আর্‌দু গাইরাল্‌ আরদি' ওয়াছ্‌ছামা–ওয়া–তু ওয়া বারাঝূ লিল্লা–হিল্‌ ওয়া–হি'দিল্‌ ক'াহ'হা–র্‌। | |
| তরজমা | যেদিন এই পৃথিবী পরিবর্তিত হইয়া অন্য পৃথিবী হইবে এবং আকাশমণ্ডলীও; এবং মানুষ উপস্থিত হইবে আল্লাহ্‌র সম্মুখে-যিনি এক পরাক্রমশালী। | |
| | وَتَرَى الْمُجْرِمِيْنَ يَوْمَئِذٍ مُّقَرَّنِيْنَ فِي الْاَصْفَادِ ﴿۴۹﴾ | 49 |
| প্রতিবর্ণায়ন | ওয়া তারাল্‌ মুজরিমীনা ইয়াওমাইযি'ম্‌ মুক'ার্‌রানীনা ফিল্‌ আস্‌ফা–দ্‌। | |
| তরজমা | সেই দিন তুমি অপরাধীদেরকে দেখিবে শৃঙ্খলিত অবস্থায়, | |
| | سَرَابِيْلُهُمْ مِّنْ قَطِرَانٍ وَّتَغْشٰى وُجُوْهَهُمُ النَّارُ ﴿۵۰﴾ | 50 |
| প্রতিবর্ণায়ন | ছারা–বীলুহুম্‌ মিং ক'াতি'রা–নিওঁ ওয়া তাগ্‌শা– উজূহাহুমুন্‌না–র্‌। | |
| তরজমা | উহাদের জামা হইবে আলকাতরার এবং অগ্নি আচ্ছন্ন করিবে উহাদের মুখমণ্ডল; | |
| | لِيَجْزِيَ اللّٰهُ كُلَّ نَفْسٍ مَّا كَسَبَتْ ؕ اِنَّ اللّٰهَ سَرِيْعُ الْحِسَابِ ﴿۵۱﴾ | 51 |
| প্রতিবর্ণায়ন | লিইয়াজঝিয়াল্লা–হু কুল্লা নাফ্‌ছিম্‌ মা– কাছাবাত (ط) ইন্নাল্লা–হা ছারী'উল্‌ হি'ছা–ব্‌। | |
| তরজমা | ইহা এইজন্য যে, আল্লাহ্‌ প্রত্যেকের কৃতকর্মের প্রতিফল দিবেন। নিশ্চয়ই আল্লাহ্‌ দ্রুত হিসাব গ্রহণ করেন। | |
| | هٰذَا بَلٰغٌ لِّلنَّاسِ وَلِيُنْذَرُوْا بِهٖ وَلِيَعْلَمُوْٓا اَنَّمَا هُوَ اِلٰهٌ وَّاحِدٌ وَّلِيَذَّكَّرَ اُولُوا الْاَلْبَابِ ﴿۵۲﴾ | 52 |
| প্রতিবর্ণায়ন | হা–য'া– বালা–গুল্‌ লিন্‌না–ছি ওয়ালিইউংয'ারূ বিহী ওয়া লিইয়া'লামূ˜ আন্নামা– হুওয়া ইলা–হুওঁ ওয়াহি'দুওঁ ওয়ালিইয়ায' য'াক্কারা উলুল্‌ আল্‌বা–ব্‌। | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | ইহা মানুষের জন্য এক বার্তা, যাহাতে ইহা দ্বারা উহারা সতর্ক হয় এবং জানিতে পারে যে, তিনি একমাত্র ইলাহ্ এবং যাহাতে বোধশক্তি-সম্পন্নেরা উপদেশ গ্রহণ করে। | |
| | **15 - Al-Hijr-হিজর -الحجر** | |
| | بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ | |
| | الٓرٰ ۚ تِلۡكَ اٰيٰتُ الۡـكِتٰبِ وَقُرۡاٰنٍ مُّبِيۡنٍ ﴿۱﴾ | 1 |
| প্রতিবর্ণায়ন | আলিফ্ লা~ম্ রা- (قف) তিল্কা আ-য়া-তুল্ কিতা-বি ওয়া কু'র্আ-নিম্ মুবীন্। | |
| তরজমা | আলিফ-লাম-রা, এইগুলি আয়াত মহাগ্রন্থের, সুস্পষ্ট কুরআনের। | |
| | رُبَمَا يَوَدُّ الَّذِيۡنَ كَفَرُوۡا لَوۡ كَانُوۡا مُسۡلِمِيۡنَ ﴿۲﴾ | 2 |
| প্রতিবর্ণায়ন | রুবামা- ইয়াওয়াদ্দুল্লায ীনা কাফারূ লাও কা-নূ মুছলিমীন্। | |
| তরজমা | কখনও কখনও কাফিররা আকাঙ্ক্ষা করিবে যে, তাহারা যদি মুসলিম হইত! | |
| | ذَرۡهُمۡ يَاۡكُلُوۡا وَيَتَمَتَّعُوۡا وَيُلۡهِهِمُ الۡاَمَلُ فَسَوۡفَ يَعۡلَمُوۡنَ ﴿۳﴾ | 3 |
| প্রতিবর্ণায়ন | য'রহুম্ ইয়া'কুলূ ওয়া ইয়াতামাত্তা'উ ওয়া ইউল্হিহিমুল আমালু ফাছাওফা ইয়া'লামূন্। | |
| তরজমা | উহাদেরকে ছাড়, উহারা খাইতে থাকুক, ভোগ করিতে থাকুক এবং আশা উহাদেরকে মোহাচ্ছন্ন রাখুক; অচিরেই উহারা জানিতে পারিবে। | |
| | وَمَاۤ اَهۡلَكۡنَا مِنۡ قَرۡيَةٍ اِلَّا وَلَهَا كِتَابٌ مَّعۡلُوۡمٌ ﴿۴﴾ | 4 |
| প্রতিবর্ণায়ন | ওয়ামা~ আহলাক্না-মিং ক'রয়াতিন্ ইল্লা ওয়ালাহা- কিতা-বুম্ মা'লূম্। | |
| তরজমা | আমি যে কোন জনপদকে ধ্বংস করিয়াছি তাহার জন্য ছিল একটি নির্দিষ্ট লিপিবদ্ধ কাল। | |
| | مَا تَسۡبِقُ مِنۡ اُمَّةٍ اَجَلَهَا وَمَا يَسۡتَاۡخِرُوۡنَ ﴿۵﴾ | 5 |
| প্রতিবর্ণায়ন | মা-তাছ্বিকু' মিন্ উম্মাতিন্ আজালাহা- ওয়ামা- ইয়াছ্তা'খিরূন্। | |
| তরজমা | কোন জাতি তাহার নির্দিষ্ট কালকে ত্বরান্বিত করিতে পারে না, বিলম্বিতও করিতে পারে না। | |
| | وَقَالُوۡا يٰۤاَيُّهَا الَّذِىۡ نُزِّلَ عَلَيۡهِ الذِّكۡرُ اِنَّكَ لَمَجۡنُوۡنٌ ؕ﴿۶﴾ | 6 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ক'া-লূ ইয়া~ আইয়ুহ'াল্লায ী নুঝঝিলা 'আলাইহিয'যি'করু ইন্নাকা লামাজনূন্। | |
| তরজমা | উহারা বলে, 'ওহে, যাহার প্রতি কুরআন অবতীর্ণ হইয়াছে! তুমি তো নিশ্চয় উন্মাদ। | |
| | لَوۡ مَا تَاۡتِيۡنَا بِالۡمَلٰۤـئِكَةِ اِنۡ كُنۡتَ مِنَ الصّٰدِقِيۡنَ ﴿۷﴾ | 7 |
| প্রতিবর্ণায়ন | লাও মা- তা'তীনা-বিল্মালা~ইকাতি ইং কুংতা মিনাসসা-দিক'ীন্। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
| --- | --- | --- |
| তরজমা | ‘তুমি সত্যবাদী হইলে আমাদের নিকট ফিরিশতাগণকে উপস্থিত করিতেছ না কেন ?’ | |
| | مَا نُنَزِّلُ الْمَلٰٓئِكَةَ اِلَّا بِالْحَقِّ وَمَا كَانُوْٓا اِذًا مُّنْظَرِيْنَ ۝٨ | **8** |
| প্রতিবর্ণায়ন | মা– নুনাঝঝিলুল্ মালা~ইকাতা ইল্লা–বিল্‌হা্ক্কি ওয়ামা– কা–নূ ইযা্ম্ মুংজা্রীন্। | |
| তরজমা | আমি ফিরিশ্‌তাগণকে প্রেরণ করি না যথার্থ কারণ ব্যতীত; ফিরিশ্‌তাগণ উপস্থিত হইলে উহারা অবকাশ পাইবে না। | |
| | اِنَّا نَحْنُ نَزَّلْنَا الذِّكْرَ وَاِنَّا لَهٗ لَحٰفِظُوْنَ ۝٩ | **9** |
| প্রতিবর্ণায়ন | ইন্না– নাহ্‌নু নাঝঝাল্‌নায্‌যিক্‌রা ওয়া ইন্না– লাহূ লাহা্–ফিজূন্। | |
| তরজমা | আমিই কুরআন অবতীর্ণ করিয়াছি এবং অবশ্য আমিই উহার সংরক্ষক। | |
| | وَلَقَدْ اَرْسَلْنَا مِنْ قَبْلِكَ فِيْ شِيَعِ الْاَوَّلِيْنَ ۝١٠ | **10** |
| প্রতিবর্ণায়ন | ওয়া লাকা্দ আর্‌ছাল্‌না– মিং কা্ব্‌লিকা ফী শিয়া‘ইল আওওয়ালীন্। | |
| তরজমা | তোমার পূর্বে আমি আগেকার অনেক সম্প্রদায়ের নিকট রাসূল পাঠাইয়াছিলাম। | |
| | وَمَا يَاْتِيْهِمْ مِّنْ رَّسُوْلٍ اِلَّا كَانُوْا بِهٖ يَسْتَهْزِءُوْنَ ۝١١ | **11** |
| প্রতিবর্ণায়ন | ওয়ামা– ইয়া’তীহিম্ মির্ রাছূলিন্ ইল্লা– কা–নূ বিহী ইয়াছ্‌তাহ্‌ঝিঊন্। | |
| তরজমা | তাহাদের নিকট আসে নাই এমন কোন রাসূল যাহাকে তাহারা ঠাট্টা-বিদ্রূপ করিত না। | |
| | كَذٰلِكَ نَسْلُكُهٗ فِيْ قُلُوْبِ الْمُجْرِمِيْنَ ۝١٢ | **12** |
| প্রতিবর্ণায়ন | কাযা্–লিকা নাছলুকুহূ ফী কু্লূবিল মুজরিমীন্। | |
| তরজমা | এইভাবে আমি অপরাধীদের অন্তরে উহা সঞ্চার করি, | |
| | لَا يُؤْمِنُوْنَ بِهٖ وَقَدْ خَلَتْ سُنَّةُ الْاَوَّلِيْنَ ۝١٣ | **13** |
| প্রতিবর্ণায়ন | লা– ইউ’মিনূনা বিহী ওয়া কা্দ্ খালাত্ ছুন্নাতুল্ আওওয়ালীন্। | |
| তরজমা | ইহারা কুরআনের প্রতি ঈমান আনিবে না এবং অতীতে পূর্ববর্তীদেরও এই আচরণ ছিল। | |
| | وَلَوْ فَتَحْنَا عَلَيْهِمْ بَابًا مِّنَ السَّمَآءِ فَظَلُّوْا فِيْهِ يَعْرُجُوْنَ ۝١٤ | **14** |
| প্রতিবর্ণায়ন | ওয়া লাও ফাতাহ্‌না– ‘আলাইহিম্ বা–বাম্ মিনাছছামা~ই ফাজা্ল্লূ ফীহি ইয়া‘রুজুন্। | |
| তরজমা | যদি উহাদের জন্য আকাশের দুয়ার খুলিয়া দেই এবং উহারা সারাদিন উহাতে আরোহণ করিতে থাকে, | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | لَقَالُوْٓا اِنَّمَا سُكِّرَتْ اَبْصَارُنَا بَلْ نَحْنُ قَوْمٌ مَّسْحُوْرُوْنَ ۝١٥ | **15** |
| *প্রতিবর্ণায়ন* | লাক্বা-লূ~ ইন্নমা- ছুক্কিরাত্ আব্‌সা-রুনা- বাল্‌নাহ্‌নু ক্বাওমুম্ মাছহূ্‌রূন্। | |
| *তরজমা* | তবুও উহারা বলিবে, ‘আমাদের দৃষ্টি সম্মোহিত করা হইয়াছে; না, বরং আমরা এক জাদুগ্রস্ত সম্প্রদায়।’ | |
| | وَلَقَدْ جَعَلْنَا فِي السَّمَآءِ بُرُوْجًا وَّزَيَّنّٰهَا لِلنّٰظِرِيْنَ ۝١٦ | **16** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাক্বাদ্ জা‘আল্‌না- ফিছ্ ছামা~ই বুরূজাওঁ ওয়া ঝাইয়ান্‌না-হা-লিন্‌না-জি্‌রীন্। | |
| *তরজমা* | আমি আকাশে গ্রহ-নক্ষত্র সৃষ্টি করিয়াছি এবং উহাকে সুশোভিত করিয়াছি দর্শকদের জন্য; | |
| | وَحَفِظْنٰهَا مِنْ كُلِّ شَيْطٰنٍ رَّجِيْمٍ ۝١٧ | **17** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া হ্বাফিজ্‌না-হা-মিং কুল্লি শাইত্বা-নির রাজীম্। | |
| *তরজমা* | এবং প্রত্যেক অভিশপ্ত শয়তান হইতে আমি উহাকে রক্ষা করিয়া থাকি; | |
| | اِلَّا مَنِ اسْتَرَقَ السَّمْعَ فَاَتْبَعَهٗ شِهَابٌ مُّبِيْنٌ ۝١٨ | **18** |
| *প্রতিবর্ণায়ন* | ইল্লা- মানিছ তারাক্বাছ্ ছাম‘আ ফাআত্‌বা‘আহূ শিহা-বুম্ মুবীন্। | |
| *তরজমা* | কিন্তু কেহ চুরি করিয়া সংবাদ শুনিতে চাহিলে উহার পশ্চাদ্ধাবন করে প্রদীপ্ত শিখা। | |
| | وَالْاَرْضَ مَدَدْنٰهَا وَاَلْقَيْنَا فِيْهَا رَوَاسِيَ وَاَنْۢبَتْنَا فِيْهَا مِنْ كُلِّ شَيْءٍ مَّوْزُوْنٍ ۝١٩ | **19** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াল্ আর্‌দ্বা মাদাদ্‌না-হা- ওয়া আল্‌ক্বাইনা- ফীহা- রাওয়া-ছিয়া ওয়া আমবাত্‌না-ফীহা- মিং কুল্লি  শাইয়িম্ মাওঝূন্। | |
| *তরজমা* | আর পৃথিবী, উহাকে আমি বিস্তৃত করিয়াছি, উহাতে পর্বতমালা স্থাপন করিয়াছি; এবং আমি উহাতে প্রত্যেক বস্তু উদ্‌গত করিয়াছি সুপরিমিতভাবে, | |
| | وَجَعَلْنَا لَكُمْ فِيْهَا مَعَايِشَ وَمَنْ لَّسْتُمْ لَهٗ بِرٰزِقِيْنَ ۝٢٠ | **20** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া জা‘আল্‌না-লাকুম্ ফীহা- মা‘আ-ইশা ওয়ামাল্ লাছ্‌তুম্ লাহূ বিরা-ঝিক্বীন। | |
| *তরজমা* | এবং উহাতে জীবিকার ব্যবস্থা করিয়াছি তোমাদের জন্য, আর তোমরা যাহাদের জীবিকাদাতা নও তাহাদের জন্যও। | |
| | وَاِنْ مِّنْ شَيْءٍ اِلَّا عِنْدَنَا خَزَآئِنُهٗ ۫ وَمَا نُنَزِّلُهٗٓ اِلَّا بِقَدَرٍ مَّعْلُوْمٍ ۝٢١ | **21** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইম্ মিং শাইয়িন্ ইল্লা- ‘ইংদানা- খাঝা~ইনুহূ (ژ) ওয়ামা- নুনাঝঝিলুহূ~ ইল্লা- বিক্বাদারিম্ মা‘লূম। | |

| তরজমা | আমারই নিকট আছে প্রত্যেক বস্তুর ভাণ্ডার এবং আমি উহা পরিজ্ঞাত পরিমাণেই সরবরাহ করিয়া থাকি। | |
| | وَأَرْسَلْنَا الرِّيٰحَ لَوَاقِحَ فَأَنْزَلْنَا مِنَ السَّمَآءِ مَآءً فَأَسْقَيْنٰكُمُوْهُ ۚ وَمَآ أَنْتُمْ لَهٗ بِخٰزِنِيْنَ ﴿٢٢﴾ | **22** |
| প্রতিবর্ণায়ন | ওয়া আর্ছাল্নার্ রিয়া–হ˙া লাওয়া–কি˙হ˙া ফাআংঝাল্না– মিনাছ্ ছামা~ই মা~আং ফাআছক˙ইনা–কুমূহু (ج) ওয়ামা˜ আংতুম্ লাহূ বিখা–ঝিনীন। | |
| তরজমা | আমি বৃষ্টি-গর্ভ বায়ু প্রেরণ করি, অতঃপর আকাশ হইতে বারি বর্ষণ করি এবং উহা তোমাদেরকে পান করিতে দেই; আর তোমরা উহার ভাণ্ডার রক্ষক নও। | |
| | وَإِنَّا لَنَحْنُ نُحْيٖ وَنُمِيْتُ وَنَحْنُ الْوٰرِثُوْنَ ﴿٢٣﴾ | **23** |
| প্রতিবর্ণায়ন | ওয়া ইন্না– লানাহ˙নু নুহ˙য়ী ওয়া নুমীতু ওয়া নাহ˙নুল্ ওয়া–রিছূ˙ন্। | |
| তরজমা | আমিই জীবন দান করি ও মৃত্যু ঘটাই এবং আমিই চূড়ান্ত মালিকানার অধিকারী। | |
| | وَلَقَدْ عَلِمْنَا الْمُسْتَقْدِمِيْنَ مِنْكُمْ وَلَقَدْ عَلِمْنَا الْمُسْتَأْخِرِيْنَ ﴿٢٤﴾ | **24** |
| প্রতিবর্ণায়ন | ওয়া লাক˙াদ্ 'আলিম্নাল মুছ্তাক˙দিমীনা মিংকুম্ ওয়ালাক˙াদ 'আলিম্নাল্ মুছ্তা'খিরীন্। | |
| তরজমা | তোমাদের মধ্য হইতে পূর্বে যাহারা গত হইয়াছে আমি তাহাদেরকে জানি এবং পরে যাহারা আসিবে তাহাদেরকেও জানি। | |
| | وَإِنَّ رَبَّكَ هُوَ يَحْشُرُهُمْ ۗ إِنَّهٗ حَكِيْمٌ عَلِيْمٌ ﴿٢٥﴾ | **25** |
| প্রতিবর্ণায়ন | ওয়া ইন্না রাব্বাকা হুওয়া ইয়াহ˙শুরুহুম্ (ط) ইন্নাহূ হ˙াকীমুন্ 'আলীম্। | |
| তরজমা | তোমার প্রতিপালকই উহাদেরকে সমবেত করিবেন; তিনি তো প্রজ্ঞাময়, সর্বজ্ঞ। | |
| | وَلَقَدْ خَلَقْنَا الْإِنْسَانَ مِنْ صَلْصَالٍ مِّنْ حَمَإٍ مَّسْنُوْنٍ ﴿٢٦﴾ | **26** |
| প্রতিবর্ণায়ন | ওয়ালাক˙াদ খালাক˙নাল্ ইংছা–না মিং সাল্সা–লিম্ মিন্ হ˙ামাইম্ মাছ্নূন্। | |
| তরজমা | আমি তো মানুষ সৃষ্টি করিয়াছি গন্ধযুক্ত কর্দমের শুষ্ক ঠন্ঠনা মৃত্তিকা হইতে, | |
| | وَالْجَآنَّ خَلَقْنٰهُ مِنْ قَبْلُ مِنْ نَّارِ السَّمُوْمِ ﴿٢٧﴾ | **27** |
| প্রতিবর্ণায়ন | ওয়াল্জা~ন্না খালাক˙না–হু মিং ক˙াব্লু মিন্ না–রিছ্ছামূম্। | |
| তরজমা | এবং ইহার পূর্বে সৃষ্টি করিয়াছি জিন অত্যুষ্ণ অগ্নি হইতে। | |
| | وَإِذْ قَالَ رَبُّكَ لِلْمَلٰٓئِكَةِ إِنِّيْ خَالِقٌۢ بَشَرًا مِّنْ صَلْصَالٍ مِّنْ حَمَإٍ مَّسْنُوْنٍ ﴿٢٨﴾ | **28** |
| প্রতিবর্ণায়ন | ওয়া ইয˙ ক˙া–লা রাব্বুকা লিল্মালা~ইকাতি ইন্নী খা–লিক˙ুম্ বাশারাম্ মিং সাল্সা–লিম্ মিন্ হ˙ামাইম্ মাছ্নূন্। | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | স্মরণ কর, যখন তোমার প্রতিপালক ফিরিশ্‌তাগণকে বলিলেন, 'আমি গন্ধযুক্ত কর্দমের শুষ্ক ঠন্‌ঠনা মৃত্তিকা হইতে মানুষ সৃষ্টি করিতেছি; | |
| | فَاِذَا سَوَّيۡتُهٗ وَنَفَخۡتُ فِيۡهِ مِنۡ رُّوۡحِىۡ فَقَعُوۡا لَهٗ سٰجِدِيۡنَ ﴿۲۹﴾ | 29 |
| *প্রতিবর্ণায়ন* | ফাইযা- ছাওয়াইতুহূ ওয়ানাফাখ্‌তু ফীহি মির্‌রূহী ফাক'ঊ লাহূ ছা-জিদীন্। | |
| *তরজমা* | 'যখন আমি উহাকে সুঠাম করিব এবং উহাতে আমার পক্ষ হইতে রূহ্‌ সঞ্চার করিব তখন তোমরা উহার প্রতি সিজ্‌দাবনত হইও', | |
| | فَسَجَدَ الۡمَلٰۤـئِكَةُ كُلُّهُمۡ اَجۡمَعُوۡنَ ﴿۳۰﴾ | 30 |
| *প্রতিবর্ণায়ন* | ফাছাজাদাল্‌ মালা~ইকাতু কুল্লুহুম্‌ আজমা'উন্। | |
| *তরজমা* | তখন ফিরিশ্‌তাগণ সকলেই একত্রে সিজ্‌দা করিল, | |
| | اِلَّاۤ اِبۡلِيۡسَ ؕ اَبٰۤى اَنۡ يَّكُوۡنَ مَعَ السّٰجِدِيۡنَ ﴿۳۱﴾ | 31 |
| *প্রতিবর্ণায়ন* | ইল্লা~ইব্‌লীছা (ط) আবা~আইঁ ইয়াকূনা মা'আছ্‌ছা-জিদীন্। | |
| *তরজমা* | ইবলীস ব্যতীত, সে সিজ্‌দাকারীদের অন্তর্ভুক্ত হইতে অস্বীকার করিল। | |
| | قَالَ يٰۤـاِبۡلِيۡسُ مَا لَكَ اَلَّا تَكُوۡنَ مَعَ السّٰجِدِيۡنَ ﴿۳۲﴾ | 32 |
| *প্রতিবর্ণায়ন* | ক'া-লা ইয়া~ইব্‌লীছু মা-লাকা আল্লা- তাকূনা মা'আছ্‌ ছা-জিদীন্। | |
| *তরজমা* | আল্লাহ্‌ বলিলেন, 'হে ইব্‌লীস! তোমার কি হইল যে, তুমি সিজ্‌দাকারীদের অন্তর্ভুক্ত হইলে না ?' | |
| | قَالَ لَمۡ اَكُنۡ لِّاَسۡجُدَ لِبَشَرٍ خَلَقۡتَهٗ مِنۡ صَلۡصَالٍ مِّنۡ حَمَاٍ مَّسۡنُوۡنٍ ﴿۳۳﴾ | 33 |
| *প্রতিবর্ণায়ন* | ক'া-লা লাম্‌ আকুল্‌ লিআছ্‌জুদা লিবাশারিন খালাক'তাহূ মিং সালসা-লিম্‌ মিন হ'ামাইম্‌ মাছ্‌নূন। | |
| *তরজমা* | সে বলিল, 'আপনি গন্ধযুক্ত কর্দমের শুষ্ক ঠনঠনা মৃত্তিকা হইতে যে মানুষ সৃষ্টি করিয়াছেন আমি তাহাকে সিজ্‌দা করিবার নহি।' | |
| | قَالَ فَاخۡرُجۡ مِنۡهَا فَاِنَّكَ رَجِيۡمٌ ﴿۳۴﴾ | 34 |
| *প্রতিবর্ণায়ন* | ক'া-লা ফাখ্‌রুজ মিন্‌হা- ফাইন্নাকা রাজীম্‌। | |
| *তরজমা* | তিনি বলিলেন, 'তবে তুমি এখান হইতে বাহির হইয়া যাও, কারণ তুমি তো অভিশপ্ত; | |
| | وَّاِنَّ عَلَيۡكَ اللَّعۡنَةَ اِلٰى يَوۡمِ الدِّيۡنِ ﴿۳۵﴾ | 35 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াইন্না 'আলাইকাল্‌ লা'নাতা ইলা- ইয়াওমিদ্দীন। | |
| *তরজমা* | 'এবং কর্মফল দিবস পর্যন্ত অবশ্যই তোমার প্রতি রহিল লা'নত।' | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | قَالَ رَبِّ فَأَنظِرْنِىٓ إِلَىٰ يَوْمِ يُبْعَثُونَ ٣٦ | **36** |
| *প্রতিবর্ণায়ন* | ক্বা-লা রাব্বী ফাআংজি়রনী~ ইলা- ইয়াওমি ইউব‘আছূ ন। | |
| *তরজমা* | সে বলিল, ‘হে আমার প্রতিপালক! পুনরুত্থান দিবস পর্যন্ত আমাকে অবকাশ দিন।’ | |
| | قَالَ فَإِنَّكَ مِنَ ٱلْمُنظَرِينَ ٣٧ | **37** |
| *প্রতিবর্ণায়ন* | ক্বা-লা ফাইন্নাকা মিনাল্ মুংজ়ারীন্। | |
| *তরজমা* | তিনি বলিলেন, ‘যাহাদেরকে অবকাশ দেওয়া হইয়াছে তুমি তাহাদের অন্তর্ভুক্ত হইলে, | |
| | إِلَىٰ يَوْمِ ٱلْوَقْتِ ٱلْمَعْلُومِ ٣٨ | **38** |
| *প্রতিবর্ণায়ন* | ইলা-ইয়াওমিল্ ওয়াক্বতিল্ মা‘লূম্। | |
| *তরজমা* | ‘অবধারিত সময় উপস্থিত হওয়ার দিন পর্যন্ত।’ | |
| | قَالَ رَبِّ بِمَآ أَغْوَيْتَنِى لَأُزَيِّنَنَّ لَهُمْ فِى ٱلْأَرْضِ وَلَأُغْوِيَنَّهُمْ أَجْمَعِينَ ٣٩ | **39** |
| *প্রতিবর্ণায়ন* | ক্বা-লা রাব্বি বিমা~আগওয়াইতানী লাউঝাইয়িনান্না লাহুম্ ফিল্ আরদ্বি ওয়ালাউগ্বি়ইয়ান্নাহুম আজমা‘ঈন্। | |
| *তরজমা* | সে বলিল, ‘হে আমার প্রতিপালক! আপনি যে আমাকে বিপথগামী করিলেন তজ্জন্য আমি পৃথিবীতে মানুষের নিকট পাপকর্মকে অবশ্যই শোভন করিয়া তুলিব এবং আমি উহাদের সকলকেই বিপথগামী করিব, | |
| | إِلَّا عِبَادَكَ مِنْهُمُ ٱلْمُخْلَصِينَ ٤٠ | **40** |
| *প্রতিবর্ণায়ন* | ইল্লা-‘ইবা-দাকা মিন্হুমুল মুখলাসীন্। | |
| *তরজমা* | ‘তবে উহাদের মধ্যে আপনার নির্বাচিত বান্দাগণ ব্যতীত।’ | |
| | قَالَ هَٰذَا صِرَٰطٌ عَلَىَّ مُسْتَقِيمٌ ٤١ | **41** |
| *প্রতিবর্ণায়ন* | ক্বা-লা হা-যা সিরা-তু ন ‘আলাইইয়া মুছ্তাক্বীম। | |
| *তরজমা* | আল্লাহ্ বলিলেন, ‘ইহাই আমার নিকট পৌঁছিবার সরল পথ, | |
| | إِنَّ عِبَادِى لَيْسَ لَكَ عَلَيْهِمْ سُلْطَٰنٌ إِلَّا مَنِ ٱتَّبَعَكَ مِنَ ٱلْغَاوِينَ ٤٢ | **42** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্না ‘ইবা-দী লাইছা লাকা ‘আলাইহিম্ ছুলত্বা-নুন ইল্লা-মানিত্তাবা‘আকা মিনাল্ গা-বীন্। | |
| *তরজমা* | ‘বিভ্রান্তদের মধ্যে যাহারা তোমার অনুসরণ করিবে তাহারা ব্যতীত আমার বান্দাদের উপর তোমার কোনই ক্ষমতা থাকিবে না; | |
| | وَإِنَّ جَهَنَّمَ لَمَوْعِدُهُمْ أَجْمَعِينَ ٤٣ | **43** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইন্না জাহান্নামা লামাও‘ইদুহুম আজমা‘ঈন। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
| --- | --- | --- |
| তরজমা | ‘অবশ্যই জাহান্নাম তাহাদের সকলেরই প্রতিশ্রুত স্থান, | |
| | لَهَا سَبْعَةُ اَبْوَابٍ ؕ لِكُلِّ بَابٍ مِّنْهُمْ جُزْءٌ مَّقْسُوْمٌ ﴿۴۴﴾ | 44 |
| প্রতিবর্ণায়ন | লাহা–ছাব্‘আতু আব্ওয়া–বিল্ (ط) লিকুল্লি বা–বিম্ মিন্হুম জুঝউম্ মাক্ ছুম্। | |
| তরজমা | ‘উহার সাতটি দরজা আছে, প্রত্যেক দরজার জন্য পৃথক পৃথক শ্রেণী আছে।’ | |
| | اِنَّ الْمُتَّقِيْنَ فِيْ جَنّٰتٍ وَّعُيُوْنٍ ﴿۴۵﴾ | 45 |
| প্রতিবর্ণায়ন | ইন্নাল্ মুত্তাক ীনা ফী জান্না–তিওঁ ওয়া উ‘ইয়ূন্। | |
| তরজমা | মুত্তাকীরা থাকিবে জান্নাতে ও প্রস্রবণসমূহের মধ্যে। | |
| | اُدْخُلُوْهَا بِسَلٰمٍ اٰمِنِيْنَ ﴿۴۶﴾ | 46 |
| প্রতিবর্ণায়ন | উদ্খুলূহা– বিছালা–মিন্ আ–মিনীন্। | |
| তরজমা | তাহাদেরকে বলা হইবে, ‘তোমরা শান্তি ও নিরাপত্তার সঙ্গে উহাতে প্রবেশ কর।’ | |
| | وَنَزَعْنَا مَا فِيْ صُدُوْرِهِمْ مِّنْ غِلٍّ اِخْوَانًا عَلٰى سُرُرٍ مُّتَقٰبِلِيْنَ ﴿۴۷﴾ | 47 |
| প্রতিবর্ণায়ন | ওয়া নাঝা‘না– মা– ফী সুদূরিহিম্ মিন্ গিল্লিন্ ইখওয়া–নান্ ‘আলা–ছুরুরিম্ মুতাক া–বিলীন্। | |
| তরজমা | আমি তাহাদের অন্তর হইতে বিদ্বেষ দূর করিব; তাহারা ভ্রাতৃভাবে পরস্পর মুখোমুখি হইয়া আসনে অবস্থান করিবে, | |
| | لَا يَمَسُّهُمْ فِيْهَا نَصَبٌ وَّمَا هُمْ مِّنْهَا بِمُخْرَجِيْنَ ﴿۴۸﴾ | 48 |
| প্রতিবর্ণায়ন | লা–ইয়ামছ্ছুহুম্ ফীহা– নাসাবুওঁ ওয়ামা–হুম্ মিন্হা– বিমুখ্রাজীন্। | |
| তরজমা | সেখানে তাহাদেরকে অবসাদ স্পর্শ করিবে না এবং তাহারা সেই স্থান হইতে বহিষ্কৃতও হইবে না। | |
| | نَبِّئْ عِبَادِيْۤ اَنِّيْۤ اَنَا الْغَفُوْرُ الرَّحِيْمُ ﴿۴۹﴾ | 49 |
| প্রতিবর্ণায়ন | নাব্বি’ ‘ইবা–দী ˜আন্নী ˜আনাল্ গাফূরুর্ রাহ ীম্। | |
| তরজমা | আমার বান্দাদেরকে বলিয়া দাও যে, আমি তো পরম ক্ষমাশীল, পরম দয়ালু, | |
| | وَاَنَّ عَذَابِيْ هُوَ الْعَذَابُ الْاَلِيْمُ ﴿۵۰﴾ | 50 |
| প্রতিবর্ণায়ন | ওয়া আন্না ‘আয া–বী হুওয়াল্ ‘আয া–বুল আলীম্। | |
| তরজমা | এবং আমার শাস্তি–উহা অতি মর্মন্তুদ শাস্তি! | |
| | وَنَبِّئْهُمْ عَنْ ضَيْفِ اِبْرٰهِيْمَ ﴿۵۱﴾ | 51 |
| প্রতিবর্ণায়ন | ওয়া নাব্বি’হুম্ ‘আং দ াইফি ইবরা–হীম্। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | আর উহাদেরকে বল, ইব্‌রাহীমের অতিথিদের কথা, | |
| | اِذۡ دَخَلُوۡا عَلَيۡهِ فَقَالُوۡا سَلٰمًا ؕ قَالَ اِنَّا مِنۡكُمۡ وَجِلُوۡنَ ﴿۵۲﴾ | 52 |
| *প্রতিবর্ণায়ন* | ইয্‌ দাখালূ ‘আলাইহি ফাক়া-লূ ছালা-মাং (ط) ক়া-লা ইন্না-মিংকুম্ ওয়াজিলূন্। | |
| *তরজমা* | যখন উহারা তাহার নিকট উপস্থিত হইয়া বলিল, ‘সালাম’, তখন সে বলিয়াছিল, ‘আমরা তো তোমাদের আগমনে আতঙ্কিত।’ | |
| | قَالُوۡا لَا تَوۡجَلۡ اِنَّا نُبَشِّرُكَ بِغُلٰمٍ عَلِيۡمٍ ﴿۵۳﴾ | 53 |
| *প্রতিবর্ণায়ন* | ক়া-লূ লা-তাওজাল্ ইন্না-নুবাশ্‌শিরুকা বিগুলা-মিন্ ‘আলীম। | |
| *তরজমা* | উহারা বলিল, ‘ভয় করিও না, আমরা তো তোমাকে এক জ্ঞানী পুত্রের শুভ সংবাদ দিতেছি।’ | |
| | قَالَ اَبَشَّرۡتُمُوۡنِىۡ عَلٰٓى اَنۡ مَّسَّنِىَ الۡكِبَرُ فَبِمَ تُبَشِّرُوۡنَ ﴿۵۴﴾ | 54 |
| *প্রতিবর্ণায়ন* | ক়া-লা আবাশ্‌শারতুমূনী ‘আলা~আম্ মাছ্‌ছানিয়াল্ কিবারু ফাবিমা তুবাশ্‌শিরূন। | |
| *তরজমা* | সে বলিল, ‘তোমরা কি আমাকে শুভ সংবাদ দিতেছ আমি বার্ধক্যগ্রস্ত হওয়া সত্ত্বেও ? তোমরা কী বিষয়ে শুভ সংবাদ দিতেছ ?’ | |
| | قَالُوۡا بَشَّرۡنٰكَ بِالۡحَـقِّ فَلَا تَكُنۡ مِّنَ الۡقٰنِطِيۡنَ ﴿۵۵﴾ | 55 |
| *প্রতিবর্ণায়ন* | ক়া-লূ বাশ্‌শারনা-কা বিল্‌হ়াক্কি‌ ফালা-তাকুম্ মিনাল্ ক়া-নিত়ীন্। | |
| *তরজমা* | উহারা বলিল, ‘আমরা তোমাকে সত্য সংবাদ দিতেছি; সুতরাং তুমি হতাশ হইও না।’ | |
| | قَالَ وَمَنۡ يَّقۡنَطُ مِنۡ رَّحۡمَةِ رَبِّهٖۤ اِلَّا الضَّآلُّوۡنَ ﴿۵۶﴾ | 56 |
| *প্রতিবর্ণায়ন* | ক়া-লা ওয়া মাইঁ ইয়াক়নাতু‌ মির্ রাহ়মাতি রাব্বিহী~ইল্লাদ্‌ দ়া~ল্লূন্। | |
| *তরজমা* | সে বলিল, ‘যাহারা পথভ্রষ্ট তাহারা ব্যতীত আর কে তাহার প্রতিপালকের অনুগ্রহ হইতে হতাশ হয় ?’ | |
| | قَالَ فَمَا خَطۡبُكُمۡ اَيُّهَا الۡمُرۡسَلُوۡنَ ﴿۵۷﴾ | 57 |
| *প্রতিবর্ণায়ন* | ক়া-লা ফামা- খাত়্‌বুকুম্ আইয়ুহাল্ মুরছালূন্। | |
| *তরজমা* | সে বলিল, ‘হে ফিরিশ্‌তাগণ! তোমাদের আর বিশেষ কি কাজ আছে ?’ | |
| | قَالُوۡۤا اِنَّاۤ اُرۡسِلۡنَاۤ اِلٰى قَوۡمٍ مُّجۡرِمِيۡنَۙ ﴿۵۸﴾ | 58 |
| *প্রতিবর্ণায়ন* | ক়া-লূ~ইন্না~উর্‌ছিল্‌না~ইলা ক়াওমিম্ মুজরিমীন্ । | |
| *তরজমা* | উহারা বলিল, ‘আমাদেরকে এক অপরাধী সম্প্রদায়ের বিরুদ্ধে প্রেরণ করা হইয়াছে- | |
| | اِلَّاۤ اٰلَ لُوۡطٍ ؕ اِنَّا لَمُنَجُّوۡهُمۡ اَجۡمَعِيۡنَۙ ﴿۵۹﴾ | 59 |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ইল্লা˜ আ–লা লূতি ˙ন (ط) ইন্না– লামুনাজজূহুম্ আজমা‘ঈন্। | |
| *তরজমা* | ‘তবে লূতের পরিবারবর্গের বিরুদ্ধে নয়, আমরা অবশ্যই ইহাদের সকলকে রক্ষা করিব, | |
| | اِلَّا امْرَاَتَهٗ قَدَّرْنَاۤ ۙ اِنَّهَا لَمِنَ الْغٰبِرِيْنَ ﴿٦٠﴾ | **60** |
| *প্রতিবর্ণায়ন* | ইল্লাম্ রাআতাহূ ক˙দ্দার্না˜ (ۙ) ইন্নাহা– লামিনাল্ গা–বিরীন্ । | |
| *ZiRgv* | ‘কিন্তু তাহার স্ত্রীকে নহে; আমরা স্থির করিয়াছি যে, সে অবশ্যই পশ্চাতে অবস্থানকারীদের অন্তর্ভুক্ত।’ | |
| | فَلَمَّا جَآءَ اٰلَ لُوْطِ ِۨالْمُرْسَلُوْنَ ﴿٦١﴾ | **61** |
| *প্রতিবর্ণায়ন* | ফালাম্মা– জা~আ আ–লা লূতি ˙নিল্ মুর্‌ছালূন। | |
| *তরজমা* | ফিরিশ্‌তাগণ যখন লূত-পরিবারের নিকট আসিল, | |
| | قَالَ اِنَّكُمْ قَوْمٌ مُّنْكَرُوْنَ ﴿٦٢﴾ | **62** |
| *প্রতিবর্ণায়ন* | ক˙া–লা ইন্নাকুম্ ক˙াওমুম্ মুংকারূন। | |
| *তরজমা* | তখন লূত বলিল, ‘তোমরা তো অপরিচিত লোক।’ | |
| | قَالُوْا بَلْ جِئْنٰكَ بِمَا كَانُوْا فِيْهِ يَمْتَرُوْنَ ﴿٦٣﴾ | **63** |
| *প্রতিবর্ণায়ন* | ক˙া–লূ বাল্ জি’না–কা বিমা– কা–নূ ফীহি ইয়াম্‌তারূন্। | |
| *তরজমা* | তাহারা বলিল, ‘না, উহারা যে বিষয়ে সন্দিগ্ধ ছিল আমরা তোমার নিকট তাহাই লইয়া আসিয়াছি; | |
| | وَاَتَيْنٰكَ بِالْحَقِّ وَاِنَّا لَصٰدِقُوْنَ ﴿٦٤﴾ | **64** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আতাইনা–কা বিল্‌হ˙াক্কি˙ ওয়া ইন্না– লাসা–দিকূ˙ন্। | |
| *তরজমা* | ‘আমরা তোমার নিকট সত্য সংবাদ লইয়া আসিয়াছি এবং অবশ্যই আমরা সত্যবাদী; | |
| | فَاَسْرِ بِاَهْلِكَ بِقِطْعٍ مِّنَ الَّيْلِ وَاتَّبِعْ اَدْبَارَهُمْ وَلَا يَلْتَفِتْ مِنْكُمْ اَحَدٌ وَّامْضُوْا حَيْثُ تُؤْمَرُوْنَ ﴿٦٥﴾ | **65** |
| *প্রতিবর্ণায়ন* | ফাআছ্‌রি বিআহ্‌লিকা বিকি˙ত˙‘ইম্ মিনাল্ লাইলি ওয়াত্তাবি‘ আদ্‌বা–রা হুম্ ওয়ালা ইয়াল্‌তাফিত্ মিংকুম্ আহ˙দুওঁ ওয়ামদু˙ হ˙াইছু˙ তু’মারূন্। | |
| *তরজমা* | ‘সুতরাং তুমি রাত্রির কোন এক সময়ে তোমার পরিবারবর্গসহ বাহির হইয়া পড় এবং তুমি তাহাদের পশ্চাদনুসরণ কর এবং তোমাদের মধ্যে কেহ যেন পিছন দিকে না তাকায়; তোমাদেরকে যেখানে যাইতে বলা হইতেছে তোমরা সেখানে চলিয়া যাও।’ | |

| | | |
|---|---|---|
| | وَقَضَيْنَآ اِلَيْهِ ذٰلِكَ الْاَمْرَ اَنَّ دَابِرَ هٰٓؤُلَآءِ مَقْطُوْعٌ مُّصْبِحِيْنَ ﴿٦٦﴾ | 66 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ক্বাদ্বাইনা~ ইলাইহি য়া-লিকাল আম্‌রাআন্না দা-বিরা হা~উলা~ই মাক্বতূ'উম্ মুসবিহ্বীন্। | |
| *তরজমা* | আমি তাহাকে এই বিষয়ে ফায়সালা জানাইয়া দিলাম যে, প্রত্যুষে উহাদেরকে সমূলে বিনাশ করা হইবে। | |
| | وَجَآءَ اَهْلُ الْمَدِيْنَةِ يَسْتَبْشِرُوْنَ ﴿٦٧﴾ | 67 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া জা~আ আহ্‌লুল্ মাদীনাতি ইয়াছ্‌তাব্‌শিরূন্। | |
| *তরজমা* | নগরবাসিগণ উল্লসিত হইয়া উপস্থিত হইল। | |
| | قَالَ اِنَّ هٰٓؤُلَآءِ ضَيْفِيْ فَلَا تَفْضَحُوْنِ ﴿٦٨﴾ | 68 |
| *প্রতিবর্ণায়ন* | ক্বা-লা ইন্না হা~উলা~ই দ্বাইফী ফালা-তাফদ্বাহূন। | |
| *তরজমা* | সে বলিল, 'উহারা আমার অতিথি; সুতরাং তোমরা আমাকে বেইয্‌যত করিও না। | |
| | وَاتَّقُوا اللّٰهَ وَلَا تُخْزُوْنِ ﴿٦٩﴾ | 69 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াত্তাকুল্লা-হা ওয়ালা তুখ্‌যূন। | |
| *তরজমা* | 'তোমরা আল্লাহ্‌কে ভয় কর ও আমাকে হেয় করিও না।' | |
| | قَالُوْٓا اَوَلَمْ نَنْهَكَ عَنِ الْعٰلَمِيْنَ ﴿٧٠﴾ | 70 |
| *প্রতিবর্ণায়ন* | ক্বা-লূ~ আওয়ালাম্ নানহাকা 'আনিল্ 'আ-লামীন। | |
| *তরজমা* | উহারা বলিল, 'আমরা কি দুনিয়াসুদ্ধ লোককে আশ্রয় দিতে তোমাকে নিষেধ করি নাই ?' | |
| | قَالَ هٰٓؤُلَآءِ بَنٰتِيْٓ اِنْ كُنْتُمْ فٰعِلِيْنَ ﴿٧١﴾ | 71 |
| *প্রতিবর্ণায়ন* | ক্বা-লা হা~উলা~ই বানা-তী~ ইং কুংতুম্ ফা-'ইলীন্। | |
| *তরজমা* | লূত বলিল, 'একান্তই যদি তোমরা কিছু করিতে চাও তবে আমার এই কন্যাগণ রহিয়াছে।' | |
| | لَعَمْرُكَ اِنَّهُمْ لَفِيْ سَكْرَتِهِمْ يَعْمَهُوْنَ ﴿٧٢﴾ | 72 |
| *প্রতিবর্ণায়ন* | লা'আমরুকা ইন্নাহুম্ লাফী ছাক্‌রাতিহিম্ ইয়া'মাহূন্। | |
| *তরজমা* | তোমার জীবনের শপথ, উহারা তো মত্ততায় বিমূঢ় হইয়াছে। | |
| | فَاَخَذَتْهُمُ الصَّيْحَةُ مُشْرِقِيْنَ ﴿٧٣﴾ | 73 |
| *প্রতিবর্ণায়ন* | ফাআখায াত্‌হুমসসাইহাতু মুশ্‌রিক্বীন্। | |

| | | |
|---|---|---|
| *তরজমা* | অতঃপর সূর্যোদয়ের সময়ে মহানাদ উহাদেরকে আঘাত করিল; | |
| | فَجَعَلْنَا عَالِيَهَا سَافِلَهَا وَأَمْطَرْنَا عَلَيْهِمْ حِجَارَةً مِّن سِجِّيلٍ ﴿٧٤﴾ | **74** |
| *প্রতিবর্ণায়ন* | ফাজা‘আল্না– ‘আ–লিয়াহা– ছা–ফিলাহা– ওয়া আম্ত ারনা– ‘আলাইহিম্ হি জা–রাতাম্ মিং ছিজ্জীল। | |
| *তরজমা* | আর আমি জনপদকে উল্টাইয়া উপর নীচ করিয়া দিলাম এবং উহাদের উপর প্রস্তর-কংকর বর্ষণ করিলাম। | |
| | إِنَّ فِي ذَٰلِكَ لَآيَاتٍ لِّلْمُتَوَسِّمِينَ ﴿٧٥﴾ | **75** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্না ফী য া–লিকা লাআ–য়া–তিল্ লিল্ মুতাওয়াছ্ছিমীন্। | |
| *তরজমা* | অবশ্যই ইহাতে নিদর্শন রহিয়াছে পর্যবেক্ষণ-শক্তিসম্পন্ন ব্যক্তিদের জন্য। | |
| | وَإِنَّهَا لَبِسَبِيلٍ مُّقِيمٍ ﴿٧٦﴾ | **76** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইন্নাহা– লাবিছাবীলিম্ মুক ীম্। | |
| *তরজমা* | উহা তো লোক চলাচলের পথিপার্শ্বে এখনও বিদ্যমান। | |
| | إِنَّ فِي ذَٰلِكَ لَآيَةً لِّلْمُؤْمِنِينَ ﴿٧٧﴾ | **77** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্না ফী য া–লিকা লাআ–য়াতাল্ লিল্মু’মিনীন্। | |
| *তরজমা* | অবশ্যই ইহাতে মু’মিনদের জন্য রহিয়াছে নিদর্শন। | |
| | وَإِن كَانَ أَصْحَابُ الْأَيْكَةِ لَظَالِمِينَ ﴿٧٨﴾ | **78** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইং কা–না আছহ া–বুল্ আইকাতি লাজ া–লিমীন্। | |
| *তরজমা* | আর ‘আয়কা’বাসীরাও তো ছিল সীমালংঘনকারী, | |
| | فَانتَقَمْنَا مِنْهُمْ ۘ وَإِنَّهُمَا لَبِإِمَامٍ مُّبِينٍ ﴿٧٩﴾ | **79** |
| *প্রতিবর্ণায়ন* | ফাংতাক ামনা– মিন্হুম (م) । ওয়া ইন্নাহুমা– লাবিইমা–মিম্ মুবীন্। | |
| *তরজমা* | সুতরাং আমি উহাদেরকে শাস্তি দিয়াছি, অবশ্য উভয়টিই প্রকাশ্য পথিপার্শ্বে অবস্থিত। | |
| | وَلَقَدْ كَذَّبَ أَصْحَابُ الْحِجْرِ الْمُرْسَلِينَ ﴿٨٠﴾ | **80** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাক াদ্ কায য াবা আসহ া–বুল হি জরিল্ মুর্ছালীন্। | |
| *তরজমা* | হিজ্‌রবাসিগণও রাসূলদের প্রতি মিথ্যা আরোপ করিয়াছিল; | |
| | وَآتَيْنَاهُمْ آيَاتِنَا فَكَانُوا عَنْهَا مُعْرِضِينَ ﴿٨١﴾ | **81** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আ–তাইনা–হুম্ আ–য়া–তিনা– ফাকা–নূ ‘আন্হা– মু‘রিদ ীন্। | |

| | | |
|---|---|---|
| তরজমা | আমি উহাদেরকে আমার নিদর্শন দিয়াছিলাম, কিন্তু উহারা তাহা উপেক্ষা করিয়াছিল। | |
| | وَكَانُوْا يَنْحِتُوْنَ مِنَ الْجِبَالِ بُيُوْتًا اٰمِنِيْنَ ۝٨٢ | **82** |
| প্রতিবর্ণায়ন | ওয়া কা–নূ ইয়ান্‌হি`তূনা মিনাল্‌ জিবা–লি বুউয়ূতান্‌ আ–মিনীন্‌। | |
| তরজমা | উহারা পাহাড় কাটিয়া গৃহ নির্মাণ করিত নিরাপদ বাসের জন্য। | |
| | فَاَخَذَتْهُمُ الصَّيْحَةُ مُصْبِحِيْنَ ۝٨٣ | **83** |
| প্রতিবর্ণায়ন | ফাআখায`াত্‌হুমুসসাইহ`াতু মুসবিহ`ীন। | |
| তরজমা | অতঃপর প্রভাতকালে মহানাদ উহাদেরকে আঘাত করিল। | |
| | فَمَاۤ اَغْنٰى عَنْهُمْ مَّا كَانُوْا يَكْسِبُوْنَ ۝٨٤ | **84** |
| প্রতিবর্ণায়ন | ফামা~আগ্‌না– ‘আনহুম্‌ মা–কা–নূ ইয়াক্‌ছিবূন্‌। | |
| তরজমা | সুতরাং উহারা যাহা অর্জন করিত তাহা উহাদের কোন কাজে আসে নাই। | |
| | وَمَا خَلَقْنَا السَّمٰوٰتِ وَالْاَرْضَ وَمَا بَيْنَهُمَاۤ اِلَّا بِالْحَقِّ ؕ وَاِنَّ السَّاعَةَ لَاٰتِيَةٌ فَاصْفَحِ الصَّفْحَ الْجَمِيْلَ ۝٨٥ | **85** |
| প্রতিবর্ণায়ন | ওয়ামা–খালাক`নাছছামা–ওয়া–তি ওয়াল্‌ আরদ`া ওয়ামা– বাইনাহুমা~ ইল্লা– বিল্‌হ`াক্কি` (ط) ওয়া ইন্নাছ্ছা–‘আতা লাআ–তিয়াতুং ফাছফাহি`সসাফ্‌হ`াল্‌ জামীল্‌। | |
| তরজমা | আকাশমণ্ডলী ও পৃথিবী এবং উহাদের অন্তর্বর্তী কোন কিছুই আমি অযথা সৃষ্টি করি নাই এবং কিয়ামত অবশ্যম্ভাবী। সুতরাং তুমি পরম সৌজন্যের সঙ্গে উহাদেরকে ক্ষমা কর। | |
| | اِنَّ رَبَّكَ هُوَ الْخَلّٰقُ الْعَلِيْمُ ۝٨٦ | **86** |
| প্রতিবর্ণায়ন | ইন্না রাব্বাকা হুওয়াল্‌ খাল্লা–ক`ুল্‌ ‘আলীম্‌। | |
| তরজমা | নিশ্চয়ই তোমার প্রতিপালক মহাস্রষ্টা, মহাজ্ঞানী। | |
| | وَلَقَدْ اٰتَيْنٰكَ سَبْعًا مِّنَ الْمَثَانِيْ وَالْقُرْاٰنَ الْعَظِيْمَ ۝٨٧ | **87** |
| প্রতিবর্ণায়ন | ওয়ালাক`াদ আ–তাইনা–কা ছাব্‘আম্‌ মিনাল্‌ মাছ`া–নী ওয়াল্‌ কু`রআ–নাল্‌ ‘আজ`ীম্‌। | |
| তরজমা | আমি তো তোমাকে দিয়াছি সাত আয়াত যাহা পুনঃ পুনঃ আবৃত্ত হয় এবং দিয়াছি মহান কুরআন। | |

| | | |
|---|---|---|
| | لَا تَمُدَّنَّ عَيْنَيْكَ إِلَىٰ مَا مَتَّعْنَا بِهِۦٓ أَزْوَٰجًا مِّنْهُمْ وَلَا تَحْزَنْ عَلَيْهِمْ وَٱخْفِضْ جَنَاحَكَ لِلْمُؤْمِنِينَ ﴿٨٨﴾ | **88** |
| *প্রতিবর্ণায়ন* | লা তামুদ্দান্না 'আইনাইকা ইলা-মা-মাত্তা'না- বিহী˜ আঝওয়া-জাম্ মিনহুম্ ওয়ালা তাহ্ঝান 'আলাইহিম্ ওয়াখ্ফিদ্ জানা-হাকা লিল্মু'মিনীন্। | |
| *তরজমা* | আমি তাহাদের বিভিন্ন শ্রেণীকে ভোগ-বিলাসের যে উপকরণ দিয়াছি, তাহার প্রতি তুমি কখনও তোমার চক্ষুদ্বয় প্রসারিত করিও না। তাহাদের জন্য তুমি দুঃখ করিও না; তুমি মু'মিনদের জন্য তোমার পক্ষপুট অবনমিত কর, | |
| | وَقُلْ إِنِّىٓ أَنَا ٱلنَّذِيرُ ٱلْمُبِينُ ﴿٨٩﴾ | **89** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াকুল্ ইন্নী˜আনান্ নাযীরুল্ মুবীন্। | |
| *তরজমা* | এবং বল, 'আমি তো কেবল এক প্রকাশ্য সতর্ককারী।' | |
| | كَمَآ أَنزَلْنَا عَلَى ٱلْمُقْتَسِمِينَ ﴿٩٠﴾ | **90** |
| *প্রতিবর্ণায়ন* | কামা˜ আংঝাল্না- 'আলাল্ মুক্তাছিমীন্। | |
| *তরজমা* | যেভাবে আমি অবতীর্ণ করিয়াছিলাম বিভক্তকারীদের উপর; | |
| | ٱلَّذِينَ جَعَلُوا۟ ٱلْقُرْءَانَ عِضِينَ ﴿٩١﴾ | **91** |
| *প্রতিবর্ণায়ন* | আল্লাযীনা জা'আলুল্ কুরআ-না 'ইদীন্। | |
| *তরজমা* | যাহারা কুরআনকে বিভিন্নভাবে বিভক্ত করিয়াছে। | |
| | فَوَرَبِّكَ لَنَسْـَٔلَنَّهُمْ أَجْمَعِينَ ﴿٩٢﴾ | **92** |
| *প্রতিবর্ণায়ন* | ফাওয়ারাব্বিকা লানাছ্আলান্নাহুম্ আজমা'ঈন। | |
| *তরজমা* | সুতরাং শপথ তোমার প্রতিপালকের! আমি উহাদের সকলকে প্রশ্ন করিবই, | |
| | عَمَّا كَانُوا۟ يَعْمَلُونَ ﴿٩٣﴾ | **93** |
| *প্রতিবর্ণায়ন* | 'আম্মা-কা-নূ ইয়া'মালূন্। | |
| *তরজমা* | সেই বিষয়ে, যাহা উহারা করে। | |
| | فَٱصْدَعْ بِمَا تُؤْمَرُ وَأَعْرِضْ عَنِ ٱلْمُشْرِكِينَ ﴿٩٤﴾ | **94** |
| *প্রতিবর্ণায়ন* | ফাসদা' বিমা- তু'মারূ ওয়া আ'রিদ্ 'আনিল মুশ্রিকীন্। | |
| *তরজমা* | অতএব তুমি যে বিষয়ে আদিষ্ট হইয়াছ তাহা প্রকাশ্যে প্রচার কর এবং মুশরিকদেরকে উপেক্ষা কর। | |
| | إِنَّا كَفَيْنَٰكَ ٱلْمُسْتَهْزِءِينَ ﴿٩٥﴾ | **95** |

| | | |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ইন্না– কাফাইনা–কাল্ মুছ্তাহঝিঈন্। | |
| *তরজমা* | আমিই যথেষ্ট তোমার জন্য বিদ্রূপকারীদের বিরুদ্ধে, | |
| | الَّذِيْنَ يَجْعَلُوْنَ مَعَ اللّٰهِ اِلٰهًا اٰخَرَ ۚ فَسَوْفَ يَعْلَمُوْنَ ﴿٩٦﴾ | **96** |
| *প্রতিবর্ণায়ন* | আল্লাযীনা ইয়াজ‘আলূনা মা‘আল্লা–হি ইলা–হান্ আ–খারা (ط) ফাছাওফা ইয়া‘লামূন। | |
| *তরজমা* | যাহারা আল্লাহ্‌র সঙ্গে অপর ইলাহ্ নির্ধারণ করিয়াছে। সুতরাং শীঘ্রই ইহারা জানিতে পারিবে। | |
| | وَلَقَدْ نَعْلَمُ اَنَّكَ يَضِيْقُ صَدْرُكَ بِمَا يَقُوْلُوْنَ ﴿٩٧﴾ | **97** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাক্বাদ্ না‘লামু আন্নাকা ইয়াদ্বীকু সাদরুকা বিমা– ইয়াকূলূন্। | |
| *তরজমা* | আমি তো জানি, উহারা যাহা বলে তাহাতে তোমার অন্তর সংকুচিত হয়; | |
| | فَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ وَكُنْ مِّنَ السّٰجِدِيْنَ ﴿٩٨﴾ | **98** |
| *প্রতিবর্ণায়ন* | ফাছাব্বিহ্‌ বিহামদি রাব্বিকা ওয়া কুম মিনাছ্ছা-জিদীন্। | |
| *তরজমা* | সুতরাং তুমি তোমার প্রতিপালকের সপ্রশংস পবিত্রতা ও মহিমা ঘোষণা কর এবং তুমি সিজ্‌দাকারীদের অন্তর্ভুক্ত হও; | |
| | وَاعْبُدْ رَبَّكَ حَتّٰى يَاْتِيَكَ الْيَقِيْنُ ﴿٩٩﴾ | **99** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া‘বুদ্ রাব্বাকা হাত্তা- ইয়া’তিইয়াকাল্ ইয়াকীন। | |
| *তরজমা* | তোমার মৃত্যু উপস্থিত হওয়া পর্যন্ত তুমি তোমার প্রতিপালকের ‘ইবাদত কর। | |

## 16- An-Nahl-নাহল -النحل

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

| | | |
|---|---|---|
| | اَتٰٓى اَمْرُ اللّٰهِ فَلَا تَسْتَعْجِلُوْهُ ؕ سُبْحٰنَهٗ وَتَعٰلٰى عَمَّا يُشْرِكُوْنَ ﴿١﴾ | **1** |
| *প্রতিবর্ণায়ন* | আতা ~আমরুল্লা–হি ফালা– তাছ্তা‘জিলূহু (ط) ছুব্হা–নাহূ ওয়া তা‘আ–লা– ‘আম্মা–ইউশ্‌রিকূন্। | |
| *তরজমা* | আল্লাহ্‌র আদেশ আসিবেই; সুতরাং উহা ত্বরান্বিত করিতে চাহিও না। তিনি মহিমান্বিত এবং উহারা যাহাকে শরীক করে তিনি তাহার ঊর্ধ্বে। | |
| | يُنَزِّلُ الْمَلٰٓئِكَةَ بِالرُّوْحِ مِنْ اَمْرِهٖ عَلٰى مَنْ يَّشَآءُ مِنْ عِبَادِهٖٓ اَنْ اَنْذِرُوْٓا اَنَّهٗ لَآ اِلٰهَ اِلَّآ اَنَا فَاتَّقُوْنِ ﴿٢﴾ | **2** |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
| --- | --- | --- |
| *প্রতিবর্ণায়ন* | ইউনাঝঝিলুল্ মালা~ইকাতা বির্‌রূহি মিন্ আমরিহী ‘আলা- মাইঁ ইয়াশা~উ মিন্ ‘ইবাদিহী ~আন আংযিরূ~ আন্নাহূ লা~ ইলা-হা ইল্লা~ আনা- ফাত্তাকূন্। | |
| *তরজমা* | তিনি তাঁহার বান্দাদের মধ্যে যাহার প্রতি ইচ্ছা স্বীয় নির্দেশে ওহীসহ ফিরিশ্‌তা প্রেরণ করেন এই বলিয়া যে, তোমরা সতর্ক কর, নিশ্চয়ই আমি ব্যতীত কোন ইলাহ্ নাই; সুতরাং আমাকে ভয় কর। | |
| | خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ بِالْحَقِّ ؕ تَعٰلٰى عَمَّا يُشْرِكُوْنَ ۝ | **3** |
| *প্রতিবর্ণায়ন* | খালাক ছ্ছামা-ওয়া-তি ওয়াল্ আর্‌দ বিল্‌হাক্কি (ط) তা‘আ-লা- ‘আম্মা- ইউশ্‌রিকূন্। | |
| *তরজমা* | তিনি যথাযথভাবে আকাশমণ্ডলী ও পৃথিবী সৃষ্টি করিয়াছেন; উহারা যাহা শরীক করে তিনি তাহার ঊর্ধ্বে। | |
| | خَلَقَ الْاِنْسَانَ مِنْ نُّطْفَةٍ فَاِذَا هُوَ خَصِيْمٌ مُّبِيْنٌ ۝ | **4** |
| *প্রতিবর্ণায়ন* | খালাকাল্ ইংছা-না মিন নুত ফাতিং ফাইযা-হুওয়া খাসীমুম্ মুবীন্। | |
| *তরজমা* | তিনি শুক্র হইতে মানুষ সৃষ্টি করিয়াছেন; অথচ দেখ, সে প্রকাশ্য বিতণ্ডাকারী! | |
| | وَالْاَنْعَامَ خَلَقَهَا ۚ لَكُمْ فِيْهَا دِفْءٌ وَّمَنَافِعُ وَمِنْهَا تَاْكُلُوْنَ ۝ | **5** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াল্ আন‘আ-মা খালাকাহা- (ج) লাকুম্ ফীহা-দিফ্‌উওঁ ওয়া মানা-ফি‘উ ওয়া মিনহা- তা’কুলূন্। | |
| *তরজমা* | তিনি চতুষ্পদ জন্তু সৃষ্টি করিয়াছেন; তোমাদের জন্য উহাতে শীত নিবারক উপকরণ ও বহু উপকার রহিয়াছে। এবং উহা হইতে তোমরা আহার করিয়া থাক। | |
| | وَلَكُمْ فِيْهَا جَمَالٌ حِيْنَ تُرِيْحُوْنَ وَحِيْنَ تَسْرَحُوْنَ ۝ | **6** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাকুম্ ফীহা- জামা-লুন্ হীনা তুরী হূনা ওয়াহীনা তাছ্‌রাহূন্। | |
| *তরজমা* | এবং তোমরা যখন গোধূলি লগ্নে উহাদেরকে চারণভূমি হইতে গৃহে লইয়া আস এবং প্রভাতে যখন উহাদেরকে চারণভূমিতে লইয়া যাও তখন তোমরা উহার সৌন্দর্য উপভোগ কর। | |
| | وَتَحْمِلُ اَثْقَالَكُمْ اِلٰى بَلَدٍ لَّمْ تَكُوْنُوْا بٰلِغِيْهِ اِلَّا بِشِقِّ الْاَنْفُسِ ؕ اِنَّ رَبَّكُمْ لَرَءُوْفٌ رَّحِيْمٌ ۝ | **7** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া তাহ্‌মিলু আছ্ কা- লাকুম্ ইলা- বালাদিল্ লাম্ তাকূনূ বা-লিগীহি ইল্লা-বিশিক্কিল আংফুছি (ط) ইন্না রাব্বাকুম্ লারাউফুর্ রাহীম্। | |
| *তরজমা* | এবং উহারা তোমাদের ভার বহন করিয়া লইয়া যায় এমন দেশে যেখানে প্রাণান্ত ক্লেশ ব্যতীত তোমরা পৌঁছিতে পারিতে না। তোমাদের প্রতিপালক অবশ্যই দয়ার্দ্র, পরম দয়ালু। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
| --- | --- | --- |
| | وَّالْخَيْلَ وَالْبِغَالَ وَالْحَمِيْرَ لِتَرْكَبُوْهَا وَزِيْنَةً ؕ وَيَخْلُقُ مَا لَا تَعْلَمُوْنَ ۝٨ | 8 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াল্ খাইলা ওয়াল্ বিগা–লা ওয়াল্ হ˙মীরা লিতার্কাবূহা– ওয়াঝীনাতাওঁ (ط) ওয়া ইয়াখ্লুকু˙ মা–লা– তা‘লামূন্ । | |
| *তরজমা* | তোমাদের আরোহণের জন্য ও শোভার জন্য তিনি সৃষ্টি করিয়াছেন অশ্ব, অশ্বতর ও গর্দভ এবং তিনি সৃষ্টি করেন এমন অনেক কিছু, যাহা তোমরা অবগত নও। | |
| | وَعَلَى اللّٰهِ قَصْدُ السَّبِيْلِ وَمِنْهَا جَآئِرٌ ؕ وَلَوْ شَآءَ لَهَدٰىكُمْ اَجْمَعِيْنَ ۝٩ | 9 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ‘আলাল্লা–হি ক˙াসদুছ্ছাবীলি ওয়া মিন্হা–জা~ইরুওঁ (ط) ওয়া লাও শা~আ লাহাদা–কুম্ আজমা‘ঈন্ । | |
| *তরজমা* | সরল পথ আল্লাহ্‌র কাছে পৌঁছায়, কিন্তু পথগুলির মধ্যে বক্র পথও আছে। তিনি ইচ্ছা করিলে তোমাদের সকলকেই সৎপথে পরিচালিত করিতেন। | |
| | هُوَ الَّذِيْٓ اَنْزَلَ مِنَ السَّمَآءِ مَآءً لَّكُمْ مِّنْهُ شَرَابٌ وَّمِنْهُ شَجَرٌ فِيْهِ تُسِيْمُوْنَ ۝١٠ | 10 |
| *প্রতিবর্ণায়ন* | হুওয়াল্লায˙ী˜ আংঝালা মিনাছ্ছামা~ই মা~আল্লাকুম্ মিন্হু শারা–বুওঁ ওয়া মিন্হু শাজারুং ফীহি তুছীমূন্ । | |
| *তরজমা* | তিনিই আকাশ হইতে বারিবর্ষণ করেন। উহাতে তোমাদের জন্য রহিয়াছে পানীয় এবং উহা হইতে জন্মায় উদ্ভিদ যাহাতে তোমরা পশুচারণ করিয়া থাক। | |
| | يُنْۢبِتُ لَكُمْ بِهِ الزَّرْعَ وَالزَّيْتُوْنَ وَالنَّخِيْلَ وَالْاَعْنَابَ وَمِنْ كُلِّ الثَّمَرٰتِ ؕ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً لِّقَوْمٍ يَّتَفَكَّرُوْنَ ۝١١ | 11 |
| *প্রতিবর্ণায়ন* | ইউম্বিতু লাকুম্ বিহিঝ্ঝার্‘আ ওয়াঝ্ঝাইতূনা ওয়ান্নাখীলা ওয়াল্ আ‘না–বা ওয়া মিং কুল্লিছ˙ ছ˙ামারা–ত (ط) ইন্না ফী য˙া–লিকা লাআ–য়াতাল্ লিক˙াওমিইঁ ইয়াতাফাক্কারূন্ । | |
| *তরজমা* | তিনি তোমাদের জন্য উহার দ্বারা জন্মান শস্য, যায়তূন, খর্জুর বৃক্ষ, দ্রাক্ষা এবং সর্বপ্রকার ফল। অবশ্যই ইহাতে চিন্তাশীল সম্প্রদায়ের জন্য রহিয়াছে নিদর্শন। | |
| | وَسَخَّرَ لَكُمُ الَّيْلَ وَالنَّهَارَ ۙ وَالشَّمْسَ وَالْقَمَرَ ؕ وَالنُّجُوْمُ مُسَخَّرٰتٌۢ بِاَمْرِهٖ ؕ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يَّعْقِلُوْنَ ۝١٢ | 12 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ছাখ্খারা লাকুমুল্ লাইলা ওয়ান্নাহা–রা (ৰ) ওয়াশ্শাম্ছা ওয়াল ক˙ামারা (ط) ওয়ান্নুজূমু মুছাখ্খারা–তুম্ বিআমরিহি (ط) ইন্না ফী য˙া–লিকা লা আ–য়া–তিল্ লিক˙াওমিইঁ ইয়া‘কি˙লূন্ । | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | তিনিই তোমাদের কল্যাণে নিয়োজিত করিয়াছেন রজনী, দিবস, সূর্য এবং চন্দ্রকে; আর নক্ষত্ররাজিও অধীন হইয়াছে তাঁহারই নির্দেশে। অবশ্যই ইহাতে বোধশক্তিসম্পন্ন সম্প্রদায়ের জন্য রহিয়াছে নিশ্চিত নিদর্শন- | |
| | وَمَا ذَرَاَ لَكُمۡ فِی الۡاَرۡضِ مُخۡتَلِفًا اَلۡوَانُهٗ ؕ اِنَّ فِیۡ ذٰلِکَ لَاٰیَۃً لِّقَوۡمٍ یَّذَّکَّرُوۡنَ ﴿۱۳﴾ | **13** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা- য´ারাআ লাকুম্ ফিল্ আর্‌দি´ মুখ্‌তালিফান্ আল্‌ওয়া–নুহূ (ط) ইন্না ফী য´া–লিকা লাআ–য়াতাল্ লিক´াওমিইঁ ইয়ায´য´াক্কারূন্। | |
| *তরজমা* | এবং তিনি বিবিধ প্রকার বস্তুও যাহা তোমাদের জন্য পৃথিবীতে সৃষ্টি করিয়াছেন, ইহাতে রহিয়াছে নিশ্চিত নিদর্শন সেই সম্প্রদায়ের জন্য যাহারা উপদেশ গ্রহণ করে। | |
| | وَهُوَ الَّذِیۡ سَخَّرَ الۡبَحۡرَ لِتَاۡکُلُوۡا مِنۡهُ لَحۡمًا طَرِیًّا وَّ تَسۡتَخۡرِجُوۡا مِنۡهُ حِلۡیَۃً تَلۡبَسُوۡنَهَا ۚ وَ تَرَی الۡفُلۡکَ مَوَاخِرَ فِیۡهِ وَ لِتَبۡتَغُوۡا مِنۡ فَضۡلِهٖ وَ لَعَلَّکُمۡ تَشۡکُرُوۡنَ ﴿۱۴﴾ | **14** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াহুওয়াল্লায´ী ছাখ্‌খারাল বাহ´রা লিতা'কুলূ মিন্‌হু লাহ´মাং ত´ারিইইয়াওঁ ওয়া তাছ্‌তাখ্‌রিজূ মিন্‌হু হি´ল্‌য়াতাং তাল্‌বাছূনাহা– (ج) ওয়া তারাল্ ফুল্‌কা মাওয়া–খিরা ফীহি ওয়া লিতাবতাগূ মিং ফাদ´লিহী ওয়া লা'আল্লাকুম্ তাশ্‌কুরূন্। | |
| *তরজমা* | তিনিই সমুদ্রকে অধীন করিয়াছেন, যাহাতে তোমরা উহা হইতে তাজা মৎস্য আহার করিতে পার এবং যাহাতে উহা হইতে আহরণ করিতে পার রত্নাবলী, যাহা তোমরা ভূষণরূপে পরিধান কর; এবং তোমরা দেখিতে পাও, উহার বুক চিরিয়া নৌযান চলাচল করে এবং উহা এইজন্য যে, তোমরা যেন তাঁহার অনুগ্রহ সন্ধান করিতে পার এবং তোমরা যেন কৃতজ্ঞতা প্রকাশ কর; | |
| | وَ اَلۡقٰی فِی الۡاَرۡضِ رَوَاسِیَ اَنۡ تَمِیۡدَ بِکُمۡ وَ اَنۡهٰرًا وَّ سُبُلًا لَّعَلَّکُمۡ تَهۡتَدُوۡنَ ﴿۱۵﴾ | **15** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আলক´া– ফিল্ আর্‌দি´ রাওয়া–ছিয়া আং তামীদাবিকুম ওয়া আন্‌হা–রাওঁ ওয়া ছুবুলাল লা'আল্লাকুম্ তাহ্‌তাদূন্। | |
| *তরজমা* | এবং তিনি পৃথিবীতে সুদৃঢ় পর্বত স্থাপন করিয়াছেন, যাহাতে পৃথিবী তোমাদেরকে লইয়া আন্দোলিত না হয় এবং স্থাপন করিয়াছেন নদ-নদী ও পথ, যাহাতে তোমরা তোমাদের গন্তব্যস্থলে পৌঁছিতে পার; | |
| | وَ عَلٰمٰتٍ ؕ وَ بِالنَّجۡمِ هُمۡ یَهۡتَدُوۡنَ ﴿۱۶﴾ | **16** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া 'আলা–মা–তিওঁ (ط) ওয়াবিন্‌নাজমি হুম্ ইয়াহ্‌তাদূন্। | |
| *তরজমা* | এবং পথনির্ণায়ক চিহ্নসমূহও। আর উহারা নক্ষত্রের সাহায্যেও পথের নির্দেশ পায়। | |
| | اَفَمَنۡ یَّخۡلُقُ کَمَنۡ لَّا یَخۡلُقُ ؕ اَفَلَا تَذَکَّرُوۡنَ ﴿۱۷﴾ | **17** |
| *প্রতিবর্ণায়ন* | আফামাইঁ ইয়াখ্‌লুকু´ কামাল্ লা–ইয়াখ্‌লুকু´ (ط) আফালা– তায´াক্কারূন্। | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | সুতরাং যিনি সৃষ্টি করেন তিনি কি তাহারই মত, যে সৃষ্টি করে না ? তবুও কি তোমরা শিক্ষা গ্রহণ করিবে না ? | |
| | وَاِنۡ تَعُدُّوۡا نِعۡمَةَ اللّٰهِ لَا تُحۡصُوۡهَا ؕ اِنَّ اللّٰهَ لَغَفُوۡرٌ رَّحِيۡمٌ ۝١٨ | 18 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ইং তা'উদ্দূ নি'মাতাল্লা-হি লা-তুহ্সূহা- (ط) ইন্নাল্লা-হা লাগাফরুর্ রাহ্ীম। | |
| তরজমা | তোমরা আল্লাহ্‌র অনুগ্রহ গণনা করিলে উহার সংখ্যা নির্ণয় করিতে পারিবে না। আল্লাহ্ তো অবশ্যই ক্ষমাপরায়ণ, পরম দয়ালু। | |
| | وَاللّٰهُ يَعۡلَمُ مَا تُسِرُّوۡنَ وَمَا تُعۡلِنُوۡنَ ۝١٩ | 19 |
| প্রতিবর্ণায়ন | ওয়াল্লা-হু ইয়া'লামু মা-তুছির্রূনা ওয়ামা-তু'লিনূন্। | |
| তরজমা | তোমরা যাহা গোপন রাখ এবং যাহা প্রকাশ কর আল্লাহ্ তাহা জানেন। | |
| | وَالَّذِيۡنَ يَدۡعُوۡنَ مِنۡ دُوۡنِ اللّٰهِ لَا يَخۡلُقُوۡنَ شَيۡـًٔا وَّهُمۡ يُخۡلَقُوۡنَ ۝٢٠ؕ | 20 |
| প্রতিবর্ণায়ন | ওয়াল্লায ীনা ইয়াদ্'উনা মিং দূনিল্লা-হি লা-ইয়াখ্লুকূনা শাইআওঁ ওয়া হুম্ ইউখলাকূন। | |
| তরজমা | উহারা আল্লাহ্ ব্যতীত অপর যাহাদেরকে আহ্বান করে তাহারা কিছুই সৃষ্টি করে না, তাহাদেরকেই সৃষ্টি করা হয়। | |
| | اَمۡوَاتٌ غَيۡرُ اَحۡيَآءٍ ۚ وَمَا يَشۡعُرُوۡنَ ۙ اَيَّانَ يُبۡعَثُوۡنَ ۝٢١ؑ | 21 |
| প্রতিবর্ণায়ন | আমওয়া-তুন্ গাইরু আহ্ইয়া~ইওঁ (ج) ওয়ামা-ইয়াশ্'উরূনা (ﻻ) আইইয়া-না ইউব্'আছূন্। | |
| তরজমা | তাহারা নিষ্প্রাণ, নির্জীব এবং কখন তাহাদেরকে পুনরুত্থিত করা হইবে সে বিষয়ে তাহাদের কোন চেতনা নাই। | |
| | اِلٰـهُكُمۡ اِلٰهٌ وَّاحِدٌ ۚ فَالَّذِيۡنَ لَا يُؤۡمِنُوۡنَ بِالۡاٰخِرَةِ قُلُوۡبُهُمۡ مُّنۡكِرَةٌ وَّهُمۡ مُّسۡتَكۡبِرُوۡنَ ۝٢٢ | 22 |
| প্রতিবর্ণায়ন | ইলা-হুকুম্ ইলা-হুওঁ ওয়াহি্দুং (ج) ফাল্লায ীনা লা-ইউ'মিনূনা বিল্আ-খিরাতি কুলূবুহুম্ মুংকিরাতুওঁ ওয়াহুম্ মুছ্তাক্বিরূন্। | |
| তরজমা | তোমাদের ইলাহ্ এক ইলাহ্, সুতরাং যাহারা আখিরাতে বিশ্বাস করে না তাহাদের অন্তর সত্যবিমুখ এবং তাহারা অহংকারী। | |
| | لَا جَرَمَ اَنَّ اللّٰهَ يَعۡلَمُ مَا يُسِرُّوۡنَ وَمَا يُعۡلِنُوۡنَ ؕ اِنَّهٗ لَا يُحِبُّ الۡمُسۡتَكۡبِرِيۡنَ ۝٢٣ | 23 |
| প্রতিবর্ণায়ন | লা-জারামা আন্নাল্লা-হা ইয়া'লামু মা- ইউছিররূনা ওয়ামা- ইউ'লিনূন (ط) ইন্নাহু লা-ইউহি্ব্বুল্ মুছ্তাক্বিরীন্। | |
| তরজমা | ইহা নিঃসন্দেহ যে, আল্লাহ্ জানেন যাহা উহারা গোপন করে এবং যাহা উহারা প্রকাশ করে। তিনি তো অহংকারীদেরকে পছন্দকরেন না। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | وَإِذَا قِيلَ لَهُم مَّاذَا أَنزَلَ رَبُّكُمْ ۙ قَالُوا أَسَاطِيرُ الْأَوَّلِينَ ﴿٢٤﴾ | **24** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইযা- ক্বীলা লাহুম্ মা-যা-আংঝালা রাব্বুকুম্ (ۙ) ক্বা-লূ-আছা-ত্বীরুল্ আওওয়ালীন্। | |
| *তরজমা* | যখন উহাদেরকে বলা হয়, 'তোমাদের প্রতিপালক কি অবতীর্ণ করিয়াছেন ?' তখন উহারা বলে, 'পূর্ববর্তীদের উপকথা!' | |
| | لِيَحْمِلُوا أَوْزَارَهُمْ كَامِلَةً يَوْمَ الْقِيَامَةِ ۙ وَمِنْ أَوْزَارِ الَّذِينَ يُضِلُّونَهُم بِغَيْرِ عِلْمٍ ۗ أَلَا سَاءَ مَا يَزِرُونَ ﴿٢٥﴾ | **25** |
| *প্রতিবর্ণায়ন* | লিইয়াহ্‌মিলূ-আওঝা-রাহুম্ কা-মিলাতাইঁ ইয়াওমাল্ ক্বিয়া-মাতি (ۙ) ওয়া মিন্ আওঝা-রিল্লাযীনা ইউদ্বিল্লূনাহুম্ বিগাইরি 'ইল্‌মিন্ (ط) আলা- ছা~আ মা ইয়াঝিরূন্। | |
| *তরজমা* | ফলে কিয়ামত দিবসে উহারা বহন করিবে উহাদের পাপভার পূর্ণ মাত্রায় এবং পাপভার তাহাদেরও যাহাদেরকে উহারা অজ্ঞতাহেতু বিভ্রান্ত করিয়াছে। দেখ, উহারা যাহা বহন করিবে তাহা কত নিকৃষ্ট! | |
| | قَدْ مَكَرَ الَّذِينَ مِن قَبْلِهِمْ فَأَتَى اللَّهُ بُنْيَانَهُم مِّنَ الْقَوَاعِدِ فَخَرَّ عَلَيْهِمُ السَّقْفُ مِن فَوْقِهِمْ وَأَتَاهُمُ الْعَذَابُ مِنْ حَيْثُ لَا يَشْعُرُونَ ﴿٢٦﴾ | **26** |
| *প্রতিবর্ণায়ন* | ক্বাদ্ মাকারাল্লাযীনা মিং ক্বাব্‌লিহিম্ ফাআতাল্লা-হু বুন্‌ইয়া-নাহুম্ মিনাল্ ক্বাওয়া-'ইদি ফাখার্‌রা 'আলাইহিমুছ্ছাক্বফু মিং ফাউক্বিহিম্ ওয়া আতা-হুমুল্ 'আযা-বু মিন্ হাইছু লা-ইয়াশ্'উরূন্। | |
| *তরজমা* | উহাদের পূর্ববর্তীরাও চক্রান্ত করিয়াছিল; আল্লাহ্ উহাদের ইমারতের ভিত্তিমূলে আঘাত করিয়াছিলেন; ফলে ইমারতের ছাদ উহাদের উপর ধসিয়া পড়িল এবং উহাদের প্রতি শাস্তি আসিল এমন দিক হইতে যাহা ছিল উহাদের ধারণার অতীত। | |
| | ثُمَّ يَوْمَ الْقِيَامَةِ يُخْزِيهِمْ وَيَقُولُ أَيْنَ شُرَكَائِيَ الَّذِينَ كُنتُمْ تُشَاقُّونَ فِيهِمْ ۚ قَالَ الَّذِينَ أُوتُوا الْعِلْمَ إِنَّ الْخِزْيَ الْيَوْمَ وَالسُّوءَ عَلَى الْكَافِرِينَ ﴿٢٧﴾ | **27** |
| *প্রতিবর্ণায়ন* | ছুম্মা ইয়াওমাল্ ক্বিয়া-মাতি ইউখ্‌ঝীহিম্ ওয়া ইয়াক্বূলু আইনা শুরাকা~ই ইয়াল্লাযীনা কুংতুম্ তুশা~ক্কূনা ফীহিম্ (ط) ক্বা-লাল্লাযীনা উতুল্ 'ইল্‌মা ইন্নাল্ খিঝইয়াল্ ইয়াওমা ওয়াছ্ছূ~আ 'আলাল্ কা-ফিরীন্। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | পরে কিয়ামতের দিন তিনি উহাদেরকে লাঞ্ছিত করিবেন এবং তিনি বলিবেন, ‘কোথায় আমার সেই সমস্ত শরীক যাহাদের সম্বন্ধে তোমরা বিতণ্ডা করিতে ?’ যাহাদেরকে জ্ঞান দান করা হইয়াছিল তাহারা বলিবে, ‘আজ লাঞ্ছনা ও অমঙ্গল কাফিরদের-’ | |
| | الَّذِيۡنَ تَتَوَفّٰىهُمُ الۡمَلٰۤـئِكَةُ ظَالِمِىۡۤ اَنۡفُسِهِمۡ فَاَلۡقَوُا السَّلَمَ مَا كُنَّا نَعۡمَلُ مِنۡ سُوۡٓءٍ ؕ بَلٰٓى اِنَّ اللّٰهَ عَلِيۡمٌۢ بِمَا كُنۡتُمۡ تَعۡمَلُوۡنَ‏ ﴿۲۸﴾ | 28 |
| *প্রতিবর্ণায়ন* | আল্লায ীনা তাতাওয়াফ্‌ফা-হুমুল্ মালা~ইকাতু জ া-লিমী ~আংফুছিহিম (ص) ফাআল্‌ক াউছ্ ছালামা মা-কুন্না-না‘মালু মিং ছূ~ইং (ط) বালা ~ইন্নাল্লা-হা ‘আলীমুম্ বিমা- কুংতুম্ তা‘মালূন্। | |
| *তরজমা* | যাহাদের মৃত্যু ঘটায় ফিরিশ্‌তাগণ উহারা নিজেদের প্রতি জুলুম করিতে থাকা অবস্থায়; অতঃপর উহারা আত্মসমর্পণ করিয়া বলিবে, ‘আমরা কোন মন্দ কর্ম করিতাম না।’ এবং নিশ্চয়ই তোমরা যাহা করিতে সে বিষয়ে আল্লাহ্ সবিশেষ অবহিত। | |
| | فَادۡخُلُوۡۤا اَبۡوَابَ جَهَنَّمَ خٰلِدِيۡنَ فِيۡهَا ؕ فَلَبِئۡسَ مَثۡوَى الۡمُتَكَبِّرِيۡنَ‏ ﴿۲۹﴾ | 29 |
| *প্রতিবর্ণায়ন* | ফাদ্‌খুলূ~ আব্‌ওয়া-বা জাহান্নামা খালিদীনা ফীহা- (ط) ফালাবি’ছা মাছ্ ওয়াল্ মুতাকাব্বিরীন্। | |
| *তরজমা* | সুতরাং তোমরা দ্বারগুলি দিয়া জাহান্নামে প্রবেশ কর, সেখানে তোমরা স্থায়ী হইবে। দেখ, অহংকারীদের আবাসস্থল কত নিকৃষ্ট! | |
| | وَقِيۡلَ لِلَّذِيۡنَ اتَّقَوۡا مَاذَاۤ اَنۡزَلَ رَبُّكُمۡ ؕ قَالُوۡا خَيۡرًا ؕ لِلَّذِيۡنَ اَحۡسَنُوۡا فِىۡ هٰذِهِ الدُّنۡيَا حَسَنَةٌ ؕ وَلَدَارُ الۡاٰخِرَةِ خَيۡرٌ ؕ وَلَنِعۡمَ دَارُ الۡمُتَّقِيۡنَۙ‏ ﴿۳۰﴾ | 30 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ক ীলা লিল্লায ীনাত্‌তাক াও মা-য া~ আংঝালা রাব্বুকুম্ (ط) ক া-লূ খাইরাল্ (ط) লিল্লায ীনা আহ ছানূ ফী হা-যি হিদ্‌দুনইয়া-হ াছানাতুওঁ (ط) ওয়া লাদা-রুল্ আ-খিরাতি খাইরুওঁ (ط) ওয়ালানি‘মা দা-রুল্ মুত্তাক ীন্। | |
| *তরজমা* | এবং যাহারা মুত্তাকী ছিল তাহাদেরকে বলা হইবে, ‘তোমাদের প্রতিপালক কী অবতীর্ণ করিয়াছিলেন ?’ তাহারা বলিবে, ‘মহাকল্যাণ’। যাহারা সৎকর্ম করে তাহাদের জন্য আছে এই দুনিয়ায় মঙ্গল এবং আখিরাতের আবাস আরও উৎকৃষ্ট এবং মুত্তাকীদের আবাসস্থল কত উত্তম!- | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | جَنّٰتُ عَدۡنٍ یَّدۡخُلُوۡنَهَا تَجۡرِیۡ مِنۡ تَحۡتِهَا الۡاَنۡهٰرُ لَهُمۡ فِیۡهَا مَا یَشَآءُوۡنَ ؕ كَذٰلِكَ یَجۡزِی اللّٰهُ الۡمُتَّقِیۡنَ ﴿۳۱﴾ | **31** |
| *প্রতিবর্ণায়ন* | জান্না-তু 'আদ্নিইঁ ইয়াদ্খুলূনাহা- তাজরী মিং তাহ্ তিহাল্ আন্হা-রু লাহুম্ ফীহা- মা-ইয়াশা~উনা (ط) কায া-লিকা ইয়াজঝিল্লা-হুল্ মুত্তাক ীন্। | |
| *তরজমা* | উহা স্থায়ী জান্নাত যাহাতে তাহারা প্রবেশ করিবে; উহার পাদদেশে নদী প্রবাহিত; তাহারা যাহা কিছু কামনা করিবে উহাতে তাহাদের জন্য তাহাই থাকিবে। এইভাবেই আল্লাহ্ পুরস্কৃত করেন মুত্তাকীদেরকে, | |
| | الَّذِیۡنَ تَتَوَفّٰىهُمُ الۡمَلٰٓئِكَةُ طَیِّبِیۡنَ ۙ یَقُوۡلُوۡنَ سَلٰمٌ عَلَیۡكُمُ ۙ ادۡخُلُوا الۡجَنَّةَ بِمَا كُنۡتُمۡ تَعۡمَلُوۡنَ ﴿۳۲﴾ | **32** |
| *প্রতিবর্ণায়ন* | আল্লায ীনা তাতাওয়াফ্ফা-হুমুল মালা~ইকাতু ত াইয়িবীনা (ۙ) ইয়াকূ লূনা ছালা-মুন্ 'আলাইকুমু (ۙ) দ্খুলুল্ জান্নাতা বিমা-কুংতুম্ তা'মালূন্। | |
| *তরজমা* | ফিরিশ্তাগণ যাহাদের মৃত্যু ঘটায় পবিত্র থাকা অবস্থায়। ফিরিশতাগণ বলিবে, 'তোমাদের প্রতি শান্তি! তোমরা যাহা করিতে তাহার ফলে জান্নাতে প্রবেশ কর।' | |
| | هَلۡ یَنۡظُرُوۡنَ اِلَّاۤ اَنۡ تَاۡتِیَهُمُ الۡمَلٰٓئِكَةُ اَوۡ یَاۡتِیَ اَمۡرُ رَبِّكَ ؕ كَذٰلِكَ فَعَلَ الَّذِیۡنَ مِنۡ قَبۡلِهِمۡ ؕ وَ مَا ظَلَمَهُمُ اللّٰهُ وَ لٰكِنۡ كَانُوۡۤا اَنۡفُسَهُمۡ یَظۡلِمُوۡنَ ﴿۳۳﴾ | **33** |
| *প্রতিবর্ণায়ন* | হাল্ ইয়াংজু রূনা ইল্লা~ আং তা'তিয়াহুমুল্ মালা~ইকাতু আও ইয়া'তিয়া আমরু রাব্বিকা (ط) কায া-লিকা ফা'আলাল্লায ীনা মিং ক াব্লিহিম্ (ط) ওয়ামা জ ালামাহুমুল্লা-হু ওয়ালা-কিং কা-নূ~ আংফুছাহুম্ ইয়াজ্ লিমূন্। | |
| *তরজমা* | উহারা শুধু প্রতীক্ষা করে উহাদের নিকট ফিরিশ্তা আগমনের অথবা তোমার প্রতিপালকের শাস্তি আগমনের। উহাদের পূর্ববর্তীরা এইরূপই করিত। আল্লাহ্ উহাদের প্রতি কোন জুলুম করেন নাই, কিন্তু উহারাই নিজেদের প্রতি জুলুম করিত। | |
| | فَاَصَابَهُمۡ سَیِّاٰتُ مَا عَمِلُوۡا وَ حَاقَ بِهِمۡ مَّا كَانُوۡا بِهٖ یَسۡتَهۡزِءُوۡنَ ﴿۳۴﴾ | **34** |
| *প্রতিবর্ণায়ন* | ফাআস্বা-বাহুম্ ছাইয়িআ-তু মা-'আমিলূ ওয়া হ া-ক া বিহিম্ মা- কা-নূ বিহ ী ইয়াছ্তাহ্ঝিঊন্। | |
| *তরজমা* | সুতরাং উহাদের উপর আপতিত হইয়াছিল উহাদেরই মন্দ কর্মের শাস্তি এবং উহাদেরকে পরিবেষ্টন করিয়াছিল তাহাই, যাহা লইয়া উহারা ঠাট্টা-বিদ্রূপ করিত। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | وَقَالَ الَّذِيْنَ اَشْرَكُوْا لَوْ شَآءَ اللّٰهُ مَا عَبَدْنَا مِنْ دُوْنِهٖ مِنْ شَيْءٍ نَّحْنُ وَلَاۤ اٰبَآؤُنَا وَلَا حَرَّمْنَا مِنْ دُوْنِهٖ مِنْ شَيْءٍ ؕ كَذٰلِكَ فَعَلَ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ ۚ فَهَلْ عَلَى الرُّسُلِ اِلَّا الْبَلٰغُ الْمُبِيْنُ ﴿٣٥﴾ | **35** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ক্বা-লাল্লাযী-না আশ্‌রাকূ লাও শা-আল্লা-হু মা- 'আবাদ্‌না- মিং দূনিহী মিং শাইয়িন্ নাহ্‌নু ওয়ালা- আ-বা-উনা- ওয়ালা- হ্বার্‌রাম্‌না- মিং দূনিহী মিং শাইয়িং (ط) কাযা-লিকা ফা'আলাল্লাযী-না মিং ক্বাব্‌লিহিম্ (ج) ফাহাল্ 'আলাররুছুলি ইল্লাল্ বালা-গুল্ মুবীন্। | |
| *তরজমা* | মুশরিকরা বলিবে, 'আল্লাহ্ ইচ্ছা করিলে আমাদের পিতৃপুরুষেরা ও আমরা তাঁহাকে ব্যতীত অপর কোন কিছুর 'ইবাদত করিতাম না এবং তাঁহার অনুজ্ঞা ব্যতীত আমরা কোন কিছু নিষিদ্ধ করিতাম না।' উহাদের পূর্ববর্তীরা এইরূপই করিত। রাসূলদের কর্তব্য তো কেবল সুস্পষ্ট বাণী পৌঁছাইয়া দেওয়া। | |
| | وَلَقَدْ بَعَثْنَا فِيْ كُلِّ اُمَّةٍ رَّسُوْلًا اَنِ اعْبُدُوا اللّٰهَ وَاجْتَنِبُوا الطَّاغُوْتَ ۚ فَمِنْهُمْ مَّنْ هَدَى اللّٰهُ وَمِنْهُمْ مَّنْ حَقَّتْ عَلَيْهِ الضَّلٰلَةُ ؕ فَسِيْرُوْا فِي الْاَرْضِ فَانْظُرُوْا كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُكَذِّبِيْنَ ﴿٣٦﴾ | **36** |
| *তরজমা* | অতঃপর আমি তোমাদেরকে পুনরায় উহাদের উপর প্রতিষ্ঠিত করিলাম, তোমাদেরকে ধন ও সন্তান-সন্ততি দ্বারা সাহায্য করিলাম ও সংখ্যায় গরিষ্ঠ করিলাম। | |
| | إِنْ أَحْسَنتُمْ أَحْسَنتُمْ لِأَنفُسِكُمْ ۖ وَإِنْ أَسَأْتُمْ فَلَهَا ۚ فَإِذَا جَآءَ وَعْدُ ٱلْءَاخِرَةِ لِيَسُۥٓـُٔوا۟ وُجُوهَكُمْ وَلِيَدْخُلُوا۟ ٱلْمَسْجِدَ كَمَا دَخَلُوهُ أَوَّلَ مَرَّةٍ وَلِيُتَبِّرُوا۟ مَا عَلَوْا۟ تَتْبِيرًا ﴿٧﴾ | 7 |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ইন্ আহ্ ছাংতুম্ আহ্ ছাংতুম লিআংফুছিকুম্ (قف) ওয়া ইন্ আছা'তুম্ ফালাহা- (ط) ফাইয ়া- জা~আ ওয়া'দুল আ-খিরাতি লিইয়াছু~উ উজূহাকুম্ ওয়ালিইয়াদ্খুলুল্ মাছ্জিদা কামা- দাখালূহু আওওয়ালা মার্‌রাতিওঁ ওয়া লিইউতাব্বিরূ মা- 'আলাও তাত্বীরা- । | |
| *তরজমা* | তোমরা সৎকর্ম করিলে সৎকর্ম নিজেদের জন্য করিবে এবং মন্দ কর্ম করিলে তাহাও করিবে নিজেদের জন্য। অতঃপর পরবর্তী নির্ধারিত কাল উপস্থিত হইলে আমি আমার বান্দাদেরকে প্রেরণ করিলাম তোমাদের মুখমণ্ডল কালিমাচ্ছন্ন করিবার জন্য, প্রথমবার তাহারা যেভাবে মসজিদে প্রবেশ করিয়াছিল পুনরায় সেইভাবেই উহাতে প্রবেশ করিবার জন্য এবং তাহারা যাহা অধিকার করিয়াছিল তাহা সম্পূর্ণভাবে ধ্বংস করিবার জন্য। | |
| | عَسٰى رَبُّكُمْ اَنْ يَّرْحَمَكُمْ ۚ وَاِنْ عُدْتُّمْ عُدْنَا ۘ وَجَعَلْنَا جَهَنَّمَ لِلْكٰفِرِيْنَ حَصِيْرًا ﴿٨﴾ | 8 |
| *প্রতিবর্ণায়ন* | 'আছা-রাব্বুকুম্ আই ইঁয়ারহ ়ামাকুম (ج) ওয়া ইন্ 'উততুম্ 'উদ্না- (م) ওয়া জা'আলনা- জাহান্নামা লিল্কা-ফিরীনা হ ়াসীরা- । | |
| *তরজমা* | সম্ভবত তোমাদের প্রতিপালক তোমাদের প্রতি দয়া করিবেন কিন্তু তোমরা যদি তোমাদের পূর্ব-আচরণের পুনরাবৃত্তি কর তবে আমিও পুনরাবৃত্তি করিব। জাহান্নামকে আমি করিয়াছি কাফিরদের জন্য কারাগার। | |
| | اِنَّ هٰذَا الْقُرْاٰنَ يَهْدِيْ لِلَّتِيْ هِيَ اَقْوَمُ وَيُبَشِّرُ الْمُؤْمِنِيْنَ الَّذِيْنَ يَعْمَلُوْنَ الصّٰلِحٰتِ اَنَّ لَهُمْ اَجْرًا كَبِيْرًا ﴿٩﴾ لا | 9 |
| *প্রতিবর্ণায়ন* | ইন্না হা-য ়াল্ কু ়রআ-না ইয়াহ ়দী লিল্লাতী হিয়া আক ়ওয়ামু ওয়াইউবাশ্‌শিরুল্ মু'মিনীনাল্লায ়ীনা ইয়া'মালূনাসসা-লিহ ়া-তি আন্না লাহুম্ আজরাং কাবীরা- । | |
| *তরজমা* | নিশ্চয়ই এই কুরআন হিদায়াত করে সেই পথের দিকে যাহা সুদৃঢ় এবং সৎকর্মপরায়ণ মু'মিনদেরকে সুসংবাদ দেয় যে, তাহাদের জন্য রহিয়াছে মহাপুরস্কার। | |
| | وَّاَنَّ الَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ بِالْاٰخِرَةِ اَعْتَدْنَا لَهُمْ عَذَابًا اَلِيْمًا ﴿١٠﴾ ع | 10 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আন্নাল্লায ়ীনা লা-ইউ'মিনূনা বিল্আ-খিরাতি আ'তাদ্না- লাহুম 'আয ়া-বান্ আলীমা- । | |
| *তরজমা* | এবং যাহারা আখিরাতে ঈমান আনে না তাহাদের জন্য প্রস্তুত রাখিয়াছি মর্মন্তুদ শাস্তি। | |
| | وَيَدْعُ الْاِنْسَانُ بِالشَّرِّ دُعَآءَهٗ بِالْخَيْرِ ۖ وَكَانَ الْاِنْسَانُ عَجُوْلًا ﴿١١﴾ | 11 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয়াদ্'উল্ ইংছা-নু বিশ্‌শার্‌রি দু'আ~আহূ বিলখাইরি (ط) ওয়া কানা-ল ইংছা-নু 'আজূলা- । | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | আর মানুষ অকল্যাণ কামনা করে; যেইভাবে কল্যাণ কামনা করে ; মানুষ তো অতি মাত্রায় ত্বরাপ্রিয়। | |
| | وَجَعَلْنَا الَّيْلَ وَالنَّهَارَ اٰيَتَيْنِ فَمَحَوْنَآ اٰيَةَ الَّيْلِ وَجَعَلْنَآ اٰيَةَ النَّهَارِ مُبْصِرَةً لِّتَبْتَغُوْا فَضْلًا مِّنْ رَّبِّكُمْ وَلِتَعْلَمُوْا عَدَدَ السِّنِيْنَ وَالْحِسَابَ ؕ وَكُلَّ شَيْءٍ فَصَّلْنٰهُ تَفْصِيْلًا ﴿۱۲﴾ | 12 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া জা‘আল্নাল্লাইলা ওয়ান্নাহা-রাআ-ইয়াতাইনি ফামা হ্ াওনা˜ আ-য়াতাল্লাইলি ওয়া জা‘আলনা˜ আ-য়াতান্নাহা-রি মুবসিরাতাল্ লিতাব্তাগূ ফাদ্ লাম্ মির্ রাব্বিকুম ওয়ালিতা‘লামূ ‘আদাদাছ্ ছিনীনা ওয়াল্ হি্ ছা-বা (ط) ওয়া কুল্লা শাইয়িং ফাসসাল্না-হু তাফসীলা- । | |
| *তরজমা* | আমি রাত্রি ও দিবসকে করিয়াছি দুইটি নিদর্শন, রাত্রির নিদর্শনকে অপসারিত করিয়াছি এবং দিবসের নিদর্শনকে আলোকপ্রদ করিয়াছি যাহাতে তোমরা তোমাদের প্রতিপালকের অনুগ্রহ সন্ধান করিতে পার এবং যাহাতে তোমরা বর্ষসংখ্যা ও হিসাব জানিতে পার; এবং আমি সব কিছু বিশদভাবে বর্ণনা করিয়াছি। | |
| | وَكُلَّ اِنْسَانٍ اَلْزَمْنٰهُ طٰٓئِرَهٗ فِيْ عُنُقِهٖ ؕ وَنُخْرِجُ لَهٗ يَوْمَ الْقِيٰمَةِ كِتٰبًا يَّلْقٰىهُ مَنْشُوْرًا ﴿۱۳﴾ | 13 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া কুল্লা ইংছা-নিন্ আল্ঝাম্না-হু ত্ া~ইরাহূ ফী ‘উনুকি্ হী (ط) ওয়ানুখরিজু লাহূ ইয়াওমাল্ কি্ য়া-মাতি কিতা-বাই ইয়াল্ক্ া-হু মাংশূরা- । | |
| *তরজমা* | প্রত্যেক মানুষের কর্ম আমি তাহার গ্রীবালগ্ন করিয়াছি এবং কিয়ামতের দিন আমি তাহার জন্য বাহির করিব এক কিতাব, যাহা সে পাইবে উন্মুক্ত। | |
| | اِقْرَاْ كِتٰبَكَ ؕ كَفٰى بِنَفْسِكَ الْيَوْمَ عَلَيْكَ حَسِيْبًا ﴿ؕ۱۴﴾ | 14 |
| *প্রতিবর্ণায়ন* | ইক্ রা’ কিতা-বাকা (ط) কাফা- বিনাফ্ছিকাল ইয়াওমা ‘আলাইকা হ্ াছীবা- । | |
| *তরজমা* | ‘তুমি তোমার কিতাব পাঠ কর, আজ তুমি নিজেই তোমার হিসাব-নিকাশের জন্য যথেষ্ট।’ | |
| | مَنِ اهْتَدٰى فَاِنَّمَا يَهْتَدِيْ لِنَفْسِهٖ ۚ وَمَنْ ضَلَّ فَاِنَّمَا يَضِلُّ عَلَيْهَا ؕ وَلَا تَزِرُ وَازِرَةٌ وِّزْرَ اُخْرٰى ؕ وَمَا كُنَّا مُعَذِّبِيْنَ حَتّٰى نَبْعَثَ رَسُوْلًا ﴿۱۵﴾ | 15 |
| *প্রতিবর্ণায়ন* | মানিহতাদা- ফাইন্নামা- ইয়াহতাদী লিনাফছিহী (ج) ওয়ামাং দ্ াল্লা ফাইন্নামা- ইয়াদি্ ল্লু ‘আলাইহা (ط) ওয়ালা-তাঝিরু ওয়া-ঝিরাতুওঁ বি্ ঝ্রা উখ্রা- (ط) ওয়ামা-কুন্না- মু‘আয্ যি্ বীনা হ্ াত্তা-নাব্‘আছ্ া রাছূলা- । | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | যাহারা সৎপথ অবলম্বন করিবে তাহারা তো নিজেদেরই মঙ্গলের জন্য সৎপথ অবলম্বন করিবে এবং যাহারা পথভ্রষ্ট হইবে তাহারা তো পথভ্রষ্ট হইবে নিজেদেরই ধ্বংসের জন্য এবং কেহ অন্য কাহারও ভার বহন করিবে না। আমি রাসূল না পাঠান পর্যন্ত কাহাকেও শাস্তি দেই না। | |
| | وَإِذَآ أَرَدْنَآ أَن نُّهْلِكَ قَرْيَةً أَمَرْنَا مُتْرَفِيهَا فَفَسَقُوا۟ فِيهَا فَحَقَّ عَلَيْهَا ٱلْقَوْلُ فَدَمَّرْنَٰهَا تَدْمِيرًا ﴿١٦﴾ | 16 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ইযা˜ আরাদ্‌না˜ আন্‌নুহলিকা ক'রইয়াতান্‌ আমার্‌না– মুত্‌রাফীহা– ফাফাছাকূ' ফীহা– ফাহ'াক্‌'ক'া 'আলাইহাল্‌ ক'াওলু ফাদাম্মার্‌না–হা– তাদ্‌মীরা- । | |
| তরজমা | আমি যখন কোন জনপদ ধ্বংস করিতে চাই তখন উহার সমৃদ্ধিশালী ব্যক্তিদেরকে সৎকর্ম করিতে আদেশ করি, কিন্তু উহারা সেখানে অসৎকর্ম করে ; অতঃপর উহার প্রতি দণ্ডাজ্ঞা ন্যায়সংগত হইয়া যায় এবং আমি উহা সম্পূর্ণরূপে বিধ্বস্ত করি। | |
| | وَكَمْ أَهْلَكْنَا مِنَ ٱلْقُرُونِ مِنۢ بَعْدِ نُوحٍ ۗ وَكَفَىٰ بِرَبِّكَ بِذُنُوبِ عِبَادِهِۦ خَبِيرًۢا بَصِيرًا ﴿١٧﴾ | 17 |
| প্রতিবর্ণায়ন | ওয়া কাম্‌ আহলাক্‌না–মিনাল কু'রূনি মিম্‌ বা'দি নূহি'ওঁ (ط) ওয়া কাফা–বিরাব্বিকা বিযু'নূবি 'ইবা–দিহী খাবীরাম্‌ বাসীরা– । | |
| তরজমা | নূহের পর আমি কত মানবগোষ্ঠী ধ্বংস করিয়াছি! তোমার প্রতিপালকই তাঁহার বান্দাদের পাপাচরণের সংবাদ রাখা ও পর্যবেক্ষণের জন্য যথেষ্ট। | |
| | مَّن كَانَ يُرِيدُ ٱلْعَاجِلَةَ عَجَّلْنَا لَهُۥ فِيهَا مَا نَشَآءُ لِمَن نُّرِيدُ ثُمَّ جَعَلْنَا لَهُۥ جَهَنَّمَ يَصْلَىٰهَا مَذْمُومًا مَّدْحُورًا ﴿١٨﴾ | 18 |
| প্রতিবর্ণায়ন | মাং কা–না ইউরীদুল্‌ 'আ–জিলাতা 'আজ্জাল্‌না–লাহূ ফীহা–মা–নাশা~উ লিমান্‌ নুরীদু ছু'ম্মা জা'আল্‌না–লাহূ জাহান্নামা (ج) ইয়াসলা–হা–মায্‌'মূমাম মাদ্‌হূ'রা– । | |
| তরজমা | কেহ আশু সুখ-সম্ভোগ কামনা করিলে আমি যাহাকে যাহা ইচ্ছা এইখানেই সত্বর দিয়া থাকি ; পরে উহার জন্য জাহান্নাম নির্ধারিত করি যেখানে সে প্রবেশ করিবে নিন্দিত ও অনুগ্রহ হইতে দূরীকৃত অবস্থায়। | |
| | وَمَنْ أَرَادَ ٱلْـَٔاخِرَةَ وَسَعَىٰ لَهَا سَعْيَهَا وَهُوَ مُؤْمِنٌ فَأُو۟لَٰٓئِكَ كَانَ سَعْيُهُم مَّشْكُورًا ﴿١٩﴾ | 19 |
| প্রতিবর্ণায়ন | ওয়া মান্‌ আরা–দাল্‌ আ–খিরাতা ওয়া ছা'আ– লাহা– ছা'ইয়াহা– ওয়া হুওয়া মু'মিনুন্‌ ফাউলা~ইকা কা–না ছা'ইউহুম্‌ মাশ্‌কূরা– । | |
| তরজমা | যাহারা মু'মিন হইয়া আখিরাত কামনা করে এবং উহার জন্য যথাযথ চেষ্টা করে তাহাদের প্রচেষ্টা পুরস্কারযোগ্য। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | كُلًّا نُّمِدُّ هٰۤؤُلَآءِ وَهٰۤؤُلَآءِ مِنْ عَطَآءِ رَبِّكَ ۚ وَمَا كَانَ عَطَآءُ رَبِّكَ مَحْظُوْرًا ﴿٢٠﴾ | **20** |
| *প্রতিবর্ণায়ন* | কুল্লান নুমিদ্দু হা˜উলা~ই ওয়া হা˜উলা~ই মিন্ ‘আত˙া~ই রাব্বিকা (ط) ওয়ামা– কা–না ‘আত˙া~উ রাব্বিকা মাহ˙জূ˙রা– । | |
| *তরজমা* | তোমার প্রতিপালক তাঁহার দান দ্বারা ইহাদেরকে ও উহাদেরকে সাহায্য করেন এবং তোমার প্রতিপালকের দান অবারিত। | |
| | اُنْظُرْ كَيْفَ فَضَّلْنَا بَعْضَهُمْ عَلٰى بَعْضٍ ؕ وَلَلْاٰخِرَةُ اَكْبَرُ دَرَجٰتٍ وَّاَكْبَرُ تَفْضِيْلًا ﴿٢١﴾ | **21** |
| *প্রতিবর্ণায়ন* | উংজু˙র্ কাইফা ফাদ্দ˙ালনা–বা‘দ˙াহুম ‘আলা–বা‘দি˙ওঁ (ط) ওয়ালাল আ–খিরাতু আক্বারু দারাজা–তিওঁ ওয়া আকবারু তাফ্দ˙ীলা– । | |
| *তরজমা* | লক্ষ্য কর, আমি কীভাবে উহাদের এক দলকে অপরের উপর শ্রেষ্ঠত্ব দিয়াছি, আখিরাত তো নিশ্চয়ই মর্যাদায় মহত্তর ও গুণে শ্রেষ্ঠতর। | |
| | لَا تَجْعَلْ مَعَ اللّٰهِ اِلٰـهًا اٰخَرَ فَتَقْعُدَ مَذْمُوْمًا مَّخْذُوْلًا ﴿٢٢﴾ | **22** |
| *প্রতিবর্ণায়ন* | লা–তাজ‘আল্ মা‘আল্লা–হি ইলা–হান্ আ–খারা ফাতাক˙‘উদা মায˙মূমাম মাখ্যূ˙লা– । | |
| *তরজমা* | আল্লাহ্‌র সঙ্গে অপর কোন ইলাহ্ সাব্যস্ত করিও না ; করিলে নিন্দিত ও লাঞ্ছিত হইয়া পড়িবে। | |
| | وَقَضٰى رَبُّكَ اَلَّا تَعْبُدُوْۤا اِلَّاۤ اِيَّاهُ وَبِالْوَالِدَيْنِ اِحْسَانًا ؕ اِمَّا يَبْلُغَنَّ عِنْدَكَ الْكِبَرَ اَحَدُهُمَاۤ اَوْ كِلٰهُمَا فَلَا تَقُلْ لَّهُمَاۤ اُفٍّ وَّلَا تَنْهَرْهُمَا وَقُلْ لَّهُمَا قَوْلًا كَرِيْمًا ﴿٢٣﴾ | **23** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ক˙াদ˙া–রাব্বুকা আল্লা–তা‘বুদূ˜ইল্লা˜ইয়্যা–হু ওয়াবিল্‌ওয়া–লিদাইনি ইহ˙ছা–নান (ط) ইম্মা– ইয়াব্‌লুগান্না ‘ইংদাকাল কিবারা আহ˙াদুহুমা˜আও কিলা–হুমা– ফালা–তাকু˙ল্ লাহুমা˜ উফফিওঁ ওয়ালা– তান্‌হারহুমা– ওয়া কু˙ল্ লাহুমা– ক˙াওলাং কারীমা– । | |
| *তরজমা* | তোমার প্রতিপালক আদেশ দিয়াছেন তিনি ব্যতীত অন্য কাহারও ‘ইবাদত না করিতে ও পিতামাতার প্রতি সদ্ব্যবহার করিতে। তাহাদের একজন অথবা উভয়েই তোমার জীবদ্দশায় বার্ধক্যে উপনীত হইলে তাহাদেরকে ‘উফ্’ বলিও না এবং তাহাদেরকে ধমক দিও না ; তাহাদের সঙ্গে সম্মানসূচক কথা বলিও। | |
| | وَاخْفِضْ لَهُمَا جَنَاحَ الذُّلِّ مِنَ الرَّحْمَةِ وَقُلْ رَّبِّ ارْحَمْهُمَا كَمَا رَبَّيٰنِيْ صَغِيْرًا ﴿٢٤﴾ | **24** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াখ্‌ফিদ˙ লাহুমা– জানা–হ˙ায্‌যু˙ল্লি মিনার রাহ˙মাতি ওয়াকু˙র্ রাব্বির্ হ˙ামহুমা– কামা– রাব্বাইয়া–নী সাগীরা– । | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | মমতাবশে তাহাদের প্রতি নম্রতার পক্ষপুট অবনমিত করিও এবং বলিও, 'হে আমার প্রতিপালক! তাহাদের প্রতি দয়া কর যেভাবে শৈশবে তাহারা আমাকে প্রতিপালন করিয়াছিলেন।' | |
| | رَبُّكُمْ اَعْلَمُ بِمَا فِيْ نُفُوْسِكُمْ ۭ اِنْ تَكُوْنُوْا صٰلِحِيْنَ فَاِنَّهٗ كَانَ لِلْاَوَّابِيْنَ غَفُوْرًا ﴿۲۵﴾ | **25** |
| *প্রতিবর্ণায়ন* | রাব্বুকুম আ'লামু বিমা ফী নুফূছিকুম (ط) ইং তাকূনূ সা-লিহ ীনা ফাইন্নাহূ কা-না লিল্ আওওয়া-বীনা গাফূরা- । | |
| *তরজমা* | তোমাদের প্রতিপালক তোমাদের অন্তরে যাহা আছে তাহা ভাল জানেন ; যদি তোমরা সৎকর্মপরায়ণ হও তবেই তো তিনি আল্লাহ্-অভিমুখীদের প্রতি অতিশয় ক্ষমাশীল। | |
| | وَاٰتِ ذَا الْقُرْبٰى حَقَّهٗ وَالْمِسْكِيْنَ وَابْنَ السَّبِيْلِ وَلَا تُبَذِّرْ تَبْذِيْرًا ﴿۲۶﴾ | **26** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আ-তি য াল্ কু ্রবা- হ াক্ক াহূ ওয়াল মিছকীনা ওয়াব্নাছ্ ছাবীলি ওয়ালা- তুবায ্যি ্র তাব্য ীরা- । | |
| *তরজমা* | আত্মীয়-স্বজনকে দিবে তাহার প্রাপ্য এবং অভাবগ্রস্ত ও মুসাফিরকেও এবং কিছুতেই অপব্যয় করিও না। | |
| | اِنَّ الْمُبَذِّرِيْنَ كَانُوْٓا اِخْوَانَ الشَّيٰطِيْنِ ۭ وَكَانَ الشَّيْطٰنُ لِرَبِّهٖ كَفُوْرًا ﴿۲۷﴾ | **27** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাল্ মুবায ্যি ্রীনা কা-নূ˜ ইখ্ওয়া- নাশশাইয়া-ত ্বীনি (ط) ওয়া কা-নাশ শাইত ্বা-নু লিরাব্বিহী কাফূরা- । | |
| *তরজমা* | যাহারা অপব্যয় করে তাহারা তো শয়তানের ভাই এবং শয়তান তাহার প্রতিপালকের প্রতি অতিশয় অকৃতজ্ঞ। | |
| | وَاِمَّا تُعْرِضَنَّ عَنْهُمُ ابْتِغَاۗءَ رَحْمَةٍ مِّنْ رَّبِّكَ تَرْجُوْهَا فَقُلْ لَّهُمْ قَوْلًا مَّيْسُوْرًا ﴿۲۸﴾ | **28** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইম্মা- তু'রিদ ান্না 'আন্হুমুব তিগা~আ রাহ ্মাতিম্ মির্ রাব্বিকা তার্জূহা- ফাকু ্ল্ লাহুম্ ক ্াওলাম মাইছূরা- । | |
| *তরজমা* | এবং যদি উহাদের হইতে তোমার মুখ ফিরাইতেই হয়, তোমার প্রতিপালকের নিকট হইতে অনুগ্রহ লাভের প্রত্যাশায়, তাহা হইলে উহাদের সঙ্গে নম্রভাবে কথা বলিও; | |
| | وَلَا تَجْعَلْ يَدَكَ مَغْلُوْلَةً اِلٰى عُنُقِكَ وَلَا تَبْسُطْهَا كُلَّ الْبَسْطِ فَتَقْعُدَ مَلُوْمًا مَّحْسُوْرًا ﴿۲۹﴾ | **29** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালা- তাজ'আল ইয়াদাকা মাগ্লূলাতান্ ইলা- 'উনুকি ্কা ওয়ালা- তাব্ছুত ্হা- কুল্লাল্ বাছ্তি ্ ফাতাক ্'উদা মালূমাম মাহ ্ছূরা- । | |
| *তরজমা* | তুমি তোমার হস্ত তোমার গ্রীবায় আবদ্ধ করিয়া রাখিও না এবং উহা সম্পূর্ণ প্রসারিতও করিও না, তাহা হইলে তুমি তিরস্কৃত ও নিঃস্ব হইয়া পড়িবে। | |
| | اِنَّ رَبَّكَ يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ يَّشَاۗءُ وَيَقْدِرُ ۭ اِنَّهٗ كَانَ بِعِبَادِهٖ خَبِيْرًۢا بَصِيْرًا ﴿۳۰﴾ | **30** |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ইন্না রাব্বাকা ইয়াবছুতু`র্ রিঝক`া লিমাইঁ ইয়াশা~উ ওয়া ইয়াক`দিরু (ط) ইন্নাহূ কা–না বি‘ইবা–দিহী খাবীরাম্ বাসীরা– । | |
| *তরজমা* | নিশ্চয়ই তোমার প্রতিপালক যাহার জন্য ইচ্ছা তাহার রিযিক বর্ধিত করেন এবং যাহার জন্য ইচ্ছা উহা সীমিত করেন। তিনি তো তাঁহার বান্দাদের সম্বন্ধে সম্যক পরিজ্ঞাত, সর্বদ্রষ্টা। | |
| | وَلَا تَقْتُلُوٓا أَوْلَادَكُمْ خَشْيَةَ إِمْلَاقٍ ۖ نَّحْنُ نَرْزُقُهُمْ وَإِيَّاكُمْ ۚ إِنَّ قَتْلَهُمْ كَانَ خِطْـًٔا كَبِيرًا ﴿٣١﴾ | 31 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালা–তাক`তুলূ˜আওলা–দাকুম্ খাশ্ইয়াতা ইম্লা–কি`ন (ط) নাহ`নু নারঝুকু`হুম্ ওয়া ইয়্যা–কুম (ط) ইন্না ক`াতলাহুম কা–না খিত`আং কাবীরা– । | |
| *তরজমা* | তোমাদের সন্তানদেরকে দারিদ্র্য-ভয়ে হত্যা করিও না। উহাদেরকেও আমিই রিযিক দেই এবং তোমাদেরকেও। নিশ্চয়ই উহাদেরকে হত্যা করা মহাপাপ। | |
| | وَلَا تَقْرَبُوا الزِّنٰىٓ إِنَّهُ كَانَ فَاحِشَةً ۖ وَسَآءَ سَبِيلًا ﴿٣٢﴾ | 32 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালা–তাক`রাবুঝ্ ঝিনা˜ইন্নাহূ কা–না ফা–হি`শাতাওঁ (ط) ওয়া ছা~আ ছাবীলা– । | |
| *তরজমা* | আর যিনার নিকটবর্তী হইও না, ইহা অশ্লীল ও নিকৃষ্ট আচরণ। | |
| | وَلَا تَقْتُلُوا النَّفْسَ الَّتِي حَرَّمَ اللّٰهُ إِلَّا بِالْحَقِّ ۗ وَمَنْ قُتِلَ مَظْلُومًا فَقَدْ جَعَلْنَا لِوَلِيِّهِ سُلْطٰنًا فَلَا يُسْرِفْ فِّي الْقَتْلِ ۖ إِنَّهُ كَانَ مَنْصُورًا ﴿٣٣﴾ | 33 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালা– তাক`তুলুন্নাফছাল্লাতী হ`াররামাল্লা–হু ইল্লা–বিল হ`াক্কি` (ط) ওয়া মাং ক`ুতিলা মাজ`লূমাং ফাক`াদ জা‘আল্না–লিওয়ালিইয়িহী ছুলত`া–নাং ফালা–ইউছ্রিফ্ ফিল ক`াতলি (ط) ইন্নাহূ কা–না মাংসূরা– । | |
| *তরজমা* | আল্লাহ্ যাহার হত্যা নিষিদ্ধ করিয়াছেন যথার্থ কারণ ব্যতিরেকে তাহাকে হত্যা করিও না। কেহ অন্যায়ভাবে নিহত হইলে তাহার উত্তরাধিকারীকে তো আমি উহা প্রতিকারের অধিকার দিয়াছি ; কিন্তু হত্যার ব্যাপারে সে যেন বাড়াবাড়ি না করে ; সে তো সাহায্যপ্রাপ্ত হইয়াছেই। | |
| | وَلَا تَقْرَبُوا مَالَ الْيَتِيمِ إِلَّا بِالَّتِي هِيَ أَحْسَنُ حَتّٰى يَبْلُغَ أَشُدَّهُ ۖ وَأَوْفُوا بِالْعَهْدِ ۚ إِنَّ الْعَهْدَ كَانَ مَسْـُٔولًا ﴿٣٤﴾ | 34 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালা–তাক`রাবূ মা–লাল ইয়াতীমি ইল্লা–বিল্লাতী হিয়া আহ`ছানু হ`াত্তা– ইয়াব্লুগা আশুদ্দাহূ (ص) ওয়া আওফূ বিল‘আহদি (ج) ইন্নাল ‘আহদা কা–না মাছ্উলা। | |

| | | |
|---|---|---|
| তরজমা | ইয়াতীম বয়োপ্রাপ্ত না হওয়া পর্যন্ত সদুপায়ে ছাড়া তোমরা তাহার সম্পত্তির নিকটবর্তী হইও না এবং প্রতিশ্রুতি পালন করিও; নিশ্চয়ই প্রতিশ্রুতি সম্পর্কে কৈফিয়ত তলব করা হইবে। | |
| | وَاَوْفُوا الْكَيْلَ اِذَا كِلْتُمْ وَزِنُوْا بِالْقِسْطَاسِ الْمُسْتَقِيْمِ ؕ ذٰلِكَ خَيْرٌ وَّاَحْسَنُ تَاْوِيْلًا ﴿۳۵﴾ | 35 |
| প্রতিবর্ণায়ন | ওয়া আওফুল কাইলা ইযা– কিল্‌তুম্ ওয়াঝিনূ বিল্‌কিছ্‌তা–ছিল মুছ্‌তাকীমি (ط) যা–লিকা খাইরুওঁ ওয়া আহ্‌ছানু তা'বীলা– । | |
| তরজমা | মাপিয়া দিবার সময় পূর্ণ মাপে দিবে এবং ওজন করিবে সঠিক দাঁড়িপাল্লায়, ইহাই উত্তম এবং পরিণামে উৎকৃষ্ট। | |
| | وَلَا تَقْفُ مَا لَيْسَ لَكَ بِهٖ عِلْمٌ ؕ اِنَّ السَّمْعَ وَالْبَصَرَ وَالْفُؤَادَ كُلُّ اُولٰٓئِكَ كَانَ عَنْهُ مَسْـُٔوْلًا ﴿۳۶﴾ | 36 |
| প্রতিবর্ণায়ন | ওয়ালা– তাক্‌ফু মা–লাইছা লাকা বিহী 'ইল্‌মুন্ (ط) ইন্নাছ্ ছাম'আ ওয়াল্ বাসারা ওয়াল্ ফুআ–দা কুল্লু উলা~ইকা কা–না 'আনহু মাছউলা– । | |
| তরজমা | যে বিষয়ে তোমার জ্ঞান নাই উহার অনুসরণ করিও না; কর্ণ, চক্ষু, হৃদয়- উহাদের প্রত্যেকটি সম্পর্কেই কৈফিয়ত তলব করা হইবে। | |
| | وَلَا تَمْشِ فِى الْاَرْضِ مَرَحًا ۚ اِنَّكَ لَنْ تَخْرِقَ الْاَرْضَ وَلَنْ تَبْلُغَ الْجِبَالَ طُوْلًا ﴿۳۷﴾ | 37 |
| প্রতিবর্ণায়ন | ওয়া লা– তাম্‌শি ফিল আর্‌দি মারাহান (ج) ইন্নাকা লাং তাখ্‌রিকাল আরদা ওয়া লাং তাব্‌লুগাল্ জিবা–লা তূলা– । | |
| তরজমা | ভূপৃষ্ঠে দম্ভভরে বিচরণ করিও না ; তুমি তো কখনই পদভরে ভূপৃষ্ঠ বিদীর্ণ করিতে পারিবে না এবং উচ্চতায় তুমি কখনই পর্বতপ্রমাণ হইতে পারিবে না। | |
| | كُلُّ ذٰلِكَ كَانَ سَيِّئُهٗ عِنْدَ رَبِّكَ مَكْرُوْهًا ﴿۳۸﴾ | 38 |
| প্রতিবর্ণায়ন | কুল্লু যা–লিকা কা–না ছাইয়িউহূ 'ইংদা রাব্বিকা মাক্‌রূহা– । | |
| তরজমা | এই সমস্তের মধ্যে যেগুলি মন্দ সেইগুলি তোমার প্রতিপালকের নিকট ঘৃণ্য। | |
| | ذٰلِكَ مِمَّاۤ اَوْحٰۤى اِلَيْكَ رَبُّكَ مِنَ الْحِكْمَةِ ؕ وَلَا تَجْعَلْ مَعَ اللّٰهِ اِلٰهًا اٰخَرَ فَتُلْقٰى فِىْ جَهَنَّمَ مَلُوْمًا مَّدْحُوْرًا ﴿۳۹﴾ | 39 |
| প্রতিবর্ণায়ন | যা–লিকা মিম্মা~ আওহা~ ইলাইকা রাব্বুকা মিনাল্ হিক্‌মাতি (ط) ওয়ালা–তাজ'আল্ মা'আল্লা–হি ইলা–হান্ আ–খারা ফাতুল্‌কা–ফী জাহান্নামা মালূমাম্ মাদ্‌হূরা– । | |
| তরজমা | তোমার প্রতিপালক ওহীর দ্বারা তোমাকে যে হিক্‌মত দান করিয়াছেন এইগুলি তাহার অন্তর্ভুক্ত। তুমি আল্লাহ্‌র সঙ্গে অপর ইলাহ্ স্থির করিও না, করিলে তুমি নিন্দিত ও বিতাড়িত অবস্থায় জাহান্নামে নিক্ষিপ্ত হইবে। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | اَفَاَصۡفٰىكُمۡ رَبُّكُمۡ بِالۡبَنِيۡنَ وَاتَّخَذَ مِنَ الۡمَلٰٓـئِكَةِ اِنَاثًا ؕ اِنَّكُمۡ لَتَقُوۡلُوۡنَ قَوۡلًا عَظِيۡمًا ۝ | 40 |
| *প্রতিবর্ণায়ন* | আফাআসফা–কুম্ রাব্বুকুম্ বিলবানীনা ওয়াত্তাখায াা মিনাল মালা~ইকাতি ইনা–ছ ান (ط) ইন্নাকুম্ লাতাকূ লূনা ক াওলান ‘আজ  ীমা– । | |
| *তরজমা* | তোমাদের প্রতিপালক কি তোমাদেরকে পুত্র সন্তানের জন্য নির্বাচিত করিয়াছেন এবং তিনি কি নিজে ফিরিশ্‌তাগণকে কন্যারূপে গ্রহণ করিয়াছেন ? তোমরা তো নিশ্চয়ই ভয়ানক কথা বলিয়া থাক ! | |
| | وَلَقَدۡ صَرَّفۡنَا فِىۡ هٰذَا الۡقُرۡاٰنِ لِيَذَّكَّرُوۡا ؕ وَمَا يَزِيۡدُهُمۡ اِلَّا نُفُوۡرًا ۝ | 41 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাক াদ সার্‌রাফনা–ফী হা–য াল ক ুরআ–নি লিইয়ায ্য াক্কারূ (ط) ওয়ামা–ইয়াঝীদুহুম ইল্লা–নুফূরা– । | |
| *তরজমা* | আর অবশ্যই আমি এই কুরআনে বহু বিষয় বারবার বিবৃত করিয়াছি যাহাতে উহারা উপদেশ গ্রহণ করে। কিন্তু ইহাতে উহাদের বিমুখতাই বৃদ্ধি পায়। | |
| | قُلۡ لَّوۡ كَانَ مَعَهٗۤ اٰلِهَةٌ كَمَا يَقُوۡلُوۡنَ اِذًا لَّابۡتَغَوۡا اِلٰى ذِى الۡعَرۡشِ سَبِيۡلًا ۝ | 42 |
| *প্রতিবর্ণায়ন* | কু ল্ লাও কা–না মা‘আহূ~ আ–লিহাতুং কামা– ইয়াকূ লূনা ইয াল্লাব্ তাগাও ইলা–যি ল্‘আর্‌শি ছাবীলা– । | |
| *তরজমা* | বল, ‘যদি তাঁহার সঙ্গে আরও ইলাহ্ থাকিত যেমন উহারা বলে, তবে তাহারা আরশ–অধিপতির প্রতিদ্বন্দ্বিতা করিবার উপায় অন্বেষণ করিত।’ | |
| | سُبۡحٰنَهٗ وَتَعٰلٰى عَمَّا يَقُوۡلُوۡنَ عُلُوًّا كَبِيۡرًا ۝ | 43 |
| *প্রতিবর্ণায়ন* | ছুব্‌হ া–নাহু ওয়া তা‘আ–লা– ‘আম্মা–ইয়াকূ লূনা ‘উলুওওয়াং কাবীরা– । | |
| *তরজমা* | তিনি পবিত্র, মহিমান্বিত এবং উহারা যাহা বলে তাহা হইতে তিনি বহু ঊর্ধ্বে। | |
| | تُسَبِّحُ لَهُ السَّمٰوٰتُ السَّبۡعُ وَالۡاَرۡضُ وَمَنۡ فِيۡهِنَّ ؕ وَاِنۡ مِّنۡ شَىۡءٍ اِلَّا يُسَبِّحُ بِحَمۡدِهٖ وَلٰـكِنۡ لَّا تَفۡقَهُوۡنَ تَسۡبِيۡحَهُمۡ ؕ اِنَّهٗ كَانَ حَلِيۡمًا غَفُوۡرًا ۝ | 44 |
| *প্রতিবর্ণায়ন* | তুছাব্বিহু  লাহুছ্‌ছামা–ওয়া–তুছ্ ছাব্‘উ ওয়াল আর্‌দ ু ওয়া মাং ফীহিন্না (ط) ওয়া ইম্ মিং শাইয়িন ইল্লা–ইউছাব্বিহু  বিহ াম্‌দিহী ওয়ালা– কিল্ লা–তাফ্‌ক াহূনা তাছ্‌বীহ াহুম্ (ط) ইন্নাহূ কা–না হ ালীমান গাফূরা– । | |
| *তরজমা* | সপ্ত আকাশ, পৃথিবী এবং উহাদের অন্তর্বর্তী সমস্ত কিছু তাঁহারই পবিত্রতা ও মহিমা ঘোষণা করে এবং এমন কিছু নাই যাহা তাঁহার সপ্রশংস পবিত্রতা ও মহিমা ঘোষণা করে না ; কিন্তু উহাদের পবিত্রতা ও মহিমা ঘোষণা তোমরা অনুধাবন করিতে পার না; নিশ্চয়ই তিনি সহনশীল, ক্ষমাপরায়ণ। | |

| | | |
|---|---|---|
| | وَاِذَا قَرَاْتَ الْقُرْاٰنَ جَعَلْنَا بَيْنَكَ وَبَيْنَ الَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ بِالْاٰخِرَةِ حِجَابًا مَّسْتُوْرًا ﴿٤٥﴾ | **45** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইযা– কারা’তাল কুরআ–না জা‘আল্না– বাইনাকা ওয়া বাইনাল্লাযীনা লা–ইউ’মিনূনা বিল্আ–খিরাতি হিজা–বাম্ মাছ্তূরা– । | |
| *তরজমা* | তুমি যখন কুরআন পাঠ কর তখন তোমার ও যাহারা আখিরাতে বিশ্বাস করে না তাহাদের মধ্যে এক প্রচ্ছন্ন পর্দা রাখিয়া দেই। | |
| | وَّجَعَلْنَا عَلٰى قُلُوْبِهِمْ اَكِنَّةً اَنْ يَّفْقَهُوْهُ وَفِيْٓ اٰذَانِهِمْ وَقْرًا ؕ وَاِذَا ذَكَرْتَ رَبَّكَ فِى الْقُرْاٰنِ وَحْدَهٗ وَلَّوْا عَلٰٓى اَدْبَارِهِمْ نُفُوْرًا ﴿٤٦﴾ | **46** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া জা‘আলনা ‘আলা– কুলূবিহিম্ আকিন্নাতান্ আইঁ ইয়াফ্কাহূহু ওয়া ফী আ–যা–নিহিম ওয়াক্রাওঁ (ط) ওয়া ইযা– যাকার্তা রাব্বাকা ফিল কুর্আ–নি ওয়াহ্দাহূ ওয়াল্লাও ‘আলা আদ্বা–রিহিম্ নুফূরা– । | |
| *তরজমা* | আমি উহাদের অন্তরের উপর আবরণ দিয়াছি যেন উহারা তাহা উপলব্ধি করিতে না পারে এবং উহাদেরকে বধির করিয়াছি ; ‘তোমার প্রতিপালক এক’, ইহা যখন তুমি কুরআন হইতে আবৃত্তি কর তখন পৃষ্ঠ প্রদর্শন করিয়া উহারা সরিয়া পড়ে। | |
| | نَحْنُ اَعْلَمُ بِمَا يَسْتَمِعُوْنَ بِهٖٓ اِذْ يَسْتَمِعُوْنَ اِلَيْكَ وَاِذْ هُمْ نَجْوٰٓى اِذْ يَقُوْلُ الظّٰلِمُوْنَ اِنْ تَتَّبِعُوْنَ اِلَّا رَجُلًا مَّسْحُوْرًا ﴿٤٧﴾ | **47** |
| *প্রতিবর্ণায়ন* | নাহ্নু আ‘লামু বিমা–ইয়াছতামি‘উনা বিহী ইয ইয়াছ্তামি‘উনা ইলাইকা ওয়া ইয হুম্ নাজওয়া ইয ইয়াকূলুজ জা–লিমূনা ইং তাত্তাবি‘উনা ইল্লা– রাজুলাম্ মাছ্হূরা– । | |
| *তরজমা* | যখন উহারা কান পাতিয়া তোমার কথা শুনে তখন উহারা কেন কান পাতিয়া শুনে তাহা আমি ভাল জানি, এবং ইহাও জানি, গোপনে আলোচনাকালে জালিমরা বলে, ‘তোমরা তো এক জাদুগ্রস্ত ব্যক্তির অনুসরণ করিতেছ।’ | |
| | اُنْظُرْ كَيْفَ ضَرَبُوْا لَكَ الْاَمْثَالَ فَضَلُّوْا فَلَا يَسْتَطِيْعُوْنَ سَبِيْلًا ﴿٤٨﴾ | **48** |
| *প্রতিবর্ণায়ন* | উংজুর্ কাইফা দারাবূ লাকাল আম্ছা–লা ফাদাল্লূ ফালা–ইয়াছ্তাতী‘উনা ছাবীলা– । | |
| *তরজমা* | দেখ, উহারা তোমার কী উপমা দেয়! উহারা পথভ্রষ্ট হইয়াছে, ফলে উহারা পথ পাইবে না। | |
| | وَقَالُوْٓا ءَاِذَا كُنَّا عِظَامًا وَّرُفَاتًا ءَاِنَّا لَمَبْعُوْثُوْنَ خَلْقًا جَدِيْدًا ﴿٤٩﴾ | **49** |

| | | |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ওয়া কা-লূ~ আইযা- কুন্না- 'ইজা-মাওঁ ওয়া রুফা-তান আইন্না- লামাব্'উছূনা খালকাং জাদীদা- । | |
| *তরজমা* | উহারা বলে, 'আমরা অস্থিতে পরিণত ও চূর্ণ-বিচূর্ণ হইলেও কি নূতন সৃষ্টিরূপে উত্থিত হইব ?' | |
| | قُلْ كُوْنُوْا حِجَارَةً اَوْ حَدِيْدًا ۙ﴿٥٠﴾ | 50 |
| *প্রতিবর্ণায়ন* | কু'ল্ কূনূ হি'জা-রাতান্ আও হা'দীদা- । | |
| *তরজমা* | বল, 'তোমরা হইয়া যাও পাথর অথবা লৌহ। | |
| | اَوْ خَلْقًا مِّمَّا يَكْبُرُ فِيْ صُدُوْرِكُمْ ۚ فَسَيَقُوْلُوْنَ مَنْ يُّعِيْدُنَا ؕ قُلِ الَّذِيْ فَطَرَكُمْ اَوَّلَ مَرَّةٍ ۚ فَسَيُنْغِضُوْنَ اِلَيْكَ رُءُوْسَهُمْ وَيَقُوْلُوْنَ مَتٰى هُوَ ؕ قُلْ عَسٰۤى اَنْ يَّكُوْنَ قَرِيْبًا ﴿٥١﴾ | 51 |
| *প্রতিবর্ণায়ন* | আও খাল্কা'ম মিম্মা- ইয়াক্বুরু ফী সূদূরিকুম (ج) ফাছাইয়াকূ'লূনা মাইঁ ইউ'ঈদুনা- (ط) কু'লিল্লাযী ফাত'রাকুম্ আওওয়ালা মার্‌রাতিং (ج) ফাছাইউন্‌গিদূ'না ইলাইকা রুঊছাহুম্ ওয়া ইয়াকূ'লূনা মাতা-হুওয়া (ط) কু'ল 'আছা~আইঁ ইয়াকূনা কা'রীবা- । | |
| *তরজমা* | 'অথবা এমন কিছু যাহা তোমাদের ধারণায় খুবই কঠিন'; তাহারা বলিবে, 'কে আমাদেরকে পুনরুত্থিত করিবে ?' বল, 'তিনিই, যিনি তোমাদেরকে প্রথমবার সৃষ্টি করিয়াছেন।' অতঃপর উহারা তোমার সম্মুখে মাথা নাড়িবে ও বলিবে, 'উহা কবে ?' বল, 'হইবে সম্ভবত শীঘ্রই, | |
| | يَوْمَ يَدْعُوْكُمْ فَتَسْتَجِيْبُوْنَ بِحَمْدِهٖ وَتَظُنُّوْنَ اِنْ لَّبِثْتُمْ اِلَّا قَلِيْلًا ﴿٥٢﴾ | 52 |
| *প্রতিবর্ণায়ন* | ইয়াওমা ইয়াদ্'উকুম্ ফাতাছ্‌তাজীবূনা বিহা'ম্‌দিহী ওয়া তাজু'ন্নূনা ইল্‌লাবিছ্'তুম্ ইল্লা-কা'লীলা- । | |
| *তরজমা* | যেদিন তিনি তোমাদেরকে আহ্বান করিবেন, এবং তোমরা তাঁহার প্রশংসার সঙ্গে তাঁহার আহ্বানে সাড়া দিবে এবং তোমরা মনে করিবে, তোমরা অল্পকালই অবস্থান করিয়াছিলে।' | |
| | وَقُلْ لِّعِبَادِيْ يَقُوْلُوا الَّتِيْ هِيَ اَحْسَنُ ؕ اِنَّ الشَّيْطٰنَ يَنْزَغُ بَيْنَهُمْ ؕ اِنَّ الشَّيْطٰنَ كَانَ لِلْاِنْسَانِ عَدُوًّا مُّبِيْنًا ﴿٥٣﴾ | 53 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া কু'ল্ লি'ইবা-দী ইয়াকূ'লুল্লাতী হিয়া আহ'ছানু (ط) ইন্নাশ্‌শাইত'া-না ইয়াংঝাগু বাইনাহুম্ (ط) ইন্নাশশাইত'া-না কা-না লিল্‌ইংছা-নি 'আদুওওয়াম মুবীনা- । | |
| *তরজমা* | আমার বান্দাদেরকে যাহা উত্তম তাহা বলিতে বল। নিশ্চয়ই শয়তান উহাদের মধ্যে বিভেদ সৃষ্টির উস্কানি দেয় ; শয়তান তো মানুষের প্রকাশ্য শত্রু। | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| | رَبُّكُمۡ اَعۡلَمُ بِكُمۡ ؕ اِنۡ يَّشَاۡ يَرۡحَمۡكُمۡ اَوۡ اِنۡ يَّشَاۡ يُعَذِّبۡكُمۡ ؕ وَمَاۤ اَرۡسَلۡنٰكَ عَلَيۡهِمۡ وَكِيۡلًا ﴿۵۴﴾ | 54 |
| প্রতিবর্ণায়ন | রাব্বুকুম্ আ'লামু বিকুম্ (ط) ইয়ঁইয়াশা' ইয়ারহ্ াম্কুম্ আও ইয়ঁইয়াশা' ইউ'আয্ যি্ব্কুম (ط) ওয়ামা ˜আরছালনা–কা 'আলাইহিম্ ওয়াকীলা– । | |
| তরজমা | তোমাদের প্রতিপালক তোমাদেরকে ভালভাবে জানেন। ইচ্ছা করিলে তিনি তোমাদের প্রতি দয়া করেন এবং ইচ্ছা করিলে তোমাদেরকে শাস্তি দেন ; আমি তোমাকে উহাদের অভিভাবক করিয়া পাঠাই নাই। | |
| | وَرَبُّكَ اَعۡلَمُ بِمَنۡ فِى السَّمٰوٰتِ وَالۡاَرۡضِ ؕ وَلَقَدۡ فَضَّلۡنَا بَعۡضَ النَّبِيّٖنَ عَلٰى بَعۡضٍ وَّاٰتَيۡنَا دَاوٗدَ زَبُوۡرًا ﴿۵۵﴾ | 55 |
| প্রতিবর্ণায়ন | ওয়া রাব্বুকা আ'লামু বিমাং ফিছ্ছামা–ওয়া–তি ওয়াল্ আর্দি (ط) ওয়ালাক াদ ফাদ্দ াল্না– বা'দ ান্নাবিইয়ীনা 'আলা–বা'দি ওঁ ওয়া আ–তাইনা– দা–ঊদা ঝাবূরা– । | |
| তরজমা | যাহারা আকাশমণ্ডলী ও পৃথিবীতে আছে তাহাদেরকে তোমার প্রতিপালক ভালভাবে জানেন। আমি তো নবীগণের কতককে কতকের উপর মর্যাদা দিয়াছি ; দাউদকে আমি যাবূর দিয়াছি। | |
| | قُلِ ادۡعُوا الَّذِيۡنَ زَعَمۡتُمۡ مِّنۡ دُوۡنِهٖ فَلَا يَمۡلِكُوۡنَ كَشۡفَ الضُّرِّ عَنۡكُمۡ وَلَا تَحۡوِيۡلًا ﴿۵۶﴾ | 56 |
| প্রতিবর্ণায়ন | ক ুলিদ্'উল্লায ীনা ঝা'আমতুম্ মিং দূনিহী ফালা– ইয়ামলিকূনা কাশফাদ্ দ ুররি 'আংকুম্ ওয়ালা– তাহ ্ব ীলা– । | |
| তরজমা | বল, 'তোমরা আল্লাহ্ ব্যতীত যাহাদেরকে ইলাহ্ মনে কর তাহাদেরকে আহ্বান কর, করিলে দেখিবে তোমাদের দুঃখ-দৈন্য দূর করিবার অথবা পরিবর্তন করিবার শক্তি উহাদের নাই।' | |
| | اُولٰٓـئِكَ الَّذِيۡنَ يَدۡعُوۡنَ يَبۡتَغُوۡنَ اِلٰى رَبِّهِمُ الۡوَسِيۡلَةَ اَيُّهُمۡ اَقۡرَبُ وَيَرۡجُوۡنَ رَحۡمَتَهٗ وَيَخَافُوۡنَ عَذَابَهٗ ؕ اِنَّ عَذَابَ رَبِّكَ كَانَ مَحۡذُ | 57 |
| প্রতিবর্ণায়ন | উলা~ইকাল্লায ীনা ইয়াদ্'ঊনা ইয়াব্তাগূনা ইলা– রাব্বিহিমুল্ ওয়াছীলাতা আইয়ুহুম্ আক ্রাবু ওয়া ইয়ার্জূনা রাহ ্মাতাহূ ও ইয়াখা–ফূনা 'আয া–বাহূ (ط) ইন্না আয া–বা রাব্বিকা কা–না মাহ ্যূ ্রা– । | |
| তরজমা | উহারা যাহাদেরকে আহ্বান করে তাহারাই তো তাহাদের প্রতিপালকের নৈকট্য লাভের উপায় সন্ধান করে যে, তাহাদের মধ্যে কে কত নিকটতর হইতে পারে, তাঁহার দয়া প্রত্যাশা করে ও তাঁহার শাস্তিকে ভয় করে। নিশ্চয়ই তোমার প্রতিপালকের শাস্তি ভয়াবহ। | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| | وَاِنۡ مِّنۡ قَرۡيَةٍ اِلَّا نَحۡنُ مُهۡلِكُوۡهَا قَبۡلَ يَوۡمِ الۡقِيٰمَةِ اَوۡ مُعَذِّبُوۡهَا عَذَابًا شَدِيۡدًا ؕ كَانَ ذٰلِكَ فِى الۡكِتٰبِ مَسۡطُوۡرًا ﴿۵۸﴾ | 58 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইম্মিং ক া রইয়াতিন ইল্লা– নাহ ় নু মুহলিকূহা– ক া ব্লা ইয়াওমিল্ কি ় য়া–মাতি আও মু'আয ় যি ় বূহা– ‘আয া–বাং শাদীদাং (ط) কা–না য া–লিকা ফিল্ কিতা–বি মাছ্তূ ় রা– । | |
| *তরজমা* | এমন কোন জনপদ নাই যাহা আমি কিয়ামতের দিনের পূর্বে ধ্বংস করিব না অথবা যাহাকে কঠোর শাস্তি দিব না ; ইহা তো কিতাবে লিপিবদ্ধ আছে। | |
| | وَمَا مَنَعَنَاۤ اَنۡ نُّرۡسِلَ بِالۡاٰيٰتِ اِلَّاۤ اَنۡ كَذَّبَ بِهَا الۡاَوَّلُوۡنَ ؕ وَاٰتَيۡنَا ثَمُوۡدَ النَّاقَةَ مُبۡصِرَةً فَظَلَمُوۡا بِهَا ؕ وَمَا نُرۡسِلُ بِالۡاٰيٰتِ اِلَّا تَخۡوِيۡفًا ﴿۵۹﴾ | 59 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা মানা‘আনা˜ আন্নুর্ছিলা বিল্আ–য়া–তি ইল্লা˜আং কায ় য া বা বিহাল আওওয়ালূনা (ط) ওয়া আ–তাইনা-ছামূদান্ না-ক া তা মুবসিরাতাং ফাজ া লামূ বিহা- (ط) ওয়ামা- নুরছিলু বিল আ-য়া-তি ইল্লা- তাখব ী ফা– । | |
| *তরজমা* | পূর্ববর্তীগণ কর্তৃক নিদর্শন অস্বীকার করাই আমাকে নিদর্শন প্রেরণ করা হইতে বিরত রাখে। আমি শিক্ষাপ্রদ নিদর্শনস্বরূপ সামূদ জাতিকে উষ্ট্রী দিয়াছিলাম, অতঃপর তাহারা উহার প্রতি জুলুম করিয়াছিল। আমি কেবল ভীতি প্রদর্শনের জন্যই নিদর্শন প্রেরণ করি। | |
| | وَاِذۡ قُلۡنَا لَكَ اِنَّ رَبَّكَ اَحَاطَ بِالنَّاسِ ؕ وَمَا جَعَلۡنَا الرُّءۡيَا الَّتِىۡۤ اَرَيۡنٰكَ اِلَّا فِتۡنَةً لِّلنَّاسِ وَالشَّجَرَةَ الۡمَلۡعُوۡنَةَ فِى الۡقُرۡاٰنِ ؕ وَنُخَوِّفُهُمۡ ۙ فَمَا يَزِيۡدُهُمۡ اِلَّا طُغۡيَانًا كَبِيۡرًا ﴿۶۰﴾ | 60 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয ় কু ় ল্না– লাকা ইন্না রাব্বাকা আহ া–ত া বিন্না–ছি (ط) ওয়ামা–জা‘আলনার্ রু’ইয়াল্লাতী˜ আরাইনা–কা ইল্লা–ফিত্নাতাল্লিন্না–ছি ওয়াশ্শাজারাতাল্ মাল্‘ঊনাতা ফিল্ কু ় রআ–নি (ط) ওয়ানুখাওবি ় ফুহুম্ ফামা– ইয়াঝীদুহুম্ ইল্লা– তু ় গ্ইয়া–নাং কাবীরা– । | |
| *তরজমা* | স্মরণ কর, আমি তোমাকে বলিয়াছিলাম যে, নিশ্চয়ই তোমার প্রতিপালক মানুষকে পরিবেষ্টন করিয়া আছেন। আমি যে দৃশ্য তোমাকে দেখাইয়াছি তাহা এবং কুরআনে উল্লিখিত অভিশপ্ত বৃক্ষটিও কেবল মানুষের পরীক্ষার জন্য। আমি উহাদেরকে ভীতি প্রদর্শন করি, কিন্তু ইহা উহাদের ঘোর অবাধ্যতাই বৃদ্ধি করে। | |
| | وَاِذۡ قُلۡنَا لِلۡمَلٰٓـئِكَةِ اسۡجُدُوۡا لِاٰدَمَ فَسَجَدُوۡۤا اِلَّاۤ اِبۡلِيۡسَ ؕ قَالَ ءَاَسۡجُدُ لِمَنۡ خَلَقۡتَ طِيۡنًا ﴿۶۱﴾ | 61 |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয ্ কু ্লনা–লিল্মালা~ইকাতিছ্ জুদূ লিআ–দামা ফাছাজাদূ~ ইল্লা~ ইব্লীছা (ط) ক ্া–লা আআছ্জুদু লিমান খালাক ্তা ত ্ীনা– । | |
| *তরজমা* | স্মরণ কর, যখন ফিরিশতাদেরকে বলিলাম, ‘আদমকে সিজদা কর’, তখন ইবলীস ব্যতীত সকলেই সিজদা করিল। সে বলিয়াছিল, ‘আমি কি তাহাকে সিজ্‌দা করিব যাহাকে আপনি কর্দম হইতে সৃষ্টি করিয়াছেন ?’ | |
| | قَالَ اَرَءَيْتَكَ هٰذَا الَّذِىْ كَرَّمْتَ عَلَىَّ لَىِٕنْ اَخَّرْتَنِ اِلٰى يَوْمِ الْقِيٰمَةِ لَاَحْتَنِكَنَّ ذُرِّيَّتَهٗۤ اِلَّا قَلِيْلًا ﴿۶۲﴾ | **62** |
| *প্রতিবর্ণায়ন* | ক ্া–লা আরাআইতাকা হা–য ্াল্লায ্ী কাররাম্‌তা ‘আলাইইয়া (ز) লাইন আখ্‌খারতানি ইলা–ইয়াওমিল্ কি ্য়া–মাতি লাআহ ্তানিকান্না যু ্র্‌রিইইয়াতাহূ~ ইল্লা–ক ্ালীলা– । | |
| *তরজমা* | সে বলিয়াছিল, “আপনি কি বিবেচনা করিয়াছেন, আপনি আমার উপর এই ব্যক্তিকে মর্যাদা দান করিলেন, কিয়ামতের দিন পর্যন্ত যদি আমাকে অবকাশ দেন তাহা হইলে আমি অল্প কয়েকজন ব্যতীত তাহার বংশধরকে অবশ্যই কর্তৃত্বাধীন করিয়া ফেলিব।” | |
| | قَالَ اذْهَبْ فَمَنْ تَبِعَكَ مِنْهُمْ فَاِنَّ جَهَنَّمَ جَزَآؤُكُمْ جَزَآءً مَّوْفُوْرًا ﴿۶۳﴾ | **63** |
| *প্রতিবর্ণায়ন* | ক ্া–লায ্হাব্ ফামাং তাবি‘আকা মিন্‌হুম ফাইন্না জাহান্নামা জাঝা~উকুম জাঝা~আম মাওফূরা– । | |
| *তরজমা* | আল্লাহ্ বলিলেন, ‘যাও, তাহাদের মধ্যে যাহারা তোমার অনুসরণ করিবে, তবে জাহান্নামই তোমাদের সকলের শাস্তি, পূর্ণ শাস্তি। | |
| | وَاسْتَفْزِزْ مَنِ اسْتَطَعْتَ مِنْهُمْ بِصَوْتِكَ وَاَجْلِبْ عَلَيْهِمْ بِخَيْلِكَ وَرَجِلِكَ وَشَارِكْهُمْ فِى الْاَمْوَالِ وَالْاَوْلَادِ وَعِدْهُمْ ؕ وَمَا يَعِدُهُمُ الشَّيْطٰنُ اِلَّا غُرُوْرًا ﴿۶۴﴾ | **64** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াছ্‌তাফ্‌ঝিঝ্ মানিছ্‌তাত ্া‘তা মিন্‌হুম বিসাওতিকা ওয়া আজলিব ‘আলাইহিম বিখাইলিকা ওয়া রাজিলিকা ওয়া শা–রিক্‌হুম ফিল আম্‌ওয়া–লি ওয়াল্ আওলা–দি ওয়া‘ইদ্‌হুম (ط) ওয়ামা–ইয়া‘ইদুহুমুশ্‌শাইত ্া–নু ইল্লা– গুরূরা– । | |
| *তরজমা* | ‘তোমার আহ্‌বানে উহাদের মধ্যে যাহাকে পার পদস্খলিত কর, তোমার অশ্বারোহী ও পদাতিক বাহিনী দ্বারা উহাদেরকে আক্রমণ কর এবং উহাদের ধনে ও সন্তান-সন্ততিতে শরীক হইয়া যাও ও উহাদেরকে প্রতিশ্রুতি দাও। শয়তান উহাদেরকে যে প্রতিশ্রুতি দেয় উহা ছলনা মাত্র। | |
| | اِنَّ عِبَادِىْ لَيْسَ لَكَ عَلَيْهِمْ سُلْطٰنٌ ؕ وَكَفٰى بِرَبِّكَ وَكِيْلًا ﴿۶۵﴾ | **65** |

|---|---|---|
| প্রতিবর্ণায়ন | ইন্না ‘ইবা–দী লাইছা লাকা ‘আলাইহিম্ ছুল্‌ত া–নুওঁ (ط) ওয়া কাফা– বিরাব্বিকা ওয়াকীলা– । | |
| তরজমা | নিশ্চয়ই ‘আমার বান্দাদের উপর তোমার কোন ক্ষমতা নাই।’ কর্মবিধায়ক হিসাবে তোমার প্রতিপালকই যথেষ্ট। | |
| | رَبُّكُمُ الَّذِىۡ يُزۡجِىۡ لَـكُمُ الۡـفُلۡكَ فِى الۡبَحۡرِ لِتَبۡتَغُوۡا مِنۡ فَضۡلِهٖ‌ ؕ اِنَّهٗ كَانَ بِكُمۡ رَحِيۡمًا ﴿۶۶﴾ | 66 |
| প্রতিবর্ণায়ন | রাব্বুকুমুল্লায ী ইউঝজী লাকুমুল্ ফুলকা ফিল বাহ রি লিতাব্‌তাগূ মিং ফাদ লিহী (ط) ইন্নাহূ কা–না বিকুম রাহ ীমা– । | |
| তরজমা | তোমাদের প্রতিপালক তিনিই যিনি তোমাদের জন্য সমুদ্রে নৌযান পরিচালিত করেন, যাহাতে তোমরা তাঁহার অনুগ্রহ সন্ধান করিতে পার। তিনি তো তোমাদের প্রতি পরম দয়ালু। | |
| | وَاِذَا مَسَّكُمُ الضُّرُّ فِى الۡبَحۡرِ ضَلَّ مَنۡ تَدۡعُوۡنَ اِلَّاۤ اِيَّاهُ‌ ۚ فَلَمَّا نَجّٰٮكُمۡ اِلَى الۡبَـرِّ اَعۡرَضۡتُمۡ‌ ؕ وَكَانَ الۡاِنۡسَانُ كَفُوۡرًا ﴿۶۷﴾ | 67 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ইয া–মাছ্‌ছাকুমুদ্ দ ুর্‌রু ফিল বাহ রি দ াল্লা মাং তাদ্‌‘উনা ইল্লা˜ ইয়্যা–হু (ج) ফালাম্মা–নাজ্জা–কুম্ ইলাল্ বার্‌রি আ‘রাদ তুম (ط) ওয়া কা–নাল্ ইংছা–নু কাফূরা– । | |
| তরজমা | সমুদ্রে যখন তোমাদেরকে বিপদ স্পর্শ করে তখন কেবল তিনি ব্যতীত অপর যাহাদেরকে তোমরা আহ্বান করিয়া থাক তাহারা অন্তর্হিত হইয়া যায় ; অতঃপর তিনি যখন তোমাদেরকে উদ্ধার করিয়া স্থলে আনেন তখন তোমরা মুখ ফিরাইয়া নাও। মানুষ অতিশয় অকৃতজ্ঞ। | |
| | اَفَاَمِنۡتُمۡ اَنۡ يَّخۡسِفَ بِكُمۡ جَانِبَ الۡبَـرِّ اَوۡ يُرۡسِلَ عَلَيۡكُمۡ حَاصِبًا ثُمَّ لَا تَجِدُوۡا لَـكُمۡ وَكِيۡلًا ۙ‏ ﴿۶۸﴾ | 68 |
| প্রতিবর্ণায়ন | আফাআমিংতুম্ আইঁ ইয়াখ্‌ছিফা বিকুম জা–নিবাল্ বার্‌রি আও ইউর্‌ছিলা ‘আলাইকুম হ া–সিবাং ছু ম্মা লা–তাজিদূ লাকুম ওয়াকীলা– । | |
| তরজমা | তোমরা কি নির্ভয় হইয়াছ যে, তিনি তোমাদেরকেসহ কোন অঞ্চল ধসাইয়া দিবেন না অথবা তোমাদের উপর শিলা বর্ষণকারী ঝঞ্ঝা প্রেরণ করিবেন না ? তখন তোমরা তোমাদের কোন কর্মবিধায়ক পাইবে না। | |
| | اَمۡ اَمِنۡتُمۡ اَنۡ يُّعِيۡدَكُمۡ فِيۡهِ تَارَةً اُخۡرٰى فَيُرۡسِلَ عَلَيۡكُمۡ قَاصِفًا مِّنَ الرِّيۡحِ فَيُغۡرِقَكُمۡ بِمَا كَفَرۡتُمۡ‌ ۙ ثُمَّ لَا تَجِدُوۡا لَـكُمۡ عَلَيۡنَا بِهٖ تَبِيۡعًا‏ ﴿۶۹﴾ | 69 |
| প্রতিবর্ণায়ন | আম্ আমিংতুম্ আইঁ ইউ‘ঈদাকুম্ ফীহি তা–রাতান্ উখ্‌রা– ফাইউর্‌ছিলা ‘আলাইকুম ক াসিফাম মিনার্ রীহি ফাইউগরিক াকুম্ বিমা–কাফারতুম্ ছু ম্মা লা–তাজিদূ লাকুম্ ‘আলাইনা বিহী তাবী‘আ– । | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | অথবা তোমরা কি নির্ভয় হইয়াছ যে, তিনি তোমাদেরকে আর একবার সমুদ্রে লইয়া যাইবেন না এবং তোমাদের বিরুদ্ধে প্রচণ্ড ঝটিকা পাঠাইবেন না এবং তোমাদের কুফরী করার জন্য তোমাদেরকে নিমজ্জিত করিবেন না ? তখন তোমরা এ বিষয়ে আমার বিরুদ্ধে কোন সাহায্যকারী পাইবে না। | |
| | وَلَقَدْ كَرَّمْنَا بَنِيٓ اٰدَمَ وَحَمَلْنٰهُمْ فِي الْبَرِّ وَالْبَحْرِ وَرَزَقْنٰهُمْ مِّنَ الطَّيِّبٰتِ وَفَضَّلْنٰهُمْ عَلٰى كَثِيْرٍ مِّمَّنْ خَلَقْنَا تَفْضِيْلًا ﴿٧٠﴾ | 70 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালাক 'াদ কাররাম্না-বানী˜ আ-দামা ওয়া হ 'ামাল্না-হুম ফিল বার্রি ওয়াল বাহ 'রি ওয়া রাঝাক্ 'না হুম মিনাত্ 'ত 'াইয়িবা-তি ওয়া ফাদ্দ 'াল্না-হুম্ 'আলা কাছ ' ীরিম্ মিম্মান্ খালাক 'না-তাফদ ' ীলা- । | |
| *তরজমা* | আমি তো আদমসন্তানকে মর্যাদা দান করিয়াছি; স্থলে ও সমুদ্রে উহাদের চলাচলের বাহন দিয়াছি; উহাদেরকে উত্তম রিযিক দান করিয়াছি এবং আমি যাহাদেরকে সৃষ্টি করিয়াছি তাহাদের অনেকের উপর উহাদেরকে শ্রেষ্ঠত্ব দিয়াছি। | |
| | يَوْمَ نَدْعُوْا كُلَّ اُنَاسٍۭ بِاِمَامِهِمْ ۚ فَمَنْ اُوْتِيَ كِتٰبَهٗ بِيَمِيْنِهٖ فَاُولٰٓئِكَ يَقْرَءُوْنَ كِتٰبَهُمْ وَلَا يُظْلَمُوْنَ فَتِيْلًا ﴿٧١﴾ | 71 |
| *প্রতিবর্ণায়ন* | ইয়াওমা নাদ্'উ কুল্লা উনা-ছিম্ বিইমা-মিহিম (ج) ফামান উতিয়া কিতা-বাহূ বিইয়ামীনিহী ফাউলা~ইকা ইয়াক 'রাউনা কিতা-বাহুম ওয়ালা-ইউজ 'লামূনা ফাতীলা- । | |
| *তরজমা* | স্মরণ কর, সেই দিনকে যখন আমি প্রত্যেক সম্প্রদায়কে উহাদের নেতাসহ আহবান করিব। যাহাদের দক্ষিণ হস্তে তাহাদের আমলনামা দেওয়া হইবে, তাহারা তাহাদের আমলনামা পাঠ করিবে এবং তাহাদের উপর সামান্য পরিমাণও জুলুম করা হইবে না। | |
| | وَمَنْ كَانَ فِيْ هٰذِهٖٓ اَعْمٰى فَهُوَ فِي الْاٰخِرَةِ اَعْمٰى وَاَضَلُّ سَبِيْلًا ﴿٧٢﴾ | 72 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া মাং কা-না ফী হা-যি 'হী˜ আ'মা-ফাহুওয়া ফিল আ-খিরাতি আ'মা- ওয়া আদ 'াল্লু ছাবীলা- । | |
| *তরজমা* | আর যে ব্যক্তি এইখানে অন্ধ সে আখিরাতেও অন্ধ এবং অধিকতর পথভ্রষ্ট। | |
| | وَاِنْ كَادُوْا لَيَفْتِنُوْنَكَ عَنِ الَّذِيْٓ اَوْحَيْنَآ اِلَيْكَ لِتَفْتَرِيَ عَلَيْنَا غَيْرَهٗ ۖ وَاِذًا لَّاتَّخَذُوْكَ خَلِيْلًا ﴿٧٣﴾ | 73 |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইং কা–দূ লাইয়াফতিনূনাকা ‘আনিল্লাযী~ আওহা'ইনা~ ইলাইকা লিতাফতারিয়া ‘আলাইনা– গাইরাহূ (ق) ওয়া ইযা'ল্লাত্তাখযূ'কা খালীলা– । | |
| *তরজমা* | আমি তোমার প্রতি যাহা প্রত্যাদেশ করিয়াছি তাহা হইতে উহারা পদস্খলন ঘটাইবার চেষ্টা প্রায় চূড়ান্ত করিয়াছিল যাহাতে তুমি আমার সম্বন্ধে উহার বিপরীত মিথ্যা উদ্ভাবন কর; তবেই উহারা অবশ্যই তোমাকে বন্ধুরূপে গ্রহণ করিত। | |
| | وَلَوْلَآ اَنْ ثَبَّتْنٰكَ لَقَدْ كِدْتَّ تَرْكَنُ اِلَيْهِمْ شَيْـًٔا قَلِيْلًا ﴿٧٤﴾ | 74 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাওলা~ আং ছা'ব্বাত্না–কা লাক'াদ্ কিত্তা তার্কানু ইলাইহিম শাইআং ক'ালীলা– । | |
| *তরজমা* | আমি তোমাকে অবিচলিত না রাখিলে তুমি উহাদের দিকে প্রায় কিছুটা ঝুঁকিয়া পড়িতে; | |
| | اِذًا لَّاَذَقْنٰكَ ضِعْفَ الْحَيٰوةِ وَضِعْفَ الْمَمَاتِ ثُمَّ لَا تَجِدُ لَكَ عَلَيْنَا نَصِيْرًا ﴿٧٥﴾ | 75 |
| *প্রতিবর্ণায়ন* | ইযা'ল্লাআয'াক'না–কা দি''ফাল হ'ায়া–তি ওয়া দি''ফাল মামা–তি ছু'ম্মা লা–তাজিদু লাকা ‘আলাইনা– নাসীরা– । | |
| *তরজমা* | তাহা হইলে অবশ্যই তোমাকে ইহজীবনে দ্বিগু ণ ও পরজীবনে দ্বিগু ণ শাস্তি আস্বাদন করাইতাম; তখন আমার বিরুদ্ধে তোমার জন্য কোন সাহায্যকারী পাইতে না। | |
| | وَاِنْ كَادُوْا لَيَسْتَفِزُّوْنَكَ مِنَ الْاَرْضِ لِيُخْرِجُوْكَ مِنْهَا وَاِذًا لَّا يَلْبَثُوْنَ خِلٰفَكَ اِلَّا قَلِيْلًا ﴿٧٦﴾ | 76 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইং কা–দূ লাইয়াছতাফিঝঝূনাকা মিনাল্ আর্দি' লিইউখ্রিজূকা মিন্হা– ওয়া ইয' াল্লা ইয়াল্বাছূ'না খিলা–ফাকা ইল্লা– ক'ালীলা– । | |
| *তরজমা* | উহারা তোমাকে দেশ হইতে উৎখাত করিবার চূড়ান্ত চেষ্টা করিয়াছিল তোমাকে সেথা হইতে বহিষ্কার করিবার জন্য; তাহা হইলে তোমার পর উহারাও সেখানে অল্পকাল টিকিয়া থাকিত। | |
| | سُنَّةَ مَنْ قَدْ اَرْسَلْنَا قَبْلَكَ مِنْ رُّسُلِنَا وَلَا تَجِدُ لِسُنَّتِنَا تَحْوِيْلًا ﴿٧٧﴾ | 77 |
| *প্রতিবর্ণায়ন* | ছুন্নাতা মাং ক'াদ আর্ছালনা– ক'াব্লাকা মির্রুছুলিনা– ওয়ালা– তাজিদু লিছুন্নাতিনা–তাহ'ব'ীলা। | |
| *তরজমা* | আমার রাসূলগণের মধ্যে তোমার পূর্বে যাহাদেরকে পাঠাইয়াছিলাম তাহাদের ক্ষেত্রেও ছিল এইরূপ নিয়ম এবং তুমি আমার নিয়মের কোন পরিবর্তন পাইবে না। | |
| | اَقِمِ الصَّلٰوةَ لِدُلُوْكِ الشَّمْسِ اِلٰى غَسَقِ الَّيْلِ وَقُرْاٰنَ الْفَجْرِ ؕ اِنَّ قُرْاٰنَ الْفَجْرِ كَانَ مَشْهُوْدًا ﴿٧٨﴾ | 78 |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| প্রতিবর্ণায়ন | আকি`মিস্‌সালা–তা লিদুলূকিশ্‌শাম্‌ছি ইলা– গাছাকি`ল্লাইলি ওয়া কু`র্‌আ–নাল ফাজরি (ط) ইন্না কু`রআ–নাল ফাজরি কা–না মাশ্‌হূদা– । | |
| তরজমা | সূর্য হেলিয়া পড়িবার পর হইতে রাত্রির ঘন অন্ধকার পর্যন্ত সালাত কায়েম করিবে এবং কায়েম করিবে ফজরের সালাত। নিশ্চয়ই ফজরের সালাত উপস্থিতির সময়। | |
| | وَمِنَ الَّيْلِ فَتَهَجَّدْ بِهٖ نَافِلَةً لَّكَ ۖ عَسٰٓى اَنْ يَّبْعَثَكَ رَبُّكَ مَقَامًا مَّحْمُوْدًا ۝٧٩ | 79 |
| প্রতিবর্ণায়ন | ওয়া মিনাল্লাইলি ফাতাহাজ্জাদ বিহী নাফিলাতাল্লাকা (ق) ‘আছা˜ আইঁ ইয়াব্‌‘আছ`াকা রাব্বুকা মাক`া–মাম মাহ`মূদা– । | |
| তরজমা | এবং রাত্রির কিছু অংশে তাহাজ্জুদ কায়েম করিবে, ইহা তোমার এক অতিরিক্ত কর্তব্য। আশা করা যায় তোমার প্রতিপালক তোমাকে প্রতিষ্ঠিত করিবেন প্রশংসিত স্থানে। | |
| | وَقُلْ رَّبِّ اَدْخِلْنِىْ مُدْخَلَ صِدْقٍ وَّاَخْرِجْنِىْ مُخْرَجَ صِدْقٍ وَّاجْعَلْ لِّىْ مِنْ لَّدُنْكَ سُلْطٰنًا نَّصِيْرًا ۝٨٠ | 80 |
| প্রতিবর্ণায়ন | ওয়া কু`র্‌রাব্বি আদ্‌খিল্‌নী মুদ্‌খালা সিদকি`ওঁ ওয়া আখরিজনী মুখরাজা সিদ্‌কি`ওঁ ওয়াজ‘আলনী মিল্লাদুংকা ছুল্‌ত`া–নান্‌ নাসীরা– । | |
| তরজমা | বল, ‘হে আমার প্রতিপালক! আমাকে প্রবেশ করাও কল্যাণের সঙ্গে এবং আমাকে নিষ্ক্রান্ত করাও কল্যাণের সঙ্গে এবং তোমার নিকট হইতে আমাকে দান করিও সাহায্যকারী শক্তি।’ | |
| | وَقُلْ جَآءَ الْحَقُّ وَزَهَقَ الْبَاطِلُ ۭ اِنَّ الْبَاطِلَ كَانَ زَهُوْقًا ۝٨١ | 81 |
| প্রতিবর্ণায়ন | ওয়া কু`ল জা~আল্‌ হা`ক্কু` ওয়া ঝাহাক`াল বা–তি`লু (ط) ইন্নাল বা–তি`লা কা–না ঝাহূক`া– । | |
| তরজমা | এবং বল, ‘সত্য আসিয়াছে এবং মিথ্যা বিলুপ্ত হইয়াছে;’ মিথ্যা তো বিলুপ্ত হইবারই। | |
| | وَنُنَزِّلُ مِنَ الْقُرْاٰنِ مَا هُوَ شِفَآءٌ وَّرَحْمَةٌ لِّلْمُؤْمِنِيْنَ ۙ وَلَا يَزِيْدُ الظّٰلِمِيْنَ اِلَّا خَسَارًا ۝٨٢ | 82 |
| প্রতিবর্ণায়ন | ওয়া নুনাঝঝিলু মিনাল্‌ কু`র্‌আ–নি মা হুওয়া শিফা~উওঁ ওয়া রাহ`মাতুল্‌ লিলমু’মিনীনা ওয়ালা– ইয়াঝীদুজ্‌`জ`া–লিমীনা ইল্লা–খাছা–রা– । | |
| তরজমা | আমি অবতীর্ণ করি কুরআন, যাহা মু’মিনদের জন্য আরোগ্য ও রহমত, কিন্তু উহা জালিমদের ক্ষতিই বৃদ্ধি করে। | |
| | وَاِذَآ اَنْعَمْنَا عَلَى الْاِنْسَانِ اَعْرَضَ وَنَاٰ بِجَانِبِهٖ ۚ وَاِذَا مَسَّهُ الشَّرُّ كَانَ يَـُٔوْسًا ۝٨٣ | 83 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ইযা`˜ আন‘আম্‌না– ‘আলাল্‌ ইংছা–নি আ‘রাদ`া– ওয়া নাআ–বিজা–নিবিহী (ج) ওয়া ইযা`– মাছ্‌ছাহুশ্‌ শাররু কা–না ইয়াঊছা– । | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | আমি যখন মানুষের প্রতি অনুগ্রহ করি তখন সে মুখ ফিরাইয়া নেয় ও দূরে সরিয়া যায় এবং তাহাকে অনিষ্ট স্পর্শ করিলে সে একেবারে হতাশ হইয়া পড়ে। | |
| | قُلْ كُلٌّ يَّعْمَلُ عَلٰى شَاكِلَتِهٖ ؕ فَرَبُّكُمْ اَعْلَمُ بِمَنْ هُوَ اَهْدٰى سَبِيْلًا ﴿۸۴﴾ | 84 |
| প্রতিবর্ণায়ন | কু ̇ল্ কুল্লুইঁ ইয়া‘মালু ‘আলা–শা–কিলাতিহী (ط) ফারাব্বুকুম্ আ‘লামু বিমান্ হুওয়া আহদা–ছাবীলা– । | |
| তরজমা | বল, ‘প্রত্যেকেই নিজ প্রকৃতি অনুযায়ী কাজ করিয়া থাকে এবং তোমার প্রতিপালক সম্যক অবগত আছেন চলার পথে কে সর্বাপেক্ষা নির্ভুল।’ | |
| | وَيَسْـَٔلُوْنَكَ عَنِ الرُّوْحِ ؕ قُلِ الرُّوْحُ مِنْ اَمْرِ رَبِّيْ وَمَاۤ اُوْتِيْتُمْ مِّنَ الْعِلْمِ اِلَّا قَلِيْلًا ﴿۸۵﴾ | 85 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ইয়াছ্আলূনাকা ‘আনির্ রূহি ̇(ط) কু ̇লির্ রূহু ̇ মিন্ আম্‌রি রাব্বী ওয়ামা~ উতীতুম্ মিনাল্ ‘ইল্‌মি ইল্লা– ক ̇লীলা– । | |
| তরজমা | তোমাকে উহারা রূহ্ সম্পর্কে প্রশ্ন করে। বল, ‘রূহ্ আমার প্রতিপালকের আদেশঘটিত এবং তোমাদেরকে জ্ঞান দেওয়া হইয়াছে সামান্যই।’ | |
| | وَلَئِنْ شِئْنَا لَنَذْهَبَنَّ بِالَّذِيْۤ اَوْحَيْنَاۤ اِلَيْكَ ثُمَّ لَا تَجِدُ لَكَ بِهٖ عَلَيْنَا وَكِيْلًا ﴿۸۶﴾ | 86 |
| প্রতিবর্ণায়ন | ওয়া লাইং শি’না– লানায ̇হাবান্না বিল্লায ̇ী~ আওহ ̇ইনা~ ইলাইকা ছু ̇ম্মা লা–তাজিদু লাকা বিহী ‘আলাইনা– ওয়াকীলা– । | |
| তরজমা | ইচ্ছা করিলে আমি তোমার প্রতি যাহা ওহী করিয়াছি তাহা অবশ্যই প্রত্যাহার করিতে পারিতাম; তাহা হইলে এই বিষয়ে তুমি আমার বিরুদ্ধে কোন কর্মবিধায়ক পাইতে না। | |
| | اِلَّا رَحْمَةً مِّنْ رَّبِّكَ ؕ اِنَّ فَضْلَهٗ كَانَ عَلَيْكَ كَبِيْرًا ﴿۸۷﴾ | 87 |
| প্রতিবর্ণায়ন | ইল্লা– রাহ ̇মাতাম্ মির্‌রাব্বিকা (ط) ইন্না ফাদ ̇লাহূ কা–না ‘আলাইকা কাবীরা– । | |
| তরজমা | ইহা প্রত্যাহার না করা তোমার প্রতিপালকের দয়া; তোমার প্রতি আছে তাঁহার মহাঅনুগ্রহ। | |
| | قُلْ لَّئِنِ اجْتَمَعَتِ الْاِنْسُ وَالْجِنُّ عَلٰۤى اَنْ يَّاْتُوْا بِمِثْلِ هٰذَا الْقُرْاٰنِ لَا يَاْتُوْنَ بِمِثْلِهٖ وَلَوْ كَانَ بَعْضُهُمْ لِبَعْضٍ ظَهِيْرًا ﴿۸۸﴾ | 88 |
| প্রতিবর্ণায়ন | ক ̇ুল লাইনিজ তামা‘আতিল্ ইংছু ওয়াল্ জিন্নু ‘আলা~ আইঁ ইয়া’তূ বিমিছ ̇লি হা–য ̇াল কু ̇র্‌আ–নি লা–ইয়া’তূনা বিমিছ ̇লিহী ওয়া লাও কা–না বা‘দু ̇হুম্ লিবা‘দি ̇ং জ ̇াহীরা– । | |
| তরজমা | বল, ‘যদি কুরআনের অনুরূপ কুরআন আনয়নের জন্য মানুষ ও জিন সমবেত হয় এবং যদিও তাহারা পরস্পরকে সাহায্য করে তবুও তাহারা ইহার অনুরূপ আনয়ন করিতে পারিবে না। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | وَلَقَدْ صَرَّفْنَا لِلنَّاسِ فِي هَٰذَا الْقُرْآنِ مِن كُلِّ مَثَلٍ فَأَبَىٰ أَكْثَرُ النَّاسِ إِلَّا كُفُورًا ﴿٨٩﴾ | 89 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাক াদ্ সার্‌রাফ্না-লিন্না-ছি ফী হা-য াল্ কু রআ-নি মিং কুল্লি মাছ ালিং, ফাআবা˜ আক্‌ছ ারুন্না-ছি ইল্লা- কুফূরা- । | |
| *তরজমা* | 'আর অবশ্যই আমি মানুষের জন্য এই কুরআনে বিভিন্ন উপমা বিশদভাবে বর্ণনা করিয়াছি; কিন্তু অধিকাংশ মানুষ কুফ্‌রী করা ব্যতীত ক্ষান্ত হইল না।' | |
| | وَقَالُوا لَن نُّؤْمِنَ لَكَ حَتَّىٰ تَفْجُرَ لَنَا مِنَ الْأَرْضِ يَنبُوعًا ﴿٩٠﴾ | 90 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ক া-লূ লান নু'মিনা লাকা হ াত্তা-তাফ্‌জুরা লানা-মিনাল্ আর্‌দি ইয়ামবূ'আ- । | |
| *তরজমা* | এবং উহারা বলে, 'আমরা কখনই তোমাতে ঈমান আনিব না, যতক্ষণ না তুমি আমাদের জন্য ভূমি হইতে এক প্রস্রবণ উৎসারিত করিবে, | |
| | أَوْ تَكُونَ لَكَ جَنَّةٌ مِّن نَّخِيلٍ وَعِنَبٍ فَتُفَجِّرَ الْأَنْهَارَ خِلَالَهَا تَفْجِيرًا ﴿٩١﴾ | 91 |
| *প্রতিবর্ণায়ন* | আও তাকূনা লাকা জান্নাতুম্ মিন্ নাখীলিওঁ ওয়া 'ইনাবিং ফাতুফাজ্জিরাল্ আন্‌হা-রা খিলা-লাহা-তাফ্‌জীরা- । | |
| *তরজমা* | 'অথবা তোমার খেজুরের ও আঙ্গুরের এক বাগান হইবে যাহার ফাঁকে ফাঁকে তুমি অজস্র ধারায় প্রবাহিত করিয়া দিবে নদী-নালা। | |
| | أَوْ تُسْقِطَ السَّمَاءَ كَمَا زَعَمْتَ عَلَيْنَا كِسَفًا أَوْ تَأْتِيَ بِاللَّهِ وَالْمَلَائِكَةِ قَبِيلًا ﴿٩٢﴾ | 92 |
| *প্রতিবর্ণায়ন* | আও তুছ্‌কি ত াছ্‌ছামা~আ কামা-ঝা'আম্‌তা 'আলাইনা- কিছাফান্ আও তা'তিয়া বিল্লা-হি ওয়াল্ মালা~ইকাতি ক াবীলা- । | |
| *তরজমা* | 'অথবা তুমি যেমন বলিয়া থাক, তদনুযায়ী আকাশকে খণ্ড-বিখণ্ড করিয়া আমাদের উপর ফেলিবে, অথবা আল্লাহ্ ও ফিরিশ্‌তাগণকে আমাদের সম্মুখে উপস্থিত করিবে, | |
| | أَوْ يَكُونَ لَكَ بَيْتٌ مِّن زُخْرُفٍ أَوْ تَرْقَىٰ فِي السَّمَاءِ وَلَن نُّؤْمِنَ لِرُقِيِّكَ حَتَّىٰ تُنَزِّلَ عَلَيْنَا كِتَابًا نَّقْرَؤُهُ قُلْ سُبْحَانَ رَبِّي هَلْ كُنتُ إِلَّا بَشَرًا رَّسُولًا ﴿٩٣﴾ | 93 |
| *প্রতিবর্ণায়ন* | আও ইয়াকূনা লাকা বাইতুম্ মিং ঝুখ্‌রুফিন্ আও তার্‌ক া- ফিছ্‌ছামা~ই (ط) ওয়ালান্ নু'মিনা লিরুকি ইইকা হ াত্তা- তুনাঝঝিলা 'আলাইনা- কিতা-বান নাক রাউহূ (ط) কু ল্ ছুব্‌হ া-না রাব্বী হাল্ কুংতু ইল্লা-বাশারার্ রাছূলা- । | |
| *তরজমা* | 'অথবা তোমার একটি স্বর্ণ নির্মিত গৃহ হইবে, অথবা তুমি আকাশে আরোহণ করিবে, কিন্তু তোমার আকাশ আরোহণে আমরা কখনও ঈমান আনিব না যতক্ষণ তুমি আমাদের প্রতি এক কিতাব অবতীর্ণ না করিবে যাহা আমরা পাঠ করিব।' বল, 'পবিত্র মহান আমার প্রতিপালক! আমি তো হইতেছি কেবল একজন মানুষ, একজন রাসূল।' | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | وَمَا مَنَعَ النَّاسَ اَنۡ يُّؤۡمِنُوۡۤا اِذۡ جَآءَهُمُ الۡهُدٰٓى اِلَّاۤ اَنۡ قَالُوۡۤا اَبَعَثَ اللّٰهُ بَشَرًا رَّسُوۡلًا ﴿۹۴﴾ | **94** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা– মানা‘আন্না–ছা আইঁ ইউ’মিনূ˜ ইয˙ জা~আহুমুল্ হুদা˜ ইল্লা˜আং ক˙া–লূ˜ আবা‘আছ˙াল্লা–হু বাশারার্ রাছূলা– । | |
| *তরজমা* | যখন উহাদের নিকট আসে পথনির্দেশ তখন লোকদেরকে ঈমান আনা হইতে বিরত রাখে উহাদের এই উক্তি, ‘আল্লাহ্ কি মানুষকে রাসূল করিয়া পাঠাইয়াছেন ?’ | |
| | قُلۡ لَّوۡ كَانَ فِى الۡاَرۡضِ مَلٰٓـئِكَةٌ يَّمۡشُوۡنَ مُطۡمَـئِنِّيۡنَ لَـنَزَّلۡنَا عَلَيۡهِمۡ مِّنَ السَّمَآءِ مَلَكًا رَّسُوۡلًا ﴿۹۵﴾ | **95** |
| *প্রতিবর্ণায়ন* | কু˙ল্লাও কা–না ফিল্ আর্‌দি˙ মালা~ইকাতুইঁ ইয়াম্‌শূনা মুত˙মাইন্নীনা লানাঝঝাল্‌না– ‘আলাইহিম্ মিনাছ্‌ছামা~ই মালাকার্ রাছূলা– । | |
| *তরজমা* | বল, ‘ফিরিশ্‌তাগণ যদি নিশ্চিন্ত হইয়া পৃথিবীতে বিচরণ করিত তবে আমি আকাশ হইতে উহাদের নিকট অবশ্যই ফিরিশ্‌তা রাসূল করিয়া পাঠাইতাম।’ | |
| | قُلۡ كَفٰى بِاللّٰهِ شَهِيۡدًۢا بَيۡنِىۡ وَبَيۡنَكُمۡ ؕ اِنَّهٗ كَانَ بِعِبَادِهٖ خَبِيۡرًۢا بَصِيۡرًا ﴿۹۶﴾ | **96** |
| *প্রতিবর্ণায়ন* | কু˙ল্ কাফা– বিল্লা–হি শাহীদাম বাইনী ওয়া বাইনাকুম্ (ط) ইন্নাহূ কা–না বি‘ইবা–দিহী খাবীরাম্ বাসীরা– । | |
| *তরজমা* | বল, ‘আমার ও তোমাদের মধ্যে সাক্ষী হিসাবে আল্লাহ্‌ই যথেষ্ট; তিনি তো তাঁহার বান্দাদেরকে সবিশেষ জানেন ও দেখেন।’ | |
| | وَمَنۡ يَّهۡدِ اللّٰهُ فَهُوَ الۡمُهۡتَدِ ۚ وَمَنۡ يُّضۡلِلۡ فَلَنۡ تَجِدَ لَهُمۡ اَوۡلِيَآءَ مِنۡ دُوۡنِهٖ ؕ وَنَحۡشُرُهُمۡ يَوۡمَ الۡقِيٰمَةِ عَلٰى وُجُوۡهِهِمۡ عُمۡيًا وَّبُكۡمًا وَّصُمًّا ؕ مَاۡوٰٮهُمۡ جَهَنَّمُ ؕ كُلَّمَا خَبَتۡ زِدۡنٰهُمۡ سَعِيۡرًا ﴿۹۷﴾ | **97** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া মাইঁ ইয়াহদিল্লা–হু ফাহুওয়াল্ মুহতাদি (ج) ওয়ামাইঁ ইউদ˙লিল্ ফালাং তাজিদা লাহুম্ আওলিয়া~আ মিং দূনিহী (ط) ওয়ানাহ˙শুরুহুম্ ইয়াওমাল কি˙য়া–মাতি ‘আলা–ওজূহিহিম্ ‘উম্‌ইয়াওঁ ওয়া বুক্‌মাওঁ ওয়া সুম্মাম (ط) মা’ওয়া–হুম্ জাহান্নামু (ط) কুল্লামা–খাবাত্ ঝিদ্‌না–হুম্ ছা‘ঈরা– । | |
| *তরজমা* | আল্লাহ্ যাহাদেরকে পথনির্দেশ করেন তাহারা তো পথপ্রাপ্ত এবং যাহাদেরকে তিনি পথভ্রষ্ট করেন তুমি কখনই তাঁহাকে ব্যতীত অন্য কাহাকেও উহাদের অভিভাবক পাইবে না। কিয়ামতের দিন আমি উহাদেরকে সমবেত করিব উহাদের মুখে ভর দিয়া চলা অবস্থায় অন্ধ, মূক ও বধির করিয়া। উহাদের আবাসস্থল জাহান্নাম; যখনই উহা স্তিমিত হইবে আমি তখনই উহাদের জন্য অগ্নিশিখা বৃদ্ধি করিয়া দিব। | |
| | ذٰلِكَ جَزَآؤُهُمۡ بِاَنَّهُمۡ كَفَرُوۡا بِاٰيٰتِنَا وَقَالُوۡۤا ءَاِذَا كُنَّا عِظَامًا وَّرُفَاتًا ءَاِنَّا لَمَبۡعُوۡثُوۡنَ خَلۡقًا جَدِيۡدًا ﴿۹۸﴾ | **98** |

| --- | --- | --- |
| *প্রতিবর্ণায়ন* | যা–লিকা জাঝা~উহুম্ বিআন্নাহুম্ কাফারূ বিআ–য়া–তিনা– ওয়াকা–লূ~ আইযা– কুন্না– ‘ইজা–মাওঁ ওয়া রুফা–তান্ আইন্না– লামাব্‘উছূনা খাল্কাং জাদীদা– । | |
| *তরজমা* | ইহাই উহাদের প্রতিফল, কারণ উহারা আমার নিদর্শন অস্বীকার করিয়াছিল ও বলিয়াছিল, ‘অস্থিতে পরিণত ও চূর্ণ-বিচূর্ণ হইলেও আমরা কি নূতন সৃষ্টিরূপে পুনরুত্থিত হইব ?’ | |
| | اَوَلَمۡ يَرَوۡا اَنَّ اللّٰهَ الَّذِىۡ خَلَقَ السَّمٰوٰتِ وَالۡاَرۡضَ قَادِرٌ عَلٰۤى اَنۡ يَّخۡلُقَ مِثۡلَهُمۡ وَجَعَلَ لَهُمۡ اَجَلًا لَّا رَيۡبَ فِيۡهِ ؕ فَاَبَى الظّٰلِمُوۡنَ اِلَّا كُفُوۡرًا ﴿۹۹﴾ | 99 |
| *প্রতিবর্ণায়ন* | আওয়া লাম্ ইয়ারাও আন্নাল্লা–হাল্লাযী খালাক্বাছ্ছামা–ওয়া–তি ওয়াল্ আর্দ্বা ক্বা–দিরুন্ ‘আলা~ আইঁ ইয়াখ্লুক্বা মিছ্লাহুম্ ওয়া জা‘আলা লাহুম্ আজালাল্ লা–রাইবা ফীহি (ط) ফাআবাজ্জা–লিমূনা ইল্লা– কুফূরা– । | |
| *তরজমা* | উহারা কি লক্ষ্য করে না যে, আল্লাহ্, যিনি আকাশমণ্ডলী ও পৃথিবী সৃষ্টি করিয়াছেন তিনি উহাদের অনুরূপ সৃষ্টি করিতে ক্ষমতাবান ? তিনি উহাদের জন্য স্থির করিয়াছেন এক নির্দিষ্ট কাল, যাহাতে কোন সন্দেহ নাই। তথাপি সীমালংঘনকারীরা কুফরী করা ব্যতীত ক্ষান্ত হইল না। | |
| | قُلۡ لَّوۡ اَنۡتُمۡ تَمۡلِكُوۡنَ خَزَآئِنَ رَحۡمَةِ رَبِّىۡۤ اِذًا لَّاَمۡسَكۡتُمۡ خَشۡيَةَ الۡاِنۡفَاقِ ؕ وَكَانَ الۡاِنۡسَانُ قَتُوۡرًا ﴿۱۰۰﴾ | 100 |
| *প্রতিবর্ণায়ন* | ক্বুল্লাও আংতুম্ তাম্লিকূনা খাঝা~ইনা রাহ্মাতি রাব্বী~ ইযাল্লাআম্ছাক্তুম্ খাশ্ইয়াতাল্ ইংফা–ক্বি (ط) ওয়া কা–নাল্ ইংছা–নু ক্বাতূরা– । | |
| *তরজমা* | বল, ‘যদি তোমরা আমার প্রতিপালকের দয়ার ভাণ্ডারের অধিকারী হইতে, তবুও ‘ব্যয় হইয়া যাইবে’ এই আশংকায় তোমরা উহা ধরিয়া রাখিতে; মানুষ তো অতিশয় কৃপণ।’ | |
| | وَلَقَدۡ اٰتَيۡنَا مُوۡسٰى تِسۡعَ اٰيٰتٍۢ بَيِّنٰتٍ فَسۡـَٔلۡ بَنِىۡۤ اِسۡرَآءِيۡلَ اِذۡ جَآءَهُمۡ فَقَالَ لَهٗ فِرۡعَوۡنُ اِنِّىۡ لَاَظُنُّكَ يٰمُوۡسٰى مَسۡحُوۡرًا ﴿۱۰۱﴾ | 101 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাক্বাদ্ আ–তাইনা–মূছা–তিছ্‘আ আ–য়া–তিম বাইয়িনা–তিং ফাছ্আল্ বানী~ ইছ্রা~ঈলা ইয্ জা~আহুম্ ফাক্বা–লা লাহূ ফির্‘আউনু ইন্নী লাআজুন্নুকা ইয়া–মূছা– মাছ্হূরা– । | |
| *তরজমা* | তুমি বনী ইস্রাঈলকে জিজ্ঞাসা করিয়া দেখ আমি মূসাকে নয়টি স্পষ্ট নিদর্শন দিয়াছিলাম; যখন সে তাহাদের নিকট আসিয়াছিল, ফির‘আওন তাহাকে বলিয়াছিল, ‘হে মূসা! আমি মনে করি তুমি তো জাদুগ্রস্ত।’ | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| | قَالَ لَقَدْ عَلِمْتَ مَآ أَنزَلَ هَٰٓؤُلَآءِ إِلَّا رَبُّ ٱلسَّمَٰوَٰتِ وَٱلْأَرْضِ بَصَآئِرَ وَإِنِّى لَأَظُنُّكَ يَٰفِرْعَوْنُ مَثْبُورًا ﴿١٠٢﴾ | 102 |
| প্রতিবর্ণায়ন | ক'া-লা লাক'াদ্ 'আলিমতা মা˜ আংঝালা হা˜উলা~ই ইল্লা- রাব্বুছ্ছামা-ওয়া-তি ওয়াল্ আর্দি' বাসা~ইরা (ج) ওয়া ইন্নী লাআজু'ন্নুকা ইয়া-ফির'আওনু মাছ্'বূরা- । | |
| তরজমা | মূসা বলিয়াছিল, 'তুমি অবশ্যই অবগত আছ যে, এই সমস্ত স্পষ্ট নিদর্শন আকাশমণ্ডলী ও পৃথিবীর প্রতিপালকই অবতীর্ণ করিয়াছেন-প্রত্যক্ষ প্রমাণস্বরূপ। হে ফির'আওন! আমি তো দেখিতেছি তোমার ধ্বংস আসন্ন!' | |
| | فَأَرَادَ أَن يَسْتَفِزَّهُم مِّنَ ٱلْأَرْضِ فَأَغْرَقْنَٰهُ وَمَن مَّعَهُۥ جَمِيعًا ﴿١٠٣﴾ | 103 |
| প্রতিবর্ণায়ন | ফাআরা-দা আইঁ ইয়াছ্তাফিঝ্ঝাহুম্ মিনাল্ আর্দি' ফাআগরাক'না-হু ওয়া মাম্ মা'আহূ জামী'আ- । | |
| তরজমা | অতঃপর ফির'আওন তাহাদেরকে দেশ হইতে উচ্ছেদ করিবার সংকল্প করিল; তখন আমি ফির'আওন ও তাহার সঙ্গীদের সকলকে নিমজ্জিত করিলাম। | |
| | وَقُلْنَا مِنۢ بَعْدِهِۦ لِبَنِىٓ إِسْرَٰٓءِيلَ ٱسْكُنُوا۟ ٱلْأَرْضَ فَإِذَا جَآءَ وَعْدُ ٱلْءَاخِرَةِ جِئْنَا بِكُمْ لَفِيفًا ﴿١٠٤﴾ | 104 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ক'ুল্না-মিম্ বা'দিহী লিবানী˜ ইছ্রা~ঈলাছ্কুনুল্ আর্দা'া ফাইযা'- জা~আ ওয়া'দুল্ আ-খিরাতী জি'না- বিকুম্ লাফীফা- । | |
| তরজমা | ইহার পর আমি বনী ইস্রাঈলকে বলিলাম, 'তোমরা ভূপৃষ্ঠে বসবাস কর এবং যখন কিয়ামতের প্রতিশ্রুতি বাস্তবায়িত হইবে তখন তোমাদের সকলকে আমি একত্র করিয়া উপস্থিত করিব। | |
| | وَبِٱلْحَقِّ أَنزَلْنَٰهُ وَبِٱلْحَقِّ نَزَلَ ۗ وَمَآ أَرْسَلْنَٰكَ إِلَّا مُبَشِّرًا وَنَذِيرًا ﴿١٠٥﴾ | 105 |
| প্রতিবর্ণায়ন | ওয়া বিল্হ'াক্কি' আংঝাল্না-হু ওয়া বিলহ'াক্কি' নাঝালা (ج) ওয়ামা˜ আর্ছাল্না-কা ইল্লা- মুবাশ্শিরাওঁ ওয়া নাযি'রা- । | |
| তরজমা | আমি সত্যসহই কুরআন অবতীর্ণ করিয়াছি এবং উহা সত্যসহই অবতীর্ণ হইয়াছে। আমি তো তোমাকে কেবল সুসংবাদদাতা ও সতর্ককারীরূপে প্রেরণ করিয়াছি। | |
| | وَقُرْءَانًا فَرَقْنَٰهُ لِتَقْرَأَهُۥ عَلَى ٱلنَّاسِ عَلَىٰ مُكْثٍ وَنَزَّلْنَٰهُ تَنزِيلًا ﴿١٠٦﴾ | 106 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ক'ুরআ-নাং ফারাক'না-হু লিতাক'রাআহূ 'আলান্না-ছি 'আলা- মুক্ছি'ওঁ ওয়া নাঝঝাল্না-হু তাংঝীলা- । | |

| --- | --- | --- |
| *তরজমা* | আমি কুরআন অবতীর্ণ করিয়াছি খণ্ড খণ্ডভাবে যাহাতে তুমি উহা মানুষের নিকট পাঠ করিতে পার ক্রমে ক্রমে এবং আমি উহা ক্রমশ অবতীর্ণ করিয়াছি। | |
| | قُلْ اٰمِنُوْا بِهٖۤ اَوْ لَا تُؤْمِنُوْا ؕ اِنَّ الَّذِيْنَ اُوْتُوا الْعِلْمَ مِنْ قَبْلِهٖۤ اِذَا يُتْلٰى عَلَيْهِمْ يَخِرُّوْنَ لِلْاَذْقَانِ سُجَّدًا ۙ﴿۱۰۷﴾ | **107** |
| *প্রতিবর্ণায়ন* | কু্ল আ–মিনূ বিহী˜ আও লা– তু'মিনূ (ج) ইন্নাল্লায ীনা উতুল 'ইল্মা মিং ক াব্লিহী˜ ইয া–ইউত্লা– 'আলাইহিম্ <u>ইয়াখিররূনা লিল্ আয ক া–নি ছুজ্জাদা–(*ছিজদাহ-৪*)।</u> | |
| *তরজমা* | বল, 'তোমরা কুরআনে বিশ্বাস কর বা বিশ্বাস না কর, যাহাদেরকে ইহার পূর্বে জ্ঞান দেওয়া হইয়াছে তাহাদের নিকট যখন ইহা পাঠ করা হয় তখনই তাহারা সিজ্দায় লুটাইয়া পড়ে।' | |
| | وَّ يَقُوْلُوْنَ سُبْحٰنَ رَبِّنَاۤ اِنْ كَانَ وَعْدُ رَبِّنَا لَمَفْعُوْلًا ﴿۱۰۸﴾ | **108** |
| *প্রতিবর্ণায়ন* | <u>ওয়া ইয়াকূ্লূনা ছুব্হ া–না রাব্বিনা˜ ইং কা–না ওয়া'দু রাব্বিনা–লামাফ্'ঊলা–।</u> | |
| *তরজমা* | তাহারা বলে, 'আমাদের প্রতিপালক পবিত্র, মহান। আমাদের প্রতিপালকের প্রতিশ্রুতি কার্যকরী হইয়াই থাকে। | |
| | وَ يَخِرُّوْنَ لِلْاَذْقَانِ يَبْكُوْنَ وَ يَزِيْدُهُمْ خُشُوْعًا ﴿۱۰۹﴾ | **109** |
| *প্রতিবর্ণায়ন* | <u>ওয়া ইয়াখির্রূনা লিল্আয ক া–নি ইয়াব্কূনা ওয়া ইয়াঝীদুহুম্ খুশূ'আ–।</u> | |
| *তরজমা* | 'এবং তাহারা কাঁদিতে কাঁদিতে ভূমিতে লুটাইয়া পড়ে এবং ইহা উহাদের বিনয় বৃদ্ধি করে।' | |
| | قُلِ ادْعُوا اللّٰهَ اَوِ ادْعُوا الرَّحْمٰنَ ؕ اَيًّا مَّا تَدْعُوْا فَلَهُ الْاَسْمَآءُ الْحُسْنٰى ۚ وَ لَا تَجْهَرْ بِصَلَاتِكَ وَ لَا تُخَافِتْ بِهَا وَ ابْتَغِ بَيْنَ ذٰلِكَ سَبِيْلًا ﴿۱۱۰﴾ | **110** |
| *প্রতিবর্ণায়ন* | কু্লিদ্'উল্লা–হা আবি দ্'উর্ রাহ মা–না (ط) আইঁইয়াম্মা– তাদ্'ঊ ফালাহুল্ আছ্মা~উল্ হু ছ্না– ওয়ালা– তাজহার্ বিসালা–তিকা ওয়ালা–তুখা–ফিত্ বিহা– ওয়াব্তাগি বাইনা য া–লিকা ছাবীলা–। | |
| *তরজমা* | বল, 'তোমরা 'আল্লাহ্' নামে আহ্বান কর বা 'রাহ্মান' নামে আহ্বান কর, তোমরা যে নামেই আহ্বান কর সকল সুন্দর নামই তো তাঁহার। তোমরা সালাতে স্বর উচ্চ করিও না এবং অতিশয় ক্ষীণও করিও না; এই দুইয়ের মধ্যপথ অবলম্বন কর।' | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
| --- | --- | --- |
| | وَقُلِ الْحَمْدُ لِلّٰهِ الَّذِيْ لَمْ يَتَّخِذْ وَلَدًا وَّلَمْ يَكُنْ لَّهٗ شَرِيْكٌ فِي الْمُلْكِ وَلَمْ يَكُنْ لَّهٗ وَلِيٌّ مِّنَ الذُّلِّ وَكَبِّرْهُ تَكْبِيْرًا ﴿١١١﴾ | 111 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ক্বুলিল হ়াম্দু লিল্লা-হিল্লাযী লাম্ ইয়াত্তাখিয্ ওয়ালাদাওঁ ওয়া লাম্ ইয়াকুল্লাহূ শারীকুং ফিল্ মুল্কি ওয়া লাম ইয়াকুল্লাহূ ওয়ালিইয়ুম্ মিনায্ যুল্লি ওয়া কাব্বিরহু তাক্বীরা- । | |
| *তরজমা* | বল, 'প্রশংসা আল্লাহ্রই যিনি কোন সন্তান গ্রহণ করেন নাই, তাঁহার সার্বভৌমত্বে কোন অংশী নাই এবং যিনি দুর্দশাগ্রস্ত হন না যে কারণে তাঁহার অভিভাবকের প্রয়োজন হইতে পারে। সুতরাং সসম্ভ্রমে তাঁহার মাহাত্ম্য ঘোষণা কর।' | |

## 18 - Al-Kahf-কাহ্ফ -الكهف

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
| --- | --- | --- |
| | اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِيْٓ اَنْزَلَ عَلٰى عَبْدِهِ الْكِتٰبَ وَلَمْ يَجْعَلْ لَّهٗ عِوَجًا ﴿١﴾ | 1 |
| *প্রতিবর্ণায়ন* | আল্হ়াম্দু লিল্লা-হিল্লাযী আংঝালা 'আলা-'আবদিহিল কিতা-বা ওয়ালাম্ ইয়াজ'আল্লাহূ 'ইওয়াজা- । | |
| *তরজমা* | সমস্ত প্রশংসা আল্লাহ্রই যিনি তাঁহার বান্দার প্রতি এই কিতাব অবতীর্ণ করিয়াছেন এবং উহাতে তিনি বক্রতা রাখেন নাই; | |
| | قَيِّمًا لِّيُنْذِرَ بَأْسًا شَدِيْدًا مِّنْ لَّدُنْهُ وَيُبَشِّرَ الْمُؤْمِنِيْنَ الَّذِيْنَ يَعْمَلُوْنَ الصّٰلِحٰتِ اَنَّ لَهُمْ اَجْرًا حَسَنًا ﴿٢﴾ | 2 |
| *প্রতিবর্ণায়ন* | ক্বাইয়িমাল্ লিইউংযিরা বা'ছাং শাদীদাম্ মিল্লাদুন্হু ওয়া ইউবাশ্শিরাল্ মু'মিনীনাল্লাযীনা ইয়া'মালূনাসসা-লিহ়া-তি আন্না লাহুম্ আজরান্ হ়াছানা- । | |
| *তরজমা* | ইহাকে করিয়াছেন সুপ্রতিষ্ঠিত তাঁহার কঠিন শাস্তি সম্পর্কে সতর্ক করিবার জন্য, এবং মু'মিনগণ, যাহারা সৎকর্ম করে, তাহাদেরকে এই সুসংবাদ দিবার জন্য যে, তাহাদের জন্য আছে উত্তম পুরস্কার, | |
| | مَّاكِثِيْنَ فِيْهِ اَبَدًا ﴿٣﴾ | 3 |
| *প্রতিবর্ণায়ন* | মা-কিছীনা ফীহি আবাদা- । | |
| *তরজমা* | যাহাতে তাহারা হইবে চিরস্থায়ী, | |
| | وَّيُنْذِرَ الَّذِيْنَ قَالُوا اتَّخَذَ اللّٰهُ وَلَدًا ﴿٤﴾ | 4 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইউংযিরাল্লাযীনা ক্বা- লুত্তাখাযাল্লা-হু ওয়ালাদা- । | |

| তরজমা | এবং সতর্ক করিবার জন্য উহাদেরকে যাহারা বলে যে, আল্লাহ্ সন্তান গ্রহণ করিয়াছেন, | |
| | مَا لَهُمْ بِهٖ مِنْ عِلْمٍ وَّلَا لِاٰبَآئِهِمْ ۭ كَبُرَتْ كَلِمَةً تَخْرُجُ مِنْ اَفْوَاهِهِمْ ۭ اِنْ يَّقُوْلُوْنَ اِلَّا كَذِبًا ۝ | 5 |
| প্রতিবর্ণায়ন | মা– লাহুম্ বিহী মিন্ ‘ইল্মিওঁ ওয়ালা– লিআ–বা~ইহিম্ (ط) কাবুরাত্ কালিমাতাং তাখরুজু মিন্ আফওয়া–হিহিম্ (ط) ইয়ঁ ইয়াকূ্লূনা ইল্লা– কাযি্বা– । | |
| তরজমা | এই বিষয়ে উহাদের কোন জ্ঞান নাই এবং উহাদের পিতৃপুরুষদেরও ছিল না। উহাদের মুখনিঃসৃত বাক্য কী সাংঘাতিক! উহারা তো কেবল মিথ্যাই বলে। | |
| | فَلَعَلَّكَ بَاخِعٌ نَّفْسَكَ عَلٰٓى اٰثَارِهِمْ اِنْ لَّمْ يُؤْمِنُوْا بِهٰذَا الْحَدِيْثِ اَسَفًا ۝ | 6 |
| প্রতিবর্ণায়ন | ফালা‘আল্লাকা বা–খি‘উন্নাফ্ছাকা ‘আলা~ আ–ছা–রিহিম্ ইল্লাম ইউ’মিনূ বিহা–যাল্ হাদীছি আছাফা– । | |
| তরজমা | উহারা এই বাণী বিশ্বাস না করিলে সম্ভবত উহাদের পিছনে ঘুরিয়া তুমি দুঃখে আত্মবিনাশী হইয়া পড়িবে। | |
| | اِنَّا جَعَلْنَا مَا عَلَى الْاَرْضِ زِيْنَةً لَّهَا لِنَبْلُوَهُمْ اَيُّهُمْ اَحْسَنُ عَمَلًا ۝ | 7 |
| প্রতিবর্ণায়ন | ইন্না–জা‘আল্না–মা–‘আলাল্ আর্দি ঝীনাতাল্লাহা– লিনাব্লুওয়াহুম্ আইয়ুহুম্ আহ্ছানু ‘আমালা– । | |
| তরজমা | পৃথিবীর উপর যাহা কিছু আছে আমি সেইগুলিকে উহার শোভা করিয়াছি, মানুষকে এই পরীক্ষা করিবার জন্য যে, উহাদের মধ্যে কর্মে কে শ্রেষ্ঠ। | |
| | وَاِنَّا لَجٰعِلُوْنَ مَا عَلَيْهَا صَعِيْدًا جُرُزًا ۝ | 8 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ইন্না– লাজা–‘ইলূনা মা–‘আলাইহা– সা‘ঈদাং জুরুঝা– । | |
| তরজমা | উহার উপর যাহা কিছু আছে তাহা অবশ্যই আমি উদ্ভিদশূন্য ময়দানে পরিণত করিব। | |
| | اَمْ حَسِبْتَ اَنَّ اَصْحٰبَ الْكَهْفِ وَالرَّقِيْمِ ۙ كَانُوْا مِنْ اٰيٰتِنَا عَجَبًا ۝ | 9 |
| প্রতিবর্ণায়ন | আম্ হাছিব্তা আন্না আসহা–বাল কাহফি ওয়ার রাকীমি (لا) কা–নূ মিন্ আ–য়া–তিনা– ‘আজাবা– । | |
| তরজমা | তুমি কি মনে কর যে, গুহা ও রাকীমের অধিবাসীরা আমার নিদর্শনাবলীর মধ্যে বিস্ময়কর? | |
| | اِذْ اَوَى الْفِتْيَةُ اِلَى الْكَهْفِ فَقَالُوْا رَبَّنَآ اٰتِنَا مِنْ لَّدُنْكَ رَحْمَةً وَّهَيِّئْ لَنَا مِنْ اَمْرِنَا رَشَدًا ۝ | 10 |
| প্রতিবর্ণায়ন | ইয্ আওয়াল্ ফিত্ইয়াতু ইলাল্ কাহফি ফাকা–লূ রাব্বানা~ আ–তিনা–মিল্লাদুংকা রাহ্মাতাওঁ ওয়া হাইয়ি’ লানা– মিন্ আম্রিনা–রাশাদা– । | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | যখন যুবকরা গুহায় আশ্রয় লইল তখন তাহারা বলিয়াছিল, 'হে আমাদের প্রতিপালক! তুমি নিজ হইতে আমাদেরকে অনুগ্রহ দান কর এবং আমাদের জন্য আমাদের কাজকর্ম সঠিকভাবে পরিচালনার ব্যবস্থা কর।' | |
| | فَضَرَبْنَا عَلٰٓى اٰذَانِهِمْ فِى الْكَهْفِ سِنِيْنَ عَدَدًا ﴿١١﴾ | 11 |
| প্রতিবর্ণায়ন | ফাদ্বারাব্‌না– 'আলা˜ আ–যা–নিহিম্ ফিল্ কাহফি ছিনীনা 'আদাদা– । | |
| তরজমা | অতঃপর আমি উহাদেরকে গুহায় কয়েক বৎসর ঘুমন্ত অবস্থায় রাখিলাম, | |
| | ثُمَّ بَعَثْنٰهُمْ لِنَعْلَمَ اَىُّ الْحِزْبَيْنِ اَحْصٰى لِمَا لَبِثُوْٓا اَمَدًا ﴿١٢﴾ | 12 |
| প্রতিবর্ণায়ন | ছুম্মা বা'আছ্‌না–হুম্ লিনা'লামা আইয়ুল হিঝবাইনি আহ্‌সা–লিমা– লাবিছূ˜ আমাদা– । | |
| তরজমা | পরে আমি উহাদেরকে জাগরিত করিলাম জানিবার জন্য যে, দুই দলের মধ্যে কোন্‌টি উহাদের অবস্থিতিকাল সঠিকভাবে নির্ণয় করিতে পারে। | |
| | نَحْنُ نَقُصُّ عَلَيْكَ نَبَاَهُمْ بِالْحَقِّ ؕ اِنَّهُمْ فِتْيَةٌ اٰمَنُوْا بِرَبِّهِمْ وَزِدْنٰهُمْ هُدًى ﴿١٣﴾ | 13 |
| প্রতিবর্ণায়ন | নাহ্‌নু নাকুস্‌সু 'আলাইকা নাবাআহুম্ বিল্‌হাক্কি (ط) ইন্নাহুম্ ফিত্‌ইয়াতুন আ–মানূ বিরাব্বিহিম্ ওয়াঝিদ্‌না–হুম্ হুদা– । | |
| তরজমা | আমি তোমার নিকট উহাদের বৃত্তান্ত সঠিকভাবে বর্ণনা করিতেছি : উহারা ছিল কয়েকজন যুবক, উহারা উহাদের প্রতিপালকের প্রতি ঈমান আনিয়াছিল এবং আমি উহাদের সৎপথে চলার শক্তি বৃদ্ধি করিয়াছিলাম, | |
| | وَّرَبَطْنَا عَلٰى قُلُوْبِهِمْ اِذْ قَامُوْا فَقَالُوْا رَبُّنَا رَبُّ السَّمٰوٰتِ وَالْاَرْضِ لَنْ نَّدْعُوَا۟ مِنْ دُوْنِهٖٓ اِلٰـهًا لَّقَدْ قُلْنَآ اِذًا شَطَطًا ﴿١٤﴾ | 14 |
| প্রতিবর্ণায়ন | ওয়া রাবাত্বনা– 'আলা– কুলূবিহিম্ ইয কা–মূ ফাকা–লূ রাব্বুনা– রাব্বুছ্‌ছামা–ওয়া–তি ওয়াল্ আর্‌দ্বি লান নাদ্'উওয়া মিং দূনিহী˜ ইলা–হাল্ লাকাদ্ কুল্‌না˜ ইযাং শাত্বাত্বা– । | |
| তরজমা | এবং আমি উহাদের চিত্ত দৃঢ় করিয়া দিলাম; উহারা যখন উঠিয়া দাঁড়াইল তখন বলিল, 'আমাদের প্রতিপালক। আকাশমণ্ডলী ও পৃথিবীর প্রতিপালক। আমরা কখনই তাঁহার পরিবর্তে অন্য কোন ইলাহ্‌কে আহ্বান করিব না ; যদি করিয়া বসি, তবে উহা অতিশয় গর্হিত হইবে। | |
| | هٰٓؤُلَآءِ قَوْمُنَا اتَّخَذُوْا مِنْ دُوْنِهٖٓ اٰلِهَةً ؕ لَوْلَا يَاْتُوْنَ عَلَيْهِمْ بِسُلْطٰنٍۭ بَيِّنٍ ؕ فَمَنْ اَظْلَمُ مِمَّنِ افْتَرٰى عَلَى اللّٰهِ كَذِبًا ﴿١٥﴾ | 15 |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
| --- | --- | --- |
| *প্রতিবর্ণায়ন* | হা˜উলা~ই ক˙াওমুনাত্তাখাযূ˙ মিং দূনিহী˜ আ–লিহাতাল্ (ط) লাওলা–ইয়া'তূনা 'আলাইহিম্ বিছুল্ত˙া–নিম্ বাইয়িনিং (ط) ফামান্ আজ্˙লামু মিম্মানিফ্তারা– 'আলাল্লা–হি কাযি˙বা– । | |
| *তরজমা* | 'আমাদেরই এই স্বজাতিগণ, তাঁহার পরিবর্তে অনেক ইলাহ্ গ্রহণ করিয়াছে। ইহারা এই সমস্ত ইলাহ্ সম্বন্ধে স্পষ্ট প্রমাণ উপস্থিত করে না কেন ? যে আল্লাহ্ সম্বন্ধে মিথ্যা উদ্ভাবন করে তাহার অপেক্ষা অধিক জালিম আর কে ?' | |
| | وَاِذِ اعۡتَزَلۡتُمُوۡهُمۡ وَمَا يَعۡبُدُوۡنَ اِلَّا اللّٰهَ فَاۡوٗۤا اِلَى الۡـكَهۡفِ يَنۡشُرۡ لَـكُمۡ رَبُّكُمۡ مِّنۡ رَّحۡمَتِهٖ وَيُهَيِّئۡ لَـكُمۡ مِّنۡ اَمۡرِكُمۡ مِّرۡفَقًا ﴿۱۶﴾ | **16** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইযি˙'তাঝাল্তুমূহুম্ ওয়ামা– ইয়া'বুদূনা ইল্লাল্লা–হা ফা'উ˜ ইলাল্ কাহফি ইয়াংশুরু লাকুম্ রাব্বুকুম্ মির্ রাহ˙মাতিহী ওয়া ইউহাইয়ি' লাকুম্ মিন্ আম্‌রিকুম্ মিরফাক˙া– । | |
| *তরজমা* | তোমরা যখন বিচ্ছিন্ন হইলে উহাদের হইতে ও উহারা আল্লাহ্‌র পরিবর্তে যাহাদের 'ইবাদত করে তাহাদের হইতে তখন তোমরা গুহায় আশ্রয় গ্রহণ কর। তোমাদের প্রতিপালক তোমাদের জন্য তাঁহার দয়া বিস্তার করিবেন এবং তিনি তোমাদের জন্য তোমাদের কাজকর্মকে ফলপ্রসূ করিবার ব্যবস্থা করিবেন। | |
| | وَتَرَى الشَّمۡسَ اِذَا طَلَعَتۡ تَّزٰوَرُ عَنۡ كَهۡفِهِمۡ ذَاتَ الۡيَمِيۡنِ وَاِذَا غَرَبَتۡ تَّقۡرِضُهُمۡ ذَاتَ الشِّمَالِ وَهُمۡ فِىۡ فَجۡوَةٍ مِّنۡهُ ؕ ذٰلِكَ مِنۡ اٰيٰتِ اللّٰهِ ؕ مَنۡ يَّهۡدِ اللّٰهُ فَهُوَ الۡمُهۡتَدِ ۚ وَمَنۡ يُّضۡلِلۡ فَلَنۡ تَجِدَ لَهٗ وَلِيًّا مُّرۡشِدًا ﴿۱۷﴾ | **17** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া তারাশ্‌শাম্‌ছা ইয˙া– ত˙ালা'আত্‌তাঝা–ওয়ারু 'আং কাহফিহিম্ য˙া–তাল্ ইয়ামীনি ওয়া ইয˙া– গারাবাত্ তাক˙রিদ˙হুম্ য˙া–তাশ্‌শিমা–লি ওয়া হুম্ ফী ফাজওয়াতিম্ মিন্‌হু (ط) য˙া–লিকা মিন্ আ–য়া–তিল্লা–হি (ط) মাইঁ ইয়াহদিল্লা–হু ফাহুওয়াল্ মুহতাদি (ج) ওয়া মাই ইউদ˙লিল্ ফালাং তাজিদা লাহূ ত্তয়ালিইইয়াম্ মুর্‌শিদা– । | |
| *তরজমা* | তুমি দেখিতে পাইতে উহারা গুহার প্রশস্ত চত্বরে অবস্থিত, সূর্য উদয়কালে উহাদের গুহার দক্ষিণ পার্শ্বে হেলিয়া যায় এবং অস্তকালে উহাদেরকে অতিক্রম করে বাম পার্শ্ব দিয়া, এই সমস্ত আল্লাহ্‌র নিদর্শন। আল্লাহ্ যাহাকে সৎপথে পরিচালিত করেন, সে সৎপথপ্রাপ্ত এবং তিনি যাহাকে পথভ্রষ্ট করেন, তুমি কখনও তাহার কোন পথপ্রদর্শনকারী অভিভাবক পাইবে না। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | وَتَحْسَبُهُمْ أَيْقَاظًا وَهُمْ رُقُودٌ ۚ وَنُقَلِّبُهُمْ ذَاتَ الْيَمِينِ وَذَاتَ الشِّمَالِ ۖ وَكَلْبُهُمْ بَاسِطٌ ذِرَاعَيْهِ بِالْوَصِيدِ ۚ<br>لَوِ اطَّلَعْتَ عَلَيْهِمْ لَوَلَّيْتَ مِنْهُمْ فِرَارًا وَلَمُلِئْتَ مِنْهُمْ رُعْبًا ﴿١٨﴾ | 18 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া তাহ্ ছাবুহুম্ আইক্ া–জ্ াওঁ ওয়া হুম্ রুকূ্ দুওঁ (ق) ওয়া নুক্ াল্লিবুহুম্ য্ া–তাল্ ইয়ামীনি ওয়া য্ া–তাশ্‌শিমা–লি (ق) ওয়াকাল্‌বুহুম্ বা–ছিতু্ ং যি্ রা–‘আইহি বিল্ ওয়াসীদি (ط) লাবি্ ত্ ত্ া্লা‘তা ‘আলাইহিম্ লাওয়াল্লাইতা মিন্‌হুম্ ফিরা–রাওঁ ওয়ালামুলি’তা মিন্‌হুম্ রু‘বা– । | |
| *তরজমা* | তুমি মনে করিতে উহারা জাগ্রত, কিন্তু উহারা ছিল নিদ্রিত। আমি উহাদেরকে পার্শ্ব পরিবর্তন করাইতাম ডান দিকে ও বাম দিকে এবং উহাদের কুকুর ছিল সম্মুখের পা দুইটি গুহাদ্বারে প্রসারিত করিয়া। তাকাইয়া উহাদেরকে দেখিলে তুমি পিছন ফিরিয়া পলায়ন করিতে ও উহাদের ভয়ে আতংকগ্রস্ত হইয়া পড়িতে; | |
| | وَكَذَٰلِكَ بَعَثْنَاهُمْ لِيَتَسَاءَلُوا بَيْنَهُمْ ۚ قَالَ قَائِلٌ مِنْهُمْ كَمْ لَبِثْتُمْ ۖ قَالُوا لَبِثْنَا يَوْمًا أَوْ بَعْضَ يَوْمٍ ۚ قَالُوا<br>رَبُّكُمْ أَعْلَمُ بِمَا لَبِثْتُمْ فَابْعَثُوا أَحَدَكُمْ بِوَرِقِكُمْ هَٰذِهِ إِلَى الْمَدِينَةِ فَلْيَنْظُرْ أَيُّهَا أَزْكَىٰ طَعَامًا فَلْيَأْتِكُمْ<br>بِرِزْقٍ مِنْهُ وَلْيَتَلَطَّفْ وَلَا يُشْعِرَنَّ بِكُمْ أَحَدًا ﴿١٩﴾ | 19 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া কায্ া–লিকা বা‘আছ্ না–হুম্ লিইয়াতাছা~আলূ বাইনাহুম্ (ط) ক্ া–লা ক্ া~ইলুম্ মিনহুম্ কাম্ লাবিছ্ তুম্ (ط) ক্ া–লূ লাবিছ্ না– ইয়াওমান্ আও বা‘দ্ া ইয়াওমিং (ط) ক্ া–লূ রাব্বুকুম্ আ‘লামু বিমা–লাবিছ্ তুম্ (ط) ফাব্‘আছূ্ ~ আহ্ াদাকুম্ বিওয়ারিকি্ কুম হা–যি্ হী~ ইলাল্ মাদীনাতি ফাল্‌ইয়াংজু্ র্ আইয়ুহা~ আঝকা–ত্ া‘আ–মাং ফাল্‌ইয়া’তিকুম্ বিরিঝকি্ ম্ মিন্‌হু ওয়াল ইয়াতালাত্ ত্ াফ্ ওয়ালা–ইউশ‘ইরান্না বিকুম আহ্ াদা– । | |
| *তরজমা* | এবং এইভাবেই আমি উহাদেরকে জাগরিত করিলাম যাহাতে উহারা পরস্পরের মধ্যে জিজ্ঞাসাবাদ করে। উহাদের একজন বলিল, ‘তোমরা কত কাল অবস্থান করিয়াছ?’ কেহ কেহ বলিল, ‘আমরা অবস্থান করিয়াছি এক দিন অথবা এক দিনের কিছু অংশ।’ কেহ কেহ বলিল, ‘তোমরা কত কাল অবস্থান করিয়াছ তাহা তোমাদের প্রতিপালকই ভাল জানেন। এখন তোমাদের একজনকে তোমাদের এই মুদ্রাসহ নগরে প্রেরণ কর। সে যেন দেখে কোন্ খাদ্য উত্তম ও উহা হইতে যেন কিছু খাদ্য লইয়া আসে তোমাদের জন্য। সে যেন বিচক্ষণতার সহিত কাজ করে ও কিছুতেই যেন তোমাদের সম্বন্ধে কাহাকেও কিছু জানিতে না দেয়। | |
| | إِنَّهُمْ إِنْ يَظْهَرُوا عَلَيْكُمْ يَرْجُمُوكُمْ أَوْ يُعِيدُوكُمْ فِي مِلَّتِهِمْ وَلَنْ تُفْلِحُوا إِذًا أَبَدًا ﴿٢٠﴾ | 20 |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাহুম্ ইয়ঁ ইয়াজ্ হারূ ‘আলাইকুম্ ইয়ারজুমূকুম্ আও ইউ‘ঈদূকুম্ ফী মিল্লাতিহিম্ ওয়ালাং তুফলিহূ ~ ইয ান আবাদা– । | |
| *তরজমা* | ‘উহারা যদি তোমাদের বিষয় জানিতে পারে তবে তোমাদেরকে প্রস্তরাঘাতে হত্যা করিবে অথবা তোমাদেরকে উহাদের ধর্মে ফিরাইয়া লইবে এবং সেক্ষেত্রে তোমরা কখনও সাফল্য লাভ করিবে না।’ | |
| | وَكَذٰلِكَ اَعۡثَرۡنَا عَلَيۡهِمۡ لِيَعۡلَمُوۡۤا اَنَّ وَعۡدَ اللّٰهِ حَقٌّ وَّاَنَّ السَّاعَةَ لَا رَيۡبَ فِيۡهَا ۚۖ اِذۡ يَتَنَازَعُوۡنَ بَيۡنَهُمۡ اَمۡرَهُمۡ<br>فَقَالُوا ابۡنُوۡا عَلَيۡهِمۡ بُنۡيَانًا ؕ رَبُّهُمۡ اَعۡلَمُ بِهِمۡ ؕ قَالَ الَّذِيۡنَ غَلَبُوۡا عَلٰٓى اَمۡرِهِمۡ لَنَتَّخِذَنَّ عَلَيۡهِمۡ مَّسۡجِدًا ﴿۲۱﴾ | 21 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া কায া–লিকা আ‘ছ ারনা– ‘আলাইহিম্ লিইয়া‘লামূ ~ আন্না–ওয়া‘দাল্লা–হি হ াক্কু ওঁ ওয়া আন্নাছ্ছা–‘আতা লা– রাইবা ফীহা– (ج) ইয্ ইয়াতানা–ঝা‘উনা বাইনাহুম্ আম্‌রাহুম্ ফাক া–লুব্‌নূ ‘আলাইহিম বুন্‌ইয়া–নার্ (ط) রাব্বুহুম আ‘লামু বিহিম্ (ط) ক া–লাল্লায ীনা গালাবূ ‘আলা ~ আম্‌রিহিম্ লানাত্তাখিয ান্না ‘আলাইহিম মাছ্‌জিদা– । | |
| *তরজমা* | এইভাবে আমি মানুষকে উহাদের বিষয় জানাইয়া দিলাম যাহাতে তাহারা জ্ঞাত হয় যে, আল্লাহ্‌র প্রতিশ্রুতি সত্য এবং কিয়ামতে কোন সন্দেহ নাই। যখন তাহারা তাহাদের কর্তব্য বিষয়ে নিজেদের মধ্যে বিতর্ক করিতেছিল তখন অনেকে বলিল, ‘উহাদের উপর সৌধ নির্মাণ কর।’ উহাদের প্রতিপালক উহাদের বিষয় ভাল জানেন। তাহাদের কর্তব্য বিষয়ে যাহাদের মত প্রবল হইল তাহারা বলিল, আমরা তো নিশ্চয়ই উহাদের পার্শ্বে মসজিদ নির্মাণ করিব।’ | |
| | سَيَقُوۡلُوۡنَ ثَلٰثَةٌ رَّابِعُهُمۡ كَلۡبُهُمۡ ۚ وَيَقُوۡلُوۡنَ خَمۡسَةٌ سَادِسُهُمۡ كَلۡبُهُمۡ رَجۡمًا ۢ بِالۡغَيۡبِ ۚ وَيَقُوۡلُوۡنَ سَبۡعَةٌ وَّ<br>ثَامِنُهُمۡ كَلۡبُهُمۡ ؕ قُلۡ رَّبِّىۡۤ اَعۡلَمُ بِعِدَّتِهِمۡ مَّا يَعۡلَمُهُمۡ اِلَّا قَلِيۡلٌ ۙ فَلَا تُمَارِ فِيۡهِمۡ اِلَّا مِرَآءً ظَاهِرًا ۖ وَّلَا تَسۡتَفۡتِ<br>فِيۡهِمۡ مِّنۡهُمۡ اَحَدًا ﴿۲۲﴾ | 22 |
| *প্রতিবর্ণায়ন* | ছাইয়াকূ লূনা ছ ালা–ছ াতুর্ রা–বি‘উহুম্ কালবুহুম ওয়া ইয়াকূ লূনা খামছাতুং ছা–দিছুহুম্ কাল্‌বুহুম্ রাজমাম্ বিল্‌গাইবি (ج) ওয়া ইয়াকূ লূনা ছাব্‌‘আতুওঁ ওয়া ছ া–মিনুহুম কালবুহুম (ط) কু র রাব্বী ~ আ‘লামু বি‘ইদ্দাতিহিম্ মা– ইয়া‘লামুহুম ইল্লা– ক ালীলুং (قف) ফালা– তুমা–রি ফীহিম্ ইল্লা– মিরা~আং জ া–হিরাওঁ ওয়ালা– তাছ্‌তাফ্‌তি ফীহিম্ মিনহুম আহ াদা– । | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | কেহ কেহ বলিবে, 'উহারা ছিল তিনজন, উহাদের চতুর্থটি ছিল উহাদের কুকুর' এবং কেহ কেহ বলিবে, 'উহারা ছিল পাঁচজন, উহাদের ষষ্ঠটি ছিল উহাদের কুকুর', অজানা বিষয়ে অনুমানের উপর নির্ভর করিয়া। আবার কেহ কেহ বলিবে, 'উহারা ছিল সাতজন, উহাদের অষ্টমটি ছিল উহাদের কুকুর।' বল, 'আমার প্রতিপালকই উহাদের সংখ্যা ভাল জানেন'; উহাদের সংখ্যা অল্প কয়েকজনই জানে। সাধারণ আলোচনা ব্যতীত তুমি উহাদের বিষয়ে বিতর্ক করিও না এবং ইহাদের কাহাকেও উহাদের বিষয়ে জিজ্ঞাসাবাদ করিও না। | |
| | وَلَا تَقُوْلَنَّ لِشَایْءٍ اِنِّیْ فَاعِلٌ ذٰلِكَ غَدًا ﴿۲۳﴾ | 23 |
| প্রতিবর্ণায়ন | ওয়ালা– তাকূ্ ́লান্না লিশাইয়িন ইন্নী ফা–'ইলুং য ́া–লিকা গাদা– । | |
| তরজমা | কখনই তুমি কোন বিষয়ে বলিও না, "আমি উহা আগামী কাল করিব, | |
| | اِلَّآ اَنْ يَّشَآءَ اللّٰهُ ۫ وَاذْكُرْ رَّبَّكَ اِذَا نَسِيْتَ وَقُلْ عَسٰٓى اَنْ يَّهْدِيَنِ رَبِّيْ لِاَقْرَبَ مِنْ هٰذَا رَشَدًا ﴿۲۴﴾ | 24 |
| প্রতিবর্ণায়ন | ইল্লা ̃ আইঁ ইয়াশা~আল্লা–হু (ز) ওয়ায ́কুর্ রাব্বাকা ইয ́া– নাছীতা ওয়াক ́ুল্ 'আছা ̃ আইঁ ইয়াহদিয়ানি রাব্বী লিআক ́রাবা মিন্ হা–য ́া– রাশাদা– । | |
| তরজমা | 'আল্লাহ্ ইচ্ছা করিলে' এই কথা না বলিয়া।" যদি ভুলিয়া যাও তবে তোমার প্রতিপালককে স্মরণ করিও এবং বলিও, 'সম্ভবত আমার প্রতিপালক আমাকে ইহা অপেক্ষা সত্যের নিকটতর পথনির্দেশ করিবেন।' | |
| | وَلَبِثُوْا فِيْ كَهْفِهِمْ ثَلٰثَ مِائَةٍ سِنِيْنَ وَازْدَادُوْا تِسْعًا ﴿۲۵﴾ | 25 |
| প্রতিবর্ণায়ন | ওয়া লাবিছূ ́ ফী কাহফিহিম্ ছ ́ালা–ছ ́া মিআতিং ছিনীনা ওয়াঝদা–দূ তিছ্'আ– । | |
| তরজমা | উহারা উহাদের গুহায় ছিল তিনশত বৎসর, আরও নয় বৎসর। | |
| | قُلِ اللّٰهُ اَعْلَمُ بِمَا لَبِثُوْا ۚ لَهٗ غَيْبُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ اَبْصِرْ بِهٖ وَاَسْمِعْ ؕ مَا لَهُمْ مِّنْ دُوْنِهٖ مِنْ وَّلِيٍّ ۫ وَّلَا يُشْرِكُ فِيْ حُكْمِهٖٓ اَحَدًا ﴿۲۶﴾ | 26 |
| প্রতিবর্ণায়ন | কু ́লিল্লা–হু আ'লামু বিমা– লাবিছূ ́ (ج) লাহূ গাইবুছ্ছামা–ওয়া–তি ওয়াল্ আর্দি ́ (ط) আব্সির বিহী ওয়া আছ্মি' (ط) মা–লাহুম্ মিং দূনিহী মিওঁ ওয়ালিইয়িওঁ (ز) ওয়ালা– ইউশ্রিকু ফী হু ́ক্মিহী ̃ আহ ́াদা– । | |
| তরজমা | তুমি বল, 'তাহারা কতকাল ছিল তাহা আল্লাহ্ই ভাল জানেন', আকাশমণ্ডলী ও পৃথিবীর অজ্ঞাত বিষয়ের জ্ঞান তাঁহারই। তিনি কত সুন্দর দ্রষ্টা ও শ্রোতা! তিনি ব্যতীত উহাদের অন্য কোন অভিভাবক নাই। তিনি কাহাকেও নিজ কর্তৃত্বের শরীক করেন না। | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| | وَاتْلُ مَآ اُوْحِىَ اِلَيْكَ مِنْ كِتَابِ رَبِّكَ ۚ لَا مُبَدِّلَ لِكَلِمٰتِهٖ ۚ وَلَنْ تَجِدَ مِنْ دُوْنِهٖ مُلْتَحَدًا ۝٢٧ | 27 |
| প্রতিবর্ণায়ন | ওয়াতলু মা˜ উহি˙য়া ইলাইকা মিং কিতা–বি রাব্বিকা (ج) লা–মুবাদ্দিলা লিকালিমা–তিহী (ج) ওয়া লাং তাজিদা মিং দূনিহী মুল্‌তাহ˙াদা– । | |
| তরজমা | তুমি তোমার প্রতি প্রত্যাদিষ্ট তোমার প্রতিপালকের কিতাব হইতে পাঠ করিয়া শোনাও। তাঁহার বাক্য পরিবর্তন করিবার কেহই নাই। তুমি কখনই তাঁহাকে ব্যতীত অন্য কোন আশ্রয় পাইবে না। | |
| | وَاصْبِرْ نَفْسَكَ مَعَ الَّذِيْنَ يَدْعُوْنَ رَبَّهُمْ بِالْغَدٰوةِ وَالْعَشِيِّ يُرِيْدُوْنَ وَجْهَهٗ وَلَا تَعْدُ عَيْنٰكَ عَنْهُمْ ۚ تُرِيْدُ زِيْنَةَ الْحَيٰوةِ الدُّنْيَا ۚ وَلَا تُطِعْ مَنْ اَغْفَلْنَا قَلْبَهٗ عَنْ ذِكْرِنَا وَاتَّبَعَ هَوٰىهُ وَكَانَ اَمْرُهٗ فُرُطًا ۝٢٨ | 28 |
| প্রতিবর্ণায়ন | ওয়াসবির্ নাফ্‌ছাকা মা‘আল্লায˙ীনা ইয়াদ্‘উনা রাব্বাহুম বিল্‌গাদা–তি ওয়াল্ ‘আশিইয়ি ইউরীদূনা ওয়াজ্‌হাহূ ওয়ালা– তা‘দু আইনা–কা ‘আনহুম (ج) তুরীদু ঝীনাতাল হ˙ায়া–তিদ্‌দুনইয়া– (ج) ওয়ালা তুতি˙‘ মান আগ্‌ফাল্‌না– ক˙ালবাহূ ‘আং যি˙করিনা– ওয়াত্তাবা‘আ হাওয়া–হু ওয়া কা–না আমরুহূ ফুরুত˙া– । | |
| তরজমা | তুমি নিজেকে ধৈর্য সহকারে রাখিবে উহাদেরই সংসর্গে যাহারা সকাল ও সন্ধ্যায় আহ্বান করে উহাদের প্রতিপালককে তাঁহার সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে এবং তুমি পার্থিব জীবনের শোভা কামনা করিয়া উহাদের হইতে তোমার দৃষ্টি ফিরাইয়া লইও না। তুমি তাহার আনুগত্য করিও না-যাহার চিত্তকে আমি আমার স্মরণে অমনোযোগী করিয়া দিয়াছি, যে তাহার খেয়াল-খুশির অনুসরণ করে ও যাহার কার্যকলাপ সীমা অতিক্রম করে। | |
| | وَقُلِ الْحَقُّ مِنْ رَّبِّكُمْ ۗ فَمَنْ شَآءَ فَلْيُؤْمِنْ وَّمَنْ شَآءَ فَلْيَكْفُرْ ۙ اِنَّآ اَعْتَدْنَا لِلظّٰلِمِيْنَ نَارًا ۙ اَحَاطَ بِهِمْ سُرَادِقُهَا ۗ وَاِنْ يَّسْتَغِيْثُوْا يُغَاثُوْا بِمَآءٍ كَالْمُهْلِ يَشْوِى الْوُجُوْهَ ۗ بِئْسَ الشَّرَابُ ۗ وَسَآءَتْ مُرْتَفَقًا ۝٢٩ | 29 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ক˙ুলিল্ হ˙াক্কু˙ মির রাব্বিকুম্ (قف) ফামাং শা~আ ফাল্‌ইউ’মিওঁ ওয়ামাং শা~আ ফাল্‌ইয়াক্‌ফুর (لا) ইন্না˜আ‘তাদনা– লিজ˙জ˙া–লিমীনা না–রান্ (لا) আহ˙া–ত˙া বিহিম্ ছুরা–দিক˙ুহা– (ط) ওয়াইয়ঁ ইয়াছতাগীছু˙ ইউগা–ছূ˙ বিমা~ইং কাল্‌মুহলি ইয়াশবি˙ল্ উজূহা (ط) বি’ছাশ্ শারা–বু (ط) ওয়া ছা~আত্ মুরতাফাক˙া– । | |

| | | |
|---|---|---|
| *তরজমা* | বল, 'সত্য তোমাদের প্রতিপালকের নিকট হইতে; সুতরাং যাহার ইচ্ছা বিশ্বাস করুক ও যাহার ইচ্ছা সত্য প্রত্যাখ্যান করুক।' নিশ্চয়ই আমি জালিমদের জন্য প্রস্তুত রাখিয়াছি অগ্নি, যাহার বেষ্টনী উহাদেরকে পরিবেষ্টন করিয়া থাকিবে। উহারা পানীয় চাহিলে উহাদেরকে দেওয়া হইবে গলিত ধাতুর ন্যায় পানীয়, যাহা উহাদের মুখমণ্ডল দগ্ধ করিবে; ইহা নিকৃষ্ট পানীয়। আর জাহান্নাম কত নিকৃষ্ট আশ্রয়। | |
| | إِنَّ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ إِنَّا لَا نُضِيعُ أَجْرَ مَنْ أَحْسَنَ عَمَلًا ﴿٣٠﴾ | 30 |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাল্লায ীনা আ-মানূ ওয়া'আমিলুসসা-লিহ া-তি ইন্না-লা-নুদী'উ আজরা মান আহ ছানা 'আমালা- । | |
| *তরজমা* | যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে-আমি তো তাহার শ্রমফল নষ্ট করি না-সে উত্তমরূপে কার্য সম্পাদন করে। | |
| | أُولَٰئِكَ لَهُمْ جَنَّاتُ عَدْنٍ تَجْرِي مِنْ تَحْتِهِمُ الْأَنْهَارُ يُحَلَّوْنَ فِيهَا مِنْ أَسَاوِرَ مِنْ ذَهَبٍ وَيَلْبَسُونَ ثِيَابًا خُضْرًا مِنْ سُنْدُسٍ وَإِسْتَبْرَقٍ مُتَّكِئِينَ فِيهَا عَلَى الْأَرَائِكِ ۚ نِعْمَ الثَّوَابُ وَحَسُنَتْ مُرْتَفَقًا ﴿٣١﴾ | 31 |
| *প্রতিবর্ণায়ন* | উলা~ইকা লাহুম্ জান্না-তু 'আদ্নিং তাজরী মিং তাহ তিহিমুল্ আন্হা-রু ইউহ াল্লাওনা ফীহা-মিন্ আছা-বি রা মিং য াহাবিওঁ ওয়া ইয়াল্বাছুনা ছি য়াবান্ খুদ রাম্ মিং ছুংদুছিওঁ ওয়া ইছ্তাব্রাকি ম্ মুত্তাকিঈনা ফিহা- 'আলাল্ আরা~ইকি (ط) নি'মাছ্ ছ াওয়া-বু (ط) ওয়া হ াছুনাত মুর্তাফাক া- । | |
| *তরজমা* | উহাদেরই জন্য আছে স্থায়ী জান্নাত যাহার পাদদেশে নদী প্রবাহিত, সেখানে উহাদেরকে স্বর্ণ-কংকনে অলংকৃত করা হইবে, উহারা পরিধান করিবে সূক্ষ্ম ও পুরু রেশমের সবুজ বস্ত্র ও সেখানে সমাসীন হইবে সুসজ্জিত আসনে; কত সুন্দর পুরস্কার ও উত্তম আশ্রয়স্থল! | |
| | وَاضْرِبْ لَهُمْ مَثَلًا رَجُلَيْنِ جَعَلْنَا لِأَحَدِهِمَا جَنَّتَيْنِ مِنْ أَعْنَابٍ وَحَفَفْنَاهُمَا بِنَخْلٍ وَجَعَلْنَا بَيْنَهُمَا زَرْعًا ﴿٣٢﴾ | 32 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াদ রিব্ লাহুম্ মাছ ালার্ রাজুলাইনি জা'আল্না- লিআহ াদিহিমা- জান্নাতাইনি মিন্ আ'না-বিওঁ ওয়া হ াফাফ্না-হুমা বিনাখলিওঁ ওয়াজা'আল্না- বাইনাহুমা-ঝার্'আ- । | |
| *তরজমা* | তুমি উহাদের নিকট পেশ কর দুই ব্যক্তির উপমা : উহাদের একজনকে আমি দিয়াছিলাম দুইটি দ্রাক্ষা-উদ্যান এবং এই দুইটিকে আমি খর্জুর-বৃক্ষ দ্বারা পরিবেষ্টিত করিয়াছিলাম ও এই দুইয়ের মধ্যবর্তী স্থানকে করিয়াছিলাম শস্যক্ষেত্র। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | كِلْتَا الْجَنَّتَيْنِ اٰتَتْ اُكُلَهَا وَلَمْ تَظْلِمْ مِّنْهُ شَيْـًٔا ۙ وَّفَجَّرْنَا خِلٰلَهُمَا نَهَرًا ۝٣٣ | **33** |
| *প্রতিবর্ণায়ন* | কিল্‌তাল্‌ জান্নাতাইনি আ–তাত উকুলাহা– ওয়ালাম্‌ তাজ্ ̇লিম্‌ মিনহু শাইআওঁ ওয়া ফাজ্জার্‌না–খিলা–লাহুমা–নাহারা– । | |
| *তরজমা* | উভয় উদ্যানই ফলদান করিত এবং ইহাতে কোন ত্রুটি করিত না আর উভয়ের ফাঁকে ফাঁকে প্রবাহিত করিয়াছিলাম নহর। | |
| | وَّكَانَ لَهٗ ثَمَرٌ ۚ فَقَالَ لِصَاحِبِهٖ وَهُوَ يُحَاوِرُهٗٓ اَنَا اَكْثَرُ مِنْكَ مَالًا وَّاَعَزُّ نَفَرًا ۝٣٤ | **34** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া কা–না লাহূ ছ ̇ামারুং (ج) , ফাক ̇া–লা লিসা–হি ̇বিহী ওয়াহুওয়া ইউহ ̇া–বি ̇রুহূ˜ আনা আক্‌ছ ̇ারু মিংকা মা–লাওঁ ওয়া আ‘আঝ্‌ঝু নাফারা– । | |
| *তরজমা* | এবং তাহার প্রচুর ধনসম্পদ ছিল। অতঃপর কথা প্রসঙ্গে সে তাহার বন্ধুকে বলিল, ‘ধনসম্পদে আমি তোমার অপেক্ষা শ্রেষ্ঠ এবং জনবলে তোমার অপেক্ষা শক্তিশালী।’ | |
| | وَدَخَلَ جَنَّتَهٗ وَهُوَ ظَالِمٌ لِّنَفْسِهٖ ۚ قَالَ مَآ اَظُنُّ اَنْ تَبِيْدَ هٰذِهٖٓ اَبَدًا ۝٣٥ | **35** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া দাখালা জান্নাতাহূ ওয়াহুওয়া জ ̇া–লিমুল্‌ লিনাফ্‌ছিহী (ج) ক ̇া–লা মা˜ আজু ̇ন্নু আং তাবীদা হা–যি ̇হী˜ আবাদা– । | |
| *তরজমা* | এইভাবে নিজের প্রতি জুলুম করিয়া সে তাহার উদ্যানে প্রবেশ করিল। সে বলিল, ‘আমি মনে করি না যে, ইহা কখনও ধ্বংস হইয়া যাইবে; | |
| | وَّمَآ اَظُنُّ السَّاعَةَ قَآئِمَةً ۙ وَّلَئِنْ رُّدِدْتُّ اِلٰى رَبِّيْ لَاَجِدَنَّ خَيْرًا مِّنْهَا مُنْقَلَبًا ۝٣٦ | **36** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা˜ আজু ̇ন্নুছ্‌ছা–‘আতা ক ̇া~ইমাতাওঁ (ۙ) ওয়ালাইর্‌ রুদিত্‌তু ইলা– রাব্বী লাআজিদান্না খাইরাম্‌ মিন্‌হা–মুংক ̇ালাবা– । | |
| *তরজমা* | ‘আমি মনে করি না যে, কিয়ামত হইবে; আর আমি যদি আমার প্রতিপালকের নিকট প্রত্যাবৃত্ত হই-ই তবে আমি তো নিশ্চয়ই ইহা অপেক্ষা উৎকৃষ্ট স্থান পাইব।’ | |
| | قَالَ لَهٗ صَاحِبُهٗ وَهُوَ يُحَاوِرُهٗٓ اَكَفَرْتَ بِالَّذِيْ خَلَقَكَ مِنْ تُرَابٍ ثُمَّ مِنْ نُّطْفَةٍ ثُمَّ سَوّٰىكَ رَجُلًا ۝٣٧ | **37** |
| *প্রতিবর্ণায়ন* | ক ̇া–লা লাহূ সা–হি ̇বুহূ ওয়া হুওয়া ইউহ ̇া–বি ̇রুহ˜ আকাফার্‌তা বিল্লায ̇ী খালাক ̇াকা মিং তুরা–বিং ছু ̇ম্মা মিন নুত ̇ফাতিং ছু ̇ম্মা ছাওওয়া–কা রাজুলা– । | |
| *তরজমা* | তদুত্তরে তাহার বন্ধু তাহাকে বলিল, ‘তুমি কি তাঁহাকে অস্বীকার করিতেছ যিনি তোমাকে সৃষ্টি করিয়াছেন মৃত্তিকা ও পরে শুক্র হইতে এবং তাহার পর পূর্ণাঙ্গ করিয়াছেন মনুষ্য-আকৃতিতে ?’ | |
| | لٰكِنَّا۠ هُوَ اللّٰهُ رَبِّيْ وَلَآ اُشْرِكُ بِرَبِّيْٓ اَحَدًا ۝٣٨ | **38** |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | লা–কিন্না হুওয়াল্লা–হু রাব্বী ওয়ালা˜ উশ্‌রিকু বিরাব্বী˜ আহ˙দা– । | |
| *তরজমা* | ‘কিন্তু তিনিই আল্লাহ্‌, আমার প্রতিপালক এবং আমি কাহাকেও আমার প্রতিপালকের শরীক করি না।’ | |
| | وَلَوْلَآ اِذْ دَخَلْتَ جَنَّتَكَ قُلْتَ مَا شَآءَ اللّٰهُ ۙ لَا قُوَّةَ اِلَّا بِاللّٰهِ ۚ اِنْ تَرَنِ اَنَا اَقَلَّ مِنْكَ مَالًا وَّوَلَدًا ﴿٣٩﴾ | **39** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালাওলা˜ ইয˙ দাখাল্‌তা জান্নাতাকা কু˙ল্‌তা মা–শা~আল্লা–হু লা–কু˙ওওয়াতা ইল্লা–বিল্লা–হি (ۙ) ইং তারানি আনা আক˙াল্লা মিংকা মা–লাওঁ ওয়া ওয়ালাদা– । | |
| *তরজমা* | ‘তুমি যখন তোমার উদ্যানে প্রবেশ করিলে তখন কেন বলিলে না, ‘আল্লাহ্‌ যাহা চাহেন তাহাই হয়, আল্লাহ্‌র সাহায্য ব্যতীত কোন শক্তি নাই ?’ তুমি যদি ধনে ও সন্তানে আমাকে তোমার অপেক্ষা নিকৃষ্টতর মনে কর- | |
| | فَعَسٰى رَبِّيْٓ اَنْ يُّؤْتِيَنِ خَيْرًا مِّنْ جَنَّتِكَ وَيُرْسِلَ عَلَيْهَا حُسْبَانًا مِّنَ السَّمَآءِ فَتُصْبِحَ صَعِيْدًا زَلَقًا ﴿٤٠﴾ | **40** |
| *প্রতিবর্ণায়ন* | ফা‘আছা– রাব্বী˜ আই ইউ’তিয়ানি খাইরাম্‌ মিং জান্নাতিকা ওয়া ইউর্‌ছিলা ‘আলাইহা– হু˙ছ্‌বা–নাম্‌ মিনাছ্‌ছামা~ই ফাতুসবিহ˙া সা‘ঈদাং ঝালাক˙া– । | |
| *তরজমা* | ‘তবে হয়ত আমার প্রতিপালক আমাকে তোমার উদ্যান অপেক্ষা উৎকৃষ্টতর কিছু দিবেন এবং তোমার উদ্যানে আকাশ হইতে নির্ধারিত বিপর্যয় প্রেরণ করিবেন; যাহার ফলে উহা উদ্ভিদশূন্য ময়দানে পরিণত হইবে। | |
| | اَوْ يُصْبِحَ مَآؤُهَا غَوْرًا فَلَنْ تَسْتَطِيْعَ لَهٗ طَلَبًا ﴿٤١﴾ | **41** |
| *প্রতিবর্ণায়ন* | আও ইউসবিহ˙া মা~উহা– গাওরাং ফালাং তাছ্‌তাত˙ী‘আ লাহূ ত˙ালাবা– । | |
| *তরজমা* | ‘অথবা উহার পানি ভূগর্ভে অন্তর্হিত হইবে এবং তুমি কখনও উহার সন্ধান লাভে সক্ষম হইবে না।’ | |
| | وَاُحِيْطَ بِثَمَرِهٖ فَاَصْبَحَ يُقَلِّبُ كَفَّيْهِ عَلٰى مَآ اَنْفَقَ فِيْهَا وَهِيَ خَاوِيَةٌ عَلٰى عُرُوْشِهَا وَيَقُوْلُ يٰلَيْتَنِيْ لَمْ اُشْرِكْ بِرَبِّيْٓ اَحَدًا ﴿٤٢﴾ | **42** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া উহ˙ীত˙া বিছ˙ামারিহী ফাআছবাহ˙া ইউক˙াল্লিবু কাফ্‌ফাইহি ‘আলা–মা˜ আংফাক˙া ফীহা–ওয়াহিয়া খা–বি˙য়াতুন্‌ ‘আলা– ‘উরূশিহা– ওয়া ইয়াকূ˙লু ইয়া– লাইতানী লাম্‌ উশ্‌রিক্‌ বিরাব্বী˜ আহ˙াদা– । | |

| *তরজমা* | তাহার ফল-সম্পদ বিপর্যয়ে বেষ্টিত হইয়া গেল এবং সে উহাতে যাহা ব্যয় করিয়াছিল তাহার জন্য আক্ষেপ করিতে লাগিল যখন উহা মাচানসহ ভূমিসাৎ হইয়া গেল। সে বলিতে লাগিল, 'হায়, আমি যদি কাহাকেও আমার প্রতিপালকের শরীক না করিতাম!' | |
| | وَلَمْ تَكُنْ لَّهٗ فِئَةٌ يَّنْصُرُوْنَهٗ مِنْ دُوْنِ اللّٰهِ وَمَا كَانَ مُنْتَصِرًا ﴿٤٣﴾ | **43** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালাম তাকুল্ লাহূ ফিয়াতুইঁ ইয়াংসুরূনাহূ মিং দূনিল্লা-হি ওয়ামা-কা-না মুংতাসিরা- । | |
| *তরজমা* | আর আল্লাহ্ ব্যতীত তাহাকে সাহায্য করিবার কোন লোকজন ছিল না এবং সে নিজেও প্রতিকারে সমর্থ হইল না। | |
| | هُنَالِكَ الْوَلَايَةُ لِلّٰهِ الْحَقِّ ؕ هُوَ خَيْرٌ ثَوَابًا وَّ خَيْرٌ عُقْبًا ﴿٤٤﴾ | **44** |
| *প্রতিবর্ণায়ন* | হুনা-লিকাল ওয়ালা-ইয়াতু লিল্লা-হিল্ হ াক্কি (ط) হুওয়া খাইরুং ছ াওয়া-বাওঁ ওয়া খাইরুন্ 'উক বা- । | |
| *তরজমা* | এই ক্ষেত্রে কর্তৃত্ব আল্লাহ্রই, যিনি সত্য। পুরস্কার দানে ও পরিণাম নির্ধারণে তিনিই শ্রেষ্ঠ। | |
| | وَاضْرِبْ لَهُمْ مَّثَلَ الْحَيٰوةِ الدُّنْيَا كَمَآءٍ اَنْزَلْنٰهُ مِنَ السَّمَآءِ فَاخْتَلَطَ بِهٖ نَبَاتُ الْاَرْضِ فَاَصْبَحَ هَشِيْمًا تَذْرُوْهُ الرِّيٰحُ ؕ وَكَانَ اللّٰهُ عَلٰى كُلِّ شَيْءٍ مُّقْتَدِرًا ﴿٤٥﴾ | **45** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াদ রিব্ লাহুম্ মাছ ালাল্ হ ায়া-তিদ্দুনইয়া-কামা~ইন্ আংঝাল্না-হু মিনাছ্ ছামা~ই ফাখতালাত া বিহী নাবা-তুল্ আর্দি ফাআসবাহ া হাশীমাং তায রূহুর্ রিয়া-হু (ط) ওয়া কা-নাল্লা-হু 'আলা-কুল্লি শাইয়িম্ মুক তাদিরা- । | |
| *তরজমা* | উহাদের নিকট পেশ কর উপমা পার্থিব জীবনের : ইহা পানির ন্যায় যাহা আমি বর্ষণ করি আকাশ হইতে, যদ্দ্বারা ভূমিজ উদ্ভিদ ঘন-সন্নিবিষ্ট হইয়া উদ্গত হয়, অতঃপর উহা বিশুষ্ক হইয়া এমন চূর্ণ-বিচূর্ণ হয় যে, বাতাস উহাকে উড়াইয়া লইয়া যায়। আল্লাহ্ সর্ববিষয়ে শক্তিমান। | |
| | اَلْمَالُ وَالْبَنُوْنَ زِيْنَةُ الْحَيٰوةِ الدُّنْيَا ۚ وَالْبٰقِيٰتُ الصّٰلِحٰتُ خَيْرٌ عِنْدَ رَبِّكَ ثَوَابًا وَّ خَيْرٌ اَمَلًا ﴿٤٦﴾ | **46** |
| *প্রতিবর্ণায়ন* | আল্মা-লু ওয়াল বানূনা ঝীনাতুল্ হ ায়া-তিদ্দুন্ইয়া- (ج) ওয়াল্ বা-কি য়া-তুসসা-লিহ া-তু খাইরুন্ 'ইংদা রাব্বিকা ছ াওয়া-বাওঁ ওয়া খাইরুন্ আমালা- । | |
| *তরজমা* | ধনৈশ্বর্য ও সন্তান-সন্ততি পার্থিব জীবনের শোভা; এবং স্থায়ী সৎকর্ম তোমার প্রতিপালকের নিকট পুরস্কার প্রাপ্তির জন্য শ্রেষ্ঠ এবং কাঙ্ক্ষিত হিসাবেও উৎকৃষ্ট। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | وَيَوْمَ نُسَيِّرُ الْجِبَالَ وَتَرَى الْأَرْضَ بَارِزَةً ۙ وَحَشَرْنَاهُمْ فَلَمْ نُغَادِرْ مِنْهُمْ أَحَدًا ﴿٤٧﴾ | **47** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয়াওমা নুছাইয়িরুল্ জিবা–লা ওয়া তারাল্ আর্‌দ্বা বা–রিঝাতাওঁ (ﻻ) ওয়া হ্বাশার্‌না–হুম্ ফালাম্ নুগা–দির মিনহুম্ আহ্বাদা– । | |
| *তরজমা* | স্মরণ কর, যেদিন আমি পর্বতমালাকে করিব সঞ্চালিত এবং তুমি পৃথিবীকে দেখিবে উন্মুক্ত প্রান্তর, সেদিন তাহাদের সকলকে আমি একত্র করিব এবং উহাদের কাহাকেও অব্যাহতি দিব না, | |
| | وَعُرِضُوا عَلَىٰ رَبِّكَ صَفًّا لَّقَدْ جِئْتُمُونَا كَمَا خَلَقْنَاكُمْ أَوَّلَ مَرَّةٍ ۚ بَلْ زَعَمْتُمْ أَلَّن نَّجْعَلَ لَكُم مَّوْعِدًا ﴿٤٨﴾ | **48** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ‘উরিদ্বূ ‘আলা– রাব্বিকা সাফ্‌ফাল (ط) লাক্বাদ্ জি’তুমূনা– কামা– খালাক্বনা–কুম্ আও্ওয়ালা মার্‌রাতিম (ز) বাল্ ঝা‘আমতুম্ আল্লান্ নাজ‘আলা লাকুম্ মাও‘ইদা– । | |
| *তরজমা* | এবং উহাদেরকে তোমার প্রতিপালকের নিকট উপস্থিত করা হইবে সারিবদ্ধভাবে এবং বলা হইবে, ‘তোমাদেরকে প্রথমবার যেভাবে সৃষ্টি করিয়াছিলাম সেইভাবেই তোমরা আমার নিকট উপস্থিত হইয়াছ, অথচ তোমরা মনে করিতে যে, তোমাদের জন্য প্রতিশ্রুত ক্ষণ আমি কখনও উপস্থিত করিব না।’ | |
| | وَوُضِعَ الْكِتَابُ فَتَرَى الْمُجْرِمِينَ مُشْفِقِينَ مِمَّا فِيهِ وَيَقُولُونَ يَا وَيْلَتَنَا مَالِ هَٰذَا الْكِتَابِ لَا يُغَادِرُ صَغِيرَةً وَلَا كَبِيرَةً إِلَّا أَحْصَاهَا ۚ وَوَجَدُوا مَا عَمِلُوا حَاضِرًا ۗ وَلَا يَظْلِمُ رَبُّكَ أَحَدًا ﴿٤٩﴾ | **49** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া উদ্বি‘‘আল্ কিতা–বু ফাতারাল্ মুজরিমীনা মুশ্‌ফিক্বীনা মিম্মা–ফীহি ওয়া ইক্বূলূনা ইয়া–ওয়াইলাতানা– মা–লি হা–য্বাল্ কিতা–বি লা– ইউগা–দিরু সাগীরাতাওঁ ওয়ালা–কাবীরাতান্ ইল্লা˜ আহ্বসা–হা– (ج) ওয়া ওয়াজাদূ মা–‘আমিলূ হ্বা–দ্বিরা– (ط) ওয়ালা–ইয়াজ্বলিমু রাব্বুকা আহ্বাদা– । | |
| *তরজমা* | এবং উপস্থিত করা হইবে আমলনামা এবং উহাতে যাহা লিপিবদ্ধ আছে তাহার কারণে তুমি অপরাধীদেরকে দেখিবে আতংকগ্রস্ত এবং উহারা বলিবে, ‘হায়, দুর্ভাগ্য আমাদের! ইহা কেমন গ্রন্থ! উহা তো ছোট-বড় কিছুই বাদ দেয় না; বরং উহা সমস্ত হিসাব রাখিয়াছে।’ উহারা উহাদের কৃতকর্ম সম্মুখে উপস্থিত পাইবে ; তোমার প্রতিপালক কাহারও প্রতি জুলুম করেন না। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
| --- | --- | --- |
| | وَإِذْ قُلْنَا لِلْمَلَٰٓئِكَةِ ٱسْجُدُوا۟ لِءَادَمَ فَسَجَدُوٓا۟ إِلَّآ إِبْلِيسَ كَانَ مِنَ ٱلْجِنِّ فَفَسَقَ عَنْ أَمْرِ رَبِّهِۦٓ ۗ أَفَتَتَّخِذُونَهُۥ وَذُرِّيَّتَهُۥٓ أَوْلِيَآءَ مِن دُونِى وَهُمْ لَكُمْ عَدُوٌّۢ ۚ بِئْسَ لِلظَّٰلِمِينَ بَدَلًا ﴿٥٠﴾ | 50 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয্ কু্ল্না–লিল্ মালা~ইকাতিছ্ জুদূ লিআ–দামা ফাছাজাদূ~ ইল্লা~ ইব্লীছা (ط) কা–না মিনাল্ জিন্নি ফাফাছাক্া ‘আন্ আমরি রাব্বিহী (ط) আফাতাত্তাখিযূ্নাহূ ওয়া যু্র্রিইইয়াতাহূ~ আওলিয়া~আ মিং দূনী ওয়া হুম লাকুম্ ‘আদুওউম্ (ط) বি’ছা লিজ্ জ্া–লিমীনা বাদালা– । | |
| *তরজমা* | এবং স্মরণ কর, আমি যখন ফিরিশ্‌তাগণকে বলিয়াছিলাম, ‘আদমের প্রতি সিজ্‌দা কর’, তখন তাহারা সকলেই সিজ্‌দা করিল ইব্‌লীস ব্যতীত; সে জিনদের একজন, সে তাহার প্রতিপালকের আদেশ অমান্য করিল। তবে কি তোমরা আমার পরিবর্তে উহাকে এবং উহার বংশধরকে অভিভাবকরূপে গ্রহণ করিতেছ ? উহারা তো তোমাদের শত্রু। জালিমদের এই বিনিময় কত নিকৃষ্ট! | |
| | مَّآ أَشْهَدتُّهُمْ خَلْقَ ٱلسَّمَٰوَٰتِ وَٱلْأَرْضِ وَلَا خَلْقَ أَنفُسِهِمْ وَمَا كُنتُ مُتَّخِذَ ٱلْمُضِلِّينَ عَضُدًا ﴿٥١﴾ | 51 |
| *প্রতিবর্ণায়ন* | মা~ আশ্‌হাত্‌তুহুম্ খাল্‌ক্াছ্ছামা–ওয়া–তি ওয়াল্ আর্‌দি ওয়ালা– খাল্‌ক্া আংফুছিহিম্ (ص) ওয়ামা– কুংতু মুত্তাখিয্াল্ মুদি্ল্লীনা ‘আদু্দা– । | |
| *তরজমা* | আকাশমণ্ডলীর ও পৃথিবীর সৃষ্টিকালে আমি উহাদেরকে ডাকি নাই এবং উহাদের সৃজনকালেও নয়, আমি বিভ্রান্তকারীদেরকে সাহায্যকারীরূপে গ্রহণ করিবার নই। | |
| | وَيَوْمَ يَقُولُ نَادُوا۟ شُرَكَآءِىَ ٱلَّذِينَ زَعَمْتُمْ فَدَعَوْهُمْ فَلَمْ يَسْتَجِيبُوا۟ لَهُمْ وَجَعَلْنَا بَيْنَهُم مَّوْبِقًا ﴿٥٢﴾ | 52 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয়াওমা ইয়াকূ্লু না–দূ শুরাকা~ইয়াল্লায্ীনা ঝা‘আম্‌তুম্ ফাদা‘আওহুম্ ফালাম্ ইয়াছ্‌তাজীবূ লাহুম্ ওয়া জা‘আল্‌না– বাইনাহুম্ মাওবিক্া– । | |
| *তরজমা* | এবং সেই দিনের কথা স্মরণ কর, যেদিন তিনি বলিবেন, ‘তোমরা যাহাদেরকে আমার শরীক মনে করিতে তাহাদেরকে আহ্বান কর।’ উহারা তখন তাহাদেরকে আহ্বান করিবে কিন্তু তাহারা উহাদের আহ্বানে সাড়া দিবে না এবং উহাদের উভয়ের মধ্যস্থলে রাখিয়া দিব এক ধ্বংস-গহ্বর। | |
| | وَرَءَا ٱلْمُجْرِمُونَ ٱلنَّارَ فَظَنُّوٓا۟ أَنَّهُم مُّوَاقِعُوهَا وَلَمْ يَجِدُوا۟ عَنْهَا مَصْرِفًا ﴿٥٣﴾ | 53 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া রাআল্ মুজরিমূনান্না–রা ফাজ্ান্নূ~ আন্নাহুম্ মুওয়া–কি‘‘উহা– ওয়ালাম্ ইয়াজিদূ ‘আনহা– মাসরিফা– । | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | অপরাধীরা আগুন দেখিয়া বুঝিবে যে, উহারা সেখানে পতিত হইতেছে এবং উহারা উহা হইতে কোন পরিত্রাণস্থল পাইবে না। | |
| | وَلَقَدْ صَرَّفْنَا فِيْ هٰذَا الْقُرْاٰنِ لِلنَّاسِ مِنْ كُلِّ مَثَلٍ ؕ وَكَانَ الْاِنْسَانُ اَكْثَرَ شَیْءٍ جَدَلًا ﴿۵۴﴾ | **54** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাক াদ্ সার্‌রাফ্‌না– ফী হা–য াল্ কু রআ–নি লিন্না–ছি মিং কুল্লি মাছ ালিওঁ (ط) ওয়া কা–নাল্ ইংছা–নু আকছ ারা শাইয়িং জাদালা– । | |
| *তরজমা* | আমি মানুষের জন্য এই কুরআনে বিভিন্ন উপমার দ্বারা আমার বাণী বিশদভাবে বর্ণনা করিয়াছি। মানুষ অধিকাংশ ব্যাপারেই বিতর্কপ্রিয়। | |
| | وَمَا مَنَعَ النَّاسَ اَنْ يُّؤْمِنُوْۤا اِذْ جَآءَهُمُ الْهُدٰى وَيَسْتَغْفِرُوْا رَبَّهُمْ اِلَّاۤ اَنْ تَاْتِيَهُمْ سُنَّةُ الْاَوَّلِيْنَ اَوْ يَاْتِيَهُمُ الْعَذَابُ قُبُلًا ﴿۵۵﴾ | **55** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা– মানা‘আন্না–ছা আইঁ ইউ’মিনূ˜ ইয ‘ জা~আহুমুল্ হুদা– ওয়াইয়াছতাগফিরূ রাব্বাহুম্ ইল্লা˜ আং তা’তিয়াহুম ছুন্নাতুল আওওয়ালীনা আও ইয়া’তিয়াহুমুল্ ‘আয া–বু কু বুলা– । | |
| *তরজমা* | যখন উহাদের নিকট পথনির্দেশ আসে তখন মানুষকে ঈমান আনা এবং তাহাদের প্রতিপালকের নিকট ক্ষমা প্রার্থনা করা হইতে বিরত রাখে কেবল ইহা যে, তাহাদের নিকট পূর্ববর্তীদের বেলায় অনুসৃত রীতি আসুক অথবা আসুক তাহাদের নিকট সরাসরি আযাব। | |
| | وَمَا نُرْسِلُ الْمُرْسَلِيْنَ اِلَّا مُبَشِّرِيْنَ وَمُنْذِرِيْنَ ۚ وَيُجَادِلُ الَّذِيْنَ كَفَرُوْا بِالْبَاطِلِ لِيُدْحِضُوْا بِهِ الْحَقَّ وَاتَّخَذُوْۤا اٰيٰتِيْ وَمَاۤ اُنْذِرُوْا هُزُوًا ﴿۵۶﴾ | **56** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা– নুরছিলুল্ মুর্‌ছালীনা ইল্লা– মুবাশ্‌শিরীনা ওয়া মুংযি রীনা (ج) ওয়া ইউজা–দিলুল্লায ীনা কাফারূ বিল্‌বা–তি লি লিইউদ্‌হি দূ বিহিল হ াক্ক া ওয়াত্তাখায ূ˜ আ–য়া–তী ওয়ামা˜ উংযি রূ হুঝুওয়া– । | |
| *তরজমা* | আমি কেবল সুসংবাদদাতা ও সতর্ককারীরূপেই রাসূলগণকে পাঠাইয়া থাকি, কিন্তু কাফিররা মিথ্যা অবলম্বনে বিতণ্ডা করে, উহা দ্বারা সত্যকে ব্যর্থ করিয়া দিবার জন্য এবং আমার নিদর্শনাবলী ও যদ্দ্বারা উহাদেরকে সতর্ক করা হইয়াছে সেই সমস্তকে উহারা বিদ্রূপের বিষয়রূপে গ্রহণ করিয়া থাকে। | |
| | وَمَنْ اَظْلَمُ مِمَّنْ ذُكِّرَ بِاٰيٰتِ رَبِّهٖ فَاَعْرَضَ عَنْهَا وَنَسِیَ مَا قَدَّمَتْ يَدٰهُ ؕ اِنَّا جَعَلْنَا عَلٰى قُلُوْبِهِمْ اَكِنَّةً اَنْ يَّفْقَهُوْهُ وَفِیْۤ اٰذَانِهِمْ وَقْرًا ؕ وَاِنْ تَدْعُهُمْ اِلَى الْهُدٰى فَلَنْ يَّهْتَدُوْۤا اِذًا اَبَدًا ﴿۵۷﴾ | **57** |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ওয়া মান আজ ̇লামু মিম্মাং য়ু̇ক্কিরা বিআ–য়া–তি রাব্বিহী ফাআ‘রাদ ̇া ‘আনহা– ওয়া নাছিয়া মা–ক ̇াদ্দামাত্ ইয়াদা–হু (ط) ইন্না– জা‘আল্‌না–‘আলা– কু ̇লূবিহিম্ আকিন্নাতান্ আইঁ ইয়াফ্‌ক ̇াহূহু ওয়া ফী˜ আ–য ̇া–নিহিম্ ওয়াক ̇রাওঁ (ط) ওয়া ইং তাদ্‘উহুম্ ইলাল্ হুদা– ফালাইঁ ইয়াহতাদূ˜ ইয ̇ান্ আবাদা– । | |
| *তরজমা* | কোন ব্যক্তিকে তাহার প্রতিপালকের নিদর্শনাবলী স্মরণ করাইয়া দেওয়ার পর সে যদি উহা হইতে মুখ ফিরাইয়া নেয় এবং তাহার কৃতকর্মসমূহ ভুলিয়া যায় তবে তাহার অপেক্ষা অধিক জালিম আর কে ? আমি নিশ্চয়ই উহাদের অন্তরের উপর আবরণ দিয়াছি যেন উহারা কুরআন বুঝিতে না পারে এবং উহাদের কানে বধিরতা আঁটিয়া দিয়াছি। তুমি উহাদেরকে সৎপথে আহ্বান করিলেও উহারা কখনও সৎপথে আসিবে না। | |
| | وَرَبُّكَ الْغَفُوْرُ ذُو الرَّحْمَةِ ؕ لَوْ يُؤَاخِذُهُمْ بِمَا كَسَبُوْا لَعَجَّلَ لَهُمُ الْعَذَابَ ؕ بَلْ لَّهُمْ مَّوْعِدٌ لَّنْ يَّجِدُوْا مِنْ دُوْنِهٖ مَوْئِلًا ﴿۵۸﴾ | 58 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া রাব্বুকাল্ গাফূরু য়ু ̇র্ রাহ ̇মাতি (ط) লাও ইউআ–খিয ̇ুহুম্ বিমা–কাছাবূ লা‘আজ্জালা লাহুমুল্ ‘আয ̇া–বা (ط) বাল্লাহুম্ মাও‘ইদুল্ লাইঁ ইয়াজিদূ মিং দূনিহী মাওইলা– । | |
| *তরজমা* | এবং তোমার প্রতিপালক পরম ক্ষমাশীল, দয়াবান, উহাদের কৃতকর্মের জন্য যদি তিনি উহাদেরকে পাকড়াও করিতে চাহিতেন, তবে তিনি অবশ্যই উহাদের শাস্তি ত্বরান্বিত করিতেন; কিন্তু উহাদের জন্য রহিয়াছে এক প্রতিশ্রুত মুহূর্ত, যাহা হইতে উহারা কখনই কোন আশ্রয়স্থল পাইবে না। | |
| | وَتِلْكَ الْقُرٰۤى اَهْلَكْنٰهُمْ لَمَّا ظَلَمُوْا وَجَعَلْنَا لِمَهْلِكِهِمْ مَّوْعِدًا ﴿۵۹﴾ | 59 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া তিল্‌কাল্ কু ̇রা˜ আহলাক্‌না–হুম্ লাম্মা–জ ̇ালামূ ওয়া জা‘আলনা– লিমাহলিকিহিম্ মাও‘ইদা– । | |
| *তরজমা* | ঐসব জনপদ–উহাদের অধিবাসীবৃন্দকে আমি ধ্বংস করিয়াছিলাম, যখন উহারা সীমালংঘন করিয়াছিল এবং উহাদের ধ্বংসের জন্য আমি স্থির করিয়াছিলাম এক নির্দিষ্ট ক্ষণ। | |
| | وَاِذْ قَالَ مُوْسٰى لِفَتٰىهُ لَاۤ اَبْرَحُ حَتّٰۤى اَبْلُغَ مَجْمَعَ الْبَحْرَيْنِ اَوْ اَمْضِىَ حُقُبًا ﴿۶۰﴾ | 60 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয ̇ ক ̇া–লা মূছা– লিফাতা–হু লা˜ আব্‌রাহু ̇ হ ̇াত্তা˜ আব্‌লুগা মাজমা‘আল্ বাহ ̇রাইনি আও আমদি ̇য়া হু ̇কু ̇বা– । | |
| *তরজমা* | স্মরণ কর, যখন মূসা তাহার সঙ্গীকে বলিয়াছিল, ‘দুই সমুদ্রের সংগমস্থলে না পৌঁছিয়া আমি থামিব না অথবা আমি যুগ যুগ ধরিয়া চলিতে থাকিব।’ | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | فَلَمَّا بَلَغَا مَجْمَعَ بَيْنِهِمَا نَسِيَا حُوتَهُمَا فَاتَّخَذَ سَبِيلَهُۥ فِى ٱلْبَحْرِ سَرَبًا ﴿٦١﴾ | **61** |
| *প্রতিবর্ণায়ন* | ফালাম্মা– বালাগা– মাজমা‘আ বাইনিহিমা– নাছিয়া– হূ ত্বাহুমা– ফাত্তাখায া ছাবীলাহূ ফিল্ বাহ ্রি ছারাবা– । | |
| *তরজমা* | উহারা উভয়ে যখন দুই সমুদ্রের সংগমস্থলে পৌঁছিল উহারা নিজেদের মৎস্যের কথা ভুলিয়া গেল; উহা সুড়ংগের মত নিজের পথ করিয়া সমুদ্রে নামিয়া গেল। | |
| | فَلَمَّا جَاوَزَا قَالَ لِفَتَىٰهُ ءَاتِنَا غَدَآءَنَا لَقَدْ لَقِينَا مِن سَفَرِنَا هَٰذَا نَصَبًا ﴿٦٢﴾ | **62** |
| *প্রতিবর্ণায়ন* | ফালাম্মা– জা–ওয়াঝা–ক া–লা লিফাতা–হু আ–তিনা– গাদা~আনা–লাকাদ্ লাক ীনা মিং ছাফারিনা–হা–য া– নাসাবা– । | |
| *তরজমা* | যখন উহারা আরো অগ্রসর হইল মূসা তাহার সঙ্গীকে বলিল, ‘আমাদের প্রাতঃরাশ আন, আমরা তো আমাদের এই সফরে ক্লান্ত হইয়া পড়িয়াছি।’ | |
| | قَالَ أَرَءَيْتَ إِذْ أَوَيْنَآ إِلَى ٱلصَّخْرَةِ فَإِنِّى نَسِيتُ ٱلْحُوتَ وَمَآ أَنسَىٰنِيهُ إِلَّا ٱلشَّيْطَٰنُ أَنْ أَذْكُرَهُۥ ۚ وَٱتَّخَذَ سَبِيلَهُۥ فِى ٱلْبَحْرِ ۚ عَجَبًا ﴿٦٣﴾ | **63** |
| *প্রতিবর্ণায়ন* | ক া–লা আরাআইতা ইয্ আওয়াইনা˜ ইলাসসাখ্‌রাতি ফাইন্নী নাছীতুল্ হূ তা (ز) ওয়ামা˜ আংছা–নীহু ইল্লাশ্‌শাইত া–নু আন্ আয ্কুরাহূ (ج) ওয়াত্তাখায া ছাবীলাহূ ফিল্ বাহ ্রি (ق) ‘আজাবা– । | |
| *তরজমা* | সে বলিল, ‘আপনি কি লক্ষ্য করিয়াছেন, আমরা যখন শিলাখণ্ডে বিশ্রাম করিতেছিলাম তখন আমি মৎস্যের কথা ভুলিয়া গিয়াছিলাম ? শয়তানই উহার কথা বলিতে আমাকে ভুলাইয়া দিয়াছিল; মৎস্যটি আশ্চর্যজনকভাবে নিজের পথ করিয়া নামিয়া গেল সমুদ্রে।’ | |
| | قَالَ ذَٰلِكَ مَا كُنَّا نَبْغِ ۚ فَٱرْتَدَّا عَلَىٰٓ ءَاثَارِهِمَا قَصَصًا ﴿٦٤﴾ | **64** |
| *প্রতিবর্ণায়ন* | ক া–লা য া–লিকা মা–কুন্না– নাব্‌গি (ق) ফার্‌তাদ্দা– ‘আলা˜ আ–ছ া–রিহিমা– ক াসাসা– । | |
| *তরজমা* | মূসা বলিল, ‘আমরা তো সেই স্থানটিরই অনুসন্ধান করিতেছিলাম।’ অতঃপর উহারা নিজেদের পদচিহ্ন ধরিয়া ফিরিয়া চলিল। | |
| | فَوَجَدَا عَبْدًا مِّنْ عِبَادِنَآ ءَاتَيْنَٰهُ رَحْمَةً مِّنْ عِندِنَا وَعَلَّمْنَٰهُ مِن لَّدُنَّا عِلْمًا ﴿٦٥﴾ | **65** |
| *প্রতিবর্ণায়ন* | ফাওয়াজাদা– ‘আবদাম্ মিন্ ইবা–দিনা˜ আ–তাইনা–হু রাহ ্মাতাম্ মিন্ ‘ইংদিনা ওয়া ‘আল্লাম্‌না–হু মিল্লাদুন্না– ‘ইল্‌মা– । | |

| | | |
|---|---|---|
| *তরজমা* | অতঃপর উহারা সাক্ষাৎ পাইল আমার বান্দাদের মধ্যে একজনের, যাহাকে আমি আমার নিকট হইতে অনুগ্রহ দান করিয়াছিলাম ও আমার নিকট হইতে শিক্ষা দিয়াছিলাম এক বিশেষ জ্ঞান। | |
| | قَالَ لَهٗ مُوْسٰی هَلْ اَتَّبِعُكَ عَلٰۤی اَنْ تُعَلِّمَنِ مِمَّا عُلِّمْتَ رُشْدًا ﴿۶۶﴾ | 66 |
| *প্রতিবর্ণায়ন* | কা–লা লাহূ মূছা– হাল্ আত্তাবি‘উকা ‘আলা~ আং তু‘আল্লিমানি মিম্মা– ‘উল্লিম্‌তা রুশ্‌দা– । | |
| *তরজমা* | মূসা তাহাকে বলিল, ‘সত্য পথের যে জ্ঞান আপনাকে দান করা হইয়াছে তাহা হইতে আমাকে শিক্ষা দিবেন, এই শর্তে আমি আপনার অনুসরণ করিব কি ? | |
| | قَالَ اِنَّكَ لَنْ تَسْتَطِیْعَ مَعِیَ صَبْرًا ﴿۶۷﴾ | 67 |
| *প্রতিবর্ণায়ন* | কা–লা ইন্নাকা লাং তাছ্‌তাত ী‘আ মা‘ইয়া সাব্‌রা– । | |
| *তরজমা* | সে বলিল, আপনি কিছুতেই আমার সঙ্গে ধৈর্য ধারণ করিয়া থাকিতে পারিবেন না, | |
| | وَ كَیْفَ تَصْبِرُ عَلٰی مَا لَمْ تُحِطْ بِهٖ خُبْرًا ﴿۶۸﴾ | 68 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া কাইফা তাসবিরু ‘আলা– মা–লাম্ তুহি ত বিহী খুব্‌রা– । | |
| *তরজমা* | ‘যে বিষয় আপনার জ্ঞানায়ত্ত নহে সে বিষয়ে আপনি ধৈর্য ধারণ করিবেন কেমন করিয়া ?’ | |
| | قَالَ سَتَجِدُنِیْۤ اِنْ شَآءَ اللّٰهُ صَابِرًا وَّ لَاۤ اَعْصِیْ لَكَ اَمْرًا ﴿۶۹﴾ | 69 |
| *প্রতিবর্ণায়ন* | কা–লা ছাতাজিদুনী~ ইং শা~আল্লা–হু সা–বিরাওঁ ওয়ালা~ আ‘সী লাকা আম্‌রা– । | |
| *তরজমা* | মূসা বলিল, ‘আল্লাহ্ চাহিলে আপনি আমাকে ধৈর্যশীল পাইবেন এবং আপনার কোন আদেশ আমি অমান্য করিব না।’ | |
| | قَالَ فَاِنِ اتَّبَعْتَنِیْ فَلَا تَسْـَٔلْنِیْ عَنْ شَیْءٍ حَتّٰۤی اُحْدِثَ لَكَ مِنْهُ ذِكْرًا ﴿۷۰﴾ | 70 |
| *প্রতিবর্ণায়ন* | কা–লা ফাইনিত্ তাবা‘তানী ফালা–তাছ্‌আল্‌নী ‘আং শাইয়িন্ হা ত্তা~ উহ দিছ া লাকা মিন্‌হু যি ক্‌রা– । | |
| *তরজমা* | সে বলিল, ‘আচ্ছা, আপনি যদি আমার অনুসরণ করিবেনই তবে কোন বিষয়ে আমাকে প্রশ্ন করিবেন না, যতক্ষণ না আমি সে সম্বন্ধে আপনাকে কিছু বলি।’ | |
| | فَانْطَلَقَا ٚ حَتّٰۤی اِذَا رَكِبَا فِی السَّفِیْنَةِ خَرَقَهَا ؕ قَالَ اَخَرَقْتَهَا لِتُغْرِقَ اَهْلَهَا ۚ لَقَدْ جِئْتَ شَیْـًٔا اِمْرًا ﴿۷۱﴾ | 71 |
| *প্রতিবর্ণায়ন* | ফাংত ালাকা– (وقفة) হা ত্তা~ ইযা– রাকিবা–ফিছ্‌ছাফীনাতি খারাক াহা– (ط) কা–লা আখারাক তাহা– লিতুগরিক া আহলাহা– (ج) লাকাদ্ জি’তা শাইআং ইম্‌রা– । | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | অতঃপর উভয়ে চলিতে লাগিল, পরে যখন উহারা নৌকায় আরোহণ করিল তখন সে উহা বিদীর্ণ করিয়া দিল। মূসা বলিল, ‘আপনি কি আরোহীদেরকে নিমজ্জিত করিয়া দিবার জন্য উহা বিদীর্ণ করিলেন ? আপনি তো এক গুরুতর অন্যায় কাজ করিলেন।’ | |
| | قَالَ أَلَمْ أَقُلْ إِنَّكَ لَن تَسْتَطِيعَ مَعِيَ صَبْرًا ﴿٧٢﴾ | 72 |
| প্রতিবর্ণায়ন | কা-লা আলাম্ আকুল্ ইন্নাকা লাং তাছ্তাতী‘আ মা‘ইয়া সাব্‌রা- । | |
| তরজমা | সে বলিল, ‘আমি কি বলি নাই যে, আপনি আমার সঙ্গে কিছুতেই ধৈর্য ধারণ করিতে পারিবেন না ?’ | |
| | قَالَ لَا تُؤَاخِذْنِي بِمَا نَسِيتُ وَلَا تُرْهِقْنِي مِنْ أَمْرِي عُسْرًا ﴿٧٣﴾ | 73 |
| প্রতিবর্ণায়ন | কা-লা লা-তুআখিয্‌নী বিমা- নাছীতু ওয়ালা-তুর্‌হিক্‌নী মিন আমরী ‘উছ্‌রা- । | |
| তরজমা | মূসা বলিল, ‘আমার ভুলের জন্য আমাকে অপরাধী করিবেন না ও আমার ব্যাপারে অত্যধিক কঠোরতা অবলম্বন করিবেন না।’ | |
| | فَانطَلَقَا ۚ حَتَّىٰ إِذَا لَقِيَا غُلَامًا فَقَتَلَهُ قَالَ أَقَتَلْتَ نَفْسًا زَكِيَّةً بِغَيْرِ نَفْسٍ لَّقَدْ جِئْتَ شَيْئًا نُّكْرًا ﴿٧٤﴾ | 74 |
| প্রতিবর্ণায়ন | ফাংতালাকা- (وقفة) হাত্তা ইযা- লাকিয়া- গুলা-মাং ফাকাতালাহূ কা-লা আকাতাল্‌তা নাফ্‌ছাং ঝাকিইইয়াতাম বিগাইরি নাফছিন্ (ط) লাকাদ জি’তা শাইআন নুক্‌রা- । | |
| তরজমা | অতঃপর উভয়ে চলিতে লাগিল, চলিতে চলিতে উহাদের সঙ্গে এক বালকের সাক্ষাৎ হইলে সে উহাকে হত্যা করিল। তখন মূসা বলিল, ‘আপনি কি এক নিষ্পাপ জীবন নাশ করিলেন, হত্যার অপরাধ ছাড়াই ? আপনি তো এক গুরুতর অন্যায় কাজ করিলেন। | |
| | قَالَ أَلَمْ أَقُل لَّكَ إِنَّكَ لَن تَسْتَطِيعَ مَعِيَ صَبْرًا ﴿٧٥﴾ | 75 |
| প্রতিবর্ণায়ন | কা- লা আলাম্ আকু্‌ল্লাকা ইন্নাকা লাং তাছ্তাতী‘আ মা‘ইয়া সাব্‌রা- । | |
| তরজমা | সে বলিল, ‘আমি কি আপনাকে বলি নাই যে, আপনি আমার সঙ্গে কিছুতেই ধৈর্য ধারণ করিতে পারিবেন না ? | |
| | قَالَ إِن سَأَلْتُكَ عَن شَيْءٍ بَعْدَهَا فَلَا تُصَاحِبْنِي ۖ قَدْ بَلَغْتَ مِن لَّدُنِّي عُذْرًا ﴿٧٦﴾ | 76 |
| প্রতিবর্ণায়ন | কা-লা ইং ছাআলতুকা ‘আং শাইয়িম্ বা‘দাহা- ফালা-তুসা-হিব্‌নী (ج) কাদ বালাগ্‌তা মিল্লাদুন্নী ‘উয্‌রা- । | |
| তরজমা | মূসা বলিল, ‘ইহার পর, যদি আমি আপনাকে কোন বিষয়ে জিজ্ঞাসা করি তবে আপনি আমাকে সঙ্গে রাখিবেন না ; আমার ‘ওযর-আপত্তির চূড়ান্ত হইয়াছে। | |

|  | فَانْطَلَقَا ۗ حَتّٰۤى اِذَاۤ اَتَيَاۤ اَهْلَ قَرْيَةِ ِۨاسْتَطْعَمَاۤ اَهْلَهَا فَاَبَوْا اَنْ يُّضَيِّفُوْهُمَا فَوَجَدَا فِيْهَا جِدَارًا يُّرِيْدُ اَنْ يَّنْقَضَّ فَاَقَامَهٗ ؕ قَالَ لَوْ شِئْتَ لَتَّخَذْتَ عَلَيْهِ اَجْرًا ﴿۷۷﴾ | **77** |
| *প্রতিবর্ণায়ন* | ফাংত্বালাক্বা– (وقفة) হ্বাত্তা˜ ইযা˜ আতাইয়া˜ আহলা ক্বারইয়াতিনিছ্‌তাত্ব‘আমা˜ আহ্‌লাহা– ফাআবাওঁ আইঁ ইউদ্বাইয়িফূহুমা– ফাওয়াজাদা– ফীহা–জিদা–রাইঁ ইউরীদু আইঁ ইয়াংক্বাদ্‌দ্বা ফাআক্বা–মাহূ (ط) ক্বা–লা লাও শি’তা লাত্তাখায্‌তা ‘আলাইহি আজরা– । |  |
| *তরজমা* | অতঃপর উভয়ে চলিতে লাগিল; চলিতে চলিতে উহারা এক জনপদের অধিবাসীদের নিকট পৌঁছিয়া তাহাদের নিকট খাদ্য চাহিল; কিন্তু তাহারা তাহাদের মেহমানদারী করিতে অস্বীকার করিল। অতঃপর সেখানে তাহারা এক পতনোন্মুখ প্রাচীর দেখিতে পাইল এবং সে উহাকে সুদৃঢ় করিয়া দিল। মূসা বলিল, ‘আপনি তো ইচ্ছা করিলে ইহার জন্য পারিশ্রমিক গ্রহণ করিতে পারিতেন।’ |  |
|  | قَالَ هٰذَا فِرَاقُ بَيْنِىْ وَبَيْنِكَ ۚ سَاُنَبِّئُكَ بِتَاْوِيْلِ مَا لَمْ تَسْتَطِعْ عَّلَيْهِ صَبْرًا ﴿۷۸﴾ | **78** |
| *প্রতিবর্ণায়ন* | ক্বা–লা হা–যা– ফিরা–কু্ বাইনী ওয়া বাইনিকা (ج) ছাউনাব্বিউকা বিতা’বি্লি মালাম্ তাছ্‌তাতি্‘ ‘আলাইহি সাব্‌রা– । |  |
| *তরজমা* | সে বলিল, ‘এইখানেই আপনার এবং আমার মধ্যে সম্পর্কচ্ছেদ হইল, যে বিষয়ে আপনি ধৈর্য ধারণ করিতে পারেন নাই আমি তাহার তাৎপর্য ব্যাখ্যা করিতেছি। |  |
|  | اَمَّا السَّفِيْنَةُ فَكَانَتْ لِمَسٰكِيْنَ يَعْمَلُوْنَ فِى الْبَحْرِ فَاَرَدْتُّ اَنْ اَعِيْبَهَا وَكَانَ وَرَآءَهُمْ مَّلِكٌ يَّاْخُذُ كُلَّ سَفِيْنَةٍ غَصْبًا ﴿۷۹﴾ | **79** |
| *প্রতিবর্ণায়ন* | আম্মাছ্ ছাফীনাতু ফাকা–নাত্ লিমাছা–কীনা ইয়া‘মালূনা ফিল বাহ্‌রি ফাআরাত্‌তু আন্ আ‘ঈবাহা– ওয়া কা– না ওয়ারা~আহুম্ মালিকুইঁ ইয়া‘খুয্‌ কুল্লা ছাফীনাতিন্ গাসবা– । |  |
| *তরজমা* | ‘নৌকাটির ব্যাপার-ইহা ছিল কতিপয় দরিদ্র ব্যক্তির, উহারা সমুদ্রে জীবিকা অন্বেষণ করিত; আমি, ইচ্ছা করিলাম নৌকাটিকে ত্রুটিযুক্ত করিতে; কারণ উহাদের পশ্চাতে ছিল এক রাজা, যে বলপ্রয়োগে নৌকাসকল ছিনাইয়া লইত। |  |
|  | وَاَمَّا الْغُلٰمُ فَكَانَ اَبَوٰهُ مُؤْمِنَيْنِ فَخَشِيْنَاۤ اَنْ يُّرْهِقَهُمَا طُغْيَانًا وَّكُفْرًا ﴿۸۰﴾ | **80** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আম্মাল্ গুলা–মু ফাকা–না আবাওয়া–হু মু’মিনাইনি ফাখাশীনা˜ আইঁ ইউরহিক্বাহুমা– তু্গইয়া–নাওঁ ওয়া কুফ্‌রা– । |  |
| *তরজমা* | ‘আর কিশোরটি, তাহার পিতামাতা ছিল মু’মিন। আমি আশংকা করিলাম যে, সে বিদ্রোহাচরণ ও কুফরীর দ্বারা উহাদেরকে বিব্রত করিবে। |  |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | فَاَرَدْنَآ اَنْ يُّبْدِلَهُمَا رَبُّهُمَا خَيْرًا مِّنْهُ زَكٰوةً وَّ اَقْرَبَ رُحْمًا ﴿٨١﴾ | 81 |
| *প্রতিবর্ণায়ন* | ফাআরাদ্না~ আইঁ ইউব্দিলাহুমা- রাব্বুহুমা- খাইরাম্ মিনহু ঝাকা-তাওঁ ওয়া আক্বারাবা রুহ্মা- । | |
| *তরজমা* | ‘অতঃপর আমি চাহিলাম যে, উহাদের প্রতিপালক যেন উহাদেরকে উহার পরিবর্তে এক সন্তান দান করেন, যে হইবে পবিত্রতায় মহত্তর ও ভক্তি-ভালবাসায় ঘনিষ্ঠতর। | |
| | وَاَمَّا الْجِدَارُ فَكَانَ لِغُلٰمَيْنِ يَتِيْمَيْنِ فِى الْمَدِيْنَةِ وَكَانَ تَحْتَهٗ كَنْزٌ لَّهُمَا وَكَانَ اَبُوْهُمَا صَالِحًا ۚ فَاَرَادَ رَبُّكَ اَنْ يَّبْلُغَآ اَشُدَّهُمَا وَيَسْتَخْرِجَا كَنْزَهُمَا ۖ رَحْمَةً مِّنْ رَّبِّكَ ۚ وَمَا فَعَلْتُهٗ عَنْ اَمْرِىْ ؕ ذٰلِكَ تَاْوِيْلُ مَا لَمْ تَسْطِعْ عَّلَيْهِ صَبْرًا ﴿٨٢﴾ؕ | 82 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আম্মাল্ জিদা-রু ফাকা-না লিগুলা-মাইনি ইয়াতীমাইনি ফিল্ মাদীনাতি ওয়া কা-না তাহ্তাহূ কাংঝুল্লাহুমা- ওয়া কা-না আবূহুমা- সা-লিহাং (ج) ফাআরা-দা রাব্বুকা আইঁ ইয়াব্লুগা~ আশুদ্দা হুমা-ওয়া ইয়াছ্তাখ্রিজা- কাংঝাহুমা- (ق) রাহ্মাতাম্ মির্ রাব্বিকা (ج) ওয়ামা- ফা‘আল্তুহূ ‘আন আম্রী (ط) যা-লিকা তা’বীলু মা- লাম্ তাছতি‘ ‘আলাইহি সাব্রা- । | |
| *তরজমা* | ‘আর ঐ প্রাচীরটি, ইহা ছিল নগরবাসী দুই পিতৃহীন কিশোরের, ইহার নিম্নদেশে আছে উহাদের গুপ্তধন এবং উহাদের পিতা ছিল সৎকর্মপরায়ণ। সুতরাং আপনার প্রতিপালক দয়াপরবশ হইয়া ইচ্ছা করিলেন যে, উহারা বয়ঃপ্রাপ্ত হউক এবং উহারা উহাদের ধনভাণ্ডার উদ্ধার করুক। আমি নিজ হইতে কিছু করি নাই; আপনি যে বিষয়ে ধৈর্য ধারণে অপারগ হইয়াছিলেন, ইহাই তাহার ব্যাখ্যা।’ | |
| | وَيَسْـَٔلُوْنَكَ عَنْ ذِى الْقَرْنَيْنِ ؕ قُلْ سَاَتْلُوْا عَلَيْكُمْ مِّنْهُ ذِكْرًا ﴿٨٣﴾ؕ | 83 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয়াছ্আলূনাকা আং যিল্ ক্বারনাইনি (ط) কুল ছাআত্লূ ‘আলাইকুম মিনহু যিক্রা- । | |
| *তরজমা* | উহারা তোমাকে যুল-কারনাইন সম্বন্ধে জিজ্ঞাসা করে। বল, ‘আমি তোমাদের নিকট তাহার বিষয় বর্ণনা করিব।’ | |
| | اِنَّا مَكَّنَّا لَهٗ فِى الْاَرْضِ وَاٰتَيْنٰهُ مِنْ كُلِّ شَىْءٍ سَبَبًا ﴿٨٤﴾ۙ | 84 |
| *প্রতিবর্ণায়ন* | ইন্না- মাক্কান্না-লাহূ ফিল্ আর্দি ওয়া আ-তাইনা-হু মিং কুল্লি শাইয়িং ছাবাবা- । | |
| *তরজমা* | আমি তো তাহাকে পৃথিবীতে কর্তৃত্ব দিয়াছিলাম এবং প্রত্যেক বিষয়ের উপায়-উপকরণ দান করিয়াছিলাম। | |
| | فَاَتْبَعَ سَبَبًا ﴿٨٥﴾ | 85 |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ফাআতবা'আ ছাবাবা- । | |
| *তরজমা* | অতঃপর সে এক পথ অবলম্বন করিল। | |
| | حَتّٰۤى اِذَا بَلَغَ مَغْرِبَ الشَّمْسِ وَجَدَهَا تَغْرُبُ فِیْ عَیْنٍ حَمِئَةٍ وَّ وَجَدَ عِنْدَهَا قَوْمًا ؕ۬ قُلْنَا یٰذَا الْقَرْنَیْنِ اِمَّاۤ اَنْ تُعَذِّبَ وَ اِمَّاۤ اَنْ تَتَّخِذَ فِیْهِمْ حُسْنًا ﴿۸۶﴾ | **86** |
| *প্রতিবর্ণায়ন* | হ়াত্তা˜ ইযা-বালাগা মাগ্‌রিবাশ্ শাম্‌ছি ওয়া জাদাহা- তাগ্‌রুবু ফী 'আইনিন্ হ়ামিআতিওঁ ওয়া ওয়াজাদা 'ইংদাহা-ক়াওমাং (ط) ক়ুল্‌না- ইয়া-য়াল্ ক়ারনাইনি ইম্মা˜আং তু'আয্‌যি়বা ওয়া ইম্মা˜ আং তাত্তাখিয়া ফীহিম্ হ়ুছ্‌না- । | |
| *তরজমা* | চলিতে চলিতে সে যখন সূর্যের অস্তগমন স্থানে পৌঁছিল তখন সে সূর্যকে এক পংকিল জলাশয়ে অস্তগমন করিতে দেখিল এবং সে সেখানে এক সম্প্রদায়কে দেখিতে পাইল। আমি বলিলাম, 'হে যুল-কার্‌নাইন! তুমি ইহাদেরকে শাস্তি দিতে পার অথবা ইহাদের ব্যাপার সদয়ভাবে গ্রহণ করিতে পার।' | |
| | قَالَ اَمَّا مَنْ ظَلَمَ فَسَوْفَ نُعَذِّبُهٗ ثُمَّ یُرَدُّ اِلٰى رَبِّهٖ فَیُعَذِّبُهٗ عَذَابًا نُّكْرًا ﴿۸۷﴾ | **87** |
| *প্রতিবর্ণায়ন* | ক়া-লা আম্মা-মাং জ়ালামা ফাছাওফা নু'আয্‌যি়বুহূ ছুম্মা ইউরাদ্দু ইলা-রাব্বিহী ফাইউ'আয্‌যি়বুহূ 'আযা়-বান্ নুক্‌রা- । | |
| *তরজমা* | সে বলিল, 'যে কেহ সীমালংঘন করিবে আমি তাহাকে শাস্তি দিব, অতঃপর সে তাহার প্রতিপালকের নিকট প্রত্যাবর্তিত হইবে এবং তিনি তাহাকে কঠিন শাস্তি দিবেন। | |
| | وَ اَمَّا مَنْ اٰمَنَ وَ عَمِلَ صَالِحًا فَلَهٗ جَزَآءَ ِۨالْحُسْنٰى ۚ وَ سَنَقُوْلُ لَهٗ مِنْ اَمْرِنَا یُسْرًا ﴿ؕ۸۸﴾ | **88** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আম্মা-মান আ-মানা ওয়া 'আমিলা সা-লিহ়াং ফালাহূ জাঝা~আনিল হ়ুছ্‌না-, ওয়া ছানাক়ূলু লাহূ মিন্ আমরিনা-ইউছ্‌রা- । | |
| *তরজমা* | 'তবে যে ঈমান আনে এবং সৎকর্ম করে তাহার জন্য প্রতিদানস্বরূপ আছে কল্যাণ এবং তাহার প্রতি ব্যবহারে আমি নম্র কথা বলিব।' | |
| | ثُمَّ اَتْبَعَ سَبَبًا ﴿۸۹﴾ | **89** |
| *প্রতিবর্ণায়ন* | ছুম্মা আত্‌বা'আ ছাবাবা- । | |
| *তরজমা* | আবার সে এক পথ ধরিল, | |
| | حَتّٰۤى اِذَا بَلَغَ مَطْلِعَ الشَّمْسِ وَجَدَهَا تَطْلُعُ عَلٰى قَوْمٍ لَّمْ نَجْعَلْ لَّهُمْ مِّنْ دُوْنِهَا سِتْرًا ﴿ۙ۹۰﴾ | **90** |
| *প্রতিবর্ণায়ন* | হ়াত্তা˜ ইযা-বালাগা মাত়লি'আশশাম্‌ছি ওয়াজাদাহা- তাত়লু'উ 'আলা- ক়াওমিল্ লাম নাজ'আল্ লাহুম্ মিং দূনিহা- ছিতরা- । | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | চলিতে চলিতে যখন সে সূর্যোদয়-স্থলে পৌঁছিল তখন সে দেখিল উহা এমন এক সম্প্রদায়ের উপর উদয় হইতেছে যাহাদের জন্য সূর্যতাপ হইতে কোন অন্তরাল আমি সৃষ্টি করি নাই; | |
| | كَذٰلِكَ ۖ وَقَدْ أَحَطْنَا بِمَا لَدَيْهِ خُبْرًا ﴿٩١﴾ | **91** |
| *প্রতিবর্ণায়ন* | কায া-লিকা (ط) ওয়া ক াদ্ আহ াত না-বিমা- লাদাইহি খুব্‌রা- | |
| *তরজমা* | প্রকৃত ঘটনা ইহাই, তাহার নিকট যাহা কিছু ছিল আমি সম্যক অবগত আছি। | |
| | ثُمَّ أَتْبَعَ سَبَبًا ﴿٩٢﴾ | **92** |
| *প্রতিবর্ণায়ন* | ছু ম্মা আতবা'আ ছাবাবা- । | |
| *তরজমা* | আবার সে এক পথ ধরিল, | |
| | حَتّٰىٓ إِذَا بَلَغَ بَيْنَ السَّدَّيْنِ وَجَدَ مِنْ دُونِهِمَا قَوْمًا ۙ لَّا يَكَادُونَ يَفْقَهُونَ قَوْلًا ﴿٩٣﴾ | **93** |
| *প্রতিবর্ণায়ন* | হ াত্তা˜ ইয া-বালাগা বাইনাছ্‌ছাদ্দাইনি ওয়াজাদা মিং দূনিহিমা- ক াওমাল্ লা-ইয়াকা-দূনা ইয়াফ্‌ক াহূনা ক াওলা- । | |
| *তরজমা* | চলিতে চলিতে সে যখন দুই পর্বত-প্রাচীরের মধ্যবর্তী স্থলে পৌঁছিল তখন সেখানে সে এক সম্প্রদায়কে পাইল যাহারা কোন কথা বুঝিবার মত ছিল না। | |
| | قَالُوا يٰذَا الْقَرْنَيْنِ إِنَّ يَأْجُوجَ وَمَأْجُوجَ مُفْسِدُونَ فِي الْأَرْضِ فَهَلْ نَجْعَلُ لَكَ خَرْجًا عَلٰىٓ أَنْ تَجْعَلَ بَيْنَنَا وَبَيْنَهُمْ سَدًّا ﴿٩٤﴾ | **94** |
| *প্রতিবর্ণায়ন* | ক া-লূ ইয়া- য াল্ ক ার্‌নাইনি ইন্না ইয়া'জূজা ওয়া মা'জূজা মুফ্‌ছিদূনা ফিল্ আর্‌দি  ফাহাল নাজ'আলু লাকা খারজান্ 'আলা˜ আং তাজ'আলা বাইনানা- ওয়া বাইনাহুম ছাদ্দা- । | |
| *তরজমা* | উহারা বলিল, 'হে যুল-কার্‌নাইন! ইয়াজূজ ও মাজূজ তো পৃথিবীতে অশান্তি সৃষ্টি করিতেছে। আমরা কি আপনাকে খরচ দিব যে, আপনি আমাদের ও উহাদের মধ্যে এক প্রাচীর গড়িয়া দিবেন' ? | |
| | قَالَ مَا مَكَّنِّي فِيهِ رَبِّي خَيْرٌ فَأَعِينُونِي بِقُوَّةٍ أَجْعَلْ بَيْنَكُمْ وَبَيْنَهُمْ رَدْمًا ﴿٩٥﴾ | **95** |
| *প্রতিবর্ণায়ন* | ক া-লা মা- মাক ান্নী ফীহি রাব্বী খাইরুন ফাআ'ঈনূনী বিকু ওওয়াতিন আজ'আল বাইনাকুম ওয়া বাইনাহুম্ রাদ্‌মা- । | |
| *তরজমা* | সে বলিল, 'আমার প্রতিপালক আমাকে এই বিষয়ে যে ক্ষমতা দিয়াছেন, তাহাই উৎকৃষ্ট। সুতরাং তোমরা আমাকে শ্রম দ্বারা সাহায্য কর, আমি তোমাদের ও উহাদের মধ্যস্থলে এক মযবুত প্রাচীর গড়িয়া দিব। | |

| | | |
|---|---|---|
| | اٰتُوۡنِیۡ زُبَرَ الۡحَدِیۡدِ ؕ حَتّٰۤی اِذَا سَاوٰی بَیۡنَ الصَّدَفَیۡنِ قَالَ انۡفُخُوۡا ؕ حَتّٰۤی اِذَا جَعَلَهٗ نَارًا ۙ قَالَ اٰتُوۡنِیۡۤ اُفۡرِغۡ عَلَیۡهِ قِطۡرًا ﴿۹۶﴾ | 96 |
| *প্রতিবর্ণায়ন* | আওয়ালাম্ ইয়ারাল্লায ীনা কাফারূ আন্নছ্‌ছামা–ওয়া–তি ওয়াল আর্‌দ া কা–নাতা– রাত্‌ক াং ফাফাতাক না–হুমা– (ط) ওয়া জা‘আল্‌না–মিনাল্ মা~ই কুল্লা শাইয়িন হ াইয়ি (ط) আফালা–ইউ’মিনূন্। | |
| *তরজমা* | যাহারা কুফরী করে তাহারা কি ভাবিয়া দেখে না যে, আকাশমণ্ডলী ও পৃথিবী মিশিয়া ছিল ওতপ্রোতভাবে, অতঃপর আমি উভয়কে পৃথক করিয়া দিলাম ; এবং প্রাণবান সমস্ত কিছু সৃষ্টি করিলাম পানি হইতে; তবু কি উহারা ঈমান আনিবে না ? | |
| | وَجَعَلْنَا فِي الْأَرْضِ رَوَاسِيَ أَنْ تَمِيدَ بِهِمْ ۖ وَجَعَلْنَا فِيهَا فِجَاجًا سُبُلًا لَعَلَّهُمْ يَهْتَدُونَ ﴿٣١﴾ | 31 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া জা‘আল্‌না–ফিল্ আর্‌দি  রাওয়া–ছিয়া আং তামীদা বিহিম্ (ص) ওয়া জা‘আল্‌না ফীহা–ফিজাজাং ছুবুলাল লা‘আল্লাহুম্ ইয়াহ্‌তাদূন। | |
| *তরজমা* | এবং আমি পৃথিবীতে সৃষ্টি করিয়াছি সুদৃঢ় পর্বত, যাহাতে পৃথিবী উহাদেরকে লইয়া এদিক-ওদিক ঢলিয়া না যায় এবং আমি উহাতে করিয়া দিয়াছি প্রশস্ত পথ, যাহাতে উহারা গন্তব্যস্থলে পৌঁছিতে পারে। | |
| | وَجَعَلْنَا السَّمَآءَ سَقْفًا مَّحْفُوظًا ۖ وَهُمْ عَنْ اٰيٰتِهَا مُعْرِضُونَ ﴿٣٢﴾ | 32 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া জা‘আল্‌নাছ্‌ছামা~আ ছাক ফাম্ মাহ ফূজ াওঁ (ج) ওয়া হুম ‘আন্ আ–য়া–তিহা মু‘রিদূ ন্। | |
| *তরজমা* | এবং আকাশকে করিয়াছি সুরক্ষিত ছাদ; কিন্তু উহারা আকাশস্থিত নিদর্শনাবলী হইতে মুখ ফিরাইয়া লয়। | |
| | وَهُوَ الَّذِي خَلَقَ الَّيْلَ وَالنَّهَارَ وَالشَّمْسَ وَالْقَمَرَ ۖ كُلٌّ فِي فَلَكٍ يَسْبَحُونَ ﴿٣٣﴾ | 33 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াহুয়াল্লায ী খালাক াল লাইলা– ওয়ান্নাহা– রা ওয়াশ্ শাম্‌ছা ওয়াল্ ক ামারা (ط) কুল্লুং ফী ফালাকি ইঁ ইয়াছবাহূ ন। | |
| *তরজমা* | আল্লাহ্‌ই সৃষ্টি করিয়াছেন রাত্রি ও দিবস এবং সূর্য ও চন্দ্র ; প্রত্যেকেই নিজ নিজ কক্ষপথে বিচরণ করে। | |
| | وَمَا جَعَلْنَا لِبَشَرٍ مِّنْ قَبْلِكَ الْخُلْدَ ۖ أَفَإِنْ مِّتَّ فَهُمُ الْخٰلِدُونَ ﴿٣٤﴾ | 34 |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা- জা‘আল্‌না-লিবাশারিম্‌ মিং ক াবলিকাল্‌ খুল্‌দা (ط) আফাইম্‌ মিত্তা ফাহুমুল্‌ খা-লিদূন। | |
| *তরজমা* | আমি তোমার পূর্বেও কোন মানুষকে অনন্ত জীবন দান করি নাই ; সুতরাং তোমার মৃত্যু হইলে উহারা কি চিরজীবী হইয়া থাকিবে ? | |
| | كُلُّ نَفْسٍ ذَآئِقَةُ الْمَوْتِ ۗ وَنَبْلُوْكُمْ بِالشَّرِّ وَالْخَيْرِ فِتْنَةً ۗ وَاِلَيْنَا تُرْجَعُوْنَ ﴿۳۵﴾ | **35** |
| *প্রতিবর্ণায়ন* | কুল্লু নাফছিং য া~ইক াতুল মাওতি (ط) ওয়া নাব্‌লূকুম বিশ্‌শাররি ওয়াল্‌ খাইরি ফিত্‌নাতাও (ط) ওয়া ইলাইনা-তুর্‌জা‘উন্‌। | |
| *তরজমা* | জীবমাত্রই মৃত্যুর স্বাদ গ্রহণ করিবে; আমি তোমাদেরকে মন্দ ও ভাল দ্বারা বিশেষভাবে পরীক্ষা করিয়া থাকি এবং আমারই নিকট তোমরা প্রত্যানীত হইবে। | |
| | وَاِذَا رَاٰكَ الَّذِيْنَ كَفَرُوْٓا اِنْ يَّتَّخِذُوْنَكَ اِلَّا هُزُوًا ۗ اَهٰذَا الَّذِيْ يَذْكُرُ اٰلِهَتَكُمْ ۚ وَهُمْ بِذِكْرِ الرَّحْمٰنِ هُمْ كٰفِرُوْنَ ﴿۳۶﴾ | **36** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয া-রাআ-কাল্লায ীনা কাফারূ ~ইয়ঁ ইয়াত্তাখিযূ নাকা ইল্লা- হুঝুওয়ান (ط) আহা-য াল্লায ী ইয়ায কুরু আ-লিহাতাকুম্‌ (ج) ওয়া হুম বিযি করির রাহ মা-নি হুম্‌ কা-ফিরূন। | |
| *তরজমা* | কাফিররা যখন তোমাকে দেখে তখন উহারা তোমাকে কেবল বিদ্রূপের পাত্ররূপেই গ্রহণ করে। উহারা বলে, ‘এই কি সেই, যে তোমাদের দেব-দেবীগুলির সমালোচনা করে ?’ অথচ উহারাই তো ‘রহমান’-এর উল্লেখের বিরোধিতা করে। | |
| | خُلِقَ الْاِنْسَانُ مِنْ عَجَلٍ ۗ سَاُورِيْكُمْ اٰيٰتِيْ فَلَا تَسْتَعْجِلُوْنِ ﴿۳۷﴾ | **37** |
| *প্রতিবর্ণায়ন* | খুলিক াল্‌ ইংছা-নু মিন্‌ ‘আজালিং (ط) ছাউরীকুম্‌ আ-য়া-তী ফালা- তাছ্‌তা‘জিলূন্‌। | |
| *তরজমা* | মানুষ সৃষ্টিগতভাবে ত্বরাপ্রবণ, শীঘ্রই আমি তোমাদেরকে আমার নিদর্শনাবলী দেখাইব; সুতরাং তোমরা আমাকে ত্বরা করিতে বলিও না। | |
| | وَيَقُوْلُوْنَ مَتٰى هٰذَا الْوَعْدُ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿۳۸﴾ | **38** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া-ইয়াকূ লূনা মাতা-হা-য াল্‌ ও‘দু ইং কুংতুম্‌ সা-দিক ীন্‌। | |
| *তরজমা* | এবং উহারা বলে, ‘তোমরা যদি সত্যবাদী হও তবে বল এই প্রতিশ্রুতি কখন পূর্ণ হইবে?’ | |
| | لَوْ يَعْلَمُ الَّذِيْنَ كَفَرُوْا حِيْنَ لَا يَكُفُّوْنَ عَنْ وُّجُوْهِهِمُ النَّارَ وَلَا عَنْ ظُهُوْرِهِمْ وَلَا هُمْ يُنْصَرُوْنَ ﴿۳۹﴾ | **39** |

| | | |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | লাও ইয়া'লামুল্লায ীনা কাফারূ হ ীনা লা– ইয়াকুফ্‌ফূনা 'আওঁ উজুহিহিমুন্‌না–রা ওয়ালা–'আন জু হূরিহিম ওয়ালা– হুম্‌ ইউংসারূন। | |
| *তরজমা* | হায়, যদি কাফিররা সেই সময়ের কথা জানিত যখন উহারা উহাদের সম্মুখ ও পশ্চাৎ হইতে অগ্নি প্রতিরোধ করিতে পারিবে না এবং উহাদেরকে সাহায্য করাও হইবে না! | |
| | بَلْ تَأْتِيهِم بَغْتَةً فَتَبْهَتُهُمْ فَلَا يَسْتَطِيعُونَ رَدَّهَا وَلَا هُمْ يُنظَرُونَ ﴿٤٠﴾ | **40** |
| *প্রতিবর্ণায়ন* | বাল্‌ তা'তীহিম্‌ বাগতাতাং ফাতাব্‌হাতুহুম, ফালা–ইয়াছতাত ী'উনা রাদ্দাহা–ওয়া লা–হুম্‌ ইউংজ ারূন। | |
| *তরজমা* | বস্তুত উহা উহাদের উপর আসিবে অতর্কিতভাবে এবং উহাদেরকে হতভম্ব করিয়া দিবে। ফলে উহারা উহা রোধ করিতে পারিবে না এবং উহাদেরকে অবকাশও দেওয়া হইবে না। | |
| | وَلَقَدِ اسْتُهْزِئَ بِرُسُلٍ مِّن قَبْلِكَ فَحَاقَ بِالَّذِينَ سَخِرُوا مِنْهُم مَّا كَانُوا بِهِ يَسْتَهْزِئُونَ ﴿٤١﴾ | **41** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালাক াদিছ তুহ্‌ঝিআ বিরুছুলিম মিং ক াব্‌লিকা ফাহ া–ক া বিল্লায ীনা ছাখিরূ মিন্‌হুম মা–কা–নূ বিহী ইয়াছ্‌তাহ্‌ঝিউন। | |
| *তরজমা* | তোমার পূর্বেও অনেক রাসূলকেই ঠাট্টা-বিদ্রূপ করা হইয়াছিল ; পরিণামে তাহারা যাহা লইয়া ঠাট্টা-বিদ্রূপ করিত তাহা বিদ্রূপকারীদেরকে পরিবেষ্টন করিয়াছিল। | |
| | قُلْ مَن يَكْلَؤُكُم بِاللَّيْلِ وَالنَّهَارِ مِنَ الرَّحْمَٰنِ ۗ بَلْ هُمْ عَن ذِكْرِ رَبِّهِم مُّعْرِضُونَ ﴿٤٢﴾ | **42** |
| *প্রতিবর্ণায়ন* | কু ল্‌ মাই ইয়াক্‌লাউকুম্‌ বিল লাইলি ওয়ান্‌ নাহা–রি মিনার্‌ রাহ মা–নি (ط) বাল্‌ হুম 'আং যি করি রাব্বিহিম্‌ মু'রিদূ ন্‌। | |
| *তরজমা* | বল, 'রহমান হইতে কে তোমাদেরকে রক্ষা করিবে রাত্রিতে ও দিবসে ?' তবুও উহারা উহাদের প্রতিপালকের স্মরণ হইতে মুখ ফিরাইয়া নেয়। | |
| | أَمْ لَهُمْ آلِهَةٌ تَمْنَعُهُم مِّن دُونِنَا ۚ لَا يَسْتَطِيعُونَ نَصْرَ أَنفُسِهِمْ وَلَا هُم مِّنَّا يُصْحَبُونَ ﴿٤٣﴾ | **43** |
| *প্রতিবর্ণায়ন* | আম্‌ লাহুম আ–লিহাতুং তাম্‌না'উহুম্‌ মিং দূনিনা– (ط) লা ইয়াছ্‌তাত ী'উনা নাছরা আংফুছিহিম ওয়ালা–হুম্‌ মিন্না–ইউছহ াবূন্‌। | |
| *তরজমা* | তবে কি আমি ব্যতীত উহাদের এমন দেব-দেবীও আছে যাহারা উহাদেরকে রক্ষা করিতে পারে ? ইহারা তো নিজেদেরকেই সাহায্য করিতে পারে না এবং আমার বিরুদ্ধে উহাদের সাহায্যকারীও থাকিবে না। | |
| | بَلْ مَتَّعْنَا هَٰؤُلَاءِ وَآبَاءَهُمْ حَتَّىٰ طَالَ عَلَيْهِمُ الْعُمُرُ ۗ أَفَلَا يَرَوْنَ أَنَّا نَأْتِي الْأَرْضَ نَنقُصُهَا مِنْ أَطْرَافِهَا ۚ أَفَهُمُ الْغَالِبُونَ ﴿٤٤﴾ | **44** |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | বাল্ মাত্তা'না-হা˜উলা~ই ওয়া আ-বা~আহুম হ˙াত্তা-ত˙া-লা 'আলাইহিমুল 'উমরু (ط) আফালা- ইয়ারাওনা আন্না-না'তিল আরদ˙া নান্‌কু˙সুহা- মিন আত˙রা-ফিহা- (ط) আফাহুমুল্ গা-লিবূন। | |
| *তরজমা* | বস্তুত আমিই উহাদেরকে এবং উহাদের পিতৃ-পুরুষদেরকে ভোগসম্ভার দিয়াছিলাম ; অধিকন্তু উহাদের আয়ুষ্কালও হইয়াছিল দীর্ঘ। উহারা কি দেখিতেছে না যে, আমি উহাদের দেশকে চতুর্দিক হইতে সংকুচিত করিয়া আনিতেছি। তবুও কি উহারা বিজয়ী হইবে ? | |
| | قُلْ إِنَّمَآ أُنذِرُكُم بِٱلْوَحْيِ ۚ وَلَا يَسْمَعُ ٱلصُّمُّ ٱلدُّعَآءَ إِذَا مَا يُنذَرُونَ ﴿٤٥﴾ | 45 |
| *প্রতিবর্ণায়ন* | কু˙ল্ ইন্নামা˜ উংযি˙রুকুম বিল্ ওয়াহ˙য়ি (ز) ওয়ালা- ইয়াছ্‌মা'উসসুম্মুদ্‌দু'আ~আ ইয˙া- মা-ইউংয˙ারূন্। | |
| *তরজমা* | বল, 'আমি তো কেবল ওহী দ্বারাই তোমাদেরকে সতর্ক করি', কিন্তু যাহারা বধির তাহাদেরকে যখন সতর্ক করা হয় তখন তাহারা সতর্কবাণী শুনে না। | |
| | وَلَئِن مَّسَّتْهُمْ نَفْحَةٌ مِّنْ عَذَابِ رَبِّكَ لَيَقُولُنَّ يَٰوَيْلَنَآ إِنَّا كُنَّا ظَٰلِمِينَ ﴿٤٦﴾ | 46 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালাইম্ মাছ্‌ছাত্‌হুম্ নাফহ˙াতুম মিন্ 'আয˙া-বি রাব্বিকা লাইয়াকূ˙লুন্না ইয়া-ওয়াইলানা˜ইন্না-কুন্না- জ˙া-লিমীন। | |
| *তরজমা* | তোমার প্রতিপালকের শাস্তির কিছুমাত্রও উহাদেরকে স্পর্শ করিলে উহারা নিশ্চয়ই বলিয়া উঠিবে, 'হায়, দুর্ভোগ আমাদের, আমরা তো ছিলাম জালিম !' | |
| | وَنَضَعُ ٱلْمَوَٰزِينَ ٱلْقِسْطَ لِيَوْمِ ٱلْقِيَٰمَةِ فَلَا تُظْلَمُ نَفْسٌ شَيْـًٔا ۖ وَإِن كَانَ مِثْقَالَ حَبَّةٍ مِّنْ خَرْدَلٍ أَتَيْنَا بِهَا ۗ وَكَفَىٰ بِنَا حَٰسِبِينَ ﴿٤٧﴾ | 47 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া নাদা'উল্ মাওয়া-ঝীনাল্ কি˙ছ্‌ত˙া লিইয়াওমিল্ কি˙য়া-মাতি ফালা- তুজ্˙লামু নাফ্‌ছুং শাইআ- (ط) ওয়া ইং কা-না মিছ˙ক˙া-লা হ˙াব্বাতিম্ মিন্ খারদালিন্ আতাইনা-বিহা- (ط) ওয়াকাফা- বিনা- হ˙া-ছিবীন্। | |
| *তরজমা* | এবং কিয়ামত দিবসে আমি স্থাপন করিব ন্যায়বিচারের মানদণ্ড। সুতরাং কাহারও প্রতি কোন অবিচার করা হইবে না এবং কর্ম যদি তিল পরিমাণ ওজনেরও হয় তবু উহা আমি উপস্থিত করিব ; হিসাব গ্রহণকারীরূপে আমিই যথেষ্ট। | |
| | وَلَقَدْ ءَاتَيْنَا مُوسَىٰ وَهَٰرُونَ ٱلْفُرْقَانَ وَضِيَآءً وَذِكْرًا لِّلْمُتَّقِينَ ﴿٤٨﴾ | 48 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাক˙াদ্ আ-তাইনা-মূছা-ওয়া হা-রূনাল্ ফুরক˙া-না ওয়া দি˙য়া~আওঁ ওয়া যি˙ক্‌রাল লিল্‌মুত্তাক˙ীন্। | |
| *তরজমা* | আমি তো মূসা ও হারূনকে দিয়াছিলাম 'ফুরকান', জ্যোতি ও উপদেশ মুত্তাকীদের জন্য- | |

| | الَّذِيْنَ يَخْشَوْنَ رَبَّهُمْ بِالْغَيْبِ وَهُمْ مِّنَ السَّاعَةِ مُشْفِقُوْنَ ﴿٤٩﴾ | 49 |
| *প্রতিবর্ণায়ন* | আল্লায ীনা ইয়াখ্শাওনা রাব্বাহুম বিল্গাইবি ওয়া হুম মিনাছ্ছা-‘আতি মুশফিকূ ন। | |
| *তরজমা* | যাহারা না দেখিয়াও তাহাদের প্রতিপালককে ভয় করে এবং তাহারা কিয়ামত সম্পর্কে ভীত-সন্ত্রস্ত। | |
| | وَهٰذَا ذِكْرٌ مُّبٰرَكٌ اَنْزَلْنٰهُ ؕ اَفَاَنْتُمْ لَهٗ مُنْكِرُوْنَ ﴿٥٠﴾ | 50 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া হা-য া- যি করুম্মুবা-রাকুন আংঝাল্না-হু (ط) আফাআংতুম লাহূ মুংকিরূন। | |
| *তরজমা* | ইহা কল্যাণময় উপদেশ ; আমি ইহা অবতীর্ণ করিয়াছি। তবুও কি তোমরা ইহাকে অস্বীকার কর ? | |
| | وَلَقَدْ اٰتَيْنَاۤ اِبْرٰهِيْمَ رُشْدَهٗ مِنْ قَبْلُ وَكُنَّا بِهٖ عٰلِمِيْنَ ﴿٥١﴾ | 51 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাক াদ আ-তাইনা˜ ইবরা-হীমা রুশ্দাহূ মিং ক াবলু ওয়া কুন্না- বিহী ‘আ-লিমীন্। | |
| *তরজমা* | আমি তো ইহার পূর্বে ইব্রাহীমকে সৎপথের জ্ঞান দিয়াছিলাম এবং আমি তাহার সম্বন্ধে ছিলাম সম্যক পরিজ্ঞাত। | |
| | اِذْ قَالَ لِاَبِيْهِ وَقَوْمِهٖ مَا هٰذِهِ التَّمَاثِيْلُ الَّتِيْۤ اَنْتُمْ لَهَا عٰكِفُوْنَ ﴿٥٢﴾ | 52 |
| *প্রতিবর্ণায়ন* | ইয্ ক া-লা লিআবীহি ওয়া ক াওমিহী মা-হা-যি হিত্তামা-ছ ীলুল্লাতী˜ আংতুম্ লাহা- ‘আ-কিফূন্। | |
| *তরজমা* | যখন সে তাহার পিতা ও তাহার সম্প্রদায়কে বলিল, ‘এই মূর্তিগুলি কী, যাহাদের পূজায় তোমরা রত রহিয়াছ !’ | |
| | قَالُوْا وَجَدْنَاۤ اٰبَآءَنَا لَهَا عٰبِدِيْنَ ﴿٥٣﴾ | 53 |
| *প্রতিবর্ণায়ন* | ক া-লূ ওয়াজাদ্না˜ আ-বা~আনা- লাহা- ‘আ-বিদীন্। | |
| *তরজমা* | উহারা বলিল, ‘আমরা আমাদের পিতৃপুরুষগণকে ইহাদের পূজা করিতে দেখিয়াছি।’ | |
| | قَالَ لَقَدْ كُنْتُمْ اَنْتُمْ وَاٰبَآؤُكُمْ فِيْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿٥٤﴾ | 54 |
| *প্রতিবর্ণায়ন* | ক া-লা লাক াদ্ কুংতুম আংতুম্ ওয়া আ-বা~উকুম্ ফী দ ালা-লিম্ মুবীন্। | |
| *তরজমা* | সে বলিল, ‘তোমরা নিজেরা এবং তোমাদের পিতৃপুরুষগণও রহিয়াছে স্পষ্ট বিভ্রান্তিতে।’ | |
| | قَالُوْۤا اَجِئْتَنَا بِالْحَقِّ اَمْ اَنْتَ مِنَ اللّٰعِبِيْنَ ﴿٥٥﴾ | 55 |
| *প্রতিবর্ণায়ন* | ক া-লূ˜ আজি’তানা- বিল্হ াক্কি আম আংতা মিনাল্লা-‘ইবীন্। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | উহারা বলিল, 'তুমি কি আমাদের নিকট সত্য আনিয়াছ, না তুমি কৌতুক করিতেছ ?' | |
| | قَالَ بَلْ رَّبُّكُمْ رَبُّ السَّمٰوٰتِ وَالْاَرْضِ الَّذِىْ فَطَرَهُنَّ ۖ وَاَنَا عَلٰى ذٰلِكُمْ مِّنَ الشّٰهِدِيْنَ ﴿٥٦﴾ | **56** |
| প্রতিবর্ণায়ন | কা-লা বার্ রাব্বুকুম রাব্বুছ্ ছামা-ওয়া-তি ওয়াল্ আর্দিল্লাযী ফাতারাহুন্না (ز) ওয়া আনা 'আলা-যা-লিকুম মিনাশ্‌শা-হিদীন্। | |
| তরজমা | সে বলিল, 'না, তোমাদের প্রতিপালক তো আকাশমণ্ডলী ও পৃথিবীর প্রতিপালক, যিনি উহাদের সৃষ্টি করিয়াছেন এবং এই বিষয়ে আমি অন্যতম সাক্ষী।' | |
| | وَتَاللّٰهِ لَاَكِيْدَنَّ اَصْنَامَكُمْ بَعْدَ اَنْ تُوَلُّوْا مُدْبِرِيْنَ ﴿٥٧﴾ | **57** |
| প্রতিবর্ণায়ন | ওয়া তাল্লা-হি লাআকীদান্না আসনা- মাকুম্ বা'দা আং তুওয়াল্লূ মুদ্‌বিরীন। | |
| তরজমা | 'শপথ আল্লাহ্‌র, তোমরা চলিয়া গেলে আমি তোমাদের মূর্তিগুলি সম্বন্ধে অবশ্যই কৌশল অবলম্বন করিব।' | |
| | فَجَعَلَهُمْ جُذٰذًا اِلَّا كَبِيْرًا لَّهُمْ لَعَلَّهُمْ اِلَيْهِ يَرْجِعُوْنَ ﴿٥٨﴾ | **58** |
| প্রতিবর্ণায়ন | ফাজা'আলাহুম জুযা-যান্ ইল্লা-কাবীরাল্ লাহুম লা'আল্লাহুম ইলাইহি ইয়ারজি'উন্। | |
| তরজমা | অতঃপর সে চূর্ণ-বিচূর্ণ করিয়া দিল মূর্তিগুলিকে, উহাদের প্রধানটি ব্যতীত ; যাহাতে উহারা তাহার দিকে ফিরিয়া আসে। | |
| | قَالُوْا مَنْ فَعَلَ هٰذَا بِاٰلِهَتِنَآ اِنَّهٗ لَمِنَ الظّٰلِمِيْنَ ﴿٥٩﴾ | **59** |
| প্রতিবর্ণায়ন | কা-লূ মাং ফা'আলা হা-যা বিআ-লিহাতিনা~ইন্নাহূ লামিনাজ্ জা-লিমীন্। | |
| তরজমা | উহারা বলিল, 'আমাদের উপাস্যগুলির প্রতি এইরূপ করিল কে ? সে নিশ্চয়ই সীমালংঘনকারী।' | |
| | قَالُوْا سَمِعْنَا فَتًى يَّذْكُرُهُمْ يُقَالُ لَهٗٓ اِبْرٰهِيْمُ ﴿٦٠﴾ | **60** |
| প্রতিবর্ণায়ন | কা-লূ ছামি'না ফাতাইঁ ইয়ায্‌কুরুহুম্ ইউকা-লু লাহূ~ ইবরা-হীম। | |
| তরজমা | কেহ কেহ বলিল, 'এক যুবককে উহাদের সমালোচনা করিতে শুনিয়াছি ; তাহাকে বলা হয় ইব্‌রাহীম।' | |
| | قَالُوْا فَاْتُوْا بِهٖ عَلٰٓى اَعْيُنِ النَّاسِ لَعَلَّهُمْ يَشْهَدُوْنَ ﴿٦١﴾ | **61** |
| প্রতিবর্ণায়ন | কা-লূ ফা'তূ বিহী 'আলা~ আ'ইউনিন্না-ছি লা'আল্লাহুম ইয়াশহাদূন। | |
| তরজমা | উহারা বলিল, 'তাহাকে উপস্থিত কর লোকসম্মুখে, যাহাতে উহারা প্রত্যক্ষ করিতে পারে।' | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | قَالُوْٓا ءَاَنْتَ فَعَلْتَ هٰذَا بِاٰلِهَتِنَا يٰٓاِبْرٰهِيْمُ ؕ﴿۶۲﴾ | **62** |
| *প্রতিবর্ণায়ন* | ক'া–লূ˜ আআংতা ফা'আলতা হা–য'া–বিআ–লিহাতিনা ইয়া˜ ইবরা–হীম। | |
| *তরজমা* | উহারা বলিল 'হে ইব্‌রাহীম ! তুমিই কি আমাদের উপাস্যগু লির প্রতি এইরূপ করিয়াছ ?' | |
| | قَالَ بَلْ فَعَلَهٗ ۖۗ كَبِيْرُهُمْ هٰذَا فَسْـَٔلُوْهُمْ اِنْ كَانُوْا يَنْطِقُوْنَ ﴿۶۳﴾ | **63** |
| *প্রতিবর্ণায়ন* | ক'া–লা বাল্ ফা'আলাহূ (ق) কাবীরুহুম্ হা–য'া– ফাছ্আলূহুম্ ইং কা–নূ ইয়াংতি'ক্ব'ন। | |
| *তরজমা* | সে বলিল, 'বরং ইহাদের এই প্রধান, সে-ই তো ইহা করিয়াছে, ইহাদেরকে জিজ্ঞাসা কর যদি ইহারা কথা বলিতে পারে।' | |
| | فَرَجَعُوْٓا اِلٰٓى اَنْفُسِهِمْ فَقَالُوْٓا اِنَّكُمْ اَنْتُمُ الظّٰلِمُوْنَ ۙ﴿۶۴﴾ | **64** |
| *প্রতিবর্ণায়ন* | ফারাজা'উ˜ইলা˜আংফুছিহিম্ ফাক'া–লূ˜ ইন্নাকুম্ আংতুমুজ্ 'জ'া–লিমূন্। | |
| *তরজমা* | তখন উহারা মনে মনে চিন্তা করিয়া দেখিল এবং একে অপরকে বলিতে লাগিল, 'তোমরাই তো সীমালংঘনকারী!' | |
| | ثُمَّ نُكِسُوْا عَلٰى رُءُوْسِهِمْ ۚ لَقَدْ عَلِمْتَ مَا هٰٓؤُلَآءِ يَنْطِقُوْنَ ﴿۶۵﴾ | **65** |
| *প্রতিবর্ণায়ন* | ছু'ম্মা নুকিছূ' 'আলা–রুউছিহিম্ (ج) লাক'াদ্ 'আলিম্তা মা–হা˜উলা~ই ইয়াংতি'ক্ব'ন্। | |
| *তরজমা* | অতঃপর উহাদের মস্তক অবনত হইয়া গেল এবং উহারা বলিল, 'তুমি তো জানই যে, ইহারা কথা বলে না।' | |
| | قَالَ اَفَتَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ مَا لَا يَنْفَعُكُمْ شَيْـًٔا وَّلَا يَضُرُّكُمْ ؕ﴿۶۶﴾ | **66** |
| *প্রতিবর্ণায়ন* | ক'া–লা আফাতা'বুদূনা মিং দূনিল্লা–হি মা–লা–ইয়াংফা'উকুম্ শাইআওঁ ওয়ালা– ইয়াদু'র্‌রুকুম্। | |
| *তরজমা* | ইব্‌রাহীম বলিল, 'তবে কি তোমরা আল্লাহ্‌র পরিবর্তে এমন কিছুর 'ইবাদত কর যাহা তোমাদের কোন উপকার করিতে পারে না, ক্ষতিও করিতে পারে না ?' | |
| | اُفٍّ لَّكُمْ وَلِمَا تَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ ؕ اَفَلَا تَعْقِلُوْنَ ﴿۶۷﴾ | **67** |
| *প্রতিবর্ণায়ন* | উফ্ফিল্লাকুম্ ওয়া লিমা–তা'বুদূনা মিং দূনিল্লা–হি (ط) আফালা– তা'কি'লূন্। | |
| *তরজমা* | 'ধিক্ তোমাদেরকে এবং আল্লাহ্‌র পরিবর্তে তোমরা যাহাদের 'ইবাদত কর তাহাদেরকে! তবুও কি তোমরা বুঝিবে না ?' | |
| | قَالُوْا حَرِّقُوْهُ وَانْصُرُوْٓا اٰلِهَتَكُمْ اِنْ كُنْتُمْ فٰعِلِيْنَ ﴿۶۸﴾ | **68** |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ক'া-লূ হ'া্‌রিকূ'হু ওয়ানসুরূ˜ আ-লিহাতাকুম্‌ ইং কুংতুম ফা-'ইলীন্‌। | |
| *তরজমা* | উহারা বলিল, 'তাহাকে পোড়াইয়া দাও, সাহায্য কর তোমাদের দেবতাগুলিকে, তোমরা যদি কিছু করিতে চাও।' | |
| | قُلْنَا يٰنَارُ كُوْنِيْ بَرْدًا وَّسَلٰمًا عَلٰٓى اِبْرٰهِيْمَ ۙ۝ | **69** |
| *প্রতিবর্ণায়ন* | ক'ুলনা- ইয়া-না-রু কূনী বারদাওঁ ওয়া ছালা-মান্‌ 'আলা˜ ইবরা-হীম্‌। | |
| *তরজমা* | আমি বলিলাম, 'হে অগ্নি ! তুমি ইব্‌রাহীমের জন্য শীতল ও নিরাপদ হইয়া যাও।' | |
| | وَاَرَادُوْا بِهٖ كَيْدًا فَجَعَلْنٰهُمُ الْاَخْسَرِيْنَ ۚ۝ | **70** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আরা-দূ বিহী কাইদাং ফাজা'আল্‌না-হুমুল আখ্‌ছারীন্‌। | |
| *তরজমা* | উহারা তাহার ক্ষতি সাধনের ইচ্ছা করিয়াছিল। কিন্তু আমি উহাদেরকে করিয়া দিলাম সর্বাধিক ক্ষতিগ্রস্ত। | |
| | وَنَجَّيْنٰهُ وَلُوْطًا اِلَى الْاَرْضِ الَّتِيْ بٰرَكْنَا فِيْهَا لِلْعٰلَمِيْنَ ۝ | **71** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া নাজজাইনা-হু ওয়া লূত'ান ইলাল আরদি'ল্লাতী বা-রাক্‌না-ফীহা-লিল্‌'আ-লামীন্‌। | |
| *তরজমা* | এবং আমি তাহাকে ও লূতকে উদ্ধার করিয়া লইয়া গেলাম সেই দেশে, যেখানে আমি কল্যাণ রাখিয়াছি বিশ্ববাসীর জন্য। | |
| | وَوَهَبْنَا لَهٗٓ اِسْحٰقَ ۭ وَيَعْقُوْبَ نَافِلَةً ۭ وَكُلًّا جَعَلْنَا صٰلِحِيْنَ ۝ | **72** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ওয়াহাব্‌না-লাহূ˜ ইছহ'া-ক'া (ط) ওয়া ইয়া'কূ'বা নাফিলাতাও (ط) ওয়া কুল্লাং জা'আলনা- সা-লিহ'ীন । | |
| *তরজমা* | এবং আমি ইব্‌রাহীমকে দান করিয়াছিলাম ইস্‌হাক এবং পৌত্ররূপে ইয়া'কূব ; আর প্রত্যেককেই করিয়াছিলাম সৎকর্মপরায়ণ ; | |
| | وَجَعَلْنٰهُمْ اَىِٕمَّةً يَّهْدُوْنَ بِاَمْرِنَا وَاَوْحَيْنَآ اِلَيْهِمْ فِعْلَ الْخَيْرٰتِ وَاِقَامَ الصَّلٰوةِ وَاِيْتَاۗءَ الزَّكٰوةِ ۚ وَكَانُوْا لَنَا عٰبِدِيْنَ ۝ | **73** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া জাআলনা-হুম আইম্মাতাইঁ ইয়াহদূনা বিআমরিনা-ওয়াআওহ'াইনা˜ ইলাইহিম ফি'লাল খাইরা-তি ওয়া ইক'া-মাসসালা-তি ওয়া ঈতা~আঝ্‌ঝাকা-তি (ج) ওয়া কা-নূ লানা- 'আ-বিদীন্‌ । | |
| *তরজমা* | এবং তাহাদেরকে করিয়াছিলাম নেতা ; তাহারা আমার নির্দেশ অনুসারে মানুষকে পথ প্রদর্শন করিত ; তাহাদেরকে ওহী প্রেরণ করিয়াছিলাম সৎকর্ম করিতে, সালাত কায়েম করিতে এবং যাকাত প্রদান করিতে ; তাহারা আমারই 'ইবাদত করিত। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | وَلُوۡطًا اٰتَيۡنٰهُ حُكۡمًا وَّعِلۡمًا وَّنَجَّيۡنٰهُ مِنَ الۡقَرۡيَةِ الَّتِىۡ كَانَتۡ تَّعۡمَلُ الۡخَبٰٓئِثَ ؕ اِنَّهُمۡ كَانُوۡا قَوۡمَ سَوۡءٍ فٰسِقِيۡنَ ۙ﴿۷۴﴾ | **74** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লূত ান আ-তাইনা-হু হু কমাওঁ ওয়া ‘ইল্মাওঁ ওয়া নাজজাইনা-হু মিনাল্ ক ার্য়াতিল্লাতী কা-নাত্ তা‘মালুল্ খাবা~ইছ া (ط) ইন্নাহুম্ কা-নূ ক াওমা ছাওইং ফা-ছিক ীন্। | |
| *তরজমা* | এবং লূতকে দিয়াছিলাম প্রজ্ঞা ও জ্ঞান এবং তাহাকে উদ্ধার করিয়াছিলাম এমন এক জনপদ হইতে যাহার অধিবাসীরা লিপ্ত ছিল অশ্লীল কর্মে ; উহারা ছিল এক মন্দ সম্প্রদায়, সত্যত্যাগী। | |
| | وَاَدۡخَلۡنٰهُ فِىۡ رَحۡمَتِنَا ؕ اِنَّهٗ مِنَ الصّٰلِحِيۡنَ ﴿۷۵﴾ | **75** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আদ্খাল্না-হু ফী রাহ মাতিনা- (ط) ইন্নাহূ মিনাসসা-লিহ ীন। | |
| *তরজমা* | এবং তাহাকে আমি আমার অনুগ্রহভাজন করিয়াছিলাম ; সে ছিল সৎকর্মপরায়ণদের অন্তর্ভুক্ত। | |
| | وَنُوۡحًا اِذۡ نَادٰى مِنۡ قَبۡلُ فَاسۡتَجَبۡنَا لَهٗ فَنَجَّيۡنٰهُ وَاَهۡلَهٗ مِنَ الۡكَرۡبِ الۡعَظِيۡمِ ۚ﴿۷۶﴾ | **76** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া নূহ ান্ ইয  না-দা-মিং ক াব্লু ফাছতাজাব্না- লাহূ ফানাজ্জাইনা-হু ওয়া আহ্লাহূ মিনাল্ কার্বিল্ ‘আজ ীম। | |
| *তরজমা* | স্মরণ কর নূহ্কে, পূর্বে সে যখন আহ্বান করিয়াছিল তখন আমি সাড়া দিয়াছিলাম তাহার আহ্বানে এবং তাহাকে ও তাহার পরিজনবর্গকে মহাসংকট হইতে উদ্ধার করিয়াছিলাম, | |
| | وَنَصَرۡنٰهُ مِنَ الۡقَوۡمِ الَّذِيۡنَ كَذَّبُوۡا بِاٰيٰتِنَا ؕ اِنَّهُمۡ كَانُوۡا قَوۡمَ سَوۡءٍ فَاَغۡرَقۡنٰهُمۡ اَجۡمَعِيۡنَ ﴿۷۷﴾ | **77** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া নাসার্না-হু মিনাল্ ক াওমিল্লায ীনা কায য াবূ বিআ-য়া-তিনা- (ط) ইন্নাহুম কা-নূ ক াওমা ছাওইং ফাআগরাক না-হুম আজমা‘ঈন। | |
| *তরজমা* | এবং আমি তাহাকে সাহায্য করিয়াছিলাম সেই সম্প্রদায়ের বিরুদ্ধে যাহারা আমার নিদর্শনাবলী অস্বীকার করিয়াছিল ; নিশ্চয়ই উহারা ছিল এক মন্দ সম্প্রদায়। এইজন্য উহাদের সকলকেই আমি নিমজ্জিত করিয়াছিলাম। | |
| | وَدَاوٗدَ وَسُلَيۡمٰنَ اِذۡ يَحۡكُمٰنِ فِى الۡحَرۡثِ اِذۡ نَفَشَتۡ فِيۡهِ غَنَمُ الۡقَوۡمِ ۚ وَكُنَّا لِحُكۡمِهِمۡ شٰهِدِيۡنَ ۙ﴿۷۸﴾ | **78** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া দাউদা ওয়া ছুলাইমা-না ইয  ইয়াহ কুমা-নি ফিল্ হ ার্ছি ইয  নাফাশাত ফীহি গানামুল্ ক াওমি (ج) ওয়াকুন্না- লিহু কমিহিম্ শা-হিদীন্। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | এবং স্মরণ কর দাউদ ও সুলায়মানের কথা, যখন তাহারা বিচার করিতেছিল শস্যক্ষেত্র সম্পর্কে ; উহাতে রাত্রিকালে প্রবেশ করিয়াছিল কোন সম্প্রদায়ের মেষ ; আমি প্রত্যক্ষ করিতেছিলাম তাহাদের বিচার। | |
| | فَفَهَّمْنٰهَا سُلَيْمٰنَ ۚ وَكُلًّا اٰتَيْنَا حُكْمًا وَّعِلْمًا ۫ وَّسَخَّرْنَا مَعَ دَاوٗدَ الْجِبَالَ يُسَبِّحْنَ وَالطَّيْرَ ؕ وَكُنَّا فٰعِلِيْنَ ﴿٧٩﴾ | **79** |
| *প্রতিবর্ণায়ন* | ফাফাহ্হাম্না–হা– ছুলাইমা–না (ج) ওয়া কুল্লান্ আ–তাইনা– হু'ক্মাও ওয়া 'ইলমাওঁ (ز) ওয়া ছাখ্খারনা–মা'আ দা–উদাল্ জিবা–লা ইউছাব্বিহ'না ওয়াত'ত'াইরা (ط) ওয়া কুন্না–ফা–'ইলীন্। | |
| *তরজমা* | এবং আমি সুলায়মানকে এ বিষয়ের মীমাংসা বুঝাইয়া দিয়াছিলাম এবং তাহাদের প্রত্যেককে আমি দিয়াছিলাম প্রজ্ঞা ও জ্ঞান। আমি পর্বত ও বিহঙ্গকুলকে অধীন করিয়া দিয়াছিলাম-উহারা দাউদের সঙ্গে আমার পবিত্রতা ও মহিমা ঘোষণা করিত ; আমিই ছিলাম এই সমস্তের কর্তা। | |
| | وَعَلَّمْنٰهُ صَنْعَةَ لَبُوْسٍ لَّكُمْ لِتُحْصِنَكُمْ مِّنْۢ بَاْسِكُمْ ۚ فَهَلْ اَنْتُمْ شٰكِرُوْنَ ﴿٨٠﴾ | **80** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া 'আল্লাম্না–হু সান্'আতা লাবূছিল্ লাকুম্ লিতুহ'ছিনাকুম্ মিম্ বা'ছিকুম (ج) ফাহাল্ আংতুম্ শা–কিরূন। | |
| *তরজমা* | আর আমি তাহাকে তোমাদের জন্য বর্ম নির্মাণ শিক্ষা দিয়াছিলাম, যাহাতে উহা তোমাদের যুদ্ধে তোমাদেরকে রক্ষা করে ; সুতরাং তোমরা কি কৃতজ্ঞ হইবে না? | |
| | وَلِسُلَيْمٰنَ الرِّيْحَ عَاصِفَةً تَجْرِيْ بِاَمْرِهٖۤ اِلَى الْاَرْضِ الَّتِيْ بٰرَكْنَا فِيْهَا ؕ وَكُنَّا بِكُلِّ شَيْءٍ عٰلِمِيْنَ ﴿٨١﴾ | **81** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লিছুলাইমা–নার্রীহ'া 'আ–সিফাতাং তাজরী বিআম্রিহী˜ ইলাল আর্দি'ল্লাতী বা–রাক্না–ফীহা– (ط) ওয়াকুন্না– বিকুল্লি শাইয়িন্ 'আ–লিমীন্। | |
| *তরজমা* | এবং সুলায়মানের বশীভূত করিয়া দিয়াছিলাম উদ্দাম বায়ুকে ; উহা তাহার আদেশক্রমে প্রবাহিত হইত সেই দেশের দিকে যেখানে আমি কল্যাণ রাখিয়াছি ; প্রত্যেক বিষয় সম্পর্কে আমিই সম্যক অবগত। | |
| | وَمِنَ الشَّيٰطِيْنِ مَنْ يَّغُوْصُوْنَ لَهٗ وَيَعْمَلُوْنَ عَمَلًا دُوْنَ ذٰلِكَ ۚ وَكُنَّا لَهُمْ حٰفِظِيْنَ ﴿٨٢﴾ | **82** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া মিনাশ্শাইয়া–ত'ীনি মাইঁ ইয়াগূছূ'না লাহূ ওয়া ইয়া'মালূনা 'আমালাং দূনা য'া–লিকা (ج) ওয়া কুন্না–লাহুম হ'াফিজ'ীন্। | |
| *তরজমা* | এবং শয়তানদের মধ্যে কতক তাহার জন্য ডুবুরীর কাজ করিত, ইহা ব্যতীত অন্য কাজও করিত ; আমি উহাদের রক্ষাকারী ছিলাম। | |
| | وَاَيُّوْبَ اِذْ نَادٰى رَبَّهٗۤ اَنِّيْ مَسَّنِيَ الضُّرُّ وَاَنْتَ اَرْحَمُ الرّٰحِمِيْنَ ﴿٨٣﴾ | **83** |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আইয়ুবা ইয্ না-দা-রাব্বাহূ~ আন্নী মাছ্ছানিয়াদ্ দু্র্রু ওয়া আংতা আরহ্ামুর্রা-হি্মীন্ । | |
| *তরজমা* | এবং স্মরণ কর আইউবের কথা, যখন সে তাহার প্রতিপালককে আহ্বান করিয়া বলিয়াছিল, 'আমি দুঃখ-কষ্টে পড়িয়াছি, আর তুমি তো সর্বশ্রেষ্ঠ দয়ালু!' | |
| | فَاسْتَجَبْنَا لَهُ فَكَشَفْنَا مَا بِهِ مِنْ ضُرٍّ وَآتَيْنَٰهُ أَهْلَهُ وَمِثْلَهُمْ مَّعَهُمْ رَحْمَةً مِّنْ عِندِنَا وَذِكْرَىٰ لِلْعَٰبِدِينَ ۝٨٤ | 84 |
| *প্রতিবর্ণায়ন* | ফাছ্তাজাব্না- লাহূ ফাকাশাফনা-মা-বিহী মিং দু্র্রিওঁ ওয়া আ-তাইনা-হু আহ্লাহূ ওয়া মিছ্লাহুম্ মা'আহুম রাহ্মাতাম মিন 'ইংদিনা-ওয়া যি্ক্রা-লিল'আ-বিদীন্। | |
| *তরজমা* | তখন আমি তাহার ডাকে সাড়া দিলাম, তাহার দুঃখ-কষ্ট দূরীভূত করিয়া দিলাম, তাহাকে তাহার পরিবার-পরিজন ফিরাইয়া দিলাম এবং তাহাদের সঙ্গে তাহাদের মত আরো দিলাম আমার বিশেষ রহমতরূপে এবং 'ইবাদতকারীদের জন্য উপদেশস্বরূপ। | |
| | وَإِسْمَٰعِيلَ وَإِدْرِيسَ وَذَا الْكِفْلِ ۖ كُلٌّ مِّنَ الصَّٰبِرِينَ ۝٨٥ | 85 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইছ্মা-'ঈলা ওয়া ইদ্রীছা ওয়া য্াল কিফ্লি (ط) কুল্লুম্ মিনাসসা-বিরীন। | |
| *তরজমা* | এবং স্মরণ কর ইসমাঈল, ইদ্রীস ও যুল-কিফ্ল-এর কথা, তাহাদের প্রত্যেকেই ছিল ধৈর্যশীল ; | |
| | وَأَدْخَلْنَٰهُمْ فِي رَحْمَتِنَا ۖ إِنَّهُم مِّنَ الصَّٰلِحِينَ ۝٨٦ | 86 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আদ্খাল্না-হুম্ ফী রাহ্মাতিনা- (ط) ইন্নাহুম্ মিনাসসা-লিহ্ীন। | |
| *তরজমা* | এবং তাহাদেরকে আমি আমার অনুগ্রহভাজন করিয়াছিলাম; তাহারা তো ছিল সৎকর্মপরায়ণ। | |
| | وَذَا النُّونِ إِذ ذَّهَبَ مُغَٰضِبًا فَظَنَّ أَن لَّن نَّقْدِرَ عَلَيْهِ فَنَادَىٰ فِي الظُّلُمَٰتِ أَن لَّا إِلَٰهَ إِلَّا أَنتَ سُبْحَٰنَكَ إِنِّي كُنتُ مِنَ الظَّٰلِمِينَ ۝٨٧ | 87 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া য্ান্নূনি ইয্ য্াহাবা মুগা-দি্বাং ফাজান্না আল্লাং নাক্দিরা 'আলাইহি ফানা-দা-ফিজ্ জু্লুমা-তি আল্লা~ ইলা-হা ইল্লা~ আংতা ছুবহ্া-নাকা (ق) ইন্নী কুংতু মিনাজ্ জ্া-লিমীন্। | |
| *তরজমা* | এবং স্মরণ কর যুন্-নূন-এর কথা, যখন সে ক্রোধভরে বাহির হইয়া গিয়াছিল এবং মনে করিয়াছিল আমি তাহার জন্য শাস্তি নির্ধারণ করিব না। অতঃপর সে অন্ধকার হইতে আহ্বান করিয়াছিল : 'তুমি ব্যতীত কোন ইলাহ্ নাই ; তুমি পবিত্র, মহান ! আমি তো সীমালংঘনকারী।' | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | فَاسْتَجَبْنَا لَهٗ ۙ وَنَجَّيْنٰهُ مِنَ الْغَمِّ ؕ وَكَذٰلِكَ نُـْۨجِى الْمُؤْمِنِيْنَ ﴿۸۸﴾ | **88** |
| *প্রতিবর্ণায়ন* | ফাছ্‌তাজাবনা-লাহূ ওয়া নাজজাইনা-হু মিনাল্‌ গাম্মি (ط) ওয়া কায ̇া-লিকা নুন্‌জিল্‌ মু'মিনীন্‌। | |
| *তরজমা* | তখন আমি তাহার ডাকে সাড়া দিয়াছিলাম এবং তাহাকে উদ্ধার করিয়াছিলাম দুশ্চিন্তা হইতে এবং এইভাবেই আমি মু'মিনদেরকে উদ্ধার করিয়া থাকি। | |
| | وَزَكَرِيَّاۤ اِذْ نَادٰى رَبَّهٗ رَبِّ لَا تَذَرْنِىْ فَرْدًا وَّاَنْتَ خَيْرُ الْوٰرِثِيْنَ ﴿۸۹﴾ | **89** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ঝাকারিইইয়া˜ইয ̣ না-দা-রাব্বাহূ রাব্বি লা-তায ̇ার্‌নী ফারদাওঁ ওয়া আংতা খাইরুল্‌ ওয়া-রিছ ̇ীন্‌। | |
| *তরজমা* | এবং স্মরণ কর যাকারিয়ার কথা, যখন সে তাহার প্রতিপালককে আহ্‌বান করিয়া বলিয়াছিল, 'হে আমার প্রতিপালক ! আমাকে একা রাখিও না, তুমি তো শ্রেষ্ঠ মালিকানার অধিকারী।' | |
| | فَاسْتَجَبْنَا لَهٗ ۙ وَوَهَبْنَا لَهٗ يَحْيٰى وَاَصْلَحْنَا لَهٗ زَوْجَهٗ ؕ اِنَّهُمْ كَانُوْا يُسٰرِعُوْنَ فِى الْخَيْرٰتِ وَيَدْعُوْنَنَا رَغَبًا وَّرَهَبًا ؕ وَكَانُوْا لَنَا خٰشِعِيْنَ ﴿۹۰﴾ | **90** |
| *প্রতিবর্ণায়ন* | ফছ্‌তাজাবনা-লাহূ (ز) ওয়া ওয়াহাব্‌না-লাহূ ইয়াহ ̇ইয়া- ওয়া আসলাহ ̇না- লাহূ ঝাওজাহূ (ط) ইন্নাহুম কা-নূ ইউছা-রি'ঊনা ফিল্‌ খাইরা-তি ওয়া ইয়াদঊনানা- রাগাবাওঁ ওয়া রাহাবাও (ط) ওয়া কা-নূ লানা-খা-শি'ঈন্‌। | |
| *তরজমা* | অতঃপর আমি তাহার আহ্‌বানে সাড়া দিয়াছিলাম এবং তাহাকে দান করিয়াছিলাম ইয়াহ্‌ইয়া এবং তাহার জন্য তাহার স্ত্রীকে যোগ্যতাসম্পন্ন করিয়াছিলাম। তাহারা সৎকর্মে প্রতিযোগিতা করিত, তাহারা আমাকে ডাকিত আশা ও ভীতির সঙ্গে এবং তাহারা ছিল আমার নিকট বিনীত। | |
| | وَالَّتِىْۤ اَحْصَنَتْ فَرْجَهَا فَنَفَخْنَا فِيْهَا مِنْ رُّوْحِنَا وَجَعَلْنٰهَا وَابْنَهَاۤ اٰيَةً لِّلْعٰلَمِيْنَ ﴿۹۱﴾ | **91** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াল্লাতী˜ আহ ̇সানাত্‌ ফারজাহা- ফানাফাখ্‌না- ফীহা- মির রূহি ̇না- ওয়া জা'আলনা-হা- ওয়াব্‌নাহা˜ আ-য়াতাল্‌ লিল্‌'আ-লামীন্‌। | |
| *তরজমা* | এবং স্মরণ কর সেই নারীকে, যে নিজ সতীত্বকে রক্ষা করিয়াছিল, অতঃপর তাহার মধ্যে আমি আমার রূহ্‌ ফুঁকিয়া দিয়াছিলাম এবং তাহাকে ও তাহার পুত্রকে করিয়াছিলাম বিশ্ববাসীর জন্য এক নিদর্শন। | |
| | اِنَّ هٰذِهٖۤ اُمَّتُكُمْ اُمَّةً وَّاحِدَةً ۖ وَّاَنَا رَبُّكُمْ فَاعْبُدُوْنِ ﴿۹۲﴾ | **92** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্না হা-যি ̇হী˜উম্মাতুকুম উম্মাতাওঁ (ز) ওয়া-হি ̇দাতাওঁ ওয়া আনা রাব্বুকুম ফা'বুদূন্‌। | |

| তরজমা | এই যে তোমাদের জাতি-ইহা তো একই জাতি এবং আমিই তোমাদের প্রতিপালক, অতএব আমার 'ইবাদত কর। | |
| | وَتَقَطَّعُوْٓا اَمْرَهُمْ بَيْنَهُمْ ۗ كُلٌّ اِلَيْنَا رٰجِعُوْنَ ﴿٩٣﴾ | 93 |
| প্রতিবর্ণায়ন | ওয়া তাক াত ত া'উ˜ আম্‌রাহুম বাইনাহুম (ط) কুল্লুন্ ইলাইনা- রা-জি'উন। | |
| তরজমা | কিন্তু তাহারা নিজেদের কার্যকলাপে পরস্পরের মধ্যে ভেদ সৃষ্টি করিয়াছে। প্রত্যেকেই প্রত্যানীত হইবে আমার নিকট। | |
| | فَمَنْ يَّعْمَلْ مِنَ الصّٰلِحٰتِ وَهُوَ مُؤْمِنٌ فَلَا كُفْرَانَ لِسَعْيِهٖ ۚ وَاِنَّا لَهٗ كٰتِبُوْنَ ﴿٩٤﴾ | 94 |
| প্রতিবর্ণায়ন | ফামাইঁ ইয়া'মাল মিনাসসা-লিহ া-তি ওয়া হুওয়া মু'মিনুং ফালা কুফ্‌রা-না লিছা'য়িহী (ج) ওয়া ইন্না- লাহূ কা-তিবূন্। | |
| তরজমা | সুতরাং যদি কেহ মু'মিন হইয়া সৎকর্ম করে তাহার কর্মপ্রচেষ্টা অগ্রাহ্য হইবে না এবং আমি তো উহা লিখিয়া রাখি। | |
| | وَحَرٰمٌ عَلٰى قَرْيَةٍ اَهْلَكْنٰهَآ اَنَّهُمْ لَا يَرْجِعُوْنَ ﴿٩٥﴾ | 95 |
| প্রতিবর্ণায়ন | ওয়া হ ারা-মুন্ 'আলা-ক ারইয়াতিন্ আহ্‌লাক্‌না-হা˜ আন্নাহুম লা-ইয়ারজি'উন্। | |
| তরজমা | যে জনপদকে আমি ধ্বংস করিয়াছি তাহার সম্পর্কে নিষিদ্ধ হইয়াছে যে, তাহার অধিবাসীবৃন্দ ফিরিয়া আসিবে না, | |
| | حَتّٰٓى اِذَا فُتِحَتْ يَاْجُوْجُ وَمَاْجُوْجُ وَهُمْ مِّنْ كُلِّ حَدَبٍ يَّنْسِلُوْنَ ﴿٩٦﴾ | 96 |
| প্রতিবর্ণায়ন | হ াত্তা˜ ইয া- ফুতিহ াত ইয়া'জুজু ওয়ামা'জুজু ওয়া হুম মিং কুল্লি হ াদাবিইঁ ইয়াংছিলূন। | |
| তরজমা | এমনকি যখন ইয়া'জূজ ও মা'জূজকে মুক্তি দেওয়া হইবে এবং উহারা প্রতি উচ্চভূমি হইতে ছুটিয়া আসিবে। | |
| | وَاقْتَرَبَ الْوَعْدُ الْحَقُّ فَاِذَا هِيَ شَاخِصَةٌ اَبْصَارُ الَّذِيْنَ كَفَرُوْا ۗ يٰوَيْلَنَا قَدْ كُنَّا فِيْ غَفْلَةٍ مِّنْ هٰذَا بَلْ كُنَّا ظٰلِمِيْنَ ﴿٩٧﴾ | 97 |
| প্রতিবর্ণায়ন | ওয়াক তালাবাল্ ওয়া'দুল হ াক্কু ফাইয া- হিয়া শা-খিসাতুন আবসা-রুল্লায ীনা কাফারূ (ط) ইয়া-ওয়াইলানা-ক াদ্ কুন্না-ফী গাফলাতিম্ মিন হা-য া-বাল্ কুন্না-জ া-লিমীন্। | |
| তরজমা | অমোঘ প্রতিশ্রুত কাল আসন্ন হইলে অকস্মাৎ কাফিরদের চক্ষু স্থির হইয়া যাইবে, উহারা বলিবে, 'হায়, দুর্ভোগ আমাদের! আমরা তো ছিলাম এ বিষয়ে উদাসীন; না, আমরা সীমালংঘনকারীই ছিলাম।' | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | إِنَّكُمْ وَمَا تَعْبُدُونَ مِن دُونِ ٱللَّهِ حَصَبُ جَهَنَّمَ ۖ أَنتُمْ لَهَا وَٰرِدُونَ ﴿٩٨﴾ | **98** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাকুম্ ওয়ামা– তা‘বুদূনা মিং দূনিল্লা–হি হ াসাবু জাহান্নামা (ط) আংতুম্ লাহা– ওয়া–রিদূন। | |
| *তরজমা* | তোমরা এবং আল্লাহ্‌র পরিবর্তে তোমরা যাহাদের ‘ইবাদত কর সেগুলি তো জাহান্নামের ইন্ধন ; তোমরা সকলে উহাতে প্রবেশ করিবে। | |
| | لَوْ كَانَ هَٰٓؤُلَآءِ ءَالِهَةً مَّا وَرَدُوهَا ۖ وَكُلٌّ فِيهَا خَٰلِدُونَ ﴿٩٩﴾ | **99** |
| *প্রতিবর্ণায়ন* | লাও কা–না হা˜উলা~ই আ–লিহাতাম্‌মা–ওয়ারাদূহা– (ط) ওয়া কুল্লুং ফীহা– খা–লিদূন্। | |
| *তরজমা* | যদি উহারা ইলাহ্ হইত তবে উহারা জাহান্নামে প্রবেশ করিত না ; উহাদের সকলেই উহাতে স্থায়ী হইবে, | |
| | لَهُمْ فِيهَا زَفِيرٌ وَهُمْ فِيهَا لَا يَسْمَعُونَ ﴿١٠٠﴾ | **100** |
| *প্রতিবর্ণায়ন* | লাহুম্ ফীহা–ঝাফীরুওঁ ওয়াহুম ফীহা– লা–ইয়াছ্‌মা‘উন। | |
| *তরজমা* | সেখানে থাকিবে উহাদের আর্তনাদ এবং সেখানে উহারা কিছুই শুনিতে পাইবে না ; | |
| | إِنَّ ٱلَّذِينَ سَبَقَتْ لَهُم مِّنَّا ٱلْحُسْنَىٰٓ ۙ أُو۟لَٰٓئِكَ عَنْهَا مُبْعَدُونَ ﴿١٠١﴾ | **101** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাল্লায ীনা ছাবাক াত্ লাহুম মিন্নাল হু ছ্না˜ (ۙ) উলা~ইকা ‘আন্‌হা– মুব্‘আদূন। | |
| *তরজমা* | যাহাদের জন্য আমার নিকট হইতে পূর্ব হইতে কল্যাণ নির্ধারিত রহিয়াছে, তাহাদেরকে উহা হইতে দূরে রাখা হইবে। | |
| | لَا يَسْمَعُونَ حَسِيسَهَا ۖ وَهُمْ فِى مَا ٱشْتَهَتْ أَنفُسُهُمْ خَٰلِدُونَ ﴿١٠٢﴾ | **102** |
| *প্রতিবর্ণায়ন* | লা–ইয়াছ্‌মা‘উনা হ াছীছাহা– (ج) ওয়া হুম ফী মাশ্‌তাহাত্ আংফুছুহুম্ খা–লিদূন। | |
| *তরজমা* | তাহারা উহার ক্ষীণতম শব্দও শুনিবে না এবং সেখানে তাহারা তাহাদের মন যাহা চায় চিরকাল উহা ভোগ করিবে। | |
| | لَا يَحْزُنُهُمُ ٱلْفَزَعُ ٱلْأَكْبَرُ وَتَتَلَقَّىٰهُمُ ٱلْمَلَٰٓئِكَةُ ۖ هَٰذَا يَوْمُكُمُ ٱلَّذِى كُنتُمْ تُوعَدُونَ ﴿١٠٣﴾ | **103** |
| *প্রতিবর্ণায়ন* | লা–ইয়াহ ঝুনুহুমুল ফাঝা‘উল্ আক্‌বারু ওয়া তাতালাক্ক া–হুমুল্ মালা~ইকাতু (ط) হা–য া–ইয়াওমুকুমুল্লায ী কুংতুম তূ‘আদূন। | |
| *তরজমা* | মহাভীতি তাহাদেরকে বিষাদক্লিষ্ট করিবে না এবং ফিরিশ্‌তাগণ তাহাদেরকে অভ্যর্থনা করিবে এই বলিয়া, ‘এই তোমাদের সেই দিন যাহার প্রতিশ্রুতি তোমাদেরকে দেওয়া হইয়াছিল।’ | |

| | | |
|---|---|---|
| | يَوْمَ نَطْوِى السَّمَآءَ كَطَىِّ السِّجِلِّ لِلْكُتُبِ ۚ كَمَا بَدَاْنَآ اَوَّلَ خَلْقٍ نُّعِيْدُهٗ ۚ وَعْدًا عَلَيْنَا ۚ اِنَّا كُنَّا فٰعِلِيْنَ ﴿١٠٤﴾ | **104** |
| *প্রতিবর্ণায়ন* | ইয়াওমা নাত্বি ছ্ছামা~আ কাত্বাইয়িছ্ছিজিল্লি লিল্কুতুবি (ط) কামা-বাদা'না~ আওয়ালা খাল্কি্ন্ নু'ঈদুহূ (ط) ওয়া'দান্ 'আলাইনা- (ط) ইন্না-কুন্না-ফা-'ইলীন্। | |
| *তরজমা* | সেই দিন আকাশমণ্ডলীকে গুটাইয়া ফেলিব, যেভাবে গুটান হয় লিখিত দফতর; যেভাবে আমি প্রথম সৃষ্টির সূচনা করিয়াছিলাম সেইভাবে পুনরায় সৃষ্টি করিব; প্রতিশ্রুতি পালন আমার কর্তব্য, আমি ইহা পালন করিবই। | |
| | وَلَقَدْ كَتَبْنَا فِى الزَّبُوْرِ مِنْۢ بَعْدِ الذِّكْرِ اَنَّ الْاَرْضَ يَرِثُهَا عِبَادِىَ الصّٰلِحُوْنَ ﴿١٠٥﴾ | **105** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাক্বাদ কাতাব্না-ফিয্ঝাবূরি মিম বা'দিয্ যিক্রি আন্নাল আর্দ্বা ইয়ারিছু হা - ইবাদিয়াসসা-লিহূন। | |
| *তরজমা* | আমি 'উপদেশের' পর কিতাবে লিখিয়া দিয়াছি যে, আমার যোগ্যতাসম্পন্ন বান্দাগণ পৃথিবীর অধিকারী হইবে। | |
| | اِنَّ فِىْ هٰذَا لَبَلٰغًا لِّقَوْمٍ عٰبِدِيْنَ ﴿١٠٦﴾ | **106** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্না ফী হা-যা-লাবালা-গাল্ লিক্বাওমিন্ 'আ-বিদীন। | |
| *তরজমা* | নিশ্চয়ই ইহাতে রহিয়াছে বাণী সেই সম্প্রদায়ের জন্য যাহারা 'ইবাদত করে। | |
| | وَمَآ اَرْسَلْنٰكَ اِلَّا رَحْمَةً لِّلْعٰلَمِيْنَ ﴿١٠٧﴾ | **107** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা~ আরছাল্না-কা ইল্লা- রাহ্মাতাল্ লিল্'আ-লামীন। | |
| *তরজমা* | আমি তো তোমাকে বিশ্বজগতের প্রতি কেবল রহমতরূপেই প্রেরণ করিয়াছি। | |
| | قُلْ اِنَّمَا يُوْحٰٓى اِلَىَّ اَنَّمَآ اِلٰهُكُمْ اِلٰهٌ وَّاحِدٌ ۚ فَهَلْ اَنْتُمْ مُّسْلِمُوْنَ ﴿١٠٨﴾ | **108** |
| *প্রতিবর্ণায়ন* | কু্ল্ ইন্নামা- ইউহা~ ইলাইয়া আন্নামা~ ইলা-হুকুম ইলা-হুওঁ ওয়াহিদুং (ج) ফাহাল্ আংতুম্ মুছ্লিমূন। | |
| *তরজমা* | বল, 'আমার প্রতি ওহী হয় যে, তোমাদের ইলাহ্ একই ইলাহ্, সুতরাং তোমরা হইয়া যাও আত্মসমর্পণকারী।' | |
| | فَاِنْ تَوَلَّوْا فَقُلْ اٰذَنْتُكُمْ عَلٰى سَوَآءٍ ۚ وَاِنْ اَدْرِىْٓ اَقَرِيْبٌ اَمْ بَعِيْدٌ مَّا تُوْعَدُوْنَ ﴿١٠٩﴾ | **109** |
| *প্রতিবর্ণায়ন* | ফাইং তাওয়াল্লাও ফাকু্ল্ আ-যাংতুকুম 'আলা-ছাওয়া~ইও (ط) ওয়া ইন আদরী~ আ-ক্বারীবুন আম্ বা'ঈদুম্ মা-তূ'আদূন। | |

| | | |
|---|---|---|
| তরজমা | তবে উহারা মুখ ফিরাইয়া লইলে তুমি বলিও, 'আমি তোমাদেরকে যথাযথভাবে জানাইয়া দিয়াছি এবং তোমাদেরকে যে বিষয়ের প্রতিশ্রুতি দেওয়া হইয়াছে, আমি জানি না, তাহা আসন্ন, না দূরস্থিত। | |
| | اِنَّهٗ يَعْلَمُ الْجَهْرَ مِنَ الْقَوْلِ وَيَعْلَمُ مَا تَكْتُمُوْنَ ۝١١٠ | 110 |
| প্রতিবর্ণায়ন | ইন্নাহূ ইয়া'লামুল্ জাহরা মিনাল্ ক'ওলি ওয়া ইয়া'লামু মা– তাক্তুমূন। | |
| তরজমা | তিনি জানেন যাহা কথায় ব্যক্ত এবং যাহা তোমরা গোপন কর। | |
| | وَاِنْ اَدْرِيْ لَعَلَّهٗ فِتْنَةٌ لَّكُمْ وَمَتَاعٌ اِلٰى حِيْنٍ ۝١١١ | 111 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ইন্ আদরী লা'আল্লাহূ ফিত্নাতুল্ লাকুম ওয়া মাতা–'উন ইলা–হ ীন। | |
| তরজমা | 'আমি জানি না হয়ত ইহা তোমাদের জন্য এক পরীক্ষা এবং জীবনোপভোগ কিছু কালের জন্য।' | |
| | قٰلَ رَبِّ احْكُمْ بِالْحَقِّ ؕ وَرَبُّنَا الرَّحْمٰنُ الْمُسْتَعَانُ عَلٰى مَا تَصِفُوْنَ ۝١١٢ | 112 |
| প্রতিবর্ণায়ন | ক'া–লা রাব্বিহ্'কুম বিল্হ'াক্বি' (ط) ওয়া রাব্বুনার্ রাহ'মা–নুল্ মুছতা'আ–নু 'আলা–মা–তাসিফূন। | |
| তরজমা | রাসূল বলিয়াছিল, 'হে আমার প্রতিপালক! তুমি ন্যায়ের সঙ্গে ফয়সালা করিয়া দিও, আমাদের প্রতিপালক তো দয়াময়, তোমরা যাহা বলিতেছ সে বিষয়ে একমাত্র সহায়স্থল তিনিই।' | |

## 22 - Al-Haj-হাজ্জ -الحج

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

| | | |
|---|---|---|
| | يٰۤاَيُّهَا النَّاسُ اتَّقُوْا رَبَّكُمْ ۚ اِنَّ زَلْزَلَةَ السَّاعَةِ شَيْءٌ عَظِيْمٌ ۝١ | 1 |
| প্রতিবর্ণায়ন | ইয়া~আইয়ুহান্না–ছুত্তাক্' রাব্বাকুম (ج) ইন্না ঝালঝালাতাছ্ছা–'আতি শাইউন্ 'আজ ীম্। | |
| তরজমা | হে মানুষ! ভয় কর তোমাদের প্রতিপালককে; কিয়ামতের প্রকম্পন এক ভয়ংকর ব্যাপার! | |
| | يَوْمَ تَرَوْنَهَا تَذْهَلُ كُلُّ مُرْضِعَةٍ عَمَّاۤ اَرْضَعَتْ وَتَضَعُ كُلُّ ذَاتِ حَمْلٍ حَمْلَهَا وَتَرَى النَّاسَ سُكٰرٰى وَمَا هُمْ بِسُكٰرٰى وَلٰكِنَّ عَذَابَ اللّٰهِ شَدِيْدٌ ۝٢ | 2 |
| প্রতিবর্ণায়ন | ইয়াওমা তারাওনাহা– তায্'হালু কুল্লু মুরদি''আতিন 'আম্মা~আরদ'া'আত্ ওয়া তাদ'া'উ কুল্লু য'া–তি হ'াম্লিং হ'াম্লাহা– ওয়া তারান্না–ছা ছুকা–রা– ওয়ামা–হুম বিছুকা–রা–ওয়ালা–কিন্না 'আয'া–বাল্লা–হি শাদীদ। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | যেদিন তোমরা উহা প্রত্যক্ষ করিবে সেই দিন প্রত্যেক স্তন্যদাত্রী বিস্মৃত হইবে তাহার দুগ্ধপোষ্য শিশুকে এবং প্রত্যেক গর্ভবতী তাহার গর্ভপাত করিয়া ফেলিবে ; মানুষকে দেখিবে নেশাগ্রস্তসদৃশ, যদিও উহারা নেশাগ্রস্ত নয়। বস্তুত আল্লাহ্‌র শাস্তি কঠিন। | |
| | وَمِنَ النَّاسِ مَنْ يُّجَادِلُ فِي اللّٰهِ بِغَيْرِ عِلْمٍ وَّيَتَّبِعُ كُلَّ شَيْطٰنٍ مَّرِيْدٍ ۝٣ | **3** |
| প্রতিবর্ণায়ন | ওয়া মিনান্না-ছি মাইঁ ইউজা-দিলু ফিল্লা-হি বিগাইরি ‘ইল্‌মিওঁ ওয়া ইয়াত্তাবি’উ কুল্লা শাইত ানিম মারীদ্‌। | |
| তরজমা | মানুষের মধ্যে কতক অজ্ঞানতাবশত আল্লাহ্‌ সম্বন্ধে বিতণ্ডা করে এবং অনুসরণ করে প্রত্যেক বিদ্রোহী শয়তানের, | |
| | كُتِبَ عَلَيْهِ اَنَّهٗ مَنْ تَوَلَّاهُ فَاَنَّهٗ يُضِلُّهٗ وَيَهْدِيْهِ اِلٰى عَذَابِ السَّعِيْرِ ۝٤ | **4** |
| প্রতিবর্ণায়ন | কুতিবা ‘আলাইহি আন্নাহূ মাং তাওয়াল্লা-হু ফাআন্নাহূ ইউদি ল্লুহূ ওয়া ইয়াহ্‌দীহি ইলা- ‘আয া-বিছ ছা‘ঈর। | |
| তরজমা | তাহার সম্বন্ধে এই নিয়ম করিয়া দেওয়া হইয়াছে যে, যে কেহ তাহার সঙ্গে বন্ধুত্ব করিবে সে তাহাকে পথভ্রষ্ট করিবে এবং তাহাকে পরিচালিত করিবে প্রজ্বলিত অগ্নির শাস্তির দিকে। | |
| | يٰۤاَيُّهَا النَّاسُ اِنْ كُنْتُمْ فِيْ رَيْبٍ مِّنَ الْبَعْثِ فَاِنَّا خَلَقْنٰكُمْ مِّنْ تُرَابٍ ثُمَّ مِنْ نُّطْفَةٍ ثُمَّ مِنْ عَلَقَةٍ ثُمَّ مِنْ مُّضْغَةٍ مُّخَلَّقَةٍ وَّغَيْرِ مُخَلَّقَةٍ لِّنُبَيِّنَ لَكُمْ ؕ وَنُقِرُّ فِي الْاَرْحَامِ مَا نَشَآءُ اِلٰۤى اَجَلٍ مُّسَمًّى ثُمَّ نُخْرِجُكُمْ طِفْلًا ثُمَّ لِتَبْلُغُوْۤا اَشُدَّكُمْ ۚ وَمِنْكُمْ مَّنْ يُّتَوَفّٰى وَمِنْكُمْ مَّنْ يُّرَدُّ اِلٰۤى اَرْذَلِ الْعُمُرِ لِكَيْلَا يَعْلَمَ مِنْۢ بَعْدِ عِلْمٍ شَيْـًٔا ؕ وَتَرَى الْاَرْضَ هَامِدَةً فَاِذَاۤ اَنْزَلْنَا عَلَيْهَا الْمَآءَ اهْتَزَّتْ وَرَبَتْ وَاَنْۢبَتَتْ مِنْ كُلِّ زَوْجٍۢ بَهِيْجٍ ۝٥ | **5** |
| প্রতিবর্ণায়ন | ইয়া ˜আইয়ুহান্না-ছু ইং কুংতুম ফী রাইবিম্‌ মিনাল বা‘ছি ফাইন্না- খালাক না-কুম মিং তুরা-বিং ছু ম্মা মিং নুত ফাতিং ছু ম্মা মিন ‘আলাক াতিং ছু ম্মা মিম্‌ মুদগাতিম্‌ মুখাল্লিক াতিওঁ ওয়া গাইরি মুখাল্লাক াতিল লিনুবাইয়িনা লাকুম (ط) ওয়া নুকি র্‌রু ফিল আরহ া-মি মা-নাশাউ ইলা ˜আজালিম্‌ মুছাম্মাং ছু ম্মা নুখ্‌রিজুকুম তি ফলাং ছু ম্মা লিতাবলুগূ˜ আশুদ্দাকুম্‌ (ج) ওয়া মিংকুম মাইঁ ইউতাওয়াফ্‌ফা- ওয়া মিংকুম মাইঁ ইউরাদ্দু ইলা˜ আরয ালিল্‌ ‘উমুরি লিকাইলা-ইয়া‘লামা মিম বা‘দি ‘ইল্‌মিং শাইআওঁ (ط) ওয়া তারাল্‌ আরদ া হা-মিদাতাং ফাইয া˜ আংঝাল্‌না-‘আলাইহাল মা~আহ্‌তাঝ্‌ঝাত ওয়া রাবাত ওয়া আম্‌বাতাত্‌ মিং কুল্লি ঝাওজিম্‌ বাহীজ। | |

| *তরজমা* | হে মানুষ ! পুনরুত্থান সম্বন্ধে যদি তোমরা সন্দিগ্ধ হও তবে অবধান কর-আমি তোমাদেরকে সৃষ্টি করিয়াছি মৃত্তিকা হইতে, তাহার পর শুক্র হইতে, তাহার পর 'আলাকা' হইতে, তাহার পর পূর্ণাকৃতি অথবা অপূর্ণাকৃতি গোশ্‌তপিণ্ড হইতে-তোমাদের নিকট ব্যক্ত করিবার জন্য, আমি যাহা ইচ্ছা করি তাহা এক নির্দিষ্ট কালের জন্য মাতৃগর্ভে স্থিত রাখি, তাহার পর আমি তোমাদেরকে শিশুরূপে বাহির করি, পরে যাহাতে তোমরা পরিণত বয়সে উপনীত হও। তোমাদের মধ্যে কাহারও কাহারও মৃত্যু ঘটান হয় এবং তোমাদের মধ্যে কাহাকেও কাহাকেও প্রত্যাবৃত্ত করা হয় হীনতম বয়সে, যাহার ফলে উহারা যাহা কিছু জানিত সে সম্বন্ধে উহারা সজ্ঞান থাকে না। তুমি ভূমিকে দেখ শুষ্ক, অতঃপর উহাতে আমি বারি বর্ষণ করিলে উহা শস্য-শ্যামলা হইয়া আন্দোলিত ও স্ফীত হয় এবং উদ্‌গত করে সর্বপ্রকার নয়নাভিরাম উদ্ভিদ; | |
| | ذٰلِكَ بِاَنَّ اللّٰهَ هُوَ الْحَقُّ وَاَنَّهٗ يُحْيِ الْمَوْتٰى وَاَنَّهٗ عَلٰى كُلِّ شَىْءٍ قَدِيْرٌ ۙ﴿٦﴾ | 6 |
| *প্রতিবর্ণায়ন* | য া-লিকা বিআন্নাল্লা-হা হুওয়াল্ হ াক্কু ওয়া আন্নাহূ ইউহ য়িল্ মাওতা- ওয়া আন্নাহূ 'আলা-কুল্লি শাইয়িং ক াদীর। | |
| *তরজমা* | ইহা এইজন্য যে, আল্লাহ্ সত্য এবং তিনিই মৃতকে জীবন দান করেন এবং তিনি সর্ববিষয়ে শক্তিমান; | |
| | وَّاَنَّ السَّاعَةَ اٰتِيَةٌ لَّا رَيْبَ فِيْهَا ۙ وَاَنَّ اللّٰهَ يَبْعَثُ مَنْ فِى الْقُبُوْرِ ﴿٧﴾ | 7 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আন্নাছছা-'আতা আ-তিয়াতুল্ লা-রাইবা ফীহা- (ۙ) ওয়া আন্নাল্লা-হা ইয়াব্'আছু মাং ফিল কু বূর। | |
| *তরজমা* | এবং কিয়ামত আসিবেই, ইহাতে কোন সন্দেহ নাই এবং কবরে যাহারা আছে তাহাদেরকে নিশ্চয়ই আল্লাহ্ উত্থিত করিবেন। | |
| | وَمِنَ النَّاسِ مَنْ يُّجَادِلُ فِى اللّٰهِ بِغَيْرِ عِلْمٍ وَّلَا هُدًى وَّلَا كِتٰبٍ مُّنِيْرٍ ۙ﴿٨﴾ | 8 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া মিনান্না-ছি মাইঁ ইউজা-দিলু ফিল্লা-হি বিগাইরি 'ইল্‌মিওঁ ওয়ালা-হুদাওঁ ওয়ালা- কিতা-বিম্ মুনীর। | |
| *তরজমা* | মানুষের মধ্যে কেহ কেহ আল্লাহ্ সম্বন্ধে বিতণ্ডা করে; তাহাদের না আছে জ্ঞান, না আছে পথনির্দেশ, না আছে কোন দীপ্তিমান কিতাব। | |
| | ثَانِىَ عِطْفِهٖ لِيُضِلَّ عَنْ سَبِيْلِ اللّٰهِ ؕ لَهٗ فِى الدُّنْيَا خِزْىٌ وَّنُذِيْقُهٗ يَوْمَ الْقِيٰمَةِ عَذَابَ الْحَرِيْقِ ﴿٩﴾ | 9 |
| *প্রতিবর্ণায়ন* | ছ া-নিয়া- 'ইত ফিহী লিইউদি ল্লা 'আং ছাবীলিল্লা-হি (ؕ) লাহূ ফিদ্ দুনইয়া- খিঝইয়ুওঁ ওয়া নুয ীকু হূ ইয়াওমাল কি য়া-মাতি 'আয া-বাল্ হ ারীক । | |

| | | |
|---|---|---|
| *তরজমা* | সে বিতণ্ডা করে ঘাড় বাঁকাইয়া লোকদেরকে আল্লাহ্‌র পথ হইতে ভ্রষ্ট করিবার জন্য। তাহার জন্য লাঞ্ছনা আছে ইহলোকে এবং কিয়ামত দিবসে আমি তাহাকে আস্বাদ করাইব দহন-যন্ত্রণা। | |
| | ذٰلِكَ بِمَا قَدَّمَتۡ يَدٰكَ وَاَنَّ اللّٰهَ لَيۡسَ بِظَلَّامٍ لِّلۡعَبِيۡدِ ﴿۱۰﴾ | **10** |
| *প্রতিবর্ণায়ন* | যা-লিকা বিমা- ক'দ্দামাত ইয়াদা-কা ওয়া আন্নাল্লা-হা লাইছা বিজ'াল্লা-মিল্ লিল'আবীদ। | |
| *তরজমা* | সেদিন তাহাকে বলা হইবে, 'ইহা তোমার কৃতকর্মেরই ফল, কারণ আল্লাহ্ বান্দাদের প্রতি জুলুম করেন না।' | |
| | وَمِنَ النَّاسِ مَنۡ يَّعۡبُدُ اللّٰهَ عَلٰى حَرۡفٍ ۚ فَاِنۡ اَصَابَهٗ خَيۡرُ ۨاطۡمَاَنَّ بِهٖ ۚ وَاِنۡ اَصَابَتۡهُ فِتۡنَةُ ۨانۡقَلَبَ عَلٰى وَجۡهِهٖ ۚ خَسِرَ الدُّنۡيَا وَالۡاٰخِرَةَ ؕ ذٰلِكَ هُوَ الۡخُسۡرَانُ الۡمُبِيۡنُ ﴿۱۱﴾ | **11** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া মিনান্না-ছি মাইঁ ইয়া'বুদুল্লা-হা 'আলা-হ'রফিং (ج) ফাইন আসা-বাহূ খাইরুনিত'মাআন্না বিহী (ج) ওয়া ইন আসা-বাত্হু ফিত্নাতুনিংক'ালাবা 'আলা- ওয়াজহিহী (قف) খাছিরাদ্ দুনইয়া- ওয়াল্ আ-খিরাতা (ط) যা-লিকা হুওয়াল খুছরা- নুল্ মুবীন্। | |
| *তরজমা* | মানুষের মধ্যে কেহ কেহ আল্লাহ্‌র 'ইবাদত করে দ্বিধার সঙ্গে; তাহার মঙ্গল হইলে তাহাতে তাহার চিত্ত প্রশান্ত হয় এবং কোন বিপর্যয় ঘটিলে সে তাহার পূর্বাবস্থায় ফিরিয়া যায়। সে ক্ষতিগ্রস্ত হয় দুনিয়াতে ও আখিরাতে ; ইহাই তো সুস্পষ্ট ক্ষতি। | |
| | يَدۡعُوۡا مِنۡ دُوۡنِ اللّٰهِ مَا لَا يَضُرُّهٗ وَمَا لَا يَنۡفَعُهٗ ؕ ذٰلِكَ هُوَ الضَّلٰلُ الۡبَعِيۡدُ ﴿۱۲﴾ | **12** |
| *প্রতিবর্ণায়ন* | ইয়াদ'উ মিং দূনিল্লা-হি মা-লা-ইয়াদু'র্রুহূ ওয়ামা- লা- ইয়াংফা'উহূ (ط) যা-লিকা হুওয়াদ' দ'ালা-লুল বা'ঈদ। | |
| *তরজমা* | সে আল্লাহ্‌র পরিবর্তে এমন কিছুকে ডাকে যাহা উহার কোন অপকার করিতে পারে না, উপকারও করিতে পারে না; ইহাই চরম বিভ্রান্তি। | |
| | يَدۡعُوۡا لَمَنۡ ضَرُّهٗۤ اَقۡرَبُ مِنۡ نَّفۡعِهٖ ؕ لَبِئۡسَ الۡمَوۡلٰى وَلَبِئۡسَ الۡعَشِيۡرُ ﴿۱۳﴾ | **13** |
| *প্রতিবর্ণায়ন* | ইয়াদ'উ লামাং দ'াররুহূ আক'রাবু মিন্ নাফ'ইহী (ط) লাবি'ছাল্ মাওলা- ওয়ালা- বি'ছাল 'আশীর্। | |
| *তরজমা* | সে ডাকে এমন কিছুকে যাহার ক্ষতিই উহার উপকার অপেক্ষা নিকটতর। কত নিকৃষ্ট এই অভিভাবক এবং কত নিকৃষ্ট এই সহচর ! | |

| | | |
|---|---|---|
| | إِنَّ اللَّهَ يُدْخِلُ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ جَنَّاتٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ ۚ إِنَّ اللَّهَ يَفْعَلُ مَا يُرِيدُ ﴿١٤﴾ | **14** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাল্লা-হা ইউদ্খিলুল্লায ীনা আ-মানূ ওয়া আমিলুসসা-লিহ া-তি জান্না-তিং তাজরী মিং তাহ তিহাল আহা-রু (ط) ইন্নাল্লা-হা ইয়াফ'আলু মা-ইউরীদ্। | |
| *তরজমা* | যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে আল্লাহ্ অবশ্যই তাহাদেরকে দাখিল করিবেন জান্নাতে, যাহার নিম্নদেশে নদী প্রবাহিত ; আল্লাহ্ যাহা ইচ্ছা তাহাই করেন। | |
| | مَنْ كَانَ يَظُنُّ أَنْ لَنْ يَنْصُرَهُ اللَّهُ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ فَلْيَمْدُدْ بِسَبَبٍ إِلَى السَّمَاءِ ثُمَّ لْيَقْطَعْ فَلْيَنْظُرْ هَلْ يُذْهِبَنَّ كَيْدُهُ مَا يَغِيظُ ﴿١٥﴾ | **15** |
| *প্রতিবর্ণায়ন* | মাং কা-না ইয়াজু ন্নু আল্লাইঁ ইয়াংসুরাহুল্লা-হু ফিদ্দুনইয়া- ওয়াল্ আ-খিরাতি ফালইয়ামদুদ্ বিছাবাবিন ইলাছ্ ছামা~ই ছু ম্মাল্ ইয়াক ত া' ফালইয়াংজু র হাল ইউয হিবান্না কাইদুহূ মা-ইয়াগীজ । | |
| *তরজমা* | যে কেহ মনে করে, আল্লাহ্ তাহাকে কখনই দুনিয়া ও আখিরাতে সাহায্য করিবেন না, সে আকাশের দিকে একটি রজ্জু বিলম্বিত করুক, পরে উহা বিচ্ছিন্ন করুক; অতঃপর দেখুক তাহার প্রচেষ্টা তাহার আক্রোশের হেতু দূর করে কি না। | |
| | وَكَذَٰلِكَ أَنْزَلْنَاهُ آيَاتٍ بَيِّنَاتٍ وَأَنَّ اللَّهَ يَهْدِي مَنْ يُرِيدُ ﴿١٦﴾ | **16** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া কায া-লিকা আংঝাল্না-হু আ-য়া-তিম বাইয়িনা-তিওঁ (ﻻ) ওয়া আন্নাল্লা-হা ইয়াহ্দী মাইঁ ইউরীদ্। | |
| *তরজমা* | এইভাবেই আমি সুস্পষ্ট নিদর্শনরূপে উহা অবতীর্ণ করিয়াছি; আর আল্লাহ্ তো যাহাকে ইচ্ছা সৎপথ প্রদর্শন করেন। | |
| | إِنَّ الَّذِينَ آمَنُوا وَالَّذِينَ هَادُوا وَالصَّابِئِينَ وَالنَّصَارَىٰ وَالْمَجُوسَ وَالَّذِينَ أَشْرَكُوا إِنَّ اللَّهَ يَفْصِلُ بَيْنَهُمْ يَوْمَ الْقِيَامَةِ ۚ إِنَّ اللَّهَ عَلَىٰ كُلِّ شَيْءٍ شَهِيدٌ ﴿١٧﴾ | **17** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাল্লায ীনা আ-মানূ ওয়াল্লায ীনা হা-দূ ওয়াসসা-বিঈনা ওয়ান্নাসা-রা- ওয়াল্ মাজুছা ওয়াল্লায ীনা আশরাকূ (ق) ইন্নাল্লা-হা ইয়াফ্সিলু বাইনাহুম ইয়াওমাল্ কি য়া-মাতি (ط) ইন্নাল্লা-হা 'আলা- কুল্লি শাইয়িং শাহীদ্। | |
| *তরজমা* | নিশ্চয়ই যাহারা ঈমান আনিয়াছে এবং যাহারা ইয়াহূদী হইয়াছে, যাহারা সাবিয়ী, খ্রিস্টান ও অগ্নিপূজক এবং যাহারা মুশরিক হইয়াছে কিয়ামতের দিন আল্লাহ্ তাহাদের মধ্যে ফয়সালা করিয়া দিবেন। আল্লাহ্ তো সমস্ত কিছুর সম্যক প্রত্যক্ষকারী। | |

| | أَلَمْ تَرَ أَنَّ اللَّهَ يَسْجُدُ لَهُ مَن فِي السَّمَاوَاتِ وَمَن فِي الْأَرْضِ وَالشَّمْسُ وَالْقَمَرُ وَالنُّجُومُ وَالْجِبَالُ وَالشَّجَرُ وَالدَّوَابُّ وَكَثِيرٌ مِّنَ النَّاسِ ۖ وَكَثِيرٌ حَقَّ عَلَيْهِ الْعَذَابُ ۗ وَمَن يُهِنِ اللَّهُ فَمَا لَهُ مِن مُّكْرِمٍ ۚ إِنَّ اللَّهَ يَفْعَلُ مَا يَشَاءُ ۩ ١٨ | **18** |
| *প্রতিবর্ণায়ন* | আলাম্ তারা আন্নাল্লা–হা ইয়াছজু দু লাহূ মাং ফিছ্ ছামা–ওয়া–তি ওয়া মাং ফিল্ আরদি ওয়াশ্শামছু ওয়াল্ক ামারু ওয়ান্ নুজূমু ওয়াল্ জিবা–লু ওয়াশ্শাজারু ওয়াদ্দাওয়া~বু ওয়া কাছ ীরুম্ মিনান্না–ছি (ط) ওয়া কাছ ীরুন হ াক্ক া 'আলাইহিল্ 'আয া–বু (ط) ওয়া মাইঁ ইউহিনিল্লা–হু ফামা–লাহূ মিম্ মুক্রিমিন (ط) ইন্নাল্লা–হা ইয়াফ্'আলু মা– ইয়াশা~উ (*ছিজদাহ-৬*)। | |
| *তরজমা* | তুমি কি দেখ না যে, আল্লাহ্‌কে সিজ্‌দা করে যাহা কিছু আছে আকাশমণ্ডলীতে ও পৃথিবীতে, সূর্য, চন্দ্র, নক্ষত্রমণ্ডলী, পর্বতরাজি, বৃক্ষলতা, জীবজন্তু এবং সিজ্‌দা করে মানুষের মধ্যে অনেকে ? আবার অনেকের প্রতি অবধারিত হইয়াছে শাস্তি। আল্লাহ্ যাহাকে হেয় করেন তাহার সম্মানদাতা কেহই নাই ; আল্লাহ্ যাহা ইচ্ছা তাহা করেন। | |
| | هَٰذَانِ خَصْمَانِ اخْتَصَمُوا فِي رَبِّهِمْ ۖ فَالَّذِينَ كَفَرُوا قُطِّعَتْ لَهُمْ ثِيَابٌ مِّن نَّارٍ يُصَبُّ مِن فَوْقِ رُءُوسِهِمُ الْحَمِيمُ ١٩ | **19** |
| *প্রতিবর্ণায়ন* | হা–য া–নি খাছমা–নিখ্ তাছামূ ফী রাব্বিহিম (ز) ফাল্লায ীনা কাফারূ কুত্তি 'আত লাহুম ছি য়া–বুম্ মিন্না–রিইঁ (ط) ইউসাব্বু মিং ফাওকি রুউছিহিমুল্ হ ামীম। | |
| *তরজমা* | ইহারা দুইটি বিবদমান পক্ষ, তাহারা তাহাদের প্রতিপালক সম্বন্ধে বিতর্ক করে ; যাহারা কুফরী করে তাহাদের জন্য প্রস্তুত করা হইয়াছে আগুনের পোশাক, তাহাদের মাথার উপর ঢালিয়া দেওয়া হইবে ফুটন্ত পানি, | |
| | يُصْهَرُ بِهِ مَا فِي بُطُونِهِمْ وَالْجُلُودُ ٢٠ | **20** |
| *প্রতিবর্ণায়ন* | ইউসহারু বিহী মা–ফী বুতূ নিহিম ওয়াল্ জুলূদ। | |
| *তরজমা* | যাহা দ্বারা উহাদের উদরে যাহা আছে তাহা এবং উহাদের চর্ম বিগলিত করা হইবে। | |
| | وَلَهُم مَّقَامِعُ مِنْ حَدِيدٍ ٢١ | **21** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাহুম মাক া–মি'উ মিন হ াদীদ্। | |
| *তরজমা* | এবং উহাদের জন্য থাকিবে লৌহমুদ্গর। | |
| | كُلَّمَا أَرَادُوا أَن يَخْرُجُوا مِنْهَا مِنْ غَمٍّ أُعِيدُوا فِيهَا وَذُوقُوا عَذَابَ الْحَرِيقِ ٢٢ | **22** |
| *প্রতিবর্ণায়ন* | কুল্লামা~ আরা–দূ~ আইঁ ইয়াখ্রুজু মিনহা–মিন গাম্মিন উ'ঈদূ ফীহা– (ق) ওয়া যূ কূ 'আয া–বাল্ হ ারীক । | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | যখনই উহারা যন্ত্রণাকাতর হইয়া জাহান্নাম হইতে বাহির হইতে চাহিবে তখনই তাহাদেরকে ফিরাইয়া দেওয়া হইবে উহাতে; উহাদেরকে বলা হইবে, 'আস্বাদন কর দহন-যন্ত্রণা।' | |
| | اِنَّ اللّٰهَ يُدْخِلُ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ جَنّٰتٍ تَجْرِىْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ يُحَلَّوْنَ فِيْهَا مِنْ اَسَاوِرَ مِنْ ذَهَبٍ وَّلُؤْلُؤًا ۗ وَلِبَاسُهُمْ فِيْهَا حَرِيْرٌ ﴿۲۳﴾ | 23 |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাল্লা-হা ইউদখিলুল্লায ীনা আ-মানূ ওয়া 'আমিলুসসা-লিহ া-তি জান্না-তিং তাজরী মিং তাহ তিহাল আনহা-রু ইউহ াল্লাওনা ফীহা- মিন্ আছা-বি রা মিং য াহাবিওঁ ওয়া লু'লুওআওঁ (ط) ওয়া লিবা-ছুহুম ফীহা- হ ারীর্। | |
| *তরজমা* | যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে আল্লাহ্ তাহাদেরকে দাখিল করিবেন জান্নাতে যাহার পাদদেশে নদী প্রবাহিত, সেখানে তাহাদেরকে অলঙ্কৃত করা হইবে স্বর্ণ-কঙ্কন ও মুক্তা দ্বারা এবং সেখানে তাহাদের পোশাক-পরিচ্ছদ হইবে রেশমের। | |
| | وَهُدُوْٓا اِلَى الطَّيِّبِ مِنَ الْقَوْلِ ۚ وَهُدُوْٓا اِلٰى صِرَاطِ الْحَمِيْدِ ﴿۲۴﴾ | 24 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া হুদূ˜ ইলাত ত াইয়িবি মিনাল ক াওলি (ج) ওয়া হুদূ˜ ইলা- সিরা-তি ল হ ামীদ। | |
| *তরজমা* | তাহাদেরকে পবিত্র বাক্যের অনুগামী করা হইয়াছিল এবং তাহারা পরিচালিত হইয়াছিল পরম প্রশংসাভাজন আল্লাহ্র পথে। | |
| | اِنَّ الَّذِيْنَ كَفَرُوْا وَيَصُدُّوْنَ عَنْ سَبِيْلِ اللّٰهِ وَالْمَسْجِدِ الْحَرَامِ الَّذِىْ جَعَلْنٰهُ لِلنَّاسِ سَوَآءَ ۨالْعَاكِفُ فِيْهِ وَالْبَادِ ۗ وَمَنْ يُّرِدْ فِيْهِ بِاِلْحَادٍ ۢبِظُلْمٍ نُّذِقْهُ مِنْ عَذَابٍ اَلِيْمٍ ﴿۲۵﴾ | 25 |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাল্লায ীনা কাফারূ ওয়া ইয়াসুদ্দূনা 'আং ছাবীলিল্লা-হি ওয়াল্ মাছজিদিল্ হ ারা-মিল্লায ী জা'আল্না-হু লিন্না-ছি ছাওয়া-আনিল 'আ-কিফু ফীহি ওয়াল্ বা-দি (ط) ওয়া মাইঁ ইউরিদ্ ফীহি বিইলহ া-দিম বিজু লমিন্ নুযি ক হু মিন 'আয া-বিন্ আলীম। | |
| *তরজমা* | যাহারা কুফরী করে এবং মানুষকে নিবৃত্ত করে আল্লাহ্র পথ হইতে ও মসজিদুল হারাম হইতে, যাহা আমি করিয়াছি স্থানীয় ও বহিরাগত সকলের জন্য সমান, আর যে ইচ্ছা করে সীমালংঘন করিয়া উহাতে পাপ কার্যের, তাহাকে আমি আস্বাদন করাইব মর্মন্তুদ শাস্তির। | |
| | وَاِذْ بَوَّاْنَا لِاِبْرٰهِيْمَ مَكَانَ الْبَيْتِ اَنْ لَّا تُشْرِكْ بِىْ شَيْـًٔا وَّطَهِّرْ بَيْتِىَ لِلطَّآئِفِيْنَ وَالْقَآئِمِيْنَ وَالرُّكَّعِ السُّجُوْدِ ﴿۲۶﴾ | 26 |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| প্রতিবর্ণায়ন | ওয়া ইয˙ বাওওয়া'না– লিইবরা–হীমা মাকা–নাল্ বাইতি আল্লা–তুশ্‌রিক বী শাইআও ওয়াত˙াহ্‌হির বাইতিয়া লিত˙ত˙া~ইফীনা ওয়াল্ ক˙া~ইমীনা ওয়ার্‌রুক্কা'ইছ্ছুজুদ্। | |
| তরজমা | এবং স্মরণ কর, যখন আমি ইব্‌রাহীমের জন্য নির্ধারণ করিয়া দিয়াছিলাম সেই গৃহের স্থান, তখন বলিয়াছিলাম, 'আমার সঙ্গে কোন শরীক স্থির করিও না এবং আমার গৃহকে পবিত্র রাখিও তাহাদের জন্য যাহারা তাওয়াফ করে এবং যাহারা সালাতে দাঁড়ায়, রুকূ' করে ও সিজ্‌দা করে। | |
| | وَاَذِّنۡ فِى النَّاسِ بِالۡحَجِّ يَاۡتُوۡكَ رِجَالًا وَّعَلٰى كُلِّ ضَامِرٍ يَّاۡتِيۡنَ مِنۡ كُلِّ فَجٍّ عَمِيۡقٍ ۝٢٧ | 27 |
| প্রতিবর্ণায়ন | ওয়া আয˙যি˙ং ফিন্না–ছি বিলহ˙াজ্জি ইয়া'তূকা রিজা–লাওঁ ওয়া 'আলা–কুল্লি দ˙ামিরিইঁ ইয়া'তীনা মিং কুল্লি ফাজজিন্ 'আমীক˙। | |
| তরজমা | এবং মানুষের নিকট হজ্জ-এর ঘোষণা করিয়া দাও, উহারা তোমার নিকট আসিবে পদব্রজে ও সর্বপ্রকার ক্ষীণকায় উষ্ট্রের পিঠে, ইহারা আসিবে দূর-দূরান্তর পথ অতিক্রম করিয়া, | |
| | لِّيَشۡهَدُوۡا مَنَافِعَ لَهُمۡ وَيَذۡكُرُوا اسۡمَ اللّٰهِ فِىۡۤ اَيَّامٍ مَّعۡلُوۡمٰتٍ عَلٰى مَا رَزَقَهُمۡ مِّنۡۢ بَهِيۡمَةِ الۡاَنۡعَامِ‌ۚ فَكُلُوۡا مِنۡهَا وَاَطۡعِمُوا الۡبَآئِسَ الۡفَقِيۡرَ ۝٢٨ | 28 |
| প্রতিবর্ণায়ন | লিইয়াশহাদূ মানা–ফি'আ লাহুম ওয়া ইয়ায˙কুরুছ্‌মাল্লা–হি ফী~ আইইয়া–মিম মা'লূমা–তিন 'আলা–মা–রাঝাক˙াহুম মিম্ বাহীমাতিল আন্'আ–মি (ج) ফাকুলূ মিনহা– ওয়াআত˙'ইমুল বা~ইছাল ফাক˙ীর। | |
| তরজমা | যাহাতে তাহারা তাহাদের কল্যাণময় স্থানগুলিতে উপস্থিত হইতে পারে এবং তিনি তাহাদেরকে চতুষ্পদ জন্তু হইতে যাহা রিযিক হিসাবে দান করিয়াছেন উহার উপর নির্দিষ্ট দিনগুলিতে আল্লাহ্‌র নাম উচ্চারণ করিতে পারে। অতঃপর তোমরা উহা হইতে আহার কর এবং দুস্থ, অভাবগ্রস্তকে আহার করাও। | |
| | ثُمَّ لۡيَقۡضُوۡا تَفَثَهُمۡ وَلۡيُوۡفُوۡا نُذُوۡرَهُمۡ وَلۡيَطَّوَّفُوۡا بِالۡبَيۡتِ الۡعَتِيۡقِ ۝٢٩ | 29 |
| প্রতিবর্ণায়ন | ছু˙ম্মাল্ ইয়াক˙দূ˙ তাফাছ˙াহুম ওয়ালইউফূ নুযূ˙রাহুম ওয়াল্ ইয়াত˙ত˙াওওয়াফূ বিল্‌বাইতিল 'আতীক˙। | |
| তরজমা | অতঃপর তাহারা যেন তাহাদের অপরিচ্ছন্নতা দূর করে এবং তাহাদের মানত পূর্ণ করে এবং তাওয়াফ করে প্রাচীন গৃহের। | |
| | ذٰلِكَ وَمَنۡ يُّعَظِّمۡ حُرُمٰتِ اللّٰهِ فَهُوَ خَيۡرٌ لَّهٗ عِنۡدَ رَبِّهٖ‌ؕ وَاُحِلَّتۡ لَـكُمُ الۡاَنۡعَامُ اِلَّا مَا يُتۡلٰى عَلَيۡكُمۡ‌ فَاجۡتَنِبُوا الرِّجۡسَ مِنَ الۡاَوۡثَانِ وَاجۡتَنِبُوۡا قَوۡلَ الزُّوۡرِۙ ۝٣٠ | 30 |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| প্রতিবর্ণায়ন | য া–লিকা (ق) ওয়া মাইঁ ইউ'আজ জি ম হু রুমা–তিল্লা–হি ফাহুওয়া খাইরুল্লাহূ 'ইংদা রাব্বিহী (ط) ওয়া–উহি ল্লাত লাকুমুল আন'আ–মু ইল্লা– মা–ইউত্লা– 'আলাইকুম ফাজতানিবুর্ রিজছা মিনাল আওছ া–নি ওয়াজতানিবূ ক াওলাঝ্ঝূর। | |
| তরজমা | ইহাই বিধান এবং কেহ আল্লাহ্ কর্তৃক নির্ধারিত পবিত্র অনুষ্ঠানগুলির সম্মান করিলে তাহার প্রতিপালকের নিকট তাহার জন্য ইহাই উত্তম। তোমাদের জন্য হালাল করা হইয়াছে গবাদিপশু জন্তু-এইগুলি ব্যতীত যাহা তোমাদেরকে শোনান হইয়াছে। সুতরাং তোমরা বর্জন কর মূর্তিপূজার অপবিত্রতা এবং দূরে থাক মিথ্যা কথন হইতে, | |
| | حُنَفَآءَ لِلّٰهِ غَيْرَ مُشْرِكِيْنَ بِهٖ ۗ وَمَنْ يُّشْرِكْ بِاللّٰهِ فَكَاَنَّمَا خَرَّ مِنَ السَّمَآءِ فَتَخْطَفُهُ الطَّيْرُ اَوْ تَهْوِىْ بِهِ الرِّيْحُ فِىْ مَكَانٍ سَحِيْقٍ ﴿٣١﴾ | 31 |
| প্রতিবর্ণায়ন | হুনাফা~আ লিল্লা–হি গাইরা মুশ্রিকীনা বিহী (ط) ওয়া মাইঁ ইউশ্রিক বিল্লা–হি ফাকাআন্নামা– খাররা মিনাছ্ছামা~ই ফাতাখত াফুহুত ত াইরু আও তাহ্ওয়ী বিহির্ রীহু ফী মাকা–নিং ছাহ ীক । | |
| তরজমা | আল্লাহ্র প্রতি একনিষ্ঠ হইয়া এবং তাঁহার কোন শরীক না করিয়া ; এবং যে কেহ আল্লাহ্র শরীক করে সে যেন আকাশ হইতে পড়িল, অতঃপর পাখি তাহাকে ছোঁ মারিয়া লইয়া গেল, কিংবা বায়ু তাহাকে উড়াইয়া লইয়া গিয়া এক দূরবর্তী স্থানে নিক্ষেপ করিল। | |
| | ذٰلِكَ ۗ وَمَنْ يُّعَظِّمْ شَعَآئِرَ اللّٰهِ فَاِنَّهَا مِنْ تَقْوَى الْقُلُوْبِ ﴿٣٢﴾ | 32 |
| প্রতিবর্ণায়ন | য া–লিকা (ق) ওয়া মাইঁ ইউ'আজ জি ম শা'আ~ইরাল্লা–হি ফাইন্নাহা– মিং ত াক ওয়াল কু লূব্। | |
| তরজমা | ইহাই আল্লাহ্র বিধান এবং কেহ আল্লাহ্র নিদর্শনাবলীকে সম্মান করিলে ইহা তো তাহার হৃদয়ের তাক্ওয়া-সঞ্জাত। | |
| | لَكُمْ فِيْهَا مَنَافِعُ اِلٰۤى اَجَلٍ مُّسَمًّى ثُمَّ مَحِلُّهَاۤ اِلَى الْبَيْتِ الْعَتِيْقِ ﴿٣٣﴾ | 33 |
| প্রতিবর্ণায়ন | লাকুম ফীহা–মানা–ফি'উ ইলা~ আজালিম্ মুছাম্মাং ছু ম্মা মাহি ল্লুহা~ ইলাল্ বাইতিল্ 'আতীক । | |
| তরজমা | এই সমস্ত আন'আমে তোমাদের জন্য নানাবিধ উপকার রহিয়াছে এক নির্দিষ্ট কালের জন্য; অতঃপর উহাদের কুরবানীর স্থান প্রাচীন গৃহের নিকট। | |
| | وَلِكُلِّ اُمَّةٍ جَعَلْنَا مَنْسَكًا لِّيَذْكُرُوا اسْمَ اللّٰهِ عَلٰى مَا رَزَقَهُمْ مِّنْۢ بَهِيْمَةِ الْاَنْعَامِ ۗ فَاِلٰهُكُمْ اِلٰهٌ وَّاحِدٌ فَلَهٗۤ اَسْلِمُوْا ۗ وَبَشِّرِ الْمُخْبِتِيْنَ ﴿٣٤﴾ | 34 |

| | | |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লিকুল্লি উম্মাতিং জা'আল্না– মাংছাকাল্ লিইয়ায্কুরুছ্মাল্লা–হি 'আলা–মা–রাঝাক্বাহুম মিম বাহীমাতিল আন্'আ–ম (ط) ফাইলা–হুকুম ইলা–হুওঁ ওয়া–হিদুং ফালাহূ˜ আছলিমূ (ط) ওয়া বাশ্শিরিল মুখ্বিতীন। | |
| *তরজমা* | আমি প্রত্যেক সম্প্রদায়ের জন্য কুরবানীর নিয়ম করিয়া দিয়াছি; তিনি তাহাদেরকে জীবনোপকরণস্বরূপ যে সকল চতুষ্পদ জন্তু দিয়াছেন, সেগুলির উপর যেন তাহারা আল্লাহ্‌র নাম উচ্চারণ করে। তোমাদের ইলাহ্ এক ইলাহ্, সুতরাং তাহারই নিকট আত্মসমর্পণ কর এবং সুসংবাদ দাও বিনীতগণকে- | |
| | الَّذِيْنَ اِذَا ذُكِرَ اللّٰهُ وَجِلَتْ قُلُوْبُهُمْ وَالصّٰبِرِيْنَ عَلٰى مَاۤ اَصَابَهُمْ وَالْمُقِيْمِى الصَّلٰوةِ ۙ وَمِمَّا رَزَقْنٰهُمْ يُنْفِقُوْنَ ﴿٣٥﴾ | 35 |
| *প্রতিবর্ণায়ন* | আল্লাযীনা ইযা– যুকিরাল্লা–হু ওয়াজিলাত্ কু্লূবুহুম ওয়াসসাবিরীনা 'আলা–মা˜ আসা–বাহুম ওয়াল মুক্বীমিস্সালা–তি (ﻻ) ওয়া মিম্মা– রাঝাক্না–হুম ইউংফিকূন। | |
| *তরজমা* | যাহাদের হৃদয় ভয়ে কম্পিত হয় আল্লাহ্‌র নাম স্মরণ করা হইলে, যাহারা তাহাদের বিপদ-আপদে ধৈর্য ধারণ করে এবং সালাত কায়েম করে এবং আমি তাহাদেরকে যে রিযিক দিয়াছি তাহা হইতে ব্যয় করে। | |
| | وَالْبُدْنَ جَعَلْنٰهَا لَكُمْ مِّنْ شَعَآئِرِ اللّٰهِ لَكُمْ فِيْهَا خَيْرٌ ۖ فَاذْكُرُوا اسْمَ اللّٰهِ عَلَيْهَا صَوَآفَّ ۚ فَاِذَا وَجَبَتْ جُنُوْبُهَا فَكُلُوْا مِنْهَا وَاَطْعِمُوا الْقَانِعَ وَالْمُعْتَرَّ ۗ كَذٰلِكَ سَخَّرْنٰهَا لَكُمْ لَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ﴿٣٦﴾ | 36 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াল্বুদনা জা'আলনা–হা–লাকুম মিং শা'আ~ইরিল্লা–হি লাকুম ফীহা– খাইরুং (ق) ফায্করুছ্ মাল্লা–হি 'আলাইহা– সাওয়া~ফ্ফা (ج) ফাইযা– ওয়াজাবাত্ জুনূবুহা– ফাকুলূ মিনহা– ওয়া আত্'ইমুল্ ক্বা–নি'আ ওয়াল মু'তাররা (ط) কাযা–লিকা ছাখ্খারনা–হা–লাকুম লা'আল্লাকুম তাশকুরূন্। | |
| *তরজমা* | এবং উষ্ট্রকে করিয়াছি আল্লাহ্‌র নিদর্শনগুলির অন্যতম; তোমাদের জন্য উহাতে মঙ্গল রহিয়াছে। সুতরাং সারিবদ্ধভাবে দণ্ডায়মান অবস্থায় উহাদের উপর তোমরা আল্লাহ্‌র নাম উচ্চারণ কর। যখন উহারা কাত হইয়া পড়িয়া যায় তখন তোমরা উহা হইতে আহার কর এবং আহার করাও ধৈর্যশীল অভাবগ্রস্তকে ও যাচঞাকারী অভাবগ্রস্তকে ; এইভাবে আমি উহাদেরকে তোমাদের অধীন করিয়া দিয়াছি যাহাতে তোমরা কৃতজ্ঞতা প্রকাশ কর। | |

| --- | --- | --- |
| | لَنْ يَّنَالَ اللّٰهَ لُحُوْمُهَا وَلَا دِمَآؤُهَا وَلٰكِنْ يَّنَالُهُ التَّقْوٰى مِنْكُمْ ۗ كَذٰلِكَ سَخَّرَهَا لَكُمْ لِتُكَبِّرُوا اللّٰهَ عَلٰى مَا هَدٰىكُمْ ۗ وَبَشِّرِ الْمُحْسِنِيْنَ ﴿٣٧﴾ | 37 |
| প্রতিবর্ণায়ন | লাইঁ ইয়ানা–লাল্লা–হা লুহূ়মুহা– ওয়ালা– দিমা~উহা–ওয়ালা–কিইঁ ইয়ানা–লুহুত্তাক্ওয়া– মিংকুম (ط) কায া–লিকা ছাখ্খারাহা– লাকুম্ লিতুকাব্বিরুল্লা–হা 'আলা–মা– হাদা–কুম্ (ط) ওয়া বাশ্শিরিল মুহ ছিনীন। | |
| তরজমা | কখনই আল্লাহ্র নিকট পৌঁছায় না উহাদের গোশ্ত এবং রক্ত, বরং পৌঁছায় তোমাদের তাক্ওয়া। এইভাবে তিনি ইহাদেরকে তোমাদের অধীন করিয়া দিয়াছেন যাহাতে তোমরা আল্লাহ্র শ্রেষ্ঠত্ব ঘোষণা কর এইজন্য যে, তিনি তোমাদেরকে পথপ্রদর্শন করিয়াছেন; সুতরাং তুমি সুসংবাদ দাও সৎকর্মপরায়ণ-দেরকে। | |
| | اِنَّ اللّٰهَ يُدٰفِعُ عَنِ الَّذِيْنَ اٰمَنُوْا ۗ اِنَّ اللّٰهَ لَا يُحِبُّ كُلَّ خَوَّانٍ كَفُوْرٍ ﴿٣٨﴾ | 38 |
| প্রতিবর্ণায়ন | ইন্নাল্লা–হা ইউদা–ফি'উ 'আনিল্লায ীনা আ–মানূ (ط) ইন্নাল্লা–হা লা–ইউহি ব্বু কুল্লা খাওওয়া–নিং কাফূর। | |
| তরজমা | অবশ্যই আল্লাহ্ রক্ষা করেন মু'মিনদেরকে, তিনি কোন বিশ্বাসঘাতক, অকৃতজ্ঞকে পসন্দ করেন না। | |
| | اُذِنَ لِلَّذِيْنَ يُقٰتَلُوْنَ بِاَنَّهُمْ ظُلِمُوْا ۗ وَاِنَّ اللّٰهَ عَلٰى نَصْرِهِمْ لَقَدِيْرُ ﴿٣٩﴾ | 39 |
| প্রতিবর্ণায়ন | উযি না লিল্লায ীনা ইউক া–তালূনা বিআন্নাহুম জু লিমূ (ط) ওয়া ইন্নাল্লা–হা 'আলা–নাসরিহিম লা–ক াদীর। | |
| তরজমা | যুদ্ধের অনুমতি দেওয়া হইল তাহাদেরকে যাহারা আক্রান্ত হইয়াছে; কারণ তাহাদের প্রতি অত্যাচার করা হইয়াছে। আল্লাহ্ নিশ্চয়ই তাহাদেরকে সাহায্য করিতে সম্যক সক্ষম; | |
| | الَّذِيْنَ اُخْرِجُوْا مِنْ دِيَارِهِمْ بِغَيْرِ حَقٍّ اِلَّآ اَنْ يَّقُوْلُوْا رَبُّنَا اللّٰهُ ۗ وَلَوْلَا دَفْعُ اللّٰهِ النَّاسَ بَعْضَهُمْ بِبَعْضٍ لَّهُدِّمَتْ صَوَامِعُ وَبِيَعٌ وَّصَلَوٰتٌ وَّمَسٰجِدُ يُذْكَرُ فِيْهَا اسْمُ اللّٰهِ كَثِيْرًا ۗ وَلَيَنْصُرَنَّ اللّٰهُ مَنْ يَّنْصُرُهٗ ۗ اِنَّ اللّٰهَ لَقَوِيٌّ عَزِيْزٌ ﴿٤٠﴾ | 40 |
| প্রতিবর্ণায়ন | আল্লায ীনা উখরিজু মিং দিয়া–রিহিম বিগাইরি হ াক্কি ন ইল্লা~ আইঁ ইয়াকূ লূ রাব্বুনাল্লা–হু (ط) ওয়া লাওলা– দাফ'উল্লা–হিন্না–ছা বা'দ াহুম বিবা'দি ল্ লাহুদ্দিমাত্ ছাওয়া–মি'উ ওয়া বিয়া'উওঁ ওয়া সালাওয়া–তুওঁ ওয়া মাছা–জিদু ইউয কারু ফীহাছমুল্লা–হি কাছ ীরাও (ط) ওয়ালাইয়াংসু রান্নাল্লা–হু মাইঁ ইয়াংসুরুহূ (ط) ইন্নাল্লা–হা লাক াবি ইয়ুউন্ 'আঝীঝ। | |

| তরজমা | তাহাদেরকে তাহাদের ঘর-বাড়ি হইতে অন্যায়ভাবে বহিষ্কার করা হইয়াছে শুধু এই কারণে যে, তাহারা বলে, 'আমাদের প্রতিপালক আল্লাহ্।' আল্লাহ্ যদি মানব জাতির এক দলকে অন্য দল দ্বারা প্রতিহত না করিতেন, তাহা হইলে বিধ্বস্ত হইয়া যাইত খ্রিস্টান সংসারবিরাগীদের উপাসনাস্থান, গির্জা, ইয়াহূদীদের উপাসনালয় এবং মসজিদসমূহ-যাহাতে অধিক স্মরণ করা হয় আল্লাহ্র নাম। আল্লাহ্ নিশ্চয়ই তাহাকে সাহায্য করেন যে তাঁহাকে সাহায্য করে। আল্লাহ্ নিশ্চয়ই শক্তিমান, পরাক্রমশালী। | |
| | اَلَّذِيْنَ اِنْ مَّكَّنّٰهُمْ فِى الْاَرْضِ اَقَامُوا الصَّلٰوةَ وَاٰتَوُا الزَّكٰوةَ وَاَمَرُوْا بِالْمَعْرُوْفِ وَنَهَوْا عَنِ الْمُنْكَرِ ؕ وَلِلّٰهِ عَاقِبَةُ الْاُمُوْرِ ﴿۴۱﴾ | 41 |
| প্রতিবর্ণায়ন | আল্লায ীনা ইম্ মাক ান্না-হুম্ ফিল্ আর্দি আক া-মুসসালা-তা ওয়া আ-তাউঝ্ঝাকা-তা ওয়া আমারূ বিল্ মা'রূফি ওয়া নাহাও 'আনিল মুংকারি (ط) ওয়া লিল্লা-হি 'আ-কি বাতুল উমূর । | |
| তরজমা | আমি ইহাদেরকে পৃথিবীতে প্রতিষ্ঠা দান করিলে ইহারা সালাত কায়েম করিবে, যাকাত দিবে এবং সৎকর্মের নির্দেশ দিবে ও অসৎকর্ম নিষেধ করিবে; আর সকল কর্মের পরিণাম আল্লাহ্র ইখ্তিয়ারে। | |
| | وَاِنْ يُّكَذِّبُوْكَ فَقَدْ كَذَّبَتْ قَبْلَهُمْ قَوْمُ نُوْحٍ وَّعَادٌ وَّثَمُوْدُ ۙ﴿۴۲﴾ | 42 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ইয়ঁ ইউকায্ যি বূকা ফাক াদ কায্ য াবাত্ ক াব্লাহুম ক াওমু নূহি ওঁ ওয়া 'আদুওঁ ওয়া ছ ামূদ্ । | |
| তরজমা | এবং লোকেরা যদি তোমাকে অস্বীকার করে তবে উহাদের পূর্বে অস্বীকার করিয়াছিল তো নূহ্, 'আদ ও সামূদের সম্প্রদায়, | |
| | وَقَوْمُ اِبْرٰهِيْمَ وَقَوْمُ لُوْطٍ ۙ﴿۴۳﴾ | 43 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ক াওমু ইবরা-হীমা ওয়া ক াওমু লূত । | |
| তরজমা | ইব্রাহীম ও লূতের সম্প্রদায়, | |
| | وَّاَصْحٰبُ مَدْيَنَ ۚ وَكُذِّبَ مُوْسٰى فَاَمْلَيْتُ لِلْكٰفِرِيْنَ ثُمَّ اَخَذْتُهُمْ ۚ فَكَيْفَ كَانَ نَكِيْرِ ﴿۴۴﴾ | 44 |
| প্রতিবর্ণায়ন | ওয়া আসহ া-বু মাদ্ইয়ানা (ج) ওয়া কুয্ যি বা মূছা- ফাআম্লাইতু লিল্কা-ফিরীনা ছু ম্মা আখায্ তুহুম (ج) ফাকাইফা কা-না নাকীর্ । | |
| তরজমা | এবং মাদ্ইয়ানবাসীরা আর অস্বীকার করা হইয়াছিল মূসাকেও। আমি কাফিরদেরকে অবকাশ দিয়াছিলাম, অতঃপর তাহাদেরকে শাস্তি দিয়াছিলাম। অতএব কেমন ছিল শাস্তি! | |

|  | فَكَاَيِّنْ مِّنْ قَرْيَةٍ اَهْلَكْنٰهَا وَهِيَ ظَالِمَةٌ فَهِيَ خَاوِيَةٌ عَلٰى عُرُوْشِهَا وَبِئْرٍ مُّعَطَّلَةٍ وَّقَصْرٍ مَّشِيْدٍ ﴿٤٥﴾ | 45 |
| প্রতিবর্ণায়ন | ফাকাআইয়িম মিং কা্রইয়াতিন আহ্লাকনা–হা– ওয়াহিয়া জা্–লিমাতুং ফাহিয়া খাওয়িয়াতুন্ ‘আলা– ‘উরূশিহা– ওয়া বি’রিম্ মু‘আত্ত্বালাতিওঁ ওয়া কা্সরিম্ মাশীদ্। |  |
| তরজমা | আমি ধ্বংস করিয়াছি কত জনপদ যেইগুলির বাসিন্দা ছিল জালিম। এইসব জনপদ তাহাদের ঘরের ছাদসহ ধ্বংসস্তূপে পরিণত হইয়াছিল এবং কত কূপ পরিত্যক্ত হইয়াছিল ও কত সুদৃঢ় প্রাসাদও। |  |
|  | اَفَلَمْ يَسِيْرُوْا فِى الْاَرْضِ فَتَكُوْنَ لَهُمْ قُلُوْبٌ يَّعْقِلُوْنَ بِهَآ اَوْ اٰذَانٌ يَّسْمَعُوْنَ بِهَا ۚ فَاِنَّهَا لَا تَعْمَى الْاَبْصَارُ وَلٰكِنْ تَعْمَى الْقُلُوْبُ الَّتِيْ فِى الصُّدُوْرِ ﴿٤٦﴾ | 46 |
| প্রতিবর্ণায়ন | আফালাম ইয়াছীরূ ফিল আর্দ্বি ফাতাকূনা লাহুম কু্লূবুইঁ ইয়া‘কি্লূনা বিহা˜ আও আ–যা্নুইঁ ইয়াছমা‘ঊনা বিহা– (ج) ফাইন্নাহা–লা– তা‘মাল্ আবসা–রু ওয়ালা–কিং তা‘মাল্ কু্লূবুল্লাতী ফিসসুদূর। |  |
| তরজমা | তাহারা কি দেশ ভ্রমণ করে নাই ? তাহা হইলে তাহারা জ্ঞানবুদ্ধিসম্পন্ন হৃদয় ও শ্রুতিশক্তিসম্পন্ন শ্রবণের অধিকারী হইতে পারিত। বস্তুত চক্ষু তো অন্ধ নয়, বরং অন্ধ হইতেছে বক্ষস্থিত হৃদয়। |  |
|  | وَيَسْتَعْجِلُوْنَكَ بِالْعَذَابِ وَلَنْ يُّخْلِفَ اللّٰهُ وَعْدَهٗ ۗ وَاِنَّ يَوْمًا عِنْدَ رَبِّكَ كَاَلْفِ سَنَةٍ مِّمَّا تَعُدُّوْنَ ﴿٤٧﴾ | 47 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ইয়াছ্তা‘জিলূনাকা বিল্‘আযা–বি ওয়ালাইঁ ইউখলিফাল্লা–হু ওয়া‘দাহূ (ط) ওয়া ইন্না ইয়াওমান্ ‘ইংদা রাব্বিকা কাআল্ফি ছানাতিম্ মিম্মা– তা‘উদ্দূন। |  |
| তরজমা | তাহারা তোমাকে শাস্তি ত্বরান্বিত করিতে বলে, অথচ আল্লাহ্ তাহার প্রতিশ্রুতি কখনও ভঙ্গ করেন না। তোমার প্রতিপালকের নিকট একদিন তোমাদের গণনার সহস্র বৎসরের সমান; |  |
|  | وَكَاَيِّنْ مِّنْ قَرْيَةٍ اَمْلَيْتُ لَهَا وَهِيَ ظَالِمَةٌ ثُمَّ اَخَذْتُهَا ۚ وَاِلَيَّ الْمَصِيْرُ ﴿٤٨﴾ | 48 |
| প্রতিবর্ণায়ন | ওয়া কাআইয়িম্ মিং কা্রইয়াতিন্ আম্লাইতু লাহা– ওয়াহিয়া জা্–লিমাতুং ছু্ম্মা আখায্তুহা– (ج) ওয়া ইলাইইয়াল্ মাসীর। |  |
| তরজমা | এবং আমি অবকাশ দিয়াছি কত জনপদকে যখন উহারা ছিল জালিম; অতঃপর উহাদেরকে শাস্তি দিয়াছি এবং প্রত্যাবর্তন আমারই নিকট। |  |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | قُلْ يَٰٓأَيُّهَا ٱلنَّاسُ إِنَّمَآ أَنَا۠ لَكُمْ نَذِيرٌ مُّبِينٌ ۝٤٩ | **49** |
| *প্রতিবর্ণায়ন* | কু্ল্ ইয়া~ আইয়ুহান্না-ছু ইন্নামা~ আনা লাকুম্ নাযীরুম্ মুবীন্। | |
| *তরজমা* | বল, 'হে মানুষ! আমি তো তোমাদের জন্য এক স্পষ্ট সতর্ককারী; | |
| | فَٱلَّذِينَ ءَامَنُوا۟ وَعَمِلُوا۟ ٱلصَّٰلِحَٰتِ لَهُم مَّغْفِرَةٌ وَرِزْقٌ كَرِيمٌ ۝٥٠ | **50** |
| *প্রতিবর্ণায়ন* | ফাল্লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুসসা-লিহা-তি লাহুম মাগফিরাতুওঁ ওয়া রিঝকুং কারীম্। | |
| *তরজমা* | সুতরাং যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে তাহাদের জন্য আছে ক্ষমা ও সম্মানজনক জীবিকা; | |
| | وَٱلَّذِينَ سَعَوْا۟ فِىٓ ءَايَٰتِنَا مُعَٰجِزِينَ أُو۟لَٰٓئِكَ أَصْحَٰبُ ٱلْجَحِيمِ ۝٥١ | **51** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াল্লাযীনা ছা'আও ফী~আ-য়া-তিনা- মু'আ-জিঝীনা উলা~ইকা আসহা-বুল্ জাহীম্। | |
| *তরজমা* | এবং যাহারা আমার আয়াতকে ব্যর্থ করিবার চেষ্টা করে তাহারাই হইবে জাহান্নামের অধিবাসী। | |
| | وَمَآ أَرْسَلْنَا مِن قَبْلِكَ مِن رَّسُولٍ وَلَا نَبِىٍّ إِلَّآ إِذَا تَمَنَّىٰٓ أَلْقَى ٱلشَّيْطَٰنُ فِىٓ أُمْنِيَّتِهِۦ فَيَنسَخُ ٱللَّهُ مَا يُلْقِى ٱلشَّيْطَٰنُ ثُمَّ يُحْكِمُ ٱللَّهُ ءَايَٰتِهِۦ ۗ وَٱللَّهُ عَلِيمٌ حَكِيمٌ ۝٥٢ | **52** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা~ আরছাল্না- মিং কাবলিকা মির রাছূলিওঁ ওয়ালা-নাবিইয়িন ইল্লা~ইযা- তামান্না~ আল্কাশ্ শাইতা-নু ফী~উম্নিইইয়াতিহী (ج) ফাইয়াংছাখুল্লা-হু মা-ইউল্কিশশাইতা-নু ছুম্মা ইউহকিমুল্লা-হু আ-য়া-তিহী (ط) ওয়াল্লা-হু 'আলীমুন্ হাকীম্। | |
| *তরজমা* | আমি তোমার পূর্বে যে সমস্ত রাসূল কিংবা নবী প্রেরণ করিয়াছি তাহাদের কেহ যখনই কিছু আকাঙ্ক্ষা করিয়াছে, তখনই শয়তান তাহার আকাঙ্ক্ষায় কিছু প্রক্ষিপ্ত করিয়াছে, কিন্তু শয়তান যাহা প্রক্ষিপ্ত করে আল্লাহ্ তাহা বিদূরিত করেন। অতঃপর আল্লাহ্ তাঁহার আয়াতসমূহকে সুপ্রতিষ্ঠিত করেন এবং আল্লাহ্ সর্বজ্ঞ, প্রজ্ঞাময় ; | |
| | لِّيَجْعَلَ مَا يُلْقِى ٱلشَّيْطَٰنُ فِتْنَةً لِّلَّذِينَ فِى قُلُوبِهِم مَّرَضٌ وَٱلْقَاسِيَةِ قُلُوبُهُمْ ۗ وَإِنَّ ٱلظَّٰلِمِينَ لَفِى شِقَاقٍۭ بَعِيدٍ ۝٥٣ | **53** |
| *প্রতিবর্ণায়ন* | লিইয়াজ'আলা মা-ইউল্কিশ্শাইতা-নু ফিত্নাতাল্ লিল্লাযীনা ফী কুলূবিহিম্ মারাদুওঁ ওয়াল্ কা-ছিয়াতি কুলূবুহুম্ (ط) ওয়া ইন্নাজ্জা-লিমীনা লাফী শিকা-কিম্ বা'ঈদ্। | |

| | | |
|---|---|---|
| *তরজমা* | ইহা এইজন্য যে, শয়তান যাহা প্রক্ষিপ্ত করে তিনি উহাকে পরীক্ষাস্বরূপ করেন তাহাদের জন্য যাহাদের অন্তরে ব্যাধি রহিয়াছে ও যাহারা পাষাণ হৃদয়। নিশ্চয়ই জালিমরা দুস্তর মতভেদে রহিয়াছে। | |
| | وَّلِيَعْلَمَ الَّذِيْنَ اُوْتُوا الْعِلْمَ اَنَّهُ الْحَقُّ مِنْ رَّبِّكَ فَيُؤْمِنُوْا بِهٖ فَتُخْبِتَ لَهٗ قُلُوْبُهُمْ ؕ وَاِنَّ اللّٰهَ لَهَادِ الَّذِيْنَ اٰمَنُوْۤا اِلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ۝٥٤ | 54 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লিইয়া‘লামাল্লায ীনা উতুল্ ‘ইল্মা আন্নাহুল্ হ াক্কু মির রাব্বিকা ফাইউ‘মিনূ বিহী ফাতুখ্বিতা লাহূ কু লূবুহুম (ط) ওয়া ইন্নাল্লা-হা লাহা-দিল্লায ীনা আ-মানূ˜ ইলা-সিরাতি ম্ মুছ্তাক ীম। | |
| *তরজমা* | এবং এইজন্যও যে, যাহাদেরকে জ্ঞান দেওয়া হইয়াছে তাহারা যেন জানিতে পারে যে, ইহা তোমার প্রতিপালকের নিকট হইতে প্রেরিত সত্য ; অতঃপর তাহারা যেন উহাতে বিশ্বাস স্থাপন করে এবং তাহাদের অন্তর যেন উহার প্রতি অনুগত হয়। যাহারা ঈমান আনিয়াছে তাহাদেরকে অবশ্যই আল্লাহ্ সরল পথে পরিচালিত করেন। | |
| | وَلَا يَزَالُ الَّذِيْنَ كَفَرُوْا فِيْ مِرْيَةٍ مِّنْهُ حَتّٰى تَاْتِيَهُمُ السَّاعَةُ بَغْتَةً اَوْ يَاْتِيَهُمْ عَذَابُ يَوْمٍ عَقِيْمٍ ۝٥٥ | 55 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালা- ইয়াঝা-লুল্লায ীনা কাফারূ ফী মিরইয়াতিম্ মিনহু হ াত্তা- তা’তিয়াহুমুছছা-‘আতু বাগতাতান আও ইয়া’তিয়াহুম্ ‘আয া-বু ইয়াওমিন্ ‘আক ীম্। | |
| *তরজমা* | যাহারা কুফরী করিয়াছে তাহারা উহাতে সন্দেহ পোষণ হইতে বিরত হইবে না, যতক্ষণ না উহাদের নিকট কিয়ামত আসিয়া পড়িবে আকস্মিকভাবে, অথবা আসিয়া পড়িবে এক বন্ধ্যা দিনের শাস্তি। | |
| | اَلْمُلْكُ يَوْمَئِذٍ لِّلّٰهِ ؕ يَحْكُمُ بَيْنَهُمْ ؕ فَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ فِيْ جَنّٰتِ النَّعِيْمِ ۝٥٦ | 56 |
| *প্রতিবর্ণায়ন* | আল্ মুল্কু ইয়াওমাইযি ল লিল্লা-হি (ط) ইয়াহ কুমু বাইনাহুম (ط) ফাল্লায ীনা আ-মানূ ওয়া ‘আমিলুসসা-লিহ া-তি ফী জান্না-তিন না‘ঈম্। | |
| *তরজমা* | সেই দিন আল্লাহ্রই আধিপত্য; তিনিই তাহাদের বিচার করিবেন। সুতরাং যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে তাহারা অবস্থান করিবে সুখদ কাননে। | |
| | وَالَّذِيْنَ كَفَرُوْا وَكَذَّبُوْا بِاٰيٰتِنَا فَاُولٰٓئِكَ لَهُمْ عَذَابٌ مُّهِيْنٌ ۝٥٧ | 57 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াল্লায ীনা কাফারূ ওয়া কায য াবূ বিআ-য়া-তিনা- ফাউলা~ইকা লাহুম্ ‘আয া-বুম্ মুহীন্। | |
| *তরজমা* | আর যাহারা কুফরী করে ও আমার আয়াতসমূহকে অস্বীকার করে তাহাদেরই জন্য রহিয়াছে লাঞ্ছনাদায়ক শাস্তি। | |

| | | |
|---|---|---|
| | وَالَّذِيْنَ هَاجَرُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ ثُمَّ قُتِلُوْٓا اَوْ مَاتُوْا لَيَرْزُقَنَّهُمُ اللّٰهُ رِزْقًا حَسَنًا ؕ وَاِنَّ اللّٰهَ لَهُوَ خَيْرُ الرّٰزِقِيْنَ ۝٥٨ | 58 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াল্লায ীনা হা–জারূ ফী ছাবীলিল্লা–হি ছু ম্মা ক্ুতিলূ ˜ আও মা–তূ লাইয়ারঝুক ান্নাহুমুল্লা–হু রিঝক ান হ াছানাওঁ (ط) ওয়া ইন্নাল্লা–হা লাহুওয়া খাইরুর রা–ঝিক ীন। | |
| *তরজমা* | এবং যাহারা হিজরত করিয়াছে আল্লাহ্‌র পথে, অতঃপর নিহত হইয়াছে অথবা মারা গিয়াছে তাহাদেরকে আল্লাহ্ অবশ্যই উৎকৃষ্ট জীবিকা দান করিবেন; আর নিশ্চয়ই আল্লাহ্, তিনি তো সর্বোৎকৃষ্ট রিযিকদাতা। | |
| | لَيُدْخِلَنَّهُمْ مُّدْخَلًا يَّرْضَوْنَهٗ ؕ وَاِنَّ اللّٰهَ لَعَلِيْمٌ حَلِيْمٌ ۝٥٩ | 59 |
| *প্রতিবর্ণায়ন* | লাইউদ্‌খিলান্নাহুম্ মুদ্‌খালাইঁ ইয়ারদ াওনাহূ (ط) ওয়া ইন্নাল্লা–হা লা'আলীমুন্ হ ালীম্। | |
| *তরজমা* | তিনি তাহাদেরকে অবশ্যই এমন স্থানে দাখিল করিবেন যাহা তাহারা পসন্দ করিবে এবং আল্লাহ্ তো সম্যক প্রজ্ঞাময়, পরম সহনশীল। | |
| | ذٰلِكَ ۚ وَمَنْ عَاقَبَ بِمِثْلِ مَا عُوْقِبَ بِهٖ ثُمَّ بُغِيَ عَلَيْهِ لَيَنْصُرَنَّهُ اللّٰهُ ؕ اِنَّ اللّٰهَ لَعَفُوٌّ غَفُوْرٌ ۝٦٠ | 60 |
| *প্রতিবর্ণায়ন* | য া–লিকা (ق) ওয়ামান্ 'আ–ক াবা বিমিছ লি মা–'উকি বা বিহী ছু ম্মা বুগিয়া 'আলাইহি লাইয়াংসুরান্নাহুল্লা–হু (ط) ইন্নাল্লা–হা লা'আফুওউন গাফূর্। | |
| *তরজমা* | ইহাই হইয়া থাকে, কোন ব্যক্তি নিপীড়িত হইয়া তুল্য প্রতিশোধ গ্রহণ করিলে ও পুনরায় সে অত্যাচারিত হইলে আল্লাহ্ তাহাকে অবশ্যই সাহায্য করিবেন ; আল্লাহ্ নিশ্চয়ই পাপ মোচনকারী, ক্ষমাশীল। | |
| | ذٰلِكَ بِاَنَّ اللّٰهَ يُوْلِجُ الَّيْلَ فِي النَّهَارِ وَيُوْلِجُ النَّهَارَ فِي الَّيْلِ وَاَنَّ اللّٰهَ سَمِيْعٌ ۢ بَصِيْرٌ ۝٦١ | 61 |
| *প্রতিবর্ণায়ন* | য া–লিকা বিআন্নাল্লা–হা ইউলিজুল্লাইলা ফিন্নাহা–রি ওয়া ইউলিজুন্নাহা–রা ফিল্লাইলি ওয়া আন্নাল্লা–হা ছামী'উম্ বাসীর। | |
| *তরজমা* | উহা এইজন্য যে, আল্লাহ্ রাত্রিকে প্রবিষ্ট করান দিবসের মধ্যে এবং দিবসকে প্রবিষ্ট করান রাত্রির মধ্যে এবং আল্লাহ্ সর্বশ্রোতা, সম্যক দ্রষ্টা ; | |
| | ذٰلِكَ بِاَنَّ اللّٰهَ هُوَ الْحَقُّ وَاَنَّ مَا يَدْعُوْنَ مِنْ دُوْنِهٖ هُوَ الْبَاطِلُ وَاَنَّ اللّٰهَ هُوَ الْعَلِيُّ الْكَبِيْرُ ۝٦٢ | 62 |
| *প্রতিবর্ণায়ন* | য া–লিকা বিআন্নাল্লা–হা হুওয়াল হাক্কু ওয়াআন্না মা– ইয়াদ'উনা মিং দূনিহী হুওয়াল বা–তি লু ওয়া আন্নাল্লা–হা হুয়াল 'আলিইয়ুল কাবীর্। | |
| *তরজমা* | এইজন্যও যে, আল্লাহ্, তিনিই সত্য এবং উহারা তাঁহার পরিবর্তে যাহাকে ডাকে উহা তো অসত্য, এবং আল্লাহ্, তিনিই তো সমুচ্চ, মহান। | |

|  | اَلَمْ تَرَ اَنَّ اللّٰهَ اَنْزَلَ مِنَ السَّمَآءِ مَآءً ۡ فَتُصْبِحُ الْاَرْضُ مُخْضَرَّةً ؕ اِنَّ اللّٰهَ لَطِيْفٌ خَبِيْرٌ ۚ﴿۶۳﴾ | 63 |
| প্রতিবর্ণায়ন | আলাম্ তারা আন্নাল্লা-হা আংঝালা মিনাছ্ছামা~ই মা~আং (ز) ফাতুসবিহু ল্ আর্দু মুখ্দ ার্রাতান (ط) ইন্নাল্লা-হা লাত ীফুন খাবীর্। |  |
| তরজমা | তুমি কি লক্ষ্য কর না যে, আল্লাহ্ বারি বর্ষণ করেন আকাশ হইতে যাহাতে সবুজ শ্যামল হইয়া উঠে পৃথিবী ? নিশ্চয়ই আল্লাহ্ সম্যক সূক্ষ্মদর্শী, পরিজ্ঞাত। |  |
|  | لَهٗ مَا فِى السَّمٰوٰتِ وَمَا فِى الْاَرْضِ ؕ وَاِنَّ اللّٰهَ لَهُوَ الْغَنِىُّ الْحَمِيْدُ ﴿۶۴﴾ | 64 |
| প্রতিবর্ণায়ন | লাহূ মা-ফিছ্ছামা-ওয়া-তি ওয়ামা-ফিল আরদি (ط) ওয়া ইন্নাল্লা-হা লাহুওয়াল্ গানিইয়ুল হ ামীদ্। |  |
| তরজমা | আকাশমণ্ডলী ও পৃথিবীতে যাহা কিছু আছে তাহা তাঁহারই, এবং আল্লাহ্, তিনিই তো অভাবমুক্ত, প্রশংসার্হ। |  |
|  | اَلَمْ تَرَ اَنَّ اللّٰهَ سَخَّرَ لَكُمْ مَّا فِى الْاَرْضِ وَالْفُلْكَ تَجْرِىْ فِى الْبَحْرِ بِاَمْرِهٖ ؕ وَيُمْسِكُ السَّمَآءَ اَنْ تَقَعَ عَلَى الْاَرْضِ اِلَّا بِاِذْنِهٖ ؕ اِنَّ اللّٰهَ بِالنَّاسِ لَرَءُوْفٌ رَّحِيْمٌ ﴿۶۵﴾ | 65 |
| প্রতিবর্ণায়ন | আলাম্ তারা আন্নাল্লা-হা ছাখ্খারা লাকুম্ মা- ফিল আরদি ওয়াল্ ফুল্কা তাজরী ফিল্ বাহ রি বিআম্রিহী (ط) ওয়া ইউম্ছিকুছ্ছামা~আং তাক া'আ 'আলাল্ আর্দি ইল্লা- বিইয ্নিহী (ط) ইন্নাল্লা-হা বিন্না-ছি লারাঊফুর্রাহ ীম। |  |
| তরজমা | তুমি কি লক্ষ্য কর না যে, আল্লাহ্ তোমাদের কল্যাণে নিয়োজিত করিয়াছেন পৃথিবীতে যাহা কিছু আছে তৎসমুদয়কে এবং তাঁহার নির্দেশে সমুদ্রে বিচরণশীল নৌযানসমূহকে ? আর তিনিই আকাশকে স্থির রাখেন যাহাতে উহা পতিত না হয় পৃথিবীর উপর তাঁহার অনুমতি ব্যতীত। আল্লাহ্ নিশ্চয়ই মানুষের প্রতি দয়ার্দ্র, পরম দয়ালু। |  |
|  | وَهُوَ الَّذِىْۤ اَحْيَاكُمْ ۡ ثُمَّ يُمِيْتُكُمْ ثُمَّ يُحْيِيْكُمْ ؕ اِنَّ الْاِنْسَانَ لَكَفُوْرٌ ﴿۶۶﴾ | 66 |
| প্রতিবর্ণায়ন | ওয়া হুওয়াল্লায ী~ আহ ইয়া-কুম, ছু ম্মা ইউমীতুকুম ছু ম্মা ইউহ ঈকুম্ ; ইন্নাল ইংছা-না লাকাফূর্। |  |
| তরজমা | এবং তিনিই তোমাদেরকে জীবন দান করিয়াছেন ; অতঃপর তিনিই তোমাদের মৃত্যু ঘটাইবেন, পুনরায় তোমাদেরকে জীবন দান করিবেন। মানুষ তো অতি মাত্রায় অকৃতজ্ঞ। |  |
|  | لِكُلِّ اُمَّةٍ جَعَلْنَا مَنْسَكًا هُمْ نَاسِكُوْهُ فَلَا يُنَازِعُنَّكَ فِى الْاَمْرِ وَادْعُ اِلٰى رَبِّكَ ؕ اِنَّكَ لَعَلٰى هُدًى مُّسْتَقِيْمٍ ﴿۶۷﴾ | 67 |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| প্রতিবর্ণায়ন | লিকুল্লি উম্মাতিং জা‘আল্না– মাংছাকান হুম না–ছিকূহু ফালা– ইউনা–ঝি‘উন্নাকা ফিল্আম্‌রি ওয়াদ্‘উ ইলা– রাব্বিকা (ط) ইন্নাকা লা‘আলা–হুদাম্ মুছ্তাক ীম্। | |
| তরজমা | আমি প্রত্যেক সম্প্রদায়ের জন্য নির্ধারিত করিয়া দিয়াছি ‘ইবাদত পদ্ধতি-যাহা উহারা অনুসরণ করে। সুতরাং উহারা যেন তোমার সঙ্গে বিতর্ক না করে এই ব্যাপারে। তুমি উহাদেরকে তোমার প্রতিপালকের দিকে আহ্বান কর, তুমি তো সরল পথেই প্রতিষ্ঠিত। | |
| | وَاِنْ جٰدَلُوْكَ فَقُلِ اللّٰهُ اَعْلَمُ بِمَا تَعْمَلُوْنَ ﴿٦٨﴾ | 68 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ইং জা–দালূকা ফাকু িল্লা–হু আ‘লামু বিমা– তা‘মালূন্। | |
| তরজমা | উহারা যদি তোমার সঙ্গে বিতণ্ডা করে তবে বলিও, ‘তোমরা যাহা কর সে সম্বন্ধে আল্লাহ্ সম্যক অবহিত। | |
| | اَللّٰهُ يَحْكُمُ بَيْنَكُمْ يَوْمَ الْقِيٰمَةِ فِيْمَا كُنْتُمْ فِيْهِ تَخْتَلِفُوْنَ ﴿٦٩﴾ | 69 |
| প্রতিবর্ণায়ন | আল্লা–হু ইয়াহ কুমু বাইনাকুম ইয়াওমাল কি য়া–মাতি ফীমা– কুংতুম ফীহি তাখ্তালিফূন্। | |
| তরজমা | ‘তোমরা যে বিষয়ে মতভেদ করিতেছ আল্লাহ্ কিয়ামতের দিন সে বিষয়ে তোমাদের মধ্যে বিচার-মীমাংসা করিয়া দিবেন।’ | |
| | اَلَمْ تَعْلَمْ اَنَّ اللّٰهَ يَعْلَمُ مَا فِي السَّمَآءِ وَالْاَرْضِ ؕ اِنَّ ذٰلِكَ فِيْ كِتٰبٍ ؕ اِنَّ ذٰلِكَ عَلَى اللّٰهِ يَسِيْرٌ ﴿٧٠﴾ | 70 |
| প্রতিবর্ণায়ন | আলাম তা‘লাম আন্নাল্লা–হা ইয়া‘লামু মা–ফিছ্ছামা~ই ওয়াল্ আর্‌দি (ط) ইন্না য া–লিকা ফী কিতা–বিন (ط) ইন্না য া–লিকা ‘আলাল্লা–হি ইয়াছীর্। | |
| তরজমা | তুমি কি জান না যে, আকাশ ও পৃথিবীতে যাহা কিছু রহিয়াছে আল্লাহ্ তাহা জানেন ? এই সকলই আছে এক কিতাবে ; নিশ্চয়ই ইহা আল্লাহ্‌র নিকট সহজ। | |
| | وَيَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ مَا لَمْ يُنَزِّلْ بِهٖ سُلْطٰنًا وَّمَا لَيْسَ لَهُمْ بِهٖ عِلْمٌ ؕ وَمَا لِلظّٰلِمِيْنَ مِنْ نَّصِيْرٍ ﴿٧١﴾ | 71 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ইয়া‘বুদূনা মিং দূনিল্লা–হি মা–লাম ইউনাঝ্ঝিল্ বিহী ছুল্ত া–নাওঁ ওয়ামা– লাইছা লাহুম বিহী ‘ইল্মুওঁ (ط) ওয়ামা লিজ্ জ া–লিমীনা মিং নাসীর। | |
| তরজমা | এবং উহারা ‘ইবাদত করে আল্লাহ্‌র পরিবর্তে এমন কিছুর যাহার সম্পর্কে তিনি কোন দলীল প্রেরণ করেন নাই এবং যাহার সম্বন্ধে তাহাদের কোন জ্ঞান নাই। আর জালিমদের কোন সাহায্যকারী নাই। | |

| | وَاِذَا تُتۡلٰى عَلَيۡهِمۡ اٰيٰتُنَا بَيِّنٰتٍ تَعۡرِفُ فِىۡ وُجُوۡهِ الَّذِيۡنَ كَفَرُوا الۡمُنۡكَرَ ؕ يَكَادُوۡنَ يَسۡطُوۡنَ بِالَّذِيۡنَ يَتۡلُوۡنَ عَلَيۡهِمۡ اٰيٰتِنَا ؕ قُلۡ اَفَاُنَبِّئُكُمۡ بِشَرٍّ مِّنۡ ذٰلِكُمُ ؕ اَلنَّارُ ؕ وَعَدَهَا اللّٰهُ الَّذِيۡنَ كَفَرُوۡا ؕ وَبِئۡسَ الۡمَصِيۡرُ ﴿۷۲﴾ | **72** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইযা-তুত্‌লা- 'আলাইহিম আ-য়া-তুনা- বাইয়িনা-তিং তা'রিফু ফী উজূহিল্লাযীনা কাফারুল মুংকারা (ط) ইয়াকা-দূনা ইয়াছ্‌তূনা বিল্লাযীনা ইয়াত্‌লূনা 'আলাইহিম আ-য়া-তিনা- (ط) কুল আফাউনাব্‌বিউকুম বিশাররিম্ মিং যা-লিকুম (ط) আন্নারু (ط) ওয়া 'আদাহাল্লা-হু ল্লাযীনা কাফারূ (ط) ওয়াবি'ছাল্ মাসীর। | |
| *তরজমা* | এবং উহাদের নিকট আমার সুস্পষ্ট আয়াতসমূহ তিলাওয়াত করা হইলে তুমি কাফিরদের মুখমণ্ডলে অসন্তোষ লক্ষ্য করিবে। যাহারা উহাদের নিকট আমার আয়াত তিলাওয়াত করে তাহাদেরকে উহারা আক্রমণ করিতে উদ্যত হয়। বল, 'তবে কি আমি তোমাদেরকে ইহা অপেক্ষা মন্দ কিছুর সংবাদ দিব ?-ইহা আগুন। এই বিষয়ে আল্লাহ্ প্রতিশ্রুতি দিয়াছেন কাফিরদেরকে এবং ইহা কত নিকৃষ্ট প্রত্যাবর্তনস্থল।' | |
| | يٰۤاَيُّهَا النَّاسُ ضُرِبَ مَثَلٌ فَاسۡتَمِعُوۡا لَهٗ ؕ اِنَّ الَّذِيۡنَ تَدۡعُوۡنَ مِنۡ دُوۡنِ اللّٰهِ لَنۡ يَّخۡلُقُوۡا ذُبَابًا وَّلَوِ اجۡتَمَعُوۡا لَهٗ ؕ وَاِنۡ يَّسۡلُبۡهُمُ الذُّبَابُ شَيۡـًٔا لَّا يَسۡتَنۡقِذُوۡهُ مِنۡهُ ؕ ضَعُفَ الطَّالِبُ وَالۡمَطۡلُوۡبُ ﴿۷۳﴾ | **73** |
| *প্রতিবর্ণায়ন* | ইয়া~আইয়ুহান্না-ছু দুরিবা মাছালুং ফাছ্‌তামি'উ লাহূ (ط) ইন্নাল্লাযীনা তাদ্'উনা মিং দূনিল্লা-হি লাইঁ ইয়াখ্‌লুকূ যুবা-বাওঁ ওয়া লাবিজতামা'উ লাহূ (ط) ওয়াইয়ঁ ইয়াস্‌লুব্‌হুমুয্ যুবা-বু শাইআল্ লাইয়াছতাংকিযূহু মিন্‌হু (ط) দা'উফাত্ তা-লিবু ওয়াল্ মাত্‌লূব। | |
| *তরজমা* | হে মানুষ ! একটি উপমা দেওয়া হইতেছে, মনোযোগ সহকারে উহা শ্রবণ কর : তোমরা আল্লাহ্‌র পরিবর্তে যাহাদেরকে ডাক তাহারা তো কখনও একটি মাছিও সৃষ্টি করিতে পারিবে না, এই উদ্দেশ্যে তাহারা সকলে একত্র হইলেও। এবং মাছি যদি কিছু ছিনাইয়া লইয়া যায় তাহাদের নিকট হইতে, ইহাও তাহারা উহার নিকট হইতে উদ্ধার করিতে পারিবে না। অন্বেষক ও অন্বেষিত কতই দুর্বল ; | |
| | مَا قَدَرُوا اللّٰهَ حَقَّ قَدۡرِهٖ ؕ اِنَّ اللّٰهَ لَقَوِىٌّ عَزِيۡزٌ ﴿۷۴﴾ | **74** |
| *প্রতিবর্ণায়ন* | মা- কাদারুল্লা-হা হাক্কা কাদরিহী (ط) ইন্নাল্লা-হা লাকাবিইউন 'আঝীঝ। | |
| *তরজমা* | উহারা আল্লাহ্‌র যথোচিত মর্যাদা উপলব্ধি করে না, আল্লাহ্ নিশ্চয়ই ক্ষমতাবান, পরাক্রমশালী। | |
| | اَللّٰهُ يَصۡطَفِىۡ مِنَ الۡمَلٰۤـئِكَةِ رُسُلًا وَّمِنَ النَّاسِ ؕ اِنَّ اللّٰهَ سَمِيۡعٌۢ بَصِيۡرٌ ﴿۷۵﴾ | **75** |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
| --- | --- | --- |
| প্রতিবর্ণায়ন | আল্লা-হু ইয়াসত াফী মিনাল মালা~ইকাতি রুছুলাওঁ ওয়া মিনান্না-ছি (ط) ইন্নাল্লা-হা ছামী'উম বাসীর্। | |
| তরজমা | আল্লাহ্ ফিরিশ্তাদের মধ্য হইতে মনোনীত করেন বাণীবাহক এবং মানুষের মধ্য হইতেও ; আল্লাহ্ তো সর্বশ্রোতা, সম্যক দ্রষ্টা। | |
| | يَعْلَمُ مَا بَيْنَ اَيْدِيْهِمْ وَمَا خَلْفَهُمْ ۭ وَاِلَى اللّٰهِ تُرْجَعُ الْاُمُوْرُ ۝ | 76 |
| প্রতিবর্ণায়ন | ইয়া'লামু মা- বাইনা আইদীহিম ওয়ামা- খাল্ফাহুম (ط) ওয়া ইলাল্লা-হি তুরজা'উল্ উমূর্। | |
| তরজমা | তাহাদের সম্মুখে ও পশ্চাতে যাহা কিছু আছে তিনি তাহা জানেন এবং সমস্ত বিষয় আল্লাহ্র নিকট প্রত্যাবর্তিত হইবে। | |
| | يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا ارْكَعُوْا وَاسْجُدُوْا وَاعْبُدُوْا رَبَّكُمْ وَافْعَلُوا الْخَيْرَ لَعَلَّكُمْ تُفْلِحُوْنَ ۝ | 77 |
| প্রতিবর্ণায়ন | ইয়া ̃আইয়ুহাল্লায ীনা আ-মানুর কা'উ ওয়াছ্জুদূ ওয়া'বুদূ রাব্বাকুম্ ওয়াফ'আলুল খাইরা লা'আল্লাকুম তুফ্লিহূ ন। | |
| তরজমা | হে মু'মিনগণ ! তোমরা রুকূ' কর, সিজ্দা কর এবং তোমাদের প্রতিপালকের 'ইবাদত কর ও সৎকর্ম কর, যাহাতে সফলকাম হইতে পার। | |
| | وَجَاهِدُوْا فِى اللّٰهِ حَقَّ جِهَادِهٖ ۭ هُوَ اجْتَبٰىكُمْ وَمَا جَعَلَ عَلَيْكُمْ فِى الدِّيْنِ مِنْ حَرَجٍ ۭ مِلَّةَ اَبِيْكُمْ اِبْرٰهِيْمَ ۭ هُوَ سَمّٰىكُمُ الْمُسْلِمِيْنَ ۙ مِنْ قَبْلُ وَفِيْ هٰذَا لِيَكُوْنَ الرَّسُوْلُ شَهِيْدًا عَلَيْكُمْ وَتَكُوْنُوْا شُهَدَاۗءَ عَلَى النَّاسِ ۚ فَاَقِيْمُوا الصَّلٰوةَ وَاٰتُوا الزَّكٰوةَ وَاعْتَصِمُوْا بِاللّٰهِ ۭ هُوَ مَوْلٰىكُمْ ۚ فَنِعْمَ الْمَوْلٰى وَنِعْمَ النَّصِيْرُ ۝ | 78 |
| প্রতিবর্ণায়ন | ওয়া জা-হিদূ ফিল্লা-হি হ াক্ক া জিহা-দিহী (ط) হুওয়াজতাবা-কুম ওয়ামা- জা'আলা 'আলাইকুম্ ফিদ্দীনি মিন্ হ ারাজিন (ط) মিল্লাতা আবীকুম ইবরা-হীমা (ط) হুওয়া ছ াম্মা-কুমুল মুছলিমীনা (ﻻ) মিং ক াব্লু ওয়া ফী হা-য া- লিয়াকূনার্ রাছূলু শাহীদান 'আলাইকুম ওয়া তাকূনূ শুহাদা~আ 'আলান্না-ছি (ج) ফাআক ীমুসসালা-তা ওয়া আ-তুঝঝাকা-তা ওয়া' তাসিমূ বিল্লা-হি (ط) হুওয়া মাওলা-কুম (ج) ফানি'মাল মাওলা- ওয়া নি'মান্ নাসীর। | |

| | | |
|---|---|---|
| তরজমা | এবং জিহাদ কর আল্লাহ্‌র পথে যেভাবে জিহাদ করা উচিত। তিনি তোমাদেরকে মনোনীত করিয়াছেন। তিনি দীনের ব্যাপারে তোমাদের উপর কোন কঠোরতা আরোপ করেন নাই। ইহা তোমাদের পিতা ইব্‌রাহীমের মিল্লাত। তিনি পূর্বে তোমাদের নামকরণ করিয়াছেন 'মুসলিম' এবং এই কিতাবেও ; যাহাতে রাসূল তোমাদের জন্য সাক্ষীস্বরূপ হয় এবং তোমরা সাক্ষীস্বরূপ হও মানব জাতির জন্য। সুতরাং তোমরা সালাত কায়েম কর, যাকাত দাও এবং আল্লাহ্‌কে অবলম্বন কর ; তিনিই তোমাদের অভিভাবক, কত উত্তম অভিভাবক এবং কত উত্তম সাহায্যকারী তিনি ! | |

## 23 - Al-Mu'minun-মু'মিনুন -المؤمنون

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

| | | |
|---|---|---|
| | قَدۡ اَفۡلَحَ الۡمُؤۡمِنُوۡنَ ۙ﴿۱﴾ | 1 |
| প্রতিবর্ণায়ন | ক াদ আফলা হ াল মু'মিনূন। | |
| তরজমা | অবশ্যই সফলকাম হইয়াছে মু'মিনগণ, | |
| | الَّذِيۡنَ هُمۡ فِىۡ صَلَاتِهِمۡ خٰشِعُوۡنَ ۙ﴿۲﴾ | 2 |
| প্রতিবর্ণায়ন | আল্লায ীনা হুম ফী সালা-তিহিম খা-শি'ঊন, | |
| তরজমা | যাহারা বিনয়-নম্র নিজেদের সালাতে, | |
| | وَالَّذِيۡنَ هُمۡ عَنِ اللَّغۡوِ مُعۡرِضُوۡنَ ۙ﴿۳﴾ | 3 |
| প্রতিবর্ণায়ন | ওয়াল্লায ীনা হুম্ 'আনিল্ লাগবি মু'রিদ ূন। | |
| তরজমা | যাহারা অসার ক্রিয়াকলাপ হইতে বিরত থাকে, | |
| | وَالَّذِيۡنَ هُمۡ لِلزَّكٰوةِ فٰعِلُوۡنَ ۙ﴿۴﴾ | 4 |
| প্রতিবর্ণায়ন | ওয়াল্লায ীনা হুম লিঝঝাকা-তি ফা-'ইলূন। | |
| তরজমা | যাহারা যাকাতদানে সক্রিয়, | |
| | وَالَّذِيۡنَ هُمۡ لِفُرُوۡجِهِمۡ حٰفِظُوۡنَ ۙ﴿۵﴾ | 5 |
| প্রতিবর্ণায়ন | ওয়াল্লায ীনা হুম্ লিফুরূজিহিম্ হ া-ফিজ ূন। | |
| তরজমা | যাহারা নিজেদের যৌন অঙ্গকে সংযত রাখে, | |
| | اِلَّا عَلٰٓى اَزۡوَاجِهِمۡ اَوۡ مَا مَلَكَتۡ اَيۡمَانُهُمۡ فَاِنَّهُمۡ غَيۡرُ مَلُوۡمِيۡنَ ۚ﴿۶﴾ | 6 |
| প্রতিবর্ণায়ন | ইল্লা-'আলা˜ আঝওয়া-জিহিম্ আও মা-মালাকাত আইমা-নুহুম ফাইন্নাহুম গাইরু মালূমীন। | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
| --- | --- | --- |
| *তরজমা* | নিজেদের পত্নী অথবা অধিকারভুক্ত দাসিগণ ব্যতীত, ইহাতে তাহারা নিন্দনীয় হইবে না, | |
| | فَمَنِ ابْتَغٰى وَرَآءَ ذٰلِكَ فَاُولٰٓئِكَ هُمُ الْعٰدُوْنَ ۚ | **7** |
| *প্রতিবর্ণায়ন* | ফামানিব্‌তাগা- ওয়ারা~আ য˙া-লিকা ফাউলা~ইকা হুমুল ‘আ-দূন। | |
| *তরজমা* | এবং কেহ ইহাদেরকে ছাড়া অন্যকে কামনা করিলে তাহারা হইবে সীমালংঘনকারী, | |
| | وَالَّذِيْنَ هُمْ لِاَمٰنٰتِهِمْ وَعَهْدِهِمْ رٰعُوْنَ ۙ | **8** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াল্লা য˙ীনা হুম লিআমা-না-তিহিম ওয়া‘আহ্‌দিহিম রা-‘উন। | |
| *তরজমা* | এবং যাহারা নিজেদের আমানত ও প্রতিশ্রুতি রক্ষা করে, | |
| | وَالَّذِيْنَ هُمْ عَلٰى صَلَوٰتِهِمْ يُحَافِظُوْنَ ۘ | **9** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াল্লায˙ীনা হুম ‘আলা- সালাওয়া-তিহিম ইউহ˙া-ফিজূ˙ন। | |
| *তরজমা* | এবং যাহারা নিজেদের সালাতসমূহে যত্নবান থাকে, | |
| | اُولٰٓئِكَ هُمُ الْوٰرِثُوْنَ ۙ | **10** |
| *প্রতিবর্ণায়ন* | উলা~ইকা হুমুল্‌ ওয়া-রিছূ˙ন। | |
| *তরজমা* | তাহারাই হইবে অধিকারী- | |
| | الَّذِيْنَ يَرِثُوْنَ الْفِرْدَوْسَ ؕ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ | **11** |
| *প্রতিবর্ণায়ন* | আল্লায˙ীনা ইয়ারিছূ˙নাল ফিরদাউছা (ط) হুম ফীহা- খা-লিদূন। | |
| *তরজমা* | অধিকারী হইবে ফিরদাওসের যাহাতে উহারা স্থায়ী হইবে। | |
| | وَلَقَدْ خَلَقْنَا الْاِنْسَانَ مِنْ سُلٰلَةٍ مِّنْ طِيْنٍ ۚ | **12** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালাক˙াদ খালাক˙নাল ইংছা-না মিন ছু˙লা-লাতিম মিং ত˙ীন। | |
| *তরজমা* | আমি তো মানুষকে সৃষ্টি করিয়াছি মৃত্তিকার উপাদান হইতে, | |
| | ثُمَّ جَعَلْنٰهُ نُطْفَةً فِيْ قَرَارٍ مَّكِيْنٍ ۪ | **13** |
| *প্রতিবর্ণায়ন* | ছু˙ম্মা জা‘আলনা-হু নুত˙ফাতাং ফী ক˙ারা-রিম মাকীন। | |
| *তরজমা* | অতঃপর আমি উহাকে শুক্রবিন্দুরূপে স্থাপন করি এক নিরাপদ আধারে; | |
| | ثُمَّ خَلَقْنَا النُّطْفَةَ عَلَقَةً فَخَلَقْنَا الْعَلَقَةَ مُضْغَةً فَخَلَقْنَا الْمُضْغَةَ عِظٰمًا فَكَسَوْنَا الْعِظٰمَ لَحْمًا ۗ ثُمَّ اَنْشَاْنٰهُ خَلْقًا اٰخَرَ ؕ فَتَبٰرَكَ اللّٰهُ اَحْسَنُ الْخٰلِقِيْنَ ؕ | **14** |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ছু ম্মা খালাক নান্ নুত ফাতা 'আলাক তাং ফাখালাক নাল 'আলাক তা মুদ গাতাং ফাখালাক নাল মুদ গাতা 'ইজ া-মাং ফাকাছাওনাল 'ইজ া-মা লাহ মাং (ق) ছু ম্মা আংশা'না-হু খালক ান আ-খারা (ط) ফাতাবা-রাকাল্লা-হু আহ ছানুল্ খা-লিক ীন। | |
| *তরজমা* | পরে আমি শুক্রবিন্দুকে পরিণত করি আলাক-এ, অতঃপর আলাক্‌কে পরিণত করি পিণ্ডে এবং পিণ্ডকে পরিণত করি অস্থি-পঞ্জরে ; অতঃপর অস্থি-পঞ্জরকে ঢাকিয়া দেই গোশ্‌ত দ্বারা; অবশেষে উহাকে গড়িয়া তুলি অন্য এক সৃষ্টিরূপে। অতএব সর্বোত্তম স্রষ্টা আল্লাহ্ কত মহান! | |
| | ثُمَّ اِنَّكُمۡ بَعۡدَ ذٰلِكَ لَمَيِّتُوۡنَ ؕ﴿۱۵﴾ | 15 |
| *প্রতিবর্ণায়ন* | ছু ম্মা ইন্নাকুম বা'দা য া-লিকা লামাইয়িতূন। | |
| *তরজমা* | ইহার পর তোমরা অবশ্যই মরিবে, | |
| | ثُمَّ اِنَّكُمۡ يَوۡمَ الۡقِيٰمَةِ تُبۡعَثُوۡنَ ﴿۱۶﴾ | 16 |
| *প্রতিবর্ণায়ন* | ছু ম্মা ইন্নাকুম ইয়াওমাল কি য়া-মাতি তুব'আছূ ন। | |
| *তরজমা* | অতঃপর কিয়ামতের দিন অবশ্যই তোমাদেরকে উত্থিত করা হইবে। | |
| | وَلَقَدۡ خَلَقۡنَا فَوۡقَكُمۡ سَبۡعَ طَرَآئِقَ ۖ وَمَا كُنَّا عَنِ الۡخَلۡقِ غٰفِلِيۡنَ ﴿۱۷﴾ | 17 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাক াদ খালাক না-ফাওক াকুম ছাব'আ ত ারা~ইক া (ق) ওয়ামা- কুন্না- 'আনিল খালকি গা-ফিলীন। | |
| *তরজমা* | আমি তো তোমাদের উর্ধ্বে সৃষ্টি করিয়াছি সপ্তস্তর এবং আমি সৃষ্টি বিষয়ে অসতর্ক নই, | |
| | وَاَنۡزَلۡنَا مِنَ السَّمَآءِ مَآءًۢ بِقَدَرٍ فَاَسۡكَنّٰهُ فِى الۡاَرۡضِ ۖ وَاِنَّا عَلٰى ذَهَابٍۢ بِهٖ لَقٰدِرُوۡنَ ۚ﴿۱۸﴾ | 18 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আংঝালনা- মিনাছ্ ছামা~ই মা~আম্ বিক াদারিন ফাআছকান্না-হু ফিল আর্‌দি (ق) ওয়া ইন্না- 'আলা-য াহা-বিম বিহী লাক া-দিরূন। | |
| *তরজমা* | এবং আমি আকাশ হইতে বারি বর্ষণ করি পরিমিতভাবে; অতঃপর আমি উহা মৃত্তিকায় সংরক্ষণ করি; আমি উহাকে অপসারিত করিতেও সক্ষম। | |
| | فَاَنۡشَاۡنَا لَكُمۡ بِهٖ جَنّٰتٍ مِّنۡ نَّخِيۡلٍ وَّاَعۡنَابٍ ۘ لَـكُمۡ فِيۡهَا فَوَاكِهُ كَثِيۡرَةٌ وَّمِنۡهَا تَاۡكُلُوۡنَ ۙ﴿۱۹﴾ | 19 |
| *প্রতিবর্ণায়ন* | ফাআংশা'না-লাকুম বিহী জান্না-তিম মিন্ নাখীলিওঁ ওয়া 'আনা-ব(م)। লাকুম ফীহা- ফাওয়া-কিহু কাছ ী রাতুওঁ ওয়া মিনহা- তা'কুলূন। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | অতঃপর আমি উহা দ্বারা তোমাদের জন্য খর্জুর ও আঙ্গুরের বাগান সৃষ্টি করি; ইহাতে তোমাদের জন্য আছে প্রচুর ফল; আর উহা হইতে তোমরা আহার করিয়া থাক; | |
| | وَشَجَرَةً تَخْرُجُ مِنْ طُوْرِ سَيْنَآءَ تَنْۢبُتُ بِالدُّهْنِ وَصِبْغٍ لِّلْاٰكِلِيْنَ ﴿٢٠﴾ | **20** |
| প্রতিবর্ণায়ন | ওয়া শাজারাতাং তাখরুজু মিং তূ'রি ছাইনা~আ তামবুতু বিদ্দুহ্নি ওয়াছিবগিল লিলআ-কিলীন। | |
| তরজমা | এবং সৃষ্টি করি এক বৃক্ষ যাহা জন্মায় সিনাই পর্বতে, ইহাতে উৎপন্ন হয় তৈল এবং আহারকারীদের জন্য ব্যঞ্জন। | |
| | وَاِنَّ لَكُمْ فِي الْاَنْعَامِ لَعِبْرَةً ۚ نُسْقِيْكُمْ مِّمَّا فِيْ بُطُوْنِهَا وَلَكُمْ فِيْهَا مَنَافِعُ كَثِيْرَةٌ وَّمِنْهَا تَاْكُلُوْنَ ﴿٢١﴾ | **21** |
| প্রতিবর্ণায়ন | ওয়া ইন্না লাকুম ফিল আন'আ-মি লা'ইব্রাতান (ط) নুছক ীকুম মিম্মা-ফী বুতূ নিহা- ওয়া লাকুম ফীহা- মানা-ফি'উ কাছ ীরাতুওঁ ওয়া মিনহা- তা'কুলূন। | |
| তরজমা | এবং তোমাদের জন্য অবশ্যই শিক্ষণীয় বিষয় আছে আন'আম-এ; তোমাদেরকে আমি পান করাই উহাদের উদরে যাহা আছে তাহা হইতে এবং উহাতে তোমাদের জন্য রহিয়াছে প্রচুর উপকারিতা; তোমরা উহা হইতে আহার কর, | |
| | وَعَلَيْهَا وَعَلَى الْفُلْكِ تُحْمَلُوْنَ ﴿٢٢﴾ | **22** |
| প্রতিবর্ণায়ন | ওয়া 'আলাইহা-ওয়া 'আলাল ফুল্কি তুহ মালূন। | |
| তরজমা | এবং তোমরা উহাতে ও নৌযানে আরোহণও করিয়া থাক। | |
| | وَلَقَدْ اَرْسَلْنَا نُوْحًا اِلٰى قَوْمِهٖ فَقَالَ يٰقَوْمِ اعْبُدُوا اللّٰهَ مَا لَكُمْ مِّنْ اِلٰهٍ غَيْرُهٗ ۚ اَفَلَا تَتَّقُوْنَ ﴿٢٣﴾ | **23** |
| প্রতিবর্ণায়ন | ওয়া লাক াদ আর্ছাল্না- নূহ ান ইলা- ক াওমিহী ফাক া-লা ইয়া- ক াওমি'বুদল্লা-হা মা-লাকুম মিন্ ইলা-হিন গাইরুহূ (ط) আফালা-তাত্তাকূ ন। | |
| তরজমা | আমি তো নূহ্‌কে পাঠাইয়াছিলাম তাহার সম্প্রদায়ের নিকট। সে বলিয়াছিল, 'হে আমার সম্প্রদায়! আল্লাহ্‌র 'ইবাদত কর, তিনি ব্যতীত তোমাদের অন্য কোন ইলাহ্ নাই, তবুও কি তোমরা সাবধান হইবে না ?' | |

|  | فَقَالَ الْمَلَؤُا الَّذِيْنَ كَفَرُوْا مِنْ قَوْمِهٖ مَا هٰذَاۤ اِلَّا بَشَرٌ مِّثْلُكُمْ ۙ يُرِيْدُ اَنْ يَّتَفَضَّلَ عَلَيْكُمْ ؕ وَلَوْ شَآءَ اللّٰهُ لَاَنْزَلَ مَلٰٓئِكَةً ۖۚ مَّا سَمِعْنَا بِهٰذَا فِيْۤ اٰبَآئِنَا الْاَوَّلِيْنَ ۝٢٤ | **24** |
| *প্রতিবর্ণায়ন* | ফাক`া-লাল মালাউল্লায`িনা কাফারূ মিং ক`াওমিহী মা- হা-য`া~ ইল্লা- বাশারুম মিছ`লুকুম (ۙ) ইউরীদু আইঁ ইয়াতাফাদ্দ`ালা ‘আলাইকুম (ط) ওয়া লাও শা~আল্লা-হু লাআংঝালা মালা~ইকাতাম্ (ج) মা-ছামি‘না- বিহা-য`া- ফী~আ-বা~ইনাল আওওয়ালীন। |  |
| *তরজমা* | তাহার সম্প্রদায়ের প্রধানরা, যাহারা কুফরী করিয়াছিল, তাহারা বলিল, ‘এ তো তোমাদের মত একজন মানুষই, তোমাদের উপর শ্রেষ্ঠত্ব লাভ করিতে চাহিতেছে, আল্লাহ্ ইচ্ছা করিলে ফিরিশ্তাই পাঠাইতেন; আমরা তো আমাদের পূর্বপুরুষগণের কালে এইরূপ ঘটিয়াছে, একথা শুনি নাই। |  |
|  | اِنْ هُوَ اِلَّا رَجُلٌۢ بِهٖ جِنَّةٌ فَتَرَبَّصُوْا بِهٖ حَتّٰى حِيْنٍ ۝٢٥ | **25** |
| *প্রতিবর্ণায়ন* | ইন হুওয়া ইল্লা- রাজুলুম বিহী জিন্নাতুং ফাতারাব্বাসু বিহী হ`াত্তা- হ`ীন। |  |
| *তরজমা* | ‘এ তো এমন লোক যাহাকে উন্মত্ততা পাইয়া বসিয়াছে; সুতরাং তোমরা ইহার সম্পর্কে কিছুকাল অপেক্ষা কর।’ |  |
|  | قَالَ رَبِّ انْصُرْنِيْ بِمَا كَذَّبُوْنِ ۝٢٦ | **26** |
| *প্রতিবর্ণায়ন* | ক`া-লা রাব্বিংসুর্নী বিমা- কায`য`াবূন। |  |
| *তরজমা* | নূহ্ বলিয়াছিল, ‘হে আমার প্রতিপালক! আমাকে সাহায্য কর, কারণ উহারা আমাকে মিথ্যাবাদী বলিতেছে।’ |  |
|  | فَاَوْحَيْنَاۤ اِلَيْهِ اَنِ اصْنَعِ الْفُلْكَ بِاَعْيُنِنَا وَوَحْيِنَا فَاِذَا جَآءَ اَمْرُنَا وَفَارَ التَّنُّوْرُ ۙ فَاسْلُكْ فِيْهَا مِنْ كُلٍّ زَوْجَيْنِ اثْنَيْنِ وَاَهْلَكَ اِلَّا مَنْ سَبَقَ عَلَيْهِ الْقَوْلُ مِنْهُمْ ۚ وَلَا تُخَاطِبْنِيْ فِي الَّذِيْنَ ظَلَمُوْا ۚ اِنَّهُمْ مُّغْرَقُوْنَ ۝٢٧ | **27** |
| *প্রতিবর্ণায়ন* | ফাআওহ`াইনা~ ইলাইহি আনিস্না‘ইল ফুলকা বিআ‘ইউনিনা- ওয়া ওয়াহ`য়িনা- ফাইয`া- জা~আ আমরুনা- ওয়া ফা-রাত্তান্নূরূ (ۙ) ফাছলুক ফীহা- মিং কুলিং ঝাওজাইনিছ্নাইনি ওয়া আহ্লাকা ইল্লা- মাং ছাবাক`া ‘আলাইহিল ক`াওলু মিনহুম (ج) ওয়ালা-তুখা-তি`বনী ফিল্লায`িনা জ`ালামূ (ج) ইন্নাহুম মুগরাকূ`ন। |  |

| তরজমা | অতঃপর আমি তাহার নিকট ওহী পাঠাইলাম, 'তুমি আমার তত্ত্বাবধানে ও আমার ওহী অনুযায়ী নৌযান নির্মাণ কর, অতঃপর যখন আমার আদেশ আসিবে ও উনুন উথলিয়া উঠিবে তখন উঠাইয়া লইও প্রত্যেক জীবের এক এক জোড়া এবং তোমার পরিবার-পরিজনকে, তাহাদেরকে ছাড়া তাহাদের মধ্যে যাহাদের বিরুদ্ধে পূর্বে সিদ্ধান্ত হইয়াছে। আর তাহাদের সম্পর্কে তুমি আমাকে কিছু বলিও না যাহারা জুলুম করিয়াছে। তাহারা তো নিমজ্জিত হইবে। | |
| | فَاِذَا اسْتَوَيْتَ اَنْتَ وَمَنْ مَّعَكَ عَلَى الْفُلْكِ فَقُلِ الْحَمْدُ لِلّٰهِ الَّذِىْ نَجّٰنَا مِنَ الْقَوْمِ الظّٰلِمِيْنَ ﴿٢٨﴾ | 28 |
| প্রতিবর্ণায়ন | ফাইযা ছ্ তাওয়াইতা আংতা ওয়া মাম মা'আকা 'আলাল ফুলকি ফাকু লিল্ হা'ম্দু লিল্লা-হি ল্লায ী নাজজা-না-মিনাল কা ওমিজ জ া-লিমীন। | |
| তরজমা | যখন তুমি ও তোমার সঙ্গীরা নৌযানে আসন গ্রহণ করিবে তখন বলিও, 'সমস্ত প্রশংসা আল্লাহ্‌রই, যিনি আমাদেরকে উদ্ধার করিয়াছেন জালিম সম্প্রদায় হইতে।' | |
| | وَقُلْ رَّبِّ اَنْزِلْنِىْ مُنْزَلًا مُّبٰرَكًا وَّاَنْتَ خَيْرُ الْمُنْزِلِيْنَ ﴿٢٩﴾ | 29 |
| প্রতিবর্ণায়ন | ওয়া কু র রাব্বি আংঝিলনী মুংঝালাম মুবা-রাকাওঁ ওয়া আংতা খাইরুল মুংঝিলীন। | |
| তরজমা | আরও বলিও, 'হে আমার প্রতিপালক! আমাকে এমনভাবে অবতরণ করাও যাহা হইবে কল্যাণকর; আর তুমিই শ্রেষ্ঠ অবতরণকারী।' | |
| | اِنَّ فِىْ ذٰلِكَ لَاٰيٰتٍ وَّاِنْ كُنَّا لَمُبْتَلِيْنَ ﴿٣٠﴾ | 30 |
| প্রতিবর্ণায়ন | ইন্না ফী য া-লিকা লাআ-য়া-তিওঁ ওয়া ইং কুন্না-লামুব্‌তালীন। | |
| তরজমা | ইহাতে অবশ্যই নিদর্শন রহিয়াছে। আর আমি তো উহাদেরকে পরীক্ষা করিয়াছিলাম। | |
| | ثُمَّ اَنْشَاْنَا مِنْ بَعْدِهِمْ قَرْنًا اٰخَرِيْنَ ﴿٣١﴾ | 31 |
| প্রতিবর্ণায়ন | ছু ম্মা আ ঁশা'না-মিম বা'দিহিম ক ারনান আ-খারীন। | |
| তরজমা | অতঃপর তাহাদের পরে অন্য এক সম্প্রদায় সৃষ্টি করিয়াছিলাম; | |
| | فَاَرْسَلْنَا فِيْهِمْ رَسُوْلًا مِّنْهُمْ اَنِ اعْبُدُوا اللّٰهَ مَا لَكُمْ مِّنْ اِلٰهٍ غَيْرُهٗ ؕ اَفَلَا تَتَّقُوْنَ ﴿٣٢﴾ | 32 |
| প্রতিবর্ণায়ন | ফাআর্‌ছালনা- ফীহিম রাছূলাম মিনহুম আনি' বুদুল্লা-হা মা-লাকুম মিন ইলা-হিন গাইরুহূ (ط) আফালা-তাত্তাকূ ন। | |
| তরজমা | এবং উহাদেরই একজনকে উহাদের নিকট রাসূল করিয়া পাঠাইয়াছিলাম! সে বলিয়াছিল, 'তোমরা আল্লাহ্‌র 'ইবাদত কর, তিনি ব্যতীত তোমাদের অন্য কোন ইলাহ্ নাই, তবুও কি তোমরা সাবধান হইবে না ?' | |

| | وَقَالَ الْمَلَاُ مِنْ قَوْمِهِ الَّذِيْنَ كَفَرُوْا وَكَذَّبُوْا بِلِقَآءِ الْاٰخِرَةِ وَاَتْرَفْنٰهُمْ فِى الْحَيٰوةِ الدُّنْيَا ۙ مَا هٰذَاۤ اِلَّا بَشَرٌ مِّثْلُكُمْ ۙ يَاْكُلُ مِمَّا تَاْكُلُوْنَ مِنْهُ وَيَشْرَبُ مِمَّا تَشْرَبُوْنَ ۖ﴿۳۳﴾ | 33 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ক া-লাল মালাউ মিং ক াওমিহিল্লায ীনা কাফারূ ওয়া কায ্য াবূ বিলিক া~ইল আ-খিরাতি ওয়া আতরাফনা-হুম ফিল হ ায়া-তিদ্ দুনইয়া- (ؗ) মা হা-য া˜ ইল্লা- বাশারুম মিছ ্লুকুম ইয়া'কুলু (ؗ) মিম্মা-তা'কুলূনা মিনহু ওয়া ইয়াশরাবু মিম্মা-তাশরাবূন। | |
| তরজমা | তাহার সম্প্রদায়ের প্রধানগণ, যাহারা কুফরী করিয়াছিল ও আখিরাতের সাক্ষাতকারকে অস্বীকার করিয়াছিল এবং যাহাদেরকে আমি দিয়াছিলাম পার্থিব জীবনে প্রচুর ভোগসম্ভার, তাহারা বলিয়াছিল, 'এ তো তোমাদের মতই একজন মানুষ; তোমরা যাহা আহার কর, সে তাহাই আহার করে এবং তোমরা যাহা পান কর, সেও তাহাই পান করে; | |
| | وَلَئِنْ اَطَعْتُمْ بَشَرًا مِّثْلَكُمْ اِنَّكُمْ اِذًا لَّخٰسِرُوْنَ ۖ﴿۳۴﴾ | 34 |
| প্রতিবর্ণায়ন | ওয়া লাইন আত া'তুম্ বাশারাম মিছ ্লাকুম ইন্নাকুম ইয া্ল্ লাখা-ছিরূন। | |
| তরজমা | 'যদি তোমরা তোমাদেরই মত একজন মানুষের আনুগত্য কর তবে তোমরা অবশ্যই ক্ষতিগ্রস্ত হইবে; | |
| | اَيَعِدُكُمْ اَنَّكُمْ اِذَا مِتُّمْ وَكُنْتُمْ تُرَابًا وَّعِظَامًا اَنَّكُمْ مُّخْرَجُوْنَ ۖ﴿۳۵﴾ | 35 |
| প্রতিবর্ণায়ন | আইয়া'ইদুকুম আন্নাকুম ইয া-মিত্তুম ওয়া কংতুম তুরা-বাওঁ ওয়া 'ইজ া-মান আন্নাকুম মুখরাজূন। | |
| তরজমা | 'সে কি তোমাদেরকে এই প্রতিশ্রুতিই দেয় যে, তোমাদের মৃত্যু হইলে এবং তোমরা মৃত্তিকা ও অস্থিতে পরিণত হইলেও তোমাদেরকে উত্থিত করা হইবে ? | |
| | هَيْهَاتَ هَيْهَاتَ لِمَا تُوْعَدُوْنَ ۖ﴿۳۶﴾ | 36 |
| প্রতিবর্ণায়ন | হাইহা-তা হাই-হাতা লিমা-তূ'আদূন। | |
| তরজমা | 'অসম্ভব, তোমাদেরকে যে বিষয়ে প্রতিশ্রুতি দেওয়া হইয়াছে তাহা অসম্ভব। | |
| | اِنْ هِيَ اِلَّا حَيَاتُنَا الدُّنْيَا نَمُوْتُ وَنَحْيَا وَمَا نَحْنُ بِمَبْعُوْثِيْنَ ۖ﴿۳۷﴾ | 37 |
| প্রতিবর্ণায়ন | ইন হিয়া ইল্লা- হ ায়া-তুনাদ্ দুনইয়া- নামূতু ওয়া নাহ ্ইয়া- ওয়ামা- নাহ ্নু বিমাব'উছ ীন। | |
| তরজমা | 'একমাত্র পার্থিব জীবনই আমাদের জীবন, আমরা মরি বাঁচি এইখানেই এবং আমরা উত্থিত হইব না। | |

| --- | --- | --- |
| | اِنْ هُوَ اِلَّا رَجُلُ ِۨافْتَرٰى عَلَى اللّٰهِ كَذِبًا وَّ مَا نَحْنُ لَهٗ بِمُؤْمِنِيْنَ ۟ | 38 |
| *প্রতিবর্ণায়ন* | ইন হুওয়া ইল্লা–রাজুলুনিফতারা– ‘আলাল্লা–হি কাযি`বাও্ ওয়ামা– নাহ`নু লাহূ বিমু’মিনীন। | |
| *তরজমা* | ‘সে তো এমন ব্যক্তি যে আল্লাহ্ সম্বন্ধে মিথ্যা উদ্ভাবন করিয়াছে এবং আমরা তাহাকে বিশ্বাস করিবার নই।’ | |
| | قَالَ رَبِّ انْصُرْنِیْ بِمَا كَذَّبُوْنِ ۟ | 39 |
| *প্রতিবর্ণায়ন* | ক`া–লা রাব্বিংসুর্নী বিমা–কায্`য`াবূন। | |
| *তরজমা* | সে বলিল, ‘হে আমার প্রতিপালক! আমাকে সাহায্য কর; কারণ উহারা আমাকে মিথ্যাবাদী বলে।’ | |
| | قَالَ عَمَّا قَلِیْلٍ لَّیُصْبِحُنَّ نٰدِمِیْنَ ۟ۚ | 40 |
| *প্রতিবর্ণায়ন* | ক`া–লা ‘আম্মা–ক`ালীলিল লাইউসবিহু`ন্না না–দিমীন। | |
| *তরজমা* | আল্লাহ্ বলিলেন, ‘অচিরে উহারা তো অনুতপ্ত হইবে।’ | |
| | فَاَخَذَتْهُمُ الصَّیْحَةُ بِالْحَقِّ فَجَعَلْنٰهُمْ غُثَآءً ۚ فَبُعْدًا لِّلْقَوْمِ الظّٰلِمِیْنَ ۟ | 41 |
| *প্রতিবর্ণায়ন* | ফাআখায`াতহুমুসসাইহ`াতু বিলহ`াক্কি` ফাজা‘আলনা–হুম গুছ`া~আং (ج) ফাবু‘দাল লিলক`াওমিজ্`জ`া–লিমীন। | |
| *তরজমা* | অতঃপর সত্য সত্যই এক বিকট আওয়াজ উহাদেরকে আঘাত করিল এবং আমি উহাদেরকে তরঙ্গ-তাড়িত আবর্জনাসদৃশ করিয়া দিলাম। সুতরাং ধ্বংস হইয়া গেল জালিম সম্প্রদায়। | |
| | ثُمَّ اَنْشَاْنَا مِنْۢ بَعْدِهِمْ قُرُوْنًا اٰخَرِیْنَ ۟ؕ | 42 |
| *প্রতিবর্ণায়ন* | ছু`ম্মা আংশা’না–মিম বা‘দিহিম কু`রূনান আ–খারীন। | |
| *তরজমা* | অতঃপর তাহাদের পরে আমি বহু জাতি সৃষ্টি করিয়াছি। | |
| | مَا تَسْبِقُ مِنْ اُمَّةٍ اَجَلَهَا وَمَا یَسْتَاْخِرُوْنَ ۟ؕ | 43 |
| *প্রতিবর্ণায়ন* | মা–তাছবিকু` মিন উম্মাতিন আজালাহা–ওয়ামা–ইয়াছতা’খিরূন। | |
| *তরজমা* | কোন জাতিই তাহার নির্ধারিত কালকে ত্বরান্বিত করিতে পারে না, বিলম্বিতও করিতে পারে না। | |
| | ثُمَّ اَرْسَلْنَا رُسُلَنَا تَتْرَا ؕ كُلَّمَا جَآءَ اُمَّةً رَّسُوْلُهَا كَذَّبُوْهُ فَاَتْبَعْنَا بَعْضَهُمْ بَعْضًا وَّ جَعَلْنٰهُمْ اَحَادِیْثَ ۚ فَبُعْدًا لِّقَوْمٍ لَّا یُؤْمِنُوْنَ ۟ | 44 |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ছু ম্মা আর্ছাল্না- রুছুলানা-তাতরা- (ط) ‘কুল্লামা-জা~আ উম্মাতার রাছূলুহা- কায য াবূহু ফাআতবা‘না- বা‘দ াহুম বা‘দ াওঁ ওয়া জা‘আলনা-হুম আহ া-দীছ া (ج) ফাবু‘দাল লিকাওমিল্ লা-ইউ’মিনূন। | |
| *তরজমা* | অতঃপর আমি একের পর এক আমার রাসূল প্রেরণ করিয়াছি। যখনই কোন জাতির নিকট তাহার রাসূল আসিয়াছে তখনই উহারা তাহাকে মিথ্যাবাদী বলিয়াছে। অতঃপর আমি উহাদের একের পর একেকে ধ্বংস করিলাম। আমি উহাদেরকে কাহিনীর বিষয় করিয়াছি। সুতরাং ধ্বংস হউক অবিশ্বাসীরা! | |
| | ثُمَّ اَرۡسَلۡنَا مُوۡسٰى وَاَخَاهُ هٰرُوۡنَ ۙ بِاٰيٰتِنَا وَسُلۡطٰنٍ مُّبِيۡنٍ ۝٤٥ | 45 |
| *প্রতিবর্ণায়ন* | ছু ম্মা আর্ছাল্না-মূছা- ওয়া আখা-হু হা-রূনা (ۙ) বিআ-য়া-তিনা- ওয়া ছুলত া-নিম মুবীন। | |
| *তরজমা* | অতঃপর আমি আমার নিদর্শন ও সুস্পষ্ট প্রমাণসহ মূসা ও তাহার ভ্রাতা হারূনকে পাঠাইলাম, | |
| | اِلٰى فِرۡعَوۡنَ وَمَلَاۡئِهٖ فَاسۡتَكۡبَرُوۡا وَكَانُوۡا قَوۡمًا عَالِيۡنَ ۝٤٦ | 46 |
| *প্রতিবর্ণায়ন* | ইলা-ফিরআওনা ওয়া মালাইহী ফাছ্তাকবারূ ওয়া কা-নূ ক াওমান ‘আ-লীন। | |
| *তরজমা* | ফির‘আওন ও তাহার পারিষদবর্গের নিকট। কিন্তু উহারা অহংকার করিল; উহারা ছিল উদ্ধত সম্প্রদায়। | |
| | فَقَالُوۡۤا اَنُؤۡمِنُ لِبَشَرَيۡنِ مِثۡلِنَا وَقَوۡمُهُمَا لَنَا عٰبِدُوۡنَ ۝٤٧ | 47 |
| *প্রতিবর্ণায়ন* | ফাক া-লূ~ আনু’মিনু লিবাশারাইনি মিছ লিনা- ওয়া ক াওমুহুমা- লানা- ‘আ-বিদূন। | |
| *তরজমা* | উহারা বলিল, ‘আমরা কি এমন দুই ব্যক্তিতে বিশ্বাস স্থাপন করিব যাহারা আমাদেরই মত এবং যাহাদের সম্প্রদায় আমাদের দাসত্ব করে ?’ | |
| | فَكَذَّبُوۡهُمَا فَكَانُوۡا مِنَ الۡمُهۡلَكِيۡنَ ۝٤٨ | 48 |
| *প্রতিবর্ণায়ন* | ফাকায য াবূহুমা- ফাকা-নূ মিনাল্ মুহ্লাকীন। | |
| *তরজমা* | অতঃপর উহারা তাহাদেরকে অস্বীকার করিল, ফলে উহারা ধ্বংসপ্রাপ্ত হইল। | |
| | وَلَقَدۡ اٰتَيۡنَا مُوۡسَى الۡكِتٰبَ لَعَلَّهُمۡ يَهۡتَدُوۡنَ ۝٤٩ | 49 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাক াদ আ-তাইনা- মূছাল কিতা-বা লা‘আল্লাহুম ইয়াহ্তাদূন। | |
| *তরজমা* | আমি তো মূসাকে কিতাব দিয়াছিলাম যাহাতে উহারা সৎপথ পায়। | |
| | وَجَعَلۡنَا ابۡنَ مَرۡيَمَ وَاُمَّهٗۤ اٰيَةً وَّاٰوَيۡنٰهُمَاۤ اِلٰى رَبۡوَةٍ ذَاتِ قَرَارٍ وَّمَعِيۡنٍ ۝٥٠ | 50 |

| প্রতিবর্ণায়ন | ওয়া জা‘আল্‌নাব্‌না মারয়ামা ওয়া উম্মাহূ˜ আ–য়াতাওঁ ওয়াআ– ওয়াইনা–হুমা˜ ইলা–রবওয়াতিং য˙া–তি ক˙ারা–রিওঁ ওয়া মা‘ঈন। | |
| তরজমা | এবং আমি মার্‌ইয়াম-তনয় ও তাহার জননীকে করিয়াছিলাম এক নিদর্শন, তাহাদেরকে আশ্রয় দিয়াছিলাম এক নিরাপদ ও প্রস্রবণবিশিষ্ট উচ্চ ভূমিতে। | |
| | يٰۤاَيُّهَا الرُّسُلُ كُلُوۡا مِنَ الطَّيِّبٰتِ وَاعۡمَلُوۡا صَالِحًا ؕ اِنِّىۡ بِمَا تَعۡمَلُوۡنَ عَلِيۡمٌ ﴿۵۱﴾ | 51 |
| প্রতিবর্ণায়ন | ইয়া˜আইয়ুহার্ রুছুলু কুলূ মিনাত˙ ত˙াইয়িবা–তি ওয়া‘মালূ সা–লিহ˙ান (ط) ইন্নী বিমা–তা‘মালূনা ‘আলীম। | |
| তরজমা | ‘হে রাসূলগণ! তোমরা পবিত্র বস্তু হইতে আহার কর ও সৎকর্ম কর; তোমরা যাহা কর সে সম্বন্ধে আমি সবিশেষ অবহিত। | |
| | وَاِنَّ هٰذِهٖۤ اُمَّتُكُمۡ اُمَّةً وَّاحِدَةً وَّاَنَا رَبُّكُمۡ فَاتَّقُوۡنِ ﴿۵۲﴾ | 52 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ইন্না হা–যি˙হী˜ উম্মাতুকুম উম্মাতাওঁ ওয়াহি˙দাতাওঁ ওয়া আনা– রাব্বুকুম ফাত্তাকূ˙ন। | |
| তরজমা | ‘এবং তোমাদের এই যে জাতি ইহা তো একই জাতি এবং আমিই তোমাদের প্রতিপালক; অতএব আমাকে ভয় কর।’ | |
| | فَتَقَطَّعُوۡۤا اَمۡرَهُمۡ بَيۡنَهُمۡ زُبُرًا ؕ كُلُّ حِزۡبٍۢ بِمَا لَدَيۡهِمۡ فَرِحُوۡنَ ﴿۵۳﴾ | 53 |
| প্রতিবর্ণায়ন | ফাতাক˙াত˙ত˙া‘উ˜ আম্‌রাহুম বাইনাহুম ঝুবুরাং (ط) কুল্লু হি˙ঝবিম্ বিমা– লাদাইহিম ফারিহূ˙ন। | |
| তরজমা | কিন্তু তাহারা নিজেদের মধ্যে তাহাদের দীনকে বহুধা বিভক্ত করিয়াছে। প্রত্যেক দলই তাহাদের নিকট যাহা আছে তাহা লইয়া আনন্দিত। | |
| | فَذَرۡهُمۡ فِىۡ غَمۡرَتِهِمۡ حَتّٰى حِيۡنٍ ﴿۵۴﴾ | 54 |
| প্রতিবর্ণায়ন | ফায˙ারহুম ফী গামরাতিহিম হ˙াত্তা– হ˙ীন। | |
| তরজমা | সুতরাং কিছুকালের জন্য উহাদেরকে স্বীয় বিভ্রান্তিতে থাকিতে দাও। | |
| | اَيَحۡسَبُوۡنَ اَنَّمَا نُمِدُّهُمۡ بِهٖ مِنۡ مَّالٍ وَّبَنِيۡنَۙ ﴿۵۵﴾ | 55 |
| প্রতিবর্ণায়ন | আইয়াহ˙ছাবূনা আন্নামা– নুমিদ্দুহুম বিহী মিম মা–লিওঁ ওয়া বানীন। | |
| তরজমা | উহারা কি মনে করে যে, আমি উহাদেরকে সাহায্যস্বরূপ যে ধনৈশ্বর্য ও সন্তান-সন্ততি দান করি, তদ্দ্বারা | |
| | نُسَارِعُ لَهُمۡ فِى الۡخَيۡرٰتِ ؕ بَلۡ لَّا يَشۡعُرُوۡنَ ﴿۵۶﴾ | 56 |
| প্রতিবর্ণায়ন | নুছা–রি‘উ লাহুম ফিল খাইরা–তি (ط) বাল লা–ইয়াশ‘উরূন। | |
| তরজমা | উহাদের জন্য সকল প্রকার মঙ্গল ত্বরান্বিত করিতেছি ? না, উহারা বুঝে না। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | إِنَّ الَّذِينَ هُم مِّنْ خَشْيَةِ رَبِّهِم مُّشْفِقُونَ ۝٥٧ | **57** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাল্ লায ীনা হুম মিন খাশইয়াতি রাব্বিহিম মুশফিকূ ন। | |
| *তরজমা* | নিশ্চয় যাহারা তাহাদের প্রতিপালকের ভয়ে সন্ত্রস্ত, | |
| | وَالَّذِينَ هُم بِآيَاتِ رَبِّهِمْ يُؤْمِنُونَ ۝٥٨ | **58** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াল্লায ীনা হুম বিআ-য়া-তি রাব্বিহিম ইউ’মিনূন। | |
| *তরজমা* | যাহারা তাহাদের প্রতিপালকের নিদর্শনাবলীতে ঈমান আনে, | |
| | وَالَّذِينَ هُم بِرَبِّهِمْ لَا يُشْرِكُونَ ۝٥٩ | **59** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াল্লায ীনা হুম বিরাব্বিহিম লা-ইউশরিকূন। | |
| *তরজমা* | যাহারা তাহাদের প্রতিপালকের সঙ্গে শরীক করে না, | |
| | وَالَّذِينَ يُؤْتُونَ مَا آتَوا وَّقُلُوبُهُمْ وَجِلَةٌ أَنَّهُمْ إِلَىٰ رَبِّهِمْ رَاجِعُونَ ۝٦٠ | **60** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াল্লায ীনা ইউ’তূনা মা˜ আ-তাওঁ ওয়া কু লূবুহুম ওয়াজিলাতুন আন্নাহুম ইলা- লাব্বিহিম রা-জি‘উন। | |
| *তরজমা* | এবং যাহারা তাহাদের প্রতিপালকের নিকট প্রত্যাবর্তন করিবে এই বিশ্বাসে তাহাদের যাহা দান করিবার তাহা দান করে ভীত-কম্পিত হৃদয়ে, | |
| | أُولَٰئِكَ يُسَارِعُونَ فِي الْخَيْرَاتِ وَهُمْ لَهَا سَابِقُونَ ۝٦١ | **61** |
| *প্রতিবর্ণায়ন* | উলা~ইকা ইউছা-রি‘উনা ফিল খাইরা-তি ওয়া হুম লাহা- ছা- বিকূ ন। | |
| *তরজমা* | তাহারাই দ্রুত সম্পাদন করে কল্যাণকর কাজ এবং তাহারা উহাতে অগ্রগামী হয়। | |
| | وَلَا نُكَلِّفُ نَفْسًا إِلَّا وُسْعَهَا وَلَدَيْنَا كِتَابٌ يَنطِقُ بِالْحَقِّ وَهُمْ لَا يُظْلَمُونَ ۝٦٢ | **62** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালা- নুকাল্লিফু নাফছান ইল্লা- উছ‘আহা- ওয়া লাদাইনা- কিতা-বুইঁ ইয়াংতি কু বিল্হ াক্কি ওয়া হুম লা-ইউজ লামূন। | |
| *তরজমা* | আমি কাহাকেও তাহার সাধ্যাতীত দায়িত্ব অর্পণ করি না এবং আমার নিকট আছে এক কিতাব যাহা সত্য ব্যক্ত করে এবং উহাদের প্রতি জুলুম করা হইবে না। | |
| | بَلْ قُلُوبُهُمْ فِي غَمْرَةٍ مِّنْ هَٰذَا وَلَهُمْ أَعْمَالٌ مِّن دُونِ ذَٰلِكَ هُمْ لَهَا عَامِلُونَ ۝٦٣ | **63** |
| *প্রতিবর্ণায়ন* | বাল কু লূবুহুম ফী গাম্‌রাতিম মিন হা-য া- ওয়া লাহুম ‘আমা-লুম মিং দূনি য া-লিকা হুম লাহা- ‘আ-মিলূন। | |
| *তরজমা* | বরং এই বিষয়ে উহাদের অন্তর অজ্ঞানতায় আচ্ছন্ন, এতদ্ব্যতীত তাহাদের আরও কাজ আছে যাহা উহারা করিয়া থাকে। | |
| | حَتَّىٰ إِذَا أَخَذْنَا مُتْرَفِيهِم بِالْعَذَابِ إِذَا هُمْ يَجْأَرُونَ ۝٦٤ | **64** |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| প্রতিবর্ণায়ন | হ়াত্তা~ ইযা~ আখায্না– মুত্রাফীহিম বিল্আযা–বি ইযা–হুম ইয়াজআরূন। | |
| তরজমা | আর আমি যখন উহাদের ঐশ্বর্যশালী ব্যক্তিদেরকে শাস্তি দ্বারা ধৃত করি তখনই উহারা আর্তনাদ করিয়া উঠে। | |
| | لَا تَجْـَٔرُوا الْيَوْمَ ۖ اِنَّكُمْ مِّنَّا لَا تُنْصَرُوْنَ ﴿٦٥﴾ | 65 |
| প্রতিবর্ণায়ন | লা– তাজআরুল ইয়াওমা (قف) ইন্নাকুম মিন্না– লা– তুংসারূন। | |
| তরজমা | তাহাদেরকে বলা হইবে, 'আজ আর্তনাদ করিও না, তোমরা আমার সাহায্য পাইবে না।' | |
| | قَدْ كَانَتْ اٰيٰتِىْ تُتْلٰى عَلَيْكُمْ فَكُنْتُمْ عَلٰٓى اَعْقَابِكُمْ تَنْكِصُوْنَ ﴿٦٦﴾ | 66 |
| প্রতিবর্ণায়ন | কাদ কা–নাত আ–য়া–তী তুতলা– আলাইকুম ফাকুংতুম 'আলা~ আ'কা–বিকুম তাংকিসূন। | |
| তরজমা | আমার আয়াত তো তোমাদের নিকট আবৃত্তি করা হইত, কিন্তু তোমরা পিছনে ফিরিয়া সরিয়া পড়িতে- | |
| | مُسْتَكْبِرِيْنَ ۖ بِهٖ سٰمِرًا تَهْجُرُوْنَ ﴿٦٧﴾ | 67 |
| প্রতিবর্ণায়ন | মুছতাক্বিরীনা (ق) বিহী ছা–মিরাং তাহ্জুরূন। | |
| তরজমা | দম্ভভরে, এই বিষয়ে অর্থহীন গল্প-গুজব করিতে করিতে। | |
| | اَفَلَمْ يَدَّبَّرُوا الْقَوْلَ اَمْ جَآءَهُمْ مَّا لَمْ يَاْتِ اٰبَآءَهُمُ الْاَوَّلِيْنَ ﴿٦٨﴾ | 68 |
| প্রতিবর্ণায়ন | আফালাম ইয়াদ্দাব্বারুল কাওলা আম জা~আহুম মা–লাম ইয়া'তি আ–বা~আ হুমুল আওওয়ালীন। | |
| তরজমা | তবে কি উহারা এই বাণী অনুধাবন করে না? অথবা উহাদের নিকট কি এমন কিছু আসিয়াছে যাহা উহাদের পূর্বপুরুষদের নিকট আসে নাই ? | |
| | اَمْ لَمْ يَعْرِفُوْا رَسُوْلَهُمْ فَهُمْ لَهٗ مُنْكِرُوْنَ ﴿٦٩﴾ | 69 |
| প্রতিবর্ণায়ন | আম লাম ইয়া'রিফূ রাছূলাহুম ফাহুম লাহূ মুংকিরূন। | |
| তরজমা | অথবা উহারা কি উহাদের রাসূলকে চিনে না বলিয়া তাহাকে অস্বীকার করে ? | |
| | اَمْ يَقُوْلُوْنَ بِهٖ جِنَّةٌ ؕ بَلْ جَآءَهُمْ بِالْحَقِّ وَاَكْثَرُهُمْ لِلْحَقِّ كٰرِهُوْنَ ﴿٧٠﴾ | 70 |
| প্রতিবর্ণায়ন | আম ইয়াকূলূনা বিহী জিন্নাতুম (ط) বাল জা~আহুম বিল্হাক্কি ওয়া আকছারুহুম লিলহাক্কি কা–রিহূন। | |
| তরজমা | অথবা উহারা কি বলে যে, সে উন্মাদনাগ্রস্ত, বস্তুত সে উহাদের নিকট সত্য আনিয়াছে এবং উহাদের অধিকাংশ সত্যকে অপসন্দ করে। | |

| | | |
|---|---|---|
| | وَلَوِ اتَّبَعَ الْحَقُّ اَهْوَآءَهُمْ لَفَسَدَتِ السَّمٰوٰتُ وَالْاَرْضُ وَمَنْ فِيْهِنَّ ؕ بَلْ اَتَيْنٰهُمْ بِذِكْرِهِمْ فَهُمْ عَنْ ذِكْرِهِمْ مُّعْرِضُوْنَ ﴿۷۱﴾ | 71 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালা বি'ত্তাবা'আল হা'ক্কু' আহ্ওয়া~আহুম লাফাছাদাতিছ্ ছামা-ওয়া–তু ওয়াল আরদ' ওয়া মাং ফীহিন্না (ط) বাল আতাইনা–হুম বিযি'করিহিম ফাহুম 'আন যি'করিহিম মু'রিদূ'ন। | |
| *তরজমা* | সত্য যদি উহাদের কামনা-বাসনার অনুগামী হইত তবে বিশৃংখল হইয়া পড়িত আকাশমণ্ডলী, পৃথিবী এবং উহাদের মধ্যবর্তী সমস্ত কিছুই। পক্ষান্তরে আমি উহাদেরকে দিয়াছি উপদেশ, কিন্তু উহারা উপদেশ হইতে মুখ ফিরাইয়া নেয়। | |
| | اَمْ تَسْـَٔلُهُمْ خَرْجًا فَخَرَاجُ رَبِّكَ خَيْرٌ ۖ وَّهُوَ خَيْرُ الرّٰزِقِيْنَ ﴿۷۲﴾ | 72 |
| *প্রতিবর্ণায়ন* | আম তাছ্আলুহুম খার্জাং ফাখারা–জু রাব্বিকা খাইরুওঁ (ق) ওয়া হুওয়া খাইরুর রা–ঝিক'ীন। | |
| *তরজমা* | অথবা তুমি কি উহাদের নিকট কোন প্রতিদান চাও ? তোমার প্রতিপালকের প্রতিদানই শ্রেষ্ঠ এবং তিনিই শ্রেষ্ঠ রিযিকদাতা। | |
| | وَاِنَّكَ لَتَدْعُوْهُمْ اِلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿۷۳﴾ | 73 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইন্নাকা লাতাদ'উহুম ইলা– সিরা–তি'ম মুছ্তাক'ীম। | |
| *তরজমা* | তুমি তো উহাদেরকে সরল পথে আহ্বান করিতেছ। | |
| | وَاِنَّ الَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ بِالْاٰخِرَةِ عَنِ الصِّرَاطِ لَنٰكِبُوْنَ ﴿۷۴﴾ | 74 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইন্নাল্লায'ীনা লা–ইউ'মিনূনা বিলআ–খিরাতি 'আনিস্সিরা–তি' লানা–কিবূন। | |
| *তরজমা* | যাহারা আখিরাতে বিশ্বাস করে না তাহারা তো সরল পথ হইতে বিচ্যুত, | |
| | وَلَوْ رَحِمْنٰهُمْ وَكَشَفْنَا مَا بِهِمْ مِّنْ ضُرٍّ لَّلَجُّوْا فِيْ طُغْيَانِهِمْ يَعْمَهُوْنَ ﴿۷۵﴾ | 75 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাও রাহি'ম্না–হুম ওয়াকাশাফ্না– মা– বিহিম মিং দ'ুর্রিল লালাজজু ফী তু'গইয়া–নিহিম ইয়া'মাহূন। | |
| *তরজমা* | আমি উহাদেরকে দয়া করিলেও এবং উহাদের দুঃখ-দৈন্য দূর করিলেও উহারা অবাধ্যতায় বিভ্রান্তের ন্যায় ঘুরিতে থাকিবে। | |
| | وَلَقَدْ اَخَذْنٰهُمْ بِالْعَذَابِ فَمَا اسْتَكَانُوْا لِرَبِّهِمْ وَمَا يَتَضَرَّعُوْنَ ﴿۷۶﴾ | 76 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাক'াদ আখায'না–হুম বিল'আয'া–বি ফামাছ্তা কা–নূ লিরাব্বিহিম ওয়ামা–ইয়াতাদ'াররা'উন। | |

| তরজমা | আমি তো উহাদেরকে শাস্তি দ্বারা ধৃত করিলাম, কিন্তু উহারা উহাদের প্রতিপালকের প্রতি বিনত হইল না এবং কাতর প্রার্থনাও করে না। | |
| | حَتّٰۤى اِذَا فَتَحۡنَا عَلَيۡهِمۡ بَابًا ذَا عَذَابٍ شَدِيۡدٍ اِذَا هُمۡ فِيۡهِ مُبۡلِسُوۡنَ ﴿۷۷﴾ | 77 |
| প্রতিবর্ণায়ন | হ'াত্তা˜ ইযা'-ফাতাহ'না- 'আলাইহিম বা-বাং যা'- 'আযা'-বিং শাদীদিন ইযা'-হুম ফীহি মুব্‌লিছূন। | |
| তরজমা | অবশেষে যখন আমি উহাদের জন্য কঠিন শাস্তির দুয়ার খুলিয়া দেই তখনই উহারা ইহাতে হতাশ হইয়া পড়ে। | |
| | وَهُوَ الَّذِىۡۤ اَنۡشَاَ لَـكُمُ السَّمۡعَ وَالۡاَبۡصَارَ وَالۡاَفۡـِٕدَةَ ؕ قَلِيۡلًا مَّا تَشۡكُرُوۡنَ ﴿۷۸﴾ | 78 |
| প্রতিবর্ণায়ন | ওয়া হুওয়াল্লায'ী˜ আংশাআলাকুমুছ্ ছাম'আ ওয়াল আবসা-রা ওয়াল আফইদাতা (ط) ক'ালীলাম মা- তাশ্‌কুরূন। | |
| তরজমা | তিনিই তোমাদের জন্য কর্ণ, চক্ষু ও অন্তঃকরণ সৃষ্টি করিয়াছেন; তোমরা অল্পই কৃতজ্ঞতা প্রকাশ করিয়া থাক। | |
| | وَهُوَ الَّذِىۡ ذَرَاَكُمۡ فِى الۡاَرۡضِ وَاِلَيۡهِ تُحۡشَرُوۡنَ ﴿۷۹﴾ | 79 |
| প্রতিবর্ণায়ন | ওয়া হুওয়াল্লায'ী যা'রা-আকুম ফিল আর্‌দি' ওয়া ইলাইহি তুহ'শারূন। | |
| তরজমা | তিনিই তোমাদেরকে পৃথিবীতে বিস্তৃত করিয়াছেন এবং তোমাদেরকে তাঁহারই নিকট একত্র করা হইবে। | |
| | وَهُوَ الَّذِىۡ يُحۡىٖ وَيُمِيۡتُ وَلَـهُ اخۡتِلَافُ الَّيۡلِ وَالنَّهَارِ ؕ اَفَلَا تَعۡقِلُوۡنَ ﴿۸۰﴾ | 80 |
| প্রতিবর্ণায়ন | ওয়া হুওয়াল্লায'ী ইউহ'য়ী ওয়া ইউমীতু ওয়ালাহুখ্‌তিলা-ফুল্ লাইলি ওয়ান্নাহা-রি (ط) আফালা- তা'কি'লূন। | |
| তরজমা | তিনিই জীবন দান করেন এবং মৃত্যু ঘটান এবং তাঁহারই অধিকারে রাত্রি ও দিবসের পরিবর্তন। তবুও কি তোমরা বুঝিবে না ? | |
| *তরজমা* | 'আমি তো এক নারীকে দেখিলাম উহাদের উপর রাজত্ব করিতেছে। তাহাকে দেওয়া হইয়াছে সকল কিছু হইতেই এবং তাহার আছে এক বিরাট সিংহাসন। | |
| | وَجَدْتُّهَا وَقَوْمَهَا يَسْجُدُوْنَ لِلشَّمْسِ مِنْ دُوْنِ اللّٰهِ وَزَيَّنَ لَهُمُ الشَّيْطٰنُ اَعْمَالَهُمْ فَصَدَّهُمْ عَنِ السَّبِيْلِ فَهُمْ لَا يَهْتَدُوْنَ ﴿۲۴﴾ | 24 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া জাত্তুহা- ওয়া কাওমাহা- ইয়াছ্জুদূনা লিশ্শামছি মিং দূনিল্লা-হি ওয়া ঝাইইয়ানা লাহুমুশ্ শাইতা-নু আ'মা-লাহুম ফাসাদ্দাহুম 'আনিছ্ছাবীলি ফাহুম লা- ইয়াহ্তাদূন। | |
| *তরজমা* | 'আমি তাহাকে ও তাহার সম্প্রদায়কে দেখিলাম তাহারা আল্লাহ্‌র পরিবর্তে সূর্যকে সিজ্‌দা করিতেছে। শয়তান উহাদের কার্যাবলী উহাদের নিকট শোভন করিয়াছে এবং উহাদেরকে সৎপথ হইতে নিবৃত্ত করিয়াছে, ফলে উহারা সৎপথ পায় না; | |
| | اَلَّا يَسْجُدُوْا لِلّٰهِ الَّذِيْ يُخْرِجُ الْخَبْءَ فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَيَعْلَمُ مَا تُخْفُوْنَ وَمَا تُعْلِنُوْنَ ﴿۲۵﴾ | 25 |
| *প্রতিবর্ণায়ন* | আল্লা-ইয়াছজুদূ লিল্লা-হিল্লাযী ইউখ্‌রিজুল খাবআ ফিছ্ছামা-ওয়া-তি ওয়াল আরদি ওয়া ইয়া'লামু মা-তুখফূনা ওয়ামা- তু'লিনূন (*ছিজদাহ-৮*)। | |
| *তরজমা* | 'নিবৃত্ত করিয়াছে এইজন্য যে, উহারা যেন সিজ্‌দা না করে আল্লাহ্‌কে যিনি আকাশমণ্ডলী ও পৃথিবীর লুক্কায়িত বস্তুকে প্রকাশ করেন, যিনি জানেন, যাহা তোমরা গোপন কর এবং যাহা তোমরা ব্যক্ত কর। | |
| | اَللّٰهُ لَاۤ اِلٰهَ اِلَّا هُوَ رَبُّ الْعَرْشِ الْعَظِيْمِ ﴿۲۶﴾ السجدة | 26 |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| প্রতিবর্ণায়ন | আল্লা–হু লা~ ইলা–হা ইল্লা– হুওয়া রাব্বুল ‘আরশিল ‘আজ˙ীম । | |
| তরজমা | ‘আল্লাহ্, তিনি ব্যতীত কোন ইলাহ্ নাই, তিনি মহাআরশের অধিপতি।’ | |
| | قَالَ سَنَنْظُرُ اَصَدَقْتَ اَمْ كُنْتَ مِنَ الْكٰذِبِيْنَ ﴿٢٧﴾ | 27 |
| প্রতিবর্ণায়ন | ক˙া–লা ছানাংজু˙রু আসাদাক˙তা আম কুংতা মিনাল কা–যি˙বীন। | |
| তরজমা | সুলায়মান বলিল, ‘আমি দেখিব তুমি কি সত্য বলিয়াছ, না তুমি মিথ্যাবাদী ? | |
| | اِذْهَبْ بِّكِتٰبِيْ هٰذَا فَاَلْقِهْ اِلَيْهِمْ ثُمَّ تَوَلَّ عَنْهُمْ فَانْظُرْ مَاذَا يَرْجِعُوْنَ ﴿٢٨﴾ | 28 |
| প্রতিবর্ণায়ন | ইয˙হাব বিকিতা–বী হা–য˙া– ফাআলকি˙হ্ ইলাইহিম ছু˙ম্মা তাওয়াল্লা ‘আনহুম ফাংজুর মা–য˙া– ইয়ারজি‘ঊন। | |
| তরজমা | ‘তুমি যাও আমার এই পত্র লইয়া এবং ইহা তাহাদের নিকট অর্পণ কর ; অতঃপর তাহাদের নিকট হইতে সরিয়া থাকিও এবং লক্ষ্য করিও তাহাদের প্রতিক্রিয়া কী ?’ | |
| | قَالَتْ يٰۤاَيُّهَا الْمَلَؤُا اِنِّيْۤ اُلْقِيَ اِلَيَّ كِتٰبٌ كَرِيْمٌ ﴿٢٩﴾ | 29 |
| প্রতিবর্ণায়ন | ক˙া–লাত ইয়া~আইয়ুহাল মালাউ ইন্নী~উলকি˙য়া ইলাইইয়া কিতা–বুং কারীম। | |
| তরজমা | সেই নারী বলিল, ‘হে পারিষদবর্গ! আমাকে এক সম্মানিত পত্র দেওয়া হইয়াছে ; | |
| | اِنَّهٗ مِنْ سُلَيْمٰنَ وَاِنَّهٗ بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ﴿٣٠﴾ | 30 |
| প্রতিবর্ণায়ন | ইন্নাহূ মিং ছুলাইমা–না ওয়া ইন্নাহূ বিছমিল্লা–হির রাহ˙মা–নির রাহ˙ীম। | |
| তরজমা | ‘ইহা সুলায়মানের নিকট হইতে এবং ইহা এই : দয়াময়, পরম দয়ালু আল্লাহ্‌র নামে, | |
| | اَلَّا تَعْلُوْا عَلَيَّ وَاْتُوْنِيْ مُسْلِمِيْنَ ﴿٣١﴾ | 31 |
| প্রতিবর্ণায়ন | আল্লা– তা‘লূ ‘আলাইইয়া ওয়া’তূনী মুছলিমীন। | |
| তরজমা | ‘অহমিকাবশে আমাকে অমান্য করিও না, এবং আনুগত্য স্বীকার করিয়া আমার নিকট উপস্থিত হও।’ | |
| | قَالَتْ يٰۤاَيُّهَا الْمَلَؤُا اَفْتُوْنِيْ فِيْۤ اَمْرِيْ ۚ مَا كُنْتُ قَاطِعَةً اَمْرًا حَتّٰى تَشْهَدُوْنِ ﴿٣٢﴾ | 32 |
| প্রতিবর্ণায়ন | ক˙া–লাত ইয়া~আইয়ুহাল মালাউ আফতূনী ফী~আমরী (ج) মা– কুংতু ক˙া–তি˙‘আতান আমরান হ˙াত্তা–তাশহাদূন। | |
| তরজমা | সেই নারী বলিল, ‘হে পারিষদবর্গ! আমার এই সমস্যায় তোমাদের অভিমত দাও। আমি কোন ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করি না তোমাদের উপস্থিতি ব্যতীত। | |
| | قَالُوْا نَحْنُ اُولُوْا قُوَّةٍ وَّاُولُوْا بَاْسٍ شَدِيْدٍ ۙ وَّالْاَمْرُ اِلَيْكِ فَانْظُرِيْ مَاذَا تَاْمُرِيْنَ ﴿٣٣﴾ | 33 |
| প্রতিবর্ণায়ন | ক˙া–লূ নাহ˙নু উলূ কু˙ওওয়াতিওঁ ওয়া উলূ বা’ছিং শাদীদিওঁ (ۙ) ওয়াল আমরু ইলাইকি ফাংজু˙রী মা–য˙া–তা’মুরীন। | |

| তরজমা | উহারা বলিল, 'আমরা তো শক্তিশালী ও কঠোর যোদ্ধা; তবে সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা আপনারই, কী আদেশ করিবেন তাহা আপনি ভাবিয়া দেখুন।' | |
| | قَالَتْ إِنَّ الْمُلُوكَ إِذَا دَخَلُوا قَرْيَةً أَفْسَدُوهَا وَجَعَلُوا أَعِزَّةَ أَهْلِهَا أَذِلَّةً ۖ وَكَذَٰلِكَ يَفْعَلُونَ ﴿٣٤﴾ | **34** |
| প্রতিবর্ণায়ন | কা-লাত ইন্নাল মুলূকা ইযা-দাখালূ কারইয়াতান আফ্‌ছাদূহা- ওয়া জা'আলূ আ'ইঝ্‌ঝাতা আহ্‌লিহা আযিল্লাতাওঁ (ج) ওয়া কাযা-লিকা ইয়াফ'আলূন। | |
| তরজমা | সে বলিল, 'রাজা-বাদশাহ্‌রা যখন কোন জনপদে প্রবেশ করে তখন উহাকে বিপর্যস্ত করিয়া দেয় এবং সেখানকার মর্যাদাবান ব্যক্তিদেরকে অপদস্থ করে, ইহারাও এইরূপই করিবে; | |
| | وَإِنِّي مُرْسِلَةٌ إِلَيْهِم بِهَدِيَّةٍ فَنَاظِرَةٌ بِمَ يَرْجِعُ الْمُرْسَلُونَ ﴿٣٥﴾ | **35** |
| প্রতিবর্ণায়ন | ওয়া ইন্নী মুর্‌ছিলাতুন ইলাইহিম বিহাদিইইয়াতিং ফানা-জিরাতুম বিমা ইয়ারজি'উল মুরছালূন। | |
| তরজমা | 'আমি তাহাদের নিকট উপঢৌকন পাঠাইতেছি, দেখি, দূতেরা কী লইয়া ফিরিয়া আসে।' | |
| | فَلَمَّا جَاءَ سُلَيْمَانَ قَالَ أَتُمِدُّونَنِ بِمَالٍ فَمَا آتَانِيَ اللَّهُ خَيْرٌ مِّمَّا آتَاكُم بَلْ أَنتُم بِهَدِيَّتِكُمْ تَفْرَحُونَ ﴿٣٦﴾ | **36** |
| প্রতিবর্ণায়ন | ফালাম্মা-জা~আ ছুলাইমা-না কা-লা আতুমিদ্দূনানি বিমা-লিং (ز) ফামা আ-তা-নিইয়াল্লা-হু খাইরুম মিম্মা আ-তা-কুম (ج) বাল আংতুম বিহাদিইইয়াতিকুম তাফ্‌রাহূন। | |
| তরজমা | দূত সুলায়মানের নিকট আসিলে সুলায়মান বলিল, 'তোমরা কি আমাকে ধন-সম্পদ দিয়া সাহায্য করিতেছ ? আল্লাহ্ আমাকে যাহা দিয়াছেন, তাহা তোমাদেরকে যাহা দিয়াছেন তাহা হইতে উৎকৃষ্ট অথচ তোমরা তোমাদের উপঢৌকন লইয়া উৎফুল্ল বোধ করিতেছ। | |
| | ارْجِعْ إِلَيْهِمْ فَلَنَأْتِيَنَّهُم بِجُنُودٍ لَّا قِبَلَ لَهُم بِهَا وَلَنُخْرِجَنَّهُم مِّنْهَا أَذِلَّةً وَهُمْ صَاغِرُونَ ﴿٣٧﴾ | **37** |
| প্রতিবর্ণায়ন | ইরজি' ইলাইহিম ফালানা'তিইয়ান্নাহুম বিজুনূদিল্ লা-কিবালা লাহুম বিহা- ওয়ালানুখরিজান্নাহুম মিনহা আযিল্লাতাওঁ ওয়াহুম সা-গিরূন। | |
| তরজমা | 'উহাদের নিকট ফিরিয়া যাও, আমি অবশ্যই উহাদের বিরুদ্ধে লইয়া আসিব এক সৈন্যবাহিনী যাহার মুকাবিলা করিবার শক্তি উহাদের নাই। আমি অবশ্যই উহাদেরকে সেখান হইতে বহিষ্কার করিব লাঞ্ছিতভাবে এবং উহারা হইবে অবনমিত।' | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | قَالَ يٰٓاَيُّهَا الْمَلَؤُا اَيُّكُمْ يَأْتِيْنِيْ بِعَرْشِهَا قَبْلَ اَنْ يَّأْتُوْنِيْ مُسْلِمِيْنَ ﴿٣٨﴾ | **38** |
| *প্রতিবর্ণায়ন* | ক়া-লা ইয়া˜আইয়ুহাল মালাউ আইয়ুকুম ইয়া’তীনী বি‘আরশিহা-ক়াবলা আইঁ ইয়া’তূনী মুছলিমীন। | |
| *তরজমা* | সুলায়মান আরো বলিল, ‘হে আমার পারিষদবর্গ! তাহারা আত্মসমর্পণ করিয়া আমার নিকট আসিবার পূর্বে তোমাদের মধ্যে কে তাহার সিংহাসন আমার নিকট লইয়া আসিবে ?’ | |
| | قَالَ عِفْرِيْتٌ مِّنَ الْجِنِّ اَنَا اٰتِيْكَ بِهٖ قَبْلَ اَنْ تَقُوْمَ مِنْ مَّقَامِكَ ۚ وَاِنِّيْ عَلَيْهِ لَقَوِيٌّ اَمِيْنٌ ﴿٣٩﴾ | **39** |
| *প্রতিবর্ণায়ন* | ক়া-লা ‘ইফ্‌রীতুম মিনাল জিন্নি আনা আ-তীকা বিহী ক়াবলা আং তাকূ়মা মিম মাক়া-মিকা (ج) ওয়া ইন্নী ‘আলাইহি লাক়াওয়িয়ুন আমীন। | |
| *তরজমা* | এক শক্তিশালী জিন বলিল, ‘আপনি আপনার স্থান হইতে উঠিবার পূর্বেই আমি উহা আনিয়া দিব এবং এই ব্যাপারে আমি অবশ্যই ক্ষমতাবান, বিশ্বস্ত।’ | |
| | قَالَ الَّذِيْ عِنْدَهٗ عِلْمٌ مِّنَ الْكِتٰبِ اَنَا اٰتِيْكَ بِهٖ قَبْلَ اَنْ يَّرْتَدَّ اِلَيْكَ طَرْفُكَ ۚ فَلَمَّا رَاٰهُ مُسْتَقِرًّا عِنْدَهٗ قَالَ هٰذَا مِنْ فَضْلِ رَبِّيْ ۖ لِيَبْلُوَنِيْٓ ءَاَشْكُرُ اَمْ اَكْفُرُ ۗ وَمَنْ شَكَرَ فَاِنَّمَا يَشْكُرُ لِنَفْسِهٖ ۚ وَمَنْ كَفَرَ فَاِنَّ رَبِّيْ غَنِيٌّ كَرِيْمٌ ﴿٤٠﴾ | **40** |
| *প্রতিবর্ণায়ন* | ক়া-লাল্লাযী ‘ইংদাহূ ‘ইলমুম মিনাল কিতা-বি আনা আ-তীকা বিহী ক়াবলা আইঁ ইয়ারতাদ্দা ইলাইকা ত়ারফুকা (ط) ফালাম্মা- রাআ-হু মুছতাকি়র্‌রান ইংদাহূ ক়া-লা হা-য়া-মিং ফাদ়লি রাব্বী (قف) লিইয়াবলুওয়ানী˜ আআশকুরু আম আকফুরু (ط) ওয়া মাং শাকারা ফাইন্নামা- ইয়াশকুরু লিনাফছিহী (ج) ওয়ামাং কাফারা ফাইন্না রাব্বী গানিইয়ুং কারীম। | |
| *তরজমা* | কিতাবের জ্ঞান যাহার ছিল, সে বলিল, ‘আপনি চক্ষুর পলক ফেলিবার পূর্বেই আমি উহা আপনাকে আনিয়া দিব।’ সুলায়মান যখন উহা সম্মুখে রক্ষিত অবস্থায় দেখিল তখন সে বলিল, ‘ইহা আমার প্রতিপালকের অনুগ্রহ, যাহাতে তিনি আমাকে পরীক্ষা করিতে পারেন-আমি কৃতজ্ঞ না অকৃতজ্ঞ। যে কৃতজ্ঞতা প্রকাশ করে, সে তো কৃতজ্ঞতা প্রকাশ করে নিজেরই কল্যাণের জন্য এবং যে অকৃতজ্ঞ, সে জানিয়া রাখুক যে, আমার প্রতিপালক অভাবমুক্ত, মহানুভব।’ | |
| | قَالَ نَكِّرُوْا لَهَا عَرْشَهَا نَنْظُرْ اَتَهْتَدِيْٓ اَمْ تَكُوْنُ مِنَ الَّذِيْنَ لَا يَهْتَدُوْنَ ﴿٤١﴾ | **41** |
| *প্রতিবর্ণায়ন* | ক়া-লা নাক্কিরূ লাহা- ‘আরশাহা- নাংজু়র আতাহ্‌তাদী˜ আম তাকূনু মিনাল্লায়ীনা লা ইয়াহ্‌তাদূন। | |

| *তরজমা* | সুলায়মান বলিল, 'তাহার সিংহাসনের আকৃতি অপরিচিত করিয়া বদলাইয়া দাও; দেখি সে সঠিক দিশা পায়, না সে বিভ্রান্তদের শামিল হয়; | |
| | فَلَمَّا جَآءَتۡ قِيۡلَ اَهٰكَذَا عَرۡشُكِ ؕ قَالَتۡ كَاَنَّهٗ هُوَ ۚ وَاُوۡتِيۡنَا الۡعِلۡمَ مِنۡ قَبۡلِهَا وَكُنَّا مُسۡلِمِيۡنَ ﴿٤٢﴾ | **42** |
| *প্রতিবর্ণায়ন* | ফালাম্মা-জা~আত ক্বীলা আহা-কাযা- 'আরশুকি (ط) ক্বা-লাত কাআন্নাহূ হুওয়া (ج) ওয়া উতীনাল 'ইলমা মিং ক্বাবলিহা- ওয়া কুন্না-মুছলিমীন। | |
| *তরজমা* | সেই নারী যখন আসিল, তখন তাহাকে জিজ্ঞাসা করা হইল, 'তোমার সিংহাসন কি এইরূপই ?' সে বলিল, 'ইহা তো যেন উহাই।' আমাদেরকে ইতিপূর্বেই প্রকৃত জ্ঞান দান করা হইয়াছে এবং আমরা আত্মসমর্পণও করিয়াছি।' | |
| | وَصَدَّهَا مَا كَانَتۡ تَّعۡبُدُ مِنۡ دُوۡنِ اللّٰهِ ؕ اِنَّهَا كَانَتۡ مِنۡ قَوۡمٍ كٰفِرِيۡنَ ﴿٤٣﴾ | **43** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াসাদ্দাহা- মা- কা-নাত তা'বুদু মিং দূনিল্লা-হি (ط) ইন্নাহা-কা-নাত মিং ক্বাওমিং কা-ফিরীন। | |
| *তরজমা* | আল্লাহ্‌র পরিবর্তে সে যাহার পূজা করিত তাহাই তাহাকে সত্য হইতে নিবৃত্ত করিয়াছে, সে ছিল কাফির সম্প্রদায়ের অন্তর্ভুক্ত। | |
| | قِيۡلَ لَهَا ادۡخُلِى الصَّرۡحَ ۚ فَلَمَّا رَاَتۡهُ حَسِبَتۡهُ لُجَّةً وَّكَشَفَتۡ عَنۡ سَاقَيۡهَا ؕ قَالَ اِنَّهٗ صَرۡحٌ مُّمَرَّدٌ مِّنۡ قَوَارِيۡرَ ؕ قَالَتۡ رَبِّ اِنِّىۡ ظَلَمۡتُ نَفۡسِىۡ وَاَسۡلَمۡتُ مَعَ سُلَيۡمٰنَ لِلّٰهِ رَبِّ الۡعٰلَمِيۡنَ ﴿٤٤﴾ | **44** |
| *প্রতিবর্ণায়ন* | ক্বীলা লাহাদ খুলিস্‌সারহা (ج) ফালাম্মা- রাআত্হু হাছিবাত্হু লুজ্জাতাওঁ ওয়া কাশাফাত 'আং ছা-ক্বাইহা- (ط) ক্বা-লা ইন্নাহূ ছারহুম মুমার্‌রাদুম মিং ক্বাওয়ারীরা (ط) ক্বা-লাত রাব্বি ইন্নী জালাম্‌তু নাফছী ওয়া আছলামতু মা'আ ছুলাইমা-না লিল্লা-হি রাব্বিল 'আ-লামীন। | |
| *তরজমা* | তাহাকে বলা হইল, 'এই প্রাসাদে প্রবেশ কর।' যখন সে উহা দেখিল তখন সে উহাকে এক গভীর জলাশয় মনে করিল এবং সে তাহার পদদ্বয় অনাবৃত করিল। সুলায়মান বলিল, 'ইহা তো স্বচ্ছ স্ফটিক মণ্ডিত প্রাসাদ।' সেই নারী বলিল, 'হে আমার প্রতিপালক! আমি তো নিজের প্রতি জুলুম করিয়াছিলাম, আমি সুলায়মানের সঙ্গে জগতসমূহের প্রতিপালক আল্লাহ্‌র নিকট আত্মসমর্পণ করিতেছি।' | |
| | وَلَقَدۡ اَرۡسَلۡنَاۤ اِلٰى ثَمُوۡدَ اَخَاهُمۡ صٰلِحًا اَنِ اعۡبُدُوا اللّٰهَ فَاِذَا هُمۡ فَرِيۡقٰنِ يَخۡتَصِمُوۡنَ ﴿٤٥﴾ | **45** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাক্বাদ আর্‌ছাল্‌না~ইলা- ছামূদা আখা-হুম সা-লিহান আনি'বুদুল্লা-হা- ফাইযা-হুম ফারীক্বা-নি ইয়াখতাসিমূন। | |

| *তরজমা* | আমি অবশ্যই সামূদ সম্প্রদায়ের নিকট তাহাদের ভ্রাতা সালিহ্‌কে পাঠাইয়াছিলাম এই আদেশসহ : 'তোমরা আল্লাহ্‌র 'ইবাদত কর', কিন্তু উহারা দ্বিধাবিভক্ত হইয়া বিতর্কে লিপ্ত হইল। | |
| | قَالَ يَٰقَوْمِ لِمَ تَسْتَعْجِلُونَ بِالسَّيِّئَةِ قَبْلَ الْحَسَنَةِ ۖ لَوْلَا تَسْتَغْفِرُونَ اللَّهَ لَعَلَّكُمْ تُرْحَمُونَ ﴿٤٦﴾ | **46** |
| *প্রতিবর্ণায়ন* | কা-লা ইয়া-কাওমি লিমা তাছতা'জিলূনা বিছছাইয়িআতি কাবলাল হাছানাতি (ج) লাওলা-তাছতাগফিরূনাল্লা-হা লা'আল্লাকুম তুরহামূন। | |
| *তরজমা* | সে বলিল, 'হে আমার সম্প্রদায়! তোমরা কেন কল্যাণের পূর্বে অকল্যাণ ত্বরান্বিত করিতে চাহিতেছ ? কেন তোমরা আল্লাহ্‌র নিকট ক্ষমা প্রার্থনা করিতেছ না, যাহাতে তোমরা অনুগ্রহভাজন হইতে পার ?' | |
| | قَالُوا اطَّيَّرْنَا بِكَ وَبِمَنْ مَّعَكَ ۚ قَالَ طَٰٓئِرُكُمْ عِنْدَ اللَّهِ ۖ بَلْ أَنْتُمْ قَوْمٌ تُفْتَنُونَ ﴿٤٧﴾ | **47** |
| *প্রতিবর্ণায়ন* | কা-লুত্‌ তাইয়ারনা- বিকা ওয়া বিমাম্‌ মা'আকা (ط) কা-লা তা~ইরুকুম 'ইংদাল্লা-হি বাল আংতুম কাওমুং তুফতানূন। | |
| *তরজমা* | উহারা বলিল, 'তোমাকে ও তোমার সঙ্গে যাহারা আছে তাহাদেরকে আমরা অমঙ্গলের কারণ মনে করি।' সালিহ্‌ বলিল, 'তোমাদের শুভাশুভ আল্লাহ্‌র ইখ্‌তিয়ারে, বস্তুত তোমরা এমন এক সম্প্রদায় যাহাদেরকে পরীক্ষা করা হইতেছে।' | |
| | وَكَانَ فِي الْمَدِينَةِ تِسْعَةُ رَهْطٍ يُفْسِدُونَ فِي الْأَرْضِ وَلَا يُصْلِحُونَ ﴿٤٨﴾ | **48** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া কা-না ফিল মাদীনাতি তিছ'আতু রাহতিঁই ইউফছিদূনা ফিল আরদি ওয়ালা- ইউসলিহূন। | |
| *তরজমা* | আর সেই শহরে ছিল এমন নয় ব্যক্তি, যাহারা দেশে বিপর্যয় সৃষ্টি করিত এবং সৎকর্ম করিত না। | |
| | قَالُوا تَقَاسَمُوا بِاللَّهِ لَنُبَيِّتَنَّهُ وَأَهْلَهُ ثُمَّ لَنَقُولَنَّ لِوَلِيِّهِ مَا شَهِدْنَا مَهْلِكَ أَهْلِهِ وَإِنَّا لَصَادِقُونَ ﴿٤٩﴾ | **49** |
| *প্রতিবর্ণায়ন* | কা-লূ তাকা-ছামূ বিল্লা-হি লানুবাইয়িতান্নাহূ ওয়া আহ্‌লাহূ ছুম্মা লানাকূলান্না লিওয়ালিয়্যিহী মা-শাহিদ্‌না- মাহ্‌লিকা আহলিহী ওয়া ইন্না- লাসা-দিকূন। | |
| *তরজমা* | উহারা বলিল, 'তোমরা আল্লাহ্‌র নামে শপথ গ্রহণ কর, 'আমরা রাত্রিকালে তাহাকে ও তাহার পরিবার-পরিজনকে অবশ্যই আক্রমণ করিব ; অতঃপর তাহার অভিভাবককে নিশ্চয় বলিব, 'তাহার পরিবার-পরিজনের হত্যা আমরা প্রত্যক্ষ করি নাই; আমরা অবশ্যই সত্যবাদী।' | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | وَمَكَرُوْا مَكْرًا وَّمَكَرْنَا مَكْرًا وَّهُمْ لَا يَشْعُرُوْنَ ﴿٥٠﴾ | 50 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া মাকারূ মাকরাওঁ ওয়া মাকারনা– মাকরাওঁ ওয়া হুম লা–ইয়াশ‘উরূন। | |
| *তরজমা* | উহারা এক চক্রান্ত করিয়াছিল এবং আমিও এক কৌশল অবলম্বন করিলাম, কিন্তু উহারা বুঝিতে পারে নাই। | |
| | فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ مَكْرِهِمْ ۙ اَنَّا دَمَّرْنٰهُمْ وَقَوْمَهُمْ اَجْمَعِيْنَ ﴿٥١﴾ | 51 |
| *প্রতিবর্ণায়ন* | ফাংজু ্র কাইফা কা–না ‘আ–কি ্বাতু মাক্‌রিহিম (ۙ) আন্না– দাম্মারনা–হুম ওয়া ক ্াওমাহুম আজমা‘ঈন। | |
| *তরজমা* | অতএব দেখ, উহাদের চক্রান্তের পরিণাম কী হইয়াছে-আমি অবশ্যই উহাদেরকে ও উহাদের সম্প্রদায়ের সকলকে ধ্বংস করিয়াছি। | |
| | فَتِلْكَ بُيُوْتُهُمْ خَاوِيَةًۢ بِمَا ظَلَمُوْا ؕ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً لِّقَوْمٍ يَّعْلَمُوْنَ ﴿٥٢﴾ | 52 |
| *প্রতিবর্ণায়ন* | ফাতিলকা বুয়ূতুহুম খা–বি ্য়াতাম্‌ বিমা– জ ্ালামূ (ط) ইন্না ফী য ্া–লিকা লাআ–য়াতাল্‌ লিক ্াওমিইঁ ইয়া‘লামূন। | |
| *তরজমা* | এই তো উহাদের ঘরবাড়ি-সীমালংঘনহেতু যাহা জনশূন্য অবস্থায় পড়িয়া আছে; ইহাতে জ্ঞানী সম্প্রদায়ের জন্য অবশ্যই নিদর্শন রহিয়াছে। | |
| | وَاَنْجَيْنَا الَّذِيْنَ اٰمَنُوْا وَكَانُوْا يَتَّقُوْنَ ﴿٥٣﴾ | 53 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আংজাইনাল্লায ্ীনা আ–মানূ ওয়া কা–নূ ইয়াত্তাকূ ্ন। | |
| *তরজমা* | এবং যাহারা মু’মিন ও মুত্তাকী ছিল তাহাদেরকে আমি উদ্ধার করিয়াছি। | |
| | وَلُوْطًا اِذْ قَالَ لِقَوْمِهٖۤ اَتَاْتُوْنَ الْفَاحِشَةَ وَاَنْتُمْ تُبْصِرُوْنَ ﴿٥٤﴾ | 54 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লূত ্ান ইয ্ ক ্া–লা লিক ্াওমিহী˜ আতা’তূনাল ফা–হি ্শাতা ওয়া আংতুম তুবসিরূন। | |
| *তরজমা* | স্মরণ কর লূতের কথা, সে তাহার সম্প্রদায়কে বলিয়াছিল, ‘তোমরা জানিয়া-শুনিয়া কেন অশ্লীল কাজ করিতেছ, | |
| | اَئِنَّكُمْ لَتَاْتُوْنَ الرِّجَالَ شَهْوَةً مِّنْ دُوْنِ النِّسَآءِ ؕ بَلْ اَنْتُمْ قَوْمٌ تَجْهَلُوْنَ ﴿٥٥﴾ | 55 |
| *প্রতিবর্ণায়ন* | আইন্নাকুম লাতা’তূনার রিজা–লা শাহ্‌ওয়াতাম মিং দূনিন্‌ নিছা–ই (ط) বাল আংতুম ক ্াওমুং তাজহালূন। | |
| *তরজমা* | ‘তোমরা কি কামতৃপ্তির জন্য নারীকে ছাড়িয়া পুরুষে উপগত হইবে ? তোমরা তো এক অজ্ঞ সম্প্রদায়।’ | |
| | فَمَا كَانَ جَوَابَ قَوْمِهٖۤ اِلَّاۤ اَنْ قَالُوْۤا اَخْرِجُوْۤا اٰلَ لُوْطٍ مِّنْ قَرْيَتِكُمْ ۚ اِنَّهُمْ اُنَاسٌ يَّتَطَهَّرُوْنَ ﴿٥٦﴾ | 56 |

| | | |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ফামা– কা–না জাওয়া–বা ক্বাওমিহী˜ইল্লা–আং ক্বা–লূ˜আখ্‌রিজূ˜আ–লা লূতিম্ মিং ক্বারইয়াতিকুম (ج) ইন্নাহুম উনা–ছুইঁ ইয়াতাত্বাহহারূন। | |
| *তরজমা* | উত্তরে তাহার সম্প্রদায় শুধু বলিল, 'লূত-পরিবারকে তোমাদের জনপদ হইতে বহিষ্কার কর, ইহারা তো এমন লোক যাহারা পবিত্র সাজিতে চায়। | |
| | فَأَنْجَيْنٰهُ وَأَهْلَهٗٓ إِلَّا امْرَأَتَهٗ ۫ قَدَّرْنٰهَا مِنَ الْغٰبِرِيْنَ ﴿٥٧﴾ | **57** |
| *প্রতিবর্ণায়ন* | ফাআংজাইনা–হু ওয়া আহ্‌লাহূ˜ইল্লাম রাআতাহূ (ز) ক্বাদ্দারনা–হা– মিনাল গা–বিরীন। | |
| *তরজমা* | অতঃপর আমি তাহাকে ও তাহার পরিজনবর্গকে উদ্ধার করিলাম, তাহার স্ত্রী ব্যতীত, তাহাকে করিয়াছিলাম ধ্বংসপ্রাপ্তদের অন্তর্ভুক্ত। | |
| | وَأَمْطَرْنَا عَلَيْهِمْ مَّطَرًا ۚ فَسَآءَ مَطَرُ الْمُنْذَرِيْنَ ﴿٥٨﴾ | **58** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আমত্বারনা– 'আলাইহিম মাত্বারাং (ج) ফাছা~আ মাত্বারুল মুংযারীন। | |
| *তরজমা* | তাহাদের উপর ভয়ংকর বৃষ্টি বর্ষণ করিয়াছিলাম, ভীতি প্রদর্শিতদের জন্য এই বর্ষণ ছিল কত নিকৃষ্ট! | |
| | قُلِ الْحَمْدُ لِلّٰهِ وَسَلٰمٌ عَلٰى عِبَادِهِ الَّذِيْنَ اصْطَفٰى ۭ آٰللّٰهُ خَيْرٌ أَمَّا يُشْرِكُوْنَ ﴿٥٩﴾ | **59** |
| *প্রতিবর্ণায়ন* | ক্বুলিল্‌হ্বামদু লিল্লা–হি ওয়া ছালা–মুন 'আলা– 'ইবাদিহিল্লাযীনাসত্বাফা– (ط) আ~ল্লা–হু খাইরুন আম্মা– ইউশরিকূন। | |
| *তরজমা* | বল, 'সকল প্রশংসা আল্লাহ্‌রই এবং শান্তি তাঁহার মনোনীত বান্দাদের প্রতি!' শ্রেষ্ঠ কি আল্লাহ্, না উহারা যাহাদেরকে শরীক করে তাহারা ? | |
| | أَمَّنْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْأَرْضَ وَأَنْزَلَ لَكُمْ مِّنَ السَّمَآءِ مَآءً ۚ فَأَنْۢبَتْنَا بِهٖ حَدَآئِقَ ذَاتَ بَهْجَةٍ ۚ مَا كَانَ لَكُمْ أَنْ تُنْۢبِتُوْا شَجَرَهَا ۭ ءَإِلٰهٌ مَّعَ اللّٰهِ ۭ بَلْ هُمْ قَوْمٌ يَّعْدِلُوْنَ ﴿٦٠﴾ | **60** |
| *প্রতিবর্ণায়ন* | আম্মান খালাক্বাছ্‌ছামা–ওয়া–তি ওয়াল আরদ্বা ওয়া আংঝালা লাকুম মিনাছ্‌ছামা~ই মা~আং (ج) ফাআম্‌বাত্‌না–বিহী হ্বাদা~ইক্বা যা–তা বাহ্‌জাতিম্ (ج) মা–কা–না লাকুম আং তুমবিতূ শাজারাহা– ; আ ইলা–হুম মা'আল্লা–হি ; বাল হুম ক্বাওমুইঁ ইয়া'দিলূন। | |
| *তরজমা* | বরং তিনি, যিনি সৃষ্টি করিয়াছেন আকাশমণ্ডলী ও পৃথিবী এবং আকাশ হইতে তোমাদের জন্য বর্ষণ করেন বৃষ্টি ; অতঃপর আমি উহা দ্বারা মনোরম উদ্যান সৃষ্টি করি, উহার বৃক্ষাদি উদ্‌গত করিবার ক্ষমতা তোমাদের নাই। আল্লাহ্‌র সঙ্গে অন্য কোন ইলাহ্ আছে কি ? তবুও উহারা এমন এক সম্প্রদায় যাহারা সত্যবিচ্যুত হয়। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | أَمَّنْ جَعَلَ الْأَرْضَ قَرَارًا وَّجَعَلَ خِلٰلَهَآ أَنْهٰرًا وَّجَعَلَ لَهَا رَوَاسِيَ وَجَعَلَ بَيْنَ الْبَحْرَيْنِ حَاجِزًا ؕ ءَاِلٰهٌ مَّعَ اللّٰهِ ؕ بَلْ أَكْثَرُهُمْ لَا يَعْلَمُوْنَ ﴿٦١﴾ | **61** |
| *প্রতিবর্ণায়ন* | আম্মাং জা‘আলাল্ আর্দ্বা ক্বারা-রাওঁ ওয়া জা‘আলা খিলা-লাহা~আনহা-রাওঁ ওয়া জা‘আলা লাহা রাওয়া-ছিয়া ওয়া জা‘আলা বাইনাল্ বাহ্‌রাইনি হ্বা-জিঝান (ط) আ ইলা-হুম মা‘আল্লা-হি (ط) বাল্ আক্‌ছারুহুম লা-ইয়া‘লামূন। | |
| *তরজমা* | বরং তিনি, যিনি পৃথিবীকে করিয়াছেন বাসোপযোগী এবং উহার মাঝে মাঝে প্রবাহিত করিয়াছেন নদীনালা এবং উহাতে স্থাপন করিয়াছেন সুদৃঢ় পর্বত ও দুই দরিয়ার মধ্যে সৃষ্টি করিয়াছেন অন্তরায় ; আল্লাহ্‌র সঙ্গে অন্য কোন ইলাহ্ আছে কি ? তবুও উহাদের অনেকেই জানে না। | |
| | أَمَّنْ يُّجِيْبُ الْمُضْطَرَّ إِذَا دَعَاهُ وَيَكْشِفُ السُّوْٓءَ وَيَجْعَلُكُمْ خُلَفَآءَ الْأَرْضِ ؕ ءَاِلٰهٌ مَّعَ اللّٰهِ ؕ قَلِيْلًا مَّا تَذَكَّرُوْنَ ﴿٦٢﴾ | **62** |
| *প্রতিবর্ণায়ন* | আম্মাইঁ ইউজীবুল্ মুদ্বত্বার্‌রা ইযা- দা‘আ-হু ওয়া ইয়াক্‌শিফুছ্ছূ~আ ওয়া ইয়াজ‘আলুকুম খুলাফা~আল্ আর্‌দ্বি (ط) আ ইলা-হুম্ মা‘আল্লা-হি (ط) ক্বালীলাম মা-তাযাক্কারূন। | |
| *তরজমা* | বরং তিনি, যিনি আর্তের আহ্‌বানে সাড়া দেন, যখন সে তাঁহাকে ডাকে এবং বিপদ-আপদ দূরীভূত করেন এবং তোমাদেরকে পৃথিবীতে প্রতিনিধি করেন। আল্লাহ্‌র সঙ্গে অন্য কোন ইলাহ্ আছে কি ? তোমরা উপদেশ অতি সামান্যই গ্রহণ করিয়া থাক। | |
| | أَمَّنْ يَّهْدِيْكُمْ فِيْ ظُلُمٰتِ الْبَرِّ وَالْبَحْرِ وَمَنْ يُّرْسِلُ الرِّيٰحَ بُشْرًا بَيْنَ يَدَيْ رَحْمَتِهٖ ؕ ءَاِلٰهٌ مَّعَ اللّٰهِ ؕ تَعٰلَى اللّٰهُ عَمَّا يُشْرِكُوْنَ ﴿٦٣﴾ | **63** |
| *প্রতিবর্ণায়ন* | আম্মাইঁ ইয়াহ্‌দীকুম্ ফী জুলুমা-তিল্ বার্‌রি ওয়াল্ বাহ্‌রি ওয়া মাইঁ ইউরছিলুর্ রিয়া-হ্বা বুশ্‌রাম বাইনা ইয়াদাই রাহ্বমাতিহী (ط) আ ইলা-হুম্ মা‘আল্লা-হি (ط) তা‘আ-লাল্লা-হু ‘আম্মা-ইউশ্‌রিকূন। | |
| *তরজমা* | বরং তিনি, যিনি তোমাদেরকে স্থলের ও পানির অন্ধকারে পথ প্রদর্শন করেন এবং যিনি স্বীয় অনুগ্রহের প্রাক্কালে সুসংবাদবাহী বায়ু প্রেরণ করেন। আল্লাহ্‌র সঙ্গে অন্য কোন ইলাহ্ আছে কি ? উহারা যাহাকে শরীক করে আল্লাহ্ তাহা হইতে বহু ঊর্ধ্বে। | |
| | أَمَّنْ يَّبْدَؤُا الْخَلْقَ ثُمَّ يُعِيْدُهٗ وَمَنْ يَّرْزُقُكُمْ مِّنَ السَّمَآءِ وَالْأَرْضِ ؕ ءَاِلٰهٌ مَّعَ اللّٰهِ ؕ قُلْ هَاتُوْا بُرْهَانَكُمْ إِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٦٤﴾ | **64** |

| *প্রতিবর্ণায়ন* | আম্মাই ইয়াব্দাউল খালক া ছু ম্মা ইউ‘ঈদুহূ ওয়ামাই ইয়ার্ঝুকু কুম্ মিনাছ্ ছামা~ই ওয়াল্ আর্দি (ط) আ ইলা-হুম্ মা‘আল্লা-হি (ط) কু ল হা-তূ বুরহা-নাকুম ইং কুংতুম্ সা-দিক ীন। | |
| *তরজমা* | বরং তিনি, যিনি আদিতে সৃষ্টি করেন, অতঃপর উহার পুনরাবৃত্তি করিবেন এবং যিনি তোমাদেরকে আকাশ ও পৃথিবী হইতে জীবনোপকরণ দান করেন। আল্লাহ্‌র সঙ্গে অন্য কোন ইলাহ্ আছে কি ? বল, ‘তোমরা যদি সত্যবাদী হও তবে তোমাদের প্রমাণ পেশ কর।’ | |
| | قُلْ لَّا يَعْلَمُ مَنْ فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ الْغَيْبَ اِلَّا اللّٰهُ ؕ وَمَا يَشْعُرُوْنَ اَيَّانَ يُبْعَثُوْنَ ﴿۶۵﴾ | 65 |
| *প্রতিবর্ণায়ন* | কু ল্ লা-ইয়া‘লামু মাং ফিছ্ছামা-ওয়া-তি ওয়াল্ আরদি ল্ গাইবা ইল্লাল্লা-হু (ط) ওয়ামা-ইয়াশ্‘উরূনা আইয়া-না ইউব্‘আছূ ন্। | |
| *তরজমা* | বল, ‘আল্লাহ্ ব্যতীত আকাশমণ্ডলী ও পৃথিবীতে কেহই অদৃশ্য বিষয়ের জ্ঞান রাখে না এবং উহারা জানে না উহারা কখন উত্থিত হইবে।’ | |
| | بَلِ ادّٰرَكَ عِلْمُهُمْ فِي الْاٰخِرَةِ ۫ بَلْ هُمْ فِيْ شَكٍّ مِّنْهَا ۫ بَلْ هُمْ مِّنْهَا عَمُوْنَ ﴿۶۶﴾ | 66 |
| *প্রতিবর্ণায়ন* | বালিদ্ দা-রাকা ‘ইল্মুহুম ফিল আ-খিরাতি (قف) বাল্ হুম ফী শাক্কিম্ মিনহা-, বাল্ হুম্ মিন্হা-‘আমূন। | |
| *তরজমা* | আখিরাত সম্পর্কে উহাদের জ্ঞান তো নিঃশেষ হইয়াছে ; উহারা তো এ বিষয়ে সন্দিগ্ধ, বরং এ বিষয়ে উহারা অন্ধ। | |
| | وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْٓا ءَاِذَا كُنَّا تُرٰبًا وَّاٰبَآؤُنَآ اَئِنَّا لَمُخْرَجُوْنَ ﴿۶۷﴾ | 67 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ক া-লাল্লায ীনা কাফারূ˜ আইয া-কুন্না-তুরা-বাওঁ ওয়াআ-বা~উনা˜ আইন্না লামুখ্রাজুন্। | |
| *তরজমা* | কাফিররা বলে, ‘আমরা ও আমাদের পিতৃপুরুষেরা মৃত্তিকায় পর্যবসিত হইয়া গেলেও কি আমাদেরকে উত্থিত করা হইবে ? | |
| | لَقَدْ وُعِدْنَا هٰذَا نَحْنُ وَاٰبَآؤُنَا مِنْ قَبْلُ ۙ اِنْ هٰذَآ اِلَّآ اَسَاطِيْرُ الْاَوَّلِيْنَ ﴿۶۸﴾ | 68 |
| *প্রতিবর্ণায়ন* | লাক াদ্ উ‘ইদ্না- হা-য া-নাহ নু ওয়া আ-বা~উনা-মিং ক াব্লু (لا) ইন্ হা-য া˜ইল্লা˜আছা-ত ীরুল্ আওওয়ালীন্। | |
| *তরজমা* | ‘এই বিষয়ে তো আমাদেরকে এবং পূর্বে আমাদের পূর্বপুরুষগণকেও ভীতি প্রদর্শন করা হইয়াছিল। ইহা তো পূর্ববর্তীদের উপকথা ব্যতীত আর কিছু নহে।’ | |
| | قُلْ سِيْرُوْا فِي الْاَرْضِ فَانْظُرُوْا كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُجْرِمِيْنَ ﴿۶۹﴾ | 69 |
| *প্রতিবর্ণায়ন* | কু ল ছীরূ ফিল্ আর্দি ফাংজু রূ কাইফা কা-না ‘আ-কি বাতুল মুজরিমীন্। | |
| *তরজমা* | বল, ‘পৃথিবীতে পরিভ্রমণ কর এবং দেখ অপরাধীদের পরিণাম কিরূপ হইয়াছে।’ | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | وَلَا تَحۡزَنۡ عَلَيۡهِمۡ وَلَا تَكُنۡ فِيۡ ضَيۡقٍ مِّمَّا يَمۡكُرُوۡنَ ۝٧٠ | **70** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালা-তাহ্‌ঝান্ ‘আলাইহিম্ ওয়ালা- তাকুং ফী দ্বাইকি্ম্ মিম্মা- ইয়াম্‌কুরূন্। | |
| *তরজমা* | উহাদের সম্পর্কে তুমি দুঃখ করিও না এবং উহাদের ষড়যন্ত্রে মনঃক্ষুণ্ণ হইও না। | |
| | وَيَقُوۡلُوۡنَ مَتٰى هٰذَا الۡوَعۡدُ اِنۡ كُنۡتُمۡ صٰدِقِيۡنَ ۝٧١ | **71** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয়াকূ্লূনা মাতা- হা-যা্ল্ ওয়া‘দু ইং কুংতুম সা-দিক্বীন্। | |
| *তরজমা* | উহারা বলে, ‘তোমরা যদি সত্যবাদী হও তবে বল, কখন এই প্রতিশ্রুতি পূর্ণ হইবে ?’ | |
| | قُلۡ عَسٰٓى اَنۡ يَّكُوۡنَ رَدِفَ لَـكُمۡ بَعۡضُ الَّذِىۡ تَسۡتَعۡجِلُوۡنَ ۝٧٢ | **72** |
| *প্রতিবর্ণায়ন* | কু্ল্ ‘আছা~আইঁ ইয়াকূনা রাদিফা লাকুম্ বা‘দুল্লায্বী তাছ্‌তা‘জিলূন্। | |
| *তরজমা* | বল, ‘তোমরা যে বিষয় ত্বরান্বিত করিতে চাহিতেছ সম্ভবত তাহার কিছু তোমাদের নিকটবর্তী হইয়াছে।’ | |
| | وَاِنَّ رَبَّكَ لَذُوۡ فَضۡلٍ عَلَى النَّاسِ وَلٰـكِنَّ اَكۡثَرَهُمۡ لَا يَشۡكُرُوۡنَ ۝٧٣ | **73** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইন্না রাব্বাকা লাযূ্ ফাদ্বলিন্ ‘আলান্‌না-ছি ওয়ালা- কিন্না আক্‌ছারাহুম লা-ইয়াশ্‌কুরূন্। | |
| *তরজমা* | নিশ্চয়ই তোমার প্রতিপালক মানুষের প্রতি অনুগ্রহশীল; কিন্তু উহাদের অধিকাংশই অকৃতজ্ঞ। | |
| | وَاِنَّ رَبَّكَ لَيَـعۡلَمُ مَا تُكِنُّ صُدُوۡرُهُمۡ وَمَا يُعۡلِنُوۡنَ ۝٧٤ | **74** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইন্না রাব্বাকা লাইয়া‘লামু মা-তুকিন্নু সুদূরুহুম ওয়ামা-ইউ‘লিনূন। | |
| *তরজমা* | উহাদের অন্তর যাহা গোপন করে এবং উহারা যাহা প্রকাশ করে তাহা তোমার প্রতিপালক অবশ্যই জানেন। | |
| | وَمَا مِنۡ غَآٮِٕبَةٍ فِى السَّمَآءِ وَالۡاَرۡضِ اِلَّا فِىۡ كِتٰبٍ مُّبِيۡنٍ ۝٧٥ | **75** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা মিন গা~ইবাতিং ফিছ্‌ছামা~ই ওয়াল আরদি্ব ইল্লা-ফী কিতা-বিম মুবীন। | |
| *তরজমা* | আকাশে ও পৃথিবীতে এমন কোন গোপন রহস্য নাই, যাহা সুস্পষ্ট কিতাবে নাই। | |
| | اِنَّ هٰذَا الۡقُرۡاٰنَ يَقُصُّ عَلٰى بَنِىۡۤ اِسۡرَآءِيۡلَ اَكۡثَرَ الَّذِىۡ هُمۡ فِيۡهِ يَخۡتَلِفُوۡنَ ۝٧٦ | **76** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্না হা-যা্ল কু্রআ-না ইয়াকু্স্‌সু ‘আলা-বানী~ইছরা~ঈলা আকছারাল্লায্বী হুম ফীহি ইয়াখতালিফূন। | |
| *তরজমা* | বনী ইসরাঈল যেই সমস্ত বিষয়ে মতভেদ করে, এই কুরআন তাহার অধিকাংশ তাহাদের নিকট বিবৃত করে। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | وَاِنَّهٗ لَهُدًى وَّرَحۡمَةٌ لِّلۡمُؤۡمِنِيۡنَ ﴿۷۷﴾ | 77 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইন্নাহূ লাহুদাওঁ ওয়া রাহ্‌মাতুল লিল্‌মু’মিনীন। | |
| *তরজমা* | এবং নিশ্চয়ই ইহা মু’মিনদের জন্য হিদায়াত ও রহমত। | |
| | اِنَّ رَبَّكَ يَقۡضِىۡ بَيۡنَهُمۡ بِحُكۡمِهٖ ۚ وَهُوَ الۡعَزِيۡزُ الۡعَلِيۡمُ ﴿۷۸﴾ | 78 |
| *প্রতিবর্ণায়ন* | ইন্না রাব্বাকা ইয়াকদ্বী বাইনাহুম বিহু্‌কমিহী (ج) ওয়া হুওয়াল ‘আঝীঝুল ‘আলীম। | |
| *তরজমা* | তোমার প্রতিপালক তো তাঁহার বিধান অনুযায়ী উহাদের মধ্যে ফায়সালা করিয়া দিবেন। তিনি পরাক্রমশালী, সর্বজ্ঞ। | |
| | فَتَوَكَّلۡ عَلَى اللّٰهِ ؕ اِنَّكَ عَلَى الۡحَـقِّ الۡمُبِيۡنِ ﴿۷۹﴾ | 79 |
| *প্রতিবর্ণায়ন* | ফাতাওয়াক্কাল ‘আলাল্লা-হি (ط) ইন্নাকা ‘আলাল হা্‌ক্কি্‌ল মুবীন। | |
| *তরজমা* | অতএব আল্লাহ্‌র উপর নির্ভর কর; তুমি তো স্পষ্ট সত্যে প্রতিষ্ঠিত। | |
| | اِنَّكَ لَا تُسۡمِعُ الۡمَوۡتٰى وَلَا تُسۡمِعُ الصُّمَّ الدُّعَآءَ اِذَا وَلَّوۡا مُدۡبِرِيۡنَ ﴿۸۰﴾ | 80 |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাকা লা-তুছমি‘উল মাওতা-ওয়ালা-তুছমি‘উসসু্‌ম্মাদ্‌দু‘আ-আ ইযা্‌-ওয়াল্লাও মুদবিরীন। | |
| *তরজমা* | মৃতকে তো তুমি কথা শোনাইতে পারিবে না, বধিরকেও পারিবে না আহ্বান শোনাইতে, যখন উহারা পিঠ ফিরাইয়া চলিয়া যায়। | |
| | وَمَاۤ اَنۡتَ بِهٰدِى الۡعُمۡىِ عَنۡ ضَلٰلَتِهِمۡؕ اِنۡ تُسۡمِعُ اِلَّا مَنۡ يُّؤۡمِنُ بِاٰيٰتِنَا فَهُمۡ مُّسۡلِمُوۡنَ ﴿۸۱﴾ | 81 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা্‌আংতা বিহা-দিল ‘উময়ি ‘আং দা্‌লা-লাতিহিম (ط) ইং তুছমি‘উ ইল্লা-মাইঁ ইউ‘মিনু বিআ-য়া-তিনা-ফাহুম মুছলিমূন। | |
| *তরজমা* | তুমি অন্ধদেরকে উহাদের পথভ্রষ্টতা হইতে পথে আনিতে পারিবে না। তুমি শোনাইতে পারিবে কেবল তাহাদেরকে, যাহারা আমার নিদর্শনাবলীতে বিশ্বাস করে। আর তাহারাই আত্মসমর্পণকারী। | |
| | وَاِذَا وَقَعَ الۡقَوۡلُ عَلَيۡهِمۡ اَخۡرَجۡنَا لَهُمۡ دَآبَّةً مِّنَ الۡاَرۡضِ تُكَلِّمُهُمۡ ۙ اَنَّ النَّاسَ كَانُوۡا بِاٰيٰتِنَا لَا يُوۡقِنُوۡنَ ﴿۸۲﴾ | 82 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইযা্‌-ওয়াকা্‌‘আল কা্‌ওলু ‘আলাইহিম আখরাজনা-লাহুম দা~ব্বাতাম মিনাল আরদি্‌ তুকাল্লিমুহুম (ﻻ) আন্নান্ননা-ছা কা-নূ বিআ-য়া-তিনা-লা- ইউকি্‌নূন। | |
| *তরজমা* | যখন ঘোষিত শাস্তি উহাদের নিকট আসিবে তখন আমি মৃত্তিকাগর্ভ হইতে বাহির করিব এক জীব, যাহা উহাদের সঙ্গে কথা বলিবে, এইজন্য যে, মানুষ আমার নিদর্শনে অবিশ্বাসী। | |

| | وَيَوْمَ نَحْشُرُ مِنْ كُلِّ أُمَّةٍ فَوْجًا مِّمَّنْ يُّكَذِّبُ بِاٰيٰتِنَا فَهُمْ يُوْزَعُوْنَ ۝٨٣ | 83 |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয়াওমা নাহ্‌শুরু মিং কুল্লি উম্মাতিং ফাওজাম মিম্মাইঁ ইউকায্‌যি্‌বু বিআ–য়া–তিনা–ফাহুম ইউঝা‘উন। | |
| *তরজমা* | স্মরণ কর সেই দিনের কথা, যেই দিন আমি সমবেত করিব প্রত্যেক সম্প্রদায় হইতে এক-একটি দলকে, যাহারা আমার নিদর্শনাবলী প্রত্যাখ্যান করিত আর উহাদেরকে সারিবদ্ধ করা হইবে। | |
| | حَتّٰىٓ إِذَا جَآءُوْ قَالَ أَكَذَّبْتُمْ بِاٰيٰتِىْ وَلَمْ تُحِيْطُوْا بِهَا عِلْمًا أَمَّاذَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ۝٨٤ | 84 |
| *প্রতিবর্ণায়ন* | হ়াত্তা~ইযা– জা~উ ক়া–লা আকায্‌যাবতুম বিআ–য়া–তী ওয়া লাম তুহ়ীতূ বিহা–‘ইলমান আম্মা–যা–কুংতুম তা‘মালূন। | |
| *তরজমা* | যখন উহারা সমাগত হইবে তখন আল্লাহ্‌ উহাদেরকে বলিবেন, ‘তোমরা কি আমার নিদর্শন প্রত্যাখ্যান করিয়াছিলে, অথচ উহা তোমরা জ্ঞানায়ত্ত করিতে পার নাই ? বরং তোমরা আরও কিছু করিতেছিলে ?’ | |
| | وَوَقَعَ الْقَوْلُ عَلَيْهِمْ بِمَا ظَلَمُوْا فَهُمْ لَا يَنْطِقُوْنَ ۝٨٥ | 85 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া–ওয়াক়া‘আল ক়াওলু ‘আলাইহিম বিমা–জ়ালামূ ফাহুম লা–ইয়াংতিক়ূন। | |
| *তরজমা* | সীমালংঘন হেতু উহাদের উপর ঘোষিত শাস্তি আসিয়া পড়িবে; ফলে উহারা কিছুই বলিতে পারিবে না। | |
| | أَلَمْ يَرَوْا أَنَّا جَعَلْنَا الَّيْلَ لِيَسْكُنُوْا فِيْهِ وَالنَّهَارَ مُبْصِرًا ۚ إِنَّ فِىْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يُّؤْمِنُوْنَ ۝٨٦ | 86 |
| *প্রতিবর্ণায়ন* | আলাম ইয়ারাও আন্না–জা‘আলনাল্লাইলা লিইয়াছকুনূ ফীহি ওয়ান্নাহা–রা মুবসিরান (ط) ইন্না ফী যা়–লিকা লাআ–য়া–তিল লিক়াওমিইঁ ইউ’মিনূন। | |
| *তরজমা* | উহারা কি অনুধাবন করে না যে, আমি রাত্রি সৃষ্টি করিয়াছি উহাদের বিশ্রামের জন্য এবং দিবসকে করিয়াছি আলোকপ্রদ ? ইহাতে মু’মিন সম্প্রদায়ের জন্য অবশ্যই নিদর্শন রহিয়াছে। | |
| | وَيَوْمَ يُنْفَخُ فِى الصُّوْرِ فَفَزِعَ مَنْ فِى السَّمٰوٰتِ وَمَنْ فِى الْأَرْضِ إِلَّا مَنْ شَآءَ اللّٰهُ ۚ وَكُلٌّ أَتَوْهُ دٰخِرِيْنَ ۝٨٧ | 87 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয়াওমা ইউংফাখু ফিস্‌সূরি ফাফাঝি‘আ মাং ফিছ্ছামা–ওয়া–তি ওয়া মাং ফিল আরদি় ইল্লা–মাং শা~আল্লা–হু (ط) ওয়া কুল্লুন আতাওহু দা–খিরীন। | |

| | | |
|---|---|---|
| *তরজমা* | এবং যেদিন শিংগায় ফুৎকার দেওয়া হইবে, সেই দিন আকাশমণ্ডলীর ও পৃথিবীর সকলেই ভীত-বিহবল হইয়া পড়িবে, তবে আল্লাহ্ যাহাদেরকে চাহিবেন তাহারা ব্যতীত এবং সকলেই তাঁহার নিকট আসিবে বিনীত অবস্থায়। | |
| | وَتَرَى الْجِبَالَ تَحْسَبُهَا جَامِدَةً وَّهِيَ تَمُرُّ مَرَّ السَّحَابِ ؕ صُنْعَ اللّٰهِ الَّذِيْٓ اَتْقَنَ كُلَّ شَيْءٍ ؕ اِنَّهٗ خَبِيْرٌۢ بِمَا تَفْعَلُوْنَ ﴿۸۸﴾ | 88 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া তারাল জিবা-লা তাহ্ ছাবুহা- জা-মিদাতাওঁ ওয়াহিয়া তামুররু মাররাছছাহা-বি (ط) সুন্‘আল্লা-হিল্লাযী~ আত্কানা কুল্লা শাইয়িন (ط) ইন্নাহূ খাবীরুম্ বিমা- তাফ্‘আলূন্। | |
| *তরজমা* | তুমি পর্বতমালা দেখিতেছ, মনে করিতেছ উহা অচল, অথচ উহারা হইবে মেঘপুঞ্জের ন্যায় সঞ্চরমাণ। ইহা আল্লাহ্রই সৃষ্টি নৈপুণ্য, যিনি সমস্ত কিছুকে করিয়াছেন সুষম। তোমরা যাহা কর সে সম্বন্ধে তিনি সম্যক অবগত। | |
| | مَنْ جَآءَ بِالْحَسَنَةِ فَلَهٗ خَيْرٌ مِّنْهَا ۚ وَهُمْ مِّنْ فَزَعٍ يَّوْمَئِذٍ اٰمِنُوْنَ ﴿۸۹﴾ | 89 |
| *প্রতিবর্ণায়ন* | মাং জা~আ বিলহ্াছানাতি ফালাহূ খাইরুম মিন্হা- (ج) ওয়া হুম্ মিং ফাঝাইয়ঁ ইয়াওমাইযিন্ আ-মিনূন্। | |
| *তরজমা* | যে কেহ সৎকর্ম লইয়া আসিবে, সে উহা হইতে উৎকৃষ্ট প্রতিফল পাইবে এবং সেই দিন উহারা শংকা হইতে নিরাপদ থাকিবে। | |
| | وَمَنْ جَآءَ بِالسَّيِّئَةِ فَكُبَّتْ وُجُوْهُهُمْ فِي النَّارِ ؕ هَلْ تُجْزَوْنَ اِلَّا مَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿۹۰﴾ | 90 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া মাং জা~আ বিছ্ছাইয়িআতি ফাকুব্বাত্ উজূহুহুম্ ফিন্না-রি (ط) হাল্ তুজঝাওনা ইল্লা- মা-কংতুম্ তা‘মালূন। | |
| *তরজমা* | যে কেহ অসৎকর্ম লইয়া আসিবে, তাহাকে অধোমুখে নিক্ষেপ করা হইবে দোযখে এবং উহাদেরকে বলা হইবে, ‘তোমরা যাহা করিতে তাহারই প্রতিফল তোমাদেরকে দেওয়া হইতেছে।’ | |
| | اِنَّمَآ اُمِرْتُ اَنْ اَعْبُدَ رَبَّ هٰذِهِ الْبَلْدَةِ الَّذِيْ حَرَّمَهَا وَلَهٗ كُلُّ شَيْءٍ ۫ وَّاُمِرْتُ اَنْ اَكُوْنَ مِنَ الْمُسْلِمِيْنَ ﴿۹۱﴾ | 91 |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নামা~ উমির্তু আন্ আ‘বুদা রাব্বা হা-যিহিল্ বাল্দাতিল্লাযী হার্রামাহা- ওয়ালাহূ কুল্লু শাইয়িওঁ (ز) ওয়া উমির্তু আন্ আকূনা মিনাল্ মুছলিমীন্। | |
| *তরজমা* | আমি তো আদিষ্ট হইয়াছি এই নগরীর প্রভুর ‘ইবাদত করিতে, যিনি ইহাকে করিয়াছেন সম্মানিত। সমস্ত কিছু তাঁহারই। আমি আরও আদিষ্ট হইয়াছি, যেন আমি আত্মসমর্পণকারীদের অন্তর্ভুক্ত হই। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | وَاَنْ اَتْلُوَا الْقُرْاٰنَ ۚ فَمَنِ اهْتَدٰى فَاِنَّمَا يَهْتَدِىْ لِنَفْسِهٖ ۚ وَمَنْ ضَلَّ فَقُلْ اِنَّمَآ اَنَا مِنَ الْمُنْذِرِيْنَ ﴿٩٢﴾ | **92** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আন আত্লুওয়াল্ কু'রআ-না (ج) ফামানিহ্ তাদা- ফাইন্নামা- ইয়াহ্তাদী লিনাফ্ছিহী (ج) ওয়া মাং দ'াল্লা ফাক'ুল্ ইন্নামা˜ আনা মিনাল মুংযি'রীন্। | |
| *তরজমা* | আমি আরও আদিষ্ট হইয়াছি, কুরআন তিলাওয়াত করিতে; অতএব যে ব্যক্তি সৎপথ অনুসরণ করে, সে সৎপথ অনুসরণ করে নিজেরই কল্যাণের জন্য। আর কেহ ভ্রান্ত পথ অবলম্বন করিলে তুমি বলিও, 'আমি তো কেবল সতর্ককারীদের মধ্যে একজন।' | |
| | وَقُلِ الْحَمْدُ لِلّٰهِ سَيُرِيْكُمْ اٰيٰتِهٖ فَتَعْرِفُوْنَهَا ؕ وَمَا رَبُّكَ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُوْنَ ﴿٩٣﴾ | **93** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া কু'লিল্ হ'াম্দু লিল্লা-হি ছাইউরীকুম আ-য়া-তিহী ফাতা'রিফূনাহা- (ط) ওয়ামা- রাব্বুকা বিগা-ফিলিন্ 'আম্মা- তা'মালূন্। | |
| *তরজমা* | আর বল, 'সকল প্রশংসা আল্লাহ্রই, তিনি তোমাদেরকে সত্বর দেখাইবেন তাঁহার নিদর্শন; তখন তোমরা উহা বুঝিতে পারিবে।' তোমরা যাহা কর সে সম্বন্ধে তোমার প্রতিপালক গাফিল নন। | |
| | **28 - Al-Qasas-ক্বাসাস -القصص** | |
| | بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ | |
| | طٰسٓمٓ ﴿١﴾ | **1** |
| *প্রতিবর্ণায়ন* | ত'া-ছি~ম্ মী~ম্। | |
| *তরজমা* | তা-সীন-মীম; | |
| | تِلْكَ اٰيٰتُ الْكِتٰبِ الْمُبِيْنِ ﴿٢﴾ | **2** |
| *প্রতিবর্ণায়ন* | তিল্কা আ-য়া-তুল কিতা-বিল মুবীন। | |
| *তরজমা* | এই আয়াতগুলি সুস্পষ্ট কিতাবের। | |
| | نَتْلُوْا عَلَيْكَ مِنْ نَّبَاِ مُوْسٰى وَفِرْعَوْنَ بِالْحَقِّ لِقَوْمٍ يُّؤْمِنُوْنَ ﴿٣﴾ | **3** |
| *প্রতিবর্ণায়ন* | নাত্লূ 'আলাইকা মিং নাবাই মূছা- ওয়াফির'আওনা বিল্হ'াক্কি' লিক'াওমিঁই ইউ'মিনূন্। | |
| *তরজমা* | আমি তোমার নিকট মূসা ও ফির'আওনের কিছু বৃত্তান্ত যথাযথভাবে বিবৃত করিতেছি, মু'মিন সম্প্রদায়ের উদ্দেশ্যে। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | إِنَّ فِرْعَوْنَ عَلَا فِي الْأَرْضِ وَجَعَلَ أَهْلَهَا شِيَعًا يَسْتَضْعِفُ طَائِفَةً مِّنْهُمْ يُذَبِّحُ أَبْنَاءَهُمْ وَيَسْتَحْيِي نِسَاءَهُمْ ۚ إِنَّهُ كَانَ مِنَ الْمُفْسِدِينَ ﴿٤﴾ | **4** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্না ফির‘আওনা ‘আলা–ফিল্ আরদি় ওয়াজা‘আলা আহ্লাহা– শিইয়া‘আইঁ ইয়াছতাদ্‘ইফু ত়া~ইফাতাম মিন্হুম ইউয়া়ব্বিহু আব্না~আহুম ওয়াইয়াছ্তাহ়য়ী নিছা~আহুম (ط) ইন্নাহূ কা–না মিনাল মুফ্ছিদীন। | |
| *তরজমা* | ফির‘আওন দেশে পরাক্রমশালী হইয়াছিল এবং সেখানকার অধিবাসীবৃন্দকে বিভিন্ন শ্রেণীতে বিভক্ত করিয়া উহাদের একটি শ্রেণীকে সে হীনবল করিয়াছিল; উহাদের পুত্রগণকে সে হত্যা করিত এবং নারীগণকে জীবিত থাকিতে দিত। সে তো ছিল বিপর্যয় সৃষ্টিকারী। | |
| | وَنُرِيدُ أَن نَّمُنَّ عَلَى الَّذِينَ اسْتُضْعِفُوا فِي الْأَرْضِ وَنَجْعَلَهُمْ أَئِمَّةً وَنَجْعَلَهُمُ الْوَارِثِينَ ﴿٥﴾ | **5** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ানুরীদু আন্নামুন্না ‘আলাল্লায়ীনাছ্তুদ্‘ইফূ ফিল্ আরদি় ওয়া নাজ‘আলাহুম আয়িম্মাতাওঁ ওয়া নাজ‘আলাহুমুল ওয়া–রিছীন। | |
| *তরজমা* | আমি ইচ্ছা করিলাম, সে দেশে যাহাদেরকে হীনবল করা হইয়াছিল, তাহাদের প্রতি অনুগ্রহ করিতে, তাহাদেরকে নেতৃত্ব দান করিতে ও উত্তরাধিকারী করিতে; | |
| | وَنُمَكِّنَ لَهُمْ فِي الْأَرْضِ وَنُرِيَ فِرْعَوْنَ وَهَامَانَ وَجُنُودَهُمَا مِنْهُم مَّا كَانُوا يَحْذَرُونَ ﴿٦﴾ | **6** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া নুমাক্কিনা লাহুম্ ফিল আরদি় ওয়া নুরিয়া ফির‘আওনা ওয়া হা–মা–না ওয়া জুনূদাহুমা– মিন্হুম মা–কা–নূ ইয়াহ়যারূন্। | |
| *তরজমা* | এবং তাহাদেরকে দেশে ক্ষমতায় প্রতিষ্ঠিত করিতে, আর ফির‘আওন, হামান ও তাহাদের বাহিনীকে তাহা দেখাইয়া দিতে, যাহা উহাদের নিকট তাহারা আশংকা করিত। | |
| | وَأَوْحَيْنَا إِلَىٰ أُمِّ مُوسَىٰ أَنْ أَرْضِعِيهِ ۖ فَإِذَا خِفْتِ عَلَيْهِ فَأَلْقِيهِ فِي الْيَمِّ وَلَا تَخَافِي وَلَا تَحْزَنِي ۖ إِنَّا رَادُّوهُ إِلَيْكِ وَجَاعِلُوهُ مِنَ الْمُرْسَلِينَ ﴿٧﴾ | **7** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আওহ়াইনা~ইলা~উম্মি মূছা~আন্ আরদি়‘ঈহি (ج) ফাইযা–খিফ্তি ‘আলাইহি ফাআল্ক়ীহি ফিল্ ইয়াম্মি ওয়ালা–তাখা–ফী ওয়ালা– তাহ়ঝানী (ج) ইন্না– রা~দ্দূহু ইলাইকি ওয়া জা–‘ইলূহু মিনাল্ মুর্ছালীন। | |
| *তরজমা* | মূসা-জননীর অন্তরে আমি ইঙ্গিতে নির্দেশ করিলাম, ‘শিশুটিকে স্তন্য দান করিতে থাক। যখন তুমি তাহার সম্পর্কে কোন আশংকা করিবে তখন ইহাকে দরিয়ায় নিক্ষেপ করিও এবং ভয় করিও না, দুঃখও করিও না। আমি অবশ্যই ইহাকে তোমার নিকট ফিরাইয়া দিব এবং ইহাকে রাসূলদের একজন করিব।’ | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | فَالْتَقَطَهُۥٓ ءَالُ فِرْعَوْنَ لِيَكُونَ لَهُمْ عَدُوًّا وَحَزَنًا ۗ إِنَّ فِرْعَوْنَ وَهَٰمَٰنَ وَجُنُودَهُمَا كَانُوا۟ خَٰطِـِٔينَ ﴿٨﴾ | 8 |
| *প্রতিবর্ণায়ন* | ফাল্‌তাক্বাতাহূ~ আ-লু ফির‘আওনা লিয়াকূনা লাহুম ‘আদুওওয়াওঁ ওয়া হ্বাঝানান (ط) ইন্না ফির‘আওনা ওয়া হা-মা-না ওয়া জুনূদাহুমা- কা-নূ খা-তি্বঈন্। | |
| *তরজমা* | অতঃপর ফির‘আওনের লোকজন তাহাকে উঠাইয়া লইল। ইহার পরিণাম তো এই ছিল যে, সে উহাদের শত্রু ও দুঃখের কারণ হইবে। অবশ্যই ফির‘আওন, হামান ও উহাদের বাহিনী ছিল অপরাধী। | |
| | وَقَالَتِ ٱمْرَأَتُ فِرْعَوْنَ قُرَّتُ عَيْنٍ لِّى وَلَكَ ۖ لَا تَقْتُلُوهُ عَسَىٰٓ أَن يَنفَعَنَآ أَوْ نَتَّخِذَهُۥ وَلَدًا وَهُمْ لَا يَشْعُرُونَ ﴿٩﴾ | 9 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ক্বা-লাতিম্‌রাআতু ফির‘আওনা কু্বর্‌রাতু ‘আইনিল্লী ওয়ালাকা (ط) লা-তাক্বতুলূহু ‘আছা~ আইঁ ইয়াংফা‘আনা~ আও নাত্তাখিযাহূ ওয়ালাদাওঁ ওয়া হুম লা-ইয়াশ‘উরূন। | |
| *তরজমা* | ফির‘আওনের স্ত্রী বলিল, ‘এই শিশু আমার ও তোমার নয়ন-প্রীতিকর। ইহাকে হত্যা করিও না, সে আমাদের উপকারে আসিতে পারে, আমরা তাহাকে সন্তান হিসাবেও গ্রহণ করিতে পারি।’ প্রকৃতপক্ষে উহারা ইহার পরিণাম বুঝিতে পারে নাই। | |
| | وَأَصْبَحَ فُؤَادُ أُمِّ مُوسَىٰ فَٰرِغًا ۖ إِن كَادَتْ لَتُبْدِى بِهِۦ لَوْلَآ أَن رَّبَطْنَا عَلَىٰ قَلْبِهَا لِتَكُونَ مِنَ ٱلْمُؤْمِنِينَ ﴿١٠﴾ | 10 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াআসবাহ্বা ফুআ-দু উম্মি মূছা- ফা-রিগান (ط) ইং কা-দাত লাতুব্‌দী বিহী লাওলা~আর রাবাত্বনা- ‘আলা- ক্বাল্‌বিহা- লিতাকূনা মিনাল্ মু’মিনীন। | |
| *তরজমা* | মূসা-জননীর হৃদয় অস্থির হইয়া পড়িয়াছিল। যাহাতে সে আস্থাশীল হয় তজ্জন্য আমি তাহার হৃদয়কে দৃঢ় করিয়া না দিলে সে তাহার পরিচয় তো প্রকাশ করিয়াই দিত। | |
| | وَقَالَتْ لِأُخْتِهِۦ قُصِّيهِ ۖ فَبَصُرَتْ بِهِۦ عَن جُنُبٍ وَهُمْ لَا يَشْعُرُونَ ﴿١١﴾ | 11 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ক্বা-লাত্ লিউখ্‌তিহী কু্বসসীহি (ز) ফাবাসুরাত বিহী ‘আং জুনুবিওঁ ওয়াহুম লা-ইয়াশ‘উরূন্। | |
| *তরজমা* | সে মূসার ভগ্নিকে বলিল, ‘ইহার পিছনে পিছনে যাও।’ সে উহাদের অজ্ঞাতসারে দূর হইতে তাহাকে দেখিতেছিল। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | وَحَرَّمْنَا عَلَيْهِ الْمَرَاضِعَ مِنْ قَبْلُ فَقَالَتْ هَلْ اَدُلُّكُمْ عَلٰٓى اَهْلِ بَيْتٍ يَّكْفُلُوْنَهٗ لَكُمْ وَهُمْ لَهٗ نٰصِحُوْنَ ﴿١٢﴾ | **12** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া হ়ার্‌রাম্‌না- ‘আলাইহিল মারা-দি‘আ মিং ক়াব্‌লু ফাক়া-লাত হাল্ আদুল্লুকুম্ ‘আলা˜আহ্‌লি বাইতিইঁ ইয়াক্‌ফুলূনাহূ লাকুম ওয়াহুম লাহূ না-সিহূ়ন্। | |
| *তরজমা* | পূর্ব হইতেই আমি ধাত্রী-স্তন্যপানে তাহাকে বিরত রাখিয়াছিলাম। মূসার ভগ্নি বলিল, ‘তোমাদেরকে কি আমি এমন এক পরিবারের সন্ধান দিব যাহারা তোমাদের হইয়া ইহাকে লালন-পালন করিবে এবং ইহার মঙ্গলকামী হইবে ?’ | |
| | فَرَدَدْنٰهُ اِلٰٓى اُمِّهٖ كَيْ تَقَرَّ عَيْنُهَا وَلَا تَحْزَنَ وَلِتَعْلَمَ اَنَّ وَعْدَ اللّٰهِ حَقٌّ وَّلٰكِنَّ اَكْثَرَهُمْ لَا يَعْلَمُوْنَ ﴿١٣﴾ | **13** |
| *প্রতিবর্ণায়ন* | ফারাদাদ্‌না-হু ইলা˜উম্মিহী কাই তাক়ার্‌রা ‘আইনুহা- ওয়ালা-তাহ়ঝানা, ওয়ালিতা‘লামা আন্না ওয়া‘দাল্লা-হি হ়াক্কুঁও ওয়ালা-কিন্না আক্‌ছ়ারাহুম লা-ইয়া‘লামূন্। | |
| *তরজমা* | অতঃপর আমি তাহাকে ফিরাইয়া দিলাম তাহার জননীর নিকট যাহাতে তাহার চক্ষু জুড়ায়, সে দুঃখ না করে এবং বুঝিতে পারে যে, আল্লাহ্‌র প্রতিশ্রুতি সত্য ; কিন্তু অধিকাংশ মানুষই ইহা জানে না। | |
| | وَلَمَّا بَلَغَ اَشُدَّهٗ وَاسْتَوٰٓى اٰتَيْنٰهُ حُكْمًا وَّعِلْمًا ؕ وَكَذٰلِكَ نَجْزِى الْمُحْسِنِيْنَ ﴿١٤﴾ | **14** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালাম্মা- বালাগা আশুদ্দাহূ ওয়াছ্‌তাওয়া˜আ-তাইনা-হু হু়ক্‌মাওঁ ওয়া ‘ইলমাওঁ (ط) ওয়া কায়া-লিকা নাজঝিল্ মুহ়ছিনীন্। | |
| *তরজমা* | যখন মূসা পূর্ণ যৌবনে উপনীত ও পরিণত বয়স্ক হইল তখন আমি তাহাকে হিক্‌মত ও জ্ঞান দান করিলাম; এইভাবে আমি সৎকর্মপরায়ণদেরকে পুরস্কার প্রদান করিয়া থাকি। | |
| | وَدَخَلَ الْمَدِيْنَةَ عَلٰى حِيْنِ غَفْلَةٍ مِّنْ اَهْلِهَا فَوَجَدَ فِيْهَا رَجُلَيْنِ يَقْتَتِلٰنِ ۗ هٰذَا مِنْ شِيْعَتِهٖ وَهٰذَا مِنْ عَدُوِّهٖ ۚ فَاسْتَغَاثَهُ الَّذِىْ مِنْ شِيْعَتِهٖ عَلَى الَّذِىْ مِنْ عَدُوِّهٖ ۙ فَوَكَزَهٗ مُوْسٰى فَقَضٰى عَلَيْهِ ۗ قَالَ هٰذَا مِنْ عَمَلِ الشَّيْطٰنِ ؕ اِنَّهٗ عَدُوٌّ مُّضِلٌّ مُّبِيْنٌ ﴿١٥﴾ | **15** |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ওয়া দাখালাল্ মাদীনাতা ‘আলা- হ ীনি গাফ্‌লাতিম্ মিন্ আহলিহা- ফাওয়াজাদা ফীহা- রাজুলাইনি ইয়াক্ ‍তাতিলা-নি (ق) হা-য া-মিং শী‘আতিহী ওয়া হা-য া-মিন্ আদুওবি হী (ج) ফাছতাগা-ছ াহুল্লায ী মিং শী‘আতিহী ‘আলাল্লায ী মিন ‘আদুওবি হী (ج) ফাওয়াকাঝাহূ মূছা-ফাক াদ া- ‘আলাইহি (ق) ক া-লা হা-য া-মিন্ ‘আমালিশ্‌শাইত া-নি (ط) ইন্নাহূ ‘আদুওউম্ মুদি ল্লুম মুবীন্। | |
| *তরজমা* | সে নগরীতে প্রবেশ করিল, যখন ইহার অধিবাসীরা ছিল অসতর্ক। সেখানে সে দুইটি লোককে সংঘর্ষে লিপ্ত দেখিল, একজন তাহার নিজ দলের এবং অপর জন তাহার শত্রুদলের। মূসার দলের লোকটি উহার শত্রুর বিরুদ্ধে তাহার সাহায্য প্রার্থনা করিল, তখন মূসা উহাকে ঘুষি মারিল; এইভাবে সে তাহাকে হত্যা করিয়া বসিল। মূসা বলিল, ‘ইহা শয়তানের কাণ্ড। সে তো প্রকাশ্য শত্রু ও বিভ্রান্তকারী।’ | |
| | قَالَ رَبِّ إِنِّي ظَلَمْتُ نَفْسِي فَاغْفِرْ لِي فَغَفَرَ لَهُ ۚ إِنَّهُ هُوَ الْغَفُورُ الرَّحِيمُ ﴿١٦﴾ | **16** |
| *প্রতিবর্ণায়ন* | ক া-লা রাব্বি ইন্নী জ ালাম্‌তু নাফ্‌ছী ফাগ্‌ফির্‌লী ফাগাফারা লাহূ (ط) ইন্নাহূ হুওয়াল গাফূরুর্ রাহ ীম। | |
| *তরজমা* | সে বলিল, ‘হে আমার প্রতিপালক! আমি তো আমার নিজের প্রতি জুলুম করিয়াছি; সুতরাং আমাকে ক্ষমা কর।’ অতঃপর তিনি তাহাকে ক্ষমা করিলেন। তিনি তো ক্ষমাশীল, পরম দয়ালু। | |
| | قَالَ رَبِّ بِمَا أَنْعَمْتَ عَلَيَّ فَلَنْ أَكُونَ ظَهِيرًا لِلْمُجْرِمِينَ ﴿١٧﴾ | **17** |
| *প্রতিবর্ণায়ন* | ক া-লা রাব্বি বিমা~আন্‘আমতা আলাইইয়া ফালান্ আকূনা জ াহীরাল লিলমুজরিমীন্। | |
| *তরজমা* | সে আরও বলিল, ‘হে আমার প্রতিপালক! তুমি যেহেতু আমার প্রতি অনুগ্রহ করিয়াছ, আমি কখনও অপরাধীদের সাহায্যকারী হইব না।’ | |
| | فَأَصْبَحَ فِي الْمَدِينَةِ خَائِفًا يَتَرَقَّبُ فَإِذَا الَّذِي اسْتَنْصَرَهُ بِالْأَمْسِ يَسْتَصْرِخُهُ ۚ قَالَ لَهُ مُوسَىٰ إِنَّكَ لَغَوِيٌّ مُبِينٌ ﴿١٨﴾ | **18** |
| *প্রতিবর্ণায়ন* | ফাআসবাহ া ফিল্ মাদীনাতি খা~ইফাইঁ ইয়াতারাক্ক াবু ফাইয াল্লাযি ছ্ তাংসারাহূ বিল্‌আম্‌ছি ইয়াছতাস্‌রিখুহু (ط) ক া-লা লাহূ মূছা~ইন্নাকা লাগাবি ইউম্ মুবীন। | |
| *তরজমা* | অতঃপর ভীত সতর্ক অবস্থায় সেই নগরীতে তাহার প্রভাত হইল। হঠাৎ সে শুনিতে পাইল পূর্বদিন যে ব্যক্তি তাহার সাহায্য চাহিয়াছিল, সে তাহার সাহায্যের জন্য চিৎকার করিতেছে। মূসা তাহাকে বলিল, ‘তুমি তো স্পষ্টই একজন বিভ্রান্ত ব্যক্তি।’ | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| | فَلَمَّآ اَنْ اَرَادَ اَنْ يَّبْطِشَ بِالَّذِيْ هُوَ عَدُوٌّ لَّهُمَا ۙ قَالَ يٰمُوْسٰٓى اَتُرِيْدُ اَنْ تَقْتُلَنِيْ كَمَا قَتَلْتَ نَفْسًا بِالْاَمْسِ ۖ اِنْ تُرِيْدُ اِلَّآ اَنْ تَكُوْنَ جَبَّارًا فِي الْاَرْضِ وَمَا تُرِيْدُ اَنْ تَكُوْنَ مِنَ الْمُصْلِحِيْنَ ﴿١٩﴾ | 19 |
| *প্রতিবর্ণায়ন* | ফালাম্মা˜আন আরা–দা আইঁ ইয়াব্‌তি˙শা বিল্লায˙ী হুওয়া ‘আদুওউল্‌লাহুমা– (ۙ) ক˙া–লা ইয়া–মূছা˜আতুরীদু আং তাক˙তুলানী কামা–ক˙াতাল্‌তা নাফ্‌ছাম্‌ বিল্‌আম্‌ছি (ۖ) ইং তুরীদু ইল্লা˜আং তাকূনা জাব্বা–রাং ফিল্‌ আর্‌দি˙ ওয়ামা– তুরীদু আং তাকূনা মিনাল্‌ মুসলিহ˙ীন। | |
| *তরজমা* | অতঃপর মূসা যখন উভয়ের শত্রুকে ধরিতে উদ্যত হইল, তখন সে ব্যক্তি বলিয়া উঠিল, ‘হে মূসা! গতকাল তুমি যেমন এক ব্যক্তিকে হত্যা করিয়াছ, সেভাবে আমাকেও কি হত্যা করিতে চাহিতেছ ? তুমি তো পৃথিবীতে স্বেচ্ছাচারী হইতে চাহিতেছ, শান্তি স্থাপনকারী হইতে চাও না।’ | |
| | وَجَآءَ رَجُلٌ مِّنْ اَقْصَا الْمَدِيْنَةِ يَسْعٰى ۡ قَالَ يٰمُوْسٰٓى اِنَّ الْمَلَاَ يَاْتَمِرُوْنَ بِكَ لِيَقْتُلُوْكَ فَاخْرُجْ اِنِّيْ لَكَ مِنَ النّٰصِحِيْنَ ﴿٢٠﴾ | 20 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া জা~আ রাজুলুম্‌ মিন্‌ আক˙সাল্‌ মাদীনাতি ইয়াছ্‌‘আ– (ز) ক˙া–লা ইয়া–মূছা˜ইন্নাল মালায়া ইয়া’তামিরূনা বিকা লিইয়াক˙তুলূকা ফাখ্‌রুজ ইন্নী লাকা মিনান্‌ না–সিহ˙ীন্‌। | |
| *তরজমা* | নগরীর দূর প্রান্ত হইতে এক ব্যক্তি ছুটিয়া আসিল ও বলিল, ‘হে মূসা! পারিষদবর্গ তোমাকে হত্যা করিবার পরামর্শ করিতেছে। সুতরাং তুমি বাহিরে চলিয়া যাও, আমি তো তোমার মঙ্গলকামী।’ | |
| | فَخَرَجَ مِنْهَا خَآئِفًا يَّتَرَقَّبُ ۡ قَالَ رَبِّ نَجِّنِيْ مِنَ الْقَوْمِ الظّٰلِمِيْنَ ﴿٢١﴾ | 21 |
| *প্রতিবর্ণায়ন* | ফাখারাজা মিন্‌হা– খা–ইফাইঁ ইয়াতারাক্ক˙াবু (ز) ক˙া–লা রাব্বি নাজ্জিনী মিনাল্‌ ক˙াওমিজ˙ জ˙া–লিমীন্‌। | |
| *তরজমা* | ভীত সতর্ক অবস্থায় সে সেখান হইতে বাহির হইয়া পড়িল এবং বলিল, ‘হে আমার প্রতিপালক! তুমি জালিম সম্প্রদায় হইতে আমাকে রক্ষা কর।’ | |
| | وَلَمَّا تَوَجَّهَ تِلْقَآءَ مَدْيَنَ قَالَ عَسٰى رَبِّيْٓ اَنْ يَّهْدِيَنِيْ سَوَآءَ السَّبِيْلِ ﴿٢٢﴾ | 22 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাম্মা– তাওয়াজ্জাহা তিলক˙া~আ মাদইয়ানা কা–লা ‘আছা– রাব্বী˜ আই ইয়াহদিয়ানী ছাওয়া~আছ্‌ছাবীল। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | যখন মূসা মাদইয়ান অভিমুখে যাত্রা করিল তখন বলিল, 'আশা করি আমার প্রতিপালক আমাকে সরল পথ প্রদর্শন করিবেন।' | |
| | وَلَمَّا وَرَدَ مَآءَ مَدْيَنَ وَجَدَ عَلَيْهِ أُمَّةً مِّنَ النَّاسِ يَسْقُونَ ۖ وَوَجَدَ مِن دُونِهِمُ امْرَأَتَيْنِ تَذُودَانِ ۖ قَالَ مَا خَطْبُكُمَا ۖ قَالَتَا لَا نَسْقِي حَتَّىٰ يُصْدِرَ الرِّعَآءُ ۖ وَأَبُونَا شَيْخٌ كَبِيرٌ ﴿٢٣﴾ | 23 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাম্মা–ওয়ারাদা মা~আ মাদ্‌ইয়ানা ওয়াজাদা 'আলাইহি উম্মাতাম্‌ মিনান্‌না–ছি ইয়াছকূ্‌না (ز) ওয়া ওয়াজাদা মিং দূনিহিমুম্‌রাআতাইনি তায়ূ্‌দা–নি (ج) কা–লা মা–খাত্‌বুকুমা– (ط) কা–লাতা–লা–নাছ্‌কী হাত্তা– ইউসদিরার রি'আ~উ (سكتة) ওয়া আবূনা–শাইখুং কাবীর্‌। | |
| *তরজমা* | যখন সে মাদইয়ানের কূপের নিকট পৌঁছিল, দেখিল, একদল লোক তাহাদের জানোয়ারগুলিকে পানি পান করাইতেছে এবং উহাদের পশ্চাতে দুইজন নারী তাহাদের পশুগুলিকে আগলাইতেছে। মূসা বলিল, 'তোমাদের কী ব্যাপার ?' উহারা বলিল, 'আমরা আমাদের জানোয়ারগুলিকে পানি পান করাইতে পারি না, যতক্ষণ রাখালেরা উহাদের জানোয়ারগুলিকে লইয়া সরিয়া না যায়। আমাদের পিতা অতি বৃদ্ধ।' | |
| | فَسَقَىٰ لَهُمَا ثُمَّ تَوَلَّىٰ إِلَى الظِّلِّ فَقَالَ رَبِّ إِنِّي لِمَآ أَنزَلْتَ إِلَيَّ مِنْ خَيْرٍ فَقِيرٌ ﴿٢٤﴾ | 24 |
| *প্রতিবর্ণায়ন* | ফাছাকা–লাহুমা– ছুম্মা তাওয়াল্লা~ইলাজ্‌ জিল্লি ফাকা–লা রাব্বি ইন্নী লিমা~আংঝাল্‌তা ইলাইইয়া মিন্‌ খাইরিং ফাকীর্‌। | |
| *তরজমা* | মূসা তখন উহাদের পক্ষে জানোয়ারগুলিকে পানি পান করাইল। তৎপর সে ছায়ার নিচে আশ্রয় গ্রহণ করিয়া বলিল, 'হে আমার প্রতিপালক! তুমি আমার প্রতি যে অনুগ্রহ করিবে আমি তো তাহার কাঙ্গাল।' | |
| | فَجَآءَتْهُ إِحْدَىٰهُمَا تَمْشِي عَلَى اسْتِحْيَآءٍ ۖ قَالَتْ إِنَّ أَبِي يَدْعُوكَ لِيَجْزِيَكَ أَجْرَ مَا سَقَيْتَ لَنَا ۚ فَلَمَّا جَآءَهُ وَقَصَّ عَلَيْهِ الْقَصَصَ ۙ قَالَ لَا تَخَفْ ۖ نَجَوْتَ مِنَ الْقَوْمِ الظَّٰلِمِينَ ﴿٢٥﴾ | 25 |
| *প্রতিবর্ণায়ন* | ফাজা~আত্‌হু ইহ্‌দা–হুমা– তাম্‌শী 'আলাছ্‌ তিহ্‌ইয়া–ইং, কা–লাত্‌ ইন্না আবী ইয়াদ্‌'উকা লিইয়াজঝিয়াকা আজরামা– ছাকাইতা লানা– (ط) ফালাম্মা–জা~আহূ ওয়া কাসসা 'আলাইহিল কাসাসা (لا) কা–লা লা–তাখাফ্‌ (قف) নাজাওতা মিনাল কাওমিজ্‌ জা–লিমীন্‌। | |

| | | |
| --- | --- | --- |
| তরজমা | তখন নারীদ্বয়ের একজন শরম-জড়িত চরণে তাহার নিকট আসিল এবং বলিল, 'আমার পিতা আপনাকে আমন্ত্রণ করিতেছেন, আমাদের জানোয়ারগুলিকে পানি পান করাইবার পারিশ্রমিক দেওয়ার জন্য।' অতঃপর মূসা তাহার নিকট আসিয়া সমস্ত বৃত্তান্ত বর্ণনা করিলে সে বলিল, 'ভয় করিও না, তুমি জালিম সম্প্রদায়ের কবল হইতে বাঁচিয়া গিয়াছ।' | |
| | قَالَتْ اِحْدٰىهُمَا يٰۤاَبَتِ اسْتَاْجِرْهُ ۖ اِنَّ خَيْرَ مَنِ اسْتَاْجَرْتَ الْقَوِيُّ الْاَمِيْنُ ﴿٢٦﴾ | 26 |
| প্রতিবর্ণায়ন | ক্বা-লাত্ ইহ্ দা-হুমা- ইয়া ~আবাতিছ্ তা'জিরহু (ز) ইন্না খাইরা মানিছ্তা'জার্তাল কাবি ইয়ুউল আমীন। | |
| তরজমা | উহাদের একজন বলিল, 'হে পিতা! তুমি ইহাকে মজুর নিযুক্ত কর, কারণ তোমার মজুর হিসাবে উত্তম হইবে সেই ব্যক্তি, যে শক্তিশালী, বিশ্বস্ত।' | |
| | قَالَ اِنِّيْۤ اُرِيْدُ اَنْ اُنْكِحَكَ اِحْدَى ابْنَتَيَّ هٰتَيْنِ عَلٰۤى اَنْ تَاْجُرَنِيْ ثَمٰنِيَ حِجَجٍ ۚ فَاِنْ اَتْمَمْتَ عَشْرًا فَمِنْ عِنْدِكَ ۚ وَ مَاۤ اُرِيْدُ اَنْ اَشُقَّ عَلَيْكَ ؕ سَتَجِدُنِيْۤ اِنْ شَآءَ اللّٰهُ مِنَ الصّٰلِحِيْنَ ﴿٢٧﴾ | 27 |
| প্রতিবর্ণায়ন | ক্বা-লা ইন্নী ~উরীদু আন্ উংকিহ াকা ইহ দাব্নাতাইইয়া হা-তাইনি 'আলা ~আং তা'জুরানী ছ ামা-নিয়া হি জাজিং (ج) ফাইন আত্মাম্তা 'আশ্রাং ফামিন 'ইংদিকা (ج) ওয়ামা ~উরীদু আন্ আশুক্ক া 'আলাইকা (ط) ছাতাজিদুনী ~ইং শা~আল্লা-হু মিনাস্সা-লিহ ীন্। | |
| তরজমা | সে মূসাকে বলিল, 'আমি আমার এই কন্যাদ্বয়ের একজনকে তোমার সঙ্গে বিবাহ দিতে চাই, এই শর্তে যে, তুমি আট বৎসর আমার কাজ করিবে, যদি তুমি দশ বৎসর পূর্ণ কর, সে তোমার ইচ্ছা। আমি তোমাকে কষ্ট দিতে চাই না। আল্লাহ্ ইচ্ছা করিলে তুমি আমাকে সদাচারী পাইবে।' | |
| | قَالَ ذٰلِكَ بَيْنِيْ وَبَيْنَكَ ؕ اَيَّمَا الْاَجَلَيْنِ قَضَيْتُ فَلَا عُدْوَانَ عَلَيَّ ؕ وَاللّٰهُ عَلٰى مَا نَقُوْلُ وَكِيْلٌ ﴿٢٨﴾ | 28 |
| প্রতিবর্ণায়ন | ক্বা-লা য া-লিকা বাইনি ওয়া বাইনাকা (ط) আইইয়ামাল্ আজালাইনি ক্বাদ াইতু ফালা- 'উদ্ওয়া-না 'আলাইইয়া (ط) ওয়াল্লা-হু 'আলা- মা- নাকূ লু ওয়াকীল্। | |
| তরজমা | মূসা বলিল, 'আমার ও আপনার মধ্যে এই চুক্তিই রহিল। এই দুইটি মেয়াদের কোন একটি আমি পূর্ণ করিলে আমার বিরুদ্ধে কোন অভিযোগ থাকিবে না। আমরা যে বিষয়ে কথা বলিতেছি আল্লাহ্ তাহার সাক্ষী।' | |
| | فَلَمَّا قَضٰى مُوْسَى الْاَجَلَ وَسَارَ بِاَهْلِهٖۤ اٰنَسَ مِنْ جَانِبِ الطُّوْرِ نَارًا ۚ قَالَ لِاَهْلِهِ امْكُثُوْۤا اِنِّيْۤ اٰنَسْتُ نَارًا لَّعَلِّيْۤ اٰتِيْكُمْ مِّنْهَا بِخَبَرٍ اَوْ جَذْوَةٍ مِّنَ النَّارِ لَعَلَّكُمْ تَصْطَلُوْنَ ﴿٢٩﴾ | 29 |

| প্রতিবর্ণায়ন | ফালাম্মা- ক্বাদ্বা- মূছাল্ আজালা ওয়াছা-রা বিআহ্লিহী ~আ-নাছা মিং জা-নিবিত্ ত্বু'রি না-রাং (ج) ক্বা-লা লিআহ্লিহিম্কুছূ ~ ইন্নী ~আ-নাছ্তু না-রাল্লা'আল্লী ~ আ-তীকুম মিন্হা- বিখাবারিন্ আও জায্ওয়াতিম্ মিনান্না-রি লা'আল্লাকুম্ তাসত্বালূন্। | |
| তরজমা | মূসা যখন তাহার মেয়াদ পূর্ণ করিবার পর সপরিবারে যাত্রা করিল, তখন সে তূর পর্বতের দিকে আগুন দেখিতে পাইল। সে তাহার পরিজনবর্গকে বলিল, 'তোমরা অপেক্ষা কর, আমি আগুন দেখিয়াছি, সম্ভবত আমি সেখান হইতে তোমাদের জন্য খবর আনিতে পারি অথবা একখণ্ড জ্বলন্ত কাঠ আনিতে পারি যাহাতে তোমরা আগুন পোহাইতে পার।' | |
| | فَلَمَّآ اَتٰىهَا نُوْدِيَ مِنْ شَاطِئِ الْوَادِ الْاَيْمَنِ فِي الْبُقْعَةِ الْمُبٰرَكَةِ مِنَ الشَّجَرَةِ اَنْ يّٰمُوْسٰٓى اِنِّيْٓ اَنَا اللّٰهُ رَبُّ الْعٰلَمِيْنَ ۟ۙ | 30 |
| প্রতিবর্ণায়ন | ফালাম্মা ~আতা-হা- নূদিয়া মিং শা-তি্ইল্ ওয়া-দিল্ আইমানি ফিল্ বুক্'আতিল্ মুবা-রাকাতি মিনাশ্শাজারাতি আইঁইয়া-মূছা ~ইন্নী ~আনাল্লা-হু রাব্বুল্ 'আ-লামীন। | |
| তরজমা | যখন মূসা আগুনের নিকট পৌঁছিল তখন উপত্যকার দক্ষিণ পার্শ্বে পবিত্র ভূমিস্থিত এক বৃক্ষের দিক হইতে তাহাকে আহ্বান করিয়া বলা হইল, 'হে মূসা ! আমিই আল্লাহ্, জগতসমূহের প্রতিপালক;' | |
| | وَاَنْ اَلْقِ عَصَاكَ ۭ فَلَمَّا رَاٰهَا تَهْتَزُّ كَاَنَّهَا جَاۗنٌّ وَّلّٰى مُدْبِرًا وَّلَمْ يُعَقِّبْ ۭ يٰمُوْسٰٓي اَقْبِلْ وَلَا تَخَفْ ۣ اِنَّكَ مِنَ الْاٰمِنِيْنَ ۝ | 31 |
| প্রতিবর্ণায়ন | ওয়া আন্ আল্কি্ 'আসা-কা (ط) ফালাম্মা- রাআ-হা- তাহ্তাঝ্ঝু কাআন্নাহা- জা~ন্নুওঁ ওয়াল্লা- মুদ্বিরাওঁ ওয়া লাম্ ইউআক্কি্ব্ (ط) ইয়া-মূছা~ আক্বিল ওয়ালা-তাখাফ (قف) ইন্নাকা মিনাল আ-মিনীন্। | |
| তরজমা | আরও বলা হইল, 'তুমি তোমার যষ্টি নিক্ষেপ কর।' অতঃপর, যখন সে উহাকে সর্পের ন্যায় ছুটাছুটি করিতে দেখিল তখন পিছনের দিকে ছুটিতে লাগিল এবং ফিরিয়া তাকাইল না। তাহাকে বলা হইল, 'হে মূসা! সম্মুখে আইস, ভয় করিও না; তুমি তো নিরাপদ। | |
| | اُسْلُكْ يَدَكَ فِيْ جَيْبِكَ تَخْرُجْ بَيْضَاۗءَ مِنْ غَيْرِ سُوْۗءٍ ۡ وَّاضْمُمْ اِلَيْكَ جَنَاحَكَ مِنَ الرَّهْبِ فَذٰنِكَ بُرْهَانٰنِ مِنْ رَّبِّكَ اِلٰى فِرْعَوْنَ وَمَلَا۟ىِٕهٖ ۭ اِنَّهُمْ كَانُوْا قَوْمًا فٰسِقِيْنَ ۝ | 32 |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | উছলুক ইয়াদাকা ফী জাইবিকা তাখ্‌রুজ বাইদ`া~আ মিন গাইরি ছূ~ইওঁ (ز) ওয়াদ্‌`মুম্‌ ইলাইকা জানা-হ`াকা মিনার্‌রাহ্‌বি ফায`া-নিকা বুরহা-না-নি মির্‌রাব্বিকা ইলা- ফির‘আওনা ওয়া মালাইহী (ط) ইন্নাহুম্‌ কা-নূ ক`াওমাং ফা-ছিক`ীন্‌। | |
| *তরজমা* | ‘তোমার হাত তোমার বগলে রাখ, ইহা বাহির হইয়া আসিবে শুভ্র-সমুজ্জ্বল নির্দোষ হইয়া। ভয় দূর করিবার জন্য তোমার হস্তদ্বয় নিজের দিকে চাপিয়া ধর। এই দুইটি তোমার প্রতিপালক-প্রদত্ত প্রমাণ, ফির‘আওন ও তাহার পারিষদবর্গের জন্য। উহারা তো সত্যত্যাগী সম্প্রদায়। | |
| | قَالَ رَبِّ إِنِّي قَتَلْتُ مِنْهُمْ نَفْسًا فَأَخَافُ أَن يَقْتُلُونِ ﴿٣٣﴾ | 33 |
| *প্রতিবর্ণায়ন* | ক`া-লা রাব্বি ইন্নী ক`াতাল্‌তু মিন্‌হুম নাফছাং ফাআখা-ফু আইঁ ইয়াক`তুলূন্‌। | |
| *তরজমা* | মূসা বলিল, ‘হে আমার প্রতিপালক! আমি তো উহাদের একজনকে হত্যা করিয়াছি। ফলে আমি আশংকা করিতেছি উহারা আমাকে হত্যা করিবে। | |
| | وَأَخِي هَارُونُ هُوَ أَفْصَحُ مِنِّي لِسَانًا فَأَرْسِلْهُ مَعِيَ رِدْءًا يُصَدِّقُنِي ۖ إِنِّي أَخَافُ أَن يُكَذِّبُونِ ﴿٣٤﴾ | 34 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আখী হা-রূনু হুওয়া আফসাহু` মিন্নী লিছা-নাং ফাআর্‌ছিল্‌হু মা‘ইয়া রিদ্‌আইঁ ইউসাদ্দিকু`নী˜ইন্নী˜ (ز) আখা-ফু আইঁ ইউকায`যি`বূন। | |
| *তরজমা* | ‘আমার ভ্রাতা হারূন আমা অপেক্ষা বাগ্মী; অতএব তাহাকে আমার সাহায্যকারীরূপে প্রেরণ কর, সে আমাকে সমর্থন করিবে। আমি আশংকা করি উহারা আমাকে মিথ্যাবাদী বলিবে।’ | |
| | قَالَ سَنَشُدُّ عَضُدَكَ بِأَخِيكَ وَنَجْعَلُ لَكُمَا سُلْطَانًا فَلَا يَصِلُونَ إِلَيْكُمَا ۚ بِآيَاتِنَا ۚ أَنتُمَا وَمَنِ اتَّبَعَكُمَا الْغَالِبُونَ ﴿٣٥﴾ | 35 |
| *প্রতিবর্ণায়ন* | ক`া-লা ছানাশুদ্দু ‘আদু`দাকা বিআখীকা ওয়া নাজ‘আলু লাকুমা- ছুল্‌ত`া-নাং ফালা- ইয়াসিলূনা ইলাইকুমা- (مع) বিআ-য়া-তিনা˜(مع) আংতুমা- ওয়া মানিত্‌তাবা‘আকুমাল গা-লিবূন্‌। | |
| *তরজমা* | আল্লাহ্‌ বলিলেন, ‘আমি তোমার ভ্রাতার দ্বারা তোমার বাহু শক্তিশালী করিব এবং তোমাদের উভয়কে প্রাধান্য দান করিব। উহারা তোমাদের নিকট পৌঁছিতে পারিবে না। তোমরা এবং তোমাদের অনুসারীরা আমার নিদর্শনবলে উহাদের উপর প্রবল হইবে।’ | |
| | فَلَمَّا جَاءَهُم مُّوسَىٰ بِآيَاتِنَا بَيِّنَاتٍ قَالُوا مَا هَٰذَا إِلَّا سِحْرٌ مُّفْتَرًى وَمَا سَمِعْنَا بِهَٰذَا فِي آبَائِنَا الْأَوَّلِينَ ﴿٣٦﴾ | 36 |

| *প্রতিবর্ণায়ন* | ফালাম্মা- জা~আহুম মূছা- বিআ-য়া-তিনা বাইয়িনা-তিং ক া-লূ মা- হা-য া˜ ইল্লা - ছিহ্ র়ুম মুফ্তারাওঁ ওয়ামা- ছামি'না- বিহা-য া- ফী˜আ-বা~ইনাল আওওয়ালীন্। | |
| *তরজমা* | মূসা যখন উহাদের নিকট আমার সুস্পষ্ট নিদর্শনগুলি লইয়া আসিল, উহারা বলিল, 'ইহা তো অলীক ইন্দ্রজাল মাত্র। আমাদের পূর্বপুরুষগণের কালে কখনও এইরূপ কথা শুনি নাই।' | |
| | وَقَالَ مُوۡسٰى رَبِّيۡۤ اَعۡلَمُ بِمَنۡ جَآءَ بِالۡهُدٰى مِنۡ عِنۡدِهٖ وَمَنۡ تَكُوۡنُ لَهٗ عَاقِبَةُ الدَّارِ ؕ اِنَّهٗ لَا يُفۡلِحُ الظّٰلِمُوۡنَ ﴿۳۷﴾ | 37 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ক া-লা মূছা- রাব্বী˜আ'লামু বিমাং জা~আ বিল্হুদা- মিন 'ইংদিহী ওয়া মাং তাকূনু লাহূ 'আ-কি বাতুদ্দা-রি (ط) ইন্নাহূ লা- ইউফলিহু জ় জ় া-লিমূন্। | |
| *তরজমা* | মূসা বলিল, 'আমার প্রতিপালক সম্যক অবগত, কে তাঁহার নিকট হইতে পথনির্দেশ আনিয়াছে এবং আখিরাতে কাহার পরিণাম শুভ হইবে। জালিমরা কখনো সফলকাম হইবে না।' | |
| | وَقَالَ فِرۡعَوۡنُ يٰۤاَيُّهَا الۡمَلَاُ مَا عَلِمۡتُ لَـكُمۡ مِّنۡ اِلٰهٍ غَيۡرِىۡ ۚ فَاَوۡقِدۡ لِىۡ يٰهَامٰنُ عَلَى الطِّيۡنِ فَاجۡعَلۡ لِّىۡ صَرۡحًا لَّعَلِّىۡۤ اَطَّلِعُ اِلٰٓى اِلٰهِ مُوۡسٰى ۙ وَاِنِّىۡ لَاَظُنُّهٗ مِنَ الۡكٰذِبِيۡنَ ﴿۳۸﴾ | 38 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ক া-লা ফির'আওনু ইয়া˜আইয়ুহাল্ মালাউ মা- 'আলিম্তু লাকুম মিন্ ইলা-হিন গাইরী (ج) ফাআওকি দ্লী ইয়া-হা-মা-নু 'আলাত্ ত ীনি ফাজ্'আল্লী সারহ াল্ লা'আল্লী˜আত্ত ালি'উ ইলা˜ইলা-হি মূছা-ওয়া ইন্নী লাআজু ন্নুহূ মিনাল্ কা-যি বীন্। | |
| *তরজমা* | ফির'আওন বলিল, 'হে পারিষদবর্গ! আমি ব্যতীত তোমাদের অন্য কোন ইলাহ্ আছে বলিয়া জানি না। হে হামান! তুমি আমার জন্য ইট পোড়াও এবং একটি সুউচ্চ প্রাসাদ তৈয়ার কর; হয়ত আমি ইহাতে উঠিয়া মূসার ইলাহ্কে দেখিতে পারি। তবে আমি অবশ্যই মনে করি সে মিথ্যাবাদী।' | |
| | وَاسۡتَكۡبَرَ هُوَ وَجُنُوۡدُهٗ فِى الۡاَرۡضِ بِغَيۡرِ الۡحَـقِّ وَظَنُّوۡۤا اَنَّهُمۡ اِلَـيۡنَا لَا يُرۡجَعُوۡنَ ﴿۳۹﴾ | 39 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াছ্তাক্বারা হুওয়া ওয়া জুনূদুহূ ফিল্ আর্দি বিগাইরিল্ হ াক্কি ওয়া জ ান্নূ˜আন্নাহুম্ ইলাইনা- লা-ইউরজা'উন্। | |
| *তরজমা* | ফির'আওন ও তাহার বাহিনী অন্যায়ভাবে পৃথিবীতে অহংকার করিয়াছিল এবং উহারা মনে করিয়াছিল যে, উহারা আমার নিকট প্রত্যাবর্তিত হইবে না। | |
| | فَاَخَذۡنٰهُ وَجُنُوۡدَهٗ فَنَبَذۡنٰهُمۡ فِى الۡيَمِّ ۚ فَانۡظُرۡ كَيۡفَ كَانَ عَاقِبَةُ الظّٰلِمِيۡنَ ﴿۴۰﴾ | 40 |

| | | |
|---|---|---|
| প্রতিবর্ণায়ন | ফাআখায'না–হু ওয়া জুনূদাহূ ফানাবায'না–হুম ফিল্ ইয়াম্মি (ج) ফাংজু 'র কাইফা কা–না 'আ–কি'বাতুজ্'জা–লিমীন। | |
| তরজমা | অতএব আমি তাহাকে ও তাহার বাহিনীকে ধরিলাম এবং তাহাদেরকে সমুদ্রে নিক্ষেপ করিলাম। দেখ, জালিমদের পরিণাম কি হইয়া থাকে। | |
| | وَجَعَلْنٰهُمْ اَئِمَّةً يَّدْعُوْنَ اِلَى النَّارِ ۚ وَيَوْمَ الْقِيٰمَةِ لَا يُنْصَرُوْنَ ﴿٤١﴾ | 41 |
| প্রতিবর্ণায়ন | ওয়া জা'আলনা–হুম আইম্মাতাইঁ ইয়াদ্'ঊনা ইলান্না–রি (ج) ওয়া ইয়াওমাল্ কি'য়া–মাতি লা–ইউংসারূন্। | |
| তরজমা | উহাদেরকে আমি নেতা করিয়াছিলাম; উহারা লোকদেরকে জাহান্নামের দিকে আহ্বান করিত; কিয়ামতের দিন উহাদেরকে সাহায্য করা হইবে না। | |
| | وَاَتْبَعْنٰهُمْ فِيْ هٰذِهِ الدُّنْيَا لَعْنَةً ۚ وَيَوْمَ الْقِيٰمَةِ هُمْ مِّنَ الْمَقْبُوْحِيْنَ ﴿٤٢﴾ | 42 |
| প্রতিবর্ণায়ন | ওয়া আত্বা'না–হুম্ ফী হা–যি'হিদ্দুন্ইয়া– লা'নাতাওঁ (ج) ওয়া ইয়াওমাল্ কি'য়া–মাতি হুম মিনাল মাক'বূহ'ীন্। | |
| তরজমা | এই পৃথিবীতে আমি উহাদের পশ্চাতে লাগাইয়া দিয়াছি অভিসম্পাত এবং কিয়ামতের দিন উহারা হইবে ঘৃণিত। | |
| | وَلَقَدْ اٰتَيْنَا مُوْسَى الْكِتٰبَ مِنْۢ بَعْدِ مَاۤ اَهْلَكْنَا الْقُرُوْنَ الْاُوْلٰى بَصَآئِرَ لِلنَّاسِ وَهُدًى وَّرَحْمَةً لَّعَلَّهُمْ يَتَذَكَّرُوْنَ ﴿٤٣﴾ | 43 |
| প্রতিবর্ণায়ন | ওয়া লাক'াদ্ আ–তাইনা–মূছাল্ কিতা–বা মিম্ বা'দি মা~আহ্লাক্নাল ক'ুরূনাল্ ঊলা–বাসা~ইরা লিন্না–ছি ওয়াহুদাওঁ ওয়া রাহ'মাতাল্ লা'আল্লাহুম ইয়াতায'াক্কারূন্। | |
| তরজমা | আমি তো পূর্ববর্তী বহু মানবগোষ্ঠীকে বিনাশ করিবার পর মূসাকে দিয়াছিলাম কিতাব, মানবজাতির জন্য জ্ঞানবর্তিকা, পথনির্দেশ ও অনুগ্রহস্বরূপ, যাহাতে উহারা উপদেশ গ্রহণ করে। | |
| | وَمَا كُنْتَ بِجَانِبِ الْغَرْبِيِّ اِذْ قَضَيْنَاۤ اِلٰى مُوْسَى الْاَمْرَ وَمَا كُنْتَ مِنَ الشّٰهِدِيْنَ ﴿٤٤﴾ | 44 |
| প্রতিবর্ণায়ন | ওয়ামা–কুংতা বিজানিবিল্ গার্বিইয়ি ইয্ ক'াদ'াইনা~ইলা– মূছাল আমরা ওয়ামা– কুংতা মিনাশ্শা–হিদীন। | |
| তরজমা | মূসাকে যখন আমি বিধান দিয়াছিলাম তখন তুমি পশ্চিম প্রান্তে উপস্থিত ছিলে না এবং তুমি প্রত্যক্ষদর্শীও ছিলে না। | |
| | وَلٰكِنَّاۤ اَنْشَاْنَا قُرُوْنًا فَتَطَاوَلَ عَلَيْهِمُ الْعُمُرُ ۚ وَمَا كُنْتَ ثَاوِيًا فِيْۤ اَهْلِ مَدْيَنَ تَتْلُوْا عَلَيْهِمْ اٰيٰتِنَا ۙ وَلٰكِنَّا كُنَّا مُرْسِلِيْنَ ﴿٤٥﴾ | 45 |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালা- কিন্না~ আংশা'না- কু'রূনাং ফাতাত'া-ওয়ালা 'আলাইহিমুল্ 'উমুরু (ج) ওয়ামা- কুংতা ছ'া-বি'য়াং ফী~আহ্লি মাদ্ইয়ানা তাত্লূ 'আলাইহিম্ আ-য়া-তিনা- (ﻻ) ওয়া লা-কিন্না- কুন্না- মুরছিলীন্। | |
| *তরজমা* | বস্তুত আমি অনেক মানবগোষ্ঠীর আবির্ভাব ঘটাইয়াছিলাম ; অতঃপর উহাদের বহু যুগ অতিবাহিত হইয়া গিয়াছে। তুমি তো মাদইয়ানবাসীদের মধ্যে বিদ্যমান ছিলে না উহাদের নিকট আমার আয়াত আবৃত্তি করিবার জন্য। আমিই তো ছিলাম রাসূল প্রেরণকারী। | |
| | وَمَا كُنتَ بِجَانِبِ الطُّورِ إِذْ نَادَيْنَا وَلَٰكِن رَّحْمَةً مِّن رَّبِّكَ لِتُنذِرَ قَوْمًا مَّا أَتَاهُم مِّن نَّذِيرٍ مِّن قَبْلِكَ لَعَلَّهُمْ يَتَذَكَّرُونَ ﴿٤٦﴾ | 46 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা- কুংতা বিজা-নিবিত্'তূ'রি ই্য' না-দাইনা- ওয়ালা-কির্ রাহ'মাতাম্ মির্ রাব্বিকা লিতুংযি'রা ক'াওমাম্ মা~আতা-হুম মিং নায'ীরিম মিং ক'াব্লিকা লা'আল্লাহুম ইয়াতায'াক্কারূন্। | |
| *তরজমা* | মূসাকে যখন আমি আহ্বান করিয়াছিলাম তখন তুমি তূর পর্বতপার্শ্বে উপস্থিত ছিলে না। বস্তুত ইহা তোমার প্রতিপালকের নিকট হইতে দয়াস্বরূপ, যাহাতে তুমি এমন এক সম্প্রদায়কে সতর্ক করিতে পার, যাহাদের নিকট তোমার পূর্বে কোন সতর্ককারী আসে নাই, যেন উহারা উপদেশ গ্রহণ করে ; | |
| | وَلَوْلَا أَن تُصِيبَهُم مُّصِيبَةٌ بِمَا قَدَّمَتْ أَيْدِيهِمْ فَيَقُولُوا رَبَّنَا لَوْلَا أَرْسَلْتَ إِلَيْنَا رَسُولًا فَنَتَّبِعَ آيَاتِكَ وَنَكُونَ مِنَ الْمُؤْمِنِينَ ﴿٤٧﴾ | 47 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাওলা~আং তুসীবাহুম মুসীবাতুম্ বিমা-ক'াদ্দামাত্ আইদীহিম ফাইয়াকূ'লূ রাব্বানা- লাওলা~আরছাল্তা ইলাইনা- রাছূলাং ফানাত্তাবি'আ আ-য়া-তিকা ওয়া নাকূনা মিনাল্ মু'মিনীন্। | |
| *তরজমা* | রাসূল না পাঠাইলে উহাদের কৃতকর্মের জন্য উহাদের কোন বিপদ হইলে উহারা বলিত, 'হে আমাদের প্রতিপালক! তুমি আমাদের নিকট কোন রাসূল প্রেরণ করিলে না কেন ? করিলে আমরা তোমার বিধান মানিয়া চলিতাম এবং আমরা হইতাম মু'মিন।' | |
| | فَلَمَّا جَاءَهُمُ الْحَقُّ مِنْ عِندِنَا قَالُوا لَوْلَا أُوتِيَ مِثْلَ مَا أُوتِيَ مُوسَىٰ ۚ أَوَلَمْ يَكْفُرُوا بِمَا أُوتِيَ مُوسَىٰ مِن قَبْلُ ۖ قَالُوا سِحْرَانِ تَظَاهَرَا وَقَالُوا إِنَّا بِكُلٍّ كَافِرُونَ ﴿٤٨﴾ | 48 |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ফালাম্মা- জা~আহুমুল্ হা্ক্কু মিন্ ‘ইংদিনা কা্-লূ লাওলা~ উতিয়া মিছ্লা মা~উতিয়া মূছা- (ط) আওয়ালাম্ ইয়াক্ফুরূ বিমা~উতিয়া মূছা- মিং কা্ব্লু (ج) কা্-লূ ছিহ্রা-নি তাজা্-হারা- (قف) ওয়া কা্-লূ~ইন্না- বিকুল্লিং কা-ফিরূন। | |
| *তরজমা* | অতঃপর যখন আমার নিকট হইতে উহাদের নিকট সত্য আসিল, উহারা বলিতে লাগিল, ‘মূসাকে যেরূপ দেওয়া হইয়াছিল, তাহাকে সেরূপ দেওয়া হইল না কেন ?’ কিন্তু পূর্বে মূসাকে যাহা দেওয়া হইয়াছিল তাহা কি উহারা অস্বীকার করে নাই ? উহারা বলিয়াছিল, ‘দুইটিই জাদু, একে অপরকে সমর্থন করে।’ এবং উহারা বলিয়াছিল, ‘আমরা সকলকেই প্রত্যাখ্যান করি।’ | |
| | قُلْ فَأْتُوا بِكِتَٰبٍ مِّنْ عِندِ ٱللَّهِ هُوَ أَهْدَىٰ مِنْهُمَآ أَتَّبِعْهُ إِن كُنتُمْ صَٰدِقِينَ ﴿٤٩﴾ | **49** |
| *প্রতিবর্ণায়ন* | কু্ল্ ফা’তূ বিকিতা-বিম্ মিন্ ‘ইংদিল্লা-হি হুওয়া আহ্দা- মিনহুমা~ আত্তাবি‘হু ইং কুংতুম্ সা-দিকী্ন্। | |
| ZiRgv | বল, ‘তোমরা সত্যবাদী হইলে আল্লাহ্র নিকট হইতে এক কিতাব আনয়ন কর, যাহা পথনির্দেশে এতদুভয় হইতে উৎকৃষ্টতর হইবে ; আমি সে কিতাব অনুসরণ করিব।’ | |
| | فَإِن لَّمْ يَسْتَجِيبُوا۟ لَكَ فَٱعْلَمْ أَنَّمَا يَتَّبِعُونَ أَهْوَآءَهُمْ ۚ وَمَنْ أَضَلُّ مِمَّنِ ٱتَّبَعَ هَوَىٰهُ بِغَيْرِ هُدًى مِّنَ ٱللَّهِ ۚ إِنَّ ٱللَّهَ لَا يَهْدِى ٱلْقَوْمَ ٱلظَّٰلِمِينَ ﴿٥٠﴾ | **50** |
| *প্রতিবর্ণায়ন* | ফাইল লাম ইয়াছ্তাজীবূ লাকা ফা‘লাম্ আন্নামা-ইয়াত্তাবি‘ঊনা আহ্ওয়া-আহুম্ (ط) ওয়ামান্ আদা্ল্লু মিম্ মানিত্তাবা‘আ হাওয়া-হু বিগাইরি হুদাম্ মিনাল্লা-হি (ط) ইন্নাল্লা-হা লা-ইয়াহ্দিল কা্ওমাজ্জা-লিমীন্। | |
| *তরজমা* | অতঃপর উহারা যদি তোমার আহ্বানে সাড়া না দেয়, তাহা হইলে জানিবে উহারা তো কেবল নিজেদের খেয়াল-খুশির অনুসরণ করে। আল্লাহ্র পথনির্দেশ অগ্রাহ্য করিয়া যে ব্যক্তি নিজ খেয়াল-খুশির অনুসরণ করে তাহা অপেক্ষা অধিক বিভ্রান্ত আর কে ? আল্লাহ্ জালিম সম্প্রদায়কে পথনির্দেশ করেন না। | |
| | وَلَقَدْ وَصَّلْنَا لَهُمُ ٱلْقَوْلَ لَعَلَّهُمْ يَتَذَكَّرُونَ ﴿٥١﴾ | **51** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালাকা্দ ওয়াস্সাল্না- লাহুমুল্ কা্ওলা লা‘আল্লাহুম ইয়াতাযা্ক্কারূন্। | |
| *তরজমা* | আমি তো উহাদের নিকট পরপর বাণী পৌঁছাইয়া দিয়াছি; যাহাতে উহারা উপদেশ গ্রহণ করে। | |
| | ٱلَّذِينَ ءَاتَيْنَٰهُمُ ٱلْكِتَٰبَ مِن قَبْلِهِۦ هُم بِهِۦ يُؤْمِنُونَ ﴿٥٢﴾ | **52** |
| *প্রতিবর্ণায়ন* | আল্লাযী্না আ-তাইনা-হুমুল কিতা-বা মিং কা্বলিহী হুম বিহী ইউ’মিনূন্। | |
| *তরজমা* | ইহার পূর্বে আমি যাহাদেরকে কিতাব দিয়াছিলাম, তাহারা ইহাতে বিশ্বাস করে। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | وَإِذَا يُتْلَىٰ عَلَيْهِمْ قَالُوٓا۟ ءَامَنَّا بِهِۦٓ إِنَّهُ ٱلْحَقُّ مِن رَّبِّنَآ إِنَّا كُنَّا مِن قَبْلِهِۦ مُسْلِمِينَ ﴿٥٣﴾ | 53 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইযা– ইউত্লা– ‘আলাইহিম্ ক া–লূ˜আ–মান্না– বিহী˜ইন্নাহুল্ হ াক্কু মির্ রাব্বিনা˜ইন্না– কুন্না–মিং ক াবলিহী মুছলিমীন্। | |
| *তরজমা* | যখন উহাদের নিকট ইহা আবৃত্তি করা হয় তখন উহারা বলে, ‘আমরা ইহাতে ঈমান আনি, নিশ্চয়ই ইহা আমাদের প্রতিপালক হইতে আগত সত্য। আমরা তো পূর্বেও আত্মসমর্পণকারী ছিলাম; | |
| | أُو۟لَٰٓئِكَ يُؤْتَوْنَ أَجْرَهُم مَّرَّتَيْنِ بِمَا صَبَرُوا۟ وَيَدْرَءُونَ بِٱلْحَسَنَةِ ٱلسَّيِّئَةَ وَمِمَّا رَزَقْنَٰهُمْ يُنفِقُونَ ﴿٥٤﴾ | 54 |
| *প্রতিবর্ণায়ন* | উলা~ইকা ইউ’তাওনা আজরাহুম্ মার্রাতাইনি বিমা–সাবারূ ওয়া ইয়াদ্রাউনা বিল্হ াছানাতিছ্ ছাইয়িআতা ওয়া মিম্মা–রাঝাক না–হুম ইউংফিকূ ন। | |
| *তরজমা* | উহাদেরকে দুইবার পারিশ্রমিক প্রদান করা হইবে, যেহেতু উহারা ধৈর্যশীল এবং উহারা ভালর দ্বারা মন্দের মুকাবিলা করে ও আমি উহাদেরকে যে রিযিক দিয়াছি তাহা হইতে উহারা ব্যয় করে। | |
| | وَإِذَا سَمِعُوا۟ ٱللَّغْوَ أَعْرَضُوا۟ عَنْهُ وَقَالُوا۟ لَنَآ أَعْمَٰلُنَا وَلَكُمْ أَعْمَٰلُكُمْ سَلَٰمٌ عَلَيْكُمْ لَا نَبْتَغِى ٱلْجَٰهِلِينَ ﴿٥٥﴾ | 55 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইযা– ছামি‘উল্ লাগ্ওয়া আ’রাদূ ‘আনহু ওয়া ক া–লূ লানা˜আ‘মা–লুনা– ওয়ালাকুম আ‘মা–লুকুম্ (ز) ছালা–মুন্ ‘আলাইকুম (ز) লা–নাব্তাগিল্ জা–হিলীন্। | |
| *তরজমা* | উহারা যখন অসার বাক্য শ্রবণ করে তখন উহারা তাহা উপেক্ষা করিয়া চলে এবং বলে, ‘আমাদের কাজের ফল আমাদের জন্য এবং তোমাদের কাজের ফল তোমাদের জন্য ; তোমাদের প্রতি ‘সালাম’। আমরা অজ্ঞদের সঙ্গ চাহি না।’ | |
| | إِنَّكَ لَا تَهْدِى مَنْ أَحْبَبْتَ وَلَٰكِنَّ ٱللَّهَ يَهْدِى مَن يَشَآءُ ۚ وَهُوَ أَعْلَمُ بِٱلْمُهْتَدِينَ ﴿٥٦﴾ | 56 |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাকা লা–তাহ্দী মাং আহ বাবতা ওয়ালাকিন্নাল্লা–হা ইয়াহ্দী মাইঁ ইয়াশা~উ (ج) ওয়া হুওয়া আ‘লামু বিল্মুহ্তাদীন্। | |
| *তরজমা* | তুমি যাহাকে ভালবাস, ইচ্ছা করিলেই তাহাকে সৎপথে আনিতে পারিবে না। তবে আল্লাহ্ই যাহাকে ইচ্ছা সৎপথে আনয়ন করেন এবং তিনিই ভাল জানেন সৎপথ অনুসারীদেরকে। | |

| | | |
|---|---|---|
| | وَقَالُوْٓا اِنْ نَّتَّبِعِ الْهُدٰى مَعَكَ نُتَخَطَّفْ مِنْ اَرْضِنَا ؕ اَوَلَمْ نُمَكِّنْ لَّهُمْ حَرَمًا اٰمِنًا يُّجْبٰٓى اِلَيْهِ ثَمَرٰتُ كُلِّ شَىْءٍ رِّزْقًا مِّنْ لَّدُنَّا وَلٰـكِنَّ اَكْثَرَهُمْ لَا يَعْلَمُوْنَ ﴿۵۷﴾ | 57 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া কা-লূ~ইং নাত্তাবি'ইল্ হুদা- মা'আকা নুতাখাত্ ত্বাফ্ মিন্ আরদ্বি না- (ط) আওয়ালাম্ নুমাক্কিল্ লাহুম হ়ারামান্ আ-মিনাইঁ ইউজবা~ইলাইহি ছ়ামারা-তু কুল্লি শাইইর্‌রিঝক়াম্ মিল্লাদুন্না-ওয়ালা-কিন্না আক্‌ছ়ারাহুম্ লা-ইয়া'লামূন্। | |
| *তরজমা* | উহারা বলে, 'আমরা যদি তোমার সঙ্গে সৎপথ অনুসরণ করি তবে আমাদেরকে দেশ হইতে উৎখাত করা হইবে।' আমি কি উহাদেরকে এক নিরাপদ হারামে প্রতিষ্ঠিত করি নাই, যেখানে সর্বপ্রকার ফলমূল আমদানী হয় আমার দেওয়া রিযিক স্বরূপ ? কিন্তু উহাদের অধিকাংশই ইহা জানে না। | |
| | وَكَمْ اَهْلَكْنَا مِنْ قَرْيَةٍۭ بَطِرَتْ مَعِيْشَتَهَا ۚ فَتِلْكَ مَسٰكِنُهُمْ لَمْ تُسْكَنْ مِّنْۢ بَعْدِهِمْ اِلَّا قَلِيْلًا ؕ وَكُنَّا نَحْنُ الْوٰرِثِيْنَ ﴿۵۸﴾ | 58 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া কাম্ আহ্‌লাক্‌না- মিং ক়ারইয়াতিম্ বাতি়রাত্ মা'ঈশাতাহা- (ج) ফাতিল্‌কা মাছা-কিনুহুম লাম্ তুছ্‌কাম্ মিম্ বা'দিহিম ইল্লা- ক়ালীলাওঁ (ط) ওয়া কুন্না- নাহ়নুল ওয়া-রিছ়ীন্। | |
| *তরজমা* | কত জনপদকে আমি ধ্বংস করিয়াছি যাহার বাসিন্দারা নিজেদের ভোগ-সম্পদের দম্ভ করিত! এইগুলিই তো উহাদের ঘরবাড়ি ; উহাদের পর এইগুলিতে লোকজন সামান্যই বসবাস করিয়াছে। আর আমি তো চূড়ান্ত মালিকানার অধিকারী ! | |
| | وَمَا كَانَ رَبُّكَ مُهْلِكَ الْقُرٰى حَتّٰى يَبْعَثَ فِىْٓ اُمِّهَا رَسُوْلًا يَّتْلُوْا عَلَيْهِمْ اٰيٰتِنَا ۚ وَمَا كُنَّا مُهْلِكِى الْقُرٰٓى اِلَّا وَاَهْلُهَا ظٰلِمُوْنَ ﴿۵۹﴾ | 59 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা-কা-না রাব্বুকা মুহ্‌লিকাল্ কু়রা-হ়াত্তা-ইয়াব্'আছ় া ফী~উম্মিহা- রাছূলাইঁ ইয়াত্‌লূ 'আলাইহিম্ আ-য়া-তিনা- (ج) ওয়ামা-কুন্না-মুহ্‌লিকিল্ কু়রা~ইল্লা- ওয়া আহ্‌লুহা-জ়া-লিমূন্। | |
| *তরজমা* | তোমার প্রতিপালক জনপদসমূহকে ধ্বংস করেন না উহার কেন্দ্রে তাঁহার আয়াত আবৃত্তি করিবার জন্য রাসূল প্রেরণ না করিয়া এবং আমি জনপদসমূহকে তখনই ধ্বংস করি যখন ইহার বাসিন্দারা জুলুম করে। | |
| | وَمَآ اُوْتِيْتُمْ مِّنْ شَىْءٍ فَمَتَاعُ الْحَيٰوةِ الدُّنْيَا وَزِيْنَتُهَا ۚ وَمَا عِنْدَ اللّٰهِ خَيْرٌ وَّاَبْقٰى ؕ اَفَلَا تَعْقِلُوْنَ ﴿۶۰﴾ | 60 |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা~উতীতুম মিং শাইয়িং ফামাতা-‘উল্ হ়ায়া-তিদ্‌দুন্‌ইয়া-ওয়াঝীনাতুহা- (ج) ওয়ামা-‘ইংদাল্লা-হি খাইরুওঁ ওয়া আব্‌ক়া- (ط) আফালা- তা‘কি়লূন্। | |
| *তরজমা* | তোমাদেরকে যাহা কিছু দেওয়া হইয়াছে তাহা তো পার্থিব জীবনের ভোগ ও শোভা এবং যাহা আল্লাহ্‌র নিকট আছে তাহা উত্তম ও স্থায়ী। তোমরা কি অনুধাবন করিবে না ? | |
| | أَفَمَن وَعَدْنَٰهُ وَعْدًا حَسَنًا فَهُوَ لَٰقِيهِ كَمَن مَّتَّعْنَٰهُ مَتَٰعَ ٱلْحَيَوٰةِ ٱلدُّنْيَا ثُمَّ هُوَ يَوْمَ ٱلْقِيَٰمَةِ مِنَ ٱلْمُحْضَرِينَ ﴿٦١﴾ | 61 |
| *প্রতিবর্ণায়ন* | আফামাওঁ ওয়া ‘আদানা-হু ওয়া‘দান হ়াছানাং ফাহুওয়া লা-ক়ীহি কামাম মাত্তা‘না-হু মাতা-‘আল্ হ়ায়া-তিদ্‌দুনইয়া- ছু়ম্মা হুওয়া ইয়াওমাল্ কি়য়া-মাতি মিনাল্ মুহ়দ়ারীন্। | |
| *তরজমা* | যাহাকে আমি উত্তম পুরস্কারের প্রতিশ্রুতি দিয়াছি, যাহা সে পাইবে, সে কি ঐ ব্যক্তির সমান যাহাকে আমি পার্থিব জীবনের ভোগ-সম্ভার দিয়াছি, যাহাকে পরে কিয়ামতের দিন হাযির করা হইবে ? | |
| | وَيَوْمَ يُنَادِيهِمْ فَيَقُولُ أَيْنَ شُرَكَآءِىَ ٱلَّذِينَ كُنتُمْ تَزْعُمُونَ ﴿٦٢﴾ | 62 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয়াওমা ইউনা-দীহিম ফাইয়াকূ়লু আইনা শুরাকা~ই ইয়াল্লায়ীনা কুংতুম তাঝ‘উমূন্। | |
| *তরজমা* | এবং সেই দিন তিনি উহাদেরকে আহ্বান করিয়া বলিবেন, ‘তোমরা যাহাদেরকে আমার শরীক গণ্য করিতে, তাহারা কোথায় ?’ | |
| | قَالَ ٱلَّذِينَ حَقَّ عَلَيْهِمُ ٱلْقَوْلُ رَبَّنَا هَٰٓؤُلَآءِ ٱلَّذِينَ أَغْوَيْنَآ أَغْوَيْنَٰهُمْ كَمَا غَوَيْنَا ۖ تَبَرَّأْنَآ إِلَيْكَ ۖ مَا كَانُوٓا۟ إِيَّانَا يَعْبُدُونَ ﴿٦٣﴾ | 63 |
| *প্রতিবর্ণায়ন* | ক়া-লাল্লায়ীনা হ়াক্ক়া ‘আলাইহিমুল্ ক়াওলু রাব্বানা- হা~উলা~ইল্লায়ীনা আগ্‌ওয়াইনা- (ج) আগ্‌ওয়াইনা-হুম কামা-গাওয়াইনা- (ج) তাবাররা’না~ইলাইকা (ز) মা- কা-নূ~ ইয়্যা-না- ইয়া‘বুদূন্। | |
| *তরজমা* | যাহাদের জন্য শাস্তি অবধারিত হইয়াছে তাহারা বলিবে, ‘হে আমাদের প্রতিপালক ! ইহাদেরকেই আমরা বিভ্রান্ত করিয়াছিলাম ; ইহাদেরকে বিভ্রান্ত করিয়াছিলাম যেমন আমরা বিভ্রান্ত হইয়াছিলাম ; আপনার সমীপে আমরা দায়িত্ব হইতে অব্যাহতি চাহিতেছি। ইহারা তো আমাদের ‘ইবাদত করিত না।’ | |

| | | |
|---|---|---|
| | وَقِيْلَ ادْعُوْا شُرَكَآءَكُمْ فَدَعَوْهُمْ فَلَمْ يَسْتَجِيْبُوْا لَهُمْ وَرَاَوُا الْعَذَابَ ۚ لَوْ اَنَّهُمْ كَانُوْا يَهْتَدُوْنَ ﴿٦٤﴾ | **64** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ক ীলাদ্‘উ শুরাকা~আকুম্ ফাদা‘আওহুম ফালাম্ ইয়াছ্তাজীবূ লাহুম্ ওয়ারাআউল ‘আয া-বা (ج) লাও আন্নাহুম কা-নূ ইয়াহ্তাদূন্। | |
| *তরজমা* | উহাদেরকে বলা হইবে, ‘তোমাদের দেবতাগুলিকে আহ্বান কর।’ তখন ইহারা উহাদেরকে ডাকিবে। কিন্তু উহারা ইহাদের ডাকে সাড়া দিবে না। ইহারা শাস্তি প্রত্যক্ষ করিবে। হায়! ইহারা যদি সৎপথ অনুসরণ করিত। | |
| | وَيَوْمَ يُنَادِيْهِمْ فَيَقُوْلُ مَاذَآ اَجَبْتُمُ الْمُرْسَلِيْنَ ﴿٦٥﴾ | **65** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয়াওমা ইউনা-দীহিম ফাইয়াকূ লু মা-য া~আজাব্তুমুল্ মুরছালীন্। | |
| *তরজমা* | আর সেই দিন আল্লাহ্ ইহাদেরকে ডাকিয়া বলিবেন, ‘তোমরা রাসূলগণকে কী জবাব দিয়াছিলে ?’ | |
| | فَعَمِيَتْ عَلَيْهِمُ الْاَنْۢبَآءُ يَوْمَئِذٍ فَهُمْ لَا يَتَسَآءَلُوْنَ ﴿٦٦﴾ | **66** |
| *প্রতিবর্ণায়ন* | ফা‘আমিয়াত ‘আলাইহিমুল্ আম্বা~উ ইয়াওমায়িযি ং ফাহুম লা-ইয়াতাছা~আলূন্। | |
| *তরজমা* | সেই দিন সকল তথ্য তাহাদের নিকট হইতে বিলুপ্ত হইবে এবং ইহারা একে অপরকে জিজ্ঞাসাবাদও করিতে পারিবে না। | |
| | فَاَمَّا مَنْ تَابَ وَاٰمَنَ وَعَمِلَ صَالِحًا فَعَسٰۤى اَنْ يَّكُوْنَ مِنَ الْمُفْلِحِيْنَ ﴿٦٧﴾ | **67** |
| *প্রতিবর্ণায়ন* | ফাআম্মা-মাং তা-বা ওয়া আ-মানা ওয়া‘আমিলা সা-লিহ াং ফা‘আছা~আইঁ ইয়াকূনা মিনাল মুফ্লিহ ীন্। | |
| *তরজমা* | তবে যে ব্যক্তি তওবা করিয়াছিল এবং ঈমান আনিয়াছিল ও সৎকর্ম করিয়াছিল, আশা করা যায় সে সাফল্য অর্জনকারীদের অন্তর্ভুক্ত হইবে। | |
| | وَرَبُّكَ يَخْلُقُ مَا يَشَآءُ وَيَخْتَارُ ؕ مَا كَانَ لَهُمُ الْخِيَرَةُ ؕ سُبْحٰنَ اللّٰهِ وَتَعٰلٰى عَمَّا يُشْرِكُوْنَ ﴿٦٨﴾ | **68** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া রাব্বুকা ইয়াখলুকু মা- ইয়াশা~উ ওয়া ইয়াখ্তা-রু (ط) মা- কানা লাহুমুল খিয়ারাতু (ط) ছুবহ া-নাল্লা-হি ওয়া তা‘আ-লা- ‘আম্মা-ইউশ্রিকূন্। | |
| *তরজমা* | তোমার প্রতিপালক যাহা ইচ্ছা সৃষ্টি করেন এবং যাহাকে ইচ্ছা মনোনীত করেন, ইহাতে উহাদের কোন হাত নাই। আল্লাহ্ পবিত্র, মহান এবং উহারা যাহাকে শরীক করে তাহা হইতে তিনি উর্ধ্বে! | |
| | وَرَبُّكَ يَعْلَمُ مَا تُكِنُّ صُدُوْرُهُمْ وَمَا يُعْلِنُوْنَ ﴿٦٩﴾ | **69** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া রাব্বুকা ইয়া‘লামু মা-তুকিন্নু সুদূরুহুম ওয়ামা- ইউ‘লিমূন্। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | আর তোমার প্রতিপালক জানেন ইহাদের অন্তর যাহা গোপন করে এবং ইহারা যাহা ব্যক্ত করে। | |
| | وَهُوَ اللّٰهُ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ۭ لَهُ الْحَمْدُ فِي الْاُوْلٰى وَالْاٰخِرَةِ ۡ وَلَهُ الْحُكْمُ وَاِلَيْهِ تُرْجَعُوْنَ ۝ | 70 |
| প্রতিবর্ণায়ন | ওয়া হুওয়াল্লা-হু লা˜ইলা-হা ইল্লা-হুওয়া (ط) লাহুল হ˙াম্‌দু ফিল্ ঊলা-ওয়াল্ আ-খিরাতি (ز) ওয়া লাহুল্ হু˙কমু ওয়া ইলাইহি তুরজা‘উন্। | |
| তরজমা | তিনিই আল্লাহ্, তিনি ব্যতীত কোন ইলাহ্ নাই, দুনিয়া ও আখিরাতে সমস্ত প্রশংসা তাঁহারই ; বিধান তাঁহারই ; তোমরা তাঁহারই দিকে প্রত্যাবর্তিত হইবে। | |
| | قُلْ اَرَءَيْتُمْ اِنْ جَعَلَ اللّٰهُ عَلَيْكُمُ الَّيْلَ سَرْمَدًا اِلٰى يَوْمِ الْقِيٰمَةِ مَنْ اِلٰهٌ غَيْرُ اللّٰهِ يَاْتِيْكُمْ بِضِيَاۗءٍ ۭ اَفَلَا تَسْمَعُوْنَ ۝ | 71 |
| প্রতিবর্ণায়ন | ক˙ুল্ আরাআইতুম্ ইং জা‘আলা-ল্লাহু ‘আলাইকুমুল্ লাইলা ছার্‌মাদান্ ইলা- ইয়াওমিল্ কি˙য়া-মাতি মান্ ইলা-হুন গাইরুল্লা-হি ইয়া’তীকুম্ বিদি˙য়া~ইন (ط) আফালা-তাছমা‘উন্। | |
| তরজমা | বল, ‘তোমরা ভাবিয়া দেখিয়াছ কি, আল্লাহ্ যদি রাত্রিকে কিয়ামতের দিন পর্যন্ত স্থায়ী করেন, আল্লাহ্ ব্যতীত এমন কোন্ ইলাহ্ আছে, যে তোমাদেরকে আলোক আনিয়া দিতে পারে ? তবুও কি তোমরা কর্ণপাত করিবে না ?’ | |
| | قُلْ اَرَءَيْتُمْ اِنْ جَعَلَ اللّٰهُ عَلَيْكُمُ النَّهَارَ سَرْمَدًا اِلٰى يَوْمِ الْقِيٰمَةِ مَنْ اِلٰهٌ غَيْرُ اللّٰهِ يَاْتِيْكُمْ بِلَيْلٍ تَسْكُنُوْنَ فِيْهِ ۭ اَفَلَا تُبْصِرُوْنَ ۝ | 72 |
| প্রতিবর্ণায়ন | ক˙ুল আরাআইতুম ইং জা‘আলাল্লা-হু ‘আলাইকুমুন্ নাহা-রা ছার্‌মাদান্ ইলা- ইয়াওমিল কি˙য়া-মাতি মান্ ইলা-হুন গাইরুল্লা-হি ইয়া’তীকুম্ বিলাইলিং তাছ্‌কুনূনা ফীহি (ط) আফালা-তুব্‌সিরূন। | |
| তরজমা | বল, ‘তোমরা ভাবিয়া দেখিয়াছ কি, আল্লাহ্ যদি দিবসকে কিয়ামতের দিন পর্যন্ত স্থায়ী করেন, আল্লাহ্ ব্যতীত এমন কোন্ ইলাহ্ আছে, যে তোমাদের জন্য রাত্রির আবির্ভাব ঘটাইবে, যাহাতে তোমরা বিশ্রাম করিতে পার ? তবুও কি তোমরা ভাবিয়া দেখিবে না ?’ | |
| | وَمِنْ رَّحْمَتِهٖ جَعَلَ لَكُمُ الَّيْلَ وَالنَّهَارَ لِتَسْكُنُوْا فِيْهِ وَلِتَبْتَغُوْا مِنْ فَضْلِهٖ وَلَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ۝ | 73 |
| প্রতিবর্ণায়ন | ওয়া মির রাহ˙মাতিহী জা‘আলা লাকুমুল্ লাইলা ওয়ান্ নাহা-রা লিতাছ্‌কুনূ ফীহি ওয়ালিতাব্‌তাগূ মিং ফাদ˙লিহী ওয়া লা‘আল্লাকুম্ তাশ্‌কুরূন। | |

| | | |
|---|---|---|
| *তরজমা* | তিনিই তাঁহার দয়ায় তোমাদের জন্য করিয়াছেন রজনী ও দিবস, যেন উহাতে তোমরা বিশ্রাম করিতে পার এবং তাঁহার অনুগ্রহ সন্ধান করিতে পার এবং কৃতজ্ঞতা প্রকাশ কর। | |
| | وَيَوْمَ يُنَادِيهِمْ فَيَقُولُ أَيْنَ شُرَكَاءِيَ الَّذِينَ كُنتُمْ تَزْعُمُونَ ۝ | 74 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয়াওমা ইউনা-দীহিম ফাইয়াকূ্লু আইনা শুরাকা~ইয়াল্লায ীনা কুংতুম তাঝ‘উমূন্। | |
| *তরজমা* | সেই দিন তিনি উহাদেরকে আহ্বান করিয়া বলিবেন, ‘তোমরা যাহাদেরকে আমার শরীক গণ্য করিতে তাহারা কোথায় ?’ | |
| | وَنَزَعْنَا مِن كُلِّ أُمَّةٍ شَهِيدًا فَقُلْنَا هَاتُوا بُرْهَانَكُمْ فَعَلِمُوا أَنَّ الْحَقَّ لِلَّهِ وَضَلَّ عَنْهُم مَّا كَانُوا يَفْتَرُونَ ۝ | 75 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ানাঝা‘না-মিং কুল্লি উম্মাতিং শাহীদাং ফাকু্লনা-হা-তূ বুরহা-নাকুম্ ফা‘আলিমূ~আন্নাল্ হাক্ক্া লিল্লা-হি ওয়া দাল্লা ‘আনহুম মা-কা-নূ ইয়াফ্তারূন্। | |
| *তরজমা* | প্রত্যেক সম্প্রদায় হইতে আমি একজন সাক্ষী বাহির করিয়া আনিব এবং বলিব, ‘তোমাদের প্রমাণ উপস্থিত কর।’ তখন উহারা জানিতে পারিবে, ইলাহ্ হইবার অধিকার আল্লাহ্রই এবং উহারা যাহা উদ্ভাবন করিত তাহা উহাদের নিকট হইতে অন্তর্হিত হইবে। | |
| | إِنَّ قَارُونَ كَانَ مِن قَوْمِ مُوسَىٰ فَبَغَىٰ عَلَيْهِمْ ۖ وَآتَيْنَاهُ مِنَ الْكُنُوزِ مَا إِنَّ مَفَاتِحَهُ لَتَنُوءُ بِالْعُصْبَةِ أُولِي الْقُوَّةِ إِذْ قَالَ لَهُ قَوْمُهُ لَا تَفْرَحْ ۖ إِنَّ اللَّهَ لَا يُحِبُّ الْفَرِحِينَ ۝ | 76 |
| *প্রতিবর্ণায়ন* | ইন্না কা-রূনা কা-না মিং কাওমি মূছা-ফাবাগা- ‘আলাইহিম (ص) ওয়া আ-তাইনা-হু মিনাল্ কুনূঝি মা~ইন্না মাফা-তিহাহূ লাতানূ~উ বিল্‘উসবাতি উলিল কু্ওওয়াতি (ق) ইয কা-লা লাহূ কাওমুহূ লা- তাফ্রাহ্ ইন্নাল্লা-হা লা-ইউহিব্বুল ফারিহীন্। | |
| *তরজমা* | কারূন ছিল মূসার সম্প্রদায়ভুক্ত, কিন্তু সে তাহাদের প্রতি ঔদ্ধত্য প্রকাশ করিয়াছিল। আমি তাহাকে দান করিয়াছিলাম এমন ধনভাণ্ডার যাহার চাবিগুলি বহন করা একদল বলবান লোকের পক্ষেও কষ্টসাধ্য ছিল। স্মরণ কর, তাহার সম্প্রদায় তাহাকে বলিয়াছিল, ‘দম্ভ করিও না, নিশ্চয় আল্লাহ্ দাম্ভিকদেরকে পসন্দ করেন না। | |
| | وَابْتَغِ فِيمَا آتَاكَ اللَّهُ الدَّارَ الْآخِرَةَ ۖ وَلَا تَنسَ نَصِيبَكَ مِنَ الدُّنْيَا ۖ وَأَحْسِن كَمَا أَحْسَنَ اللَّهُ إِلَيْكَ ۖ وَلَا تَبْغِ الْفَسَادَ فِي الْأَرْضِ ۖ إِنَّ اللَّهَ لَا يُحِبُّ الْمُفْسِدِينَ ۝ | 77 |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ওয়াব্‌তাগি ফিমা˜আ-তা-কাল্লা-হুদ্‌দা-রাল আ-খিরাতা ওয়ালা- তাংছা নাসীবাকা মিনাদ্‌দুনইয়া- ওয়া আহ্‌ছিন্ কামা˜আহ্‌ছানাল্লা-হু ইলাইকা ওয়ালা তাব্‌গিল্ ফাছা-দা ফিল্ আর্‌দি (ط) ইন্নাল্লা-হা লা-ইউহি্‌ব্বুল মুফছিদীন্। | |
| *তরজমা* | 'আল্লাহ্ যাহা তোমাকে দিয়াছেন তদ্দ্বারা আখিরাতের আবাস অনুসন্ধান কর এবং দুনিয়া হইতে তোমার অংশ ভুলিও না; তুমি অনুগ্রহ কর যেমন আল্লাহ্ তোমার প্রতি অনুগ্রহ করিয়াছেন এবং পৃথিবীতে বিপর্যয় সৃষ্টি করিতে চাহিও না। আল্লাহ্ বিপর্যয় সৃষ্টিকারীকে ভালবাসেন না।' | |
| | قَالَ إِنَّمَآ أُوتِيتُهُۥ عَلَىٰ عِلْمٍ عِندِىٓ ۚ أَوَلَمْ يَعْلَمْ أَنَّ ٱللَّهَ قَدْ أَهْلَكَ مِن قَبْلِهِۦ مِنَ ٱلْقُرُونِ مَنْ هُوَ أَشَدُّ مِنْهُ قُوَّةً وَأَكْثَرُ جَمْعًا ۚ وَلَا يُسْـَٔلُ عَن ذُنُوبِهِمُ ٱلْمُجْرِمُونَ ﴿٧٨﴾ | 78 |
| *প্রতিবর্ণায়ন* | ক্বা-লা ইন্নামা˜উতীতুহূ 'আলা- 'ইল্‌মিন 'ইংদী (ط) আওয়ালাম্ ইয়া'লাম্ আন্নাল্লা-হা ক্বাদ আহ্‌লাকা মিং ক্বাব্‌লিহী মিনাল ক্বুরূনি মান্ হুওয়া আশাদ্দু মিনহু ক্বুওওয়াতাওঁ ওয়া আক্‌ছারু জাম্'আওঁ (ط) ওয়ালা- ইউছআলু 'আং যু্নূবিহিমুল্ মুজরিমূন্। | |
| *তরজমা* | সে বলিল, 'এই সম্পদ আমি আমার জ্ঞানবলে প্রাপ্ত হইয়াছি।' সে কি জানিত না আল্লাহ্ তাহার পূর্বে ধ্বংস করিয়াছেন বহু মানবগোষ্ঠীকে যাহারা তাহা অপেক্ষা শক্তিতে ছিল প্রবল, জনসংখ্যায় ছিল অধিক ? অপরাধীদেরকে উহাদের অপরাধ সম্পর্কে প্রশ্ন করা হইবে না। | |
| | فَخَرَجَ عَلَىٰ قَوْمِهِۦ فِى زِينَتِهِۦ ۖ قَالَ ٱلَّذِينَ يُرِيدُونَ ٱلْحَيَوٰةَ ٱلدُّنْيَا يَـٰلَيْتَ لَنَا مِثْلَ مَآ أُوتِىَ قَـٰرُونُ إِنَّهُۥ لَذُو حَظٍّ عَظِيمٍ ﴿٧٩﴾ | 79 |
| *প্রতিবর্ণায়ন* | ফাখারাজা 'আলা- ক্বাওমিহী ফী ঝীনাতিহী (ط) ক্বা-লাল্লাযীনা ইউরীদূনাল্ হ্বায়া-তাদ্ দুন্‌ইয়া- ইয়া- লাইতা লানা- মিছ্‌লা মা˜উতিয়া ক্বা-রূনু (ۙ) ইন্নাহূ লাযূ হ্বাজ্জিন্ 'আজীম্। | |
| *তরজমা* | কারূন তাহার সম্প্রদায়ের সম্মুখে উপস্থিত হইয়াছিল জাঁকজমকসহকারে। যাহারা পার্থিব জীবন কামনা করিত তাহারা বলিল, 'আহা, কারূনকে যেইরূপ দেওয়া হইয়াছে আমাদেরকেও যদি তাহা দেওয়া হইত। প্রকৃতই সে মহাভাগ্যবান।' | |
| | وَقَالَ ٱلَّذِينَ أُوتُوا۟ ٱلْعِلْمَ وَيْلَكُمْ ثَوَابُ ٱللَّهِ خَيْرٌ لِّمَنْ ءَامَنَ وَعَمِلَ صَـٰلِحًا ۚ وَلَا يُلَقَّىٰهَآ إِلَّا ٱلصَّـٰبِرُونَ ﴿٨٠﴾ | 80 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ক্বা-লাল্লাযীনা উতুল 'ইল্‌মা ওয়াইলাকুম্ ছাওয়া-বুল্লা-হি খাইরুল্ লিমান আ-মানা ওয়া 'আমিলা সা-লিহাওঁ (ج) ওয়ালা- ইউলাক্কা-হা˜ইল্লাসসা-বিরূন্। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
| --- | --- | --- |
| *তরজমা* | এবং যাহাদেরকে জ্ঞান দেওয়া হইয়াছিল তাহারা বলিল, ‘ধিক তোমাদেরকে! যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে তাহাদের জন্য আল্লাহ্‌র পুরস্কারই শ্রেষ্ঠ এবং ধৈর্যশীল ব্যতীত ইহা কেহ পাইবে না।’ | |
| | فَخَسَفْنَا بِهٖ وَبِدَارِهِ الْاَرْضَ ۟ فَمَا كَانَ لَهٗ مِنْ فِئَةٍ يَّنْصُرُوْنَهٗ مِنْ دُوْنِ اللّٰهِ ۗ وَمَا كَانَ مِنَ الْمُنْتَصِرِيْنَ ۝٨١ | **81** |
| *প্রতিবর্ণায়ন* | ফাখাছাফনা- বিহী ওয়া বিদা-রিহিল আর্‌দ্বা (قف) ফামা- কা-না লাহূ মিং ফিয়াতিইঁ ইয়াংসুরূনাহূ মিং দূনিল্লা-হি (ق) ওয়ামা- কা-না মিনাল মুংতাসিরীন্। | |
| *তরজমা* | অতঃপর আমি কারূনকে তাহার প্রাসাদসহ ভূগর্ভে প্রোথিত করিলাম। তাহার স্বপক্ষে এমন কোন দল ছিল না যে আল্লাহ্‌র শাস্তি হইতে তাহাকে সাহায্য করিতে পারিত এবং সে নিজেও আত্মরক্ষায় সক্ষম ছিল না। | |
| | وَاَصْبَحَ الَّذِيْنَ تَمَنَّوْا مَكَانَهٗ بِالْاَمْسِ يَقُوْلُوْنَ وَيْكَاَنَّ اللّٰهَ يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ يَّشَآءُ مِنْ عِبَادِهٖ وَيَقْدِرُ ۚ لَوْلَآ اَنْ مَّنَّ اللّٰهُ عَلَيْنَا لَخَسَفَ بِنَا ؕ وَيْكَاَنَّهٗ لَا يُفْلِحُ الْكٰفِرُوْنَ ۝٨٢ | **82** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আসবাহাল্লাযীনা তামান্নাও মাকা-নাহূ বিল্‌আম্‌ছি ইয়াকূলূনা ওয়াইকাআন্নাল্লা-হা ইয়াব্‌ছুতুর্‌রিঝকা লিমাইঁ ইয়াশা~উ মিন ‘ইবা-দিহী ওয়া ইয়াকদিরু (ج) লাওলা~আম্‌ মান্নাল্লা-হু ‘আলাইনা- লাখাছাফা বিনা- (ط) ওয়াইকাআন্নাহূ লা-ইউফ্‌লিহুল্‌ কা-ফিরূন্। | |
| *তরজমা* | পূর্বদিন যাহারা তাহার মত হইবার কামনা করিয়াছিল, তাহারা বলিতে লাগিল, ‘দেখিলে তো, আল্লাহ্‌ তাঁহার বান্দাদের মধ্যে যাহার জন্য ইচ্ছা তাহার রিযিক বর্ধিত করেন এবং যাহার জন্য ইচ্ছা হ্রাস করেন। যদি আল্লাহ্‌ আমাদের প্রতি সদয় না হইতেন তবে আমাদেরকেও তিনি ভূগর্ভে প্রোথিত করিতেন। দেখিলে তো! কাফিররা সফলকাম হয় না।’ | |
| | تِلْكَ الدَّارُ الْاٰخِرَةُ نَجْعَلُهَا لِلَّذِيْنَ لَا يُرِيْدُوْنَ عُلُوًّا فِى الْاَرْضِ وَلَا فَسَادًا ؕ وَالْعَاقِبَةُ لِلْمُتَّقِيْنَ ۝٨٣ | **83** |
| *প্রতিবর্ণায়ন* | তিল্‌কাদ্‌দা-রুল আ-খিরাতু নাজ‘আলুহা- লিল্লাযীনা লা- ইউরীদূনা ‘উলুওওয়াং ফিল্‌ আরদি ওয়ালা- ফাছা-দাওঁ (ط) ওয়াল্‌ ‘আ-কিবাতু লিল্‌মুত্তাকীন্। | |
| *তরজমা* | ইহা আখিরাতের সেই আবাস যাহা আমি নির্ধারিত করি তাহাদের জন্য যাহারা এই পৃথিবীতে উদ্ধত হইতে ও বিপর্যয় সৃষ্টি করিতে চাহে না। শুভ পরিণাম মুত্তাকীদের জন্য। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | مَنْ جَآءَ بِالْحَسَنَةِ فَلَهٗ خَيْرٌ مِّنْهَا ۚ وَمَنْ جَآءَ بِالسَّيِّئَةِ فَلَا يُجْزَى الَّذِيْنَ عَمِلُوا السَّيِّاٰتِ اِلَّا مَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿۸۴﴾ | **84** |
| *প্রতিবর্ণায়ন* | মাং জা~আ বিল হাছানাতি ফালাহূ খাইরুম্ মিনহা- (ج) ওয়া মাং জা~আ বিছ্ছাইয়িআতি ফালা- ইউজ্ঝাল্লায ীনা 'আমিলুছ্ ছাইয়িআ-তি ইল্লা- মা- কা-নূ ইয়া'মালূন্। | |
| *তরজমা* | যে কেহ সৎকর্ম লইয়া উপস্থিত হয় তাহার জন্য রহিয়াছে উহা অপেক্ষা উত্তম ফল, আর যে মন্দ কর্ম লইয়া উপস্থিত হয়, তবে যাহারা মন্দ কর্ম করে তাহাদেরকে তাহারা যাহা করিয়াছে উহারই শাস্তি দেওয়া হইবে। | |
| | اِنَّ الَّذِيْ فَرَضَ عَلَيْكَ الْقُرْاٰنَ لَرَآدُّكَ اِلٰى مَعَادٍ ؕ قُلْ رَّبِّيْۤ اَعْلَمُ مَنْ جَآءَ بِالْهُدٰى وَمَنْ هُوَ فِيْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿۸۵﴾ | **85** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাল্লায ী ফারাদ া 'আলাইকাল্ কু'রআ-না লারা~দ্দুকা ইলা- মা'আ-দিং (ط) কু'র্রাব্বী ~আ'লামু মাং জা~আ বিলহুদা- ওয়া মান্ হুওয়া ফী দ ালা-লিম্ মুবীন্। | |
| *তরজমা* | যিনি তোমার জন্য কুরআনকে করিয়াছেন বিধান তিনি তোমাকে অবশ্যই ফিরাইয়া আনিবেন জন্মভূমিতে। বল, 'আমার প্রতিপালক ভাল জানেন কে সৎপথের নির্দেশ আনিয়াছে এবং কে স্পষ্ট বিভ্রান্তিতে আছে।' | |
| | وَمَا كُنْتَ تَرْجُوْۤا اَنْ يُّلْقٰۤى اِلَيْكَ الْكِتٰبُ اِلَّا رَحْمَةً مِّنْ رَّبِّكَ فَلَا تَكُوْنَنَّ ظَهِيْرًا لِّلْكٰفِرِيْنَ ﴿۸۶﴾ | **86** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা- কুংতা তারাজূ~আইঁ ইউল্ক া~ইলাইকাল্ কিতা-বু ইল্লা-রাহ মাতাম্ মির্ রাব্বিকা ফালা- তাকূনান্না জ াহীরাল্ লিলকা-ফিরীন্। | |
| *তরজমা* | তুমি আশা কর নাই যে, তোমার প্রতি কিতাব অবতীর্ণ হইবে। ইহা তো কেবল তোমার প্রতিপালকের অনুগ্রহ। সুতরাং তুমি কখনও কাফিরদের সহায় হইও না। | |
| | وَلَا يَصُدُّنَّكَ عَنْ اٰيٰتِ اللّٰهِ بَعْدَ اِذْ اُنْزِلَتْ اِلَيْكَ وَادْعُ اِلٰى رَبِّكَ وَلَا تَكُوْنَنَّ مِنَ الْمُشْرِكِيْنَ ﴿۸۷﴾ | **87** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালা- ইয়াসুদ্দুন্নাকা 'আন্ আ-য়া-তিল্লা-হি বা'দা ইয্ উংঝিলাত্ ইলাইকা ওয়াদ্'উ ইলা- রাব্বিকা ওয়ালা- তাকূনান্না মিনাল্ মুশরিকীন্। | |
| *তরজমা* | তোমার প্রতি আল্লাহ্র আয়াত অবতীর্ণ হওয়ার পর উহারা যেন তোমাকে কিছুতেই সেগুলি হইতে বিমুখ না করে। তুমি তোমার প্রতিপালকের দিকে আহ্বান কর এবং কিছুতেই মুশরিকদের অন্তর্ভুক্ত হইও না। | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
|  | وَلَا تَدۡعُ مَعَ اللّٰهِ اِلٰـهًا اٰخَرَ ۘ لَاۤ اِلٰهَ اِلَّا هُوَ ۟ كُلُّ شَىۡءٍ هَالِكٌ اِلَّا وَجۡهَهٗ ؕ لَهُ الۡحُكۡمُ وَاِلَيۡهِ تُرۡجَعُوۡنَ ﴿۸۸﴾ | 88 |
| প্রতিবর্ণায়ন | ওয়ালা- তাদ্‘উ মা‘আল্লা-হি ইলা-হান্ আ-খারা(م)। লা~ইলা-হা ইল্লা-হুওয়া (قف) কুল্লু শাইইন্ হা-লিকুন ইল্লা- ওয়াজহাহূ (ط) লাহুল হুক্মু ওয়া ইলাইহি তুরজা‘উন্। |  |
| তরজমা | তুমি আল্লাহ্‌র সঙ্গে অন্য ইলাহ্‌কে ডাকিও না, তিনি ব্যতীত অন্য কোন ইলাহ্ নাই। আল্লাহ্‌র সত্তা ব্যতীত সমস্ত কিছুই ধ্বংসশীল। বিধান তাঁহারই এবং তাঁহারই নিকট তোমরা প্রত্যাবর্তিত হইবে। |  |
|  | **29 - Al-`Ankabut-আনকাবূত -العنكبوت** |  |
|  | بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ |  |
|  | الٓـمّٓ ۚ﴿۱﴾ | 1 |
| প্রতিবর্ণায়ন | আলিফ লা~ম মী~ম। |  |
| তরজমা | আলিফ-লাম-মীম; |  |
|  | اَحَسِبَ النَّاسُ اَنۡ يُّتۡرَكُوۡۤا اَنۡ يَّقُوۡلُوۡۤا اٰمَنَّا وَهُمۡ لَا يُفۡتَنُوۡنَ ﴿۲﴾ | 2 |
| প্রতিবর্ণায়ন | আহ াছিবান্না-ছু আইঁ ইউতরাকূ~ আইঁ ইয়াকূ লূ~ আ-মান্না-ওয়া হুম লা-ইউফতানূন। |  |
| তরজমা | মানুষ কি মনে করে যে, ‘আমরা ঈমান আনিয়াছি’ এই কথা বলিলেই উহাদেরকে পরীক্ষা না করিয়া অব্যাহতি দেওয়া হইবে ? |  |
|  | وَلَقَدۡ فَتَنَّا الَّذِيۡنَ مِنۡ قَبۡلِهِمۡ فَلَيَعۡلَمَنَّ اللّٰهُ الَّذِيۡنَ صَدَقُوۡا وَلَيَعۡلَمَنَّ الۡكٰذِبِيۡنَ ﴿۳﴾ | 3 |
| প্রতিবর্ণায়ন | ওয়ালাক াদ ফাতান্নাল্লায ীনা মিং ক াবলিহিম ফালাইয়া‘লামান্নাল্লা-হুল্লায ীনা সাদাকূ ওয়ালাইয়া‘লামান্নাল কা-যি বীন।। |  |
| তরজমা | আমি তো ইহাদের পূর্ববর্তীদেরকেও পরীক্ষা করিয়াছিলাম ; আল্লাহ্ অবশ্যই প্রকাশ করিয়া দিবেন কাহারা সত্যবাদী এবং তিনি অবশ্যই প্রকাশ করিয়া দিবেন কাহারা মিথ্যাবাদী। |  |
|  | اَمۡ حَسِبَ الَّذِيۡنَ يَعۡمَلُوۡنَ السَّيِّاٰتِ اَنۡ يَّسۡبِقُوۡنَا ؕ سَآءَ مَا يَحۡكُمُوۡنَ ﴿۴﴾ | 4 |
| প্রতিবর্ণায়ন | আম হ াছিবাল্লায ীনা ইয়া‘মালূনাছ্ছাইয়িআ-তি আইঁ ইয়াছবিকূ না- (ط) ছা~আ মা- ইয়াহ কুমূন। |  |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | তবে কি যাহারা মন্দ কর্ম করে তাহারা মনে করে যে, তাহারা আমার আয়ত্তের বাহিরে চলিয়া যাইবে ? তাহাদের সিদ্ধান্ত কত মন্দ! | |
| | مَنْ كَانَ يَرْجُوْا لِقَآءَ اللّٰهِ فَاِنَّ اَجَلَ اللّٰهِ لَاٰتٍ ؕ وَهُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ۝۵ | **5** |
| প্রতিবর্ণায়ন | মাং কা–না ইয়ারজু লিক া~আল্লা–হি ফাইন্না আজালাল্লা–হি লাআ–তিওঁ (ط) ওয়া হুওয়াছ্ ছামী‘উল ‘আলীম। | |
| তরজমা | যে আল্লাহ্‌র সাক্ষাৎ কামনা করে সে জানিয়া রাখুক, আল্লাহ্‌র নির্ধারিত কাল আসিবেই। তিনি সর্বশ্রোতা, সর্বজ্ঞ। | |
| | وَمَنْ جَاهَدَ فَاِنَّمَا يُجَاهِدُ لِنَفْسِهٖ ؕ اِنَّ اللّٰهَ لَغَنِىٌّ عَنِ الْعٰلَمِيْنَ ۝۶ | **6** |
| প্রতিবর্ণায়ন | ওয়া মাং জা–হাদা ফাইন্নামা–ইউজা–হিদু লিনাফ্ছিহী (ط) ইন্নাল্লা–হা লাগানিইউন্ ‘আনিল ‘আ–লামীন। | |
| তরজমা | যে কেহ সাধনা করে, সে তো নিজের জন্যই সাধনা করে ; আল্লাহ্ তো বিশ্বজগৎ হইতে অমুখাপেক্ষী। | |
| | وَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ لَنُكَفِّرَنَّ عَنْهُمْ سَيِّاٰتِهِمْ وَلَنَجْزِيَنَّهُمْ اَحْسَنَ الَّذِىْ كَانُوْا يَعْمَلُوْنَ ۝۷ | **7** |
| প্রতিবর্ণায়ন | ওয়াল্লায ীনা আ–মানূ ওয়া ‘আমিলুস্সা–লিহ া–তি লানুকাফফিরান্না ‘আনহুম ছাইয়িআ–তিহিম ওয়ালানাজঝিয়ান্নাহুম আহ ছানাল্লায ী কা–নূ ইয়া‘মালূন। | |
| তরজমা | এবং যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে আমি নিশ্চয়ই তাহাদের হইতে তাহাদের মন্দ কর্মগুলি মিটাইয়া দিব এবং আমি অবশ্যই তাহাদেরকে প্রতিদান দিব, তাহারা যে উত্তম কর্ম করিত তাহার। | |
| | وَوَصَّيْنَا الْاِنْسَانَ بِوَالِدَيْهِ حُسْنًا ؕ وَاِنْ جَاهَدٰكَ لِتُشْرِكَ بِىْ مَا لَيْسَ لَكَ بِهٖ عِلْمٌ فَلَا تُطِعْهُمَا ؕ اِلَىَّ مَرْجِعُكُمْ فَاُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ۝۸ | **8** |
| প্রতিবর্ণায়ন | ওয়া ওয়াস্সাইনাল ইংছা–না বিওয়া–লিদাইহি হু ছনাওঁ (ط) ওয়া ইং জা–হাদা–কা লিতুশরিকা বী মা–লাইছা লাকা বিহী ‘ইলমুং ফালা–তুতি ‘হুমা– (ط) ইলাইইয়া মারজি‘উকুম ফাউনাব্বিউকুম বিমা–কুংতুম তা‘মালূন। | |
| তরজমা | আমি মানুষকে নির্দেশ দিয়াছি তাহার পিতামাতার প্রতি সদ্ব্যবহার করিতে। তবে উহারা যদি তোমার উপর বল প্রয়োগ করে আমার সঙ্গে এমন কিছু শরীক করিতে যাহার সম্পর্কে তোমার কোন জ্ঞান নাই, তুমি তাহাদেরকে মানিও না। আমারই নিকট তোমাদের প্রত্যাবর্তন। অতঃপর আমি তোমাদেরকে জানাইয়া দিব তোমরা কী করিতেছিলে। | |

| | | |
|---|---|---|
| | وَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ لَنُدْخِلَنَّهُمْ فِي الصّٰلِحِيْنَ ۝٩ | **9** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াল্লাযীনা আ–মানূ ওয়া ‘আমিলুস্সা–লিহা–তি লানুদ্খিলান্নাহুম ফিস্সা–লিহীন। | |
| *তরজমা* | যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে আমি অবশ্যই তাহাদেরকে সৎকর্মপরায়ণদের অন্তর্ভুক্ত করিব। | |
| | وَمِنَ النَّاسِ مَنْ يَّقُوْلُ اٰمَنَّا بِاللّٰهِ فَاِذَآ اُوْذِيَ فِي اللّٰهِ جَعَلَ فِتْنَةَ النَّاسِ كَعَذَابِ اللّٰهِ ؕ وَلَئِنْ جَآءَ نَصْرٌ مِّنْ رَّبِّكَ لَيَقُوْلُنَّ اِنَّا كُنَّا مَعَكُمْ ؕ اَوَلَيْسَ اللّٰهُ بِاَعْلَمَ بِمَا فِيْ صُدُوْرِ الْعٰلَمِيْنَ ۝١٠ | **10** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া মিনান্না–ছি মাইঁ ইয়াকূলু আ–মান্না–বিল্লা–হি ফাইযা–উযিইয়া ফিল্লা–হি জা‘আলা ফিতনাতান্না–ছি কা‘আযা–বিল্লা–হি (ط) ওয়ালাইং জা~আ নাসরুম্ মির্ রাব্বিকা লাইয়াকূলুন্না ইন্না–কুন্না–মা‘আকুম (ط) আওয়া লাইছাল্লা–হু বিআ‘লামা বিমা–ফী সুদূরিল ‘আ–লামীন। | |
| *তরজমা* | মানুষের মধ্যে কতক বলে, ‘আমরা আল্লাহে বিশ্বাস করি, কিন্তু আল্লাহ্র পথে যখন উহারা নিগৃহীত হয়, তখন উহারা মানুষের পীড়নকে আল্লাহ্র শাস্তির মত গণ্য করে এবং তোমার প্রতিপালকের নিকট হইতে কোন সাহায্য আসিলে উহারা বলিতে থাকে, ‘আমরা তো তোমাদের সঙ্গেই ছিলাম।’ বিশ্ববাসীর অন্তঃকরণে যাহা আছে, আল্লাহ্ কি তাহা সম্যক অবগত নহেন ?’ | |
| | وَلَيَعْلَمَنَّ اللّٰهُ الَّذِيْنَ اٰمَنُوْا وَلَيَعْلَمَنَّ الْمُنٰفِقِيْنَ ۝١١ | **11** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাইয়া‘লামান্নাল্লা–হুল্লাযীনা আ–মানূ ওয়া লাইয়া‘লামান্নাল মুনা–ফিকীন। | |
| *তরজমা* | আল্লাহ্ অবশ্যই প্রকাশ করিয়া দিবেন কাহারা ঈমান আনিয়াছে এবং অবশ্যই প্রকাশ করিয়া দিবেন কাহারা মুনাফিক। | |
| | وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْا لِلَّذِيْنَ اٰمَنُوا اتَّبِعُوْا سَبِيْلَنَا وَلْنَحْمِلْ خَطٰيٰكُمْ ؕ وَمَا هُمْ بِحٰمِلِيْنَ مِنْ خَطٰيٰهُمْ مِّنْ شَيْءٍ ؕ اِنَّهُمْ لَكٰذِبُوْنَ ۝١٢ | **12** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া কা–লাল্লাযীনা কাফারূ লিল্লাযীনা আ–মানুত্তাবি‘উ ছাবীলানা–ওয়ালনাহ্মিল খাতা–য়া–কুম (ط) ওয়ামা–হুম বিহা–মিলীনা মিন খাতা–য়া হুম মিং শাইয়িন (ط) ইন্নাহুম লাকা–যিবূন। | |
| *তরজমা* | কাফিররা মু’মিনদেরকে বলে, ‘আমাদের পথ অনুসরণ কর তাহা হইলে আমরা তোমাদের পাপভার বহন করিব।’ কিন্তু উহারা তো তাহাদের পাপভারের কিছুই বহন করিবে না। উহারা অবশ্যই মিথ্যাবাদী। | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
| --- | --- | --- |
| | وَلَيَحْمِلُنَّ اَثْقَالَهُمْ وَاَثْقَالًا مَّعَ اَثْقَالِهِمْ ۫ وَلَيُسْـَٔلُنَّ يَوْمَ الْقِيٰمَةِ عَمَّا كَانُوْا يَفْتَرُوْنَ ﴿۱۳﴾ | 13 |
| প্রতিবর্ণায়ন | ওয়া লাইয়াহ্‌ মিলুন্না আছ ্ক া–লাহুম্‌ ওয়াআছ ্ক া–লাম মা‘আ আছ ্ক া–লিহিম (ز) ওয়ালাইউছআলুন্না ইয়াওমাল কি ্য়া–মাতি ‘আম্মা–কা–নূ ইয়াফতারূন। | |
| তরজমা | উহারা নিজেদের ভার বহন করিবে এবং নিজেদের বোঝার সঙ্গে আরও কিছু বোঝা ; আর উহারা যে মিথ্যা উদ্ভাবন করে সে সম্পর্কে কিয়ামত দিবসে অবশ্যই উহাদেরকে প্রশ্ন করা হইবে। | |
| | وَلَقَدْ اَرْسَلْنَا نُوْحًا اِلٰى قَوْمِهٖ فَلَبِثَ فِيْهِمْ اَلْفَ سَنَةٍ اِلَّا خَمْسِيْنَ عَامًا ؕ فَاَخَذَهُمُ الطُّوْفَانُ وَهُمْ ظٰلِمُوْنَ ﴿۱۴﴾ | 14 |
| প্রতিবর্ণায়ন | ওয়া লাক ্দ আরছালনা–নূহ ্ন ইলা–ক ্াওমিহী ফালাবিছ ্া ফীহিম্‌ আলফা ছানাতিন ইল্লা–খামছীনা ‘আ–মাং (ط) ফাআখায ্া হুমুত ্তূ ্ফা–নু ওয়াহুম জ ্া–লিমূন। | |
| তরজমা | আমি তো নূহ্‌কে তাহার সম্প্রদায়ের নিকট প্রেরণ করিয়াছিলাম। সে উহাদের মধ্যে অবস্থান করিয়াছিল পঞ্চাশ কম হাজার বৎসর। অতঃপর প্লাবন উহাদেরকে গ্রাস করে ; কারণ উহারা ছিল সীমালংঘনকারী। | |
| | فَاَنْجَيْنٰهُ وَاَصْحٰبَ السَّفِيْنَةِ وَجَعَلْنٰهَاۤ اٰيَةً لِّلْعٰلَمِيْنَ ﴿۱۵﴾ | 15 |
| প্রতিবর্ণায়ন | ফাআংজাইনা–হু ওয়া আসহ ্া–বাছ্ছাফীনাতি ওয়া জা‘আল্‌না–হা– আ–য়াতাল্‌ লিল্‌‘আ–লামীন। | |
| তরজমা | অতঃপর আমি তাহাকে এবং যাহারা তরণীতে আরোহণ করিয়াছিল তাহাদেরকে রক্ষা করিলাম এবং বিশ্বজগতের জন্য ইহাকে করিলাম একটি নিদর্শন। | |
| | وَاِبْرٰهِيْمَ اِذْ قَالَ لِقَوْمِهِ اعْبُدُوا اللّٰهَ وَاتَّقُوْهُ ؕ ذٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ اِنْ كُنْتُمْ تَعْلَمُوْنَ ﴿۱۶﴾ | 16 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ইবরা–হীমা ইয্‌ ক ্া–লা লিক ্াওমিহি‘বুদুল্লা–হা ওয়াত্তাকূ ্হু (ط) য ্া–লিকুম খাইরুল্লাকুম ইং কুংতুম তা‘লামূন। | |
| তরজমা | স্মরণ কর ইব্‌রাহীমের কথা, সে তাহার সম্প্রদায়কে বলিয়াছিল, তোমরা আল্লাহ্‌র ‘ইবাদত কর এবং তাঁহাকে ভয় কর ; তোমাদের জন্য ইহাই শ্রেয় যদি তোমরা জানিতে ! | |
| | اِنَّمَا تَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ اَوْثَانًا وَّتَخْلُقُوْنَ اِفْكًا ؕ اِنَّ الَّذِيْنَ تَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ لَا يَمْلِكُوْنَ لَكُمْ رِزْقًا فَابْتَغُوْا عِنْدَ اللّٰهِ الرِّزْقَ وَاعْبُدُوْهُ وَاشْكُرُوْا لَهٗ ؕ اِلَيْهِ تُرْجَعُوْنَ ﴿۱۷﴾ | 17 |

| | | |
|---|---|---|
| প্রতিবর্ণায়ন | ইন্নামা–তা‘বুদূনা মিং দূনিল্লা–হি আওছ া–নাওঁ ওয়া তাখলুকূ না ইফ্‌কান (ط) ইন্নাল্লায ীনা তা‘বুদূনা মিং দূনিল্লা–হি লা–ইয়ামলিকূনা লাকুম রিঝ্‌ক াং ফাবতাগূ ‘ইংদাল্লা–হির্ রিঝ্‌ক া ওয়া‘বুদূহু ওয়াশকুরূলাহূ (ط) ইলাইহি তুরজা‘উন। | |
| তরজমা | ‘তোমরা তো আল্লাহ্ ব্যতীত কেবল মূর্তিপূজা করিতেছ এবং মিথ্যা উদ্ভাবন করিতেছ। তোমরা আল্লাহ্ ব্যতীত যাহাদের পূজা কর তাহারা তোমাদের জীবনোপকরণের মালিক নয়। সুতরাং তোমরা জীবনোপকরণ কামনা কর আল্লাহ্‌র নিকট এবং তাঁহার ‘ইবাদত কর ও তাঁহার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ কর। তোমরা তাঁহারই নিকট প্রত্যাবর্তিত হইবে। | |
| | وَاِنْ تُكَذِّبُوْا فَقَدْ كَذَّبَ اُمَمٌ مِّنْ قَبْلِكُمْ ؕ وَمَا عَلَى الرَّسُوْلِ اِلَّا الْبَلٰغُ الْمُبِيْنُ ﴿۱۸﴾ | 18 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ইং তুকায্ যি বূ ফাক াদ কায্ য াবা উমামুম মিং ক াবলিকুম (ط) ওয়ামা–‘আলার্‌রাছূলি ইল্লাল বালা–গুল মুবীন। | |
| তরজমা | ‘তোমরা যদি অস্বীকার কর তবে তো তোমাদের পূর্ববর্তীরাও মিথ্যাবাদী বলিয়াছিল। সুস্পষ্টভাবে প্রচার করিয়া দেওয়া ব্যতীত রাসূলের আর কোন দায়িত্ব নাই। | |
| | اَوَلَمْ يَرَوْا كَيْفَ يُبْدِئُ اللّٰهُ الْخَلْقَ ثُمَّ يُعِيْدُهٗ ؕ اِنَّ ذٰلِكَ عَلَى اللّٰهِ يَسِيْرٌ ﴿۱۹﴾ | 19 |
| প্রতিবর্ণায়ন | আওয়ালাম ইয়ারাও কাইফা ইউবদিউল্লা-হুল খালক া ছু ম্মা ইউ‘ঈদুহূ (ط) ইন্না য া-লিকা ‘আলাল্লা-হি ইয়াছীর। | |
| তরজমা | উহারা কি লক্ষ্য করে না, কিভাবে আল্লাহ্ সৃষ্টিকে অস্তিত্ব দান করেন, অতঃপর উহা পুনরায় সৃষ্টি করেন ? ইহা তো আল্লাহ্‌র জন্য সহজ। | |
| | قُلْ سِيْرُوْا فِى الْاَرْضِ فَانْظُرُوْا كَيْفَ بَدَاَ الْخَلْقَ ثُمَّ اللّٰهُ يُنْشِئُ النَّشْاَةَ الْاٰخِرَةَ ؕ اِنَّ اللّٰهَ عَلٰى كُلِّ شَىْءٍ قَدِيْرٌ ﴿۲۰﴾ | 20 |
| প্রতিবর্ণায়ন | কু ল্ ছীরূ ফিল আরদি  ফাংজু রূ কাইফা বাদাআল খালক া ছু ম্মাল্লা–হু ইউংশিউং নাশআতাল আ–খিরাতা (ط) ইন্নাল্লা–হা ‘আলা–কুল্লি শাইয়িং ক াদীর। | |
| তরজমা | বল, ‘তোমরা পৃথিবীতে পরিভ্রমণ কর এবং অনুধাবন কর, কিভাবে তিনি সৃষ্টি আরম্ভ করিয়াছেন! অতঃপর আল্লাহ্ সৃষ্টি করিবেন পরবর্তী সৃষ্টি। আল্লাহ্ তো সর্ববিষয়ে সর্বশক্তিমান। | |
| | يُعَذِّبُ مَنْ يَّشَآءُ وَيَرْحَمُ مَنْ يَّشَآءُ ۚ وَاِلَيْهِ تُقْلَبُوْنَ ﴿۲۱﴾ | 21 |
| প্রতিবর্ণায়ন | ইউ‘আয্ যি বূ মাইঁইয়াশা~উ ওয়া ইয়ারহ ামু মাইঁ ইয়াশা~উ (ج) ওয়া ইলাইহি তুক লাবূন । | |
| তরজমা | তিনি যাহাকে ইচ্ছা শাস্তি দেন এবং যাহার প্রতি ইচ্ছা অনুগ্রহ করেন। তোমরা তাঁহারই নিকট প্রত্যাবর্তিত হইবে। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | وَمَآ أَنتُم بِمُعْجِزِينَ فِى ٱلْأَرْضِ وَلَا فِى ٱلسَّمَآءِ ۖ وَمَا لَكُم مِّن دُونِ ٱللَّهِ مِن وَلِىٍّ وَلَا نَصِيرٍ ﴿٢٢﴾ | **22** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা-আংতুম বিমু‘জিঝীনা ফিল আরদি` ওয়ালা-ফিছ্‌ছামা~ই (ز) ওয়ামা-লাকুম মিং দূনিল্লা-হি মিওঁ ওয়ালিইয়িওঁ ওয়ালা-নাসীর। | |
| *তরজমা* | তোমরা আল্লাহ্‌কে ব্যর্থ করিতে পারিবে না পৃথিবীতে, আর না আকাশে এবং আল্লাহ্‌ ব্যতীত তোমাদের কোন অভিভাবক নাই, সাহায্যকারীও নাই। | |
| | وَٱلَّذِينَ كَفَرُوا۟ بِـَٔايَٰتِ ٱللَّهِ وَلِقَآئِهِۦٓ أُو۟لَٰٓئِكَ يَئِسُوا۟ مِن رَّحْمَتِى وَأُو۟لَٰٓئِكَ لَهُمْ عَذَابٌ أَلِيمٌ ﴿٢٣﴾ | **23** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াল্লায`ীনা কাফারূ বিআ-য়া-তিল্লা-হি ওয়া লিক`া-ইহী~উলা~ইকা ইয়াইছূ মির্‌রাহ`মাতী ওয়া উলা~ইকা লাহুম ‘আয`া-বুন আলীম। | |
| *তরজমা* | যাহারা আল্লাহ্‌র নিদর্শন ও তাঁহার সাক্ষাৎ অস্বীকার করে, তাহারাই আমার অনুগ্রহ হইতে নিরাশ হয়। আর তাহাদের জন্য আছে মর্মন্তুদ শাস্তি। | |
| | فَمَا كَانَ جَوَابَ قَوْمِهِۦٓ إِلَّآ أَن قَالُوا۟ ٱقْتُلُوهُ أَوْ حَرِّقُوهُ فَأَنجَىٰهُ ٱللَّهُ مِنَ ٱلنَّارِ ۚ إِنَّ فِى ذَٰلِكَ لَءَايَٰتٍ لِّقَوْمٍ<br>يُؤْمِنُونَ ﴿٢٤﴾ | **24** |
| *প্রতিবর্ণায়ন* | ফামা-কা-না জাওয়া-বা ক`াওমিহী-ইল্লা-আং ক`াংলুক`তুলূহু আও হ`ার্‌রিকুহু ফাআংজা-হুল্লা-হু মিনান্‌না-রি (ط) ইন্না ফী য`া-লিকা লাআ-য়া-তিল্‌ লিক`াওমিইঁ ইউ’মিনূন। | |
| *তরজমা* | উত্তরে ইব্‌রাহীমের সম্প্রদায় শুধু এই বলিল, ‘ইহাকে হত্যা কর অথবা অগ্নিদগ্ধ কর।’ কিন্তু আল্লাহ্‌ তাহাকে অগ্নি হইতে রক্ষা করিলেন। ইহাতে অবশ্যই নিদর্শন রহিয়াছে মু’মিন সম্প্রদায়ের জন্য। | |
| | وَقَالَ إِنَّمَا ٱتَّخَذْتُم مِّن دُونِ ٱللَّهِ أَوْثَٰنًا مَّوَدَّةَ بَيْنِكُمْ فِى ٱلْحَيَوٰةِ ٱلدُّنْيَا ۖ ثُمَّ يَوْمَ ٱلْقِيَٰمَةِ يَكْفُرُ بَعْضُكُم<br>بِبَعْضٍ وَيَلْعَنُ بَعْضُكُم بَعْضًا وَمَأْوَىٰكُمُ ٱلنَّارُ وَمَا لَكُم مِّن نَّٰصِرِينَ ﴿٢٥﴾ | **25** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ক`া-লা ইন্নামাত্‌তাখায`তুম মিং দূনিল্লা-হি আওছ`া-নাম্‌ (لا) মাওয়াদ্দাতা বাইনিকুম ফিল হ`ায়া-তিদ্‌ দুন্‌ইয়া- (ج) ছু`ম্মা ইয়াওমাল কি`য়া-মাতি ইয়াকফুরু বা‘দু`কুম বিবা‘দি`ওঁ ওয়া ইয়াল্‌‘আনু বা‘দু`কুম বা‘দ`াওঁ (ز) ওয়ামা‘ ওয়া-কুমুন্‌না-রু ওয়ামা-লাকুম মিন্‌না-সিরীন। | |
| *তরজমা* | ইব্‌রাহীম বলিল, ‘তোমরা তো আল্লাহ্‌র পরিবর্তে মূর্তিগুলিকে উপাস্যরূপে গ্রহণ করিয়াছ, পার্থিব জীবনে তোমাদের পারস্পরিক বন্ধুত্বের খাতিরে। পরে কিয়ামতের দিন তোমরা একে অপরকে অস্বীকার করিবে এবং পরস্পর পরস্পরকে অভিসম্পাত দিবে। তোমাদের আবাস হইবে জাহান্নাম এবং তোমাদের কোন সাহায্যকারী থাকিবে না।’ | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | فَاٰمَنَ لَهٗ لُوْطٌ ۘ وَقَالَ اِنِّیْ مُهَاجِرٌ اِلٰی رَبِّیْ ؕ اِنَّهٗ هُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ﴿٢٦﴾ | 26 |
| *প্রতিবর্ণায়ন* | ফাআ–মানা লাহূ লূত (م)। ওয়া ক া–লা ইন্নী মুহা–জিরুন ইলা–রাব্বী (ط) ইন্নাহূ হুওয়াল ‘আঝীঝুল হ াকীম। | |
| *তরজমা* | লূত তাহার প্রতি বিশ্বাস স্থাপন করিল। ইব্‌রাহীম বলিল, ‘আমি আমার প্রতিপালকের উদ্দেশ্যে দেশ ত্যাগ করিতেছি। তিনি তো পরাক্রমশালী, প্রজ্ঞাময়।’ | |
| | وَوَهَبْنَا لَهٗۤ اِسْحٰقَ وَيَعْقُوْبَ وَجَعَلْنَا فِیْ ذُرِّيَّتِهِ النُّبُوَّةَ وَالْكِتٰبَ وَاٰتَيْنٰهُ اَجْرَهٗ فِی الدُّنْيَا ۚ وَاِنَّهٗ فِی الْاٰخِرَةِ لَمِنَ الصّٰلِحِيْنَ ﴿٢٧﴾ | 27 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ওয়াহাবনা–লাহূ ইছহ া–ক া ওয়াইয়া‘কূ বা ওয়া জা‘আলনা–ফী যু রিরইইয়াতিহিন্ নুবুওওয়াতা ওয়ালকিতা–বা ওয়া আ–তাইনা–হু আজরাহূ ফিদ্‌দুনইয়া– (ج) ওয়া ইন্নাহূ ফিল আ–খিরাতি লামিনাস্‌সা–লিহ ীন। | |
| *তরজমা* | আমি ইব্‌রাহীমকে দান করিলাম ইসহাক ও ইয়া‘কূব এবং তাহার বংশধরদের জন্য স্থির করিলাম নবুওয়াত ও কিতাব এবং আমি তাহাকে দুনিয়ায় পুরস্কৃত করিয়াছিলাম ; আখিরাতেও সে নিশ্চয়ই সৎকর্মপরায়ণদের অন্যতম হইবে। | |
| | وَلُوْطًا اِذْ قَالَ لِقَوْمِهٖۤ اِنَّكُمْ لَتَاْتُوْنَ الْفَاحِشَةَ ۫ مَا سَبَقَكُمْ بِهَا مِنْ اَحَدٍ مِّنَ الْعٰلَمِيْنَ ﴿٢٨﴾ | 28 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লূত ান ইয ক া–লা লিক াওমিহী–ইন্নাকুম লাতা’তূনাল ফা–হি শাতা (ز) মা–ছাবাক াকুম বিহা–মিন আহ াদিম মিনাল ‘আ–লামীন। | |
| *তরজমা* | স্মরণ কর লূতের কথা, সে তাহার সম্প্রদায়কে বলিয়াছিল, ‘তোমরা তো এমন অশ্লীল কর্ম করিতেছ, যাহা তোমাদের পূর্বে বিশ্বে কেহ করে নাই। | |
| | اَئِنَّكُمْ لَتَاْتُوْنَ الرِّجَالَ وَتَقْطَعُوْنَ السَّبِيْلَ ۙ وَتَاْتُوْنَ فِیْ نَادِيْكُمُ الْمُنْكَرَ ؕ فَمَا كَانَ جَوَابَ قَوْمِهٖۤ اِلَّاۤ اَنْ قَالُوا ائْتِنَا بِعَذَابِ اللّٰهِ اِنْ كُنْتَ مِنَ الصّٰدِقِيْنَ ﴿٢٩﴾ | 29 |
| *প্রতিবর্ণায়ন* | আইন্নাকুম লাতা’তূনার রিজা–লা ওয়া তাক ত া‘ঊনাছ্ ছাবীলা (ﻻ) ওয়া তা’তূনা ফী না–দীকুমুল মুংকারা (ط) ফামা–কা–না জাওয়া–বা ক াওমিহী ইল্লা আং ক া–লু’ তিনা–বি‘আয া–বিল্লা–হি ইং কুংতা মিনাস্‌সা–দিক ীন। | |
| *তরজমা* | ‘তোমরাই তো পুরুষে উপগত হইতেছ, তোমরাই তো রাহাজানি করিয়া থাক এবং তোমরাই তো নিজেদের মজলিসে প্রকাশ্যে ঘৃণ্য কর্ম করিয়া থাক।’ উত্তরে তাহার সম্প্রদায় শুধু এই বলিল, ‘আমাদের উপর আল্লাহ্‌র শাস্তি আনয়ন কর-যদি তুমি সত্যবাদী হও।’ | |
| | قَالَ رَبِّ انْصُرْنِیْ عَلَی الْقَوْمِ الْمُفْسِدِيْنَ ﴿٣٠﴾ | 30 |

| | | |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ক্বা-লা রাব্বিংসুরনী ‘আলাল ক্বাওমিল মুফছিদীন। | |
| *তরজমা* | সে বলিল, ‘হে আমার প্রতিপালক ! বিপর্যয় সৃষ্টিকারী সম্প্রদায়ের বিরুদ্ধে আমাকে সাহায্য কর।’ | |
| | وَلَمَّا جَآءَتْ رُسُلُنَآ اِبْرٰهِيْمَ بِالْبُشْرٰى ۙ قَالُوْٓا اِنَّا مُهْلِكُوْٓا اَهْلِ هٰذِهِ الْقَرْيَةِ ۚ اِنَّ اَهْلَهَا كَانُوْا ظٰلِمِيْنَ ۝٣١ | 31 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাম্মা-জা~আত রুছুলুনা ˜ইবরা-হীমা বিলবুশরা- (ۙ) ক্বা-লূ ইন্না- মুহলিকূ ˜আহলি হা-যি˙হিল ক্বারইয়াতি (ج) ইন্না আহলাহা-কা-নূ জ˙া-লিমীন। | |
| *তরজমা* | যখন আমার প্রেরিত ফিরিশ্‌তাগণ সুসংবাদসহ ইব্‌রাহীমের নিকট আসিল, তাহারা বলিয়াছিল, ‘আমরা এই জনপদবাসীদেরকে ধ্বংস করিব, ইহার অধিবাসীরা তো জালিম।’ | |
| | قَالَ اِنَّ فِيْهَا لُوْطًا ۗ قَالُوْا نَحْنُ اَعْلَمُ بِمَنْ فِيْهَا ۫ لَنُنَجِّيَنَّهٗ وَاَهْلَهٗٓ اِلَّا امْرَاَتَهٗ ۫ كَانَتْ مِنَ الْغٰبِرِيْنَ ۝٣٢ | 32 |
| *প্রতিবর্ণায়ন* | ক্বা-লা ইন্না ফীহা-লূত˙া- (ط) ক্বা-লূ নাহ˙নু আ‘লামু বিমাং ফীহা- (ز) লানুনাজজিয়ান্নাহূ ওয়া আহ্‌লাহূ ˜ইল্লাম রাআতাহূ (ز) কা-নাত মিনাল গা-বিরীন। | |
| *তরজমা* | ইব্‌রাহীম বলিল, ‘এই জনপদে তো লূত রহিয়াছে।’ উহারা বলিল, ‘সেখানে কাহারা আছে, তাহা আমরা ভাল জানি, আমরা তো লূতকে ও তাহার পরিজনবর্গকে রক্ষা করিবই, তাহার স্ত্রীকে ব্যতীত ; সে তো পশ্চাতে অবস্থানকারীদের অন্তর্ভুক্ত।’ | |
| | وَلَمَّآ اَنْ جَآءَتْ رُسُلُنَا لُوْطًا سِيْٓءَ بِهِمْ وَضَاقَ بِهِمْ ذَرْعًا وَّقَالُوْا لَا تَخَفْ وَلَا تَحْزَنْ ۫ اِنَّا مُنَجُّوْكَ وَاَهْلَكَ اِلَّا امْرَاَتَكَ كَانَتْ مِنَ الْغٰبِرِيْنَ ۝٣٣ | 33 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাম্মা ˜আং জা~আত রুছুলুনা-লূত˙ান ছী~আ বিহিম ওয়া দ˙া-ক্বা বিহিম য˙ার‘আওঁ ওয়া ক্বা-লূ লা-তাখাফ ওয়ালা-তাহ˙ঝান (قف) ইন্না-মুনাজ্‌জূকা ওয়া আহলাকা ইল্লাম রাআতাকা কা-নাত  মিনাল গা-বিরীন। | |
| *তরজমা* | এবং যখন আমার প্রেরিত ফিরিশতাগণ লূতের নিকট আসিল, তখন তাহাদের জন্য সে বিষণ্ন হইয়া পড়িল এবং নিজেকে তাহাদের রক্ষায় অসমর্থ মনে করিল। উহারা বলিল, ‘ভয় করিও না, দুঃখ করিও না ; আমরা তোমাকে ও তোমার পরিজনবর্গকে রক্ষা করিব, তোমার স্ত্রী ব্যতীত ; সে তো পশ্চাতে অবস্থানকারীদের অন্তর্ভুক্ত ; | |
| | اِنَّا مُنْزِلُوْنَ عَلٰٓى اَهْلِ هٰذِهِ الْقَرْيَةِ رِجْزًا مِّنَ السَّمَآءِ بِمَا كَانُوْا يَفْسُقُوْنَ ۝٣٤ | 34 |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ইন্না মুংঝিলূনা 'আলা˜ আহলি হা-যি˙হিল ক˙ারইয়াতি রিজঝাম মিনাছ্‌ছামা~ই বিমা-কা-নূ ইয়াফছুকূ˙ন। | |
| *তরজমা* | 'আমরা এই জনপদবাসীদের উপর আকাশ হইতে শাস্তি নাযিল করিব, কারণ উহারা পাপাচার করিতেছিল।' | |
| | وَلَقَد تَّرَكْنَا مِنْهَآ ءَايَةًۢ بَيِّنَةً لِّقَوْمٍ يَعْقِلُونَ ٣٥ | 35 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাক˙াত তারাকনা-মিনহা˜আ-য়াতাম্ বাইয়িনাতাল লিক˙াওমিই ইয়া'কি˙লূন। | |
| *তরজমা* | আমি তো বোধশক্তিসম্পন্ন সম্প্রদায়ের জন্য ইহাতে একটি স্পষ্ট নিদর্শন রাখিয়াছি। | |
| | وَإِلَىٰ مَدْيَنَ أَخَاهُمْ شُعَيْبًا ۙ فَقَالَ يَٰقَوْمِ ٱعْبُدُوا۟ ٱللَّهَ وَٱرْجُوا۟ ٱلْيَوْمَ ٱلْءَاخِرَ وَلَا تَعْثَوْا۟ فِى ٱلْأَرْضِ مُفْسِدِينَ ٣٦ | 36 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইলা-মাদইয়না আখা-হুম শু'আইবাং (ۙ) ফাক˙া-লা ইয়া-ক˙াওমি'বুদুল্লা-হা ওয়ারজুল ইয়াওমাল আ-খিরা ওয়ালা- তা'ছ˙াও ফিল আরদি˙ মুফছিদীন। | |
| *তরজমা* | আমি মাদ্‌ইয়ানবাসীদের প্রতি তাহাদের ভ্রাতা শু'আয়বকে পাঠাইয়াছিলাম। সে বলিয়াছিল, 'হে আমার সম্প্রদায় ! তোমরা আল্লাহ্‌র 'ইবাদত কর, শেষ দিবসকে ভয় কর এবং পৃথিবীতে বিপর্যয় ঘটাইও না।' | |
| | فَكَذَّبُوهُ فَأَخَذَتْهُمُ ٱلرَّجْفَةُ فَأَصْبَحُوا۟ فِى دَارِهِمْ جَٰثِمِينَ ٣٧ | 37 |
| *প্রতিবর্ণায়ন* | ফাকায˙য˙াবূহু ফাআখায˙াত্‌হুমুর্‌ রাজফাতু ফাআসবাহূ˙ ফী দা-রিহিম জা-ছি˙মীন। | |
| *তরজমা* | কিন্তু উহারা তাহার প্রতি মিথ্যা আরোপ করিল ; অতঃপর উহারা ভূমিকম্প দ্বারা আক্রান্ত হইল ; ফলে উহারা নিজ গৃহে নতজানু অবস্থায় শেষ হইয়া গেল। | |
| | وَعَادًا وَثَمُودَا۟ وَقَد تَّبَيَّنَ لَكُم مِّن مَّسَٰكِنِهِمْ ۖ وَزَيَّنَ لَهُمُ ٱلشَّيْطَٰنُ أَعْمَٰلَهُمْ فَصَدَّهُمْ عَنِ ٱلسَّبِيلِ وَكَانُوا۟ مُسْتَبْصِرِينَ ٣٨ | 38 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া 'আদাওঁ ওয়া ছ˙ামূদা ওয়া ক˙াত্‌তাবাইইয়ানা লাকুম মিম মাছা-কিনিহিম (قف) ওয়া ঝাইইয়ানা লাহুমুশ্‌শাইত˙া-নু আ'মা-লাহুম ফাসাদ্দাহুম 'আনিছ্‌ছাবীলি ওয়া কা-নূ মুছতাবসিরীন। | |
| *তরজমা* | এবং আমি 'আদ ও সামূদকে ধ্বংস করিয়াছিলাম ; উহাদের বাড়িঘরই তোমাদের জন্য ইহার সুস্পষ্ট প্রমাণ। শয়তান উহাদের কাজকে উহাদের দৃষ্টিতে শোভন করিয়াছিল এবং উহাদেরকে সৎপথ অবলম্বনে বাধা দিয়াছিল, যদিও উহারা ছিল বিচক্ষণ। | |

| | وَقَارُوْنَ وَفِرْعَوْنَ وَهَامٰنَ ۚ وَلَقَدْ جَآءَهُمْ مُّوْسٰى بِالْبَيِّنٰتِ فَاسْتَكْبَرُوْا فِى الْاَرْضِ وَمَا كَانُوْا سٰبِقِيْنَ ۝٣٩ | 39 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া কা-রূনা ওয়া ফির'আওনা ওয়া হা-মা-না (قف) ওয়া লাকাদ জা~আহুম মূছা-বিলবাইয়িনা-তি ফাছতাক্‌বারূ ফিল আরদি ওয়ামা-কা-নূ ছা-বিকীন। | |
| *তরজমা* | এবং আমি সংহার করিয়াছিলাম কারূন, ফির'আওন ও হামানকে। মূসা উহাদের নিকট সুস্পষ্ট নিদর্শনসহ আসিয়াছিল ; তখন তাহারা দেশে দম্ভ করিত; কিন্তু উহারা আমার শাস্তি এড়াইতে পারে নাই। | |
| | فَكُلًّا اَخَذْنَا بِذَنْۢبِهٖ ۚ فَمِنْهُمْ مَّنْ اَرْسَلْنَا عَلَيْهِ حَاصِبًا ۚ وَمِنْهُمْ مَّنْ اَخَذَتْهُ الصَّيْحَةُ ۚ وَمِنْهُمْ مَّنْ خَسَفْنَا بِهِ الْاَرْضَ ۚ وَمِنْهُمْ مَّنْ اَغْرَقْنَا ۚ وَمَا كَانَ اللّٰهُ لِيَظْلِمَهُمْ وَلٰكِنْ كَانُوْٓا اَنْفُسَهُمْ يَظْلِمُوْنَ ۝٤٠ | 40 |
| *প্রতিবর্ণায়ন* | ফাকুল্‌ লান আখযনা-বিযামবিহী ফামিনহুম মান্‌ আরছালনা-'আলাইহি হা-সিবাওঁ (ج) ওয়া মিনহুম মান আখাযাতহুস্‌ সাইহাতু (ج) ওয়া মিনহুম মান্‌ খাছাফনা-বিহিল আরদা (ج) ওয়া মিনহুম মান আগরাকনা- (ج) ওয়ামা-কা-নাল্লা-হু লিইয়াজলিমাহুম ওয়ালা-কিং কা-নূ~আংফুছাহুম ইয়াজলিমূন। | |
| *তরজমা* | উহাদের প্রত্যেককেই আমি তাহার অপরাধের জন্য শাস্তি দিয়াছিলাম : উহাদের কাহারও প্রতি প্রেরণ করিয়াছি প্রস্তরসহ প্রচণ্ড ঝটিকা, উহাদের কাহাকেও আঘাত করিয়াছিল মহানাদ, কাহাকেও আমি প্রোথিত করিয়াছিলাম ভূগর্ভে এবং কাহাকেও করিয়াছিলাম নিমজ্জিত। আল্লাহ্‌ তাহাদের প্রতি কোন জুলুম করেন নাই ; তাহারা নিজেরাই নিজেদের প্রতি জুলুম করিয়াছিল। | |
| | مَثَلُ الَّذِيْنَ اتَّخَذُوْا مِنْ دُوْنِ اللّٰهِ اَوْلِيَآءَ كَمَثَلِ الْعَنْكَبُوْتِ ۚ اِتَّخَذَتْ بَيْتًا ۗ وَاِنَّ اَوْهَنَ الْبُيُوْتِ لَبَيْتُ الْعَنْكَبُوْتِ ۘ لَوْ كَانُوْا يَعْلَمُوْنَ ۝٤١ | 41 |
| *প্রতিবর্ণায়ন* | মাছালুল্লাযীনাত্‌তাখাযূ মিং দূনিল্লা-হি আওলিয়া~আ কামাছালিল 'আংকাবূতি (ج) ইত্তাখাযাত্‌ বাইতাওঁ (ط) ওয়া ইন্না আওহানাল বুয়ূতি লা বাইতুল 'আংকাবূত। লাও কা-নূ ইয়া'লামূন। | |
| *তরজমা* | যাহারা আল্লাহ্‌র পরিবর্তে অপরকে অভিভাবকরূপে গ্রহণ করে তাহাদের দৃষ্টান্ত মাকড়সার ন্যায়, যে নিজের জন্য ঘর বানায় এবং ঘরের মধ্যে মাকড়সার ঘরই তো দুর্বলতম, যদি উহারা জানিত। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | إِنَّ اللَّهَ يَعْلَمُ مَا يَدْعُونَ مِنْ دُونِهِ مِنْ شَيْءٍ ؕ وَهُوَ الْعَزِيزُ الْحَكِيمُ ﴿٤٢﴾ | **42** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাল্লা–হা ইয়া‘লামু মা–ইয়াদ‘ঊনা মিং দূনিহী মিং শাইয়িওঁ (ط) ওয়া হুওয়াল ‘আঝীঝুল হ াকীম। | |
| *তরজমা* | উহারা আল্লাহ্‌র পরিবর্তে যাহা কিছুকে আহ্বান করে, আল্লাহ্ তো তাহা জানেন এবং তিনি পরাক্রমশালী, প্রজ্ঞাময়। | |
| | وَتِلْكَ الْأَمْثَالُ نَضْرِبُهَا لِلنَّاسِ ۚ وَمَا يَعْقِلُهَا إِلَّا الْعَالِمُونَ ﴿٤٣﴾ | **43** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া তিলকাল আমছ া–লু নাদ রিবুহা–লিন্না–ছি (ج) ওয়ামা–ইয়া‘কি লুহা˜ ইল্লাল ‘আ–লিমূন। | |
| *তরজমা* | এই সকল দৃষ্টান্ত আমি মানুষের জন্য দেই, কিন্তু কেবল জ্ঞানী ব্যক্তিরাই ইহা বুঝে। | |
| | خَلَقَ اللَّهُ السَّمَاوَاتِ وَالْأَرْضَ بِالْحَقِّ ؕ إِنَّ فِي ذَٰلِكَ لَآيَةً لِلْمُؤْمِنِينَ ﴿٤٤﴾ | **44** |
| *প্রতিবর্ণায়ন* | খালাক াল্লা–হুছ্ছামা–ওয়া–তি ওয়াল আরদ া বিল্‌হ াক্কি (ط) ইন্না ফী য া–লিকা লাআ–য়াতাল লিলমু’মিনীন। | |
| *তরজমা* | আল্লাহ্ যথাযথভাবে আকাশমণ্ডলী ও পৃথিবী সৃষ্টি করিয়াছেন ; ইহাতে অবশ্যই নিদর্শন রহিয়াছে মু’মিনদের জন্য। | |
| | اتْلُ مَا أُوحِيَ إِلَيْكَ مِنَ الْكِتَابِ وَأَقِمِ الصَّلَاةَ ؕ إِنَّ الصَّلَاةَ تَنْهَىٰ عَنِ الْفَحْشَاءِ وَالْمُنْكَرِ ؕ وَلَذِكْرُ اللَّهِ أَكْبَرُ ؕ وَاللَّهُ يَعْلَمُ مَا تَصْنَعُونَ ﴿٤٥﴾ | **45** |
| *প্রতিবর্ণায়ন* | উতলু মা˜উহি য়া ইলাইকা মিনাল্ কিতা–বি ওয়া আকি মিস্‌সালা–তা (ط) ইন্নাস্‌সালা–তা তানহা–‘আনিল ফাহ শা~ই ওয়াল মুংকারি (ط) ওয়ালাযি ক্‌রুল্লা–হি আকবারু (ط) ওয়াল্লা–হু ইয়া‘লামু মা–তাসনা‘ঊন। | |
| *তরজমা* | তুমি আবৃত্তি কর কিতাব হইতে যাহা তোমার প্রতি প্রত্যাদেশ করা হয়। এবং সালাত কায়েম কর। সালাত অবশ্যই বিরত রাখে অশ্লীল ও মন্দ কার্য হইতে। আর আল্লাহ্‌র স্মরণই তো সর্বশ্রেষ্ঠ। তোমরা যাহা কর আল্লাহ্ তাহা জানেন। | |
| | لَا يَحِلُّ لَكَ النِّسَآءُ مِنْۢ بَعْدُ وَلَآ اَنْ تَبَدَّلَ بِهِنَّ مِنْ اَزْوَاجٍ وَّلَوْ اَعْجَبَكَ حُسْنُهُنَّ اِلَّا مَا مَلَكَتْ يَمِيْنُكَ ؕ وَكَانَ اللّٰهُ عَلٰى كُلِّ شَيْءٍ رَّقِيْبًا ﴿۵۲﴾ | **52** |
| *প্রতিবর্ণায়ন* | লা-ইয়াহি ল্লু লাকান্নিছা~উ মিম্ বা'দু ওয়ালা~ আং তাবাদ্দালা বিহিন্না মিন্ আঝওয়া-জিওঁ ওয়ালাও আ'জাবাকা হু ছ্নুহুন্না ইল্লা-মা-মালাকাত্ ইয়ামীনুকা (ط) ওয়াকা-নাল্লা-হু 'আলা-কুল্লি শাইয়ির্ রাক ীবা- । | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | ইহার পর, তোমার জন্য কোন নারী বৈধ নয় এবং তোমার স্ত্রীদের পরিবর্তে অন্য স্ত্রী গ্রহণও বৈধ নয় যদিও উহাদের সৌন্দর্য তোমাকে মুগ্ধ করে; তবে তোমার অধিকারভুক্ত দাসীদের ব্যাপারে এই বিধান প্রযোজ্য নয়। আল্লাহ্ সমস্ত কিছুর উপর তীক্ষ্ণ দৃষ্টি রাখেন। | |
| | يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَدْخُلُوْا بُيُوْتَ النَّبِيِّ اِلَّآ اَنْ يُّؤْذَنَ لَكُمْ اِلٰى طَعَامٍ غَيْرَ نٰظِرِيْنَ اِنٰىهُ ۙ وَلٰكِنْ اِذَا دُعِيْتُمْ فَادْخُلُوْا فَاِذَا طَعِمْتُمْ فَانْتَشِرُوْا وَلَا مُسْتَاْنِسِيْنَ لِحَدِيْثٍ ؕ اِنَّ ذٰلِكُمْ كَانَ يُؤْذِى النَّبِيَّ فَيَسْتَحْيٖ مِنْكُمْ ۫ وَاللّٰهُ لَا يَسْتَحْيٖ مِنَ الْحَقِّ ؕ وَاِذَا سَاَلْتُمُوْهُنَّ مَتَاعًا فَسْـَٔلُوْهُنَّ مِنْ وَّرَآءِ حِجَابٍ ؕ ذٰلِكُمْ اَطْهَرُ لِقُلُوْبِكُمْ وَقُلُوْبِهِنَّ ؕ وَمَا كَانَ لَكُمْ اَنْ تُؤْذُوْا رَسُوْلَ اللّٰهِ وَلَآ اَنْ تَنْكِحُوْٓا اَزْوَاجَهٗ مِنْۢ بَعْدِهٖٓ اَبَدًا ؕ اِنَّ ذٰلِكُمْ كَانَ عِنْدَ اللّٰهِ عَظِيْمًا ﴿٥٣﴾ | **53** |
| *প্রতিবর্ণায়ন* | ইয়া˜আইয়ুহাল্লায ীনা আ–মানূ লা–তাদ্‌খুলূ বুয়ূতান্ নাবিইয়ি ইল্লা˜আইঁইউ’য ানা লাকুম্ ইলা–ত া‘আ–মিন্ গাইরা না–জি রীনা ইনা–হু (ۙ) ওয়ালা–কিন্ ইয া– দু‘ঈতুম্ ফাদ্‌খুলূ ফাইয া–ত া‘ইম্‌তুম্ ফাংতাশিরূ ওয়ালা– মুছতা’নিছীনা লিহ াদীছি ন (ط) ইন্না য া–লিকুম্ কা–না ইউ’যি ন্নাবিইয়া ফাইয়াছ্‌তাহ য়ী মিংকুম্ (ز) ওয়াল্লা–হু লা–ইয়াছ্‌তাহ য়ী মিনাল্ হ াক্কি (ط) ওয়া ইয া–ছাআল্‌তুমূহুন্না মাতা–‘আং ফাছ্‌আলূ হুন্না মিওঁ ওয়ারা~ই হি জা–বিন (ط) য া–লিকুম্ আত হারু লিকু লূবিকুম্ ওয়া কু লূবিহিন্না; ওয়ামা– কা–না লাকুম আং তু’যূ রাছূলাল্লা-হি ওয়ালা˜আং তাংকিহূ ˜আঝওয়াজাহু মিম্ বা‘দিহী˜ আবাদান (ط) ইন্না য ালিকুম কানা ‘ইংদাল্লিহি ‘আজ ীমা– । | |
| *তরজমা* | হে মু’মিনগণ ! তোমাদেরকে অনুমতি দেওয়া না হইলে তোমরা আহার্য প্রস্তুতির জন্য অপেক্ষা না করিয়া ভোজনের জন্য নবীগৃহে প্রবেশ করিও না। তবে তোমাদেরকে আহবান করিলে তোমরা প্রবেশ করিও এবং ভোজনশেষে চলিয়া যাইও ; তোমরা কথাবার্তায় মশগুল হইয়া পড়িও না। কারণ তোমাদের এই আচরণ নবীকে পীড়া দেয়, সে তোমাদেরকে উঠাইয়া দিতে সংকোচ বোধ করে। কিন্তু আল্লাহ্ সত্য বলিতে সংকোচ বোধ করেন না। তোমরা তাহার পত্নীদের নিকট হইতে কিছু চাইলে পর্দার অন্তরাল হইতে চাইবে। এই বিধান তোমাদের ও তাহাদের হৃদয়ের জন্য অধিকতর পবিত্র। তোমাদের কাহারও পক্ষে আল্লাহ্‌র রাসূলকে কষ্ট দেওয়া সংগত নয় এবং তাহার মৃত্যুর পর তাহার পত্নীদেরকে বিবাহ করা তোমাদের জন্য কখনও বৈধ নয়। আল্লাহ্‌র দৃষ্টিতে ইহা ঘোরতর অপরাধ। | |
| | اِنْ تُبْدُوْا شَيْـًٔا اَوْ تُخْفُوْهُ فَاِنَّ اللّٰهَ كَانَ بِكُلِّ شَيْءٍ عَلِيْمًا ﴿٥٤﴾ | **54** |

| | | |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ইং তুব্দূ শাইআন্ আও তুখফূহু ফাইন্নাল্লা-হা কা-না বিকুল্লি শাইয়িন্ ‘আলীমা- । | |
| *তরজমা* | তোমরা কোন বিষয় প্রকাশ কর অথবা গোপন রাখ-আল্লাহ্ সর্ববিষয়ে সর্বজ্ঞ। | |
| | لَا جُنَاحَ عَلَيْهِنَّ فِيْٓ اٰبَآئِهِنَّ وَلَآ اَبْنَآئِهِنَّ وَلَآ اِخْوَانِهِنَّ وَلَآ اَبْنَآءِ اِخْوَانِهِنَّ وَلَآ اَبْنَآءِ اَخَوٰتِهِنَّ وَلَا نِسَآئِهِنَّ وَلَا مَا مَلَكَتْ اَيْمَانُهُنَّ ۚ وَاتَّقِيْنَ اللّٰهَ ؕ اِنَّ اللّٰهَ كَانَ عَلٰى كُلِّ شَيْءٍ شَهِيْدًا ﴿۵۵﴾ | 55 |
| *প্রতিবর্ণায়ন* | লা- জুনা-হা ‘আলাইহিন্না ফী~আ-বা~ইহিন্না ওয়ালা~আব্না~ইহিন্না ওয়ালা~ ইখ্ওয়া-নিহিন্না ওয়ালা~আব্না~ই ইখওয়া-নিহিন্না ওয়ালা~আবনা~ই আখাওয়া-তিহিন্না ওয়ালা-নিছা~ইহিন্না ওয়ালা-মা-মালাকাত্ আইমা-নুহুন্না, ওয়াত্তাক্বীনাল্লা-হা (ط) ইন্নাল্লা-হা কা-না ‘আলা- কুল্লি শাইয়িং শাহীদা- । | |
| *তরজমা* | নবী-পত্নীদের জন্য তাহাদের পিতৃগণ, পুত্রগণ, ভ্রাতৃগণ, ভ্রাতষ্পুত্রগণ, ভগ্নীপুত্রগণ, সেবিকাগণ এবং তাহাদের অধিকারভুক্ত দাস-দাসীগণের ব্যাপারে উহা পালন না করা অপরাধ নয়। হে নবী-পত্নীগণ! আল্লাহ্কে ভয় কর, আল্লাহ্ সমস্ত কিছু প্রত্যক্ষ করেন। | |
| | اِنَّ اللّٰهَ وَمَلٰٓئِكَتَهٗ يُصَلُّوْنَ عَلَى النَّبِيِّ ؕ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا صَلُّوْا عَلَيْهِ وَسَلِّمُوْا تَسْلِيْمًا ﴿۵۶﴾ | 56 |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাল্লা-হা ওয়া- মালা~ইকাতাহূ ইউসাল্লূনা ‘আলান্ নাবিইয়ি (ط) ইয়া~আইয়ুহাল্লাযীনা আ-মানূ সাল্লূ ‘আলাইহি ওয়া ছাল্লিমূ তাছ্লীমা- । | |
| *তরজমা* | আল্লাহ নবীর প্রতি অনুগ্রহ করেন এবং তাঁহার ফিরিশ্তাগণও নবীর জন্য অনুগ্রহ প্রার্থনা করে। হে মু'মিনগণ ! তোমরাও নবীর জন্য অনুগ্রহ প্রার্থনা কর এবং তাহাকে যথাযথভাবে সালাম জানাও। | |
| | اِنَّ الَّذِيْنَ يُؤْذُوْنَ اللّٰهَ وَرَسُوْلَهٗ لَعَنَهُمُ اللّٰهُ فِي الدُّنْيَا وَالْاٰخِرَةِ وَاَعَدَّ لَهُمْ عَذَابًا مُّهِيْنًا ﴿۵۷﴾ | 57 |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাল্লাযীনা ইউ'যূনাল্লা-হা ওয়া রাছূলাহূ লা‘আনাহুমল্লা-হু ফিদ্দুন্ইয়া- ওয়াল্ আ-খিরাতি ওয়া আ‘আদ্দা লাহুম্ ‘আযা-বাম্ মুহীনা- । | |
| *তরজমা* | যাহারা আল্লাহ্ ও রাসূলকে পীড়া দেয়, আল্লাহ্ তো তাহাদেরকে দুনিয়া ও আখিরাতে অভিশপ্ত করেন এবং তিনি তাহাদের জন্য প্রস্তুত রাখিয়াছেন লাঞ্ছনাদায়ক শাস্তি। | |
| | وَالَّذِيْنَ يُؤْذُوْنَ الْمُؤْمِنِيْنَ وَالْمُؤْمِنٰتِ بِغَيْرِ مَا اكْتَسَبُوْا فَقَدِ احْتَمَلُوْا بُهْتَانًا وَّاِثْمًا مُّبِيْنًا ﴿۵۸﴾ | 58 |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| প্রতিবর্ণায়ন | ওয়াল্লাযী না ইউ'যূনাল্ মু'মিনীনা ওয়াল্ মু'মিনা-তি বিগাইরি মাকতাছাবূ ফাকা দিহ তামালূ বুহ্তানাওঁ ওয়া ইছ্ মাম্ মুবীনা- । | |
| তরজমা | যাহারা মু'মিন পুরুষ ও মু'মিন নারীদেরকে পীড়া দেয় এমন কোন অপরাধের জন্য যাহা তাহারা করে নাই ; তাহারা অপবাদের ও স্পষ্ট পাপের বোঝা বহন করে। | |
| | يَٰٓأَيُّهَا ٱلنَّبِيُّ قُل لِّأَزۡوَٰجِكَ وَبَنَاتِكَ وَنِسَآءِ ٱلۡمُؤۡمِنِينَ يُدۡنِينَ عَلَيۡهِنَّ مِن جَلَٰبِيبِهِنَّۚ ذَٰلِكَ أَدۡنَىٰٓ أَن يُعۡرَفۡنَ فَلَا يُؤۡذَيۡنَۗ وَكَانَ ٱللَّهُ غَفُورٗا رَّحِيمٗا ۝٥٩ | 59 |
| প্রতিবর্ণায়ন | ইয়া ̃আইয়ুহান্নাবিইয়ু কুল্ লিআঝওয়া-জিকা ওয়া বানা-তিকা ওয়ানিছা~ইল্ মু'মিনীনা ইউদনীনা 'আলাইহিন্না মিং জালাবীবিহিন্না (ط) যা-লিকা আদ্না ̃আইঁ ইউ'রাফ্না ফালা- ইউ'যাইনা (ط) ওয়া কা-নাল্লা-হু গাফূরার্ রাহীমা- । | |
| তরজমা | হে নবী ! তুমি তোমার স্ত্রীগণকে, কন্যাগণকে ও মু'মিনদের নারীগণকে বল, তাহারা যেন তাহাদের চাদরের কিয়দংশ নিজেদের উপর টানিয়া দেয়। উহাতে তাহাদেরকে চেনা সহজতর হইবে, ফলে তাহাদেরকে উত্যক্ত করা হইবে না। আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু। | |
| | لَّئِن لَّمۡ يَنتَهِ ٱلۡمُنَٰفِقُونَ وَٱلَّذِينَ فِي قُلُوبِهِم مَّرَضٞ وَٱلۡمُرۡجِفُونَ فِي ٱلۡمَدِينَةِ لَنُغۡرِيَنَّكَ بِهِمۡ ثُمَّ لَا يُجَاوِرُونَكَ فِيهَآ إِلَّا قَلِيلٗا ۝٦٠ | 60 |
| প্রতিবর্ণায়ন | লাইল্লাম্ ইয়াংতাহিল্ মুনা-ফিকূনা ওয়াল্লাযীনা ফী কুলূবিহিম্ মারাদুওঁ ওয়াল্ মুর্জিফূনা ফিল্ মাদীনাতি লানুগ্রিয়ান্নাকা বিহিম্ ছুম্মা লা-ইউজা-বিরূনাকা ফীহা ̃ইল্লা-কালীলা- । | |
| তরজমা | মুনাফিকরা এবং যাহাদের অন্তরে ব্যাধি আছে এবং যাহারা নগরে গুজব রটনা করে তাহারা বিরত না হইলে আমি নিশ্চয়ই তাহাদের বিরুদ্ধে তোমাকে প্রবল করিব ; ইহার পর এই নগরীতে তোমার প্রতিবেশীরূপে উহারা স্বল্প সময়ই থাকিবে- | |
| | مَّلۡعُونِينَۖ أَيۡنَمَا ثُقِفُوٓاْ أُخِذُواْ وَقُتِّلُواْ تَقۡتِيلٗا ۝٦١ | 61 |
| প্রতিবর্ণায়ন | মাল্'উনীনা (مع) আইনামা-ছুকিফূ ̃উখিযূ ওয়াকুত্তিলূ তাক্তীলা- । | |
| তরজমা | অভিশপ্ত হইয়া ; উহাদেরকে যেখানেই পাওয়া যাইবে সেখানেই ধরা হইবে এবং নির্দয়ভাবে হত্যা করা হইবে। | |
| | سُنَّةَ ٱللَّهِ فِي ٱلَّذِينَ خَلَوۡاْ مِن قَبۡلُۖ وَلَن تَجِدَ لِسُنَّةِ ٱللَّهِ تَبۡدِيلٗا ۝٦٢ | 62 |
| প্রতিবর্ণায়ন | ছুন্নাতাল্লা-হি ফিল্লাযীনা খালাও মিং কাব্লু (ج) ওয়ালাং তাজিদা লিছুন্নাতিল্লা-হি তাব্দীলা- । | |

| | | |
|---|---|---|
| তরজমা | পূর্বে যাহারা অতীত হইয়া গিয়াছে তাহাদের ব্যাপারে ইহাই ছিল আল্লাহ্‌র রীতি। তুমি কখনও আল্লাহ্‌র রীতিতে কোন পরিবর্তন পাইবে না। | |
| | يَسْـَٔلُكَ النَّاسُ عَنِ السَّاعَةِ ؕ قُلۡ اِنَّمَا عِلۡمُهَا عِنۡدَ اللّٰهِ ؕ وَمَا يُدۡرِيۡكَ لَعَلَّ السَّاعَةَ تَكُوۡنُ قَرِيۡبًا ﴿۶۳﴾ | 63 |
| প্রতিবর্ণায়ন | ইয়াছআলুকান্না-ছু ‘আনিছ্ছা-‘আতি (ط) কু্ল্ ইন্নামা- ‘ইলমুহা- ‘ইংদাল্লা-হি (ط) ওয়ামা- ইউদ্‌রীকা লা‘আল্লাছ্ছা-‘আতা তাকূনু ক্বারীবা- । | |
| তরজমা | লোকে তোমাকে কিয়ামত সম্পর্কে জিজ্ঞাসা করে। বল, ‘ইহার জ্ঞান কেবল আল্লাহ্‌রই আছে।’ তুমি ইহা কী করিয়া জানিবে ? সম্ভবত কিয়ামত শীঘ্রই হইয়া যাইতে পারে। | |
| | اِنَّ اللّٰهَ لَعَنَ الۡكٰفِرِيۡنَ وَاَعَدَّ لَهُمۡ سَعِيۡرًا ﴿۶۴﴾ | 64 |
| প্রতিবর্ণায়ন | ইন্নাল্লা-হা লা‘আনাল্ কা-ফিরীনা ওয়া আ‘আদ্দা লাহুম্ ছা‘ঈরা- । | |
| তরজমা | আল্লাহ্ কাফিরদেরকে অভিশপ্ত করিয়াছেন এবং তাহাদের জন্য প্রস্তুত রাখিয়াছেন জ্বলন্ত অগ্নি। | |
| | خٰلِدِيۡنَ فِيۡهَاۤ اَبَدًا ۚ لَا يَجِدُوۡنَ وَلِيًّا وَّلَا نَصِيۡرًا ﴿۶۵﴾ | 65 |
| প্রতিবর্ণায়ন | খা-লিদীনা ফীহা˜ আবাদাল্ (ج) লা-ইয়াজিদূনা ওয়ালিইয়াওঁ ওয়া নাসীরা- । | |
| তরজমা | সেখানে উহারা স্থায়ী হইবে এবং উহারা কোন অভিভাবক ও সাহায্যকারী পাইবে না। | |
| | يَوۡمَ تُقَلَّبُ وُجُوۡهُهُمۡ فِى النَّارِ يَقُوۡلُوۡنَ يٰلَيۡتَنَاۤ اَطَعۡنَا اللّٰهَ وَاَطَعۡنَا الرَّسُوۡلَا ﴿۶۶﴾ | 66 |
| প্রতিবর্ণায়ন | ইয়াওমা তুক্বাল্লাবু উজূহুহুম ফিন্না-রি ইয়াকূলূনা ইয়া-লাইতানা-আত্বা‘নাল্লাহা ওয়াআত্বা‘নাররাছূলা- । | |
| তরজমা | যেদিন উহাদের মুখমণ্ডল অগ্নিতে উলটপালট করা হইবে সেদিন উহারা বলিবে, ‘হায়, আমরা যদি আল্লাহকে মানিতাম ও রাসূলকে মানিতাম!’ | |
| | وَقَالُوۡا رَبَّنَاۤ اِنَّاۤ اَطَعۡنَا سَادَتَنَا وَكُبَرَآءَنَا فَاَضَلُّوۡنَا السَّبِيۡلَا ﴿۶۷﴾ | 67 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ক্বা-লূ রাব্বানা˜ ইন্না˜ আত্বা‘না-ছা-দাতানা- ওয়াকুবারা~আনা-ফাআদ্বাল্লূনাছ্ ছাবীলা- । | |
| তরজমা | তাহারা আরও বলিবে, ‘হে আমাদের প্রতিপালক ! আমরা আমাদের নেতা ও প্রভাবশালীদের আনুগত্য করিয়াছিলাম এবং উহারা আমাদেরকে পথভ্রষ্ট করিয়াছিল ; | |
| | رَبَّنَاۤ اٰتِهِمۡ ضِعۡفَيۡنِ مِنَ الۡعَذَابِ وَالۡعَنۡهُمۡ لَعۡنًا كَبِيۡرًا ﴿۶۸﴾ | 68 |
| প্রতিবর্ণায়ন | রাব্বানা˜আ-তিহিম্ দি্‘ফাইনি মিনাল্ ‘আযা-বি ওয়াল্ ‘আনহুম লা‘নাং কাবীরা- । | |

| --- | --- | --- |
| তরজমা | 'হে আমাদের প্রতিপালক! উহাদেরকে দ্বিগুণ শাস্তি দাও এবং উহাদেরকে দাও মহাঅভিসম্পাত।' | |
| | يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُوا۟ لَا تَكُونُوا۟ كَٱلَّذِينَ ءَاذَوْا۟ مُوسَىٰ فَبَرَّأَهُ ٱللَّهُ مِمَّا قَالُوا۟ ۚ وَكَانَ عِندَ ٱللَّهِ وَجِيهًا ﴿٦٩﴾ | 69 |
| প্রতিবর্ণায়ন | ইয়া˜আইয়ুহাল্লায ীনা আ-মানূ লা-তাকূনূ কাল্লায ীনা আ-য াও মূছা-ফাবার্‌রাআহুল্লা-হু মিম্মা-ক া-লূ (ط) ওয়া কা-না 'ইংদাল্লা-হি ওয়াজীহা- । | |
| তরজমা | হে মু'মিনগণ ! মূসাকে যাহারা ক্লেশ দিয়াছে তোমরা উহাদের ন্যায় হইও না; উহারা যাহা রটনা করিয়াছিল আল্লাহ্ উহা হইতে তাহাকে নির্দোষ প্রমাণ করেন; এবং আল্লাহ্‌র নিকট সে মর্যাদাবান। | |
| | يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُوا۟ ٱتَّقُوا۟ ٱللَّهَ وَقُولُوا۟ قَوْلًا سَدِيدًا ﴿٧٠﴾ | 70 |
| প্রতিবর্ণায়ন | ইয়া˜ আইয়ুহাল্লায ীনা আ-মানুত্তাকু ল্লা-হা ওয়াকূ লূ ক াওলাং ছাদীদা- । | |
| তরজমা | হে মু'মিনগণ! আল্লাহ্‌কে ভয় কর এবং সঠিক কথা বল; | |
| | يُصْلِحْ لَكُمْ أَعْمَٰلَكُمْ وَيَغْفِرْ لَكُمْ ذُنُوبَكُمْ ۗ وَمَن يُطِعِ ٱللَّهَ وَرَسُولَهُۥ فَقَدْ فَازَ فَوْزًا عَظِيمًا ﴿٧١﴾ | 71 |
| প্রতিবর্ণায়ন | ইউসলিহ লাকুম্ আ'মা-লাকুম ওয়া ইয়াগ্‌ফির্‌লাকুম্ যু নূবাকুম্ (ط) ওয়া মাইঁ ইউতি ''ইল্লা-হা ওয়া রাছূলাহূ ফাক াদ্ ফা-ঝা ফাওঝান্ 'আজ ীমা- । | |
| তরজমা | তাহা হইলে তিনি তোমাদের জন্য তোমাদের কর্ম ত্রুটিমুক্ত করিবেন এবং তোমাদের পাপ ক্ষমা করিবেন। যাহারা আল্লাহ্ ও তাঁহার রাসূলের আনুগত্য করে, তাহারা অবশ্যই মহাসাফল্য অর্জন করিবে। | |
| | إِنَّا عَرَضْنَا ٱلْأَمَانَةَ عَلَى ٱلسَّمَٰوَٰتِ وَٱلْأَرْضِ وَٱلْجِبَالِ فَأَبَيْنَ أَن يَحْمِلْنَهَا وَأَشْفَقْنَ مِنْهَا وَحَمَلَهَا ٱلْإِنسَٰنُ ۖ إِنَّهُۥ كَانَ ظَلُومًا جَهُولًا ﴿٧٢﴾ | 72 |
| প্রতিবর্ণায়ন | ইন্না- 'আরাদ নাল্ আমা-নাতা 'আলাছ্‌ছামা-ওয়া-তি ওয়াল্ আর্‌দি ওয়াল্ জিবা-লি ফাআবাইনা আইঁ ইয়াহ মিল্‌নাহা- ওয়া আশফাক না মিন্‌হা- ওয়া হ ামালাহাল ইংছা-নু (ط) ইন্নাহূ কা-না জ ালূমাং জাহূলা- । | |
| তরজমা | আমি তো আসমান, যমীন ও পর্বতমালার প্রতি এই আমানত পেশ করিয়াছিলাম, উহারা ইহা বহন করিতে অস্বীকার করিল এবং উহাতে শংকিত হইল, কিন্তু মানুষ উহা বহন করিল ; সে তো অতিশয় জালিম, অতিশয় অজ্ঞ। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | لِّيُعَذِّبَ اللّٰهُ الْمُنٰفِقِيْنَ وَالْمُنٰفِقٰتِ وَالْمُشْرِكِيْنَ وَالْمُشْرِكٰتِ وَيَتُوْبَ اللّٰهُ عَلَى الْمُؤْمِنِيْنَ وَالْمُؤْمِنٰتِ ؕ وَكَانَ اللّٰهُ غَفُوْرًا رَّحِيْمًا ۝٧٣ | 73 |
| *প্রতিবর্ণায়ন* | লিইউ‘আয্‌যি বাল্লা-হুল্ মুনা-ফিক্বীনা ওয়াল মুনাফিক্বা-তি ওয়াল্ মুশরিকীনা ওয়াল্ মুশ্‌রিকা-তি ওয়া ইয়াতূবাল্লা-হু ‘আলাল্ মু’মিনীনা ওয়াল্ মু’মিনা-তি (ط) ওয়াকা-নাল্লা-হু গাফূরার্ রাহ্বীমা- । | |
| *তরজমা* | পরিণামে আল্লাহ্ মুনাফিক পুরুষ ও মুনাফিক নারী এবং মুশরিক পুরুষ ও মুশরিক নারীকে শাস্তি দিবেন এবং মু’মিন পুরুষ ও মু’মিন নারীকে ক্ষমা করিবেন। আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু। | |
| | **34 - Saba'-সাবা -سبأ** | |
| | بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ | |
| | اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِیْ لَهٗ مَا فِی السَّمٰوٰتِ وَمَا فِی الْاَرْضِ وَلَهُ الْحَمْدُ فِی الْاٰخِرَةِ ؕ وَهُوَ الْحَكِیْمُ الْخَبِیْرُ ۝١ | 1 |
| *প্রতিবর্ণায়ন* | আলহ্বাম্‌দু লিল্লা-হিল্লাযী লাহূ মা-ফিছ্ ছামা-ওয়া-তি ওয়ামা-ফিল্ আর্‌দি ওয়া লাহুল হ্বাম্‌দু ফিল্ আ-খিরাতি (ط) ওয়াহুওয়াল্ হ্বাকীমুল্ খাবীর । | |
| *তরজমা* | সকল প্রশংসা আল্লাহ্‌র, যিনি আকাশমণ্ডলী ও পৃথিবীতে যাহা কিছু আছে সমস্ত কিছুরই মালিক এবং আখিরাতেও প্রশংসা তাঁহারই। তিনি প্রজ্ঞাময়, সর্ববিষয়ে অবহিত। | |
| | یَعْلَمُ مَا یَلِجُ فِی الْاَرْضِ وَمَا یَخْرُجُ مِنْهَا وَمَا یَنْزِلُ مِنَ السَّمَآءِ وَمَا یَعْرُجُ فِیْهَا ؕ وَهُوَ الرَّحِیْمُ الْغَفُوْرُ ۝٢ | 2 |
| *প্রতিবর্ণায়ন* | ইয়া‘লামু মা- ইয়ালিজু ফিল্ আর্‌দি ওয়ামা- ইয়াখ্‌রুজু মিন্‌হা-ওয়ামা-ইয়াংঝিলু মিনাছ্‌ছামা~ই ওয়ামা- ইয়া‘রুজু ফীহা- (ط) ওয়া হুওয়ার্ রাহ্বীমুল্ গাফূর । | |
| *তরজমা* | তিনি জানেন যাহা ভূমিতে প্রবেশ করে, যাহা উহা হইতে নির্গত হয় এবং যাহা আকাশ হইতে নাযিল হয় এবং যাহা কিছু উহাতে উত্থিত হয়। তিনিই পরম দয়ালু, অতিশয় ক্ষমাশীল। | |
| | وَقَالَ الَّذِیْنَ كَفَرُوْا لَا تَاْتِیْنَا السَّاعَةُ ؕ قُلْ بَلٰی وَرَبِّیْ لَتَاْتِیَنَّكُمْ ۙ عٰلِمِ الْغَیْبِ ۚ لَا یَعْزُبُ عَنْهُ مِثْقَالُ ذَرَّةٍ فِی السَّمٰوٰتِ وَلَا فِی الْاَرْضِ وَلَاۤ اَصْغَرُ مِنْ ذٰلِكَ وَلَاۤ اَكْبَرُ اِلَّا فِیْ كِتٰبٍ مُّبِیْنٍ ۝٣ | 3 |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ক়া-লাল্লায ীনা কাফারূ লা- তা'তীনাছ্ ছা-'আতু (ط) ক়ুল্ বালা-ওয়া রাব্বী লাতা'তিইয়ান্নাকুম্ (لا) 'আ-লিমিল্ গাইবি (ج) লা- ইয়া'ঝুবু 'আন্হু মিছ্ ক়া-লু য ার্‌রাতিং ফিছ্ছামা-ওয়া-তি ওয়ালা-ফিল্ আর্‌দি ওয়ালা~ আসগারু মিং য া-লিকা ওয়ালা~আক্‌বারু ইল্লা-ফী কিতা-বিম্ মুবীন। | |
| *তরজমা* | কাফিররা বলে, 'আমাদের নিকট কিয়ামত আসিবে না।' বল, 'আসিবেই, শপথ আমার প্রতিপালকের, নিশ্চয়ই তোমাদের নিকট উহা আসিবে।' তিনি অদৃশ্য সম্বন্ধে সম্যক পরিজ্ঞাত; আকাশমণ্ডলী ও পৃথিবীতে তাঁহার অগোচর নয় অণু পরিমাণ কিছু কিংবা তদপেক্ষা ক্ষুদ্র অথবা বৃহৎ কিছু ; ইহার প্রত্যেকটি আছে সুস্পষ্ট কিতাবে। | |
| | لِّيَجْزِيَ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ ۭ اُولٰۗىِٕكَ لَهُمْ مَّغْفِرَةٌ وَّرِزْقٌ كَرِيْمٌ ۝ | 4 |
| *প্রতিবর্ণায়ন* | লিইয়াজঝিয়াল্লায ীনা আ-মানূ ওয়া 'আমিলুস্‌সা-লিহ া-তি (ط) উলা~ইকা লাহুম্ মাগ্‌ফিরাতুওঁ ওয়ারিঝক়ুং কারীম। | |
| *তরজমা* | ইহা এইজন্য যে, যাহারা মু'মিন ও সৎকর্মপরায়ণ তিনি তাহাদেরকে পুরস্কৃত করিবেন। ইহাদেরই জন্য আছে ক্ষমা ও সম্মানজনক রিযিক। | |
| | وَالَّذِيْنَ سَعَوْ فِيْٓ اٰيٰتِنَا مُعٰجِزِيْنَ اُولٰۗىِٕكَ لَهُمْ عَذَابٌ مِّنْ رِّجْزٍ اَلِيْمٌ ۝ | 5 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াল্লায ীনা ছা'আও ফী~ আয়া-তিনা- মু'আজিঝীনা উলা~ইকা লাহুম্ 'আয া-বুম্মির্ রিজঝিন্ আলীম। | |
| *তরজমা* | যাহারা আমার আয়াতকে ব্যর্থ করিবার চেষ্টা করে তাহাদের জন্য রহিয়াছে ভয়ংকর মর্মন্তুদ শাস্তি। | |
| | وَيَرَى الَّذِيْنَ اُوْتُوا الْعِلْمَ الَّذِيْٓ اُنْزِلَ اِلَيْكَ مِنْ رَّبِّكَ هُوَ الْحَقَّ ۙ وَيَهْدِيْٓ اِلٰى صِرَاطِ الْعَزِيْزِ الْحَمِيْدِ ۝ | 6 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয়ারাল্লায ীনা উতুল্ 'ইলমাল্লায ী~ উংঝিলা ইলাইকা মির্ রাব্বিকা হুওয়াল্ হ াক্কা (لا) ওয়া ইয়াহ্‌দী~ ইলা-সিরা-তি ল্ 'আঝীঝিল্ হ ামীদ। | |
| *তরজমা* | যাহাদেরকে জ্ঞান দেওয়া হইয়াছে তাহারা জানে যে, তোমার প্রতিপালকের নিকট হইতে তোমার প্রতি যাহা অবতীর্ণ হইয়াছে তাহাই সত্য ; ইহা পরাক্রমশালী প্রশংসার্হ আল্লাহ্‌র পথনির্দেশ করে। | |
| | وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْا هَلْ نَدُلُّكُمْ عَلٰي رَجُلٍ يُّنَبِّئُكُمْ اِذَا مُزِّقْتُمْ كُلَّ مُمَزَّقٍ ۙ اِنَّكُمْ لَفِيْ خَلْقٍ جَدِيْدٍ ۝ | 7 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ক়া-লাল্লায ীনা কাফারূ হাল্ নাদুল্লুকুম্ 'আলা-রাজুলিইঁ ইউনাব্বিউকুম্ ইয া-মুঝঝিক়্তুম্ কুল্লা মুমাঝঝাকি ন (لا) ইন্নাকুম্ লাফী খাল্‌কি ং জাদীদ। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | কাফিররা বলে, আমরা কি তোমাদেরকে এমন ব্যক্তির সন্ধান দিব যে তোমাদেরকে বলে, 'তোমাদের দেহ সম্পূর্ণ ছিন্নভিন্ন হইয়া পড়িলেও তোমরা নূতন সৃষ্টিরূপে উত্থিত হইবেই ?' | |
| | أَفْتَرَىٰ عَلَى اللَّهِ كَذِبًا أَمْ بِهِ جِنَّةٌ ۗ بَلِ الَّذِينَ لَا يُؤْمِنُونَ بِالْآخِرَةِ فِي الْعَذَابِ وَالضَّلَالِ الْبَعِيدِ ۝٨ | 8 |
| প্রতিবর্ণায়ন | আফ্তারা– 'আলাল্লা–হি কাযি˙বান্ আম্ বিহী জিন্নাতুম্ (ط) বালিল্লায˙ীনা লা– ইউ'মিনূনা বিল্আ–খিরাতি ফিল্ 'আয˙া–বি ওয়াদ্দ˙ালা–লিল্ বা'ঈদ। | |
| তরজমা | সে কি আল্লাহ্ সম্বন্ধে মিথ্যা উদ্ভাবন করে অথবা সে কি উন্মাদ ? বস্তুত যাহারা আখিরাতে বিশ্বাস করে না তাহারা শাস্তি ও ঘোর বিভ্রান্তিতে রহিয়াছে। | |
| | أَفَلَمْ يَرَوْا إِلَىٰ مَا بَيْنَ أَيْدِيهِمْ وَمَا خَلْفَهُمْ مِنَ السَّمَاءِ وَالْأَرْضِ ۚ إِنْ نَشَأْ نَخْسِفْ بِهِمُ الْأَرْضَ أَوْ نُسْقِطْ عَلَيْهِمْ كِسَفًا مِنَ السَّمَاءِ ۚ إِنَّ فِي ذَٰلِكَ لَآيَةً لِكُلِّ عَبْدٍ مُنِيبٍ ۝٩ | 9 |
| প্রতিবর্ণায়ন | আফালাম্ ইয়ারাও ইলা– মা–বাইনা আইদীহিম ওয়ামা- খালফাহুম মিনাছ্ছামা~ই ওয়াল্ আরদি˙ (ط) ইন্ নাশা' নাখছিফ বিহিমুল আরদ˙া আও নুছকি˙ত˙ আলাইহিম কিছাফাম মিনাছ্ছামা~ই (ط) ইন্না ফী য˙া–লিকা লাআ–য়াতাল্ লিকুল্লি 'আবদিম মুনীব। | |
| তরজমা | উহারা কি উহাদের সম্মুখে ও পশ্চাতে আসমান ও যমীনে যাহা আছে তাহার প্রতি লক্ষ্য করে না ? আমি ইচ্ছা করিলে উহাদেরকেসহ ভূমি ধসাইয়া দিব অথবা উহাদের উপর আকাশখণ্ডের পতন ঘটাইব ; আল্লাহ্র অভিমুখী প্রতিটি বান্দার জন্য ইহাতে অবশ্যই নিদর্শন রহিয়াছে। | |
| | وَلَقَدْ آتَيْنَا دَاوُودَ مِنَّا فَضْلًا ۖ يَا جِبَالُ أَوِّبِي مَعَهُ وَالطَّيْرَ ۖ وَأَلَنَّا لَهُ الْحَدِيدَ ۝١٠ | 10 |
| প্রতিবর্ণায়ন | ওয়া লাক˙াদ আ-তাইনা দা–ঊদা মিন্না– ফাদ˙লাইঁ (ط) ইয়া–জিবা–লু আওবি˙বী মা'আহূ ওয়াত্ত˙াইরা (ج) ওয়া আলান্না–লাহুল হ˙াদীদ। | |
| তরজমা | আমি নিশ্চয়ই দাউদের প্রতি অনুগ্রহ করিয়াছিলাম এবং আদেশ করিয়াছিলাম, 'হে পর্বতমালা ! তোমরা দাউদের সঙ্গে আমার পবিত্রতা ঘোষণা কর' এবং বিহঙ্গকুলকেও, তাহার জন্য নমনীয় করিয়াছিলাম লৌহ– | |
| | أَنِ اعْمَلْ سَابِغَاتٍ وَقَدِّرْ فِي السَّرْدِ ۖ وَاعْمَلُوا صَالِحًا ۖ إِنِّي بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ ۝١١ | 11 |
| প্রতিবর্ণায়ন | আনি'মাল ছা–বিগা–তিওঁ ওয়া ক˙াদ্দির ফিছ্ছারদি ওয়া'মালূ সা–লিহ˙ান (ط) ইন্নী বিমা– তা'মালূনা বাসীর। | |

| তরজমা | 'যাহাতে তুমি পূর্ণ মাপের বর্ম তৈয়ার করিতে এবং বুননে পরিমাণ রক্ষা করিতে পার' এবং তোমরা সৎকর্ম কর, তোমরা যাহা কিছু কর আমি উহার সম্যক দ্রষ্টা। | |
| | وَلِسُلَيْمٰنَ الرِّيْحَ غُدُوُّهَا شَهْرٌ وَّرَوَاحُهَا شَهْرٌ ۚ وَاَسَلْنَا لَهٗ عَيْنَ الْقِطْرِ ؕ وَمِنَ الْجِنِّ مَنْ يَّعْمَلُ بَيْنَ يَدَيْهِ بِاِذْنِ رَبِّهٖ ؕ وَمَنْ يَّزِغْ مِنْهُمْ عَنْ اَمْرِنَا نُذِقْهُ مِنْ عَذَابِ السَّعِيْرِ ﴿١٢﴾ | **12** |
| প্রতিবর্ণায়ন | ওয়া লিছুলাইমা-নার্‌রীহা গুদুওউহা-শাহরুওঁ ওয়ারাওয়া-হু হা-শাহরুওঁ (ج) ওয়া আছালনা-লাহু 'আইনাল কিত্‌রি (ط) ওয়ামিনাল জিন্নি মাইঁ ইয়া'মালু বাইনা ইয়াদাইহি বিইযনি রাব্বিহী (ط) ওয়া মাইঁ ইয়াঝিগ মিনহুম 'আন আমরিনা- নুযিক্‌হু মিন 'আযা-বিছ্ছা'ঈর। | |
| তরজমা | আমি সুলায়মানের অধীন করিয়াছিলাম বায়ুকে যাহা প্রভাতে এক মাসের পথ অতিক্রম করিত এবং সন্ধ্যায় এক মাসের পথ অতিক্রম করিত। আমি তাহার জন্য গলিত তাম্রের এক প্রস্রবণ প্রবাহিত করিয়াছিলাম। তাহার প্রতিপালকের অনুমতিক্রমে জিনদের কতক তাহার সম্মুখে কাজ করিত। উহাদের মধ্যে যে আমার নির্দেশ অমান্য করে তাহাকে আমি জ্বলন্ত অগ্নি-শাস্তি আস্বাদন করাইব। | |
| | يَعْمَلُوْنَ لَهٗ مَا يَشَآءُ مِنْ مَّحَارِيْبَ وَتَمَاثِيْلَ وَجِفَانٍ كَالْجَوَابِ وَقُدُوْرٍ رّٰسِيٰتٍ ؕ اِعْمَلُوْٓا اٰلَ دَاوٗدَ شُكْرًا ؕ وَقَلِيْلٌ مِّنْ عِبَادِيَ الشَّكُوْرُ ﴿١٣﴾ | **13** |
| প্রতিবর্ণায়ন | ইয়া'মালূনা লাহু মা-ইয়াশা~উ মিম্ মাহা-রীবা ওয়া তামা-ছীলা ওয়া জিফা-নিং কাল জাওয়া-বি ওয়া কুদূরির্ রা-ছিয়া-তিন (ط) ই'মালূ~আ-লা দা-উদা শুকরাওঁ (ط) ওয়া কালীলুম মিন 'ইবা-দিয়াশ্‌শাকূর। | |
| তরজমা | উহারা সুলায়মানের ইচ্ছানুযায়ী প্রাসাদ, ভাস্কর্য, হাওযসদৃশ বৃহদাকার পাত্র এবং সুদৃঢ়ভাবে স্থাপিত ডেগ নির্মাণ করিত। আমি বলিয়াছিলাম, 'হে দাউদ-পরিবার! কৃতজ্ঞতার সঙ্গে তোমরা কাজ করিতে থাক। আমার বান্দাদের মধ্যে অল্পই কৃতজ্ঞ!' | |
| | فَلَمَّا قَضَيْنَا عَلَيْهِ الْمَوْتَ مَا دَلَّهُمْ عَلٰى مَوْتِهٖٓ اِلَّا دَآبَّةُ الْاَرْضِ تَاْكُلُ مِنْسَاَتَهٗ ۚ فَلَمَّا خَرَّ تَبَيَّنَتِ الْجِنُّ اَنْ لَّوْ كَانُوْا يَعْلَمُوْنَ الْغَيْبَ مَا لَبِثُوْا فِي الْعَذَابِ الْمُهِيْنِ ﴿١٤﴾ | **14** |
| প্রতিবর্ণায়ন | ফালাম্মা-কাদাইনা-'আলাইহিল মাওতা মা-দাল্লাহুম 'আলা- মাওতিহী-ইল্লা-দা~ব্বাতুল আরদি তা'কুলু মিং ছাআতাহু (ج) ফালাম্মা-খাররা তাবাইয়ানাতিল জিন্নু আল্লাও কা-নূ ইয়া'লামূনাল্ গাইবা মা-লাবিছূ ফিল 'আযা-বিল মুহীন। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
| --- | --- | --- |
| তরজমা | যখন আমি সুলায়মানের মৃত্যু ঘটাইলাম তখন জিনদেরকে তাহার মৃত্যু বিষয় জানাইল কেবল মাটির পোকা যাহা তাহার লাঠি খাইতেছিল। যখন সে পড়িয়া গেল তখন জিনেরা বুঝিতে পারিল যে, উহারা যদি অদৃশ্য বিষয় অবগত থাকিত তাহা হইলে উহারা লাঞ্ছনাদায়ক শাস্তিতে আবদ্ধ থাকিত না। | |
| | لَقَدْ كَانَ لِسَبَإٍ فِي مَسْكَنِهِمْ آيَةٌ ۖ جَنَّتَانِ عَن يَمِينٍ وَشِمَالٍ ۖ كُلُوا مِن رِّزْقِ رَبِّكُمْ وَاشْكُرُوا لَهُ ۚ بَلْدَةٌ طَيِّبَةٌ وَرَبٌّ غَفُورٌ ﴿١٥﴾ | 15 |
| প্রতিবর্ণায়ন | লাকাদ্ কা-না লিছাবাইং ফী মাছকানিহিম্ আ-য়াতুং (ج) জান্নাতা-নি আইঁ ইয়ামীনিওঁ ওয়াশিমা-লিং (ط) কুলূ মির্ রিয্‌কি রাব্বিকুম্ ওয়াশ্‌কুরূ লাহূ (ط) বাল্‌দাতুং ত্বাইয়িবাতুওঁ ওয়া রাব্বুন্ গাফূর। | |
| তরজমা | সাবাবাসীদের জন্য তো উহাদের বাসভূমিতে ছিল এক নিদর্শন : দুইটি উদ্যান, একটি ডান দিকে, অপরটি বাম দিকে, উহাদেরকে বলা হইয়াছিল, 'তোমরা তোমাদের প্রতিপালক-প্রদত্ত রিযিক ভোগ কর এবং তাঁহার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ কর। উত্তম নগরী এবং ক্ষমাশীল প্রতিপালক।' | |
| | فَأَعْرَضُوا فَأَرْسَلْنَا عَلَيْهِمْ سَيْلَ الْعَرِمِ وَبَدَّلْنَاهُم بِجَنَّتَيْهِمْ جَنَّتَيْنِ ذَوَاتَيْ أُكُلٍ خَمْطٍ وَأَثْلٍ وَشَيْءٍ مِّن سِدْرٍ قَلِيلٍ ﴿١٦﴾ | 16 |
| প্রতিবর্ণায়ন | ফাআ'রাদূ ফাআর্‌ছাল্‌না-'আলাইহিম্ ছাইলাল্ 'আরিমি ওয়া বাদ্দাল্‌না-হুম্ বিজান্নাতাইহিম্ জান্নাতাইনি যাওয়া-তাই উকুলিন্ খাম্‌তিওঁ ওয়া আছ্‌লিওঁ ওয়া শাইয়িম্ মিং ছিদ্‌রিং কালীল্। | |
| তরজমা | পরে উহারা অবাধ্য হইল। ফলে আমি উহাদের উপর প্রবাহিত করিলাম বাঁধভাঙ্গা বন্যা এবং উহাদের উদ্যান দুইটিকে পরিবর্তন করিয়া দিলাম এমন দুইটি উদ্যানে যাহাতে উৎপন্ন হয় বিস্বাদ ফলমূল, ঝাউ গাছ এবং কিছু কুল গাছ। | |
| | ذَٰلِكَ جَزَيْنَاهُم بِمَا كَفَرُوا ۖ وَهَلْ نُجْزِيٓ إِلَّا الْكَفُورَ ﴿١٧﴾ | 17 |
| প্রতিবর্ণায়ন | যা-লিকা জাঝাইনা-হুম্ বিমা-কাফারূ (ط) ওয়া হাল্ নুজা-ঝী~ইল্লাল্ কাফূর। | |
| তরজমা | আমি উহাদেরকে এই শাস্তি দিয়াছিলাম উহাদের কুফরীর জন্য। আমি কৃতঘ্ন ব্যতীত আর কাহাকেও এমন শাস্তি দেই না। | |
| | وَجَعَلْنَا بَيْنَهُمْ وَبَيْنَ الْقُرَى الَّتِي بَارَكْنَا فِيهَا قُرًى ظَاهِرَةً وَقَدَّرْنَا فِيهَا السَّيْرَ ۖ سِيرُوا فِيهَا لَيَالِيَ وَأَيَّامًا آمِنِينَ ﴿١٨﴾ | 18 |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
| --- | --- | --- |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া জা‘আল্না– বাইনাহুম্ ওয়া বাইনাল্ কু ‘রাল্লাতী বা–রাক্না–ফীহা–কু ‘রাং জ ‘া–হিরাতাওঁ ওয়াক ‘াদ্দার্না– ফীহাছ্ছাইরা (ط) ছীরূ ফীহা–লায়া–লিয়া ওয়া আইইয়া-মান্ আ–মিনীন। | |
| *তরজমা* | উহাদের ও যেসব জনপদের প্রতি আমি অনুগ্রহ করিয়াছিলাম সেইগুলির মধ্যবর্তী স্থানে দৃশ্যমান বহু জনপদ স্থাপন করিয়াছিলাম এবং ঐসব জনপদে ভ্রমণের যথাযথ ব্যবস্থা করিয়াছিলাম এবং উহাদেরকে বলিয়াছিলাম, ‘তোমরা এইসব জনপদে নিরাপদে ভ্রমণ কর দিবস ও রজনীতে।’ | |
| | فَقَالُوْا رَبَّنَا بٰعِدْ بَيْنَ اَسْفَارِنَا وَظَلَمُوْٓا اَنْفُسَهُمْ فَجَعَلْنٰهُمْ اَحَادِيْثَ وَمَزَّقْنٰهُمْ كُلَّ مُمَزَّقٍ ۗ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّكُلِّ صَبَّارٍ شَكُوْرٍ ﴿١٩﴾ | 19 |
| *প্রতিবর্ণায়ন* | ফাক ‘া–লূ রাব্বানা– বা–‘ইদ বাইনা আছফা–রিনা– ওয়া জ ‘ালামূ ˜আংফুছাহুম ফাজা‘আল্না–হুম্ আহ ‘া–দীছ ‘া ওয়া মাঝ্ঝাক ‘না–হুম্ কুল্লা মুমাঝ্ঝাকি ‘ন (ط) ইন্না ফী য ‘া–লিকা লাআ–য়া–তিল লিকুল্লি সাব্বা–রিং শাকূর। | |
| *তরজমা* | কিন্তু উহারা বলিল, ‘হে আমাদের প্রতিপালক ! আমাদের সফরের মন্‌যিলের ব্যবধান বর্ধিত কর।’ উহারা নিজেদের প্রতি জুলুম করিয়াছিল। ফলে আমি উহাদেরকে কাহিনীর বিষয়বস্তুতে পরিণত করিলাম এবং উহাদেরকে ছিন্নভিন্ন করিয়া দিলাম। ইহাতে প্রত্যেক ধৈর্যশীল, কৃতজ্ঞ ব্যক্তির জন্য নিদর্শন রহিয়াছে। | |
| | وَلَقَدْ صَدَّقَ عَلَيْهِمْ اِبْلِيْسُ ظَنَّهٗ فَاتَّبَعُوْهُ اِلَّا فَرِيْقًا مِّنَ الْمُؤْمِنِيْنَ ﴿٢٠﴾ | 20 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাক ‘াদ্ সাদ্দাক ‘া ‘আলাইহিম ইব্লীছু জ ‘ান্নাহূ ফাত্তাবা‘উহু ইল্লা–ফারীক ‘াম্ মিনাল্ মু’মিনীন। | |
| *তরজমা* | উহাদের সম্বন্ধে ইব্‌লীস তাহার ধারণা সত্য প্রমাণ করিল, ফলে উহাদের মধ্যে একটি মু’মিন দল ব্যতীত সকলেই তাহার অনুসরণ করিল ; | |
| | وَمَا كَانَ لَهٗ عَلَيْهِمْ مِّنْ سُلْطٰنٍ اِلَّا لِنَعْلَمَ مَنْ يُّؤْمِنُ بِالْاٰخِرَةِ مِمَّنْ هُوَ مِنْهَا فِيْ شَكٍّ ۗ وَرَبُّكَ عَلٰى كُلِّ شَيْءٍ حَفِيْظٌ ﴿٢١﴾ | 21 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া মা– কা–না লাহূ ‘আলাইহিম্ মিং ছুল্ত ‘া–নিন্ ইল্লা–লিনা‘লামা মাইঁ ইউ’মিনু বিলআ–খিরাতি মিম্মান্ হুওয়া মিন্হা– ফী শাক্কিওঁ (ط) ওয়া রাব্বুকা ‘আলা–কুল্লি শাইয়িন্ হ ‘াফীজ ‘। | |
| *তরজমা* | উহাদের উপর শয়তানের কোন আধিপত্য ছিল না। কাহারা আখিরাতে বিশ্বাসী এবং কাহারা উহাতে সন্দিহান তাহা প্রকাশ করিয়া দেওয়াই ছিল আমার উদ্দেশ্য। তোমার প্রতিপালক সর্ববিষয়ে হিফাযতকারী। | |

| | قُلِ ادْعُوا الَّذِيْنَ زَعَمْتُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ ۚ لَا يَمْلِكُوْنَ مِثْقَالَ ذَرَّةٍ فِي السَّمٰوٰتِ وَلَا فِي الْاَرْضِ وَمَا لَهُمْ فِيْهِمَا مِنْ شِرْكٍ وَّمَا لَهٗ مِنْهُمْ مِّنْ ظَهِيْرٍ ۝٢٢ | 22 |
| প্রতিবর্ণায়ন | কু'লিদ 'উল্লায ীনা ঝা'আম্তুম্ মিং দূনিল্লা-হি (ج) লা-ইয়াম্লিকূনা মিছ্ ক'া-লা য'ার্‌রাতিং ফিছ্ ছামা-ওয়া-তি ওয়ালা-ফিল্ আর্‌দি' ওয়ামা- লাহুম্ ফীহিমা- মিং শির্‌কিওঁ ওয়ামা-লাহূ মিন্‌হুম্ মিং জ'াহীর। | |
| তরজমা | বল, 'তোমরা আহ্বান কর উহাদেরকে যাহাদেরকে তোমরা আল্লাহ্‌র পরিবর্তে ইলাহ্ মনে করিতে। উহারা আকাশমণ্ডলী ও পৃথিবীতে অণু পরিমাণ কিছুর মালিক নয় এবং এতদুভয়ে উহাদের কোন অংশও নাই এবং উহাদের কেউ তাঁহার সহায়কও নয়।' | |
| | وَلَا تَنْفَعُ الشَّفَاعَةُ عِنْدَهٗۤ اِلَّا لِمَنْ اَذِنَ لَهٗ ؕ حَتّٰۤى اِذَا فُزِّعَ عَنْ قُلُوْبِهِمْ قَالُوْا مَاذَا ۙ قَالَ رَبُّكُمْ ؕ قَالُوا الْحَقَّ ۚ وَهُوَ الْعَلِيُّ الْكَبِيْرُ ۝٢٣ | 23 |
| প্রতিবর্ণায়ন | ওয়ালা- তাংফা'উশ্‌শাফা-'আতু 'ইংদাহূ ~ইল্লা- লিমান্ আযি'না লাহূ (ط) হ'াত্তা~ইয'া-ফুঝ্‌ঝি'আ 'আং কু'লূবিহিম্ ক'া-লূ মা-য'া- (ۙ) ক'া-লা রাব্বুকুম ক'া-লুল্ হ'াক্ক'া (ج) ওয়া হুওয়াল 'আলিইয়ুল্ কাবীর। | |
| তরজমা | যাহাকে অনুমতি দেওয়া হয় সে ব্যতীত আল্লাহ্‌র নিকট কাহারও সুপারিশ ফলপ্রসূ হইবে না। পরে যখন উহাদের অন্তর হইতে ভয় বিদূরিত হইবে তখন উহারা পরস্পরের মধ্যে জিজ্ঞাসাবাদ করিবে, 'তোমাদের প্রতিপালক কী বলিলেন ?' তদুত্তরে তাহারা বলিবে, 'যাহা সত্য তিনি তাহাই বলিয়াছেন।' তিনি সমুচ্চ, মহান। | |
| | قُلْ مَنْ يَّرْزُقُكُمْ مِّنَ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ قُلِ اللّٰهُ ۙ وَاِنَّاۤ اَوْ اِيَّاكُمْ لَعَلٰى هُدًى اَوْ فِيْ ضَلٰلٍ مُّبِيْنٍ ۝٢٤ | 24 |
| প্রতিবর্ণায়ন | কু'ল মাইঁইয়ার্ ঝুকু'কুম্ মিনাছ্‌ছামা-ওয়া-তি ওয়াল্ আর্‌দি' (ط) কু'লিল্লা-হু ওয়া ইন্না~আও ইয়্যা-কুম্ লা'আলা-হুদান্ আও ফী দ'ালা-লিম্ মুবীন। | |
| তরজমা | বল, 'আকাশমণ্ডলী ও পৃথিবী হইতে কে তোমাদেরকে রিযিক প্রদান করেন?' বল, 'আল্লাহ্। হয় আমরা না হয় তোমরা সৎপথে স্থিত অথবা স্পষ্ট বিভ্রান্তিতে পতিত।' | |
| | قُلْ لَّا تُسْـَٔلُوْنَ عَمَّاۤ اَجْرَمْنَا وَلَا نُسْـَٔلُ عَمَّا تَعْمَلُوْنَ ۝٢٥ | 25 |
| প্রতিবর্ণায়ন | কু'ল্ লা-তুছ্‌আলূনা 'আম্মা~আজ্‌রাম্‌না- ওয়ালা- নুছ্‌আলু 'আম্মা- তা'মালূন। | |
| তরজমা | বল, 'আমাদের অপরাধের জন্য তোমাদেরকে জবাবদিহি করিতে হইবে না এবং তোমরা যাহা কর সে সম্পর্কে আমাদেরকেও জবাবদিহি করিতে হইবে না।' | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
| --- | --- | --- |
| | قُلْ يَجْمَعُ بَيْنَنَا رَبُّنَا ثُمَّ يَفْتَحُ بَيْنَنَا بِالْحَقِّ ۗ وَهُوَ الْفَتَّاحُ الْعَلِيمُ ﴿٢٦﴾ | **26** |
| *প্রতিবর্ণায়ন* | কু˙ল্ ইয়াজমা‘উ বাইনানা– রাব্বুনা– ছু˙ম্মা ইয়াফ্‌তাহূ˙ বাইনানা– বিল্ হ˙াক্কি˙(ط) ওয়া হুওয়াল্ ফাত্তা–হু˙ল্ ‘আলীম। | |
| *তরজমা* | বল, ‘আমাদের প্রতিপালক আমাদের সকলকে একত্র করিবেন, অতঃপর তিনি আমাদের মধ্যে সঠিকভাবে ফয়সালা করিয়া দিবেন, তিনিই শ্রেষ্ঠ ফয়সালাকারী, সর্বজ্ঞ।’ | |
| | قُلْ أَرُونِيَ الَّذِينَ أَلْحَقْتُمْ بِهِ شُرَكَاءَ كَلَّا ۚ بَلْ هُوَ اللَّهُ الْعَزِيزُ الْحَكِيمُ ﴿٢٧﴾ | **27** |
| *প্রতিবর্ণায়ন* | কু˙ল্ আরূনিয়াল্লায˙ীনা আলহ˙াক˙তুম্ বিহী শুরাকা~আ কাল্লা– (ط) বাল্ হুওয়াল্লা–হুল্ ‘আঝীঝুল্ হ˙াকীম। | |
| *তরজমা* | বল, ‘তোমরা আমাকে দেখাও যাহাদেরকে শরীকরূপে তাঁহার সঙ্গে জুড়িয়া দিয়াছ তাহাদেরকে। না, কখনও না, বরং তিনি আল্লাহ্ পরাক্রমশালী, প্রজ্ঞাময়।’ | |
| | وَمَا أَرْسَلْنَاكَ إِلَّا كَافَّةً لِلنَّاسِ بَشِيرًا وَنَذِيرًا وَلَٰكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُونَ ﴿٢٨﴾ | **28** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা~আর্‌ছালনা–কা ইল্লা– কা~ফ্‌ফাতাল্ লিন্না–ছি বাশীরাওঁ ওয়ানায˙ীরাওঁ ওয়ালা– কিন্না আক্‌ছ˙ারান্না–ছি লা– ইয়া‘লামূন। | |
| *তরজমা* | আমি তো তোমাকে সমগ্র মানবজাতির প্রতি সুসংবাদদাতা ও সতর্ককারীরূপে প্রেরণ করিয়াছি ; কিন্তু অধিকাংশ মানুষ জানে না। | |
| | وَيَقُولُونَ مَتَىٰ هَٰذَا الْوَعْدُ إِنْ كُنْتُمْ صَادِقِينَ ﴿٢٩﴾ | **29** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয়াকূ˙লূনা মাতা– হা–য˙াল্ ওয়া‘দু ইং কুংতুম্ সা–দিক˙ীন। | |
| *তরজমা* | তাহারা জিজ্ঞাসা করে, ‘তোমরা যদি সত্যবাদী হও তবে বল, এই প্রতিশ্রুতি কখন বাস্তবায়িত হইবে ?’ | |
| | قُلْ لَكُمْ مِيعَادُ يَوْمٍ لَا تَسْتَأْخِرُونَ عَنْهُ سَاعَةً وَلَا تَسْتَقْدِمُونَ ﴿٣٠﴾ | **30** |
| *প্রতিবর্ণায়ন* | কু˙ল লাকুম্ মী‘আ–দু ইয়াওমিল লা–তাছ্‌তা’খিরূনা ‘আন্‌হু ছা–‘আতাওঁ ওয়ালা– তাছ্‌তাক˙দিমূন। | |
| *তরজমা* | বল, ‘তোমাদের জন্য আছে এক নির্ধারিত দিবস, যাহা তোমরা মুহূর্তকাল বিলম্বিত করিতে পারিবে না, আর ত্বরান্বিতও করিতে পারিবে না।’ | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | وَقَالَ الَّذِينَ كَفَرُوا لَن نُّؤْمِنَ بِهَٰذَا الْقُرْآنِ وَلَا بِالَّذِي بَيْنَ يَدَيْهِ ۗ وَلَوْ تَرَىٰ إِذِ الظَّالِمُونَ مَوْقُوفُونَ عِندَ رَبِّهِمْ يَرْجِعُ بَعْضُهُمْ إِلَىٰ بَعْضٍ الْقَوْلَ يَقُولُ الَّذِينَ اسْتُضْعِفُوا لِلَّذِينَ اسْتَكْبَرُوا لَوْلَا أَنتُمْ لَكُنَّا مُؤْمِنِينَ ﴿٣١﴾ | **31** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াক া-লাল্লায ীনা কাফারূ লান্ নু'মিনা বিহা-য াল্ কু রআ-নি ওয়ালা- বিল্লায ী বাইনা ইয়াদাইহি (ط) ওয়ালাও তারা ˜ইযি জ া-লিমূনা মাওকূ ফূনা 'ইংদা রাব্বিহিম্ (ج) ইয়ার্জি'উ বা'দু হুম্ ইলা- বা'দি নিল্ ক াওলা (ج) ইয়াকূ লুল্লায ীনাছ্তুদ 'ইফূ লিল্লায ীনাছ্তাক্বারূ লাওলা ˜আংতুম্ লাকুন্না- মু'মিনীন। | |
| *তরজমা* | কাফিররা বলে, 'আমরা এই কুরআনে কখনও বিশ্বাস করিব না, ইহার পূর্ববর্তী কিতাবসমূহেও নয়। হায়! তুমি যদি দেখিতে জালিমদেরকে যখন তাহাদের প্রতিপালকের সম্মুখে দণ্ডায়মান করা হইবে তখন উহারা পরস্পর বাদ-প্রতিবাদ করিতে থাকিবে, যাহাদেরকে দুর্বল মনে করা হইত তাহারা ক্ষমতাদর্পীদেরকে বলিবে, 'তোমরা না থাকিলে আমরা অবশ্যই মু'মিন হইতাম।' | |
| | قَالَ الَّذِينَ اسْتَكْبَرُوا لِلَّذِينَ اسْتُضْعِفُوا أَنَحْنُ صَدَدْنَاكُمْ عَنِ الْهُدَىٰ بَعْدَ إِذْ جَاءَكُم ۖ بَلْ كُنتُم مُّجْرِمِينَ ﴿٣٢﴾ | **32** |
| *প্রতিবর্ণায়ন* | ক া-লাল্লায ীনাছ্তাক্বারূ লিল্লায ীনাছ্তুদ 'ইফূ˜ আনাহ্ নু সাদাদ্না-কুম 'আনিল্ হুদা-বা'দা ইয জা~আকুম্ বাল্ কুংতুম মুজরিমীন। | |
| *তরজমা* | যাহারা ক্ষমতাদর্পী ছিল তাহারা, যাহাদেরকে দুর্বল মনে করা হইত তাহাদেরকে বলিবে, 'তোমাদের নিকট সৎপথের দিশা আসিবার পর আমরা কি তোমাদেরকে উহা হইতে নিবৃত্ত করিয়াছিলাম ? বস্তুত তোমরাই তো ছিলে অপরাধী।' | |
| | وَقَالَ الَّذِينَ اسْتُضْعِفُوا لِلَّذِينَ اسْتَكْبَرُوا بَلْ مَكْرُ اللَّيْلِ وَالنَّهَارِ إِذْ تَأْمُرُونَنَا أَن نَّكْفُرَ بِاللَّهِ وَنَجْعَلَ لَهُ أَندَادًا ۚ وَأَسَرُّوا النَّدَامَةَ لَمَّا رَأَوُا الْعَذَابَ ۚ وَجَعَلْنَا الْأَغْلَالَ فِي أَعْنَاقِ الَّذِينَ كَفَرُوا ۚ هَلْ يُجْزَوْنَ إِلَّا مَا كَانُوا يَعْمَلُونَ ﴿٣٣﴾ | **33** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াক া-লাল্লায ীনাছ্তুদ 'ইফূ লিল্লায ীনাছ্তাক্বারূ বাল্ মাকরুল্ লাইলি ওয়ান্নাহা-রি ইয তা'মুরূনানা˜আন নাক্ফুরা বিল্লা-হি ওয়ানাজ'আলা লাহূ˜আংদা-দাওঁ (ج) ওয়া আছার্রুন্নাদা-মাতা লাম্মা- রাআউল্ 'আয া-বা (ج) ওয়াজা'আলনাল্ আগ্লা-লা ফী˜আ'নাকি ল্লায ীনা কাফারূ (ج) হাল্ ইউজঝাওনা ইল্লা-মা- কা-নূ ইয়া'মালূন। | |

| তরজমা | যাহাদেরকে দুর্বল মনে করা হইত তাহারা ক্ষমতাদর্পীদেরকে বলিবে, ‘প্রকৃতপক্ষে তোমরাই তো দিবারাত্র চক্রান্তে লিপ্ত ছিলে, আমাদেরকে নির্দেশ দিয়াছিলে যেন আমরা আল্লাহ্‌কে অমান্য করি এবং তাঁহার শরীক স্থাপন করি।’ যখন তাহারা শাস্তি প্রত্যক্ষ করিবে তখন তাহারা অনুতাপ গোপন রাখিবে এবং আমি কাফিরদের গলদেশে শৃংখল পরাইব। উহাদেরকে উহারা যাহা করিত তাহারই প্রতিফল দেওয়া হইবে। | |
| | وَمَآ اَرْسَلْنَا فِيْ قَرْيَةٍ مِّنْ نَّذِيْرٍ اِلَّا قَالَ مُتْرَفُوْهَآ ۙ اِنَّا بِمَآ اُرْسِلْتُمْ بِهٖ كٰفِرُوْنَ ﴿٣٤﴾ | 34 |
| প্রতিবর্ণায়ন | ওয়ামা˜ আরছাল্‌না–ফী ক্বা'র্‌ইয়াতিম্‌ মিন্‌ নাযীরিন্‌ ইল্লা–ক্বা–লা মুতরাফূহা˜ ইন্না বিমা˜উরছিলতুম্‌ বিহী কা–ফিরূন। | |
| তরজমা | যখনই আমি কোন জনপদে সতর্ককারী প্রেরণ করিয়াছি উহার বিত্তশালী অধিবাসীরা বলিয়াছে, ‘তোমরা যাহাসহ প্রেরিত হইয়াছ আমরা তাহা প্রত্যাখ্যান করি।’ | |
| | وَقَالُوْا نَحْنُ اَكْثَرُ اَمْوَالًا وَّاَوْلَادًا ۙ وَّمَا نَحْنُ بِمُعَذَّبِيْنَ ﴿٣٥﴾ | 35 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ক্বা–লূ নাহ্‌নু আক্‌ছারু আম্‌ওয়া–লাওঁ ওয়াআওলা–দাওঁ (ﻻ) ওয়ামা– নাহ্‌নু বিমু‘আয্‌যাবীন। | |
| তরজমা | উহারা আরও বলিত, ‘আমরা ধনে-জনে সমৃদ্ধিশালী ; সুতরাং আমাদেরকে কিছুতেই শাস্তি দেওয়া হইবে না।’ | |
| | قُلْ اِنَّ رَبِّيْ يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ يَّشَآءُ وَيَقْدِرُ وَلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُوْنَ ﴿٣٦﴾ | 36 |
| প্রতিবর্ণায়ন | কু'ল ইন্না রাব্বী ইয়াবছুতু'র্‌রিঝক্বা'লিমাইঁ ইয়াশা~উ ওয়া ইয়াক্বদিরু ওয়া লা–কিন্না আক্‌ছারান্না–ছি লা–ইয়া‘লামূন। | |
| তরজমা | বল, ‘আমার প্রতিপালক যাহার প্রতি ইচ্ছা তাহার রিযিক বর্ধিত করেন অথবা সীমিত করেন; কিন্তু অধিকাংশ লোকই ইহা জানে না।’ | |
| | وَمَآ اَمْوَالُكُمْ وَلَآ اَوْلَادُكُمْ بِالَّتِيْ تُقَرِّبُكُمْ عِنْدَنَا زُلْفٰٓى اِلَّا مَنْ اٰمَنَ وَعَمِلَ صَالِحًا ۡ فَاُولٰٓئِكَ لَهُمْ جَزَآءُ الضِّعْفِ بِمَا عَمِلُوْا وَهُمْ فِي الْغُرُفٰتِ اٰمِنُوْنَ ﴿٣٧﴾ | 37 |
| প্রতিবর্ণায়ন | ওয়ামা˜আম্‌ওয়া–লুকুম্‌ ওয়ালা˜আওলা–দুকুম্‌ বিল্লাতী তুক্বা'র্‌রিবুকুম্‌ ‘ইংদানা–ঝুল্‌ফা˜ ইল্লা–মান্‌ আ–মানা ওয়া ‘আমিলা সা–লিহাং (ز) ফাউলা~ইকা লাহুম্‌ জাঝা~উদ্‌ দি‘‘ফি বিমা–‘আমিলূ ওয়াহুম্‌ ফিল্‌ গুরূফা–তি আ–মিনূন। | |

| | | |
|---|---|---|
| *তরজমা* | তোমাদের ধন-সম্পদ ও সন্তান-সন্ততি এমন কিছু নয় যাহা তোমাদেরকে আমার নিকটবর্তী করিয়া দিবে ; তবে যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে, তাহারাই তাহাদের কর্মের জন্য পাইবে বহুগু ণ পুরস্কার; আর তাহারা প্রাসাদে নিরাপদে থাকিবে। | |
| | وَالَّذِيْنَ يَسْعَوْنَ فِيْٓ اٰيٰتِنَا مُعٰجِزِيْنَ اُولٰٓئِكَ فِي الْعَذَابِ مُحْضَرُوْنَ ۝٣٨ | 38 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াল্লায ীনা ইয়াছ্‘আওনা ফী ~আ–য়া–তিনা– মু‘আ–জিঝীনা উলা~ইকা ফিল্ ‘আয া–বি মুহ দ ারূন। | |
| *তরজমা* | যাহারা আমার আয়াতকে ব্যর্থ করিবার চেষ্টা করিবে তাহারা শাস্তি ভোগ করিতে থাকিবে। | |
| | قُلْ اِنَّ رَبِّيْ يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ يَّشَآءُ مِنْ عِبَادِهٖ وَيَقْدِرُ لَهٗ ؕ وَمَآ اَنْفَقْتُمْ مِّنْ شَيْءٍ فَهُوَ يُخْلِفُهٗ ۚ وَهُوَ خَيْرُ الرّٰزِقِيْنَ ۝٣٩ | 39 |
| *প্রতিবর্ণায়ন* | কু ল্ ইন্না রাব্বী ইয়াব্ছুতু র্ রিঝক ালিমাইঁ ইয়াশা~উ মিন্ ‘ইবা–দিহী ওয়া ইয়াক দিরু লাহূ (ط) ওয়ামা ~আংফাক তুম্ মিং শাইয়িং ফাহুওয়া ইউখ্‌লিফুহূ (ج) ওয়াহুওয়া খাইরুর্ রা–ঝিক ীন। | |
| *তরজমা* | বল, ‘আমার প্রতিপালক তো তাঁহার বান্দাদের মধ্যে যাহার প্রতি ইচ্ছা রিযিক বর্ধিত করেন এবং যাহার প্রতি ইচ্ছা সীমিত করেন। তোমরা যাহা কিছু ব্যয় করিবে তিনি তাহার প্রতিদান দিবেন। তিনিই শ্রেষ্ঠ রিযিকদাতা।’ | |
| | وَيَوْمَ يَحْشُرُهُمْ جَمِيْعًا ثُمَّ يَقُوْلُ لِلْمَلٰٓئِكَةِ اَهٰٓؤُلَآءِ اِيَّاكُمْ كَانُوْا يَعْبُدُوْنَ ۝٤٠ | 40 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয়াওমা ইয়াহ শুরুহুম্ জামী‘আং ছু ম্মা ইয়াকূ লু লিল্‌মালা~ইকাতি আহা ~উলা~ই ইয়্যা–কুম্ কা–নূ ইয়া‘বুদূন। | |
| *তরজমা* | স্মরণ কর, যেদিন তিনি ইহাদের সকলকে একত্র করিবেন, অতঃপর ফিরিশতাদেরকে জিজ্ঞাসা করিবেন, ‘ইহারা কি তোমাদেরই পূজা করিত ?’ | |
| | قَالُوْا سُبْحٰنَكَ اَنْتَ وَلِيُّنَا مِنْ دُوْنِهِمْ ۚ بَلْ كَانُوْا يَعْبُدُوْنَ الْجِنَّ ۚ اَكْثَرُهُمْ بِهِمْ مُّؤْمِنُوْنَ ۝٤١ | 41 |
| *প্রতিবর্ণায়ন* | ক া–লূ ছুবহ া–নাকা আংতা ওয়ালিইয়ুনা– মিং দূনিহিম (ج) বাল্ কা–নূ ইয়া‘বুদূনাল্ জিন্না (ج) আক্‌ছ ারুহুম বিহিম্ মু’মিনূন। | |
| *তরজমা* | ফিরিশ্‌তারা বলিবে, ‘তুমি পবিত্র, মহান! তুমিই আমাদের অভিভাবক, উহারা নয়; বরং উহারা তো পূজা করিত জিনদের এবং উহাদের অধিকাংশই ছিল উহাদের প্রতি বিশ্বাসী। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | فَالْيَوْمَ لَا يَمْلِكُ بَعْضُكُمْ لِبَعْضٍ نَّفْعًا وَّلَا ضَرًّا ۗ وَنَقُوْلُ لِلَّذِيْنَ ظَلَمُوْا ذُوْقُوْا عَذَابَ النَّارِ الَّتِيْ كُنْتُمْ بِهَا تُكَذِّبُوْنَ ﴿٤٢﴾ | 42 |
| *প্রতিবর্ণায়ন* | ফাল্ইয়াওমা লা– ইয়াম্লিকু বা'দু কুম্ লিবা'দি ন নাফ্'আওঁ ওয়ালা– দা র্রাওঁ (ط) ওয়ানাকূ লু লিল্লায ীনা জ ালামূ যূ কূ 'আয া–বান্না–রিল্লাতী কুংতুম্ বিহা–তুকায যি বূন। | |
| *তরজমা* | 'আজ তোমাদের একে অন্যের উপকার কিংবা অপকার করিবার ক্ষমতা নাই।' যাহারা জুলুম করিয়াছিল তাহাদেরকে বলিব, 'তোমরা যে অগ্নি-শাস্তি অস্বীকার করিতে তাহা আস্বাদন কর।' | |
| | وَاِذَا تُتْلٰى عَلَيْهِمْ اٰيٰتُنَا بَيِّنٰتٍ قَالُوْا مَا هٰذَآ اِلَّا رَجُلٌ يُّرِيْدُ اَنْ يَّصُدَّكُمْ عَمَّا كَانَ يَعْبُدُ اٰبَآؤُكُمْ ۚ وَقَالُوْا مَا هٰذَآ اِلَّآ اِفْكٌ مُّفْتَرًى ۗ وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْا لِلْحَقِّ لَمَّا جَآءَهُمْ ۙ اِنْ هٰذَآ اِلَّا سِحْرٌ مُّبِيْنٌ ﴿٤٣﴾ | 43 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয া–তুত্লা–'আলাইহিম্ আ–য়া–তুনা–বাইয়িনা–তিং ক া–লূ মা– হা–য া ~ইল্লা–রাজুলুইঁ ইউরীদু আইঁ ইয়াসুদ্দাকুম্ 'আম্মা– কা–না ইয়া'বুদু আ–বা~উকুম্ (ج) ওয়াক া–লূ মা– হা–য া ~ইল্লা ~ইফকুম্ মুফ্তারাওঁ- (ط) ওয়া ক া–লাল্লায ীনা কাফারূ লিল্ হ াক্কি লাম্মা– জা~আহুম্ (ۙ) ইন্ হা–য া ~ইল্লা–ছিহ রুম্ মুবীন। | |
| *তরজমা* | ইহাদের নিকট যখন আমার সুস্পষ্ট আয়াতসমূহ তিলাওয়াত করা হয় তখন ইহারা বলে, 'তোমাদের পূর্বপুরুষ যাহার 'ইবাদত করিত এই ব্যক্তিই তো তাহার 'ইবাদতে তোমাদেরকে বাধা দিতে চায়।' ইহারা আরও বলে, 'ইহা তো মিথ্যা উদ্ভাবন ব্যতীত কিছু নয়,' এবং কাফিরদের নিকট যখন সত্য আসে তখন উহারা বলে, 'ইহা তো এক সুস্পষ্ট জাদু।' | |
| | وَمَآ اٰتَيْنٰهُمْ مِّنْ كُتُبٍ يَّدْرُسُوْنَهَا وَمَآ اَرْسَلْنَآ اِلَيْهِمْ قَبْلَكَ مِنْ نَّذِيْرٍ ﴿٤٤﴾ | 44 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা~ আ–তাইনা–হুম্ মিং কুতুবিইঁ ইয়াদ্রুছূনাহা– ওয়ামা~আর্ছাল্না~ইলাইহিম্ ক াব্লাকা মিন নায ীর। | |
| *তরজমা* | আমি ইহাদেরকে পূর্বে কোন কিতাব দেই নাই যাহা ইহারা অধ্যয়ন করিত এবং তোমার পূর্বে ইহাদের নিকট কোন সতর্ককারীও প্রেরণ করি নাই। | |
| | وَكَذَّبَ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ ۙ وَمَا بَلَغُوْا مِعْشَارَ مَآ اٰتَيْنٰهُمْ فَكَذَّبُوْا رُسُلِيْ ۖ فَكَيْفَ كَانَ نَكِيْرِ ﴿٤٥﴾ | 45 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া কায য াবাল্লায ীনা মিং ক াবলিহিম্ (ۙ) ওয়ামা– বালাগূ মি'শা–রা মা~আ–তাইনা–হুম্ ফাকায য াবূ রুছুলী (قف) ফাকাইফা কা–না নাকীর। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | ইহাদের পূর্ববর্তীরাও মিথ্যা আরোপ করিয়াছিল। উহাদেরকে আমি যাহা দিয়াছিলাম, ইহারা তাহার এক-দশমাংশও পায় নাই, তবুও উহারা আমার রাসূলদেরকে মিথ্যাবাদী বলিয়াছিল। ফলে কত ভয়ংকর হইয়াছিল আমার শাস্তি। | |
| | قُلۡ اِنَّمَاۤ اَعِظُكُمۡ بِوَاحِدَةٍ ۚ اَنۡ تَقُوۡمُوۡا لِلّٰهِ مَثۡنٰى وَفُرَادٰى ثُمَّ تَتَفَكَّرُوۡا ۟ مَا بِصَاحِبِكُمۡ مِّنۡ جِنَّةٍ ؕ اِنۡ هُوَ اِلَّا نَذِيۡرٌ لَّـكُمۡ بَيۡنَ يَدَىۡ عَذَابٍ شَدِيۡدٍ ﴿۴۶﴾ | **46** |
| *প্রতিবর্ণায়ন* | কু˙ল ইন্নামা˜ আ‘ইজু˙কুম্ বিওয়া–হি˙দাতিন্ (ج) আং তাকূ˙মূ লিল্লা–হি মাছ˙না– ওয়া ফুরা–দা– ছু˙ম্মা তাতাফাক্কারূ (قف) মা–বিসা–হি˙বিকুম্ মিং জিন্নাতিন্ (ط) ইন্ হুওয়া ইল্লা–নায˙ীরুল্ লাকুম্ বাইনা ইয়াদাই ‘আয˙া–বিং শাদীদ। | |
| *তরজমা* | বল, ‘আমি তোমাদেরকে একটি বিষয়ে উপদেশ দিতেছি : তোমরা আল্লাহ্‌র উদ্দেশ্যে দুই-দুইজন অথবা এক-একজন করিয়া দাঁড়াও, অতঃপর তোমরা চিন্তা করিয়া দেখ-তোমাদের সঙ্গী আদৌ উন্মাদ নয়। সে তো আসন্ন কঠিন শাস্তি সম্পর্কে তোমাদের সতর্ককারী মাত্র। | |
| | قُلۡ مَا سَاَلۡتُكُمۡ مِّنۡ اَجۡرٍ فَهُوَ لَـكُمۡ ؕ اِنۡ اَجۡرِىَ اِلَّا عَلَى اللّٰهِ ۚ وَهُوَ عَلٰى كُلِّ شَىۡءٍ شَهِيۡدٌ ﴿۴۷﴾ | **47** |
| *প্রতিবর্ণায়ন* | কু˙ল্ মা– ছাআল্তুকুম মিন্ আজরিং ফাহুওয়া লাকুম (ط) ইন্ আজরিয়া ইল্লা– ‘আলাল্লা–হি (ج) ওয়া হুওয়া ‘আলা– কুল্লি শাইয়িং শাহীদ। | |
| *তরজমা* | বল, ‘আমি তোমাদের নিকট কোন পারিশ্রমিক চাই না, তাহা তো তোমাদেরই ; আমার পুরস্কার তো আছে আল্লাহ্‌র নিকট এবং তিনি সর্ববিষয়ে দ্রষ্টা।’ | |
| | قُلۡ اِنَّ رَبِّىۡ يَقۡذِفُ بِالۡحَـقِّ ۚ عَلَّامُ الۡغُيُوۡبِ ﴿۴۸﴾ | **48** |
| *প্রতিবর্ণায়ন* | কু˙ল ইন্না রাব্বী ইয়াক˙যি˙ফু বিল্হ˙াক্কি˙ ‘আল্লা–মুল্ গুয়ুব। | |
| *তরজমা* | বল, ‘আমার প্রতিপালক সত্যের দ্বারা অসত্যকে আঘাত করেন ; তিনি অদৃশ্যের পরিজ্ঞাতা।’ | |
| | قُلۡ جَآءَ الۡحَـقُّ وَمَا يُبۡدِئُ الۡبَاطِلُ وَمَا يُعِيۡدُ ﴿۴۹﴾ | **49** |
| *প্রতিবর্ণায়ন* | কু˙ল্ জা~আল্ হ˙াক্কু˙ ওয়ামা– ইউব্দিউল্ বা–তি˙লু ওয়ামা– ইউ‘ঈদ। | |
| *তরজমা* | বল, ‘সত্য আসিয়াছে এবং অসত্য না পারে নূতন কিছু সৃজন করিতে, আর না পারে পুনরাবৃত্তি করিতে।’ | |
| | قُلۡ اِنۡ ضَلَلۡتُ فَاِنَّمَاۤ اَضِلُّ عَلٰى نَفۡسِىۡ ۚ وَاِنِ اهۡتَدَيۡتُ فَبِمَا يُوۡحِىۡۤ اِلَىَّ رَبِّىۡ ؕ اِنَّهٗ سَمِيۡعٌ قَرِيۡبٌ ﴿۵۰﴾ | **50** |
| *প্রতিবর্ণায়ন* | কু˙ল্ ইং দ˙ালাল্তু ফাইন্নামা˜আদি˙ল্লু ‘আলা–নাফ্ছী (ج) ওয়াইনিহ্তাদাইতু ফাবিমা–ইউহ˙ী˜ ইলাইয়া রাব্বী (ط) ইন্নাহূ ছামী‘উং ক˙ারীব্। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | বল, 'আমি বিভ্রান্ত হইলে বিভ্রান্তির পরিণাম আমারই এবং যদি আমি সৎপথে থাকি তবে তাহা এইজন্য যে, আমার প্রতি আমার প্রতিপালক ওহী প্রেরণ করেন। তিনি সর্বশ্রোতা, সন্নিকট।' | |
| | وَلَوْ تَرٰٓى اِذْ فَزِعُوْا فَلَا فَوْتَ وَاُخِذُوْا مِنْ مَّكَانٍ قَرِيْبٍ ۝٥١ | 51 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাও তারা~ইয্ ফাঝি'উ ফালা- ফাওতা ওয়া উখিযূ মিম্ মাকা-নিং ক়ারীব্। | |
| *তরজমা* | তুমি যদি দেখিতে যখন ইহারা ভীত-বিহ্বল হইয়া পড়িবে, তখন ইহারা অব্যাহতি পাইবে না এবং ইহারা নিকটস্থ স্থান হইতে ধৃত হইবে, | |
| | وَّقَالُوْٓا اٰمَنَّا بِهٖ ۚ وَاَنّٰى لَهُمُ التَّنَاوُشُ مِنْ مَّكَانٍ ۢ بَعِيْدٍ ۝٥٢ | 52 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ক়া-লূ~ আ-মান্না- বিহী (ج) ওয়া আন্না- লাহুমুত্তানা-উশু মিম্ মাকা-নিম্ বা'ঈদ্। | |
| *তরজমা* | এবং ইহারা বলিবে, 'আমরা তাহাতে ঈমান আনিলাম।' কিন্তু এত দূরবর্তী স্থান হইতে উহারা নাগাল পাইবে কিরূপে ? | |
| | وَّقَدْ كَفَرُوْا بِهٖ مِنْ قَبْلُ ۚ وَيَقْذِفُوْنَ بِالْغَيْبِ مِنْ مَّكَانٍ ۢ بَعِيْدٍ ۝٥٣ | 53 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ক়াদ্ কাফারূ বিহী মিং ক়াব্লু (ج) ওয়া ইয়াক়যিফূনা বিল্গাইবি মিম্ মাকা-নিম্ বা'ঈদ্। | |
| *তরজমা* | উহারা তো পূর্বে তাহা প্রত্যাখ্যান করিয়াছিল ; উহারা দূরবর্তী স্থান হইতে অদৃশ্য বিষয়ে বাক্য ছুঁড়িয়া মারিত। | |
| | وَحِيْلَ بَيْنَهُمْ وَبَيْنَ مَا يَشْتَهُوْنَ كَمَا فُعِلَ بِاَشْيَاعِهِمْ مِّنْ قَبْلُ ۗ اِنَّهُمْ كَانُوْا فِيْ شَكٍّ مُّرِيْبٍ ۝٥٤ | 54 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া হ়ীলা বাইনাহুম্ ওয়া বাইনা মা-ইয়াশ্তাহূনা কামা-ফু'ইলা বিআশইয়া-'ইহিম্ মিং ক়াব্লু (ط) ইন্নাহুম্ কা-নূ ফী শাক্কিম্ মুরীব্। | |
| *তরজমা* | ইহাদের ও ইহাদের বাসনার মধ্যে অন্তরাল করা হইয়াছে, যেমন পূর্বে করা হইয়াছিল ইহাদের সমপন্থীদের ক্ষেত্রে। উহারা ছিল বিভ্রান্তিকর সন্দেহের মধ্যে। | |
| *প্রতিবর্ণায়ন* | ৩৫-ছুরা ফা-তি়র , আয়াতর : ৪৫ | |

## 35 - Fatir-ফাতির -فاطر

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

| | | |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | আল্ হ়ামদু লিল্লা-হি ফা-তি়রিছ্ছামা-ওয়া-তি ওয়াল্ আর্দি় জা'ইলিল্ মালা~ইকাতি রুছুলান্ উলী~আজনিহ়াতিম্মাছ্না- ওয়া ছুলা-ছা ওয়া রুবা-'আ (ط) ইয়াঝীদু ফিল্ খাল্ক়ি মা- ইয়াশা~উ (ط) ইন্নাল্লা-হা আ'লা-কুল্লি শাইয়িং ক়াদীর। | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | সকল প্রশংসা আকাশমণ্ডলী ও পৃথিবীর সৃষ্টিকর্তা আল্লাহ্রই-যিনি বাণীবাহক করেন ফিরিশ্তাদেরকে যাহারা দুই দুই, তিন তিন অথবা চার চার পক্ষবিশিষ্ট। তিনি সৃষ্টিতে যাহা ইচ্ছা বৃদ্ধি করেন। আল্লাহ্ সর্ববিষয়ে সর্বশক্তিমান। | |
| | مَا يَفْتَحِ اللّٰهُ لِلنَّاسِ مِنْ رَّحْمَةٍ فَلَا مُمْسِكَ لَهَا ۚ وَمَا يُمْسِكْ ۙ فَلَا مُرْسِلَ لَهٗ مِنْۢ بَعْدِهٖ ؕ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ۝٢ | 2 |
| প্রতিবর্ণায়ন | মা ইয়াফ্তাহি ল্লা-হু লিন্না-ছি মির্ রাহ মাতিং ফালা- মুম্ছিকা লাহা- (ج) ওয়া মা- ইউম্ছিক (ۙ) ফালা- মুর্ছিলা লাহূ মিম্ বা'দিহী (ط) ওয়া হুওয়াল 'আঝীঝুল হ াকীম। | |
| তরজমা | আল্লাহ্ মানুষের প্রতি কোন অনুগ্রহ অবারিত করিলে কেহ উহা নিবারণকারী নাই এবং তিনি কিছু নিরুদ্ধ করিতে চাহিলে তৎপর কেহ উহার উন্মুক্তকারী নাই। তিনি পরাক্রমশালী, প্রজ্ঞাময়। | |
| | يٰۤاَيُّهَا النَّاسُ اذْكُرُوْا نِعْمَتَ اللّٰهِ عَلَيْكُمْ ؕ هَلْ مِنْ خَالِقٍ غَيْرُ اللّٰهِ يَرْزُقُكُمْ مِّنَ السَّمَآءِ وَالْاَرْضِ ؕ لَاۤ اِلٰهَ اِلَّا هُوَ ۖ فَاَنّٰى تُؤْفَكُوْنَ ۝٣ | 3 |
| প্রতিবর্ণায়ন | ইয়া ˜আইয়ুহান্না-ছুয কুরূ নি'মাতাল্লা-হি 'আলাইকুম (ط) হাল্ মিন্ খা-লিকি ন গাইরুল্লা-হি ইয়ার্ঝুকু কুম মিনাছ্ ছামা~ই ওয়াল্ আর্দি (ط) লা ˜ইলা-হা ইল্লা- হুওয়া (ز) ফাআন্না- তু'ফাকূন। | |
| তরজমা | হে মানুষ! তোমাদের প্রতি আল্লাহ্র অনুগ্রহ স্মরণ কর। আল্লাহ্ ব্যতীত কি কোন স্রষ্টা আছে, যে তোমাদেরকে আকাশমণ্ডলী ও পৃথিবী হইতে রিযিক দান করে ? তিনি ব্যতীত কোন ইলাহ্ নাই। সুতরাং কোথায় তোমরা বিপথে চালিত হইতেছ ? | |
| | وَاِنْ يُّكَذِّبُوْكَ فَقَدْ كُذِّبَتْ رُسُلٌ مِّنْ قَبْلِكَ ؕ وَاِلَى اللّٰهِ تُرْجَعُ الْاُمُوْرُ ۝٤ | 4 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ইয়ঁ ইউকায যি বূকা ফাক াদ্ কুয যি বাত্ রুছুলুম মিং ক াব্লিকা (ط) ওয়া ইলাল্লা-হি তুর্জা'উল উমূর। | |
| তরজমা | ইহারা যদি তোমার প্রতি মিথ্যা আরোপ করে তবে তোমার পূর্বেও রাসূলগণের প্রতি মিথ্যা আরোপ করা হইয়াছিল। আল্লাহ্র নিকটই সকল বিষয় প্রত্যানীত হইবে। | |
| | يٰۤاَيُّهَا النَّاسُ اِنَّ وَعْدَ اللّٰهِ حَقٌّ فَلَا تَغُرَّنَّكُمُ الْحَيٰوةُ الدُّنْيَا ۥ وَلَا يَغُرَّنَّكُمْ بِاللّٰهِ الْغَرُوْرُ ۝٥ | 5 |
| প্রতিবর্ণায়ন | ইয়া ˜আইয়ুহান্না-ছু ইন্না ওয়া'দাল্লা-হি হ াক্কু ং ফালা- তাগুর্রান্নাকুমুল হ ায়াতুদ্দন্ইয়া- (قف) ওয়ালা-ইয়াগুর্রান্নাকুম্ বিল্লা-হিল্ গারূর। | |

| তরজমা | হে মানুষ ! নিশ্চয়ই আল্লাহ্‌র প্রতিশ্রুতি সত্য; সুতরাং পার্থিব জীবন যেন তোমাদেরকে কিছুতেই প্রতারিত না করে এবং সেই প্রবঞ্চক যেন কিছুতেই আল্লাহ্ সম্পর্কে তোমাদেরকে প্রবঞ্চিত না করে। | |
| | اِنَّ الشَّيۡطٰنَ لَـكُمۡ عَدُوٌّ فَاتَّخِذُوۡهُ عَدُوًّا ؕ اِنَّمَا يَدۡعُوۡا حِزۡبَهٗ لِيَكُوۡنُوۡا مِنۡ اَصۡحٰبِ السَّعِيۡرِ ؕ‏ ﴿۶﴾ | 6 |
| প্রতিবর্ণায়ন | ইন্নাশ্‌শাইত ৗা-না লাকুম্ ‘আদুওউং ফাত্তাখিযূ হু আ‘দুওওয়ান (ط) ইন্নামা- ইয়াদ্‘ঊ হি ঝবাহূ লিইয়াকূনূ মিন্ আসহ ৗা-বিছ্ছা‘ঈর। | |
| তরজমা | শয়তান তো তোমাদের শত্রু ; সুতরাং তাহাকে শত্রু হিসাবে গ্রহণ কর। সে তো তাহার দলবলকে আহ্বান করে কেবল এইজন্য যে, উহারা যেন জাহান্নামী হয়। | |
| | اَلَّذِيۡنَ كَفَرُوۡا لَهُمۡ عَذَابٌ شَدِيۡدٌ ؕ وَالَّذِيۡنَ اٰمَنُوۡا وَعَمِلُوا الصّٰلِحٰتِ لَهُمۡ مَّغۡفِرَةٌ وَّاَجۡرٌ كَبِيۡرٌ ‏ ﴿۷﴾ | 7 |
| প্রতিবর্ণায়ন | আল্লায ীনা কাফারূ লাহুম ‘আয ৗা-বুং শাদীদুওঁ (ط) ওয়াল্লায ীনা আ-মানূ ওয়া ‘আমিলুসসা-লিহ ৗা-তি লাহুম্ মাগ্‌ফিরাতুওঁ ওয়া আজরুং কাবীর। | |
| তরজমা | যাহারা কুফরী করে তাহাদের জন্য আছে কঠিন শাস্তি এবং যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে তাহাদের জন্য আছে ক্ষমা ও মহাপুরস্কার। | |
| | اَفَمَنۡ زُيِّنَ لَهٗ سُوۡٓءُ عَمَلِهٖ فَرَاٰهُ حَسَنًا ؕ فَاِنَّ اللّٰهَ يُضِلُّ مَنۡ يَّشَآءُ وَيَهۡدِىۡ مَنۡ يَّشَآءُ ۖ فَلَا تَذۡهَبۡ نَفۡسُكَ عَلَيۡهِمۡ حَسَرٰتٍ ؕ اِنَّ اللّٰهَ عَلِيۡمٌۢ بِمَا يَصۡنَعُوۡنَ‏ ﴿۸﴾ | 8 |
| প্রতিবর্ণায়ন | আফামাং ঝুইয়িনা লাহূ ছূ~উ ‘আমালিহী ফারাআ-হু হ ৗাছানাং (ط) ফাইন্নাল্লা-হা ইউদি ৗল্লু মাইঁ ইয়াশা~উ (ز) ফালা- তায ৗহাব্ নাফ্‌ছুকা ‘আলাইহিম্ হ ৗাছারাতিন (ط) ইন্নাল্লা-হা ‘আলীমুম্ বিমা-ইয়াসনা‘ঊন। | |
| তরজমা | কাহাকেও যদি তাহার মন্দকর্ম শোভন করিয়া দেখান হয় এবং সে ইহাকে উত্তম মনে করে, সেই ব্যক্তি কি তাহার সমান যে সৎকর্ম করে ? আল্লাহ্ যাহাকে ইচ্ছা বিভ্রান্ত করেন এবং যাহাকে ইচ্ছা সৎপথে পরিচালিত করেন। অতএব ইহাদের জন্য আক্ষেপ করিয়া তোমার প্রাণ যেন ধ্বংস না হয়। উহারা যাহা করে নিশ্চয়ই আল্লাহ্ তাহা জানেন। | |
| | وَاللّٰهُ الَّذِىۡۤ اَرۡسَلَ الرِّيٰحَ فَتُثِيۡرُ سَحَابًا فَسُقۡنٰهُ اِلٰى بَلَدٍ مَّيِّتٍ فَاَحۡيَيۡنَا بِهِ الۡاَرۡضَ بَعۡدَ مَوۡتِهَا ؕ كَذٰلِكَ النُّشُوۡرُ‏ ﴿۹﴾ | 9 |
| প্রতিবর্ণায়ন | ওয়াল্লা-হুল্লায ী ৗআর্‌ছালার্ রিইয়া-হ ৗা ফাতুছ ীরু ছাহ ৗা-বাং ফাছুক ৗনা-হু ইলা-বালাদিম্ মাইয়িতিং ফাআহ ৗইয়াইনা- বিহিল্ আর্‌দ ৗা বা‘দা মাওতিহা- (ط) কায ৗা-লিকান্ নুশূর। | |

| *তরজমা* | আল্লাহ্ই বায়ু প্রেরণ করিয়া উহা দ্বারা মেঘমালা সঞ্চারিত করেন। অতঃপর আমি উহা নির্জীব ভূখণ্ডের দিকে পরিচালিত করি, অতঃপর আমি উহা দ্বারা ধরিত্রীকে উহার মৃত্যুর পর সঞ্জীবিত করি। এইরূপেই মৃত্যুর পর পুনরায় জীবিত করিয়া উঠানো হইবে। | |
| | مَنْ كَانَ يُرِيْدُ الْعِزَّةَ فَلِلّٰهِ الْعِزَّةُ جَمِيْعًا ؕ اِلَيْهِ يَصْعَدُ الْكَلِمُ الطَّيِّبُ وَالْعَمَلُ الصَّالِحُ يَرْفَعُهٗ ؕ وَالَّذِيْنَ يَمْكُرُوْنَ السَّيِّاٰتِ لَهُمْ عَذَابٌ شَدِيْدٌ ؕ وَمَكْرُ اُولٰٓئِكَ هُوَ يَبُوْرُ ﴿۱۰﴾ | 10 |
| *প্রতিবর্ণায়ন* | মাং কা–না ইউরীদুল্ ‘ইঝ্‌ঝাতা ফালিল্লা–হিল্ ‘ইঝ্‌ঝাতু জামী‘আন (ط) ইলাইহি ইয়াস‘আদুল্ কালিমুত্ ত ‍াইয়িবু ওয়াল্ ‘আমালুসসা–লিহু ‍ ইয়ার্‌ফা‘উহূ (ط) ওয়াল্লায ‍ীনা ইয়াম্‌কুরূনাছ্ ছাইয়িআ–তি লাহুম্ ‘আয ‍া–বুং শাদীদুওঁ (ط) ওয়া মাক্‌রূ উলা~ইকা হুওয়া ইয়াবূর। | |
| *তরজমা* | কেহ সম্মান ও ক্ষমতা চাহিলে সে জানিয়া রাখুক, সকল সম্মান ও ক্ষমতা তো আল্লাহ্রই। তাঁহারই দিকে পবিত্র বাণীসমূহ সমুত্থিত হয় এবং সৎকর্ম উহাকে উন্নীত করে, আর যাহারা মন্দ কাজের ফন্দি আঁটে তাহাদের জন্য আছে কঠিন শাস্তি। তাহাদের ফন্দি ব্যর্থ হইবেই। | |
| | وَاللّٰهُ خَلَقَكُمْ مِّنْ تُرَابٍ ثُمَّ مِنْ نُّطْفَةٍ ثُمَّ جَعَلَكُمْ اَزْوَاجًا ؕ وَمَا تَحْمِلُ مِنْ اُنْثٰى وَلَا تَضَعُ اِلَّا بِعِلْمِهٖ ؕ وَ مَا يُعَمَّرُ مِنْ مُّعَمَّرٍ وَّلَا يُنْقَصُ مِنْ عُمُرِهٖٓ اِلَّا فِيْ كِتٰبٍ ؕ اِنَّ ذٰلِكَ عَلَى اللّٰهِ يَسِيْرٌ ﴿۱۱﴾ | 11 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াল্লা–হু খালাক ‍াকুম্ মিং তুরা–বিং ছু ‍ম্মা জা‘আলাকুম্ আঝ্‌ওয়া–জাওঁ (ط) ওয়ামা–তাহ্ ‍ মিলু মিন উংছ ‍া– ওয়ালা–তাদ ‍া‘উ ইল্লা– বি‘ইল্‌মিহী (ط) ওয়ামা– ইউ‘আম্মারু মিম্ মু‘আম্মারিওঁ ওয়ালা– ইউংক ‍াসু মিন্ ‘উমুরিহী˜ ইল্লা ফী কিতা–বিন (ط) ইন্না য ‍া–লিকা ‘আলাল্লা–হি ইয়াছীর। | |
| *তরজমা* | আল্লাহ্ তোমাদেরকে সৃষ্টি করিয়াছেন মৃত্তিকা হইতে ; অতঃপর শুক্রবিন্দু হইতে, অতঃপর তোমাদেরকে করিয়াছেন যুগল ! আল্লাহ্র অজ্ঞাতসারে কোন নারী গর্ভধারণ করে না এবং প্রসবও করে না। কোন দীর্ঘায়ু ব্যক্তির আয়ু বৃদ্ধি করা হয় না এবং তাহার আয়ু হ্রাস করা হয় না, কিন্তু তাহা তো রহিয়াছে ‘কিতাবে’। ইহা আল্লাহ্র জন্য সহজ। | |
| | وَمَا يَسْتَوِى الْبَحْرٰنِ ۖ هٰذَا عَذْبٌ فُرَاتٌ سَآئِغٌ شَرَابُهٗ وَهٰذَا مِلْحٌ اُجَاجٌ ؕ وَمِنْ كُلٍّ تَاْكُلُوْنَ لَحْمًا طَرِيًّا وَّ تَسْتَخْرِجُوْنَ حِلْيَةً تَلْبَسُوْنَهَا ۚ وَتَرَى الْفُلْكَ فِيْهِ مَوَاخِرَ لِتَبْتَغُوْا مِنْ فَضْلِهٖ وَلَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ﴿۱۲﴾ | 12 |

| প্রতিবর্ণায়ন | ওয়ামা- ইয়াছ্তাবি`ল্ বাহ`রা-নি (ق) হা-য`া- 'আয`বুং ফুরা-তুং ছা~ইগুং শারা-বুহূ ওয়া হা-য`া- মিল্হু`ন্ উজা-জুওঁ (ط) ওয়া মিং কুল্লিং তা'কুলূনা লাহ`মাং ত`ারিইইয়াওঁ ওয়া তাছ্তাখ্রিজূনা হি`ল্য়াতাং তাল্বাছূনাহা- ওয়া তারাল্ ফুল্কা ফীহি মাওয়া-খিরাঁ লিতাব্তাগু মিং ফাদ`লিহী ওয়া লা'আল্লাকুম্ তাশ্কুরূন। | |
| তরজমা | দরিয়া দুইটি একরূপ নয় : একটির পানি সুমিষ্ট ও সুপেয়, অপরটির পানি লোনা, খর। প্রত্যেকটি হইতে তোমরা তাজা গোশ্ত আহার কর এবং আহরণ কর অলংকার যাহা তোমরা পরিধান কর, এবং তোমরা দেখ উহার বুক চিরিয়া নৌযান চলাচল করে যাহাতে তোমরা তাঁহার অনুগ্রহ অনুসন্ধান করিতে পার এবং যাহাতে তোমরা কৃতজ্ঞতা প্রকাশ কর। | |
| | يُوْلِجُ الَّيْلَ فِى النَّهَارِ وَيُوْلِجُ النَّهَارَ فِى الَّيْلِ ۙ وَ سَخَّرَ الشَّمْسَ وَالْقَمَرَ ۖ كُلٌّ يَّجْرِىْ لِاَجَلٍ مُّسَمًّى ؕ ذٰلِكُمُ اللّٰهُ رَبُّكُمْ لَهُ الْمُلْكُ ؕ وَالَّذِيْنَ تَدْعُوْنَ مِنْ دُوْنِهٖ مَا يَمْلِكُوْنَ مِنْ قِطْمِيْرٍ ۞١٣ؕ | 13 |
| প্রতিবর্ণায়ন | ইউলিজুল্লাইলা ফিন্নাহা-রি ওয়া ইউলিজুন্নাহা-রা ফিল্লাইলি (ﻻ) ওয়া ছাখ্খারাশ্শাম্ছা ওয়াল্ ক`ামারা কুল্লুই ইয়াজরী লিআজালিম্ মুছাম্মাং (ط) য`া-লিকুমুল্লা-হু রাব্বাকুম্ লাহুল্ মুল্কু (ط) ওয়াল্লায`ীনা তাদ্'উনা মিং দূনিহী মা-ইয়াম্লিকূনা মিং কি`ত`মীর। | |
| তরজমা | তিনি রাত্রিকে দিবসে প্রবিষ্ট করান এবং দিবসকে প্রবিষ্ট করান রাত্রিতে, তিনি সূর্য ও চন্দ্রকে করিয়াছেন নিয়মাধীন ; প্রত্যেকে পরিভ্রমণ করে এক নির্দিষ্ট কাল পর্যন্ত। তিনিই আল্লাহ্, তোমাদের প্রতিপালক। আধিপত্য তাঁহারই। এবং তোমরা আল্লাহ্‌র পরিবর্তে যাহাদেরকে ডাক তাহারা তো খর্জুর আঁটির আবরণেরও অধিকারী নয়। | |
| | اِنْ تَدْعُوْهُمْ لَا يَسْمَعُوْا دُعَآءَكُمْ ۚ وَلَوْ سَمِعُوْا مَا اسْتَجَابُوْا لَكُمْ ؕ وَيَوْمَ الْقِيٰمَةِ يَكْفُرُوْنَ بِشِرْكِكُمْ ؕ وَلَا يُنَبِّئُكَ مِثْلُ خَبِيْرٍ ۞١٤ | 14 |
| প্রতিবর্ণায়ন | ইং তাদ্'উহুম্ লা-ইয়াছ্মা'উ দু'আ~আকুম্ (ج) ওয়ালাও ছামি'উ মাছতাজা-বূ লাকুম (ط) ওয়া ইয়াওমাল্ কি`য়া-মাতি ইয়াক্ফুরূনা বিশির্কিকুম (ط) ওয়া লা-ইউনাব্বিউকা মিছ্`লু খাবীর। | |
| তরজমা | তোমরা তাহাদেরকে আহ্বান করিলে তাহারা তোমাদের আহ্বান শুনিবে না এবং শুনিলেও তোমাদের আহবানে সাড়া দিবে না। তোমরা তাহাদেরকে যে শরীক করিয়াছ তাহা উহারা কিয়ামতের দিন অস্বীকার করিবে। সর্বজ্ঞের ন্যায় কেহই তোমাকে অবহিত করিতে পারে না। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | يَٰٓأَيُّهَا ٱلنَّاسُ أَنتُمُ ٱلْفُقَرَآءُ إِلَى ٱللَّهِ ۖ وَٱللَّهُ هُوَ ٱلْغَنِىُّ ٱلْحَمِيدُ ﴿١٥﴾ | **15** |
| প্রতিবর্ণায়ন | আম্ আ–তাইনা–হুম্ কিতা–বাম্ মিং ক াবলিহী ফাহুম্ বিহী মুছ্‌তাম্‌ছিকূন। | |
| তরজমা | আমি কি উহাদেরকে কুরআনের পূর্বে কোন কিতাব দান করিয়াছি যাহা উহারা দৃঢ়ভাবে ধারণ করিয়া আছে ? | |
| | بَلْ قَالُوٓا إِنَّا وَجَدْنَآ ءَابَآءَنَا عَلَىٰٓ أُمَّةٍ وَإِنَّا عَلَىٰٓ ءَاثَٰرِهِم مُّهْتَدُونَ ﴿٢٢﴾ | **22** |
| প্রতিবর্ণায়ন | বাল্ ক া–লূ˜ ইন্না– ওয়াজাদ্‌না˜ আ–বা~আনা ‘আলা˜ উম্মাতিওঁ ওয়া ইন্না– ‘আলা˜ আ–ছ া–রিহিম্ মুহ্‌তাদূন। | |
| তরজমা | বরং উহারা বলে, ‘আমরা তো আমাদের পূর্বপুরুষদেরকে পাইয়াছি এক মতাদর্শের অনুসারী এবং আমরা তাহাদেরই পদাংক অনুসরণ করিতেছি।’ | |

| | | |
|---|---|---|
| | وَكَذٰلِكَ مَآ اَرْسَلْنَا مِنْ قَبْلِكَ فِىْ قَرْيَةٍ مِّنْ نَّذِيْرٍ اِلَّا قَالَ مُتْرَفُوْهَآ ۙ اِنَّا وَجَدْنَآ اٰبَآءَنَا عَلٰٓى اُمَّةٍ وَّاِنَّا عَلٰٓى اٰثٰرِهِمْ مُّقْتَدُوْنَ ﴿٢٣﴾ | 23 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া কাযা-লিকা মা~ আর্ছাল্না-মিং কাব্লিকা ফী কারইয়াতিম মিং নাযীরিন্ ইল্লা- কা-লা মুতরাফূহা~ (ۙ) ইন্না- ওয়াজাদ্না~ আ-বা~আনা ‘আলা~ উম্মাতিওঁ ওয়া ইন্না- ‘আলা~ আ-ছা-রিহিম্ মুকতাদূন। | |
| *তরজমা* | এইভাবে তোমার পূর্বে কোন জনপদে যখনই আমি কোন সতর্ককারী প্রেরণ করিয়াছি তখন উহার সমৃদ্ধিশালী ব্যক্তিরা বলিত, ‘আমরা তো আমাদের পূর্বপুরুষদেরকে পাইয়াছি এক মতাদর্শের অনুসারী এবং আমরা তাহাদেরই পদাংক অনুসরণ করিতেছি।’ | |
| | قٰلَ اَوَلَوْ جِئْتُكُمْ بِاَهْدٰى مِمَّا وَجَدْتُّمْ عَلَيْهِ اٰبَآءَكُمْ ۗ قَالُوْٓا اِنَّا بِمَآ اُرْسِلْتُمْ بِهٖ كٰفِرُوْنَ ﴿٢٤﴾ | 24 |
| *প্রতিবর্ণায়ন* | কা-লা আওয়ালাও জি’তুকুম বিআহ্দা-মিম্মা-ওয়াজাত্তুম্ ‘আলাইহি আ-বা~আকুম (ط) কা-লূ~ ইন্না- বিমা~ উর্ছিল্তুম্ বিহী কা-ফিরূন। | |
| *তরজমা* | সেই সতর্ককারী বলিত, ‘তোমরা তোমাদের পূর্বপুরুষদেরকে যে পথে পাইয়াছ, আমি যদি তোমাদের জন্য তদপেক্ষা উৎকৃষ্ট পথনির্দেশ আনয়ন করি তবুও কি তোমরা তাহাদের পদাংক অনুসরণ করিবে ? তাহারা বলিত, ‘তোমরা যাহাসহ প্রেরিত হইয়াছ আমরা তাহা প্রত্যাখ্যান করি।’ | |
| | فَانْتَقَمْنَا مِنْهُمْ فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُكَذِّبِيْنَ ﴿٢٥﴾ | 25 |
| *প্রতিবর্ণায়ন* | ফাংতাকাম্না- মিন্হুম্ ফাংজুর্ কাইফা কা-না ‘আ-কিবাতুল্ মুকাযযিবীন। | |
| *তরজমা* | অতঃপর আমি উহাদের হইতে প্রতিশোধ লইলাম। দেখ, মিথ্যাচারীদের পরিণাম কী হইয়াছে। | |
| | وَاِذْ قَالَ اِبْرٰهِيْمُ لِاَبِيْهِ وَقَوْمِهٖٓ اِنَّنِىْ بَرَآءٌ مِّمَّا تَعْبُدُوْنَ ﴿٢٦﴾ | 26 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয কা-লা ইবরাহীমু লিআবীহি ওয়া কাওমিহী~ ইন্নানী বারা~উম্ মিম্মা-তা‘বুদূন। | |
| *তরজমা* | স্মরণ কর, ইব্রাহীম তাহার পিতা এবং সম্প্রদায়কে বলিয়াছিল, ‘তোমরা যাহাদের পূজা কর তাহাদের সঙ্গে আমার কোন সম্পর্ক নাই; | |
| | اِلَّا الَّذِىْ فَطَرَنِىْ فَاِنَّهٗ سَيَهْدِيْنِ ﴿٢٧﴾ | 27 |
| *প্রতিবর্ণায়ন* | ইল্লাল্লাযী ফাতারানী ফাইন্নাহূ ছাইয়াহ্দীন। | |
| *তরজমা* | ‘সম্পর্ক আছে শুধু তাঁহারই সঙ্গে, যিনি আমাকে সৃষ্টি করিয়াছেন এবং তিনিই আমাকে সৎপথে পরিচালিত করিবেন।’ | |

| | وَجَعَلَهَا كَلِمَةًۢ بَاقِيَةً فِيْ عَقِبِهٖ لَعَلَّهُمْ يَرْجِعُوْنَ ۝٢٨ | 28 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া জা‘আলাহা- কালিমাতাম্ বা-কি ̇য়াতাং ফী ‘আকি ̇বিহী লা‘আল্লাহুম্ ইয়ার্জি‘উন। | |
| *তরজমা* | এই ঘোষণাকে সে স্থায়ী বাণীরূপে রাখিয়া গিয়াছে তাহার পরবর্তীদের জন্য, যাহাতে উহারা প্রত্যাবর্তন করে। | |
| | بَلْ مَتَّعْتُ هٰٓؤُلَآءِ وَاٰبَآءَهُمْ حَتّٰى جَآءَهُمُ الْحَقُّ وَرَسُوْلٌ مُّبِيْنٌ ۝٢٩ | 29 |
| *প্রতিবর্ণায়ন* | বাল্ মাত্তা‘তু হা˜উলা~ই ওয়া আ-বা~আহুম্ হ ̇াত্তা- জা~আহুমুল্ হ ̇াক্কু ̇ ওয়া রাছূলুম মুবীন। | |
| *তরজমা* | বরঞ্চ আমিই উহাদেরকে এবং উহাদের পূর্বপুরুষদেরকে দিয়াছিলাম ভোগের সামগ্রী, অবশেষে উহাদের নিকট আসিল সত্য এবং স্পষ্ট বর্ণনাকারী রাসূল। | |
| | وَلَمَّا جَآءَهُمُ الْحَقُّ قَالُوْا هٰذَا سِحْرٌ وَّاِنَّا بِهٖ كٰفِرُوْنَ ۝٣٠ | 30 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাম্মা- জা~আহুমুল্ হ ̇াক্কু ̇ ক ̇া-লূ হা-য ̇া- ছিহ ̇রুওঁ ওয়া ইন্না-বিহী কা-ফিরূন। | |
| *তরজমা* | যখন উহাদের নিকট সত্য আসিল, উহারা বলিল, ‘ইহা তো জাদু এবং আমরা ইহা প্রত্যাখ্যান করি।’ | |
| | وَقَالُوْا لَوْلَا نُزِّلَ هٰذَا الْقُرْاٰنُ عَلٰى رَجُلٍ مِّنَ الْقَرْيَتَيْنِ عَظِيْمٍ ۝٣١ | 31 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ক ̇া-লূ লাওলা- নুঝঝিলা হা-য ̇াল্ কু ̇রআন-নু ‘আলা-রাজুলিম মিনাল্ ক ̇ারইয়াতাইনি ‘আজ ̇ীম। | |
| *তরজমা* | এবং ইহারা বলে, ‘এই কুরআন কেন নাযিল করা হইল না দুই জনপদের কোন প্রতিপত্তিশালী ব্যক্তির উপর ?’ | |
| | اَهُمْ يَقْسِمُوْنَ رَحْمَتَ رَبِّكَ ؕ نَحْنُ قَسَمْنَا بَيْنَهُمْ مَّعِيْشَتَهُمْ فِي الْحَيٰوةِ الدُّنْيَا وَرَفَعْنَا بَعْضَهُمْ فَوْقَ بَعْضٍ دَرَجٰتٍ لِّيَتَّخِذَ بَعْضُهُمْ بَعْضًا سُخْرِيًّا ؕ وَرَحْمَتُ رَبِّكَ خَيْرٌ مِّمَّا يَجْمَعُوْنَ ۝٣٢ | 32 |
| *প্রতিবর্ণায়ন* | আহুম্ ইয়াক ̇ছিমূনা রাহ ̇মাতা রাব্বিকা (ط) নাহ ̇নু ক ̇াছাম্না-বাইনাহুম্ মা‘ঈশাতাহুম্ ফিল্ হ ̇ায়া-তিদ্দুন্ইয়া- ওয়া রাফা‘না- বা‘দ ̇াহুম্ ফাওক ̇া বা‘দি ̇ং দারাজা-তিল লিইয়াত্তাখিয ̇া বা‘দ ̇ুহুম্ বা‘দ ̇াং ছুখ্রিইইয়াওঁ (ط) ওয়া রাহ ̇মাতু রাব্বিকা খাইরুম মিম্মা-ইয়াজমা‘উন। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | ইহারা কি তোমার প্রতিপালকের করুণা বণ্টন করে ? আমিই উহাদের মধ্যে উহাদের জীবিকা বণ্টন করি, পার্থিব জীবনে এবং একজনকে অপরের উপর মর্যাদায় উন্নত করি, যাহাতে একে অপরের দ্বারা কাজ করাইয়া লইতে পারে ; এবং উহারা যাহা জমা করে তাহা হইতে তোমার প্রতিপালকের অনুগ্রহ উৎকৃষ্টতর। | |
| | وَلَوْلَآ اَنْ يَّكُوْنَ النَّاسُ اُمَّةً وَّاحِدَةً لَّجَعَلْنَا لِمَنْ يَّكْفُرُ بِالرَّحْمٰنِ لِبُيُوْتِهِمْ سُقُفًا مِّنْ فِضَّةٍ وَّمَعَارِجَ عَلَيْهَا يَظْهَرُوْنَ ﴿٣٣﴾ | 33 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাওলা~ আইঁ ইয়াকূনান্না-ছু উম্মাতাওঁ ওয়া-হি˙দাতাল্ লাজা‘আল্না- লিমাইঁ ইয়াক্ফুরু বির্রাহ˙মা-নি লিবুইউতিহিম্ ছুকু˙ফাম মিং ফিদ্দ˙াতিওঁ ওয়া মা‘আ-রিজা ‘আলাইহা-ইয়াজ্˙হারূন। | |
| *তরজমা* | সত্য প্রত্যাখ্যানে মানুষ এক-মতাবলম্বী হইয়া পড়িবে, এই আশংকা না থাকিলে দয়াময় আল্লাহ্কে যাহারা অস্বীকার করে, উহাদেরকে আমি দিতাম উহাদের গৃহের জন্য রৌপ্য-নির্মিত ছাদ ও সিঁড়ি যাহাতে উহারা আরোহণ করে, | |
| | وَلِبُيُوْتِهِمْ اَبْوَابًا وَّسُرُرًا عَلَيْهَا يَتَّكِـُٔوْنَ ﴿٣٤﴾ | 34 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লিবুইউতিহিম্ আব্ওয়া-বাওঁ ওয়া ছুরুরান্ ‘আলাইহা-ইয়াত্তাকিঊন। | |
| *তরজমা* | এবং উহাদের গৃহের জন্য দরজা ও পালঙ্ক-যাহাতে উহারা হেলান দিয়া বিশ্রাম করিতে পারে, | |
| | وَزُخْرُفًا ؕ وَاِنْ كُلُّ ذٰلِكَ لَمَّا مَتَاعُ الْحَيٰوةِ الدُّنْيَا ؕ وَالْاٰخِرَةُ عِنْدَ رَبِّكَ لِلْمُتَّقِيْنَ ﴿٣٥﴾ | 35 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া যু˙খরুফাওঁ (ط) ওয়া ইং কুল্লু য˙া-লিকা লাম্মা- মাতা‘উল্ হ˙ায়াতিদ্দুন্ইয়া- (ط) ওয়াল্ আ-খিরাতু ‘ইংদা রাব্বিকা লিল্মুত্তাক˙ীন। | |
| *তরজমা* | এবং স্বর্ণ-নির্মিতও। আর এই সকলই তো শুধু পার্থিব জীবনের ভোগ-সম্ভার। মুত্তাকীদের জন্য তোমার প্রতিপালকের নিকট রহিয়াছে আখিরাতের কল্যাণ। | |
| | وَمَنْ يَّعْشُ عَنْ ذِكْرِ الرَّحْمٰنِ نُقَيِّضْ لَهٗ شَيْطٰنًا فَهُوَ لَهٗ قَرِيْنٌ ﴿٣٦﴾ | 36 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া মাইঁ ইয়া‘শু ‘আং যি˙ক্রির্ রাহ˙মা-নি নুক˙াইয়িদ˙ লাহূ শাইত˙া-নাং ফাহুওয়া লাহূ ক˙ারীন। | |
| *তরজমা* | যে ব্যক্তি দয়াময় আল্লাহ্র স্মরণে বিমুখ হয় আমি তাহার জন্য নিয়োজিত করি এক শয়তান, অতঃপর সে-ই হয় তাহার সহচর। | |
| | وَاِنَّهُمْ لَيَصُدُّوْنَهُمْ عَنِ السَّبِيْلِ وَيَحْسَبُوْنَ اَنَّهُمْ مُّهْتَدُوْنَ ﴿٣٧﴾ | 37 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইন্নাহুম্ লাইয়াসুদ্দূনাহুম্ ‘আনিছ্ছাবীলি ওয়া ইয়াহ˙ছাবূনা আন্নাহুম্ মুহ্তাদূন। | |

| --- | --- | --- |
| *তরজমা* | শয়তানেরাই মানুষকে সৎপথ হইতে বিরত রাখে, অথচ মানুষ মনে করে তাহারা সৎপথে পরিচালিত হইতেছে। | |
| | حَتّٰۤى اِذَا جَآءَنَا قَالَ يٰلَيْتَ بَيْنِىْ وَبَيْنَكَ بُعْدَ الْمَشْرِقَيْنِ فَبِئْسَ الْقَرِيْنُ ﴿٣٨﴾ | **38** |
| *প্রতিবর্ণায়ন* | হ ্তা্ ইয ্া- জা~আনা ক ্া-লা ইয়া-লাইতা বাইনী ওয়া বাইনাকা বু'দাল্ মাশ্‌রিক ্াইনি ফাবি'ছাল্ ক ্ারীন। | |
| *তরজমা* | অবশেষে যখন সে আমার নিকট উপস্থিত হইবে, তখন সে শয়তানকে বলিবে, 'হায়! আমার ও তোমার মধ্যে যদি পূর্ব ও পশ্চিমের ব্যবধান থাকিত!' কত নিকৃষ্ট সহচর সে ! | |
| | وَلَنْ يَّنْفَعَكُمُ الْيَوْمَ اِذْ ظَّلَمْتُمْ اَنَّكُمْ فِى الْعَذَابِ مُشْتَرِكُوْنَ ﴿٣٩﴾ | **39** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাইঁ ইয়াংফা'আকুমুল্ ইয়াওমা ইয ্জ ্ালাম্‌তুম্ আন্নাকুম্ ফিল্ 'আয ্া-বি মুশ্‌তারিকূন। | |
| *তরজমা* | আর আজ তোমাদের এই অনুতাপ তোমাদের কোন কাজেই আসিবে না, যেহেতু তোমরা সীমালংঘন করিয়াছিলে ; তোমরা তো সকলেই শাস্তিতে শরীক। | |
| | اَفَاَنْتَ تُسْمِعُ الصُّمَّ اَوْ تَهْدِى الْعُمْىَ وَمَنْ كَانَ فِىْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿٤٠﴾ | **40** |
| *প্রতিবর্ণায়ন* | আফাআংতা তুছ্‌মি'উস্‌সু ্ম্মা আও তাহ্‌দিল 'উম্‌ইয়া ওয়া মাং কা-না ফী দ ্ালা-লিম মুবীন। | |
| *তরজমা* | তুমি কি শোনাইতে পারিবে বধিরকে অথবা যে অন্ধ ও যে ব্যক্তি স্পষ্ট বিভ্রান্তিতে আছে, তাহাকে কি পারিবে সৎপথে পরিচালিত করিতে ? | |
| | فَاِمَّا نَذْهَبَنَّ بِكَ فَاِنَّا مِنْهُمْ مُّنْتَقِمُوْنَ ﴿٤١﴾ | **41** |
| *প্রতিবর্ণায়ন* | ফাইম্মা- নায ্হাবান্না বিকা ফাইন্না- মিন্‌হুম্ মুংতাকি ্মূন। | |
| *তরজমা* | আমি যদি তোমাকে লইয়া যাই, তবু আমি উহাদেরকে শাস্তি দিব ; | |
| | اَوْ نُرِيَنَّكَ الَّذِىْ وَعَدْنٰهُمْ فَاِنَّا عَلَيْهِمْ مُّقْتَدِرُوْنَ ﴿٤٢﴾ | **42** |
| *প্রতিবর্ণায়ন* | আও নুরিইয়ান্নাকাল্লায ্ী ওয়া 'আদ্‌না-হুম্ ফাইন্না 'আলাইহিম মুক ্তাদিরূন। | |
| *তরজমা* | অথবা আমি উহাদেরকে যে শাস্তির ভীতি প্রদর্শন করিয়াছি, আমি তোমাকে তাহা প্রত্যক্ষ করাই, বস্তুত উহাদের উপর আমার তো পূর্ণ ক্ষমতা রহিয়াছে। | |
| | فَاسْتَمْسِكْ بِالَّذِىْۤ اُوْحِىَ اِلَيْكَ ۚ اِنَّكَ عَلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿٤٣﴾ | **43** |
| *প্রতিবর্ণায়ন* | ফাছ্‌তাম্‌ছিক্ বিল্লায ্ী্ উহি ্য়া ইলাইকা (ج) ইন্নাকা 'আলা- সিরা-তি ্ম্ মুছ্‌তাক ্ীম। | |

| | | |
|---|---|---|
| তরজমা | সুতরাং তোমার প্রতি যাহা ওহী করা হইয়াছে তাহা দৃঢ়ভাবে অবলম্বন কর। তুমি সরল পথেই রহিয়াছ। | |
| | وَاِنَّهٗ لَذِكۡرٌ لَّكَ وَلِقَوۡمِكَ ۚ وَسَوۡفَ تُسۡـَٔلُوۡنَ ۝ | 44 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ইন্নাহূ লাযি'ক্রুল্লাকা ওয়া লিক'াওমিকা (ج) ওয়া ছাওফা তুছ্আলূন। | |
| তরজমা | কুরআন তো তোমার ও তোমার সম্প্রদায়ের জন্য সম্মানের বস্তু ; তোমাদেরকে অবশ্যই এ বিষয়ে প্রশ্ন করা হইবে। | |
| | وَسۡـَٔلۡ مَنۡ اَرۡسَلۡنَا مِنۡ قَبۡلِكَ مِنۡ رُّسُلِنَاۤ اَجَعَلۡنَا مِنۡ دُوۡنِ الرَّحۡمٰنِ اٰلِـهَةً يُّعۡبَدُوۡنَ ۝ | 45 |
| প্রতিবর্ণায়ন | ওয়াছ্আল্ মান্ আর্ছালনা- মিং ক'াব্লিকা মির্রুছুলিনা˜ আজা'আল্না- মিং দূনির্রাহ'মা-নি আ-লিহাতাইঁ ইউ'বাদূন। | |
| তরজমা | তোমার পূর্বে আমি যে সকল রাসূল প্রেরণ করিয়াছিলাম তাহাদেরকে তুমি জিজ্ঞাসা কর, আমি কি দয়াময় আল্লাহ্ ব্যতীত কোন দেবতা স্থির করিয়াছিলাম যাহার 'ইবাদত করা যায় ? | |
| | وَلَقَدۡ اَرۡسَلۡنَا مُوۡسٰى بِاٰيٰتِنَاۤ اِلٰى فِرۡعَوۡنَ وَمَلَا۟ئِهٖ فَقَالَ اِنِّىۡ رَسُوۡلُ رَبِّ الۡعٰلَمِيۡنَ ۝ | 46 |
| প্রতিবর্ণায়ন | ওয়া লাক'াদ্ আরছাল্না- মূছা-বিআ-য়া-তিনা˜ ইলা-ফিরআ'ওনা ওয়া মালাইহী ফাক'া-লা ইন্নী রাছূলু রাব্বিল 'আ-লামীন। | |
| তরজমা | মূসাকে তো আমি আমার নিদর্শনসহ ফির'আওন ও তাহার পারিষদবর্গের নিকট পাঠাইয়াছিলাম। সে বলিয়াছিল, 'আমি তো জগতসমূহের প্রতিপালকের প্রেরিত।' | |
| | فَلَمَّا جَآءَهُمۡ بِاٰيٰتِنَاۤ اِذَا هُمۡ مِّنۡهَا يَضۡحَكُوۡنَ ۝ | 47 |
| প্রতিবর্ণায়ন | ফালাম্মা- জা~আহুম্ বিআ-য়া-তিনা˜ ইয'া হুম্ মিন্হা- ইয়াদ'হ'াকূন। | |
| তরজমা | সে উহাদের নিকট আমার নিদর্শনসহ আসিবামাত্র উহারা তাহা লইয়া হাসি-ঠাট্টা করিতে লাগিল। | |
| | وَمَا نُرِيۡهِمۡ مِّنۡ اٰيَةٍ اِلَّا هِىَ اَكۡبَرُ مِنۡ اُخۡتِهَا ۖ وَاَخَذۡنٰهُمۡ بِالۡعَذَابِ لَعَلَّهُمۡ يَرۡجِعُوۡنَ ۝ | 48 |
| প্রতিবর্ণায়ন | ওয়ামা- নূরীহিম্ মিন্ আ-য়া-তিন্ ইল্লা-হিয়া আক্বারু মিন্ উখ্তিহা- (ز) ওয়া আখায'না-হুম্ বিল্ 'আয'া-বি লা'আল্লাহুম্ ইয়ারজি'উন। | |
| তরজমা | আমি উহাদেরকে এমন কোন নিদর্শন দেখাই নাই যাহা উহার অনুরূপ নিদর্শন অপেক্ষা শ্রেষ্ঠ নয়। আমি উহাদেরকে শাস্তি দিলাম যাহাতে উহারা প্রত্যাবর্তন করে। | |
| | وَقَالُوۡا يٰۤاَيُّهَ السّٰحِرُ ادۡعُ لَنَا رَبَّكَ بِمَا عَهِدَ عِنۡدَكَ ۚ اِنَّنَا لَمُهۡتَدُوۡنَ ۝ | 49 |
| প্রতিবর্ণায়ন | ওয়াক'া-লূ ইয়া˜আইয়ুহাছ্ছা-হি'রুদ্'উলানা-রাব্বাকা বিমা- 'আহিদা 'ইংদাকা (ج) ইন্নানা-লামুহ্তাদূন। | |

| | | |
|---|---|---|
| *তরজমা* | উহারা বলিয়াছিল, হে জাদুকর! তোমার প্রতিপালকের নিকট তুমি আমাদের জন্য তাহা প্রার্থনা কর যাহা তিনি তোমার সঙ্গে অঙ্গীকার করিয়াছেন, তাহা হইলে আমরা অবশ্যই সৎপথ অবলম্বন করিব।’ | |
| | فَلَمَّا كَشَفْنَا عَنْهُمُ الْعَذَابَ إِذَا هُمْ يَنْكُثُونَ ۝٥٠ | **50** |
| *প্রতিবর্ণায়ন* | ফালাম্মা– কাশাফ্না– ‘আন্হুমুল ‘আয়া–বা ইযা– হুম্ ইয়াংকুছূ ন। | |
| *তরজমা* | অতঃপর যখন আমি উহাদের হইতে শাস্তি বিদূরিত করিলাম তখনই উহারা অঙ্গীকার ভঙ্গ করিয়া বসিল। | |
| | وَنَادَىٰ فِرْعَوْنُ فِي قَوْمِهِ قَالَ يَٰقَوْمِ أَلَيْسَ لِي مُلْكُ مِصْرَ وَهَٰذِهِ الْأَنْهَٰرُ تَجْرِي مِنْ تَحْتِيٓ ۖ أَفَلَا تُبْصِرُونَ ۝٥١ | **51** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ানা–দা–ফির্‘আওনু ফী কাওমিহী কা–লা ইয়া–কাওমি আলাইছা লী মুল্কু মিসরা ওয়া হা–যিহিল্ আন্হা–রু তাজরী মিং তাহ্তী (ج) আফালা– তুব্সিরূন। | |
| *তরজমা* | ফির‘আওন তাহার সম্প্রদায়ের মধ্যে এই বলিয়া ঘোষণা করিল, হে আমার সম্প্রদায় ! মিসর রাজ্য কি আমার নয় ? আর এই নদীগুলি আমার পাদদেশে প্রবাহিত ; তোমরা ইহা দেখ না ? | |
| | أَمْ أَنَا خَيْرٌ مِّنْ هَٰذَا الَّذِي هُوَ مَهِينٌ ۙ وَلَا يَكَادُ يُبِينُ ۝٥٢ | **52** |
| *প্রতিবর্ণায়ন* | আম্ আনা খাইরুম মিন্ হা–যাল্লাযী হুওয়া মাহীনুওঁ (ꟾ) ওয়ালা– ইয়াকা–দু ইউবীন। | |
| *তরজমা* | ‘আমি তো শ্রেষ্ঠ এই ব্যক্তি হইতে, যে হীন এবং স্পষ্ট কথা বলিতেও অক্ষম ! | |
| | فَلَوْلَآ أُلْقِيَ عَلَيْهِ أَسْوِرَةٌ مِّنْ ذَهَبٍ أَوْ جَآءَ مَعَهُ الْمَلَٰٓئِكَةُ مُقْتَرِنِينَ ۝٥٣ | **53** |
| *প্রতিবর্ণায়ন* | ফালাওলা~ উল্কিয়া ‘আলাইহি আছবিরাতুম মিং যাহাবিন্ আও জা~আ মা‘আহুল্ মালা–ইকাতু মুক্তারিনীন। | |
| *তরজমা* | ‘মূসাকে কেন দেওয়া হইল না স্বর্ণ-বলয় অথবা তাহার সঙ্গে কেন আসিল না ফিরিশ্তাগণ দলবদ্ধভাবে ?’ | |
| | فَاسْتَخَفَّ قَوْمَهُ فَأَطَاعُوهُ ۚ إِنَّهُمْ كَانُوا قَوْمًا فَٰسِقِينَ ۝٥٤ | **54** |
| *প্রতিবর্ণায়ন* | ফাছ্তাখাফ্ফা কাওমাহূ ফাআতা–‘উহু (ط) ইন্নাহুম্ কা–নূ কাওমাং ফা–ছিকীন। | |
| *তরজমা* | এইভাবে সে তাহার সম্প্রদায়কে হতবুদ্ধি করিয়া দিল, ফলে উহারা তাহার কথা মানিয়া লইল। উহারা তো ছিল এক সত্যত্যাগী সম্প্রদায়। | |
| | فَلَمَّآ ءَاسَفُونَا انْتَقَمْنَا مِنْهُمْ فَأَغْرَقْنَٰهُمْ أَجْمَعِينَ ۝٥٥ | **55** |

| *প্রতিবর্ণায়ন* | ফালাম্মা~ আ-ছাফূনাংতাক্বামনা- মিন্‌হুম্ ফাআগ্‌রাক্বনা-হুম্ আজমা'ঈন। | |
| *তরজমা* | যখন উহারা আমাকে ক্রোধান্বিত করিল আমি উহাদেরকে শাস্তি দিলাম এবং নিমজ্জিত করিলাম উহাদের সকলকে। | |
| | فَجَعَلْنٰهُمْ سَلَفًا وَّ مَثَلًا لِّلْاٰخِرِيْنَ ﴿٥٦﴾ | 56 |
| *প্রতিবর্ণায়ন* | ফাজা'আল্‌না-হুম্ ছালাফাওঁ ওয়া মাছ্বালাল্লিল্ আ-খিরীন। | |
| *তরজমা* | তৎপর পরবর্তীদের জন্য আমি উহাদেরকে করিয়া রাখিলাম অতীত ইতিহাস ও দৃষ্টান্ত। | |
| | وَلَمَّا ضُرِبَ ابْنُ مَرْيَمَ مَثَلًا اِذَا قَوْمُكَ مِنْهُ يَصِدُّوْنَ ﴿٥٧﴾ | 57 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালাম্মা-দ্বুরিবাব্‌নু মার্‌ইয়ামা মাছ্বালান্ ইযা-ক্বাওমুকা মিন্‌হু ইয়াসিদ্দূন। | |
| *তরজমা* | যখন মারইয়াম-তনয়ের দৃষ্টান্ত উপস্থিত করা হয়, তখন তোমার সম্প্রদায় তাহাতে শোরগোল আরম্ভ করিয়া দেয়, | |
| | وَقَالُوْٓا ءَاٰلِهَتُنَا خَيْرٌ اَمْ هُوَ ؕ مَا ضَرَبُوْهُ لَكَ اِلَّا جَدَلًا ؕ بَلْ هُمْ قَوْمٌ خَصِمُوْنَ ﴿٥٨﴾ | 58 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ক্বা-লূ~ আ আ-লিহাতুনা- খাইরুন্ আম হুওয়া (ط) মা-দ্বারাবূহু লাকা ইল্লা-জাদালাং (ط) বাল্ হুম্ ক্বাওমুন্ খাসিমূন। | |
| *তরজমা* | এবং বলে, 'আমাদের উপাস্যগুলি শ্রেষ্ঠ না 'ঈসা ?' ইহারা কেবল বাক-বিতণ্ডার উদ্দেশ্যেই তোমাকে এই কথা বলে। বস্তুত ইহারা তো এক বিতণ্ডাকারী সম্প্রদায়। | |
| | اِنْ هُوَ اِلَّا عَبْدٌ اَنْعَمْنَا عَلَيْهِ وَجَعَلْنٰهُ مَثَلًا لِّبَنِيْٓ اِسْرَآءِيْلَ ﴿٥٩﴾ | 59 |
| *প্রতিবর্ণায়ন* | ইন্ হুওয়া ইল্লা- 'আব্‌দুন্ আন্'আম্‌না- 'আলাইহি ওয়া জা'আল্‌না-হু মাছ্বালাল্ লিবানী~ইছ্‌রা~ঈল। | |
| *তরজমা* | সে তো ছিল আমারই এক বান্দা, যাহাকে আমি অনুগ্রহ করিয়াছিলাম এবং করিয়াছিলাম বনী ইসরাঈলের জন্য দৃষ্টান্ত। | |
| | وَلَوْ نَشَآءُ لَجَعَلْنَا مِنْكُمْ مَّلٰٓئِكَةً فِى الْاَرْضِ يَخْلُفُوْنَ ﴿٦٠﴾ | 60 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাও নাশা~উ লাজা'আল্‌না- মিংকুম্ মালা~ইকাতাং ফিল্ আর্‌দি ইয়াখ্‌লুফূন। | |
| *তরজমা* | আমি ইচ্ছা করিলে তোমাদের মধ্য হইতে ফিরিশ্‌তা সৃষ্টি করিতে পারিতাম, যাহারা পৃথিবীতে উত্তরাধিকারী হইত। | |
| | وَاِنَّهٗ لَعِلْمٌ لِّلسَّاعَةِ فَلَا تَمْتَرُنَّ بِهَا وَاتَّبِعُوْنِ ؕ هٰذَا صِرَاطٌ مُّسْتَقِيْمٌ ﴿٦١﴾ | 61 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইন্নাহূ লা'ইল্‌মুল লিছ্‌ছা-'আতি ফালা- তাম্‌তারুন্না বিহা- ওয়াত্তাবি'উনি (ط) হা-যা- সিরাতুম্ মুছ্‌তাক্বীম। | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | 'ঈসা তো কিয়ামতের নিশ্চিত নিদর্শন; সুতরাং তোমরা কিয়ামতে সন্দেহ করিও না এবং আমাকে অনুসরণ কর। ইহাই সরল পথ। | |
| | وَلَا يَصُدَّنَّكُمُ الشَّيْطٰنُ ۚ اِنَّهٗ لَكُمْ عَدُوٌّ مُّبِيْنٌ ﴿٦٢﴾ | 62 |
| প্রতিবর্ণায়ন | ওয়ালা– ইয়াসুদ্দান্নাকুমুশ্ শাইত়া–নু (ج) ইন্নাহু লাকুম্ 'আদুওউম্ মুবীন। | |
| তরজমা | শয়তান যেন তোমাদেরকে কিছুতেই নিবৃত্ত না করে, সে তো তোমাদের প্রকাশ্য শত্রু। | |
| | وَلَمَّا جَآءَ عِيْسٰى بِالْبَيِّنٰتِ قَالَ قَدْ جِئْتُكُمْ بِالْحِكْمَةِ وَلِاُبَيِّنَ لَكُمْ بَعْضَ الَّذِيْ تَخْتَلِفُوْنَ فِيْهِ ۚ فَاتَّقُوا اللّٰهَ وَاَطِيْعُوْنِ ﴿٦٣﴾ | 63 |
| প্রতিবর্ণায়ন | ওয়া লাম্মা– জা~আ 'ঈছা–বিল্‌বাইয়িনা–তি ক়া–লা ক়াদ্ জি'তুকুম্ বিলহি়ক্‌মাতি ওয়া লিউবাইয়িনা লাকুম্ বা'দ়াল্লায়ী তাখ্‌তালিফূনা ফীহি (ج) ফাত্তাকু়ল্লা–হা ওয়াআত়ী'উন। | |
| তরজমা | 'ঈসা যখন স্পষ্ট নিদর্শনসহ আসিল তখন সে বলিয়াছিল, 'আমি তো তোমাদের নিকট আসিয়াছি প্রজ্ঞাসহ এবং তোমরা যে কতক বিষয়ে মতভেদ করিতেছ, তাহা স্পষ্ট করিয়া দিবার জন্য। সুতরাং তোমরা আল্লাহ্‌কে ভয় কর এবং আমার অনুসরণ কর। | |
| | اِنَّ اللّٰهَ هُوَ رَبِّيْ وَرَبُّكُمْ فَاعْبُدُوْهُ ؕ هٰذَا صِرَاطٌ مُّسْتَقِيْمٌ ﴿٦٤﴾ | 64 |
| প্রতিবর্ণায়ন | ইন্নাল্লা–হা হুওয়া রাব্বী ওয়া রাব্বুকুম্ ফা'বুদূহু (ط) হা–য়া– সিরাতুম্ মুছ্‌তাক়ীম। | |
| তরজমা | 'আল্লাহ্‌ই তো আমার প্রতিপালক এবং তোমাদেরও প্রতিপালক, অতএব তোমরা তাঁহার 'ইবাদত কর ; ইহাই সরল পথ।' | |
| | فَاخْتَلَفَ الْاَحْزَابُ مِنْۢ بَيْنِهِمْ ۚ فَوَيْلٌ لِّلَّذِيْنَ ظَلَمُوْا مِنْ عَذَابِ يَوْمٍ اَلِيْمٍ ﴿٦٥﴾ | 65 |
| প্রতিবর্ণায়ন | ফাখ্‌তালাফাল্ আহ়ঝা–বু মিম্ বাইনিহিম (ج) ফাওয়াইলুল্লিল্লায়ীনা জ়ালামূ মিন্ 'আযা–বি ইয়াওমিন্ আলীম্। | |
| তরজমা | অতঃপর উহাদের বিভিন্ন দল মতানৈক্য সৃষ্টি করিল, সুতরাং জালিমদের জন্য দুর্ভোগ মর্মন্তুদ দিবসের শাস্তির। | |
| | هَلْ يَنْظُرُوْنَ اِلَّا السَّاعَةَ اَنْ تَاْتِيَهُمْ بَغْتَةً وَّهُمْ لَا يَشْعُرُوْنَ ﴿٦٦﴾ | 66 |
| প্রতিবর্ণায়ন | হাল্ ইয়াংজু়রূনা ইল্লাছ্‌ছা–'আতা আং তা'তিয়াহুম্ বাগ্‌তাতাওঁ ওয়া হুম্ লা–ইয়াশ্'উরূন। | |
| তরজমা | উহারা তো উহাদের অজ্ঞাতসারে আকস্মিকভাবে কিয়ামত আসিবারই অপেক্ষা করিতেছে। | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| | اَلْاَخِلَّآءُ يَوْمَئِذٍۭ بَعْضُهُمْ لِبَعْضٍ عَدُوٌّ اِلَّا الْمُتَّقِيْنَ ﴿٦٧﴾ | 67 |
| *প্রতিবর্ণায়ন* | আল্‌আখিল্লা~উ ইয়াওমাইযি'ম্ বা'দ'হুম্ লিবা'দি'ন 'আদুওউন্ ইল্লাল্ মুত্তাক'ীন। | |
| *তরজমা* | বন্ধুরা সেই দিন হইয়া পড়িবে একে অপরের শত্রু, মুত্তাকীরা ব্যতীত। | |
| | يٰعِبَادِ لَا خَوْفٌ عَلَيْكُمُ الْيَوْمَ وَلَاۤ اَنْتُمْ تَحْزَنُوْنَ ﴿٦٨﴾ | 68 |
| *প্রতিবর্ণায়ন* | ইয়া-'ইবাদি লা-খাওফুন্ 'আলাইকুমুল্ ইয়াওমা ওয়ালা~ আংতুম্ তাহ'ঝানূন। | |
| *তরজমা* | হে আমার বান্দাগণ! আজ তোমাদের কোন ভয় নাই এবং তোমরা দুঃখিতও হইবে না। | |
| | اَلَّذِيْنَ اٰمَنُوْا بِاٰيٰتِنَا وَكَانُوْا مُسْلِمِيْنَ ﴿٦٩﴾ | 69 |
| *প্রতিবর্ণায়ন* | আল্লায'ীনা আ-মানূ বিআ-য়া-তিনা- ওয়া কা-নূ মুছলিমীন। | |
| *তরজমা* | যাহারা আমার আয়াতে বিশ্বাস করিয়াছিল এবং আত্মসমর্পণ করিয়াছিল- | |
| | اُدْخُلُوا الْجَنَّةَ اَنْتُمْ وَاَزْوَاجُكُمْ تُحْبَرُوْنَ ﴿٧٠﴾ | 70 |
| *প্রতিবর্ণায়ন* | উদ্‌খুলুল জান্নাতা আংতুম্ ওয়া আঝওয়া-জুকুম্ তুহ'বারূন। | |
| *তরজমা* | তোমরা এবং তোমাদের সহধর্মিণীগণ সানন্দে জান্নাতে প্রবেশ কর। | |
| | يُطَافُ عَلَيْهِمْ بِصِحَافٍ مِّنْ ذَهَبٍ وَّاَكْوَابٍ ۚ وَفِيْهَا مَا تَشْتَهِيْهِ الْاَنْفُسُ وَتَلَذُّ الْاَعْيُنُ ۚ وَاَنْتُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿٧١﴾ | 71 |
| *প্রতিবর্ণায়ন* | ইউত'া-ফু 'আলাইহিম্ বিসিহ'া-ফিম্ মিং য'াহাবিওঁ ওয়া আকওয়া-বিওঁ (ج) ওয়া ফীহা- মা-তাশ্‌তাহীহিল্ আংফুছু ওয়া তালায'যু'ল আ'ইউনু (ج) ওয়া আংতুম্ ফীহা-খা-লিদূন। | |
| *তরজমা* | স্বর্ণের থালা ও পানপাত্র লইয়া তাহাদেরকে প্রদক্ষিণ করা হইবে ; সেখানে রহিয়াছে সমস্ত কিছু, যাহা অন্তর চাহে এবং যাহাতে নয়ন তৃপ্ত হয়। সেখানে তোমরা স্থায়ী হইবে। | |
| | وَتِلْكَ الْجَنَّةُ الَّتِيْۤ اُوْرِثْتُمُوْهَا بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿٧٢﴾ | 72 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া তিলকাল জান্নাতুল্লাতী~ উরিছ'তুমূহা- বিমা-কুংতুম্ তা'মালূন। | |
| *তরজমা* | ইহাই জান্নাত, তোমাদেরকে যাহার অধিকারী করা হইয়াছে, তোমাদের কর্মের ফলস্বরূপ। | |
| | لَكُمْ فِيْهَا فَاكِهَةٌ كَثِيْرَةٌ مِّنْهَا تَاْكُلُوْنَ ﴿٧٣﴾ | 73 |
| *প্রতিবর্ণায়ন* | লাকুম্ ফীহা-ফা-কিহাতুং কাছ'ীরাতুম্ মিন্‌হা- তা'কুলূন। | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | সেখানে তোমাদের জন্য রহিয়াছে প্রচুর ফলমূল, তাহা হইতে তোমরা আহার করিবে। | |
| | اِنَّ الْمُجْرِمِيْنَ فِيْ عَذَابِ جَهَنَّمَ خٰلِدُوْنَ ۝ | 74 |
| প্রতিবর্ণায়ন | ইন্নাল্ মুজরিমীনা ফী ‘আয া-বি জাহান্নামা খা–লিদূন। | |
| তরজমা | নিশ্চয়ই অপরাধীরা জাহান্নামের শাস্তিতে থাকিবে স্থায়িভাবে ; | |
| | لَا يُفَتَّرُ عَنْهُمْ وَهُمْ فِيْهِ مُبْلِسُوْنَ ۝ | 75 |
| প্রতিবর্ণায়ন | লা–ইউফাত্তারু ‘আন্হুম্ ওয়া হুম্ ফীহি মুব্লিছূন। | |
| তরজমা | উহাদের শাস্তি লাঘব করা হইবে না এবং উহারা উহাতে হতাশ হইয়া পড়িবে। | |
| | وَمَا ظَلَمْنٰهُمْ وَلٰكِنْ كَانُوْا هُمُ الظّٰلِمِيْنَ ۝ | 76 |
| প্রতিবর্ণায়ন | ওয়ামা–জ ালাম্না–হুম্ ওয়ালা–কিং কা–নূ হুমুজ্ জ া–লিমীন। | |
| তরজমা | আমি উহাদের প্রতি জুলুম করি নাই, বরং উহারা নিজেরাই ছিল জালিম। | |
| | وَنَادَوْا يٰمٰلِكُ لِيَقْضِ عَلَيْنَا رَبُّكَ ؕ قَالَ اِنَّكُمْ مّٰكِثُوْنَ ۝ | 77 |
| প্রতিবর্ণায়ন | ওয়ানা–দাও ইয়া–মা–লিকু লিইয়াক্ দি ‘আলাইনা–রাব্বুকা (ط) ক া–লা ইন্নাকুম্ মা–কিছূ ন। | |
| তরজমা | উহারা চিৎকার করিয়া বলিবে, ‘হে মালিক, তোমার প্রতিপালক যেন আমাদেরকে নিঃশেষ করিয়া দেন।’ সে বলিবে, ‘তোমরা তো এইভাবেই থাকিবে।’ | |
| | لَقَدْ جِئْنٰكُمْ بِالْحَقِّ وَلٰكِنَّ اَكْثَرَكُمْ لِلْحَقِّ كٰرِهُوْنَ ۝ | 78 |
| প্রতিবর্ণায়ন | লাক াদ্ জি’না–কুম্ বিল্ হ াক্কি ওয়ালা–কিন্না আক্ছ ারাকুম্ লিল্হ াক্কি কা–রিহূন। | |
| তরজমা | আল্লাহ্ বলিবেন, ‘আমি তো তোমাদের নিকট সত্য পৌঁছাইয়াছিলাম, কিন্তু তোমাদের অধিকাংশই ছিল সত্যবিমুখ।’ | |
| | اَمْ اَبْرَمُوْٓا اَمْرًا فَاِنَّا مُبْرِمُوْنَ ۝ | 79 |
| প্রতিবর্ণায়ন | আম্ আবরামূ~ আমরাং ফাইন্না মুব্রিমুন্। | |
| তরজমা | উহারা কি কোন ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে ? বরং আমিই তো চূড়ান্ত সিদ্ধান্তকারী। | |
| | اَمْ يَحْسَبُوْنَ اَنَّا لَا نَسْمَعُ سِرَّهُمْ وَنَجْوٰىهُمْ ؕ بَلٰى وَرُسُلُنَا لَدَيْهِمْ يَكْتُبُوْنَ ۝ | 80 |
| প্রতিবর্ণায়ন | আম্ ইয়াহ ছাবূনা আন্না– লা–নাছ্মা‘উ ছির্রাহুম্ ওয়া নাজওয়া–হুম (ط) বালা– ওয়া রুছুলুনা–লাদাইহিম্ ইয়াক্তুবূন। | |

| | | |
|---|---|---|
| তরজমা | উহারা কি মনে করে যে, আমি উহাদের গোপন বিষয় ও মন্ত্রণার খবর রাখি না? অবশ্যই রাখি। আমার ফিরিশ্‌তাগণ তো উহাদের নিকট থাকিয়া সবকিছু লিপিবদ্ধ করে। | |
| | قُلْ إِنْ كَانَ لِلرَّحْمٰنِ وَلَدٌ ۖ فَأَنَا أَوَّلُ الْعٰبِدِينَ ﴿٨١﴾ | 81 |
| প্রতিবর্ণায়ন | কু'ল ইং কা-না লির্‌রাহ'মা-নি ওয়ালাদুং (ق) ফাআনা- আওওয়ালুল্‌ 'আ-বিদীন। | |
| তরজমা | বল, 'দয়াময় আল্লাহ্‌র কোন সন্তান থাকিলে আমি হইতাম তাহার উপাসকগণের অগ্রণী ; | |
| | سُبْحٰنَ رَبِّ السَّمٰوٰتِ وَالْأَرْضِ رَبِّ الْعَرْشِ عَمَّا يَصِفُونَ ﴿٨٢﴾ | 82 |
| প্রতিবর্ণায়ন | ছুব্‌হ'া-না রাব্বিছ্‌ ছামা-ওয়া-তি ওয়াল্‌ আর্‌দি' রাব্বিল্‌ 'আরশি্‌ 'আম্মা- ইয়াসিফূন। | |
| তরজমা | 'উহারা যাহা আরোপ করে তাহা হইতে আকাশমণ্ডলী ও পৃথিবীর অধিপতি এবং আরশের অধিকারী পবিত্র মহান।' | |
| | فَذَرْهُمْ يَخُوضُوا وَيَلْعَبُوا حَتّٰى يُلٰقُوا يَوْمَهُمُ الَّذِي يُوعَدُونَ ﴿٨٣﴾ | 83 |
| প্রতিবর্ণায়ন | ফায'র্‌হুম্‌ ইয়াখূদূ' ওয়া ইয়াল্‌'আবূ হ'াত্তা-ইউলা-কূ' ইয়াওমা হুমুল্লায'ী ইউ'আদূন। | |
| তরজমা | অতএব উহাদেরকে যে দিবসের কথা বলা হইয়াছে তাহার সম্মুখীন হওয়ার পূর্ব পর্যন্ত তুমি উহাদেরকে বাক-বিতণ্ডা ও ক্রীড়া-কৌতুক করিতে দাও। | |
| | وَهُوَ الَّذِي فِي السَّمَاءِ إِلٰهٌ وَفِي الْأَرْضِ إِلٰهٌ ۚ وَهُوَ الْحَكِيمُ الْعَلِيمُ ﴿٨٤﴾ | 84 |
| প্রতিবর্ণায়ন | ওয়া হুওয়াল্লায'ী ফিছ্‌ ছামা~ই ইলা-হুওঁ ওয়া ফিল্‌ আর্‌দি' ইলা-হুওঁ (ط) ওয়া হুওয়াল্‌ হ'াকীমুল্‌ 'আলীম। | |
| তরজমা | তিনিই ইলাহ্‌ নভোমণ্ডলে, তিনিই ইলাহ্‌ ভূতলে এবং তিনি প্রজ্ঞাময়, সর্বজ্ঞ। | |
| | وَتَبٰرَكَ الَّذِي لَهُ مُلْكُ السَّمٰوٰتِ وَالْأَرْضِ وَمَا بَيْنَهُمَا ۚ وَعِنْدَهُ عِلْمُ السَّاعَةِ ۚ وَإِلَيْهِ تُرْجَعُونَ ﴿٨٥﴾ | 85 |
| প্রতিবর্ণায়ন | ওয়া তাবা-রাকাল্লায'ী লাহূ মুল্‌কুছ্‌ ছামা-ওয়া-তি ওয়াল্‌ আর্‌দি' ওয়ামা- বাইনাহুমা- (ج) ওয়া 'ইংদাহূ 'ইল্‌মুছ্‌ ছা-'আতি (ج) ওয়া ইলাইহি তুর্‌জা'উন। | |
| তরজমা | কত মহান তিনি, যিনি আকাশমণ্ডলী ও পৃথিবী এবং উহাদের মধ্যবর্তী সমস্ত কিছুর সার্বভৌম অধিপতি ! কিয়ামতের জ্ঞান কেবল তাঁহারই আছে এবং তাঁহারই নিকট তোমরা প্রত্যাবর্তিত হইবে। | |
| | وَلَا يَمْلِكُ الَّذِينَ يَدْعُونَ مِنْ دُونِهِ الشَّفَاعَةَ إِلَّا مَنْ شَهِدَ بِالْحَقِّ وَهُمْ يَعْلَمُونَ ﴿٨٦﴾ | 86 |

| | | |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালা– ইয়াম্‌লিকুল্লায ীনা ইয়াদ্‌'উনা মিং দূনিহিশ্‌শাফা–'আতা ইল্লা–মাং শাহিদা বিল্‌হ াক্কি ওয়া হুম্‌ ইয়া'লামূন। | |
| *তরজমা* | আল্লাহ্‌র পরিবর্তে উহারা যাহাদেরকে ডাকে, সুপারিশের ক্ষমতা তাহাদের নাই, তবে যাহারা সত্য উপলব্ধি করিয়া উহার সাক্ষ্য দেয়, তাহারা ব্যতীত। | |
| | وَلَئِنْ سَاَلْتَهُمْ مَّنْ خَلَقَهُمْ لَيَقُوْلُنَّ اللّٰهُ فَاَنّٰى يُؤْفَكُوْنَ ﴿٨٧﴾ | **87** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লায়িং ছাআল্‌তাহুম্‌ মান্‌ খালাক াহুম্‌ লা ইয়াকূ লুন্নাল্লা–হু ফাআন্না– ইউ'ফাকূন। | |
| *তরজমা* | যদি তুমি উহাদেরকে জিজ্ঞাসা কর, কে উহাদেরকে সৃষ্টি করিয়াছে, উহারা অবশ্যই বলিবে, 'আল্লাহ্'। তবুও উহারা কোথায় ফিরিয়া যাইতেছে ? | |
| | وَقِيْلِهٖ يٰرَبِّ اِنَّ هٰٓؤُلَاۤءِ قَوْمٌ لَّا يُؤْمِنُوْنَ ﴿٨٨﴾ | **88** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ক ীলিহী ইয়া–রাব্বি ইন্না হা˜ উলা~ই ক াওমুল লা–ইউ'মিনূন। | |
| *তরজমা* | আমি অবগত আছি রাসূলের এই উক্তি : 'হে আমার প্রতিপালক! এই সম্প্রদায় তো ঈমান আনিবে না।' | |
| | فَاصْفَحْ عَنْهُمْ وَقُلْ سَلٰمٌ ۗ فَسَوْفَ يَعْلَمُوْنَ ﴿٨٩﴾ | **89** |
| *প্রতিবর্ণায়ন* | ফাসফাহ্‌ 'আন্‌হুম্‌ ওয়া কু ল্‌ ছালা–মুং (ط) ফাছাওফা ইয়া'লামূন। | |
| *তরজমা* | সুতরাং তুমি উহাদেরকে উপেক্ষা কর এবং বল, 'সালাম'; উহারা শীঘ্রই জানিতে পারিবে। | |

## 44 - Ad-Dukhan-দুখান -الدخان

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

| | | |
|---|---|---|
| | حٰمٓ ﴿١﴾ | **1** |
| *প্রতিবর্ণায়ন* | হ া–মী~ম্‌। | |
| *তরজমা* | হা-মীম। | |
| | وَالْكِتٰبِ الْمُبِيْنِ ﴿٢﴾ | **2** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াল্‌ কিতা–বিল্‌ মুবীন। | |
| *তরজমা* | শপথ সুস্পষ্ট কিতাবের। | |
| | اِنَّآ اَنْزَلْنٰهُ فِيْ لَيْلَةٍ مُّبٰرَكَةٍ اِنَّا كُنَّا مُنْذِرِيْنَ ﴿٣﴾ | **3** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্না˜আংঝাল্‌না–হু ফী লাইলাতিম মুবা–রাকাতিন্‌ ইন্না– কুন্না– মুংযি রীন। | |
| *তরজমা* | আমি তো ইহা অবতীর্ণ করিয়াছি এক মুবারক রজনীতে ; আমি তো সতর্ককারী। | |

| --- | --- | --- |
| | فِيۡهَا يُفۡرَقُ كُلُّ اَمۡرٍ حَكِيۡمٍ ۙ﴿۴﴾ | 4 |
| প্রতিবর্ণায়ন | ফীহা– ইউফ্‌রাকু' কুল্লু আম্‌রিন্‌ হ'াকীম। | |
| তরজমা | এই রজনীতে প্রত্যেক প্রজ্ঞাপূর্ণ বিষয় স্থিরীকৃত হয়, | |
| | اَمۡرًا مِّنۡ عِنۡدِنَا ؕ اِنَّا كُنَّا مُرۡسِلِيۡنَ ۚ﴿۵﴾ | 5 |
| প্রতিবর্ণায়ন | আম্‌রাম মিন্‌ 'ইংদিনা– (ط) ইন্না– কুন্না–মুর্‌ছিলীন। | |
| তরজমা | আমার আদেশক্রমে, আমি তো রাসূল প্রেরণ করিয়া থাকি | |
| | رَحۡمَةً مِّنۡ رَّبِّكَ ؕ اِنَّهٗ هُوَ السَّمِيۡعُ الۡعَلِيۡمُ ۙ﴿۶﴾ | 6 |
| প্রতিবর্ণায়ন | রাহ'মাতাম মির্‌ রাব্বিকা (ط) ইন্নাহূ হুওয়াছ্‌ ছামী'উল্‌ 'আলীম। | |
| তরজমা | তোমার প্রতিপালকের অনুগ্রহস্বরূপ ; তিনি তো সর্বশ্রোতা, সর্বজ্ঞ– | |
| | رَبِّ السَّمٰوٰتِ وَالۡاَرۡضِ وَمَا بَيۡنَهُمَا ۘ اِنۡ كُنۡتُمۡ مُّوۡقِنِيۡنَ ﴿۷﴾ | 7 |
| প্রতিবর্ণায়ন | রাব্বিছ্‌ ছামা–ওয়া–তি ওয়াল্‌ আর্‌দি' ওয়া মা– বাইনাহুমা–(م)। ইং কংতুম্‌ মূকি'নীন। | |
| তরজমা | যিনি আকাশমণ্ডলী, পৃথিবী ও উহাদের মধ্যবর্তী সমস্ত কিছুর প্রতিপালক, যদি তোমরা নিশ্চিত বিশ্বাসী হও। | |
| | لَاۤ اِلٰهَ اِلَّا هُوَ يُحۡىٖ وَيُمِيۡتُ ؕ رَبُّكُمۡ وَرَبُّ اٰبَآئِكُمُ الۡاَوَّلِيۡنَ ﴿۸﴾ | 8 |
| প্রতিবর্ণায়ন | লা~ইলা–হা ইল্লা–হুওয়া ইউহ'য়ী ওয়া ইউমীতু (ط) রাব্বুকুম্‌ ওয়া রাব্বু আ–বা~ইকুমুল্‌ আওওয়ালীন। | |
| তরজমা | তিনি ব্যতীত কোন ইলাহ্‌ নাই, তিনি জীবন দান করেন এবং তিনিই মৃত্যু ঘটান; তিনি তোমাদের প্রতিপালক এবং তোমাদের পূর্বপুরুষদেরও প্রতিপালক। | |
| | بَلۡ هُمۡ فِىۡ شَكٍّ يَّلۡعَبُوۡنَ ﴿۹﴾ | 9 |
| প্রতিবর্ণায়ন | বাল্‌হুম্‌ ফী শাক্কিইঁ ইয়াল্‌'আবূন। | |
| তরজমা | বস্তুত উহারা সন্দেহের বশবর্তী হইয়া হাসিঠাট্টা করিতেছে। | |
| | فَارۡتَقِبۡ يَوۡمَ تَاۡتِى السَّمَآءُ بِدُخَانٍ مُّبِيۡنٍ ۙ﴿۱۰﴾ | 10 |
| প্রতিবর্ণায়ন | ফার্‌তাকি'ব্‌ ইয়াওমা তা'তিছ্‌ ছামা~উ বিদুখা–নিম মুবীন্‌। | |
| তরজমা | অতএব তুমি অপেক্ষা কর সেই দিনের যেদিন স্পষ্ট ধূম্রাচ্ছন্ন হইবে আকাশ, | |
| | يَّغۡشَى النَّاسَ ؕ هٰذَا عَذَابٌ اَلِيۡمٌ ﴿۱۱﴾ | 11 |
| প্রতিবর্ণায়ন | ইয়াগ্‌শান্না–ছা (ط) হা–য'া– 'আয'া–বুন্‌ আলীম। | |
| তরজমা | এবং উহা আবৃত করিয়া ফেলিবে মানব জাতিকে। ইহা হইবে মর্মন্তুদ শাস্তি। | |

|  | رَبَّنَا اكْشِفْ عَنَّا الْعَذَابَ اِنَّا مُؤْمِنُوْنَ ﴿١٢﴾ | 12 |
| *প্রতিবর্ণায়ন* | রাব্বানাক্‌শিফ্‌ ‘আন্নাল্‌ ‘আয া-বা ইন্না- মু’মিনূন। |  |
| *তরজমা* | তখন উহারা বলিবে, ‘হে আমাদের প্রতিপালক ! আমাদের হইতে শাস্তি দূর কর, অবশ্যই আমরা ঈমান আনিব।’ |  |
|  | اَنّٰى لَهُمُ الذِّكْرٰى وَقَدْ جَآءَهُمْ رَسُوْلٌ مُّبِيْنٌ ﴿١٣﴾ | 13 |
| *প্রতিবর্ণায়ন* | আন্না-লাহুমুয যি ক্‌রা-ওয়াক াদ্‌ জা~আহুম্‌ রাছূলুম মুবীন। |  |
| *তরজমা* | উহারা কী করিয়া উপদেশ গ্রহণ করিবে ? উহাদের নিকট তো আসিয়াছে স্পষ্ট ব্যাখ্যাতা এক রাসূল ; |  |
|  | ثُمَّ تَوَلَّوْا عَنْهُ وَقَالُوْا مُعَلَّمٌ مَّجْنُوْنٌ ﴿١٤﴾ | 14 |
| *প্রতিবর্ণায়ন* | ছু ম্মা তাওয়াল্লাও ‘আন্‌হু ওয়া ক া-লূ মু‘আল্লামুম মাজনূন। |  |
| *তরজমা* | অতঃপর উহারা তাহাকে অমান্য করিয়া বলে, ‘সে শিক্ষাপ্রাপ্ত এক পাগল!’ |  |
|  | اِنَّا كَاشِفُوا الْعَذَابِ قَلِيْلًا اِنَّكُمْ عَآئِدُوْنَ ﴿١٥﴾ | 15 |
| *প্রতিবর্ণায়ন* | ইন্না- কা-শিফুল্‌ ‘আয া-বি ক ালীলান্‌ ইন্নাকুম্‌ ‘আ~ইদূন। |  |
| *তরজমা* | আমি কিছু কালের জন্য শাস্তি রহিত করিব-তোমরা তো তোমাদের পূর্বাবস্থায় ফিরিয়া যাইবে। |  |
|  | يَوْمَ نَبْطِشُ الْبَطْشَةَ الْكُبْرٰى ۚ اِنَّا مُنْتَقِمُوْنَ ﴿١٦﴾ | 16 |
| *প্রতিবর্ণায়ন* | ইয়াওমা নাব্‌তি শুল্‌ বাত শাতাল্‌ কুব্‌রা- (ج) ইন্না-মুংতাকি মূন। |  |
| *তরজমা* | যেদিন আমি তোমাদেরকে প্রবলভাবে পাকড়াও করিব, সেদিন নিশ্চয়ই আমি তোমাদেরকে শাস্তি দিবই। |  |
|  | وَلَقَدْ فَتَنَّا قَبْلَهُمْ قَوْمَ فِرْعَوْنَ وَجَآءَهُمْ رَسُوْلٌ كَرِيْمٌ ﴿١٧﴾ | 17 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাক াদ্‌ ফাতান্না- ক াব্‌লাহুম্‌ ক াওমা ফির্‌‘আওনা ওয়া জা~আহুম্‌ রাছূলুং কারীম। |  |
| *তরজমা* | ইহাদের পূর্বে আমি তো ফির‘আওন সম্প্রদায়কে পরীক্ষা করিয়াছিলাম এবং উহাদের নিকটও আসিয়াছিল এক সম্মানিত রাসূল, |  |
|  | اَنْ اَدُّوْٓا اِلَيَّ عِبَادَ اللّٰهِ ؕ اِنِّيْ لَكُمْ رَسُوْلٌ اَمِيْنٌ ﴿١٨﴾ | 18 |
| *প্রতিবর্ণায়ন* | আন্‌ আদ্দূ~ ইলাইইয়া ‘ইবা-দাল্লা-হি (ط) ইন্নী লাকুম্‌ রাছূলুন্‌ আমীন। |  |
| *তরজমা* | সে বলিল, ‘আল্লাহ্‌র বান্দাদেরকে আমার নিকট প্রত্যর্পণ কর। আমি তোমাদের জন্য এক বিশ্বস্ত রাসূল। |  |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | وَّاَنْ لَّا تَعْلُوْا عَلَى اللّٰهِ ۚ اِنِّيْٓ اٰتِيْكُمْ بِسُلْطٰنٍ مُّبِيْنٍ ﴿۱۹﴾ | **19** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আল্লা–তা‘লূ ‘আল্লাল্লা–হি (ج) ইন্নী˜ আ–তীকুম্ বিছুল্ত্বা–নিম মুবীন্। | |
| *তরজমা* | ‘এবং তোমরা আল্লাহ্‌র বিরুদ্ধে ঔদ্ধত্য প্রকাশ করিও না, আমি তোমাদের নিকট উপস্থিত করিতেছি স্পষ্ট প্রমাণ। | |
| | وَاِنِّيْ عُذْتُ بِرَبِّيْ وَرَبِّكُمْ اَنْ تَرْجُمُوْنِ ﴿۲۰﴾ | **20** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইন্নী ‘উয্‌তু বিরাব্বী ওয়া রাব্বিকুম্ আং তারজুমূন। | |
| *তরজমা* | ‘তোমরা যাহাতে আমাকে প্রস্তরাঘাতে হত্যা করিতে না পার, তজ্জন্য আমি আমার প্রতিপালক ও তোমাদের প্রতিপালকের শরণ লইতেছি। | |
| | وَاِنْ لَّمْ تُؤْمِنُوْا لِيْ فَاعْتَزِلُوْنِ ﴿۲۱﴾ | **21** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইল্লাম্ তু’মিনূলী ফা‘তাঝিলূন। | |
| *তরজমা* | ‘যদি তোমরা আমার কথায় বিশ্বাস স্থাপন না কর, তবে তোমরা আমার নিকট হইতে দূরে থাক।’ | |
| | فَدَعَا رَبَّهٗٓ اَنَّ هٰٓؤُلَاۤءِ قَوْمٌ مُّجْرِمُوْنَ ﴿۲۲﴾ | **22** |
| *প্রতিবর্ণায়ন* | ফাদা‘আ– রাব্বাহূ˜ আন্না হা˜উলা~ই ক্বাওমুম্ মুজরিমূন। | |
| *তরজমা* | অতঃপর মূসা তাহার প্রতিপালকের নিকট নিবেদন করিল, ‘ইহারা তো এক অপরাধী সম্প্রদায়।’ | |
| | فَاَسْرِ بِعِبَادِيْ لَيْلًا اِنَّكُمْ مُّتَّبَعُوْنَ ﴿۲۳﴾ | **23** |
| *প্রতিবর্ণায়ন* | ফাআছ্‌রি বি‘ইবা–দী লাইলান্ ইন্নাকুম্ মুত্তাবা‘উন। | |
| *তরজমা* | আমি বলিয়াছিলাম, ‘তুমি আমার বান্দাদেরকে লইয়া রজনীযোগে বাহির হইয়া পড়, তোমাদের পশ্চাদ্ধাবন করা হইবেই।’ | |
| | وَاتْرُكِ الْبَحْرَ رَهْوًا ۗ اِنَّهُمْ جُنْدٌ مُّغْرَقُوْنَ ﴿۲۴﴾ | **24** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াত্‌রুকিল্ বাহ্‌রা রাহ্‌ওয়া- (ط) ইন্নাহুম্ জুংদুম্ মুগ্‌রাক্বূন। | |
| *তরজমা* | সমুদ্রকে স্থির থাকিতে দাও, উহারা এমন এক বাহিনী যাহা নিমজ্জিত হইবেই। | |
| | كَمْ تَرَكُوْا مِنْ جَنّٰتٍ وَّعُيُوْنٍ ﴿۲۵﴾ | **25** |
| *প্রতিবর্ণায়ন* | কাম্ তারাকূ মিং জান্না–তিওঁ ওয়া ‘উইয়ূন। | |
| *তরজমা* | উহারা পশ্চাতে রাখিয়া গিয়াছিল কত উদ্যান ও প্রস্রবণ; | |
| | وَّزُرُوْعٍ وَّمَقَامٍ كَرِيْمٍ ﴿۲۶﴾ | **26** |

| প্রতিবর্ণায়ন | ওয়া যুরূ‘ইওঁ ওয়া মাক্বা-মিং কারীম। | |
| তরজমা | কত শস্যক্ষেত্র ও সুরম্য প্রাসাদ, | |
| | وَّ نَعۡمَةٍ كَانُوۡا فِيۡهَا فٰكِهِيۡنَ ۙ﴿۲۷﴾ | 27 |
| প্রতিবর্ণায়ন | ওয়া না‘মাতিং কা-নূ ফীহা- ফা-কিহীন। | |
| তরজমা | কত বিলাস-উপকরণ, উহাতে তাহারা আনন্দ পাইত! | |
| | كَذٰلِكَ ۟ وَ اَوۡرَثۡنٰهَا قَوۡمًا اٰخَرِيۡنَ ﴿۲۸﴾ | 28 |
| প্রতিবর্ণায়ন | কায্া-লিকা (قف) ওয়া আওরাছ্না-হা- ক্বাওমান্ আ-খারীন। | |
| তরজমা | এইরূপই ঘটিয়াছিল এবং আমি এই সমুদয়ের উত্তরাধিকারী করিয়াছিলাম ভিন্ন সম্প্রদায়কে। | |
| | فَمَا بَكَتۡ عَلَيۡهِمُ السَّمَآءُ وَ الۡاَرۡضُ وَ مَا كَانُوۡا مُنۡظَرِيۡنَ ﴿۲۹﴾ | 29 |
| প্রতিবর্ণায়ন | ফামা-বাকাত্ ‘আলাইহিমুছ্ ছামা~উ ওয়াল্ আর্দু ওয়ামা- কা-নূ মুংজ্বারীন। | |
| তরজমা | আকাশ এবং পৃথিবী কেহই উহাদের জন্যে অশ্রুপাত করে নাই এবং উহাদেরকে অবকাশও দেওয়া হয় নাই। | |
| | وَ لَقَدۡ نَجَّيۡنَا بَنِيۡۤ اِسۡرَآءِيۡلَ مِنَ الۡعَذَابِ الۡمُهِيۡنِ ﴿۳۰﴾ | 30 |
| প্রতিবর্ণায়ন | ওয়ালাক্বাদ্ নাজ্জাইনা- বানী~ ইছ্রা~ঈলা মিনাল্ ‘আয্া-বিল্ মুহীন। | |
| তরজমা | আমি তো উদ্ধার করিয়াছিলাম বনী ইসরাঈলকে লাঞ্ছনাদায়ক শাস্তি হইতে | |
| | مِنۡ فِرۡعَوۡنَ ؕ اِنَّهٗ كَانَ عَالِيًا مِّنَ الۡمُسۡرِفِيۡنَ ﴿۳۱﴾ | 31 |
| প্রতিবর্ণায়ন | মিং ফির্‘আওনা (ط) ইন্নাহূ কা-না ‘আ-লিয়াম্মিনাল মুছ্রিফীন। | |
| তরজমা | ফির‘আওনের; সে তো ছিল পরাক্রান্ত সীমালংঘনকারীদের মধ্যে। | |
| | وَ لَقَدِ اخۡتَرۡنٰهُمۡ عَلٰى عِلۡمٍ عَلَى الۡعٰلَمِيۡنَ ۚ﴿۳۲﴾ | 32 |
| প্রতিবর্ণায়ন | ওয়া লাক্বাদিখ্তার্না-হুম্ ‘আলা- ‘ইলমিন্ ‘আলাল্ ‘আ-লামীন। | |
| তরজমা | আমি তো জানিয়া-শুনিয়াই উহাদেরকে বিশ্বে শ্রেষ্ঠত্ব দিয়াছিলাম, | |
| | وَ اٰتَيۡنٰهُمۡ مِّنَ الۡاٰيٰتِ مَا فِيۡهِ بَلٰٓـؤٌا مُّبِيۡنٌ ﴿۳۳﴾ | 33 |
| প্রতিবর্ণায়ন | ওয়া আ-তাইনা-হুম্ মিনাল্ আ-য়া-তি মা-ফীহি বালা~উম মুবীন। | |
| তরজমা | এবং উহাদেরকে দিয়াছিলাম নিদর্শনাবলী, যাহাতে ছিল সুস্পষ্ট পরীক্ষা; | |
| | اِنَّ هٰۤؤُلَآءِ لَيَقُوۡلُوۡنَ ۙ﴿۳۴﴾ | 34 |
| প্রতিবর্ণায়ন | ইন্না হা~উলা~ই লাইয়াক্বূলূন। | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | উহারা বলিয়াই থাকে, | |
| | اِنۡ هِىَ اِلَّا مَوۡتَتُنَا الۡاُوۡلٰى وَمَا نَحۡنُ بِمُنۡشَرِيۡنَ ۝٣٥ | 35 |
| প্রতিবর্ণায়ন | ইন্ হিয়া ইল্লা– মাওতাতুনাল্ ঊলা– ওয়ামা– নাহ্‌নু বিমুংশারীন। | |
| তরজমা | 'আমাদের প্রথম মৃত্যু ব্যতীত আর কিছুই নাই এবং আমরা আর উত্থিত হইব না। | |
| | فَاۡتُوۡا بِاٰبَآئِنَاۤ اِنۡ كُنۡتُمۡ صٰدِقِيۡنَ ۝٣٦ | 36 |
| প্রতিবর্ণায়ন | ফা'তূ বিআ–বা~ইনা~ ইং কুংতুম্ সা–দিক্বীন। | |
| তরজমা | 'অতএব তোমরা যদি সত্যবাদী হও তবে আমাদের পূর্বপুরুষদেরকে উপস্থিত কর।' | |
| | اَهُمۡ خَيۡرٌ اَمۡ قَوۡمُ تُبَّعٍ ۙ وَّالَّذِيۡنَ مِنۡ قَبۡلِهِمۡ ؕ اَهۡلَكۡنٰهُمۡ ۖ اِنَّهُمۡ كَانُوۡا مُجۡرِمِيۡنَ ۝٣٧ | 37 |
| প্রতিবর্ণায়ন | আহুম্ খাইরুন্ আম্ ক্বাওমু তুব্বা'ইওঁ (ۙ) ওয়াল্লাযীনা মিং ক্বাব্লিহিম্ (ط) আহ্লাক্না–হুম্ (ز) ইন্নাহুম্ কা–নূ মুজরিমীন। | |
| তরজমা | শ্রেষ্ঠ কি উহারা, না তুব্বা সম্প্রদায় ও ইহাদের পূর্ববর্তীরা ? আমি উহাদেরকে ধ্বংস করিয়াছিলাম, অবশ্যই উহারা ছিল অপরাধী। | |
| | وَمَا خَلَقۡنَا السَّمٰوٰتِ وَالۡاَرۡضَ وَمَا بَيۡنَهُمَا لٰعِبِيۡنَ ۝٣٨ | 38 |
| প্রতিবর্ণায়ন | ওয়ামা– খালাক্বনাছছামা–ওয়া–তি ওয়াল্ আর্‌দ্বা ওয়ামা বাইনাহুমা– লা–'ইবীন। | |
| তরজমা | আমি আকাশমণ্ডলী ও পৃথিবী এবং উহাদের মধ্যে কোন কিছুই ক্রীড়াচ্ছলে সৃষ্টি করি নাই; | |
| | مَا خَلَقۡنٰهُمَاۤ اِلَّا بِالۡحَقِّ وَلٰكِنَّ اَكۡثَرَهُمۡ لَا يَعۡلَمُوۡنَ ۝٣٩ | 39 |
| প্রতিবর্ণায়ন | মা–খালাক্বনা–হুমা~ ইল্লা বিল্হাক্বি ওয়ালা–কিন্না আক্ছারাহুম্ লা–ইয়া'লামূন। | |
| তরজমা | আমি এই দুইটি অযথা সৃষ্টি করি নাই, কিন্তু উহাদের অধিকাংশই ইহা জানে না। | |
| | اِنَّ يَوۡمَ الۡفَصۡلِ مِيۡقَاتُهُمۡ اَجۡمَعِيۡنَ ۝٤٠ | 40 |
| প্রতিবর্ণায়ন | ইন্না ইয়াওমাল্ ফাসলি মীক্বা–তুহুম্ আজমা'ঈন। | |
| তরজমা | নিশ্চয়ই সকলের জন্য নির্ধারিত রহিয়াছে উহাদের বিচার দিবস। | |
| | يَوۡمَ لَا يُغۡنِىۡ مَوۡلًى عَنۡ مَّوۡلًى شَيۡـًٔا وَّلَا هُمۡ يُنۡصَرُوۡنَ ۝٤١ | 41 |
| প্রতিবর্ণায়ন | ইয়াওমা লা–ইউগনী মাওলান্ 'আম মাওলাং শাইআওঁ ওয়ালা–হুম্ ইউংসারূন। | |
| তরজমা | সেদিন এক বন্ধু অপর বন্ধুর কোন কাজে আসিবে না এবং উহারা সাহায্যও পাইবে না। | |
| | اِلَّا مَنۡ رَّحِمَ اللّٰهُ ؕ اِنَّهٗ هُوَ الۡعَزِيۡزُ الرَّحِيۡمُ ۝٤٢ | 42 |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ইল্লা–মার্‌রাহি মাল্লা–হু (ط) ইন্নাহূ হুওয়াল্ ‘আঝীঝুর রাহ ীম। | |
| *তরজমা* | তবে আল্লাহ্ যাহার প্রতি দয়া করেন তাহার কথা স্বতন্ত্র। তিনি তো পরাক্রমশালী, পরম দয়ালু। | |
| | إِنَّ شَجَرَتَ الزَّقُّومِ ﴿٤٣﴾ | 43 |
| *প্রতিবর্ণায়ন* | ইন্না শাজারাতাঝ্‌ঝাক্কূ ম্। | |
| *তরজমা* | নিশ্চয়ই যাক্কুম বৃক্ষ হইবে- | |
| | طَعَامُ الْأَثِيمِ ﴿٤٤﴾ | 44 |
| *প্রতিবর্ণায়ন* | ত া‘আ–মুল আছ ীম। | |
| *তরজমা* | পাপীর খাদ্য; | |
| | كَالْمُهْلِ يَغْلِي فِي الْبُطُونِ ﴿٤٥﴾ | 45 |
| *প্রতিবর্ণায়ন* | কাল্‌মুহ্‌লি (مع) ইয়াগলী ফিল্‌বুতূ ন। | |
| *তরজমা* | গলিত তাম্রের মত, উহাদের উদরে ফুটিতে থাকিবে | |
| | كَغَلْيِ الْحَمِيمِ ﴿٤٦﴾ | 46 |
| *প্রতিবর্ণায়ন* | কাগাল্‌ইল্ হ ামীম। | |
| *তরজমা* | ফুটন্ত পানির মত। | |
| | خُذُوهُ فَاعْتِلُوهُ إِلَىٰ سَوَاءِ الْجَحِيمِ ﴿٤٧﴾ | 47 |
| *প্রতিবর্ণায়ন* | খুযূ হু ফা‘তিলূহু ইলা–ছাওয়া~ইল্ জাহ ীম। | |
| *তরজমা* | উহাকে ধর এবং টানিয়া লইয়া যাও জাহান্নামের মধ্যস্থলে, | |
| | ثُمَّ صُبُّوا فَوْقَ رَأْسِهِ مِنْ عَذَابِ الْحَمِيمِ ﴿٤٨﴾ | 48 |
| *প্রতিবর্ণায়ন* | ছু ম্মা সুব্বূ ফাওক া রা’ছিহী মিন্ ‘আয া–বিল্ হ ামীম। | |
| *তরজমা* | অতঃপর উহার মস্তকের উপর ফুটন্ত পানি ঢালিয়া শাস্তি দাও- | |
| | ذُقْ إِنَّكَ أَنْتَ الْعَزِيزُ الْكَرِيمُ ﴿٤٩﴾ | 49 |
| *প্রতিবর্ণায়ন* | যু ক্ (ج) ইন্নাকা আংতাল্ ‘আঝীঝুল কারীম। | |
| *তরজমা* | এবং বলা হইবে ‘আস্বাদ গ্রহণ কর, তুমি তো ছিলে সম্মানিত, অভিজাত! | |
| | إِنَّ هَٰذَا مَا كُنْتُمْ بِهِ تَمْتَرُونَ ﴿٥٠﴾ | 50 |
| *প্রতিবর্ণায়ন* | ইন্না হা–য া–মা– কুংতুম্ বিহী তাম্‌তারূন। | |
| *তরজমা* | ‘ইহা তো উহাই, যে বিষয়ে তোমরা সন্দেহ করিতে।’ | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | إِنَّ الْمُتَّقِينَ فِي مَقَامٍ أَمِينٍ ﴿٥١﴾ | 51 |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাল্ মুত্তাক্বীনা ফী মাক্বা-মিন্ আমীন্। | |
| *তরজমা* | মুত্তাকীরা তো থাকিবে নিরাপদ স্থানে- | |
| | فِي جَنَّاتٍ وَعُيُونٍ ﴿٥٢﴾ | 52 |
| *প্রতিবর্ণায়ন* | ফী জান্না-তিওঁ ওয়া 'উইউন। | |
| *তরজমা* | উদ্যান ও ঝর্ণার মাঝে, | |
| | يَلْبَسُونَ مِن سُندُسٍ وَإِسْتَبْرَقٍ مُّتَقَابِلِينَ ﴿٥٣﴾ | 53 |
| *প্রতিবর্ণায়ন* | ইয়াল্‌বাছূনা মিং ছুংদুছিওঁ ওয়া ইছ্‌তাব্‌রাকি্ম মুতাক্বা-বিলীন। | |
| *তরজমা* | তাহারা পরিধান করিবে মিহি ও পুরু রেশমী বস্ত্র এবং মুখোমুখি হইয়া বসিবে। | |
| | كَذَٰلِكَ وَزَوَّجْنَاهُم بِحُورٍ عِينٍ ﴿٥٤﴾ | 54 |
| *প্রতিবর্ণায়ন* | কায্বা-লিকা (قف) ওয়া ঝাওওয়াজনা-হুম্ বিহূ্রিন্ 'ঈন্। | |
| *তরজমা* | এইরূপই ঘটিবে; আমি উহাদেরকে সঙ্গিনী দান করিব আয়তলোচনা হূর, | |
| | يَدْعُونَ فِيهَا بِكُلِّ فَاكِهَةٍ آمِنِينَ ﴿٥٥﴾ | 55 |
| *প্রতিবর্ণায়ন* | ইয়াদ্‌'ঊনা ফীহা-বিকুল্লি ফা-কিহাতিন আ-মিনীন। | |
| *তরজমা* | সেথায় তাহারা প্রশান্ত চিত্তে বিবিধ ফলমূল আনিতে বলিবে। | |
| | لَا يَذُوقُونَ فِيهَا الْمَوْتَ إِلَّا الْمَوْتَةَ الْأُولَىٰ ۖ وَوَقَاهُمْ عَذَابَ الْجَحِيمِ ﴿٥٦﴾ | 56 |
| *প্রতিবর্ণায়ন* | লা-ইয়াযূ্ক্বূনা ফীহাল্ মাওতা ইল্লাল্ মাওতাতাল্ ঊলা- (ج) ওয়া ওয়াক্বা-হুম্ 'আযা-বাল্ জাহ্বীম। | |
| *তরজমা* | প্রথম মৃত্যুর পর তাহারা সেখানে আর মৃত্যু আস্বাদন করিবে না। আর তাহাদেরকে জাহান্নামের শাস্তি হইতে রক্ষা করিবেন- | |
| | فَضْلًا مِّن رَّبِّكَ ۚ ذَٰلِكَ هُوَ الْفَوْزُ الْعَظِيمُ ﴿٥٧﴾ | 57 |
| *প্রতিবর্ণায়ন* | ফাদ্বলাম মির্ রাব্বিকা (ط) য্বা-লিকা হুওয়াল্ ফাওঝুল্ 'আজ্বীম। | |
| *তরজমা* | তোমার প্রতিপালক নিজ অনুগ্রহে। ইহাই তো মহাসাফল্য। | |
| | فَإِنَّمَا يَسَّرْنَاهُ بِلِسَانِكَ لَعَلَّهُمْ يَتَذَكَّرُونَ ﴿٥٨﴾ | 58 |
| *প্রতিবর্ণায়ন* | ফাইন্নামা- ইয়াছ্‌ছার্‌না-হু বিলিছা-নিকা লা'আল্লাহুম্ ইয়াতায্বাক্কারূন। | |
| *তরজমা* | আমি তো তোমার ভাষায় কুরআনকে সহজ করিয়া দিয়াছি, যাহাতে উহারা উপদেশ গ্রহণ করে। | |

| | | |
|---|---|---|
| | فَارْتَقِبْ اِنَّهُمْ مُّرْتَقِبُوْنَ ۟ | 59 |
| প্রতিবর্ণায়ন | ফারতাকি্ব ইন্নাহুম্ মুরতাকি্বূন। | |
| তরজমা | সুতরাং তুমি প্রতীক্ষা কর, উহারাও প্রতীক্ষমাণ। | |

## 45 - Al-Jathiyah-জাসিয়া -الجاثية

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

| | | |
|---|---|---|
| | حٰمٓ ۟ | 1 |
| প্রতিবর্ণায়ন | হা-মী~ম্। | |
| তরজমা | হা-মীম। | |
| | تَنْزِيْلُ الْكِتٰبِ مِنَ اللّٰهِ الْعَزِيْزِ الْحَكِيْمِ ۟ | 2 |
| প্রতিবর্ণায়ন | তাংঝীলুল্ কিতা-বি মিনাল্লা-হিল্ 'আঝীঝিল্ হা্কীম। | |
| তরজমা | এই কিতাব পরাক্রমশালী, প্রজ্ঞাময় আল্লাহ্‌র নিকট হইতে অবতীর্ণ। | |
| | اِنَّ فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ لَاٰيٰتٍ لِّلْمُؤْمِنِيْنَ ۟ | 3 |
| প্রতিবর্ণায়ন | ইন্না ফিছ্ছামা-ওয়া-তি ওয়াল্ আরদি্ব লাআ-য়া-তিল্ লিল্মু'মিনীন। | |
| তরজমা | নিশ্চয়ই আকাশমণ্ডলী ও পৃথিবীতে নিদর্শন রহিয়াছে মু'মিনদের জন্য। | |
| | وَفِيْ خَلْقِكُمْ وَمَا يَبُثُّ مِنْ دَآبَّةٍ اٰيٰتٌ لِّقَوْمٍ يُّوْقِنُوْنَ ۟ | 4 |
| প্রতিবর্ণায়ন | ওয়াফী খালকি্কুম ওয়ামা- ইয়াবুছ্ছু মিং দা~ব্বাতিন্ আ-য়া-তুল লিকা্ওমিইঁ ইউকি্নূন। | |
| তরজমা | তোমাদের সৃজনে এবং জীবজন্তুর বিস্তারে নিদর্শন রহিয়াছে নিশ্চিত বিশ্বাসীদের জন্য; | |
| | وَاخْتِلَافِ الَّيْلِ وَالنَّهَارِ وَمَآ اَنْزَلَ اللّٰهُ مِنَ السَّمَآءِ مِنْ رِّزْقٍ فَاَحْيَا بِهِ الْاَرْضَ بَعْدَ مَوْتِهَا وَتَصْرِيْفِ الرِّيٰحِ اٰيٰتٌ لِّقَوْمٍ يَّعْقِلُوْنَ ۟ | 5 |
| প্রতিবর্ণায়ন | ওয়াখ্তিলা- ফিল্লাইলি ওয়া ন্নাহা-রি ওয়ামা~আংঝালাল্লা-হু মিনাছ্ ছামা~ই মির্ রিঝকিং ফাআহ্ইয়া- বিহিল্ আর্দা্ বা'দা মাওতিহা- ওয়া তাসরীফির্ রিয়া-হি্ আ-য়া-তুল্ লিকা্ওমিইঁ ইয়া'কি্লূন। | |
| তরজমা | নিদর্শন রহিয়াছে চিন্তাশীল সম্প্রদায়ের জন্য, রাত্রি ও দিবসের পরিবর্তনে এবং আল্লাহ্‌ আকাশ হইতে যে বারি বর্ষণ দ্বারা ধরিত্রীকে উহার মৃত্যুর পর পুনর্জীবিত করেন তাহাতে ও বায়ুর পরিবর্তনে। | |
| | تِلْكَ اٰيٰتُ اللّٰهِ نَتْلُوْهَا عَلَيْكَ بِالْحَقِّ ۚ فَبِاَيِّ حَدِيْثٍ بَعْدَ اللّٰهِ وَاٰيٰتِهٖ يُؤْمِنُوْنَ ۟ | 6 |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | তিল্‌কা আ–য়া–তুল্লা–হি নাত্‌লূহা– 'আলাইকা বিল্‌হ াক্কি ফাবিআইয়ি হ াদীছি ম্‌ বা'দাল্লা–হি ওয়া আ–য়া–তিহী ইউ'মিনূন। | |
| *তরজমা* | এইগুলি আল্লাহ্‌র আয়াত, যাহা আমি তোমার নিকট তিলাওয়াত করিতেছি যথাযথভাবে। সুতরাং আল্লাহ্‌র এবং তাঁহার আয়াতের পরিবর্তে উহারা আর কোন্ বাণীতে বিশ্বাস করিবে ? | |
| | وَيۡلٌ لِّكُلِّ اَفَّاكٍ اَثِيۡمٍ ۙ | 7 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াইলুল্লি কুল্লি আফ্‌ফা–কিন্ আছ ীম্। | |
| *তরজমা* | দুর্ভোগ প্রত্যেক ঘোর মিথ্যাবাদী পাপীর, | |
| | يَّسۡمَعُ اٰيٰتِ اللّٰهِ تُتۡلٰى عَلَيۡهِ ثُمَّ يُصِرُّ مُسۡتَكۡبِرًا كَاَنۡ لَّمۡ يَسۡمَعۡهَا ۚ فَبَشِّرۡهُ بِعَذَابٍ اَلِيۡمٍ | 8 |
| *প্রতিবর্ণায়ন* | ইয়াছ্‌মা'উ আ–য়া–তিল্লা–হি তুত্‌লা–'আলাইহি ছু ম্মা ইউসির্‌রু মুছ্‌তাক্‌বিরাং কাআল্লাম্ ইয়াছ্‌মা'হা– (ج) ফাবাশ্‌শির্‌হু বি'আয া–বিন্ আলীম। | |
| *তরজমা* | যে আল্লাহ্‌র আয়াতসমূহের তিলাওয়াত শুনে অথচ ঔদ্ধত্যের সঙ্গে অটল থাকে যেন সে উহা শুনে নাই। উহাকে সংবাদ দাও মর্মন্তুদ শাস্তির; | |
| | وَاِذَا عَلِمَ مِنۡ اٰيٰتِنَا شَيۡـئَاْ ۨاتَّخَذَهَا هُزُوًا ؕ اُولٰٓـئِكَ لَهُمۡ عَذَابٌ مُّهِيۡنٌ ؕ | 9 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয া– 'আলিমা মিন্ আ–য়া–তিনা– শাইআনিত্তাখায াহা– হুঝুওয়া– (ط) উলা~ইকা লাহুম্ 'আয া–বুম মুহীন। | |
| *তরজমা* | যখন আমার কোন আয়াত সে অবগত হয় তখন উহা লইয়া পরিহাস করে। উহাদের জন্য রহিয়াছে লাঞ্ছনাদায়ক শাস্তি। | |
| | مِنۡ وَّرَآئِهِمۡ جَهَنَّمُ ۚ وَلَا يُغۡنِىۡ عَنۡهُمۡ مَّا كَسَبُوۡا شَيۡـئًا وَّلَا مَا اتَّخَذُوۡا مِنۡ دُوۡنِ اللّٰهِ اَوۡلِيَآءَ ۚ وَلَهُمۡ عَذَابٌ عَظِيۡمٌ ؕ | 10 |
| *প্রতিবর্ণায়ন* | মিওঁ ওয়ারা~ইহিম্ জাহান্নামু (ج) ওয়ালা– ইউগ্‌নী 'আন্‌হুম্ মা–কাছাবূ শাইআওঁ ওয়ালা– মাত্তাখায ূ মিং দূনিল্লা–হি আওলিয়া~আ (ج) ওয়া লাহুম্ 'আয া–বুন্ 'আজ ীম। | |
| *তরজমা* | উহাদের পশ্চাতে রহিয়াছে জাহান্নাম; উহাদের কৃতকর্ম উহাদের কোন কাজে আসিবে না, উহারা আল্লাহ্‌র পরিবর্তে যাহাদেরকে অভিভাবক স্থির করিয়াছে উহারাও নহে। উহাদের জন্য রহিয়াছে মহাশাস্তি। | |
| | هٰذَا هُدًى ۚ وَالَّذِيۡنَ كَفَرُوۡا بِاٰيٰتِ رَبِّهِمۡ لَهُمۡ عَذَابٌ مِّنۡ رِّجۡزٍ اَلِيۡمٌ | 11 |
| *প্রতিবর্ণায়ন* | হা–য া– হুদাওঁ (ج) ওয়াল্লায ীনা কাফারূ বিআ–য়া–তি রাব্বিহিম্ লাহুম্ 'আয া–বুম মির্ রিজঝিন্ আলীম। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | এই কুরআন সৎপথের দিশারী; যাহারা তাহাদের প্রতিপালকের নিদর্শনাবলী প্রত্যাখ্যান করে, উহাদের জন্য রহিয়াছে অতিশয় মর্মন্তুদ শাস্তি। | |
| | ٱللَّهُ ٱلَّذِى سَخَّرَ لَكُمُ ٱلْبَحْرَ لِتَجْرِىَ ٱلْفُلْكُ فِيهِ بِأَمْرِهِۦ وَلِتَبْتَغُوا۟ مِن فَضْلِهِۦ وَلَعَلَّكُمْ تَشْكُرُونَ ﴿١٢﴾ | 12 |
| প্রতিবর্ণায়ন | আল্লা-হুল্লায ী ছাখ্খারা লাকুমুল্ বাহ রা লিতাজরিয়াল্ ফুল্কু ফীহি বিআম্রিহী ওয়ালিতাব্তাগূ মিং ফাদ লিহী ওয়া লা‘আল্লাকুম্ তাশ্কুরূন। | |
| তরজমা | আল্লাহ্ই তো সমুদ্রকে তোমাদের কল্যাণে নিয়োজিত করিয়াছেন, যাহাতে তাঁহার আদেশে উহাতে নৌযানসমূহ চলাচল করিতে পারে ও যাহাতে তোমরা তাঁহার অনুগ্রহ অনুসন্ধান করিতে পার এবং যেন তোমরা তাঁহার প্রতি কৃতজ্ঞ হও। | |
| | وَسَخَّرَ لَكُم مَّا فِى ٱلسَّمَٰوَٰتِ وَمَا فِى ٱلْأَرْضِ جَمِيعًا مِّنْهُ ۚ إِنَّ فِى ذَٰلِكَ لَءَايَٰتٍ لِّقَوْمٍ يَتَفَكَّرُونَ ﴿١٣﴾ | 13 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ছাখ্খারা লাকুম্ মা-ফিছ্ ছামা-ওয়া-তি ওয়ামা-ফিল্ আর্দি জামী‘আম্ মিন্হু (ط) ইন্না ফী য া-লিকা লাআ-য়া-তিল্লিক াওমিইঁ ইয়াতাফাক্কারূন। | |
| তরজমা | আর তিনি তোমাদের কল্যাণে নিয়োজিত করিয়াছেন আকাশমণ্ডলী ও পৃথিবীর সমস্ত কিছু নিজ অনুগ্রহে, চিন্তাশীল সম্প্রদায়ের জন্য ইহাতে তো রহিয়াছে নিদর্শন। | |
| | قُل لِّلَّذِينَ ءَامَنُوا۟ يَغْفِرُوا۟ لِلَّذِينَ لَا يَرْجُونَ أَيَّامَ ٱللَّهِ لِيَجْزِىَ قَوْمًۢا بِمَا كَانُوا۟ يَكْسِبُونَ ﴿١٤﴾ | 14 |
| প্রতিবর্ণায়ন | কু ল্ লিল্লায ীনা আ-মানূ ইয়াগফিরূ লিল্লায ীনা লা-ইয়ারজূনা আইয়া-মাল্লা-হি লিইয়াজঝিয়া ক াওমাম বিমা- কা-নূ ইয়াক্ছিবূন। | |
| তরজমা | মু’মিনদেরকে বল, ‘তাহারা যেন ক্ষমা করে উহাদেরকে, যাহারা আল্লাহ্র দিবসগুলির প্রত্যাশা করে না। ইহা এইজন্য যে, আল্লাহ্ প্রত্যেক সম্প্রদায়কে তাহার কৃতকর্মের জন্য প্রতিদান দিবেন।’ | |
| | مَنْ عَمِلَ صَٰلِحًا فَلِنَفْسِهِۦ ۖ وَمَنْ أَسَآءَ فَعَلَيْهَا ۖ ثُمَّ إِلَىٰ رَبِّكُمْ تُرْجَعُونَ ﴿١٥﴾ | 15 |
| প্রতিবর্ণায়ন | মান্ ‘আমিলা সা-লিহ াং ফালিনাফ্ছিহী (ج) ওয়ামান্ আছা~আ ফা‘আলাইহা- (ز) ছু ম্মা ইলা- রাব্বিকুম্ তুর্জা‘উন। | |
| তরজমা | যে সৎকর্ম করে সে তাহার কল্যাণের জন্যই উহা করে এবং কেহ মন্দ কর্ম করিলে উহার প্রতিফল সে-ই ভোগ করিবে, অতঃপর তোমরা তোমাদের প্রতিপালকের নিকট প্রত্যাবর্তিত হইবে। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | وَلَقَدْ اٰتَيْنَا بَنِيْٓ اِسْرَآءِيْلَ الْكِتٰبَ وَالْحُكْمَ وَالنُّبُوَّةَ وَرَزَقْنٰهُمْ مِّنَ الطَّيِّبٰتِ وَفَضَّلْنٰهُمْ عَلَى الْعٰلَمِيْنَ ﴿١٦﴾ | **16** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাক˙াদ্ আ–তাইনা– বানী˜ ইছ্রা~ঈলাল্ কিতা–বা ওয়াল্ হু˙ক্মা ওয়ান্ নুবুওওয়াতা ওয়া রাঝাক˙না–হুম্ মিনাত্ত˙াইয়িবা–তি ওয়া ফাদ্দ˙াল্না–হুম্ ‘আলাল্ ‘আ–লামীন। | |
| *তরজমা* | আমি তো বনী ইসরাঈলকে কিতাব, কর্তৃত্ব ও নবুওয়াত দান করিয়াছিলাম এবং উহাদেরকে উত্তম জীবনোপকরণ দিয়াছিলাম এবং দিয়াছিলাম শ্রেষ্ঠত্ব বিশ্বজগতের উপর। | |
| | وَاٰتَيْنٰهُمْ بَيِّنٰتٍ مِّنَ الْاَمْرِ ۚ فَمَا اخْتَلَفُوْٓا اِلَّا مِنْۢ بَعْدِ مَا جَآءَهُمُ الْعِلْمُ ۙ بَغْيًۢا بَيْنَهُمْ ۗ اِنَّ رَبَّكَ يَقْضِيْ بَيْنَهُمْ يَوْمَ الْقِيٰمَةِ فِيْمَا كَانُوْا فِيْهِ يَخْتَلِفُوْنَ ﴿١٧﴾ | **17** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আ–তাইনা–হুম্ বাইয়িনা–তিম মিনাল্ আম্রি (ج) ফামাখ্ তালাফূ˜ ইল্লা–মিম্ বা‘দি মা–জা~আহুমুল্ ‘ইল্মু (ۙ) বাগ্ইয়াম্ বাইনাহুম্ (ط) ইন্না রাব্বাকা ইয়াক˙দ˙ী বাইনাহুম্ ইয়াওমাল্ কি˙য়া–মাতি ফীমা– কা–নূ ফীহি ইয়াখ্তালিফূন। | |
| *তরজমা* | আমি উহাদেরকে সুস্পষ্ট প্রমাণ দান করিয়াছিলাম দীন সম্পর্কে। উহাদের নিকট জ্ঞান আসিবার পর উহারা শুধু পরস্পর বিদ্বেষবশত বিরোধিতা করিয়াছিল। উহারা যে বিষয়ে মতবিরোধ করিত, তোমার প্রতিপালক কিয়ামতের দিন উহাদের মধ্যে সে বিষয়ে ফয়সালা করিয়া দিবেন। | |
| | ثُمَّ جَعَلْنٰكَ عَلٰى شَرِيْعَةٍ مِّنَ الْاَمْرِ فَاتَّبِعْهَا وَلَا تَتَّبِعْ اَهْوَآءَ الَّذِيْنَ لَا يَعْلَمُوْنَ ﴿١٨﴾ | **18** |
| *প্রতিবর্ণায়ন* | ছু˙ম্মা জা‘আল্না–কা ‘আলা– শারী‘আতিম মিনাল্ আম্রি ফাত্তাবি‘হা– ওয়ালা–তাত্তাবি‘ আহ্ওয়া~আল্লায˙ীনা লা–ইয়া‘লামূন। | |
| *তরজমা* | ইহার পর আমি তোমাকে প্রতিষ্ঠিত করিয়াছি দীনের বিশেষ বিধানের উপর; সুতরাং তুমি উহার অনুসরণ কর, অজ্ঞদের খেয়াল-খুশির অনুসরণ করিও না। | |
| | اِنَّهُمْ لَنْ يُّغْنُوْا عَنْكَ مِنَ اللّٰهِ شَيْـًٔا ۗ وَاِنَّ الظّٰلِمِيْنَ بَعْضُهُمْ اَوْلِيَآءُ بَعْضٍ ۚ وَاللّٰهُ وَلِيُّ الْمُتَّقِيْنَ ﴿١٩﴾ | **19** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাহুম্ লাই ইউগ্নূ ‘আংকা মিনাল্লা–হি শাইআওঁ (ط) ওয়া ইন্নাজ˙˙া–লিমীনা বা‘দ˙ুহুম্ আওলিয়া~উ বা‘দি˙ওঁ (ج) ওয়াল্লা–হু ওয়ালিইয়ুল্ মুত্তাক˙ীন। | |
| *তরজমা* | আল্লাহ্‌র মুকাবিলায় উহারা তোমার কোনই উপকার করিতে পারিবে না; জালিমরা তো একে অপরের বন্ধু ; আর আল্লাহ্ মুত্তাকীদের বন্ধু। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | هٰذَا بَصَآئِرُ لِلنَّاسِ وَهُدًى وَّرَحْمَةٌ لِّقَوْمٍ يُّوْقِنُوْنَ ﴿٢٠﴾ | **20** |
| *প্রতিবর্ণায়ন* | হা-য া- বাসা~ইরু লিন্না-ছি ওয়া হুদাওঁ ওয়া রাহ মাতুল লিক াওমিইঁ ইউকি নূন। | |
| *তরজমা* | এই কুরআন মানবজাতির জন্য সুস্পষ্ট দলীল এবং নিশ্চিত বিশ্বাসী সম্প্রদায়ের জন্য পথনির্দেশ ও রহমত। | |
| | اَمْ حَسِبَ الَّذِيْنَ اجْتَرَحُوا السَّيِّاٰتِ اَنْ نَّجْعَلَهُمْ كَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ ۙ سَوَآءً مَّحْيَاهُمْ وَمَمَاتُهُمْ ؕ سَآءَ مَا يَحْكُمُوْنَ ﴿٢١﴾ | **21** |
| *প্রতিবর্ণায়ন* | আম্ হ াছিবাল্লায ীনাজ তারাহু ছ্ ছাইয়িআ-তি আন নাজ‘আলাহুম্ কাল্লায ীনা আ-মানূ ওয়া ‘আমিলুসসা-লিহ া-তি (۷) ছাওয়া~আম মাহ ইয়া-হুম্ ওয়া মামা-তুহুম্ (ط) ছাআ~মা-ইয়াহ কুমূন। | |
| *তরজমা* | দুষ্কৃতিকারীরা কি মনে করে যে, আমি জীবন ও মৃত্যুর দিক দিয়া উহাদেরকে তাহাদের সমান গণ্য করিব, যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে ? উহাদের সিদ্ধান্ত কত মন্দ ! | |
| | وَخَلَقَ اللّٰهُ السَّمٰوٰتِ وَالْاَرْضَ بِالْحَقِّ وَلِتُجْزٰى كُلُّ نَفْسٍۭ بِمَا كَسَبَتْ وَهُمْ لَا يُظْلَمُوْنَ ﴿٢٢﴾ | **22** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া খালাক াল্লা-হুছ্ ছামা-ওয়াতি ওয়াল্ আর্দ া বিল্হ াক্কি ওয়া লিতুজঝা- কুল্লু নাফ্ছিম্ বিমা- কাছাবাত ওয়া হুম্ লা- ইউজ লামূন। | |
| *তরজমা* | আল্লাহ্ আকাশমণ্ডলী ও পৃথিবী সৃষ্টি করিয়াছেন যথাযথভাবে এবং যাহাতে প্রত্যেক ব্যক্তিকে তাহার কর্মানুযায়ী ফল দেওয়া যাইতে পারে আর তাহাদের প্রতি জুলুম করা হইবে না। | |
| | اَفَرَءَيْتَ مَنِ اتَّخَذَ اِلٰهَهٗ هَوٰىهُ وَاَضَلَّهُ اللّٰهُ عَلٰى عِلْمٍ وَّخَتَمَ عَلٰى سَمْعِهٖ وَقَلْبِهٖ وَجَعَلَ عَلٰى بَصَرِهٖ غِشٰوَةً ؕ فَمَنْ يَّهْدِيْهِ مِنْۢ بَعْدِ اللّٰهِ ؕ اَفَلَا تَذَكَّرُوْنَ ﴿٢٣﴾ | **23** |
| *প্রতিবর্ণায়ন* | আফারাআইতা মানিত্তাখায া ইলা-হাহূ হাওয়া-হু ওয়া আদ াল্লাহুল্লা-হু ‘আলা-‘ইল্মিওঁ ওয়াখাতামা ‘আলা- ছাম্‘ইহী ওয়া ক ালবিহী ওয়া জা‘আলা ‘আলা- বাসারিহী গিশা-ওয়াতাং (ط) ফামাইঁ ইয়াহ্দীহি মিম্ বা‘দিল্লা-হি (ط) আফালা- তায াক্কারূন। | |
| *তরজমা* | তুমি কি লক্ষ্য করিয়াছ তাহাকে, যে তাহার খেয়াল-খুশিকে নিজ ইলাহ্ বানাইয়া লইয়াছে ? আল্লাহ্ জানিয়া-শুনিয়াই উহাকে বিভ্রান্ত করিয়াছেন এবং উহার কর্ণ ও হৃদয় মোহর করিয়া দিয়াছেন এবং উহার চক্ষুর উপর রাখিয়াছেন আবরণ। অতএব আল্লাহ্র পরে কে তাহাকে পথনির্দেশ করিবে ? তবুও কি তোমরা উপদেশ গ্রহণ করিবে না ? | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | وَقَالُوْا مَا هِيَ اِلَّا حَيَاتُنَا الدُّنْيَا نَمُوْتُ وَنَحْيَا وَمَا يُهْلِكُنَآ اِلَّا الدَّهْرُ ۚ وَمَا لَهُمْ بِذٰلِكَ مِنْ عِلْمٍ ۚ اِنْ هُمْ اِلَّا يَظُنُّوْنَ ﴿٢٤﴾ | **24** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ক া-লূ মা-হিয়া ইল্লা- হ ায়া-তুনাদ্দুন্ইয়া- নামূতু ওয়া নাহ ইয়া- ওয়ামা- ইউহ্লিকুনা˜ ইল্লাদ্দাহ্রু (ج) ওয়ামা- লাহুম্ বিয া-লিকা মিন্ ‘ইলমিন্ (ج) ইন্হুম্ ইল্লা- ইয়াজু ন্নুন। | |
| *তরজমা* | উহারা বলে, ‘একমাত্র পার্থিব জীবনই আমাদের জীবন, আমরা মরি ও বাঁচি আর কালই আমাদেরকে ধ্বংস করে।’ বস্তুত এই ব্যাপারে উহাদের কোন জ্ঞান নাই, উহারা তো কেবল মনগড়া কথা বলে। | |
| | وَاِذَا تُتْلٰى عَلَيْهِمْ اٰيٰتُنَا بَيِّنٰتٍ مَّا كَانَ حُجَّتَهُمْ اِلَّآ اَنْ قَالُوا ائْتُوْا بِاٰبَآئِنَآ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٢٥﴾ | **25** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয া- তুত্লা ‘আলাইহিম্ আ-য়া-তুনা- বাইয়িনা-তিম মা-কা-না হু জ্জাতাহুম্ ইল্লা˜ আং ক া-লু’তূ বিআ-বা~ইনা˜ ইং কুংতুম্ সা-দিক ীন। | |
| *তরজমা* | উহাদের নিকট যখন আমার সুস্পষ্ট আয়াত আবৃত্তি করা হয় তখন উহাদের কোন যুক্তি থাকে না কেবল এই উক্তি ছাড়া যে, তোমরা সত্যবাদী হইলে আমাদের পূর্বপুরুষদেরকে উপস্থিত কর। | |
| | قُلِ اللّٰهُ يُحْيِيْكُمْ ثُمَّ يُمِيْتُكُمْ ثُمَّ يَجْمَعُكُمْ اِلٰى يَوْمِ الْقِيٰمَةِ لَا رَيْبَ فِيْهِ وَلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُوْنَ ﴿٢٦﴾ | **26** |
| | لِّتُؤۡمِنُوۡا بِاللّٰهِ وَ رَسُوۡلِهٖ وَ تُعَزِّرُوۡهُ وَ تُوَقِّرُوۡهُ ؕ وَ تُسَبِّحُوۡهُ بُکۡرَۃً وَّ اَصِیۡلًا ﴿۹﴾ | 9 |
| *প্রতিবর্ণায়ন* | লিতু’মিনূ বিল্লা-হি ওয়া রাছূলিহী ওয়া তু‘আঝ্ঝিরূহু ওয়া তুওয়াক্কিরূহু (ط) ওয়া তুছাব্বিহূহু বুকরাতাওঁ ওয়া আসীলা- । | |
| *তরজমা* | যাহাতে তোমরা আল্লাহ্ ও তাঁহার রাসূলের প্রতি ঈমান আন এবং রাসূলকে শক্তি যোগাও ও তাহাকে সম্মান কর ; সকাল-সন্ধ্যায় আল্লাহ্‌র পবিত্রতা ও মহিমা ঘোষণা কর। | |
| | اِنَّ الَّذِیۡنَ یُبَایِعُوۡنَکَ اِنَّمَا یُبَایِعُوۡنَ اللّٰهَ ؕ یَدُ اللّٰهِ فَوۡقَ اَیۡدِیۡهِمۡ ۚ فَمَنۡ نَّکَثَ فَاِنَّمَا یَنۡکُثُ عَلٰی نَفۡسِهٖ ۚ وَ مَنۡ اَوۡفٰی بِمَا عٰهَدَ عَلَیۡهُ اللّٰهَ فَسَیُؤۡتِیۡهِ اَجۡرًا عَظِیۡمًا ﴿۱۰﴾ | 10 |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাল্লাযীনা ইউবা-ই‘ঊনাকা ইন্নামা- ইউবা-ই‘ঊনাল্লা-হা (ط) ইয়াদুল্লা-হি ফাওকা আইদীহিম্ (ج) ফামান্নাকাছা ফাইন্নামা- ইয়াংকুছু ‘আলা- নাফ্ছিহী (ج) ওয়া মান্ আওফা- বিমা- ‘আ-হাদা ‘আলাইহুল্লা-হা ফাছাইউ’তীহি আজরান ‘আজীমা- । | |
| *তরজমা* | যাহারা তোমার হাতে বায়‘আত করে তাহারা তো আল্লাহ্‌রই হাতে বায়‘আত করে। আল্লাহ্‌র হাত তাহাদের হাতের উপর। অতঃপর যে উহা ভঙ্গ করে, উহা ভঙ্গ করিবার পরিণাম তাহারই এবং যে আল্লাহ্‌র সঙ্গে অঙ্গীকার পূর্ণ করে তিনি অবশ্যই তাহাকে মহাপুরস্কার দিবেন। | |
| | سَیَقُوۡلُ لَکَ الۡمُخَلَّفُوۡنَ مِنَ الۡاَعۡرَابِ شَغَلَتۡنَاۤ اَمۡوَالُنَا وَ اَهۡلُوۡنَا فَاسۡتَغۡفِرۡ لَنَا ۚ یَقُوۡلُوۡنَ بِاَلۡسِنَتِهِمۡ مَّا لَیۡسَ فِیۡ قُلُوۡبِهِمۡ ؕ قُلۡ فَمَنۡ یَّمۡلِکُ لَکُمۡ مِّنَ اللّٰهِ شَیۡئًا اِنۡ اَرَادَ بِکُمۡ ضَرًّا اَوۡ اَرَادَ بِکُمۡ نَفۡعًا ؕ بَلۡ کَانَ اللّٰهُ بِمَا تَعۡمَلُوۡنَ خَبِیۡرًا ﴿۱۱﴾ | 11 |

| | | |
| --- | --- | --- |
| *প্রতিবর্ণায়ন* | ছাইয়াক্বূলু লাকাল্ মুখাল্লাফূনা মিনাল্ আ'রা-বি শাগালাত্না~ আম্ওয়া-লুনা- ওয়া আহ্লূনা- ফাছ্তাগ্ফির্লানা- (ج) ইয়াক্বূলূনা বিআল্ছিনাতিহিম্ মা-লাইছা ফী কুলূবিহিম (ط) কুল্ ফামাইঁ ইয়াম্লিকু লাকুম্ মিনাল্লা-হি শাইয়ান্ ইন আরা-দাবিকুম্ দাররান্ আও আরা-দাবিকুম নাফ্'আং (ط) বাল্ কা-নাল্লা-হু বিমা- তা'মালূনা খাবীরা- । | |
| *তরজমা* | যে সকল মরুবাসী পশ্চাতে রহিয়া গিয়াছে তাহারা তোমাকে বলিবে, 'আমাদের ধন-সম্পদ ও পরিবার-পরিজন আমাদেরকে ব্যস্ত রাখিয়াছে, অতএব আমাদের জন্য ক্ষমা প্রার্থনা করুন।' উহারা মুখে তাহা বলে যাহা উহাদের অন্তরে নাই। উহাদেরকে বল, 'আল্লাহ্ তোমাদের কাহারও কোন ক্ষতি কিংবা মঙ্গল সাধনের ইচ্ছা করিলে কে তাঁহাকে নিবৃত্ত করিতে পারে ? বস্তুত তোমরা যাহা কর সে বিষয়ে আল্লাহ্ সম্যক অবহিত। | |
| | بَلْ ظَنَنْتُمْ اَنْ لَّنْ يَّنْقَلِبَ الرَّسُوْلُ وَالْمُؤْمِنُوْنَ اِلٰٓى اَهْلِيْهِمْ اَبَدًا وَّ زُيِّنَ ذٰلِكَ فِيْ قُلُوْبِكُمْ وَظَنَنْتُمْ ظَنَّ السَّوْءِ ۚ وَكُنْتُمْ قَوْمًا بُوْرًا ﴿١٢﴾ | 12 |
| *প্রতিবর্ণায়ন* | বাল্ জানাংতুম্ আল্লাইঁ ইয়াংকালিবার্ রাছূলু ওয়াল্মু'মিনূনা ইলা~ আহ্লীহিম্ আবাদাওঁ ওয়া ঝুইঁনিয়া যা-লিকা ফী কুলূবিকুম্ ওয়া জানাংতুন্ জান্নাছ্ছাওই (ج) ওয়া কুংতুম্ কাওমাম্ বূরা- । | |
| *তরজমা* | না, তোমরা ধারণা করিয়াছিলে যে, রাসূল ও মু'মিনগণ তাহাদের পরিবার-পরিজনের নিকট কখনই ফিরিয়া আসিতে পারিবে না এবং এই ধারণা তোমাদের অন্তরে প্রীতিকর মনে হইয়াছিল ; তোমরা মন্দ ধারণা করিয়াছিলে, তোমরা তো ধ্বংসমুখী এক সম্প্রদায় ! | |
| | وَمَنْ لَّمْ يُؤْمِنْ بِاللّٰهِ وَرَسُوْلِهٖ فَاِنَّآ اَعْتَدْنَا لِلْكٰفِرِيْنَ سَعِيْرًا ﴿١٣﴾ | 13 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া মাল্লাম্ ইউ'মিম বিল্লা-হি ওয়া রাছূলিহী ফাইন্না~ আ'তাদ্না- লিলকা-ফিরীনা ছা'ঈরা- । | |
| *তরজমা* | যাহারা আল্লাহ্ ও তাঁহার রাসূলের প্রতি ঈমান আনে না, আমি সেই সব কাফিরের জন্য জ্বলন্ত অগ্নি প্রস্তুত রাখিয়াছি। | |
| | وَلِلّٰهِ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ يَغْفِرُ لِمَنْ يَّشَآءُ وَيُعَذِّبُ مَنْ يَّشَآءُ ؕ وَكَانَ اللّٰهُ غَفُوْرًا رَّحِيْمًا ﴿١٤﴾ | 14 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালিল্লা-হি মুল্কুছ্ ছামা-ওয়া-তি ওয়াল্ আর্দি (ط) ইয়াগ্ফিরু লিমাইঁ ইয়াশা~উ ওয়াইউ'আযযিবু মাইঁ ইয়াশা~উ (ط) ওয়া কা-নাল্লা-হু গাফূরার্ রাহীমা- । | |
| *তরজমা* | আকাশমণ্ডলী ও পৃথিবীর সর্বময় কর্তৃত্ব আল্লাহ্রই, তিনি যাহাকে ইচ্ছা ক্ষমা করেন এবং যাহাকে ইচ্ছা শাস্তি দেন। তিনি ক্ষমাশীল, পরম দয়ালু। | |

| | سَيَقُولُ الْمُخَلَّفُونَ إِذَا انطَلَقْتُمْ إِلَىٰ مَغَانِمَ لِتَأْخُذُوهَا ذَرُونَا نَتَّبِعْكُمْ ۖ يُرِيدُونَ أَن يُبَدِّلُوا كَلَامَ اللَّهِ ۚ قُل لَّن تَتَّبِعُونَا كَذَٰلِكُمْ قَالَ اللَّهُ مِن قَبْلُ ۖ فَسَيَقُولُونَ بَلْ تَحْسُدُونَنَا ۚ بَلْ كَانُوا لَا يَفْقَهُونَ إِلَّا قَلِيلًا ﴿١٥﴾ | **15** |
| *প্রতিবর্ণায়ন* | ছাইয়াক্ব্ূলুল্ মুখাল্লাফূনা ইযাংত্বালাক্ব্তুম্ ইলা– মাগা–নিমা লিতা'খুযূহা– যারূনা– নাত্তাবি'কুম্ (ج) ইউরীদূনা আইঁ ইউবাদ্দিলূ কালা–মাল্লা–হি (ط) কুল্লাং তাত্তাবি'ঊনা– কাযা–লিকুম্ ক্বা–লাল্লা–হু মিং ক্বাব্লু (ج) ফাছাইয়াক্ব্লূনা বাল্ তাহ্ছুদূনানা– (ط) বাল্ কা–না লা–ইয়াফ্ক্বাহূনা ইল্লা– ক্বালীলা– । | |
| *তরজমা* | তোমরা যখন যুদ্ধলব্ধ সম্পদ সংগ্রহের জন্য যাইবে তখন যাহারা পশ্চাতে রহিয়া গিয়াছিল তাহারা বলিবে, 'আমাদেরকে তোমাদের সঙ্গে যাইতে দাও।' উহারা আল্লাহ্‌র প্রতিশ্রুতি পরিবর্তন করিতে চায়। বল, 'তোমরা কিছুতেই আমাদের সঙ্গী হইতে পারিবে না। আল্লাহ্ পূর্বেই এইরূপ ঘোষণা করিয়াছেন।' উহারা অবশ্যই বলিবে, 'তোমরা তো আমাদের প্রতি বিদ্বেষ পোষণ করিতেছ।' বস্তুত উহাদের বোধশক্তি সামান্য। | |
| | قُل لِّلْمُخَلَّفِينَ مِنَ الْأَعْرَابِ سَتُدْعَوْنَ إِلَىٰ قَوْمٍ أُولِي بَأْسٍ شَدِيدٍ تُقَاتِلُونَهُمْ أَوْ يُسْلِمُونَ ۖ فَإِن تُطِيعُوا يُؤْتِكُمُ اللَّهُ أَجْرًا حَسَنًا ۖ وَإِن تَتَوَلَّوْا كَمَا تَوَلَّيْتُم مِّن قَبْلُ يُعَذِّبْكُمْ عَذَابًا أَلِيمًا ﴿١٦﴾ | **16** |
| *প্রতিবর্ণায়ন* | কুল্ লিল্মুখাল্লাফীনা মিনাল্ আ'রা–বি ছাতুদ্'আওনা ইলা– ক্বাওমিন্ ঊলী বা'ছিং শাদীদিং তুক্বা–তিলূনাহুম্ আও ইউছ্লিমূনা (ج) ফাইং তুত্বী'ঊ ইউ'তিকুমুল্লা–হু আজরান হাছানাওঁ (ج) ওয়া ইং তাতাওয়াল্লাও কামা– তাওয়াল্লাইতুম্ মিং ক্বাব্লু ইউ'আয্যিবকুম্ 'আযা–বান্ আলীমা– । | |
| *তরজমা* | যেসব মরুবাসী পশ্চাতে রহিয়া গিয়াছিল তাহাদেরকে বল, 'তোমরা আহূত হইবে এক প্রবল-পরাক্রান্ত জাতির বিরুদ্ধে যুদ্ধ করিতে; তোমরা উহাদের সঙ্গে যুদ্ধ করিবে যতক্ষণ না উহারা আত্মসমর্পণ করে। তোমরা এই নির্দেশ পালন করিলে আল্লাহ্ তোমাদেরকে উত্তম পুরস্কার দান করিবেন। আর তোমরা যদি পূর্বানুরূপ পৃষ্ঠ প্রদর্শন কর, তিনি তোমাদেরকে মর্মন্তুদ শাস্তি দিবেন। | |
| | لَّيْسَ عَلَى الْأَعْمَىٰ حَرَجٌ وَلَا عَلَى الْأَعْرَجِ حَرَجٌ وَلَا عَلَى الْمَرِيضِ حَرَجٌ ۗ وَمَن يُطِعِ اللَّهَ وَرَسُولَهُ يُدْخِلْهُ جَنَّاتٍ تَجْرِي مِن تَحْتِهَا الْأَنْهَارُ ۖ وَمَن يَتَوَلَّ يُعَذِّبْهُ عَذَابًا أَلِيمًا ﴿١٧﴾ | **17** |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | লাইছা ‘আলাল্ ‘আমা– হ˙ারাজূওঁ ওয়ালা– ‘আলাল্ আ‘রাজি হ˙ারাজূওঁ ওয়ালা– ‘আলাল্ মারীদি˙ হ˙ারাজূও (ط) ওয়া মাইঁ ইউতি˙‘ইল্লা–হা ওয়া রাছূলাহূ ইউদ্খিল্হু জান্না–তিং তাজরী মিং তাহ˙তিহাল্ আন্হা–রু (ج) ওয়া মাইঁ ইয়াতাওয়াল্লা ইউ’আয˙যি˙ব্হু ‘আয˙া–বান আলীমা– । | |
| *তরজমা* | অন্ধের জন্য কোন অপরাধ নাই, খঞ্জের জন্য কোন অপরাধ নাই এবং পীড়িতের জন্য কোন অপরাধ নাই; এবং যে কেহ আল্লাহ্ ও তাঁহার রাসূলের আনুগত্য করিবে আল্লাহ্ তাহাকে দাখিল করিবেন জান্নাতে, যাহার নিম্নদেশে নদী প্রবাহিত ; কিন্তু যে ব্যক্তি পৃষ্ঠ প্রদর্শন করিবে তিনি তাহাকে মর্মন্তুদ শাস্তি দিবেন। | |
| | لَقَدْ رَضِيَ اللّٰهُ عَنِ الْمُؤْمِنِيْنَ اِذْ يُبَايِعُوْنَكَ تَحْتَ الشَّجَرَةِ فَعَلِمَ مَا فِيْ قُلُوْبِهِمْ فَاَنْزَلَ السَّكِيْنَةَ عَلَيْهِمْ وَ اَثَابَهُمْ فَتْحًا قَرِيْبًا ﴿۱۸﴾ | 18 |
| *প্রতিবর্ণায়ন* | লাক˙াদ্ রাদি˙য়াল্লা–হু ‘আনিল্ মু’মিনীনা ইয˙ ইউবা–ই‘ঊনাকা তাহ˙তাশ্শাজারাতি ফা‘আলিমা মা–ফী কু˙লূবিহিম্ ফাআংঝালাছ্ ছাকীনাতা ‘আলাইহিম্ ওয়া আছ˙া–বাহুম ফাত্হ˙াং ক˙ারীবা– । | |
| *তরজমা* | আল্লাহ্ তো মু’মিনগণের উপর সন্তুষ্ট হইলেন যখন তাহারা বৃক্ষতলে তোমার নিকট বায়‘আত গ্রহণ করিল, তাহাদের অন্তরে যাহা ছিল তাহা তিনি অবগত ছিলেন; তাহাদেরকে তিনি দান করিলেন প্রশান্তি এবং তাহাদেরকে পুরস্কার দিলেন আসন্ন বিজয় | |
| | وَّمَغَانِمَ كَثِيْرَةً يَّاْخُذُوْنَهَا ؕ وَكَانَ اللّٰهُ عَزِيْزًا حَكِيْمًا ﴿۱۹﴾ | 19 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া মাগা–নিমা কাছ˙ীরাতাইঁ ইয়া’খুয˙নাহা– (ط) ওয়া কা–নাল্লা–হু ‘আঝীঝান্ হ˙াকীমা– । | |
| *তরজমা* | ও বিপুল পরিমাণ যুদ্ধে লভ্য সম্পদ, যাহা উহারা হস্তগত করিবে ; আল্লাহ্ পরাক্রমশালী, প্রজ্ঞাময়। | |
| | وَعَدَكُمُ اللّٰهُ مَغَانِمَ كَثِيْرَةً تَاْخُذُوْنَهَا فَعَجَّلَ لَكُمْ هٰذِهٖ وَكَفَّ اَيْدِيَ النَّاسِ عَنْكُمْ ۚ وَلِتَكُوْنَ اٰيَةً لِّلْمُؤْمِنِيْنَ وَيَهْدِيَكُمْ صِرَاطًا مُّسْتَقِيْمًا ﴿۲۰﴾ | 20 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ‘আদাকুমুল্লা–হু মাগা–নিমা কাছ˙ীরাতাং তা’খুয˙নাহা– ফা‘আজ্জালা লাকুম্ হা–যি˙হী ওয়া কাফ্ফা আইদিয়ান্না–ছি ‘আংকুম্ ওয়া লিতাকূনা আ–ইয়াতাল্লিল্মু’মিনীনা ওয়া ইয়াহদিইয়াকুম্ সিরা–ত˙াম্ মুছ্তাক˙ীমা– । | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | আল্লাহ্ তোমাদেরকে প্রতিশ্রুতি দিয়াছেন যুদ্ধে লভ্য বিপুল সম্পদের যাহার অধিকারী হইবে তোমরা। তিনি ইহা তোমাদের জন্য ত্বরান্বিত করিয়াছেন এবং তিনি তোমাদের হইতে মানুষের হস্ত নিবারিত করিয়াছেন যেন ইহা হয় মু'মিনদের জন্য এক নিদর্শন এবং আল্লাহ্ তোমাদেরকে পরিচালিত করেন সরল পথে; | |
| | وَّاُخۡرٰى لَمۡ تَقۡدِرُوۡا عَلَيۡهَا قَدۡ اَحَاطَ اللّٰهُ بِهَا ؕ وَكَانَ اللّٰهُ عَلٰى كُلِّ شَىۡءٍ قَدِيۡرًا ﴿۲۱﴾ | **21** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া উখ্‌রা- লাম্ তাক্'দিরূ 'আলাইহা- ক্'াদ্ আহা-ত্'াল্লা-হু বিহা- (ط) ওয়াকা-নাল্লা-হু 'আলা- কুল্লি শাইয়িং ক্'াদীরা- । | |
| *তরজমা* | এবং আরও রহিয়াছে যাহা এখনও তোমাদের অধিকারে আসে নাই, উহা তো আল্লাহ্ আয়ত্তে রাখিয়াছেন। আল্লাহ্ সর্ববিষয়ে সর্বশক্তিমান। | |
| | وَلَوۡ قٰتَلَـكُمُ الَّذِيۡنَ كَفَرُوۡا لَوَلَّوُا الۡاَدۡبَارَ ثُمَّ لَا يَجِدُوۡنَ وَلِيًّا وَّلَا نَصِيۡرًا ﴿۲۲﴾ | **22** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাও ক্'া-তালাকুমুল্লায্'ীনা কাফারূ লাওয়াল্লাউল্ আদ্‌বা-রা ছু্'ম্মা লা-ইয়াজিদূনা ওয়ালিয়াওঁ ওয়ালা- নাসীরা- । | |
| *তরজমা* | কাফিররা তোমাদের মুকাবিলা করিলে উহারা অবশ্যই পৃষ্ঠ প্রদর্শন করিত, তখন উহারা কোন অভিভাবক ও সাহায্য-কারী পাইত না। | |
| | سُنَّةَ اللّٰهِ الَّتِىۡ قَدۡ خَلَتۡ مِنۡ قَبۡلُ ۖۚ وَلَنۡ تَجِدَ لِسُنَّةِ اللّٰهِ تَبۡدِيۡلًا ﴿۲۳﴾ | **23** |
| *প্রতিবর্ণায়ন* | ছুন্নাতাল্লা-হিল্লাতী ক্'াদ্ খালাত্ মিং ক্'াব্‌লু (ج) ওয়া লাং তাজিদা লিছুন্নাতিল্লা-হি তাব্‌দীলা- । | |
| *তরজমা* | ইহাই আল্লাহ্‌র বিধান-প্রাচীন কাল হইতে চলিয়া আসিতেছে, তুমি আল্লাহ্‌র বিধানে কোন পরিবর্তন পাইবে না। | |
| | وَهُوَ الَّذِىۡ كَفَّ اَيۡدِيَهُمۡ عَنۡكُمۡ وَاَيۡدِيَكُمۡ عَنۡهُمۡ بِبَطۡنِ مَكَّةَ مِنۡۢ بَعۡدِ اَنۡ اَظۡفَرَكُمۡ عَلَيۡهِمۡ ؕ وَكَانَ اللّٰهُ بِمَا تَعۡمَلُوۡنَ بَصِيۡرًا ﴿۲۴﴾ | **24** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াহুওয়াল্লায্'ী কাফ্‌ফা আইদিয়াহুম্ 'আংকুম্ ওয়াআইদিয়াকুম্ 'আন্‌হুম্ বিবাত্'নি মাক্কাতা মিম্ বা'দি আন্ আজ্'ফারাকুম্ 'আলাইহিম্ (ط) ওয়া কা-নাল্লা-হু বিমা- তা'মালূনা বাসীরা- । | |
| *তরজমা* | তিনি মক্কা উপত্যকায় উহাদের হস্ত তোমাদের হইতে এবং তোমাদের হস্ত উহাদের হইতে নিবারিত করিয়াছেন, উহাদের উপর তোমাদেরকে বিজয়ী করিবার পর, তোমরা যাহা কিছু কর আল্লাহ্ তাহা দেখেন। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | هُمُ الَّذِيْنَ كَفَرُوْا وَصَدُّوْكُمْ عَنِ الْمَسْجِدِ الْحَرَامِ وَالْهَدْيَ مَعْكُوْفًا اَنْ يَّبْلُغَ مَحِلَّهٗ ؕ وَلَوْلَا رِجَالٌ مُّؤْمِنُوْنَ وَ نِسَآءٌ مُّؤْمِنٰتٌ لَّمْ تَعْلَمُوْهُمْ اَنْ تَطَـُٔوْهُمْ فَتُصِيْبَكُمْ مِّنْهُمْ مَّعَرَّةٌۢ بِغَيْرِ عِلْمٍ ۚ لِيُدْخِلَ اللّٰهُ فِيْ رَحْمَتِهٖ مَنْ يَّشَآءُ ۚ لَوْ تَزَيَّلُوْا لَعَذَّبْنَا الَّذِيْنَ كَفَرُوْا مِنْهُمْ عَذَابًا اَلِيْمًا ﴿۲۵﴾ | **25** |
| *প্রতিবর্ণায়ন* | হুমুল্লায ীনা কাফারূ ওয়া সাদ্দূকুম্ ‘আনিল্ মাছজিদিল্ হ ারা–মি ওয়াল্ হাদইয়া মা‘কূফান্ আইঁ ইয়াব্লুগা মাহি ল্লাহূ (ط) ওয়ালাও লা–রিজা–লুম্ মু’মিনূনা ওয়া নিছা~উম্ মু’মিনা–তুল্লাম তা‘লামূহুম্ আং তাত উহুম্ ফাতুসীবাকুম্ মিন্হুম মা‘আর্রাতুম্ বিগাইরি ‘ইল্মিন্ (ج) লিইউদ্খিলাল্লা–হু ফী রাহ মাতিহী মাইঁ ইয়াশা~উ লাও তাঝাইয়ালূ লা‘আয্ য াব্নাল্লায ীনা কাফারূ মিন্হুম্ ‘আয া–বান্ আলীমা– । | |
| *তরজমা* | উহারাই তো কুফরী করিয়াছিল এবং নিবৃত্ত করিয়াছিল তোমাদেরকে মসজিদুল-হারাম হইতে ও বাধা দিয়াছিল কুরবানীর জন্য আবদ্ধ পশুগুলিকে যথাস্থানে পৌঁছিতে। তোমাদেরকে যুদ্ধের আদেশ দেওয়া হইত যদি না থাকিত এমন কতক মু’মিন নর ও নারী যাহাদেরকে তোমরা জান না, তোমরা তাহাদেরকে পদদলিত করিতে অজ্ঞাতসারে, ফলে তাহাদের কারণে তোমরা ক্ষতিগ্রস্ত হইতে। যুদ্ধের নির্দেশ দেওয়া হয় নাই এইজন্য যে, তিনি যাহাকে ইচ্ছা নিজ অনুগ্রহ দান করিবেন। যদি উহারা পৃথক হইত, আমি উহাদের মধ্যে কাফিরদেরকে মর্মন্তুদ শাস্তি দিতাম। | |
| | اِذْ جَعَلَ الَّذِيْنَ كَفَرُوْا فِيْ قُلُوْبِهِمُ الْحَمِيَّةَ حَمِيَّةَ الْجَاهِلِيَّةِ فَاَنْزَلَ اللّٰهُ سَكِيْنَتَهٗ عَلٰى رَسُوْلِهٖ وَعَلَى الْمُؤْمِنِيْنَ وَاَلْزَمَهُمْ كَلِمَةَ التَّقْوٰى وَكَانُوْۤا اَحَقَّ بِهَا وَاَهْلَهَا ؕ وَكَانَ اللّٰهُ بِكُلِّ شَيْءٍ عَلِيْمًا ﴿۲۶﴾ | **26** |
| *প্রতিবর্ণায়ন* | ইয জা‘আলাল্লায ীনা কাফারূ ফী কু লূবিহিমুল্ হ ামিইইয়াতা হ ামিইয়াতাল্ জা–হিলিইইয়াতি ফাআংঝালাল্লা–হু ছাকীনাতাহূ ‘আলা–রাছূলিহী ওয়া আলাল্ মু’মিনীনা ওয়া আলঝামাহুম্ কালিমাতাত্তাক ওয়া– ওয়া কা–নূ~ আহ াক্কা া বিহা– ওয়া আহ্লাহা– (ط) ওয়া কা–নাল্লা–হু বিকুল্লি শাইয়িন্ ‘আলীমা– । | |
| *তরজমা* | যখন কাফিররা তাহাদের অন্তরে পোষণ করিত গোত্রীয় অহমিকা-অজ্ঞতার যুগের অহমিকা, তখন আল্লাহ্ তাঁহার রাসূল ও মু’মিনদেরকে স্বীয় প্রশান্তি দান করিলেন ; আর তাহাদেরকে তাক্ওয়ার বাক্যে সুদৃঢ় করিলেন, এবং তাহারাই ছিল ইহার অধিকতর যোগ্য ও উপযুক্ত। আল্লাহ্ সমস্ত বিষয়ে সম্যক জ্ঞান রাখেন। | |

| | لَقَدْ صَدَقَ اللّٰهُ رَسُوْلَهُ الرُّءْيَا بِالْحَقِّ ۚ لَتَدْخُلُنَّ الْمَسْجِدَ الْحَرَامَ اِنْ شَآءَ اللّٰهُ اٰمِنِيْنَ ۙ مُحَلِّقِيْنَ رُءُوْسَكُمْ<br>وَمُقَصِّرِيْنَ ۙ لَا تَخَافُوْنَ ۗ فَعَلِمَ مَا لَمْ تَعْلَمُوْا فَجَعَلَ مِنْ دُوْنِ ذٰلِكَ فَتْحًا قَرِيْبًا ﴿٢٧﴾ | **27** |
| *প্রতিবর্ণায়ন* | লাক˙াদ্ সাদাক˙াল্লা-হু রাছূলাহুর্ রু’ইয়া- বিল্‌হ˙াক্কি˙ (ج) লাতাদ্‌খুলুন্নাল্ মাছ্‌জিদাল্ হ˙ারা-মা ইং শা~আল্লা-হু আ-মিনীনা (ۙ) মুহ˙াল্লিক˙ীনা রুঊ’ছাকুম্ ওয়া মুক˙াসসিরীনা (ۙ) লা-তাখা-ফূনা (ط) ফা‘আলিমা মা- লাম্ তা‘লামূ ফাজা‘আলা মিং দূনি য˙া-লিকা ফাত্‌হ˙াং ক˙ারীবা- । | |
| *তরজমা* | নিশ্চয়ই আল্লাহ্ তাঁহার রাসূলকে স্বপ্নটি যথাযথভাবে বাস্তবায়ন করিয়া দেখাইয়াছেন, আল্লাহ্‌র ইচ্ছায় তোমরা অবশ্যই মস্‌জিদুল-হারামে প্রবেশ করিবে নিরাপদে-তোমাদের কেহ কেহ মস্তক মুণ্ডিত করিবে আর কেহ কেহ কেশ কর্তন করিবে। তোমাদের কোন ভয় থাকিবে না। আল্লাহ্ জানেন তোমরা যাহা জান না। ইহা ছাড়াও তিনি তোমাদেরকে দিয়াছেন এক সদ্য বিজয়। | |
| | هُوَ الَّذِيْٓ اَرْسَلَ رَسُوْلَهٗ بِالْهُدٰى وَدِيْنِ الْحَقِّ لِيُظْهِرَهٗ عَلَى الدِّيْنِ كُلِّهٖ ۗ وَكَفٰى بِاللّٰهِ شَهِيْدًا ﴿٢٨﴾ | **28** |
| *প্রতিবর্ণায়ন* | হুওয়াল্লায˙ী˜আরছালা রাছূলাহূ বিলহুদা- ওয়া দীনিল্ হ˙াক্কি˙ লিইউজ˙হিরাহূ ‘আলাদ্দীনি কুল্লিহী (ط) ওয়া কাফা- বিল্লা-হি শাহীদা- । | |
| *তরজমা* | তিনিই তাঁহার রাসূলকে পথনির্দেশ ও সত্য দীনসহ প্রেরণ করিয়াছেন, অপর সমস্ত দীনের উপর ইহাকে জয়যুক্ত করিবার জন্য। আর সাক্ষী হিসাবে আল্লাহ্‌ই যথেষ্ট। | |
| | مُحَمَّدٌ رَّسُوْلُ اللّٰهِ ۗ وَالَّذِيْنَ مَعَهٗٓ اَشِدَّآءُ عَلَى الْكُفَّارِ رُحَمَآءُ بَيْنَهُمْ تَرٰىهُمْ رُكَّعًا سُجَّدًا<br>يَّبْتَغُوْنَ فَضْلًا مِّنَ اللّٰهِ وَرِضْوَانًا ۖ سِيْمَاهُمْ فِيْ وُجُوْهِهِمْ مِّنْ اَثَرِ السُّجُوْدِ ۗ ذٰلِكَ<br>مَثَلُهُمْ فِي التَّوْرٰىةِ ۛ وَمَثَلُهُمْ فِي الْاِنْجِيْلِ ۛ كَزَرْعٍ اَخْرَجَ شَطْـَٔهٗ فَاٰزَرَهٗ فَاسْتَغْلَظَ<br>فَاسْتَوٰى عَلٰى سُوْقِهٖ يُعْجِبُ الزُّرَّاعَ لِيَغِيْظَ بِهِمُ الْكُفَّارَ ۗ وَعَدَ اللّٰهُ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ<br>مِنْهُمْ مَّغْفِرَةً وَّاَجْرًا عَظِيْمًا ﴿٢٩﴾ | **29** |

| | | |
|---|---|---|
| প্রতিবর্ণায়ন | মুহ্াম্মাদুর্ রাছূলুল্লা-হি (ط) ওয়াল্লায্ীনা মা‘আহূ আশিদ্দা~উ ‘আলাল্ কুফফা-রি রুহ্ামা~উ বাইনাহুম্ তারা-হুম্ রুক্কা‘আং ছুজ্জাদাইঁ ইয়াব্তাগূনা ফাদ্লাম্ মিনাল্লা-হি ওয়া রিদ্ওয়ানাং (ز) ছীমা-হুম্ ফী উজূহিহিম্ মিন্ আছ্ারিছ্ ছু্জূদ (ط) য্া-লিকা মাছ্ালুহুম্ ফিত্তাওরা-তি (مع) ওয়া মাছ্ালুহুম্ ফিল্ ইংজিলি (مع) কাঝার্‘ইন্ আখ্রাজা শাত্আহূ ফাআ-ঝারাহূ ফাছ্তাগ্লাজ্া ফাছ্তাওয়া- ‘আলা- ছূকি্হী ইউ‘জিবুঝ্ঝুররা-‘আ লিইয়াগীজা বিহিমুল্ কুফ্ফা-রা (ط) ওয়া ‘আদাল্লা-হুল্লায্ীনা আ-মানূ ওয়া ‘আমিলুসসা-লিহ্া-তি মিন্হুম্ মাগফিরাতাওঁ ওয়া আজরান্ ‘আজ্ীমা- । | |
| তরজমা | মুহাম্মদ আল্লাহ্র রাসূল ; তাঁহার সহচরগণ কাফিরদের প্রতি কঠোর এবং নিজেদের মধ্যে পরস্পরের প্রতি সহানুভূতিশীল ; আল্লাহ্র অনুগ্রহ ও সন্তুষ্টি কামনায় তুমি তাহাদেরকে রুকূ‘ ও সিজ্দায় অবনত দেখিবে। তাহাদের লক্ষণ তাহাদের মুখমণ্ডলে সিজ্দার প্রভাবে পরিস্ফুটিত থাকিবে ; তওরাতে তাহাদের বর্ণনা এইরূপ এবং ইঞ্জীলেও তাহাদের বর্ণনা এইরূপই। তাহাদের দৃষ্টান্ত একটি চারাগাছ, যাহা হইতে নির্গত হয় কিশলয়, অতঃপর ইহা শক্ত ও পুষ্ট হয় এবং পরে কাণ্ডের উপর দাঁড়ায় দৃঢ়ভাবে যাহা চাষীর জন্য আনন্দদায়ক। এইভাবে আল্লাহ্ মু’মিনদের সমৃদ্ধি দ্বারা কাফিরদের অন্তর্জ্বালা সৃষ্টি করেন। যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে আল্লাহ্ তাহাদেরকে প্রতিশ্রুতি দিয়াছেন ক্ষমা ও মহাপুরস্কারের। | |

## 49 - Al-Hujurat-হুজরাত -الحجرات

بِسۡمِ اللّٰہِ الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ

| | | |
|---|---|---|
| | یٰۤاَیُّہَا الَّذِیۡنَ اٰمَنُوۡا لَا تُقَدِّمُوۡا بَیۡنَ یَدَیِ اللّٰہِ وَ رَسُوۡلِہٖ وَ اتَّقُوا اللّٰہَ ؕ اِنَّ اللّٰہَ سَمِیۡعٌ عَلِیۡمٌ ﴿۱﴾ | 1 |
| প্রতিবর্ণায়ন | ইয়া~আইয়ুহাল্লায্ীনা আ-মানূ লা- তুক্াদ্দিমূ বাইনা ইয়াদাইল্লা-হি ওয়া রাছূলিহী ওয়াত্তাকু্ল্লা-হা (ط) ইন্নাল্লা-হা ছামী‘উন্ ‘আলীম । | |
| তরজমা | হে মু’মিনগণ ! আল্লাহ্ ও তাঁহার রাসূলের সমক্ষে তোমরা কোন বিষয়ে অগ্রণী হইও না এবং আল্লাহ্কে ভয় কর ; আল্লাহ্ সর্বশ্রোতা, সর্বজ্ঞ। | |
| | یٰۤاَیُّہَا الَّذِیۡنَ اٰمَنُوۡا لَا تَرۡفَعُوۡۤا اَصۡوَاتَکُمۡ فَوۡقَ صَوۡتِ النَّبِیِّ وَ لَا تَجۡہَرُوۡا لَہٗ بِالۡقَوۡلِ کَجَہۡرِ بَعۡضِکُمۡ لِبَعۡضٍ اَنۡ تَحۡبَطَ اَعۡمَالُکُمۡ وَ اَنۡتُمۡ لَا تَشۡعُرُوۡنَ ﴿۲﴾ | 2 |
| প্রতিবর্ণায়ন | ইয়া~ আইয়ুহাল্লায্ীনা আ-মানূ লা তারফা‘উ~আসওয়া-তাকুম্ ফাওক্া সাওতিন্নাবিইয়ি ওয়ালা- তাজহারূ লাহূ বিল্ক্াওলি কাজাহ্রি বা‘দি্কুম্ লিবা‘দি্ন্ আং তাহ্বাত্া আ‘মা-লুকুম্ ওয়া আংতুম লা-তাশ্‘উরূন । | |

| তরজমা | হে মু'মিনগণ ! তোমরা নবীর কণ্ঠস্বরের উপর নিজেদের কণ্ঠস্বর উঁচু করিও না এবং নিজেদের মধ্যে যেভাবে উচ্চস্বরে কথা বল তাহার সঙ্গে সেইরূপ উচ্চস্বরে কথা বলিও না, কারণ ইহাতে তোমাদের কর্ম নিষ্ফল হইয়া যাইবে তোমাদের অজ্ঞাতসারে। | |
| | إِنَّ الَّذِينَ يَغُضُّونَ أَصْوَاتَهُمْ عِندَ رَسُولِ اللَّهِ أُولَٰئِكَ الَّذِينَ امْتَحَنَ اللَّهُ قُلُوبَهُمْ لِلتَّقْوَىٰ ۚ لَهُم مَّغْفِرَةٌ وَأَجْرٌ عَظِيمٌ ﴿٣﴾ | 3 |
| প্রতিবর্ণায়ন | ইন্নাল্লায ীনা ইয়াগুদ্দূ না আসওয়া-তাহুম্ 'ইংদা রাছূলিল্লা-হি উলা~ইকাল্লায ীনাম্ তাহ ানাল্লা-হু কু লূবাহুম লিত্তাক ওয়া- (ط) লাহুম্ মাগ্ফিরাতুওঁ ওয়া আজরুন্ 'আজ ীম। | |
| তরজমা | যাহারা আল্লাহ্র রাসূলের সম্মুখে নিজেদের কণ্ঠস্বর নিচু করে, আল্লাহ্ তাহাদের অন্তরকে তাক্ওয়ার জন্য পরীক্ষা করিয়া লইয়াছেন। তাহাদের জন্য রহিয়াছে ক্ষমা ও মহাপুরস্কার। | |
| | إِنَّ الَّذِينَ يُنَادُونَكَ مِن وَرَاءِ الْحُجُرَاتِ أَكْثَرُهُمْ لَا يَعْقِلُونَ ﴿٤﴾ | 4 |
| প্রতিবর্ণায়ন | ইন্নাল্লায ীনা ইউনা-দূনাকা মিওঁ ওরা~ইল্ হু জূরা-তি আক্ছ ারুহুম্ লা- ইয়া'কি লূন। | |
| তরজমা | যাহারা ঘরের বাহির হইতে তোমাকে উচ্চস্বরে ডাকে, তাহাদের অধিকাংশই নির্বোধ, | |
| | وَلَوْ أَنَّهُمْ صَبَرُوا حَتَّىٰ تَخْرُجَ إِلَيْهِمْ لَكَانَ خَيْرًا لَّهُمْ ۚ وَاللَّهُ غَفُورٌ رَّحِيمٌ ﴿٥﴾ | 5 |
| প্রতিবর্ণায়ন | ওয়ালাও আন্নাহুম্ সাবারূ হ াত্তা- তাখ্রুজা ইলাইহিম্ লাকা-না খাইরাল্লাহুম (ط) ওয়াল্লা-হু গাফূরুর রাহ ীম। | |
| তরজমা | তুমি বাহির হইয়া উহাদের নিকট আসা পর্যন্ত যদি উহারা ধৈর্য ধারণ করিত, তাহাই উহাদের জন্য উত্তম হইত। আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু। | |
| | يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِن جَاءَكُمْ فَاسِقٌ بِنَبَإٍ فَتَبَيَّنُوا أَن تُصِيبُوا قَوْمًا بِجَهَالَةٍ فَتُصْبِحُوا عَلَىٰ مَا فَعَلْتُمْ نَادِمِينَ ﴿٦﴾ | 6 |
| প্রতিবর্ণায়ন | ইয়া~ আইয়ুহাল্লায ীনা আ-মানূ~ ইং জা~আকুম্ ফা-ছিকু ম্ বিনাবাইং ফাতাবাইয়ানূ~ আং তুসীবূ ক াওমাম্ বিজাহা-লাতিং ফাতুসবিহূ 'আলা- মা- ফা'আল্তুম্ না-দিমীন। | |
| তরজমা | হে মু'মিনগণ! যদি কোন পাপাচারী তোমাদের নিকট কোন বার্তা আনয়ন করে, তোমরা তাহা পরীক্ষা করিয়া দেখিবে, পাছে অজ্ঞতাবশত তোমরা কোন সম্প্রদায়কে ক্ষতিগ্রস্ত করিয়া বস, এবং পরে তোমাদের কৃতকর্মের জন্য তোমাদেরকে অনুতপ্ত হইতে হয়। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | وَاعْلَمُوْٓا اَنَّ فِيْكُمْ رَسُوْلَ اللّٰهِ ؕ لَوْ يُطِيْعُكُمْ فِيْ كَثِيْرٍ مِّنَ الْاَمْرِ لَعَنِتُّمْ وَلٰكِنَّ اللّٰهَ حَبَّبَ اِلَيْكُمُ الْاِيْمَانَ وَ زَيَّنَهٗ فِيْ قُلُوْبِكُمْ وَكَرَّهَ اِلَيْكُمُ الْكُفْرَ وَالْفُسُوْقَ وَالْعِصْيَانَ ؕ اُولٰٓئِكَ هُمُ الرّٰشِدُوْنَ ۙ﴿۷﴾ | **7** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া'লামূ˜ আন্না ফীকুম রাছূলল্লা-হি (ط) লাও ইউত ী'উকুম্ ফী কাছ ীরিম্ মিনাল্ আম্‌রি লা'আনিত্তুম্ ওয়ালা- কিন্নাল্লা-হা হ াব্বাবা ইলাইকুমুল্ ঈমা-না ওয়া ঝাইয়ানাহূ ফী কু লূবিকুম্ ওয়া কার্‌রাহা ইলাইকুমুল্ কুফ্‌রা ওয়াল্‌ফুছূক া ওয়াল্ 'ইসইয়া-না (ط) উলা~ইকা হুমুর্‌রা-শিদূন। | |
| *তরজমা* | তোমরা জানিয়া রাখ যে, তোমাদের মধ্যে আল্লাহ্‌র রাসূল রহিয়াছেন ; তিনি বহু বিষয়ে তোমাদের কথা শুনিলে তোমরাই কষ্ট পাইতে। কিন্তু আল্লাহ্ তোমাদের নিকট ঈমানকে প্রিয় করিয়াছেন এবং উহাকে তোমাদের হৃদয়গ্রাহী করিয়াছেন ; কুফরী, পাপাচার ও অবাধ্যতাকে করিয়াছেন তোমাদের নিকট অপ্রিয়। উহারাই সৎপথ অবলম্বনকারী, | |
| | فَضْلًا مِّنَ اللّٰهِ وَنِعْمَةً ؕ وَاللّٰهُ عَلِيْمٌ حَكِيْمٌ ﴿۸﴾ | **8** |
| *প্রতিবর্ণায়ন* | ফাদ লাম্ মিনাল্লা-হি ওয়া নি'মাতাওঁ (ط) ওয়াল্লা-হু 'আলীমুন্ হ াকীম। | |
| *তরজমা* | আল্লাহ্‌র দান ও অনুগ্রহস্বরূপ ; আল্লাহ্ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়। | |
| | وَاِنْ طَآئِفَتٰنِ مِنَ الْمُؤْمِنِيْنَ اقْتَتَلُوْا فَاَصْلِحُوْا بَيْنَهُمَا ۚ فَاِنْۢ بَغَتْ اِحْدٰىهُمَا عَلَى الْاُخْرٰى فَقَاتِلُوا الَّتِيْ تَبْغِيْ حَتّٰى تَفِيْٓءَ اِلٰٓى اَمْرِ اللّٰهِ ۚ فَاِنْ فَآءَتْ فَاَصْلِحُوْا بَيْنَهُمَا بِالْعَدْلِ وَاَقْسِطُوْا ؕ اِنَّ اللّٰهَ يُحِبُّ الْمُقْسِطِيْنَ ﴿۹﴾ | **9** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইং ত া~ইফাতা-নি মিনাল্ মু'মিনীনাক্ তাতালূ ফাআসলিহূ বাইনাহুমা- (ج) ফাইম্ বাগাত্ 'ইহ্ দা-হুমা- 'আলাল্ উখরা- ফাক া-তিলুল্লাতী তাবগী হ াত্তা তাফী~আ ইলা˜ আম্‌রিল্লা-হি (ج) ফাইং ফা~আত্ ফাআসলিহূ বাইনাহুমা- বিল্'আদ্‌লি ওয়া আক ছিতূ (ط) ইন্নাল্লা-হা ইউহি ব্বুল্ মুক ছিত ীন। | |
| *তরজমা* | মু'মিনদের দুই দল দ্বন্দ্বে লিপ্ত হইলে তোমরা তাহাদের মধ্যে মীমাংসা করিয়া দিবে ; আর তাহাদের একদল অপর দলের বিরুদ্ধে বাড়াবাড়ি করিলে, যাহারা বাড়াবাড়ি করে তাহাদের বিরুদ্ধে তোমরা যুদ্ধ করিবে, যতক্ষণ না তাহারা আল্লাহ্‌র নির্দেশের দিকে ফিরিয়া আসে-যদি তাহারা ফিরিয়া আসে তাহাদের মধ্যে ন্যায়ের সঙ্গে ফয়সালা করিবে এবং সুবিচার করিবে। নিশ্চয়ই আল্লাহ্ সুবিচারকারীদেরকে ভালবাসেন। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
| --- | --- | --- |
| | اِنَّمَا الْمُؤْمِنُوْنَ اِخْوَةٌ فَاَصْلِحُوْا بَيْنَ اَخَوَيْكُمْ وَاتَّقُوا اللّٰهَ لَعَلَّكُمْ تُرْحَمُوْنَ ﴿١٠﴾ | **10** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নামাল্ মু'মিনূনা ইখ্ওয়াতুং ফাআসলিহূ বাইনা আখাওয়াইকুম্ ওয়াত্তাকু্ল্লা–হা লা'আল্লাকুম তুর্‌হ্ামূন। | |
| *তরজমা* | মু'মিনগণ পরস্পর ভাই ভাই ; সুতরাং তোমরা ভ্রাতৃগণের মধ্যে শান্তি স্থাপন কর আর আল্লাহ্‌কে ভয় কর, যাহাতে তোমরা অনুগ্রহ প্রাপ্ত হও। | |
| | يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا يَسْخَرْ قَوْمٌ مِّنْ قَوْمٍ عَسٰۤى اَنْ يَّكُوْنُوْا خَيْرًا مِّنْهُمْ وَلَا نِسَآءٌ مِّنْ نِّسَآءٍ عَسٰۤى اَنْ يَّكُنَّ خَيْرًا مِّنْهُنَّ ۚ وَلَا تَلْمِزُوْۤا اَنْفُسَكُمْ وَلَا تَنَابَزُوْا بِالْاَلْقَابِ ؕ بِئْسَ الِاسْمُ الْفُسُوْقُ بَعْدَ الْاِيْمَانِ ۚ وَمَنْ لَّمْ يَتُبْ فَاُولٰٓئِكَ هُمُ الظّٰلِمُوْنَ ﴿١١﴾ | **11** |
| *প্রতিবর্ণায়ন* | ইয়া~ আইয়ুহাল্লাযীনা আ–মানূ লা ইয়াছ্খার্ কাওমুম্ মিং কাওমিন্ 'আছা~ আইঁ ইয়াকূনূ খাইরাম্মিন্হুম্ ওয়ালা– নিছা~উম্ মিন্নিছা~ইন্ 'আছা~ আইঁ ইয়াকুন্না খাইরাম্ মিন্হুন্না (ج) ওয়ালা– তাল্মিঝূ~ আংফুছাকুম্ ওয়ালা– তানা–বাঝূ বিল্আল্কা–ব (ط) বি'ছাল ইছ্মুল্ ফুছূকু বা'দাল্ ঈমা–নি (ج) ওয়া মাল্লাম্ ইয়াতুব্ ফাউলা~ইকা হুমুজ্জা–লিমূন। | |
| *তরজমা* | হে মু'মিনগণ ! কোন পুরুষ যেন অপর কোন পুরুষকে উপহাস না করে ; কেননা যাহাকে উপহাস করা হয় সে উপহাসকারী অপেক্ষা উত্তম হইতে পারে এবং কোন নারী অপর কোন নারীকেও যেন উপহাস না করে; কেননা যাহাকে উপহাস করা হয় সে উপহাসকারিণী অপেক্ষা উত্তম হইতে পারে। তোমরা একে অপরের প্রতি দোষারোপ করিও না এবং তোমরা একে অপরকে মন্দ নামে ডাকিও না ; ঈমানের পর মন্দ নাম অতি মন্দ। যাহারা তওবা না করে তাহারাই জালিম। | |
| | يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اجْتَنِبُوْا كَثِيْرًا مِّنَ الظَّنِّ ؗ اِنَّ بَعْضَ الظَّنِّ اِثْمٌ وَّلَا تَجَسَّسُوْا وَلَا يَغْتَبْ بَّعْضُكُمْ بَعْضًا ؕ اَيُحِبُّ اَحَدُكُمْ اَنْ يَّاْكُلَ لَحْمَ اَخِيْهِ مَيْتًا فَكَرِهْتُمُوْهُ ؕ وَاتَّقُوا اللّٰهَ ؕ اِنَّ اللّٰهَ تَوَّابٌ رَّحِيْمٌ ﴿١٢﴾ | **12** |
| *প্রতিবর্ণায়ন* | ইয়া~আইয়ুহাল্লাযীনা আ–মানুজতানিবূ কাছীরাম্ মিনাজ্জান্নি (ز) ইন্না বা'দাজ্জান্নি ইছ্মুওঁ ওয়ালা– তাজাছ্ছাছূ ওয়ালা– ইয়াছ্তাব্ বা'দুকুম্ বা'দান (ط) আইউহিব্বু আহাদুকুম্ আইঁ ইয়া'কুলা লাহ্মা আখীহি মাইতাং ফাকারিহ্তুমূহু (ط) ওয়াত্তাকুল্লা–হা (ط) ইন্নাল্লা–হা তাওওয়া– বুর রাহীম। | |

| | | |
|---|---|---|
| *তরজমা* | হে মু'মিনগণ ! তোমরা অধিকাংশ অনুমান হইতে দূরে থাক ; কারণ অনুমান কোন কোন ক্ষেত্রে পাপ। এবং তোমরা একে অপরের গোপনীয় বিষয় সন্ধান করিও না এবং একে অপরের পশ্চাতে নিন্দা করিও না। তোমাদের মধ্যে কি কেহ তাহার মৃত ভ্রাতার গোশ্‌ত খাইতে চাইবে ? বস্তুত তোমরা তো ইহাকে ঘৃণ্যই মনে কর। তোমরা আল্লাহ্‌কে ভয় কর ; আল্লাহ্‌ তওবা গ্রহণকারী, পরম দয়ালু। | |
| | يَٰٓأَيُّهَا ٱلنَّاسُ إِنَّا خَلَقْنَٰكُم مِّن ذَكَرٍ وَأُنثَىٰ وَجَعَلْنَٰكُمْ شُعُوبًا وَقَبَآئِلَ لِتَعَارَفُوٓا۟ ۚ إِنَّ أَكْرَمَكُمْ عِندَ ٱللَّهِ أَتْقَىٰكُمْ ۚ إِنَّ ٱللَّهَ عَلِيمٌ خَبِيرٌ ۝١٣ | **13** |
| *প্রতিবর্ণায়ন* | ইয়া˜ আইয়ুহান্না-ছু ইন্না-খালাক্‌না-কুম্‌ মিং য্‌াকারিওঁ ওয়া উংছ্‌া- ওয়া জা'আল্‌না-কুম্‌ শু'উবাওঁ ওয়া ক্‌াবা~ইলা লিতা'আ-রাফূ (ط) ইন্না আক্‌রামাকুম্‌ 'ইংদাল্লা-হি আত্‌ক্‌া-কুম (ط) ইন্নাল্লা-হা 'আলীমুন্‌ খাবীর। | |
| *তরজমা* | হে মানুষ ! আমি তোমাদেরকে সৃষ্টি করিয়াছি এক পুরুষ ও এক নারী হইতে, পরে তোমাদেরকে বিভক্ত করিয়াছি বিভিন্ন জাতি ও গোত্রে, যাহাতে তোমরা একে অপরের সঙ্গে পরিচিত হইতে পার। তোমাদের মধ্যে আল্লাহ্‌র নিকট সেই ব্যক্তিই অধিক মর্যাদাসম্পন্ন, যে তোমাদের মধ্যে অধিক মুত্তাকী। নিশ্চয়ই আল্লাহ্‌ সকল কিছু জানেন, সমস্ত খবর রাখেন। | |
| | قَالَتِ ٱلْأَعْرَابُ ءَامَنَّا ۖ قُل لَّمْ تُؤْمِنُوا۟ وَلَٰكِن قُولُوٓا۟ أَسْلَمْنَا وَلَمَّا يَدْخُلِ ٱلْإِيمَٰنُ فِى قُلُوبِكُمْ ۖ وَإِن تُطِيعُوا۟ ٱللَّهَ وَرَسُولَهُۥ لَا يَلِتْكُم مِّنْ أَعْمَٰلِكُمْ شَيْـًٔا ۚ إِنَّ ٱللَّهَ غَفُورٌ رَّحِيمٌ ۝١٤ | **14** |
| *প্রতিবর্ণায়ন* | ক্‌া-লাতিল্‌ আ'রা-বু আ-মান্না- (ط) কু্‌ল্‌ লাম্‌ তু'মিনূ ওয়ালা-কিং কু্‌লূ˜ আছ্‌লাম্‌না- ওয়ালাম্মা- ইয়াদ্‌খুলিল ঈমা-নু ফী কু্‌লূবিকুম (ط) ওয়াইং তুত্‌ী'উল্লা-হা ওয়া রাছূলাহূ লা- ইয়ালিত্‌কুম্‌ মিন্‌ আ'মা-লিকুম শাইয়ান (ط) ইন্নাল্লা-হা গাফূরুর রাহ্‌ীম। | |
| *তরজমা* | বেদুঈনরা বলে, 'আমরা ঈমান আনিলাম।' বল, 'তোমরা ঈমান আন নাই', বরং তোমরা বল, 'আমরা আত্মসমর্পণ করিয়াছি' ; কারণ ঈমান এখনও তোমাদের অন্তরে প্রবেশ করে নাই। যদি তোমরা আল্লাহ্‌ ও তাঁহার রাসূলের আনুগত্য কর তবে তোমাদের কর্মফল সামান্য পরিমাণও লাঘব করা হইবে না। আল্লাহ্‌ তো ক্ষমাশীল, পরম দয়ালু।" | |
| | إِنَّمَا ٱلْمُؤْمِنُونَ ٱلَّذِينَ ءَامَنُوا۟ بِٱللَّهِ وَرَسُولِهِۦ ثُمَّ لَمْ يَرْتَابُوا۟ وَجَٰهَدُوا۟ بِأَمْوَٰلِهِمْ وَأَنفُسِهِمْ فِى سَبِيلِ ٱللَّهِ ۚ أُو۟لَٰٓئِكَ هُمُ ٱلصَّٰدِقُونَ ۝١٥ | **15** |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ইন্নামাল্ মু’মিনূনাল্লাযীনা আ–মানূ বিল্লা–হি ওয়া রাছূলিহী ছুম্মা লাম্ ইয়ার্তা–বূ ওয়া জা–হাদূ বিআম্ওয়া– লিহিম ওয়া আংফুছিহিম্ ফী ছাবিলিল্লা–হি (ط) উলা~ইকা হুমুস্সা–দিকূ’ন। | |
| *তরজমা* | তাহারাই মু’মিন যাহারা আল্লাহ্ ও তাঁহার রাসূলের প্রতি ঈমান আনে, পরে সন্দেহ পোষণ করে না এবং জীবন ও সম্পদ দ্বারা আল্লাহ্র পথে জিহাদ করে, তাহারাই সত্যনিষ্ঠ। | |
| | قُلْ اَتُعَلِّمُوْنَ اللّٰهَ بِدِيْنِكُمْ ۗ وَاللّٰهُ يَعْلَمُ مَا فِى السَّمٰوٰتِ وَمَا فِى الْاَرْضِ ۗ وَاللّٰهُ بِكُلِّ شَىْءٍ عَلِيْمٌ ﴿١٦﴾ | **16** |
| *প্রতিবর্ণায়ন* | কু’ল আতু‘আল্লিমূনাল্লা–হা বিদীনিকুম (ط) ওয়াল্লা–হু ইয়া‘লামু মা–ফিছ্ ছামা–ওয়া–তি ওয়ামা–ফিল্ আর্দি’ (ط) ওয়াল্লা–হু বিকুল্লি শাইয়িন্ ‘আলীম। | |
| *তরজমা* | বল, ‘তোমরা কি তোমাদের দীন সম্পর্কে আল্লাহ্কে অবহিত করিতেছ ? অথচ আল্লাহ্ জানেন যাহা কিছু আছে আকাশমণ্ডলীতে এবং যাহা কিছু আছে পৃথিবীতে। আল্লাহ্ সর্ববিষয়ে সম্যক অবহিত।’ | |
| | يَمُنُّوْنَ عَلَيْكَ اَنْ اَسْلَمُوْا ۗ قُلْ لَّا تَمُنُّوْا عَلَىَّ اِسْلَامَكُمْ ۚ بَلِ اللّٰهُ يَمُنُّ عَلَيْكُمْ اَنْ هَدٰىكُمْ لِلْاِيْمَانِ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿١٧﴾ | **17** |
| *প্রতিবর্ণায়ন* | ইয়ামুন্নূনা ‘আলাইকা আন আছ্লামূ (ط) কু’ল লা-তামুন্নূ ‘আলাইইয়া ইছ্লা–মাকুম্ (ج) বালিল্লা–হু ইয়ামুন্নু ‘আলাইকুম্ আন্ হাদা–কুম্ লিল্ঈমা–নি ইং কুংতুম্ সা–দিক’ীন। | |
| *তরজমা* | উহারা আত্মসমর্পণ করিয়া তোমাকে ধন্য করিয়াছে মনে করে। বল, ‘তোমাদের আত্মসমর্পণ আমাকে ধন্য করিয়াছে মনে করিও না, বরং আল্লাহ্ই ঈমানের দিকে পরিচালিত করিয়া তোমাদেরকে ধন্য করিয়াছেন, যদি তোমরা সত্যবাদী হও।’ | |
| | اِنَّ اللّٰهَ يَعْلَمُ غَيْبَ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۗ وَاللّٰهُ بَصِيْرٌۢ بِمَا تَعْمَلُوْنَ ﴿١٨﴾ | **18** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাল্লা–হা ইয়া‘লামু গাইবাছ্ ছামা–ওয়া–তি ওয়াল্ আর্দি’(ط) ওয়াল্লা–হু বাসীরুম্ বিমা–তা‘মালূন। | |
| *তরজমা* | আল্লাহ্ আকাশমণ্ডলী ও পৃথিবীর অদৃশ্য বিষয় সম্পর্কে অবগত আছেন। তোমরা যাহা কর আল্লাহ্ তাহা দেখেন। | |

## 50 - Qaf-ক্বাফ -ق

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

| --- | --- | --- |
| | قٓ ۚ وَالۡقُرۡاٰنِ الۡمَجِیۡدِ ۚ﴿۱﴾ | 1 |
| *প্রতিবর্ণায়ন* | কা~ফ্ ; ওয়াল্ কু'রআ-নিল্ মাজীদ। | |
| *তরজমা* | কা-ফ্, শপথ সম্মানিত কুরআনের | |
| | بَلۡ عَجِبُوۡۤا اَنۡ جَآءَهُمۡ مُّنۡذِرٌ مِّنۡهُمۡ فَقَالَ الۡکٰفِرُوۡنَ هٰذَا شَیۡءٌ عَجِیۡبٌ ۚ﴿۲﴾ | 2 |
| *প্রতিবর্ণায়ন* | বাল্ 'আজিবূ~ আং জা~আহুম্ মুংযি'রুম্মিন্হুম্ ফাকা'-লাল্ কা-ফিরূনা হা-যা'- শাইউন্ 'আজীব। | |
| *তরজমা* | বরং তাহারা বিস্ময় বোধ করে যে, উহাদের মধ্যে একজন সতর্ককারী আবির্ভূত হইয়াছে, আর কাফিররা বলে, 'ইহা তো এক আশ্চর্য ব্যাপার ! | |
| | ءَاِذَا مِتۡنَا وَکُنَّا تُرَابًا ۚ ذٰلِکَ رَجۡعٌۢ بَعِیۡدٌ ﴿۳﴾ | 3 |
| *প্রতিবর্ণায়ন* | আ ইযা'- মিত্না- ওয়াকুন্না- তুরা-বাং (ج) যা'-লিকা রাজ'উম বা'ঈদ। | |
| *তরজমা* | 'আমাদের মৃত্যু হইলে এবং আমরা মৃত্তিকায় পরিণত হইলে আমরা কি পুনরুত্থিত হইব ? সুদূরপরাহত সেই প্রত্যাবর্তন।' | |
| | قَدۡ عَلِمۡنَا مَا تَنۡقُصُ الۡاَرۡضُ مِنۡهُمۡ ۚ وَعِنۡدَنَا کِتٰبٌ حَفِیۡظٌ ﴿۴﴾ | 4 |
| *প্রতিবর্ণায়ন* | কা'দ্ 'আলিম্না- মা- তাংকু'সুল্ আরদু' মিন্হুম্ ওয়া 'ইংদানা- কিতা-বুন্ হা'ফীজ' । | |
| *তরজমা* | আমি তো জানি মৃত্তিকা ক্ষয় করে উহাদের কতটুকু এবং আমার নিকট আছে রক্ষিত কিতাব। | |
| | بَلۡ کَذَّبُوۡا بِالۡحَقِّ لَمَّا جَآءَهُمۡ فَهُمۡ فِیۡۤ اَمۡرٍ مَّرِیۡجٍ ﴿۵﴾ | 5 |
| *প্রতিবর্ণায়ন* | বাল্ কায্'যা'বূ বিল্হা'কি' লাম্মা- জা~আহুম্ ফাহুম্ ফী~ আম্রীম্ মারীজ। | |
| *তরজমা* | বস্তুত উহাদের নিকট সত্য আসিবার পর উহারা তাহা প্রত্যাখ্যান করিয়াছে। ফলে, উহারা সংশয়ে দোদুল্যমান। | |
| | اَفَلَمۡ یَنۡظُرُوۡۤا اِلَی السَّمَآءِ فَوۡقَهُمۡ کَیۡفَ بَنَیۡنٰهَا وَزَیَّنّٰهَا وَمَا لَهَا مِنۡ فُرُوۡجٍ ﴿۶﴾ | 6 |
| *প্রতিবর্ণায়ন* | আফালাম্ ইয়াংজু'রূ~ ইলাছ্ ছামা~ই ফাওকা'হুম্ কাইফা বানাইনা-হা- ওয়া ঝাইয়ান্না-হা- ওয়ামা- লাহা- মিং ফুরূজ। | |
| *তরজমা* | উহারা কি উহাদের উর্ধ্বস্থিত আকাশের দিকে তাকাইয়া দেখে না, আমি কিভাবে উহা নির্মাণ করিয়াছি ও উহাকে সুশোভিত করিয়াছি এবং উহাতে কোন ফাটলও নাই ? | |
| | وَالۡاَرۡضَ مَدَدۡنٰهَا وَاَلۡقَیۡنَا فِیۡهَا رَوَاسِیَ وَاَنۡۢبَتۡنَا فِیۡهَا مِنۡ کُلِّ زَوۡجٍۭ بَهِیۡجٍ ﴿۷﴾ | 7 |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| প্রতিবর্ণায়ন | ওয়াল্ আর্‌দ্বা মাদাদ্‌না-হা- ওয়া আলক্বাইনা- ফীহা- রাওয়া-ছিয়া ওয়া আম্‌বাত্‌না- ফীহা- মিং কুল্লি ঝাওজিম্ বাহীজ। | |
| তরজমা | আমি বিস্তৃত করিয়াছি ভূমিকে ও তাহাতে স্থাপন করিয়াছি পর্বতমালা এবং উহাতে উদ্‌গত করিয়াছি নয়নপ্রীতিকর সর্বপ্রকার উদ্ভিদ, | |
| | تَبْصِرَةً وَّ ذِكْرٰى لِكُلِّ عَبْدٍ مُّنِيْبٍ ﴿٨﴾ | 8 |
| প্রতিবর্ণায়ন | তাব্‌সিরাতাওঁ ওয়াযিক্‌রা- লিকুল্লি 'আব্‌দিম্ মুনীব। | |
| তরজমা | আল্লাহ্‌র অনুরাগী প্রত্যেক ব্যক্তির জন্য জ্ঞান ও উপদেশস্বরূপ। | |
| | وَنَزَّلْنَا مِنَ السَّمَآءِ مَآءً مُّبٰرَكًا فَاَنْۢبَتْنَا بِهٖ جَنّٰتٍ وَّحَبَّ الْحَصِيْدِ ﴿٩﴾ | 9 |
| প্রতিবর্ণায়ন | ওয়া নাঝঝাল্‌না- মিনাছ্ ছামা~ই মা~আম মুবা-রাকাং ফাআমবাত্‌না- বিহী জান্না-তিওঁ ওয়া হাব্বাল্ হাসীদ। | |
| তরজমা | আকাশ হইতে আমি বর্ষণ করি কল্যাণকর বৃষ্টি এবং তদ্দ্বারা আমি সৃষ্টি করি উদ্যান ও পরিপক্ব শস্যরাজি, | |
| | وَالنَّخْلَ بٰسِقٰتٍ لَّهَا طَلْعٌ نَّضِيْدٌ ﴿١٠﴾ | 10 |
| প্রতিবর্ণায়ন | ওয়ান্নাখলা বা-ছিক্বা-তিল্লাহা- ত্বাল্'উন্নাদ্বীদ। | |
| তরজমা | ও সমুন্নত খর্জুর বৃক্ষ যাহাতে আছে গুচ্ছ গুচ্ছ খেজুর- | |
| | رِّزْقًا لِّلْعِبَادِ ۙ وَاَحْيَيْنَا بِهٖ بَلْدَةً مَّيْتًا ؕ كَذٰلِكَ الْخُرُوْجُ ﴿١١﴾ | 11 |
| প্রতিবর্ণায়ন | রিঝকাল্লিল্'ইবা-দি ওয়া আহ্‌ইয়াইনা- বিহী বাল্‌দাতাম্মাইতাং (ط) কায্বা-লিকাল্ খুরূজ। | |
| তরজমা | আমার বান্দাদের জীবিকাস্বরূপ। বৃষ্টি দ্বারা আমি সঞ্জীবিত করি মৃত ভূমিকে ; এইভাবে উত্থান ঘটিবে। | |
| | كَذَّبَتْ قَبْلَهُمْ قَوْمُ نُوْحٍ وَّاَصْحٰبُ الرَّسِّ وَ ثَمُوْدُ ﴿١٢﴾ | 12 |
| প্রতিবর্ণায়ন | কায্‌যাবাত্ ক্বাব্‌লাহুম্ ক্বাওমু নুহিওঁ ওয়া আসহা-বুর রাছ্ছি ওয়া ছামূদ। | |
| তরজমা | ইহাদের পূর্বেও সত্য প্রত্যাখ্যান করিয়াছিল নূহের সম্প্রদায়, রাস্ ও সামূদ সম্প্রদায়, | |
| | وَعَادٌ وَّ فِرْعَوْنُ وَاِخْوَانُ لُوْطٍ ﴿١٣﴾ | 13 |
| প্রতিবর্ণায়ন | ওয়া 'আ-দুওঁ ওয়া ফির্'আউনু ওয়া ইখ্‌ওয়া-নু লূত্ব। | |
| তরজমা | 'আদ, ফির'আওন ও লূত সম্প্রদায় | |
| | وَّاَصْحٰبُ الْاَيْكَةِ وَقَوْمُ تُبَّعٍ ؕ كُلٌّ كَذَّبَ الرُّسُلَ فَحَقَّ وَعِيْدِ ﴿١٤﴾ | 14 |

| *প্রতিবর্ণায়ন* | ওয়া আসহ'া-বুল্ আইকাতি ওয়া ক'াওমু তুব্বা'ইং (ط) কুল্লুং কায্'য'াবার্ রুছুলা ফাহ'াক্ব'া ওয়া'ঈদ। | |
| *তরজমা* | এবং আয়কার অধিবাসী ও তুব্বা সম্প্রদায় ; উহারা সকলেই রাসূলগণকে মিথ্যাবাদী বলিয়াছিল, ফলে উহাদের উপর আমার শাস্তি আপতিত হইয়াছে। | |
| | اَفَعَيِيْنَا بِالْخَلْقِ الْاَوَّلِ ؕ بَلْ هُمْ فِيْ لَبْسٍ مِّنْ خَلْقٍ جَدِيْدٍ ﴿۱۵﴾ | **15** |
| *প্রতিবর্ণায়ন* | আফা'আঈনা- বিল্খাল্কি'ল্ আওওয়ালি (ط) বাল্ হুম্ ফী লাব্ছিম্ মিন্ খাল্কি'ং জাদীদ। | |
| *তরজমা* | আমি কি প্রথমবার সৃষ্টি করিয়াই ক্লান্ত হইয়া পড়িয়াছি! বস্তুত পুনঃ সৃষ্টির বিষয়ে উহারা সন্দেহে পতিত। | |
| | وَلَقَدْ خَلَقْنَا الْاِنْسَانَ وَنَعْلَمُ مَا تُوَسْوِسُ بِهٖ نَفْسُهٗ ۖۚ وَنَحْنُ اَقْرَبُ اِلَيْهِ مِنْ حَبْلِ الْوَرِيْدِ ﴿۱۶﴾ | **16** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাক'াদ খালাক'নাল ইংছা-না ওয়ানা'লামু মা-তুওয়াছ্বি'ছু বিহী নাফ্ছুহূ (ج) ওয়া নাহ'নু আক'রাবু ইলাইহি মিন্ হ'াব্লিল্ ওয়ারীদ্। | |
| *তরজমা* | আমিই মানুষকে সৃষ্টি করিয়াছি এবং তাহার প্রবৃত্তি তাহাকে যে কুমন্ত্রণা দেয় তাহা আমি জানি। আমি তাহার গ্রীবাস্থিত ধমনী অপেক্ষাও নিকটতর। | |
| | اِذْ يَتَلَقَّى الْمُتَلَقِّيٰنِ عَنِ الْيَمِيْنِ وَعَنِ الشِّمَالِ قَعِيْدٌ ﴿۱۷﴾ | **17** |
| *প্রতিবর্ণায়ন* | ইয' ইয়াতালাক্ক'াল্ মুতালাক্কি'ইয়া-নি 'আনিল্ ইয়ামীনি ওয়া 'আনিশ্শিমা-লি ক'া'ঈদ। | |
| *তরজমা* | স্মরণ রাখিও, 'দুই গ্রহণকারী' ফিরিশতা তাহার দক্ষিণে ও বামে বসিয়া তাহার কর্ম লিপিবদ্ধ করে ; | |
| | مَا يَلْفِظُ مِنْ قَوْلٍ اِلَّا لَدَيْهِ رَقِيْبٌ عَتِيْدٌ ﴿۱۸﴾ | **18** |
| *প্রতিবর্ণায়ন* | মা- ইয়াল্ফিজু' মিং ক'াওলিন্ ইল্লা- লাদাইহি রাক'ীবুন্ 'আতীদ। | |
| *তরজমা* | মানুষ যে কথাই উচ্চারণ করে তাহার জন্য তৎপর প্রহরী তাহার নিকটেই রহিয়াছে। | |
| | وَجَآءَتْ سَكْرَةُ الْمَوْتِ بِالْحَقِّ ؕ ذٰلِكَ مَا كُنْتَ مِنْهُ تَحِيْدُ ﴿۱۹﴾ | **19** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া জা~আত্ ছাক্রাতুল্ মাওতি বিল্হ'াক্কি'(ط) য'া-লিকা মা- কুংতা মিন্হু তাহ'ীদ। | |
| *তরজমা* | মৃত্যুযন্ত্রণা সত্যই আসিবে ; ইহা হইতেই তোমরা অব্যাহতি চাহিয়া আসিয়াছ। | |
| | وَنُفِخَ فِي الصُّوْرِ ؕ ذٰلِكَ يَوْمُ الْوَعِيْدِ ﴿۲۰﴾ | **20** |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ওয়া নুফিখা ফিস্‌সূরি (ط) য়া–লিকা ইয়াওমুল্ ওয়া‘ঈদ। | |
| *তরজমা* | আর শিঙ্গায় ফুৎকার দেওয়া হইবে, উহাই শাস্তির দিন। | |
| | وَجَآءَتۡ كُلُّ نَفۡسٍ مَّعَهَا سَآئِقٌ وَّشَهِيۡدٌ ﴿۲۱﴾ | **21** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া জা~আত্ কুল্লু নাফ্‌ছিম্মা‘আহা– ছা~ইকুঁও ওয়া শাহীদ। | |
| *তরজমা* | সেদিন প্রত্যেক ব্যক্তি উপস্থিত হইবে, তাহার সঙ্গে থাকিবে চালক ও সাক্ষী। | |
| | لَقَدۡ كُنۡتَ فِىۡ غَفۡلَةٍ مِّنۡ هٰذَا فَكَشَفۡنَا عَنۡكَ غِطَآءَكَ فَبَصَرُكَ الۡيَوۡمَ حَدِيۡدٌ ﴿۲۲﴾ | **22** |
| *প্রতিবর্ণায়ন* | লাকাদ্ কুংতা ফী গাফ্‌লাতিম্ মিন্ হা–যা– ফাকাশাফ্‌না– ‘আংকা গিতা~আকা ফাবাসারুকাল্ ইয়াওমা হাদীদ। | |
| *তরজমা* | তুমি এই দিবস সম্বন্ধে উদাসীন ছিলে, এখন আমি তোমার সম্মুখ হইতে পর্দা উন্মোচন করিয়াছি। অদ্য তোমার দৃষ্টি প্রখর। | |
| | وَقَالَ قَرِيۡنُهٗ هٰذَا مَا لَدَىَّ عَتِيۡدٌ ﴿۲۳﴾ | **23** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া কা–লা কারীনুহূ হা–যা– মা– লাদাইইয়া ‘আতীদ। | |
| *তরজমা* | তাহার সঙ্গী ফিরিশ্‌তা বলিবে, ‘এই তো আমার নিকট ‘আমলনামা প্রস্তুত।’ | |
| | اَلۡقِيَا فِىۡ جَهَنَّمَ كُلَّ كَفَّارٍ عَنِيۡدٍ ﴿۲۴﴾ | **24** |
| *প্রতিবর্ণায়ন* | আল্‌কিয়া– ফী জাহান্নামা কুল্লা কাফ্‌ফা–রিন ‘আনীদ। | |
| *তরজমা* | আদেশ করা হইবে, তোমরা উভয়ে নিক্ষেপ কর জাহান্নামে প্রত্যেক উদ্ধত কাফিরকে– | |
| | مَّنَّاعٍ لِّلۡخَيۡرِ مُعۡتَدٍ مُّرِيۡبِۣ ﴿۲۵﴾ | **25** |
| *প্রতিবর্ণায়ন* | মান্না–‘ইল্লিল্ খাইরি মু‘তাদিমমুরীব। | |
| *তরজমা* | কল্যাণকর কাজে প্রবল বাধাদানকারী, সীমালংঘনকারী ও সন্দেহ পোষণকারী। | |
| | اۨلَّذِىۡ جَعَلَ مَعَ اللّٰهِ اِلٰـهًا اٰخَرَ فَاَلۡقِيٰهُ فِى الۡعَذَابِ الشَّدِيۡدِ ﴿۲۶﴾ | **26** |
| *প্রতিবর্ণায়ন* | আল্লাযী জা‘আলা মা‘আল্লা–হি ইলা–হান্ আ–খারা ফাআল্‌কিয়া–হু ফিল্ ‘আযা–বিশ্‌শাদীদ্। | |
| *তরজমা* | যে ব্যক্তি আল্লাহ্‌র সঙ্গে অন্য ইলাহ্ গ্রহণ করিত তাহাকে কঠিন শাস্তিতে নিক্ষেপ কর। | |
| | قَالَ قَرِيۡنُهٗ رَبَّنَا مَاۤ اَطۡغَيۡتُهٗ وَلٰـكِنۡ كَانَ فِىۡ ضَلٰلٍۢ بَعِيۡدٍ ﴿۲۷﴾ | **27** |
| *প্রতিবর্ণায়ন* | কা–লা কারীনুহূ রাব্বানা– মা~ আতগাইতুহূ ওয়ালা–কিং কা–না ফী দালা–লিম্ বা‘ঈদ। | |
| *তরজমা* | তাহার সহচর শয়তান বলিবে, ‘হে আমাদের প্রতিপালক! আমি তাহাকে অবাধ্য করি নাই। বস্তুত সে-ই ছিল ঘোর বিভ্রান্ত। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | قَالَ لَا تَخْتَصِمُوْا لَدَيَّ وَقَدْ قَدَّمْتُ اِلَيْكُمْ بِالْوَعِيْدِ ۝٢٨ | 28 |
| *প্রতিবর্ণায়ন* | ক্বা-লা লা-তাখ্তাছিমূ লাদাইয়া ওয়া ক্বাদ্ ক্বাদ্দামতু ইলাইকুম্ বিল্ওয়া'ঈদ। | |
| *তরজমা* | আল্লাহ্ বলিবেন, 'আমার সম্মুখে বাক-বিতণ্ডা করিও না; তোমাদেরকে আমি তো পূর্বেই সতর্ক করিয়াছি। | |
| | مَا يُبَدَّلُ الْقَوْلُ لَدَيَّ وَمَآ اَنَا بِظَلَّامٍ لِّلْعَبِيْدِ ۝٢٩ | 29 |
| *প্রতিবর্ণায়ন* | মা-ইউবাদ্দালুল্ ক্বাওলু লাদাইয়া ওয়ামা~ আনা- বিজ্বাল্লা-মিল্লিল্'আবীদ। | |
| *তরজমা* | 'আমার কথার রদবদল হয় না এবং আমি আমার বান্দাদের প্রতি কোন অবিচার করি না।' | |
| | يَوْمَ نَقُوْلُ لِجَهَنَّمَ هَلِ امْتَلَاْتِ وَتَقُوْلُ هَلْ مِنْ مَّزِيْدٍ ۝٣٠ | 30 |
| *প্রতিবর্ণায়ন* | ইয়াওমা নাকূ্লু লিজাহান্নামা হালিম্ তালা'তি ওয়া তাকূ্লু হাল্ মিম্মাঝীদ। | |
| *তরজমা* | সেই দিন আমি জাহান্নামকে জিজ্ঞাসা করিব, 'তুমি কি পূর্ণ হইয়া গিয়াছ ?' জাহান্নাম বলিবে, 'আরও আছে কি ?' | |
| | وَاُزْلِفَتِ الْجَنَّةُ لِلْمُتَّقِيْنَ غَيْرَ بَعِيْدٍ ۝٣١ | 31 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া উঝলিফাতিল্ জান্নাতু লিল্মুত্তাক্বীনা গাইরা বা'ঈদ। | |
| *তরজমা* | আর জান্নাতকে নিকটস্থ করা হইবে মুত্তাকীদের-কোন দূরত্ব থাকিবে না। | |
| | هٰذَا مَا تُوْعَدُوْنَ لِكُلِّ اَوَّابٍ حَفِيْظٍ ۝٣٢ | 32 |
| *প্রতিবর্ণায়ন* | হা-যা- মা- তূ'আদূনা লিকুল্লি আওওয়া-বিন্ হ্বাফীজ্ব। | |
| *তরজমা* | ইহারই প্রতিশ্রুতি তোমাদেরকে দেওয়া হইয়াছিল-প্রত্যেক আল্লাহ্-অভিমুখী, হিফাযতকারীর জন্য- | |
| | مَنْ خَشِيَ الرَّحْمٰنَ بِالْغَيْبِ وَجَآءَ بِقَلْبٍ مُّنِيْبِ ۝٣٣ | 33 |
| *প্রতিবর্ণায়ন* | মান্ খাশিয়ার রাহ্মা-না বিল্গাইবি ওয়া জা~আ বিক্বাল্বিম্ মুনীব। | |
| *তরজমা* | যাহারা না দেখিয়া দয়াময় আল্লাহ্কে ভয় করে এবং বিনীত চিত্তে উপস্থিত হয়- | |
| | ادْخُلُوْهَا بِسَلٰمٍ ۭ ذٰلِكَ يَوْمُ الْخُلُوْدِ ۝٣٤ | 34 |
| *প্রতিবর্ণায়ন* | উদ্খুলূহা- বিছালা-মিং (ط) যা-লিকা ইয়াওমুল্ খুলূদ্। | |
| *তরজমা* | তাহাদেরকে বলা হইবে, 'শান্তির সঙ্গে তোমরা উহাতে প্রবেশ কর ; উহা অনন্ত জীবনের দিন।' | |
| | لَهُمْ مَّا يَشَآءُوْنَ فِيْهَا وَلَدَيْنَا مَزِيْدٌ ۝٣٥ | 35 |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | লাহুম্ মা-ইয়াশা~উনা ফীহা- ওয়ালাদাইনা- মাঝীদ। | |
| *তরজমা* | এখানে তাহারা যাহা কামনা করিবে তাহাই পাইবে এবং আমার নিকট রহিয়াছে তাহারও অধিক। | |
| | وَكَمْ اَهْلَكْنَا قَبْلَهُمْ مِّنْ قَرْنٍ هُمْ اَشَدُّ مِنْهُمْ بَطْشًا فَنَقَّبُوْا فِي الْبِلَادِ ؕ هَلْ مِنْ مَّحِيْصٍ ﴿٣٦﴾ | 36 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াকাম্ আহ্লাক্না- ক'াব্লাহুম্ মিং ক'ার্নিন্ হুম্ আশাদ্দু মিন্হুম্ বাত'শাং ফানাক্ক'াবূ ফিল্ বিলা-দি (ط) হাল্ মিম্মাহ'ীস। | |
| *তরজমা* | আমি তাহাদের পূর্বে আরও কত মানবগোষ্ঠীকে ধ্বংস করিয়াছি যাহারা ছিল উহাদের অপেক্ষা শক্তিতে প্রবল, উহারা দেশে দেশে ঘুরিয়া বেড়াইত ; উহাদের কোন পলায়নস্থল রহিল কি ? | |
| | اِنَّ فِيْ ذٰلِكَ لَذِكْرٰى لِمَنْ كَانَ لَهٗ قَلْبٌ اَوْ اَلْقَى السَّمْعَ وَهُوَ شَهِيْدٌ ﴿٣٧﴾ | 37 |
| *প্রতিবর্ণায়ন* | ইন্না ফী য'া-লিকা লাযি'ক্রা- লিমাং কা-না লাহূ ক'াল্বুন্ আও আল্ক'াছ্ ছাম'আ ওয়া হুওয়া শাহীদ। | |
| *তরজমা* | নিশ্চয়ই ইহাতে উপদেশ রহিয়াছে তাহার জন্য যাহার আছে অন্তঃকরণ অথবা যে শ্রবণ করে নিবিষ্ট চিত্তে। | |
| | وَلَقَدْ خَلَقْنَا السَّمٰوٰتِ وَالْاَرْضَ وَمَا بَيْنَهُمَا فِيْ سِتَّةِ اَيَّامٍ ۖۗ وَّمَا مَسَّنَا مِنْ لُّغُوْبٍ ﴿٣٨﴾ | 38 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাক'াদ্ খালাক'নাছ্ছামা-ওয়া-তি ওয়াল্ আর্দ'া ওয়ামা- বাইনাহুমা- ফী ছিত্তাতি আইয়া-মিওঁ (ق) ওয়ামা-মাছ্ছানা- মিল্লুগূব। | |
| *তরজমা* | আমি আকাশমণ্ডলী ও পৃথিবী এবং উহাদের অন্তর্বর্তী সমস্ত কিছু সৃষ্টি করিয়াছি ছয় দিনে; আমাকে কোন ক্লান্তি স্পর্শ করে নাই। | |
| | فَاصْبِرْ عَلٰى مَا يَقُوْلُوْنَ وَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ قَبْلَ طُلُوْعِ الشَّمْسِ وَقَبْلَ الْغُرُوْبِ ﴿٣٩﴾ | 39 |
| *প্রতিবর্ণায়ন* | ফাসবির্ 'আলা- মা- ইয়াকূ'লূনা ওয়া ছাববিহ' বিহ'াম্দি রাব্বিকা ক'াব্লা তু'লূ'ইশ্শাম্ছি ওয়া ক'াব্লাল্ গুরূব। | |
| *তরজমা* | অতএব উহারা যাহা বলে তাহাতে তুমি ধৈর্য ধারণ কর এবং তোমার প্রতিপালকের সপ্রশংস পবিত্রতা ও মহিমা ঘোষণা কর সূর্যোদয়ের পূর্বে ও সূর্যাস্তের পূর্বে, | |
| | وَمِنَ الَّيْلِ فَسَبِّحْهُ وَاَدْبَارَ السُّجُوْدِ ﴿٤٠﴾ | 40 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া মিনাল্লাইলি ফাছাব্বিহ'হু ওয়া আদ্বা-রাছ্ছুজূদ। | |
| *তরজমা* | তাঁহার পবিত্রতা ও মহিমা ঘোষণা কর রাত্রির একাংশে এবং সালাতের পরেও। | |
| | وَاسْتَمِعْ يَوْمَ يُنَادِ الْمُنَادِ مِنْ مَّكَانٍ قَرِيْبٍ ﴿٤١﴾ | 41 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াছ্তামি' ইয়াওমা ইউনা-দিল্ মুনা-দি মিম্ মাকা-নিং ক'ারীব। | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | শোন, যেদিন এক ঘোষণাকারী নিকটবর্তী স্থান হইতে আহ্বান করিবে, | |
| | يَوْمَ يَسْمَعُونَ الصَّيْحَةَ بِالْحَقِّ ۚ ذَٰلِكَ يَوْمُ الْخُرُوجِ ﴿٤٢﴾ | **42** |
| প্রতিবর্ণায়ন | ইয়াওমা ইয়াছ্মা'ঊনাস্সাইহ়াতা বিল্হ়াক্বি (ط) য়া-লিকা ইয়াওমুল্ খুরূজ। | |
| তরজমা | যেদিন মানুষ অবশ্যই শুনিতে পাইবে মহানাদ, সেই দিনই বাহির হইবার দিন। | |
| | إِنَّا نَحْنُ نُحْيِي وَنُمِيتُ وَإِلَيْنَا الْمَصِيرُ ﴿٤٣﴾ | **43** |
| প্রতিবর্ণায়ন | ইন্না নাহ়নু নুহ়য়ী ওয়ানুমীতু ওয়া ইলাইনাল্ মাসীর। | |
| তরজমা | আমিই জীবন দান করি, মৃত্যু ঘটাই এবং সকলের প্রত্যাবর্তন আমারই দিকে। | |
| | يَوْمَ تَشَقَّقُ الْأَرْضُ عَنْهُمْ سِرَاعًا ۚ ذَٰلِكَ حَشْرٌ عَلَيْنَا يَسِيرٌ ﴿٤٤﴾ | **44** |
| প্রতিবর্ণায়ন | ইয়াওমা তাশাক্ক়াকু়ল্ আর্দ্বু 'আন্হুম্ ছিরা-'আং (ط) য়া-লিকা হ়াশ্রুন্ 'আলাইনা-ইয়াছীর। | |
| তরজমা | যেদিন তাহাদের উপরস্থ যমীন বিদীর্ণ হইবে এবং মানুষ ত্রস্ত-ব্যস্ত হইয়া ছুটাছুটি করিবে, এই সমবেত সমাবেশকরণ আমার জন্য সহজ। | |
| | نَحْنُ أَعْلَمُ بِمَا يَقُولُونَ ۖ وَمَا أَنْتَ عَلَيْهِمْ بِجَبَّارٍ ۖ فَذَكِّرْ بِالْقُرْآنِ مَنْ يَخَافُ وَعِيدِ ﴿٤٥﴾ | **45** |
| প্রতিবর্ণায়ন | নাহ়নু আ'আলামু বিমা- ইয়াকু়লূনা ওয়ামা~ আংতা 'আলাইহিম্ বিজাব্বা-রিং (قف) ফায়াক্কির্ বিল্কু়র্আ-নি মাইঁ ইয়াখা-ফু ওয়া'ঈদ। | |
| তরজমা | উহারা যাহা বলে তাহা আমি জানি, তুমি উহাদের উপর জবরদস্তিকারী নও, সুতরাং যে আমার শাস্তিকে ভয় করে তাহাকে উপদেশ দান কর কুরআনের সাহায্যে। | |

## 51 - Adh-Dhariyat-যারিয়াত -الذاريات

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| | وَالذَّارِيَاتِ ذَرْوًا ﴿١﴾ | **1** |
| প্রতিবর্ণায়ন | ওয়ায়য়া-রিয়া-তি য়ার্ওয়া-। | |
| তরজমা | শপথ ধূলিঝঞ্ঝার, | |
| | فَالْحَامِلَاتِ وِقْرًا ﴿٢﴾ | **2** |
| প্রতিবর্ণায়ন | ফাল্ হ়া-মিলা-তি বিক়্রা-। | |
| তরজমা | শপথ বোঝা বহনকারী মেঘপুঞ্জের, | |
| | فَالْجَارِيَاتِ يُسْرًا ﴿٣﴾ | **3** |
| প্রতিবর্ণায়ন | ফাল্জা-রিয়া-তি ইউছ্রা-। | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | শপথ স্বচ্ছন্দগতি নৌযানের, | |
| | فَالْمُقَسِّمٰتِ اَمْرًا ۟ | 4 |
| *প্রতিবর্ণায়ন* | ফাল্ মুক্ াছ্ছিমা-তি আম্‌রা- । | |
| *তরজমা* | শপথ কর্ম বণ্টনকারী ফিরিশ্‌তাগণের- | |
| | اِنَّمَا تُوْعَدُوْنَ لَصَادِقٌ ۟ | 5 |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নামা- তূ‘আদূনা লাসা-দিক্ । | |
| *তরজমা* | তোমাদেরকে প্রদত্ত প্রতিশ্রুতি অবশ্যই সত্য। | |
| | وَّاِنَّ الدِّيْنَ لَوَاقِعٌ ۟ | 6 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইন্নাদ্দীনা লাওয়া-কি‘‘উ । | |
| *তরজমা* | কর্মফল দিবস অবশ্যম্ভাবী। | |
| | وَالسَّمَآءِ ذَاتِ الْحُبُكِ ۟ | 7 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াছ্ছামা~ই য া-তিল্ হু ুবুক । | |
| *তরজমা* | শপথ বহু পথবিশিষ্ট আকাশের, | |
| | اِنَّكُمْ لَفِيْ قَوْلٍ مُّخْتَلِفٍ ۟ | 8 |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাকুম্ লাফী ক াওলিম্ মুখ্‌তালিফ । | |
| *তরজমা* | তোমরা তো পরস্পর বিরোধী কথায় লিপ্ত। | |
| | يُّؤْفَكُ عَنْهُ مَنْ اُفِكَ ۟ | 9 |
| *প্রতিবর্ণায়ন* | ইউ’ফাকু ‘আন্‌হু মান্ উফিক । | |
| *তরজমা* | যে ব্যক্তি সত্যভ্রষ্ট সে-ই উহা পরিত্যাগ করে, | |
| | قُتِلَ الْخَرّٰصُوْنَ ۟ | 10 |
| *প্রতিবর্ণায়ন* | কু িতিলাল্ খার্‌রা-ছূন । | |
| *তরজমা* | অভিশপ্ত হউক মিথ্যাচারীরা, | |
| | الَّذِيْنَ هُمْ فِيْ غَمْرَةٍ سَاهُوْنَ ۟ | 11 |
| *প্রতিবর্ণায়ন* | আল্লায ীনা হুম্ ফী গাম্‌রাতিং ছা-হূন । | |
| *তরজমা* | যাহারা অজ্ঞ ও উদাসীন! | |
| | يَسْـَٔلُوْنَ اَيَّانَ يَوْمُ الدِّيْنِ ۟ | 12 |
| *প্রতিবর্ণায়ন* | ইয়াছ্‌আলূনা আইয়া-না ইয়াওমুদ্দীন । | |

| তরজমা | উহারা জিজ্ঞাসা করে, 'কর্মফল দিবস কবে হইবে ?' | |
| | يَوْمَ هُمْ عَلَى النَّارِ يُفْتَنُوْنَ ۝١٣ | 13 |
| প্রতিবর্ণায়ন | ইয়াওমা হুম্ 'আলান্না-রি ইউফ্‌তানূন। | |
| তরজমা | বল, 'সেই দিন যখন উহাদেরকে শাস্তি দেওয়া হইবে অগ্নিতে।' | |
| | ذُوْقُوْا فِتْنَتَكُمْ ؕ هٰذَا الَّذِيْ كُنْتُمْ بِهٖ تَسْتَعْجِلُوْنَ ۝١٤ | 14 |
| প্রতিবর্ণায়ন | যূ'কূ' ফিত্‌নাতাকুম (ط) হা-য'াল্লায'ী কুংতুম্ বিহী তাছ্‌তা'জিলূন। | |
| তরজমা | 'তোমরা তোমাদের শাস্তি আস্বাদন কর, তোমরা এই শাস্তিই ত্বরান্বিত করিতে চাহিয়াছিলে।' | |
| | اِنَّ الْمُتَّقِيْنَ فِيْ جَنّٰتٍ وَّعُيُوْنٍ ۝١٥ | 15 |
| প্রতিবর্ণায়ন | ইন্নাল মুত্তাক'ীনা ফী জান্না-তিওঁ ওয়া উ'ইয়ূন্। | |
| তরজমা | সেদিন নিশ্চয়ই মুত্তাকীরা থাকিবে প্রস্রবণ-বিশিষ্ট জান্নাতে, | |
| | اٰخِذِيْنَ مَاۤ اٰتٰىهُمْ رَبُّهُمْ ؕ اِنَّهُمْ كَانُوْا قَبْلَ ذٰلِكَ مُحْسِنِيْنَ ۝١٦ | 16 |
| প্রতিবর্ণায়ন | আ-খিয'ীনা মা˜ আ-তা-হুম্ রাব্বুহুম্ (ط) ইন্নাহুম্ কা-নূ ক'াব্‌লা য'া-লিকা মুহ'ছিনীন। | |
| তরজমা | উপভোগ করিবে তাহা যাহা তাহাদের প্রতিপালক তাহাদেরকে দিবেন; কারণ পার্থিব জীবনে তাহারা ছিল সৎকর্মপরায়ণ, | |
| | كَانُوْا قَلِيْلًا مِّنَ الَّيْلِ مَا يَهْجَعُوْنَ ۝١٧ | 17 |
| প্রতিবর্ণায়ন | কা-নূ ক'ালীলাম্ মিনাল্লাইলি মা-ইয়াহ্‌জা'উন। | |
| তরজমা | তাহারা রাত্রির সামান্য অংশই অতিবাহিত করিত নিদ্রায়, | |
| | وَبِالْاَسْحَارِ هُمْ يَسْتَغْفِرُوْنَ ۝١٨ | 18 |
| প্রতিবর্ণায়ন | ওয়া বিল্‌আছ্‌হ'া-রিহুম্ ইয়াছ্‌তাগ্‌ফিরূন। | |
| তরজমা | রাত্রির শেষ প্রহরে তাহারা ক্ষমা প্রার্থনা করিত, | |
| | وَفِيْۤ اَمْوَالِهِمْ حَقٌّ لِّلسَّآئِلِ وَالْمَحْرُوْمِ ۝١٩ | 19 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ফী˜ আম্‌ওয়া-লিহিম্ হ'াক্কু'ল্ লিছ্‌ছা~ইলি ওয়াল্ মাহ'রূম। | |
| তরজমা | এবং তাহাদের ধন-সম্পদে রহিয়াছে অভাবগ্রস্ত ও বঞ্চিতের হক। | |
| | وَفِي الْاَرْضِ اٰيٰتٌ لِّلْمُوْقِنِيْنَ ۝٢٠ | 20 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ফিল্ আর্‌দি' আ-য়া-তুল্লিল্ মূ'কি'নীন। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *তরজমা* | নিশ্চিত বিশ্বাসীদের জন্য নিদর্শন রহিয়াছে ধরিত্রীতে | |
| | وَفِيْٓ اَنْفُسِكُمْ ؕ اَفَلَا تُبْصِرُوْنَ ۝٢١ | **21** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ফী˜ আংফুছিকুম (ط) আফালা– তুব্‌সিরূন। | |
| *তরজমা* | এবং তোমাদের মধ্যেও। তোমরা কি অনুধাবন করিবে না ? | |
| | وَفِي السَّمَآءِ رِزْقُكُمْ وَمَا تُوْعَدُوْنَ ۝٢٢ | **22** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ফিছ্‌ছামা~ই রিঝকু্‌কুম্‌ ওয়ামা– তূ‘আদূন। | |
| *তরজমা* | আকাশে রহিয়াছে তোমাদের রিযিক ও প্রতিশ্রুত সমস্ত কিছু। | |
| | فَوَرَبِّ السَّمَآءِ وَالْاَرْضِ اِنَّهٗ لَحَقٌّ مِّثْلَ مَآ اَنَّكُمْ تَنْطِقُوْنَ ۝٢٣ | **23** |
| *প্রতিবর্ণায়ন* | ফাওয়ারাব্বিছ্‌ ছামা~ই ওয়াল্‌ আর্‌দি ইন্নাহূ লাহাক্কুম্‌ মিছ্‌লা মা˜ আন্নাকুম্‌ তাংতিকূন। | |
| *তরজমা* | আকাশ ও পৃথিবীর প্রতিপালকের শপথ! অবশ্যই তোমাদের বাক্‌স্ফূর্তির মতই এই সকল সত্য। | |
| | هَلْ اَتٰىكَ حَدِيْثُ ضَيْفِ اِبْرٰهِيْمَ الْمُكْرَمِيْنَ ۝٢٤ | **24** |
| *প্রতিবর্ণায়ন* | হাল্‌ আতা–কা হাদীছু দাইফি ইবরা–হীমাল্‌ মুক্‌রামীন। | |
| *তরজমা* | তোমার নিকট ইব্‌রাহীমের সম্মানিত মেহমানদের বৃত্তান্ত আসিয়াছে কি ? | |
| | اِذْ دَخَلُوْا عَلَيْهِ فَقَالُوْا سَلٰمًا ؕ قَالَ سَلٰمٌ ۚ قَوْمٌ مُّنْكَرُوْنَ ۝٢٥ | **25** |
| *প্রতিবর্ণায়ন* | ইয্‌ দাখালূ ‘আলাইহি ফাকা–লূ ছালা–মাং (ط) কা–লা ছালা–মুং (ج) কাওমুম্‌ মুংকারূন। | |
| *তরজমা* | যখন উহারা তাহার নিকট উপস্থিত হইয়া বলিল, ‘সালাম’। উত্তরে সে বলিল, ‘সালাম’। ইহারা তো অপরিচিত লোক। | |
| | فَرَاغَ اِلٰٓى اَهْلِهٖ فَجَآءَ بِعِجْلٍ سَمِيْنٍ ۝٢٦ | **26** |
| *প্রতিবর্ণায়ন* | ফারা–গা ইলা˜ আহ্‌লিহী ফাজা~আ বি‘ইজলিং ছামীন। | |
| *তরজমা* | অতঃপর ইব্‌রাহীম তাহার স্ত্রীর নিকট গেল এবং একটি মাংসল গো-বৎস ভাজা লইয়া আসিল | |
| | فَقَرَّبَهٗٓ اِلَيْهِمْ قَالَ اَلَا تَاْكُلُوْنَ ۝٢٧ | **27** |
| *প্রতিবর্ণায়ন* | ফাকাররাবাহূ˜ ইলাইহিম্‌ কা–লা আলা– তা’কুলূন। | |
| *তরজমা* | ও তাহাদের সামনে রাখিল এবং বলিল, ‘তোমরা খাইতেছ না কেন ?’ | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | فَأَوْجَسَ مِنْهُمْ خِيفَةً ۖ قَالُوا لَا تَخَفْ ۖ وَبَشَّرُوهُ بِغُلَامٍ عَلِيمٍ ﴿٢٨﴾ | 28 |
| *প্রতিবর্ণায়ন* | ফাআওজাছা মিন্‌হুম্‌ খীফাতাং (ط) ক'া-লূ লা- তাখাফ (ط) ওয়াবাশ্‌শারূহু বিগুলা-মিন্‌ 'আলীম্‌। | |
| *তরজমা* | ইহাতে উহাদের সম্পর্কে তাহার মনে ভীতির সঞ্চার হইল। উহারা বলিল, 'ভীত হইও না।' অতঃপর উহারা তাহাকে এক জ্ঞানী পুত্র সন্তানের সুসংবাদ দিল। | |
| | فَأَقْبَلَتِ امْرَأَتُهُ فِي صَرَّةٍ فَصَكَّتْ وَجْهَهَا وَقَالَتْ عَجُوزٌ عَقِيمٌ ﴿٢٩﴾ | 29 |
| *প্রতিবর্ণায়ন* | ফাআক'বালাতিম্‌ রাআতুহূ ফী সার্‌রাতিং ফাসাক্কাত্‌ ওয়াজহাহা- ওয়াক'া-লাত 'আজূঝুং 'আক'ীম। | |
| *তরজমা* | তখন তাহার স্ত্রী চিৎকার করিতে করিতে সম্মুখে আসিল এবং গাল চাপড়াইয়া বলিল, 'এই বৃদ্ধ-বন্ধ্যার সন্তান হইবে!' | |
| | قَالُوا كَذَٰلِكِ ۙ قَالَ رَبُّكِ ۖ إِنَّهُ هُوَ الْحَكِيمُ الْعَلِيمُ ﴿٣٠﴾ | 30 |
| *প্রতিবর্ণায়ন* | ক'া-লূ কায'া-লিকি (لا) ক'া-লা রাব্বুকি (ط) ইন্নাহূ হুওয়াল্‌ হ'াকীমুল্‌ 'আলীম। | |
| *তরজমা* | তাহারা বলিল, 'তোমার প্রতিপালক এইরূপই বলিয়াছেন ; তিনিই প্রজ্ঞাময়, সর্বজ্ঞ।' | |
| | قَالَ فَمَا خَطْبُكُمْ أَيُّهَا الْمُرْسَلُونَ ﴿٣١﴾ | 31 |
| *প্রতিবর্ণায়ন* | ক'া-লা ফামা-খাত'বুকুম্‌ আইয়ুহাল্‌ মুর্‌ছালূন। | |
| *তরজমা* | ইব্‌রাহীম বলিল, 'হে ফিরিশ্‌তাগণ ! তোমাদের বিশেষ কাজ কী ?' | |
| | قَالُوا إِنَّا أُرْسِلْنَا إِلَىٰ قَوْمٍ مُجْرِمِينَ ﴿٣٢﴾ | 32 |
| *প্রতিবর্ণায়ন* | ক'া-লূ˜ইন্না˜উর্‌ছিল্‌না˜ইলা- ক'াওমিম্‌ মুজরিমীন। | |
| *তরজমা* | উহারা বলিল, 'আমাদেরকে এক অপরাধী সম্প্রদায়ের প্রতি প্রেরণ করা হইয়াছে। | |
| | لِنُرْسِلَ عَلَيْهِمْ حِجَارَةً مِنْ طِينٍ ﴿٣٣﴾ | 33 |
| *প্রতিবর্ণায়ন* | লিনুর্‌ছিলা 'আলাইহিম হি'জা-রাতাম্‌ মিং ত'ীন। | |
| *তরজমা* | 'উহাদের উপর নিক্ষেপ করিবার জন্য মাটির শক্ত ঢেলা, | |
| | مُسَوَّمَةً عِنْدَ رَبِّكَ لِلْمُسْرِفِينَ ﴿٣٤﴾ | 34 |
| *প্রতিবর্ণায়ন* | মুছাওয়ামাতান্‌ 'ইন্দা রাব্বিকা লিল্‌মুছ্‌রিফীন। | |
| *তরজমা* | 'যাহা সীমালংঘনকারীদের জন্য চিহ্নিত তোমার প্রতিপালকের নিকট হইতে।' | |
| | فَأَخْرَجْنَا مَنْ كَانَ فِيهَا مِنَ الْمُؤْمِنِينَ ﴿٣٥﴾ | 35 |
| *প্রতিবর্ণায়ন* | ফাআখ্‌রাজনা- মাং কা-না ফীহা- মিনাল্‌ মু'মিনীন। | |
| *তরজমা* | সেখানে যেসব মু'মিন ছিল আমি তাহাদেরকে উদ্ধার করিয়াছিলাম, | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | فَمَا وَجَدْنَا فِيْهَا غَيْرَ بَيْتٍ مِّنَ الْمُسْلِمِيْنَ ﴿٣٦﴾ | 36 |
| *প্রতিবর্ণায়ন* | ফামা–ওয়াজাদ্‌না– ফীহা–গাইরা বাইতিম্ মিনাল্ মুছলিমীন। | |
| *তরজমা* | আর সেখানে আমি একটি পরিবার ব্যতীত কোন আত্মসমর্পণকারী পাই নাই। | |
| | وَتَرَكْنَا فِيْهَآ اٰيَةً لِّلَّذِيْنَ يَخَافُوْنَ الْعَذَابَ الْاَلِيْمَ ﴿٣٧﴾ | 37 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াতারাক্‌না– ফীহা˜আ-য়াতাল্লিল্লায˙ীনা ইয়াখা–ফূনাল্ ‘আয˙া–বাল্ আলীম। | |
| *তরজমা* | যাহারা মর্মন্তুদ শাস্তিকে ভয় করে আমি তাহাদের জন্য উহাতে একটি নিদর্শন রাখিয়াছি। | |
| | وَفِيْ مُوْسٰۤى اِذْ اَرْسَلْنٰهُ اِلٰى فِرْعَوْنَ بِسُلْطٰنٍ مُّبِيْنٍ ﴿٣٨﴾ | 38 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ফী মূছা˜ইয˙ আর্‌ছাল্‌না–হু ইলা–ফির‘আওনা বিছুলত˙া–নিম্ মুবীন। | |
| *তরজমা* | এবং নিদর্শন রাখিয়াছি মূসার বৃত্তান্তে, যখন আমি তাহাকে স্পষ্ট প্রমাণসহ ফির‘আওনের নিকট প্রেরণ করিয়া-ছিলাম, | |
| | فَتَوَلّٰى بِرُكْنِهٖ وَقَالَ سٰحِرٌ اَوْ مَجْنُوْنٌ ﴿٣٩﴾ | 39 |
| *প্রতিবর্ণায়ন* | ফাতাওয়াল্লা–বিরুক্‌নিহী ওয়াক˙া–লা ছা–হি˙রুন্ আও মাজনূন। | |
| *তরজমা* | তখন সে ক্ষমতার দম্ভে মুখ ফিরাইয়া লইল এবং বলিল, ‘এই ব্যক্তি হয় এক জাদুকর, না হয় এক উন্মাদ। | |
| | فَاَخَذْنٰهُ وَجُنُوْدَهٗ فَنَبَذْنٰهُمْ فِى الْيَمِّ وَهُوَ مُلِيْمٌ ﴿٤٠﴾ | 40 |
| *প্রতিবর্ণায়ন* | ফাআখায˙না–হু ওয়া জুনূদাহূ ফানাবায˙না–হুম্ ফিল্ ইয়াম্মি ওয়া হুওয়া মুলীম। | |
| *তরজমা* | সুতরাং আমি তাহাকে ও তাহার দলবলকে শাস্তি দিলাম এবং উহাদের সমুদ্রে নিক্ষেপ করিলাম, সে তো ছিল তিরস্কারযোগ্য। | |
| *তরজমা* | সেখানে থাকিবে বহমান প্রস্রবণ, | |
| | فِيۡهَا سُرُرٌ مَّرۡفُوۡعَةٌ ۙ﴿۱۳﴾ | 13 |
| *প্রতিবর্ণায়ন* | ফীহা- ছুরুরুম্মারফূ‘আহ। | |
| *তরজমা* | উন্নত মর্যাদাসম্পন্ন শয্যা, | |
| | وَّ اَكۡوَابٌ مَّوۡضُوۡعَةٌ ۙ﴿۱۴﴾ | 14 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আকওয়া-বুম্ মাওদূ‘‘আহ। | |
| *তরজমা* | প্রস্তুত থাকিবে পানপাত্র, | |
| | وَّ نَمَارِقُ مَصۡفُوۡفَةٌ ۙ﴿۱۵﴾ | 15 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া নামা-রিকু  মাসফূফাহ। | |
| *তরজমা* | সারি সারি উপাধান, | |
| | وَّ زَرَابِىُّ مَبۡثُوۡثَةٌ ؕ﴿۱۶﴾ | 16 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ঝারা-বিইয়ু মাবছূ ছ াহ। | |
| *তরজমা* | এবং বিছান গালিচা; | |
| | اَفَلَا يَنۡظُرُوۡنَ اِلَى الۡاِبِلِ كَيۡفَ خُلِقَتۡ ﴿۱۷﴾ | 17 |
| *প্রতিবর্ণায়ন* | আফালা-ইয়াংজু রুনা ইলাল ইবিলি কাইফা খুলিক াত। | |
| *তরজমা* | তবে কি উহারা দৃষ্টিপাত করে না উটের দিকে, কিভাবে উহাকে সৃষ্টি করা হইয়াছে ? | |
| | وَاِلَى السَّمَآءِ كَيۡفَ رُفِعَتۡ ﴿۱۸﴾ | 18 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইলাছ ছামা~ই কাইফা রুফি‘আত। | |
| *তরজমা* | এবং আকাশের দিকে, কিভাবে উহাকে উর্ধ্বে প্রতিষ্ঠিত করা হইয়াছে ? | |
| | وَاِلَى الۡجِبَالِ كَيۡفَ نُصِبَتۡ ﴿۱۹﴾ | 19 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইলাল জিবা-লি কাইফা নুসিবাত। | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | এবং পর্বতমালার দিকে, কিভাবে উহাকে স্থাপন করা হইয়াছে ? | |
| | وَإِلَى الْأَرْضِ كَيْفَ سُطِحَتْ ۝٢٠ | 20 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ইলাল আরদি কাইফা ছুতি হা'ত। | |
| তরজমা | এবং ভূতলের দিকে, কিভাবে উহাকে বিস্তৃত করা হইয়াছে ? | |
| | فَذَكِّرْ إِنَّمَا أَنْتَ مُذَكِّرٌ ۝٢١ | 21 |
| প্রতিবর্ণায়ন | ফাযা'ক্কির (ط) ইন্নামা~আংতা মুযা'ক্কির। | |
| তরজমা | অতএব তুমি উপদেশ দাও; তুমি তো একজন উপদেশদাতা, | |
| | لَسْتَ عَلَيْهِمْ بِمُصَيْطِرٍ ۝٢٢ | 22 |
| প্রতিবর্ণায়ন | লাছাতা 'আলইহিম বিমুসাইতি'র। | |
| তরজমা | তুমি উহাদের কর্ম নিয়ন্ত্রক নও। | |
| | إِلَّا مَنْ تَوَلَّى وَكَفَرَ ۝٢٣ | 23 |
| প্রতিবর্ণায়ন | ইল্লা–মাং তাওয়াল্লা–ওয়া কাফার। | |
| তরজমা | তবে কেহ মুখ ফিরাইয়া লইলে ও কুফরী করিলে | |
| | فَيُعَذِّبُهُ اللَّهُ الْعَذَابَ الْأَكْبَرَ ۝٢٤ | 24 |
| প্রতিবর্ণায়ন | ফাইউ'আয্ যি'বুহুল্লা–হুল 'আযা'–বাল আকবার। | |
| তরজমা | আল্লাহ্ উহাকে দিবেন মহাশাস্তি। | |
| | إِنَّ إِلَيْنَا إِيَابَهُمْ ۝٢٥ | 25 |
| প্রতিবর্ণায়ন | ইন্না ইলাইনা~ ইয়া–বাহুম। | |
| তরজমা | উহাদের প্রত্যাবর্তন আমারই নিকট; | |
| | ثُمَّ إِنَّ عَلَيْنَا حِسَابَهُمْ ۝٢٦ | 26 |
| প্রতিবর্ণায়ন | ছু ম্মা ইন্না 'আলাইনা–হি'ছা–বাহুম। | |
| তরজমা | অতঃপর উহাদের হিসাব-নিকাশ আমারই কাজ। | |

## 89 - Al-Fajr-ফাজ্র -الفجر

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

| | | |
|---|---|---|
| | وَالْفَجْرِ ۝١ | 1 |
| প্রতিবর্ণায়ন | ওয়াল্ ফাজ্‌র। | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | শপথ উষার, | |
| | وَلَيَالٍ عَشْرٍ ۝٢ | 2 |
| প্রতিবর্ণায়ন | ওয়া লায়া–লিন ‘আশর | |
| তরজমা | শপথ দশ রজনীর, | |
| | وَّالشَّفْعِ وَالْوَتْرِ ۝٣ | 3 |
| প্রতিবর্ণায়ন | ওয়াশ্‌শাফা‘ই ওয়াল ওয়াত্‌র । | |
| তরজমা | শপথ জোড় ও বেজোড়ের | |
| | وَالَّيْلِ اِذَا يَسْرِ ۝٤ | 4 |
| প্রতিবর্ণায়ন | ওয়াল্লাইলি ইয া– ইয়াছ্‌র। | |
| তরজমা | এবং শপথ রজনীর যখন উহা গত হইতে থাকে- | |
| | هَلْ فِيْ ذٰلِكَ قَسَمٌ لِّذِيْ حِجْرٍ ۝٥ | 5 |
| প্রতিবর্ণায়ন | হাল ফী য া–লিকা ক াছামুল্‌ লিয ী হি জর। | |
| তরজমা | নিশ্চয়ই ইহার মধ্যে শপথ রহিয়াছে বোধসম্পন্ন ব্যক্তির জন্য। | |
| | اَلَمْ تَرَ كَيْفَ فَعَلَ رَبُّكَ بِعَادٍ ۝٦ | 6 |
| প্রতিবর্ণায়ন | আলাম তারা কাইফা ফা‘আলা রাব্বুকা বি‘আ–দ। | |
| তরজমা | তুমি কি দেখ নাই তোমার প্রতিপালক কি করিয়াছিলেন আদ বংশের- | |
| | اِرَمَ ذَاتِ الْعِمَادِ ۝٧ | 7 |
| প্রতিবর্ণায়ন | ইরামা য া–তিল ‘ইমা–দ | |
| তরজমা | ইরাম গোত্রের প্রতি-যাহারা অধিকারী ছিল সুউচ্চ প্রাসাদের ?- | |
| | الَّتِيْ لَمْ يُخْلَقْ مِثْلُهَا فِي الْبِلَادِ ۝٨ | 8 |
| প্রতিবর্ণায়ন | আল্লাতী লাম ইউখ্‌লাক  মিছ লুহা– ফিল বিলা–দ। | |
| তরজমা | যাহার সমতুল্য কোন দেশে নির্মিত হয় নাই; | |
| | وَثَمُوْدَ الَّذِيْنَ جَابُوا الصَّخْرَ بِالْوَادِ ۝٩ | 9 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ছ ামূদাল্লায ীনা জা–বুসসাখ্‌রা বিল ওয়া–দ। | |
| তরজমা | এবং সামূদের প্রতি, যাহারা উপত্যকায় পাথর কাটিয়া গৃহ নির্মাণ করিয়াছিল; | |
| | وَفِرْعَوْنَ ذِي الْاَوْتَادِ ۝١٠ | 10 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ফির‘আউনা য ীল আওতা–দ। | |

| তরজমা | এবং বহু সৈন্য-শিবিরের অধিপতি ফির‘আওনের প্রতি ? | |
| | الَّذِيْنَ طَغَوْا فِي الْبِلَادِ ۝ | 11 |
| প্রতিবর্ণায়ন | আল্লাযী না ত া গাও ফিল বিলা-দ। | |
| তরজমা | যাহারা দেশে সীমালংঘন করিয়াছিল, | |
| | فَاَكْثَرُوْا فِيْهَا الْفَسَادَ ۝ | 12 |
| প্রতিবর্ণায়ন | ফাআকছ ারূ ফীহাল ফাছা-দ। | |
| তরজমা | এবং সেখানে অশান্তি বৃদ্ধি করিয়াছিল। | |
| | فَصَبَّ عَلَيْهِمْ رَبُّكَ سَوْطَ عَذَابٍ ۝ | 13 |
| প্রতিবর্ণায়ন | ফাসাব্বা ‘আলাইহিম রাব্বুকা ছাওত া ‘আয া-ব। | |
| তরজমা | অতঃপর তোমার প্রতিপালক উহাদের উপর শাস্তির কশাঘাত হানিলেন। | |
| | اِنَّ رَبَّكَ لَبِالْمِرْصَادِ ۝ | 14 |
| প্রতিবর্ণায়ন | ইন্না রাব্বাকা লাবিলমিরসা-দ। | |
| তরজমা | তোমার প্রতিপালক অবশ্যই সতর্ক দৃষ্টি রাখেন। | |
| | فَاَمَّا الْاِنْسَانُ اِذَا مَا ابْتَلٰىهُ رَبُّهٗ فَاَكْرَمَهٗ وَنَعَّمَهٗ ۙ فَيَقُوْلُ رَبِّيْٓ اَكْرَمَنِ ۝ | 15 |
| প্রতিবর্ণায়ন | ফাআম্মাল ইংছা-নু ইয া- মাবতালা-হু রাব্বুহু ফাআকরামাহূ ওয়া না‘‘আমাহূ (ﻻ) ফাইয়াকূ লু রাব্বী˜ আক্‌রামান। | |
| তরজমা | মানুষ তো এইরূপ যে, তাহার প্রতিপালক যখন তাহাকে পরীক্ষা করেন সম্মান ও অনুগ্রহ দান করিয়া, তখন সে বলে, ‘আমার প্রতিপালক আমাকে সম্মানিত করিয়াছেন।’ | |
| | وَاَمَّآ اِذَا مَا ابْتَلٰىهُ فَقَدَرَ عَلَيْهِ رِزْقَهٗ ۙ فَيَقُوْلُ رَبِّيْٓ اَهَانَنِ ۝ | 16 |
| প্রতিবর্ণায়ন | ওয়া আম্মা˜ ইয া- মাবতালা-হু ফাক াদারা ‘আলাইহি রিঝক াহূ (ﻻ) ফাইয়াকূ লু রাব্বী˜ আহা-নান। | |
| তরজমা | এবং যখন তাহাকে পরীক্ষা করেন তাহার রিযিক সংকুচিত করিয়া, তখন সে বলে, ‘আমার প্রতিপালক আমাকে হীন করিয়াছেন।’ | |
| | كَلَّا بَلْ لَّا تُكْرِمُوْنَ الْيَتِيْمَ ۝ | 17 |
| প্রতিবর্ণায়ন | কাল্লা-বাল্লা- তুক্‌রিমূনাল ইয়াতীম। | |
| তরজমা | না, কখনও নয়। বরং তোমরা ইয়াতীমকে সম্মান কর না, | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | وَلَا تَحٰٓضُّوْنَ عَلٰى طَعَامِ الْمِسْكِيْنِ ۟ۙ ١٨ | 18 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লা-তাহ া~দ্দূ না ‘আলা- ত া‘আ-মিল মিছকীন। | |
| *তরজমা* | এবং তোমরা অভাবগ্রস্তদেরকে খাদ্যদানে পরস্পরকে উৎসাহিত কর না, | |
| | وَتَاْكُلُوْنَ التُّرَاثَ اَكْلًا لَّمًّا ۟ۙ ١٩ | 19 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া তা’কুলূনাত্ তুরা-ছ া আকলাল্লাম্মা-। | |
| *তরজমা* | এবং তোমরা উত্তরাধিকারীদের প্রাপ্য সম্পদ সম্পূর্ণরূপে ভক্ষণ করিয়া ফেল, | |
| | وَّتُحِبُّوْنَ الْمَالَ حُبًّا جَمًّا ۟ؕ ٢٠ | 20 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া তুহি ব্বূনাল মা-লা হু ব্বাং জাম্মা-। | |
| *তরজমা* | এবং তোমরা ধনসম্পদ অতিশয় ভালবাস; | |
| | كَلَّاۤ اِذَا دُكَّتِ الْاَرْضُ دَكًّا دَكًّا ۟ۙ ٢١ | 21 |
| *প্রতিবর্ণায়ন* | কাল্লা~ ইযা- দুক্কাতিল আর্দু দাক্কাং দাক্কা-। | |
| *তরজমা* | ইহা সংগত নয়। পৃথিবীকে যখন চূর্ণ-বিচূর্ণ করা হইবে, | |
| | وَّجَآءَ رَبُّكَ وَالْمَلَكُ صَفًّا صَفًّا ۟ۚ ٢٢ | 22 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া জা~আ রাব্বুকা ওয়াল মালাকু সাফ্‌ফাং সাফ্‌ফা-। | |
| *তরজমা* | এবং যখন তোমার প্রতিপালক উপস্থিত হইবেন ও সারিবদ্ধভাবে ফিরিশ্‌তাগণও, | |
| | وَجِايْٓءَ يَوْمَىِٕذٍۭ بِجَهَنَّمَ ۙ۬ يَوْمَىِٕذٍ يَّتَذَكَّرُ الْاِنْسَانُ وَاَنّٰى لَهُ الذِّكْرٰى ۟ؕ ٢٣ | 23 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া জী~আ ইয়াওমাইযি ম বিজাহান্নামা (ৗ) ইয়াওমাইযি ই ইয়াতায াক্কারুল ইংছা-নু ওয়া আন্না- লাহুয  যি করা-। | |
| *তরজমা* | সেই দিন জাহান্নামকে আনা হইবে এবং সেই দিন মানুষ উপলব্ধি করিবে, তখন এই উপলব্ধি তাহার কী কাজে আসিবে ? | |
| | يَقُوْلُ يٰلَيْتَنِيْ قَدَّمْتُ لِحَيَاتِيْ ۟ۚ ٢٤ | 24 |
| *প্রতিবর্ণায়ন* | ইয়াকূ লু ইয়া-লাইতানী ক াদ্দামতু লিহ ায়া-তী। | |
| *তরজমা* | সে বলিবে, ‘হায়! আমার এ জীবনের জন্য আমি যদি কিছু অগ্রিম পাঠাইতাম !’ | |
| | فَيَوْمَىِٕذٍ لَّا يُعَذِّبُ عَذَابَهٗۤ اَحَدٌ ۟ۙ ٢٥ | 25 |
| *প্রতিবর্ণায়ন* | ফাইয়াওমাইযি ল্ লা-ইউ‘আয যি বু ‘আয া-বাহূ~ আহ াদ। | |
| *তরজমা* | সেই দিন তাঁহার শাস্তির মত শাস্তি কেহ দিতে পারিবে না। | |
| | وَّلَا يُوْثِقُ وَثَاقَهٗۤ اَحَدٌ ۟ؕ ٢٦ | 26 |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালা-ইউছি কু ওয়াছা-কাহূ আহাদ। | |
| *তরজমা* | এবং তাঁহার বন্ধনের মত বন্ধন কেহ করিতে পারিবে না। | |
| | يَاَيَّتُهَا النَّفْسُ الْمُطْمَىِٕنَّةُ ٢٧ | 27 |
| *প্রতিবর্ণায়ন* | ইয়া আইয়াতুহান্নাফ্ছুল মুতমাইন্নাহ | |
| *তরজমা* | হে প্রশান্তচিত্ত ! | |
| | ارْجِعِيْٓ اِلٰى رَبِّكِ رَاضِيَةً مَّرْضِيَّةً ٢٨ | 28 |
| *প্রতিবর্ণায়ন* | ইরজি‘ঈ ইলা- রাব্বিকি রা-দিয়াতাম্ মার্দিইয়াহ্। | |
| *তরজমা* | তুমি তোমার প্রতিপালকের নিকট ফিরিয়া আস সন্তুষ্ট ও সন্তোষভাজন হইয়া, | |
| | فَادْخُلِيْ فِيْ عِبٰدِيْ ٢٩ | 29 |
| *প্রতিবর্ণায়ন* | ফাদ্খুলী ফী ‘ইবা-দী। | |
| *তরজমা* | আমার বান্দাদের অন্তর্ভুক্ত হও, | |
| | وَادْخُلِيْ جَنَّتِيْ ٣٠ | 30 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াদ্খুলী জান্নাতী। | |
| *তরজমা* | আর আমার জান্নাতে প্রবেশ কর। | |

## 90 - Al-Balad-বালাদ -البلد

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

| | | |
|---|---|---|
| | لَآ اُقْسِمُ بِهٰذَا الْبَلَدِ ١ | 1 |
| *প্রতিবর্ণায়ন* | লা উকছিমু বিহা-যাল বালাদ। | |
| *তরজমা* | আমি শপথ করিতেছি এই নগরের | |
| | وَاَنْتَ حِلٌّۢ بِهٰذَا الْبَلَدِ ٢ | 2 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আংতা হিল্লুম বিহা-যাল বালাদ। | |
| *তরজমা* | আর তুমি এই নগরের অধিবাসী, | |
| | وَوَالِدٍ وَّمَا وَلَدَ ٣ | 3 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ওয়া-লিদিওঁ ওয়ামা- ওয়ালাদ। | |
| *তরজমা* | শপথ জন্মদাতার ও যাহা সে জন্ম দিয়াছে। | |
| | لَقَدْ خَلَقْنَا الْاِنْسَانَ فِيْ كَبَدٍ ٤ | 4 |
| *প্রতিবর্ণায়ন* | লাকাদ খালাকনাল ইংছা-না ফী কাবাদ। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
| --- | --- | --- |
| তরজমা | আমি তো মানুষ সৃষ্টি করিয়াছি কষ্ট-ক্লেশের মধ্যে। | |
| | اَيَحۡسَبُ اَنۡ لَّنۡ يَّقۡدِرَ عَلَيۡهِ اَحَدٌ ۘ ٥ | 5 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ইয়াহ'ছাবু আল্লাইঁ ইয়াক'দিরা 'আলাইহি আহ'াদ। | |
| তরজমা | সে কি মনে করে যে, কখনও তাহার উপর কেহ ক্ষমতাবান হইবে না ? | |
| | يَقُوۡلُ اَهۡلَكۡتُ مَالًا لُّبَدًا ؕ ٦ | 6 |
| প্রতিবর্ণায়ন | ইয়াকূ'লু আহ্‌লাকতু মা-লাল্ লুবাদা- । | |
| তরজমা | সে বলে, 'আমি প্রচুর অর্থ নিঃশেষ করিয়াছি।' | |
| | اَيَحۡسَبُ اَنۡ لَّمۡ يَرَهٗۤ اَحَدٌ ؕ ٧ | 7 |
| প্রতিবর্ণায়ন | আইয়াহ'ছাবু আল্লাম ইয়ারাহূ˜ আহ'াদ। | |
| তরজমা | সে কি মনে করে যে, তাহাকে কেহ দেখে নাই ? | |
| | اَلَمۡ نَجۡعَلۡ لَّهٗ عَيۡنَيۡنِ ۙ ٨ | 8 |
| প্রতিবর্ণায়ন | আলাম নাজ'আল্লাহূ 'আইনাইন। | |
| তরজমা | আমি কি তাহার জন্য সৃষ্টি করি নাই দুই চক্ষু ? | |
| | وَلِسَانًا وَّشَفَتَيۡنِ ۙ ٩ | 9 |
| প্রতিবর্ণায়ন | ওয়া লিছা-নাওঁ ওয়া শাফাতাইন। | |
| তরজমা | আর জিহ্বা ও দুই ওষ্ঠ ? | |
| | وَهَدَيۡنٰهُ النَّجۡدَيۡنِ ۚ ١٠ | 10 |
| প্রতিবর্ণায়ন | ওয়া হাদাইনা-হুননাজদাঈন। | |
| তরজমা | আর আমি তাহাকে দুইটি পথ দেখাইয়াছি। | |
| | فَلَا اقۡتَحَمَ الۡعَقَبَةَ ۫ۖ ١١ | 11 |
| প্রতিবর্ণায়ন | ফালাক'তাহ'ামাল 'আক'াবাহ। | |
| তরজমা | সে তো বন্ধুর গিরিপথে প্রবেশ করে নাই। | |
| | وَمَاۤ اَدۡرٰىكَ مَا الۡعَقَبَةُ ؕ ١٢ | 12 |
| প্রতিবর্ণায়ন | ওয়ামা˜ আদ্‌রা-কা মাল 'আক'াবাহ্। | |
| তরজমা | তুমি কী জান-বন্ধুর গিরিপথ কী ? | |
| | فَكُّ رَقَبَةٍ ۙ ١٣ | 13 |
| প্রতিবর্ণায়ন | ফাক্কু রাক'াবাহ । | |

| | | |
|---|---|---|
| তরজমা | ইহা হইতেছে: দাসমুক্তি। | |
| | اَوْ اِطْعٰمٌ فِیْ یَوْمٍ ذِیْ مَسْغَبَةٍ ۟ۙ | 14 |
| প্রতিবর্ণায়ন | আও ইত‘‘আ-মুং ফী ইয়াওমিং য ী মাছগাবাহ্ । | |
| তরজমা | অথবা দুর্ভিক্ষের দিনে আহার্যদান | |
| | یَّتِیْمًا ذَا مَقْرَبَةٍ ۟ۙ | 15 |
| প্রতিবর্ণায়ন | ইয়াতীমাং য া-মাক রাবাহ। | |
| তরজমা | ইয়াতীম আত্মীয়কে, | |
| | اَوْ مِسْكِیْنًا ذَا مَتْرَبَةٍ ۟ؕ | 16 |
| প্রতিবর্ণায়ন | আও মিছ্কীনাং য া–মাতরাবাহ। | |
| তরজমা | অথবা দারিদ্র্য-নিষ্পেষিত নিঃস্বকে, | |
| | ثُمَّ كَانَ مِنَ الَّذِیْنَ اٰمَنُوْا وَ تَوَاصَوْا بِالصَّبْرِ وَ تَوَاصَوْا بِالْمَرْحَمَةِ ۟ؕ | 17 |
| প্রতিবর্ণায়ন | ছু ম্মা কা–না মিনাল্লায ীনা আ–মানূ ওয়াতাওয়া–সাও বিসসাবরি ওয়াতাওয়া–সাও বিল মারহ ামাহ। | |
| তরজমা | তদুপরি সে অন্তর্ভুক্ত হয় মু'মিনদের এবং তাহাদের, যাহারা পরস্পরকে উপদেশ দেয় ধৈর্য ধারণের ও দয়া-দাক্ষিণ্যের ; | |
| | اُولٰٓئِكَ اَصْحٰبُ الْمَیْمَنَةِ ۟ؕ | 18 |
| প্রতিবর্ণায়ন | উলা~ইকা আসহ া–বুল মাইমানাহ। | |
| তরজমা | ইহারাই সৌভাগ্যশালী। | |
| | وَ الَّذِیْنَ كَفَرُوْا بِاٰیٰتِنَا هُمْ اَصْحٰبُ الْمَشْئَمَةِ ۟ؕ | 19 |
| প্রতিবর্ণায়ন | ওয়াল্লায ীনা কাফারূ বিআ–য়া–তিনা– হুম আসহ া–বুল মাশআমাহ্। | |
| তরজমা | আর যাহারা আমার নিদর্শন প্রত্যাখ্যান করিয়াছে, উহারাই হতভাগ্য। | |
| | عَلَیْهِمْ نَارٌ مُّؤْصَدَةٌ ۟ | 20 |
| প্রতিবর্ণায়ন | 'আলাইহিম না-রুম মু'সাদাহ্। | |
| তরজমা | উহারা পরিবেষ্টিত হইবে অবরুদ্ধ অগ্নিতে। | |

## 91 - Ash-Shams-শাম্স -الشمس

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | وَالشَّمْسِ وَضُحٰهَا | 1 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াশ শামছি ওয়াদু`হ`া–হা– । | |
| *তরজমা* | শপথ সূর্যের এবং উহার কিরণের, | |
| | وَالْقَمَرِ اِذَا تَلٰىهَا | 2 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াল ক`ামারি ইয`া– তালা–হা– । | |
| *তরজমা* | শপথ চন্দ্রের, যখন উহা সূর্যের পর আবির্ভূত হয়, | |
| | وَالنَّهَارِ اِذَا جَلّٰىهَا | 3 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ান্নাহা–রি ইয`া জাল্লা–হা– । | |
| *তরজমা* | শপথ দিবসের, যখন সে উহাকে প্রকাশ করে, | |
| | وَالَّيْلِ اِذَا يَغْشٰىهَا | 4 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াল্লাইলি ইয`া– ইয়াগশা–হা– । | |
| *তরজমা* | শপথ রজনীর, যখন সে উহাকে আচ্ছাদিত করে, | |
| | وَالسَّمَآءِ وَمَا بَنٰىهَا | 5 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াছ্ ছামা~ই ওয়ামা– বানা–হা– । | |
| *তরজমা* | শপথ আকাশের এবং যিনি উহা নির্মাণ করিয়াছেন তাঁহার, | |
| | وَالْاَرْضِ وَمَا طَحٰىهَا | 6 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াল আরদি` ওয়ামা–ত`াহ`া–হা– । | |
| *তরজমা* | শপথ পৃথিবীর এবং যিনি উহাকে বিস্তৃত করিয়াছেন তাঁহার, | |
| | وَنَفْسٍ وَّمَا سَوّٰىهَا | 7 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া নাফছিওঁ ওয়া মা– ছাওওয়া–হা– । | |
| *তরজমা* | শপথ মানুষের এবং তাঁহার, যিনি উহাকে সুঠাম করিয়াছেন, | |
| | فَاَلْهَمَهَا فُجُوْرَهَا وَتَقْوٰىهَا | 8 |
| *প্রতিবর্ণায়ন* | ফাআল্হামাহা– ফুজূরাহা– ওয়া তাক`ওয়া–হা– । | |
| *তরজমা* | অতঃপর উহাকে উহার অসৎকর্ম ও উহার সৎকর্মের জ্ঞান দান করিয়াছেন। | |
| | قَدْ اَفْلَحَ مَنْ زَكّٰىهَا | 9 |
| *প্রতিবর্ণায়ন* | ক`াদ আফ্লাহ`া মাং ঝাক্কা–হা– । | |
| *তরজমা* | সে–ই সফলকাম হইবে, যে নিজেকে পবিত্র করিবে। | |

| | | |
|---|---|---|
| | وَقَدۡ خَابَ مَنۡ دَسّٰىهَا ﴿۱۰﴾ | 10 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ক াদ খা–বা মাং দাছ্ছা–হা– । | |
| তরজমা | এবং সেই ব্যর্থ হইবে, যে নিজেকে কলুষাচ্ছন্ন করিবে। | |
| | كَذَّبَتۡ ثَمُوۡدُ بِطَغۡوٰىهَاۤ ﴿۱۱﴾ | 11 |
| প্রতিবর্ণায়ন | কায ্য াবাত ছ ামূদু বিত াগওয়া–হা˜ । | |
| তরজমা | সামূদ সম্প্রদায় অবাধ্যতাবশত অস্বীকার করিয়াছিল। | |
| | اِذِ انۡۢبَعَثَ اَشۡقٰىهَا ﴿۱۲﴾ | 12 |
| প্রতিবর্ণায়ন | ইযি ম বা‘আছ া আশক া–হা– । | |
| তরজমা | উহাদের মধ্যে যে সর্বাধিক হতভাগ্য, সে যখন তৎপর হইয়া উঠিল, | |
| | فَقَالَ لَهُمۡ رَسُوۡلُ اللّٰهِ نَاقَةَ اللّٰهِ وَسُقۡيٰهَا ﴿۱۳﴾ | 13 |
| প্রতিবর্ণায়ন | ফাক া–লা লাহুম রাছূলুল্লা–হি না–ক াতাল্লা–হি ওয়া ছুক ইয়া–হা– । | |
| তরজমা | তখন আল্লাহ্‌র রাসূল উহাদেরকে বলিল, ‘আল্লাহ্‌র উষ্ট্রী ও উহাকে পানি পান করাইবার বিষয়ে সাবধান হও।’ | |
| | فَكَذَّبُوۡهُ فَعَقَرُوۡهَا ۙ۬ فَدَمۡدَمَ عَلَيۡهِمۡ رَبُّهُمۡ بِذَنۡۢبِهِمۡ فَسَوّٰىهَا ﴿۱۴﴾ | 14 |
| প্রতিবর্ণায়ন | ফাকায ্য াবূহু ফা‘আক ারূহা– (ۙ) ফাদাম্‌দামা ‘আলাইহিম রাব্বুহুম বিয াম্‌বিহিম ফাছাওওয়া–হা– । | |
| তরজমা | কিন্তু উহারা রাসূলকে অস্বীকার করিল এবং উহাকে কাটিয়া ফেলিল। উহাদের পাপের জন্য উহাদের প্রতিপালক উহাদেরকে সমূলে ধ্বংস করিয়া একাকার করিয়া দিলেন। | |
| | وَلَا يَخَافُ عُقۡبٰهَا ﴿۱۵﴾ | 15 |
| প্রতিবর্ণায়ন | ওয়ালা–ইয়াখা–ফু ‘উক বা–হা– । | |
| তরজমা | এবং ইহার পরিণাম সম্পর্কে তিনি ভয় করেন না। | |

## 92 - Al-Layl-লাইল -الليل

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

| | | |
|---|---|---|
| | وَالَّيۡلِ اِذَا يَغۡشٰى ﴿۱﴾ | 1 |
| প্রতিবর্ণায়ন | ওয়াল্লাইলি ইযা– ইয়াগ্‌শা– । | |
| তরজমা | শপথ রজনীর, যখন সে আচ্ছন্ন করে, | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | وَالنَّهَارِ إِذَا تَجَلّٰى ۝٢ | **2** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ান্নাহা–রি ইযা– তাজাল্লা– । | |
| *তরজমা* | শপথ দিবসের, যখন উহা উদ্ভাসিত হয় | |
| | وَمَا خَلَقَ الذَّكَرَ وَالْأُنْثٰى ۝٣ | **3** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা– খালাক া য্ য াকারা ওয়াল উনছ া˜ । | |
| *তরজমা* | এবং শপথ তাঁহার, যিনি নর ও নারী সৃষ্টি করিয়াছেন- | |
| | إِنَّ سَعْيَكُمْ لَشَتّٰى ۝٤ | **4** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্না ছা‘ইয়াকুম লাশাত্তা– । | |
| *তরজমা* | অবশ্যই তোমাদের কর্মপ্রচেষ্টা বিভিন্ন প্রকৃতির। | |
| | فَأَمَّا مَنْ أَعْطٰى وَاتَّقٰى ۝٥ | **5** |
| *প্রতিবর্ণায়ন* | ফাআম্মা–মান আ‘ত া– ওয়াত্তাক া– । | |
| *তরজমা* | সুতরাং কেহ দান করিলে, মুত্তাকী হইলে | |
| | وَصَدَّقَ بِالْحُسْنٰى ۝٦ | **6** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া সাদ্দাক া বিলহু ছনা– । | |
| *তরজমা* | এবং যাহা উত্তম তাহা সত্য বলিয়া গ্রহণ করিলে, | |
| | فَسَنُيَسِّرُهُ لِلْيُسْرٰى ۝٧ | **7** |
| *প্রতিবর্ণায়ন* | ফাছানুইয়াছ্ছিরুহূ লিল ইউছ্রা– । | |
| *তরজমা* | আমি তাহার জন্য সুগম করিয়া দিব সহজ পথ। | |
| | وَأَمَّا مَنْ بَخِلَ وَاسْتَغْنٰى ۝٨ | **8** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আম্মা– মাম বাখিলা ওয়াছতাগনা– । | |
| *তরজমা* | এবং কেহ কার্পণ্য করিলে ও নিজেকে স্বয়ংসম্পূর্ণ মনে করিলে, | |
| | وَكَذَّبَ بِالْحُسْنٰى ۝٩ | **9** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া কায্ য াবা বিল হু ছনা– । | |
| *তরজমা* | আর যাহা উত্তম তাহা অস্বীকার করিলে, | |
| | فَسَنُيَسِّرُهُ لِلْعُسْرٰى ۝١٠ | **10** |
| *প্রতিবর্ণায়ন* | ফাছানুইয়াছ্ছিরুহূ লিল‘উছরা– । | |
| *তরজমা* | তাহার জন্য আমি সুগম করিয়া দিব কঠোর পথ। | |

| | | |
|---|---|---|
| | وَمَا يُغْنِيْ عَنْهُ مَالُهٗۤ اِذَا تَرَدّٰى ﴿١١﴾ | 11 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা– ইউগ্‌নী ‘আনহু মা–লুহূ˜ ইযা– তারাদ্দা– । | |
| *তরজমা* | এবং তাহার সম্পদ তাহার কোন কাজে আসিবে না, যখন সে ধ্বংস হইবে। | |
| | اِنَّ عَلَيْنَا لَلْهُدٰى ﴿١٢﴾ | 12 |
| *প্রতিবর্ণায়ন* | ইন্না ‘আলাইনা– লালহুদা– । | |
| *তরজমা* | আমার কাজ তো কেবল পথনির্দেশ করা, | |
| | وَاِنَّ لَنَا لَلْاٰخِرَةَ وَالْاُوْلٰى ﴿١٣﴾ | 13 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইন্না লানা– লালআ–খিরাতা ওয়ালউলা– । | |
| *তরজমা* | আমি তো মালিক পরলোকের ও ইহলোকের। | |
| | فَاَنْذَرْتُكُمْ نَارًا تَلَظّٰى ﴿١٤﴾ | 14 |
| *প্রতিবর্ণায়ন* | ফাআংযারতুকুম না–রাং তালাজ্জা– । | |
| *তরজমা* | আমি তোমাদেরকে লেলিহান অগ্নি সম্পর্কে সতর্ক করিয়া দিয়াছি। | |
| | لَا يَصْلٰىهَاۤ اِلَّا الْاَشْقَى ﴿١٥﴾ | 15 |
| *প্রতিবর্ণায়ন* | লা–ইয়াসলা–হা˜ ইল্লাল আশকা– | |
| *তরজমা* | উহাতে প্রবেশ করিবে সে-ই, যে নিতান্ত হতভাগ্য, | |
| | الَّذِيْ كَذَّبَ وَتَوَلّٰى ﴿١٦﴾ | 16 |
| *প্রতিবর্ণায়ন* | আল্লাযী কায্‌যাবা ওয়া তাওয়াল্লা– । | |
| *তরজমা* | যে অস্বীকার করে ও মুখ ফিরাইয়া নেয়। | |
| | وَسَيُجَنَّبُهَا الْاَتْقَى ﴿١٧﴾ | 17 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ছাইউজান্নাবুহাল্‌ আতকা– । | |
| *তরজমা* | আর উহা হইতে দূরে রাখা হইবে পরম মুত্তাকীকে, | |
| | الَّذِيْ يُؤْتِيْ مَالَهٗ يَتَزَكّٰى ﴿١٨﴾ | 18 |
| *প্রতিবর্ণায়ন* | আল্লাযী ইউ’তী মা–লাহূ ইয়াতাঝাক্কা– । | |
| *তরজমা* | যে স্বীয় সম্পদ দান করে আত্মশুদ্ধির জন্য, | |
| | وَمَا لِاَحَدٍ عِنْدَهٗ مِنْ نِّعْمَةٍ تُجْزٰٓى ﴿١٩﴾ | 19 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা– লিআহাদিন ‘ইংদাহূ মিন্‌ নি‘মাতিং তুজঝা˜ । | |
| *তরজমা* | এবং তাহার প্রতি কাহারও অনুগ্রহের প্রতিদানে নয়, | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | إِلَّا ابْتِغَاءَ وَجْهِ رَبِّهِ الْأَعْلَىٰ ﴿٢٠﴾ | 20 |
| প্রতিবর্ণায়ন | ইল্লাব্তিগা~আ ওয়াজহি রাব্বিহিল আ'লা- । | |
| তরজমা | কেবল তাহার মহান প্রতিপালকের সন্তুষ্টির প্রত্যাশায় ; | |
| | وَلَسَوْفَ يَرْضَىٰ ﴿٢١﴾ | 21 |
| প্রতিবর্ণায়ন | ওয়া লাছাওফা ইয়ারদা- । | |
| তরজমা | সে তো অচিরেই সন্তোষ লাভ করিবে। | |

## 93 - Ad-Duhaa-দুহা -الضحى

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

| | | |
|---|---|---|
| | وَالضُّحَىٰ ﴿١﴾ | 1 |
| প্রতিবর্ণায়ন | ওয়াদ্দুহা- । | |
| তরজমা | শপথ পূর্বাহ্নের, | |
| | وَاللَّيْلِ إِذَا سَجَىٰ ﴿٢﴾ | 2 |
| প্রতিবর্ণায়ন | ওয়াল্লাইলি ইযা- ছাজা- । | |
| তরজমা | শপথ রজনীর যখন উহা হয় নিঝুম, | |
| | مَا وَدَّعَكَ رَبُّكَ وَمَا قَلَىٰ ﴿٣﴾ | 3 |
| প্রতিবর্ণায়ন | মা- ওয়াদ্দা'আকা রাব্বুকা ওয়ামা- কালা- । | |
| তরজমা | তোমার প্রতিপালক তোমাকে পরিত্যাগ করেন নাই এবং তোমার প্রতি বিরূপও হন নাই। | |
| | وَلَلْآخِرَةُ خَيْرٌ لَّكَ مِنَ الْأُولَىٰ ﴿٤﴾ | 4 |
| প্রতিবর্ণায়ন | ওয়ালাল আ-খিরাতু খাইরুল্লাকা মিনাল উলা- । | |
| তরজমা | তোমার জন্য পরবর্তী সময় তো পূর্ববর্তী সময় অপেক্ষা শ্রেয়। | |
| | وَلَسَوْفَ يُعْطِيكَ رَبُّكَ فَتَرْضَىٰ ﴿٥﴾ | 5 |
| প্রতিবর্ণায়ন | ওয়া লাছাওফা ইউ'তীকা রাব্বুকা ফাতারদা- । | |
| তরজমা | অচিরেই তোমার প্রতিপালক তোমাকে অনুগ্রহ দান করিবেন আর তুমি সন্তুষ্ট হইবে। | |
| | أَلَمْ يَجِدْكَ يَتِيمًا فَآوَىٰ ﴿٦﴾ | 6 |
| প্রতিবর্ণায়ন | আলাম ইয়াজিদ্কা ইয়াতীমাং ফাআ-ওয়া- । | |

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | তিনি কি তোমাকে ইয়াতীম অবস্থায় পান নাই আর তোমাকে আশ্রয় দান করেন নাই? | |
| | وَوَجَدَكَ ضَآلًّا فَهَدٰى ۝٧ | 7 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ওয়াজাদাকা দ`া~ল্লাং ফাহাদা- । | |
| তরজমা | তিনি তোমাকে পাইলেন পথ সম্পর্কে অনবহিত, অতঃপর তিনি পথের নির্দেশ দিলেন। | |
| | وَوَجَدَكَ عَآئِلًا فَاَغْنٰى ۝٨ | 8 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ওয়াজাদাকা 'আ~ইলাং ফাআগ্না- । | |
| তরজমা | তিনি তোমাকে পাইলেন নিঃস্ব অবস্থায়, অতঃপর অভাবমুক্ত করিলেন, | |
| | فَاَمَّا الْيَتِيْمَ فَلَا تَقْهَرْ ۝٩ | 9 |
| প্রতিবর্ণায়ন | ফাআম্মাল ইয়াতীমা ফালা- তাক`হার। | |
| তরজমা | সুতরাং তুমি ইয়াতীমের প্রতি কঠোর হইও না ; | |
| | وَاَمَّا السَّآئِلَ فَلَا تَنْهَرْ ۝١٠ | 10 |
| প্রতিবর্ণায়ন | ওয়া আম্মাছ্ ছা~ইলা ফালা- তানহার। | |
| তরজমা | এবং প্রার্থীকে ভর্ৎসনা করিও না। | |
| | وَاَمَّا بِنِعْمَةِ رَبِّكَ فَحَدِّثْ ۝١١ | 11 |
| প্রতিবর্ণায়ন | ওয়া আম্মা- বিনি'মাতি রাব্বিকা ফাহ`াদ্দিছ` । | |
| তরজমা | তুমি তোমার প্রতিপালকের অনুগ্রহের কথা জানাইয়া দাও। | |

## 94 - Ash-Sharh-ইনশিরাহ্ -الشرح

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| | اَلَمْ نَشْرَحْ لَكَ صَدْرَكَ ۝١ | 1 |
| প্রতিবর্ণায়ন | আলাম নাশরাহ`লাকা সাদরাক। | |
| তরজমা | আমি কি তোমার বক্ষ তোমার কল্যাণে প্রশস্ত করিয়া দেই নাই ? | |
| | وَوَضَعْنَا عَنْكَ وِزْرَكَ ۝٢ | 2 |
| প্রতিবর্ণায়ন | ওয়া ওয়াদ`া'না- 'আংকা বি`ঝরাক | |
| তরজমা | আমি অপসারণ করিয়াছি তোমার ভার, | |
| | الَّذِيْۤ اَنْقَضَ ظَهْرَكَ ۝٣ | 3 |

| | | |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | আল্লাযী আংক'াদা জা'হ্রাক। | |
| *তরজমা* | যাহা ছিল তোমার জন্য অতিশয় কষ্টদায়ক, | |
| | وَرَفَعْنَا لَكَ ذِكْرَكَ ۝ | 4 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া রাফা'না- লাকা যি'ক্রাক। | |
| *তরজমা* | এবং আমি তোমার খ্যাতিকে উচ্চমর্যাদা দান করিয়াছি। | |
| | فَإِنَّ مَعَ الْعُسْرِ يُسْرًا ۝ | 5 |
| *প্রতিবর্ণায়ন* | ফাইন্না মা'আল 'উছ্‌রি ইউছ্‌রা-। | |
| *তরজমা* | কষ্টের সঙ্গেই তো স্বস্তি আছে, | |
| | إِنَّ مَعَ الْعُسْرِ يُسْرًا ۝ | 6 |
| *প্রতিবর্ণায়ন* | ইন্না মা'আল 'উছ্‌রি ইউছ্‌রা-। | |
| *তরজমা* | অবশ্য কষ্টের সঙ্গেই স্বস্তি আছে। | |
| | فَإِذَا فَرَغْتَ فَانْصَبْ ۝ | 7 |
| *প্রতিবর্ণায়ন* | ফাইযা- ফারাগ্‌তা ফাংসাব। | |
| *তরজমা* | অতএব তুমি যখনই অবসর পাও একান্তে 'ইবাদত করিও। | |
| | وَإِلَىٰ رَبِّكَ فَارْغَبْ ۝ | 8 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইলা- রাব্বিকা ফার্‌গাব। | |
| *তরজমা* | এবং তোমার প্রতিপালকের প্রতি মনোনিবেশ করিও। | |

## 95 - At-Tin-ত্বীন -التين

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

| | | |
|---|---|---|
| | وَالتِّينِ وَالزَّيْتُونِ ۝ | 1 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াত্‌তীন ওয়াঝঝাইতূন। | |
| *তরজমা* | শপথ 'তীন' ও 'যায়তূন'-এর, | |
| | وَطُورِ سِينِينَ ۝ | 2 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া তূ'রি ছীনীন। | |
| *তরজমা* | শপথ 'সিনাই' পর্বতের | |
| | وَهَٰذَا الْبَلَدِ الْأَمِينِ ۝ | 3 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া হা-যা'ল বালাদিল আমীন। | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| তরজমা | এবং শপথ এই নিরাপদ নগরীর, | |
| | لَقَدۡ خَلَقۡنَا الۡاِنۡسَانَ فِیۡۤ اَحۡسَنِ تَقۡوِیۡمٍ ۫ | **4** |
| প্রতিবর্ণায়ন | লাক াদ খালাক নাল ইংছা–না ফী ˜আহ ছানি তাক ব ীম। | |
| তরজমা | আমি তো সৃষ্টি করিয়াছি মানুষকে সুন্দরতম গঠনে, | |
| | ثُمَّ رَدَدۡنٰهُ اَسۡفَلَ سٰفِلِیۡنَ ۙ | **5** |
| প্রতিবর্ণায়ন | ছু ম্মা রাদাদ্না–হু আছফালা ছা–ফিলীন। | |
| তরজমা | অতঃপর আমি উহাকে হীনতাগ্রস্তদের হীনতমে পরিণত করি- | |
| | اِلَّا الَّذِیۡنَ اٰمَنُوۡا وَ عَمِلُوا الصّٰلِحٰتِ فَلَهُمۡ اَجۡرٌ غَیۡرُ مَمۡنُوۡنٍ ؕ | **6** |
| প্রতিবর্ণায়ন | ইল্লাল্লায ীনা আ–মানূ ওয়া'আমিলুসসা–লিহ া–তি ফালাহুম আজরুন গাইরু মামনূন। | |
| তরজমা | কিন্তু তাহাদেরকে নয় যাহারা মু'মিন ও সৎকর্মপরায়ণ; ইহাদের জন্য তো আছে নিরবচ্ছিন্ন পুরস্কার। | |
| | فَمَا یُكَذِّبُكَ بَعۡدُ بِالدِّیۡنِ ؕ | **7** |
| প্রতিবর্ণায়ন | ফামা– ইউকায যি বুকা বা'দু বিদ্দীন। | |
| তরজমা | সুতরাং ইহার পর কিসে তোমাকে কর্মফল সম্বন্ধে অবিশ্বাসী করে ? | |
| | اَلَیۡسَ اللّٰهُ بِاَحۡكَمِ الۡحٰكِمِیۡنَ ٪ | **8** |
| প্রতিবর্ণায়ন | আলাইছাল্লা–হু বিআহ কামিল হ া–কিমীন। | |
| তরজমা | আল্লাহ্ কি বিচারকদের মধ্যে সর্বশ্রেষ্ঠ বিচারক নন ? | |

## 96 - Al-`Alaq-আলাক্ব -العلق

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ

| | | |
|---|---|---|
| | اِقۡرَاۡ بِاسۡمِ رَبِّكَ الَّذِیۡ خَلَقَ ۚ | **1** |
| প্রতিবর্ণায়ন | ইক রা বিছমি রাব্বিকাল্লায ী খালাক । | |
| তরজমা | পাঠ কর তোমার প্রতিপালকের নামে, যিনি সৃষ্টি করিয়াছেন- | |
| | خَلَقَ الۡاِنۡسَانَ مِنۡ عَلَقٍ ۚ | **2** |
| প্রতিবর্ণায়ন | খালাক াল ইংছা–না মিন 'আলাক । | |
| তরজমা | সৃষ্টি করিয়াছেন মানুষকে 'আলাক' হইতে। | |
| | اِقۡرَاۡ وَ رَبُّكَ الۡاَكۡرَمُ ۙ | **3** |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| *প্রতিবর্ণায়ন* | ইক্'রা' ওয়া রাব্বুকাল আকরাম | |
| *তরজমা* | পাঠ কর, আর তোমার প্রতিপালক মহামহিমান্বিত, | |
| | الَّذِىۡ عَلَّمَ بِالۡقَلَمِۙ‏ ٤ | **4** |
| *প্রতিবর্ণায়ন* | অল্লায ী 'আল্লামা বিল্ক'ালাম। | |
| *তরজমা* | যিনি কলমের সাহায্যে শিক্ষা দিয়াছেন- | |
| | عَلَّمَ الۡاِنۡسَانَ مَا لَمۡ يَعۡلَمۡؕ‏ ٥ | **5** |
| *প্রতিবর্ণায়ন* | 'আল্লামাল ইংছা-না-মা-লাম ইয়া'লাম। | |
| *তরজমা* | শিক্ষা দিয়াছেন মানুষকে, যাহা সে জানিত না। | |
| | كَلَّاۤ اِنَّ الۡاِنۡسَانَ لَيَطۡغٰٓىۙ‏ ٦ | **6** |
| *প্রতিবর্ণায়ন* | কাল্লা~ ইন্নাল ইংছা-না লাইয়াত'গা~ । | |
| *তরজমা* | বস্তুত মানুষ তো সীমালংঘন করিয়াই থাকে, | |
| | اَنۡ رَّاٰهُ اسۡتَغۡنٰىؕ‏ ٧ | **7** |
| *প্রতিবর্ণায়ন* | আর্রাআ-হুহ তাগনা-। | |
| *তরজমা* | কারণ সে নিজকে অভাবমুক্ত মনে করে। | |
| | اِنَّ اِلٰى رَبِّكَ الرُّجۡعٰىؕ‏ ٨ | **8** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্না ইলা- রাব্বিকার্ রুজ'আ-। | |
| *তরজমা* | তোমার প্রতিপালকের নিকট প্রত্যাবর্তন সুনিশ্চিত। | |
| | اَرَءَيۡتَ الَّذِىۡ يَنۡهٰىۙ‏ ٩ | **9** |
| *প্রতিবর্ণায়ন* | আরাআইতাল্লায ী ইয়ানহা- | |
| *তরজমা* | তুমি কি উহাকে দেখিয়াছ, যে বাধা দেয়, | |
| | عَبۡدًا اِذَا صَلّٰىؕ‏ ١٠ | **10** |
| *প্রতিবর্ণায়ন* | 'আব্দান ইয'া-সাল্লা-। | |
| *তরজমা* | এক বান্দাকে- যখন সে সালাত আদায় করে ? | |
| | اَرَءَيۡتَ اِنۡ كَانَ عَلَى الۡهُدٰٓىۙ‏ ١١ | **11** |
| *প্রতিবর্ণায়ন* | আরাআইতা ইং কা-না 'আলাল হুদা~ । | |
| *তরজমা* | তুমি লক্ষ্য করিয়াছ কি, যদি সে সৎপথে থাকে | |
| | اَوۡ اَمَرَ بِالتَّقۡوٰىؕ‏ ١٢ | **12** |

| | | |
|---|---|---|
| প্রতিবর্ণায়ন | আও আমারা বিত্তাক্ব'ওয়া– । | |
| তরজমা | অথবা তাক্‌ওয়ার নির্দেশ দেয়, | |
| | اَرَءَيۡتَ اِنۡ كَذَّبَ وَتَوَلّٰىؕ ﴿۱۳﴾ | 13 |
| প্রতিবর্ণায়ন | আরাআইতা ইং কায্‌'য'াবা ওয়া তাওয়াল্লা– । | |
| তরজমা | তুমি লক্ষ্য করিয়াছ কি, যদি সে মিথ্যা আরোপ করে ও মুখ ফিরাইয়া নেয়, | |
| | اَلَمۡ يَعۡلَمۡ بِاَنَّ اللّٰهَ يَرٰىؕ ﴿۱۴﴾ | 14 |
| প্রতিবর্ণায়ন | আলাম ইয়া'লাম বিআন্নাল্লা–হা ইয়ারা– । | |
| তরজমা | তবে সে কি জানে না যে, আল্লাহ্ দেখেন ? | |
| | كَلَّا لَٮِٕنۡ لَّمۡ يَنۡتَهِ ۙ لَنَسۡفَعًۢا بِالنَّاصِيَةِۙ ﴿۱۵﴾ | 15 |
| প্রতিবর্ণায়ন | কাল্লা–লাইল্লাম ইয়াংতাহি (ۙ) লানাছফা'আম বিন্না–সিয়াহ। | |
| তরজমা | সাবধান, সে যদি বিরত না হয় তবে আমি তাহাকে অবশ্যই হেঁচড়াইয়া লইয়া যাইব, মস্তকের সম্মুখভাগের কেশগুচ্ছ ধরিয়া– | |
| | نَاصِيَةٍ كَاذِبَةٍ خَاطِئَةٍۚ ﴿۱۶﴾ | 16 |
| প্রতিবর্ণায়ন | না–সিয়াতিং কা–যি'বাতিন খা–তি'আহ্। | |
| তরজমা | মিথ্যাচারী, পাপিষ্ঠের কেশগুচ্ছ। | |
| | فَلۡيَدۡعُ نَادِيَهٗۙ ﴿۱۷﴾ | 17 |
| প্রতিবর্ণায়ন | ফাল্‌ইয়াদ'উ নাদিয়াহ, | |
| তরজমা | অতএব সে তাহার পার্শ্বচরদেরকে আহ্বান করুক! | |
| | سَنَدۡعُ الزَّبَانِيَةَۙ ﴿۱۸﴾ | 18 |
| প্রতিবর্ণায়ন | ছানাদ্‌'উঝ্‌ঝাবা–নিয়াহ্। | |
| তরজমা | আমিও আহ্বান করিব জাহান্নামের প্রহরীদেরকে। | |
| | كَلَّا ؕ لَا تُطِعۡهُ وَاسۡجُدۡ وَاقۡتَرِبۡ ۩ ﴿۱۹﴾ | 19 |
| প্রতিবর্ণায়ন | কাল্লা– (ط) লা–তুতি''হু ওয়াছজুদ ওয়াক'তারিব্ *(ছিজদাহ-১৪)*। | |
| তরজমা | সাবধান! তুমি উহার অনুসরণ করিও না এবং সিজ্‌দা কর ও আমার নিকটবর্তী হও। | |

## 97-Al-Qadr-কাদ্র -القدر

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| | إِنَّآ أَنزَلْنَٰهُ فِى لَيْلَةِ ٱلْقَدْرِ ﴿١﴾ | 1 |
| প্রতিবর্ণায়ন | ইন্না~ আংঝালনা-হু ফী লাইলাতিল ক'াদর। | |
| তরজমা | নিশ্চয় আমি কুরআন অবতীর্ণ করিয়াছি মহিমান্বিত রজনীতে ; | |
| | وَمَآ أَدْرَىٰكَ مَا لَيْلَةُ ٱلْقَدْرِ ﴿٢﴾ | 2 |
| প্রতিবর্ণায়ন | ওয়ামা~ আদরা-কা-মা- লাইলাতুল ক'াদর। | |
| তরজমা | আর মহিমান্বিত রজনী সম্বন্ধে তুমি কী জান ? | |
| | لَيْلَةُ ٱلْقَدْرِ خَيْرٌ مِّنْ أَلْفِ شَهْرٍ ﴿٣﴾ | 3 |
| প্রতিবর্ণায়ন | লাইলাতুল ক'াদরি খাইরুম মিন আলফি শাহর। | |
| তরজমা | মহিমান্বিত রজনী সহস্র মাস অপেক্ষা শ্রেষ্ঠ। | |
| | تَنَزَّلُ ٱلْمَلَٰٓئِكَةُ وَٱلرُّوحُ فِيهَا بِإِذْنِ رَبِّهِم مِّن كُلِّ أَمْرٍ ﴿٤﴾ | 4 |
| প্রতিবর্ণায়ন | তানাঝঝালুল মালা~ইকাতু ওয়াররুহু ফীহা- বিইয্'নি রাব্বিহিম (ج) মিং কুল্লি আমর। | |
| তরজমা | সেই রাত্রিতে ফিরিশতাগণ ও রূহ্ অবতীর্ণ হয় প্রত্যেক কাজে তাহাদের প্রতিপালকের অনুমতিক্রমে। | |
| | سَلَٰمٌ هِىَ حَتَّىٰ مَطْلَعِ ٱلْفَجْرِ ﴿٥﴾ | 5 |
| প্রতিবর্ণায়ন | ছালা-মুন (مع) হিয়া হ'াত্তা- মাত'লা'ইল ফাজর। | |
| তরজমা | শান্তিই শান্তি, সেই রজনী উষার আবির্ভাব পর্যন্ত। | |

## 98 - Al-Bayyinah-বায়্যিনাহ -البينة

بِسْمِ ٱللَّهِ ٱلرَّحْمَٰنِ ٱلرَّحِيمِ

| আয়াতের ধরণ | পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা | আয়াত নং |
|---|---|---|
| | لَمْ يَكُنِ ٱلَّذِينَ كَفَرُوا۟ مِنْ أَهْلِ ٱلْكِتَٰبِ وَٱلْمُشْرِكِينَ مُنفَكِّينَ حَتَّىٰ تَأْتِيَهُمُ ٱلْبَيِّنَةُ ﴿١﴾ | 1 |
| প্রতিবর্ণায়ন | লাম ইয়াকুনিল্লায'ীনা কাফারূ মিন আহ্‌লিল কিতা-বি ওয়াল মুশ্‌রিকীনা মুংফাক্কীনা হ'াত্তা- তা'তিয়াহুমুল বাইয়িনাহ্। | |
| তরজমা | কিতাবীদের মধ্যে যাহারা কুফরী করিয়াছিল তাহারা এবং মুশরিকরা আপন মতে অবিচলিত ছিল যে পর্যন্ত না তাহাদের নিকট সুস্পষ্ট প্রমাণ আসিল- | |
| | رَسُولٌ مِّنَ ٱللَّهِ يَتْلُوا۟ صُحُفًا مُّطَهَّرَةً ﴿٢﴾ | 2 |
| প্রতিবর্ণায়ন | রাছূলুম্ মিনাল্লা-হি ইয়াতলূ সুহু'ফাম্ মুত'াহ্‌হারাহ্। | |
| তরজমা | আল্লাহ্‌র নিকট হইতে এক রাসূল, যে আবৃত্তি করে পবিত্র গ্রন্থ, | |

| --- | --- | --- |
| | فِيۡهَا كُتُبٌ قَيِّمَةٌ ؕ﴿۳﴾ | 3 |
| প্রতিবর্ণায়ন | ফীহা-কুতুবুং ক াইয়িমাহ্। | |
| তরজমা | যাহাতে আছে সঠিক বিধান। | |
| | وَمَا تَفَرَّقَ الَّذِيۡنَ اُوۡتُوا الۡكِتٰبَ اِلَّا مِنۡۢ بَعۡدِ مَا جَآءَتۡهُمُ الۡبَيِّنَةُ ؕ﴿۴﴾ | 4 |
| প্রতিবর্ণায়ন | ওয়ামা- তাফাররাক াল্লায ীনা উতুল কিতা-বা ইল্লা- মিম বা'দি মা- জা~আত্হুমুল বাইয়িনাহ্। | |
| তরজমা | যাহাদেরকে কিতাব দেওয়া হইয়াছিল তাহারা তো বিভক্ত হইল তাহাদের নিকট সুস্পষ্ট প্রমাণ আসার পর। | |
| | وَمَاۤ اُمِرُوۡۤا اِلَّا لِيَعۡبُدُوا اللّٰهَ مُخۡلِصِيۡنَ لَهُ الدِّيۡنَ ۙ حُنَفَآءَ وَيُقِيۡمُوا الصَّلٰوةَ وَيُؤۡتُوا الزَّكٰوةَ وَذٰلِكَ دِيۡنُ الۡقَيِّمَةِ ؕ﴿۵﴾ | 5 |
| প্রতিবর্ণায়ন | ওয়ামা˜ উমিরূ˜ ইল্লা- লিয়া'বুদুল্লা-হা মুখলিসীনা লাহুদ্দীনা (ۙ) হু নাফা~আ ওয়া ইউক ীমুসসালা-তা ওয়া ইউ'তুয্ ঝাকা-তা ওয়া য া-লিকা দীনুল ক াইয়িমাহ্। | |
| ZiRgv | তাহারা তো আদিষ্ট হইয়াছিল আল্লাহ্র আনুগত্যে বিশুদ্ধচিত্ত হইয়া একনিষ্ঠভাবে তাঁহার 'ইবাদত করিতে এবং সালাত কায়েম করিতে ও যাকাত দিতে, ইহাই সঠিক দীন। | |
| | اِنَّ الَّذِيۡنَ كَفَرُوۡا مِنۡ اَهۡلِ الۡكِتٰبِ وَالۡمُشۡرِكِيۡنَ فِىۡ نَارِ جَهَنَّمَ خٰلِدِيۡنَ فِيۡهَا ؕ اُولٰٓئِكَ هُمۡ شَرُّ الۡبَرِيَّةِ ؕ﴿۶﴾ | 6 |
| প্রতিবর্ণায়ন | ইন্নাল্লায ীনা কাফারূ মিন আহ্লিল কিতা-বি ওয়াল মুশ্রিকীনা ফী না-রি জাহান্নামা খা-লিদীনা ফীহা- (ط) উলা~ইকা হুম শার্রুল বারিইইয়াহ্। | |
| তরজমা | কিতাবীদের মধ্যে যাহারা কুফরী করে তাহারা এবং মুশরিকরা জাহান্নামের অগ্নিতে স্থায়িভাবে অবস্থান করিবে ; উহারাই সৃষ্টির অধম। | |
| | اِنَّ الَّذِيۡنَ اٰمَنُوۡا وَعَمِلُوا الصّٰلِحٰتِ ۙ اُولٰٓئِكَ هُمۡ خَيۡرُ الۡبَرِيَّةِ ؕ﴿۷﴾ | 7 |
| প্রতিবর্ণায়ন | ইন্নাল্লায ীনা আ-মানূ ওয়া 'আমিলুসসা-লিহ া-তি (ۙ) উলা~ইকা হুম খাইরুল বারিইইয়াহ্। | |
| তরজমা | যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে, তাহারাই সৃষ্টির শ্রেষ্ঠ। | |
| | جَزَآؤُهُمۡ عِنۡدَ رَبِّهِمۡ جَنّٰتُ عَدۡنٍ تَجۡرِىۡ مِنۡ تَحۡتِهَا الۡاَنۡهٰرُ خٰلِدِيۡنَ فِيۡهَاۤ اَبَدًا ؕ رَضِىَ اللّٰهُ عَنۡهُمۡ وَرَضُوۡا عَنۡهُ ؕ ذٰلِكَ لِمَنۡ خَشِىَ رَبَّهٗ ﴿۸﴾ | 8 |

| | | |
| --- | --- | --- |
| *প্রতিবর্ণায়ন* | জাঝা~উহুম 'ইংদা রাব্বিহিম জান্না-তু 'আদনিং তাজরী মিং তাহ্'তিহাল আন্হা-রু খা-লিদীনা ফীহা~ আবাদার্ (ط) রাদি'য়াল্লা-হু 'আনহুম ওয়া রাদূ' 'আনহু (ط) য'া-লিকা লিমান খাশিয়া রাব্বাহ। | |
| *তরজমা* | তাহাদের প্রতিপালকের নিকট আছে তাহাদের পুরস্কার-স্থায়ী জান্নাত, যাহার নিম্নদেশে নদী প্রবাহিত, সেখানে তাহারা চিরস্থায়ী হইবে। আল্লাহ্ তাহাদের প্রতি প্রসন্ন এবং তাহারাও তাঁহাতে সন্তুষ্ট। ইহা তাহার জন্য, যে তাহার প্রতিপালককে ভয় করে। | |

## 99 - Az-Zalzalah-যিল্যাল -الزلزلة

بِسۡمِ اللّٰہِ الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ

| | | |
| --- | --- | --- |
| | اِذَا زُلۡزِلَتِ الۡاَرۡضُ زِلۡزَالَهَا ۙ﴿۱﴾ | 1 |
| *প্রতিবর্ণায়ন* | ইয'া- ঝুলঝিলাতিল আর্দু' ঝিলঝা-লাহা- । | |
| *তরজমা* | পৃথিবী যখন আপন কম্পনে প্রবলভাবে প্রকম্পিত হইবে, | |
| | وَ اَخۡرَجَتِ الۡاَرۡضُ اَثۡقَالَهَا ۙ﴿۲﴾ | 2 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আখ্রাজাতিল আর্দ্ু আছ'ক'া-লাহা- । | |
| *তরজমা* | এবং পৃথিবী যখন তাহার ভার বাহির করিয়া দিবে, | |
| | وَ قَالَ الۡاِنۡسَانُ مَا لَهَا ۚ﴿۳﴾ | 3 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ক'া-লাল ইংছা-নু মা-লাহা- । | |
| *তরজমা* | এবং মানুষ বলিবে, 'ইহার কী হইল ?' | |
| | یَوۡمَئِذٍ تُحَدِّثُ اَخۡبَارَهَا ۙ﴿۴﴾ | 4 |
| *প্রতিবর্ণায়ন* | ইয়াওমাইযি'ং তুহ'দ্দিছু' আখ্বা-রাহা- । | |
| *তরজমা* | সেই দিন পৃথিবী তাহার বৃত্তান্ত বর্ণনা করিবে, | |
| | بِاَنَّ رَبَّكَ اَوۡحٰی لَهَا ؕ﴿۵﴾ | 5 |
| *প্রতিবর্ণায়ন* | বিআন্না রাব্বাকা আওহ'া-লাহা- । | |
| *তরজমা* | কারণ তোমার প্রতিপালক তাহাকে আদেশ করিবেন, | |
| | یَوۡمَئِذٍ یَّصۡدُرُ النَّاسُ اَشۡتَاتًا ۬ۙ لِّیُرَوۡا اَعۡمَالَهُمۡ ؕ﴿۶﴾ | 6 |
| *প্রতিবর্ণায়ন* | ইয়াওমাইযি'ইঁ ইয়াসদুরুন্না-ছু আশ্তা-তাল্ (ﻻ) লিউউরাও আ'মা-লাহুম। | |
| *তরজমা* | সেই দিন মানুষ ভিন্ন ভিন্ন দলে বাহির হইবে, যাহাতে উহাদেরকে উহাদের কৃতকর্ম দেখান যায়, | |

| | | |
|---|---|---|
| | فَمَنْ يَّعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ خَيْرًا يَّرَهٗ ۞ | 7 |
| প্রতিবর্ণায়ন | ফামাইঁ ইয়া'মাল মিছ ক া–লা য া্ররাতিন খাইরাইঁ ইয়ারাহ। | |
| তরজমা | কেহ অণু পরিমাণ সৎকর্ম করিলে সে তাহা দেখিবে | |
| | وَمَنْ يَّعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ شَرًّا يَّرَهٗ ۞ | 8 |
| প্রতিবর্ণায়ন | ওয়া মাইঁ ইয়া'মাল মিছ্ ক া–লা য া্ররাতিং শার্রাইঁ ইয়ারাহ্। | |
| তরজমা | এবং কেহ অণু পরিমাণ অসৎকর্ম করিলে সে তাহাও দেখিবে। | |

## 100-Al-`Adiyat-আদিয়াত -العاديات

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

| | | |
|---|---|---|
| | وَالْعٰدِيٰتِ ضَبْحًا ۞ | 1 |
| প্রতিবর্ণায়ন | ওয়াল 'আ–দিয়া–তি দ াব্হ া– । | |
| তরজমা | শপথ উর্ধ্বশ্বাসে ধাবমান অশ্বরাজির, | |
| | فَالْمُوْرِيٰتِ قَدْحًا ۞ | 2 |
| প্রতিবর্ণায়ন | ফাল্ মূরিয়া–তি ক াদ্হ া– । | |
| তরজমা | যাহারা খুরাঘাতে অগ্নি-স্ফুলিংগ বিচ্ছুরিত করে, | |
| | فَالْمُغِيْرٰتِ صُبْحًا ۞ | 3 |
| প্রতিবর্ণায়ন | ফাল মুগীরা–তি সুবহ া– । | |
| তরজমা | যাহারা অভিযান করে প্রভাতকালে, | |
| | فَاَثَرْنَ بِهٖ نَقْعًا ۞ | 4 |
| প্রতিবর্ণায়ন | ফাআছ ারনা বিহী নাক ''আ– । | |
| তরজমা | এবং সেই সময়ে ধূলি উৎক্ষিপ্ত করে; | |
| | فَوَسَطْنَ بِهٖ جَمْعًا ۞ | 5 |
| প্রতিবর্ণায়ন | ফাওয়াছাত ানা বিহী জাম'আ– । | |
| তরজমা | অতঃপর শত্রুদলের অভ্যন্তরে ঢুকিয়া পড়ে। | |
| | اِنَّ الْاِنْسَانَ لِرَبِّهٖ لَكَنُوْدٌ ۞ | 6 |
| প্রতিবর্ণায়ন | ইন্নাল ইংছা–না লিরাব্বিহী লাকানূদ। | |
| তরজমা | মানুষ অবশ্যই তাহার প্রতিপালকের প্রতি অকৃতজ্ঞ | |

| | | |
|---|---|---|
| | وَ اِنَّهٗ عَلٰی ذٰلِكَ لَشَهِیْدٌ ۚ﴿۷﴾ | **7** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইন্নাহূ ‘আলা- য া-লিকা লাশাহীদ। | |
| *তরজমা* | এবং সে অবশ্যই এই বিষয়ে অবহিত, | |
| | وَ اِنَّهٗ لِحُبِّ الْخَیْرِ لَشَدِیْدٌ ؕ﴿۸﴾ | **8** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইন্নাহূ লিহু ব্বিল খাইরি লাশাদীদ। | |
| *তরজমা* | এবং অবশ্যই সে ধন-সম্পদের আসক্তিতে প্রবল। | |
| | اَفَلَا یَعْلَمُ اِذَا بُعْثِرَ مَا فِی الْقُبُوْرِ ۙ﴿۹﴾ | **9** |
| *প্রতিবর্ণায়ন* | আফালা- ইয়া‘লামু ইয া- বু‘ছি রা মা-ফিল কু বূর। | |
| *তরজমা* | তবে কি সে সেই সম্পর্কে অবহিত নয় যখন কবরে যাহা আছে তাহা উথিত হইবে | |
| | وَ حُصِّلَ مَا فِی الصُّدُوْرِ ۙ﴿۱۰﴾ | **10** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া হু সসিলা মা- ফিস্‌সুদূর, | |
| *তরজমা* | এবং অন্তরে যাহা আছে তাহা প্রকাশ করা হইবে ? | |
| | اِنَّ رَبَّهُمْ بِهِمْ یَوْمَئِذٍ لَّخَبِیْرٌ ﴿۱۱﴾ | **11** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্না রাব্বাহুম বিহিম ইয়াওমাইযি ল্লাখাবীর। | |
| *তরজমা* | সেই দিন উহাদের কী ঘটিবে, উহাদের প্রতিপালক অবশ্যই তাহা সবিশেষ অবহিত। | |

## 101-Al-Qari`ah-ক্বারি'আ -القارعة

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ

| | | |
|---|---|---|
| | اَلْقَارِعَةُ ۙ﴿۱﴾ | **1** |
| *প্রতিবর্ণায়ন* | আল ক া-রি‘আহ্ । | |
| *তরজমা* | মহাপ্রলয়, | |
| | مَا الْقَارِعَةُ ۚ﴿۲﴾ | **2** |
| *প্রতিবর্ণায়ন* | মাল ক া-রি‘আহ। | |
| *তরজমা* | মহাপ্রলয় কী ? | |
| | وَ مَاۤ اَدْرٰىكَ مَا الْقَارِعَةُ ؕ﴿۳﴾ | **3** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা ~ আদরা-কা মাল ক া-রি‘আহ্। | |

| তরজমা | মহাপ্রলয় সম্বন্ধে তুমি কী জান ? | |
| | يَوْمَ يَكُوْنُ النَّاسُ كَالْفَرَاشِ الْمَبْثُوْثِ | 4 |
| প্রতিবর্ণায়ন | ইয়াওমা ইয়াকূনুন্না–ছু কাল্ ফারা–শিল মাবছূ ছ । | |
| তরজমা | সেই দিন মানুষ হইবে বিক্ষিপ্ত পতংগের মত | |
| | وَتَكُوْنُ الْجِبَالُ كَالْعِهْنِ الْمَنْفُوْشِ | 5 |
| প্রতিবর্ণায়ন | ওয়া তাকূনুল জিবা–লু কাল'ইহ্নিল মাংফূশ। | |
| তরজমা | এবং পর্বতসমূহ হইবে ধূনিত রংগিন পশমের মত। | |
| | فَاَمَّا مَنْ ثَقُلَتْ مَوَازِيْنُهٗ | 6 |
| প্রতিবর্ণায়ন | ফাআম্মা– মাং ছাকুলাত মাওয়া–ঝীনুহূ। | |
| তরজমা | তখন যাহার পাল্লা ভারী হইবে, | |
| | فَهُوَ فِيْ عِيْشَةٍ رَّاضِيَةٍ | 7 |
| প্রতিবর্ণায়ন | ফাহুওয়া ফী 'ঈশাতির্ রা–দিয়াহ্। | |
| তরজমা | সে তো লাভ করিবে সন্তোষজনক জীবন। | |
| | وَاَمَّا مَنْ خَفَّتْ مَوَازِيْنُهٗ | 8 |
| প্রতিবর্ণায়ন | ওয়া আম্মা– মান খাফ্‌ফাত মাওয়াঝীনুহূ | |
| তরজমা | কিন্তু যাহার পাল্লা হাল্‌কা হইবে | |
| | فَاُمُّهٗ هَاوِيَةٌ | 9 |
| প্রতিবর্ণায়ন | ফাউম্মুহূ হা–বিইয়াহ্। | |
| তরজমা | তাহার স্থান হইবে 'হাবিয়া'। | |
| | وَمَاۤ اَدْرٰىكَ مَا هِيَهْ | 10 |
| প্রতিবর্ণায়ন | ওয়ামা˜ আদরা–কা মা–হিয়াহ। | |
| তরজমা | তুমি কি জান উহা কী ? | |
| | نَارٌ حَامِيَةٌ | 11 |
| প্রতিবর্ণায়ন | না–রুন হা–মিয়াহ্। | |
| তরজমা | উহা অতি উত্তপ্ত অগ্নি। | |

## 102 - At-Takathur-তাকাছুর - التكاثر

بِسۡمِ اللّٰہِ الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ

| | | |
|---|---|---|
| | اَلۡهٰکُمُ التَّکَاثُرُ ۙ﴿۱﴾ | 1 |
| *প্রতিবর্ণায়ন* | আলহা–কুমুত্তাকা–ছু ৃর। | |
| *তরজমা* | প্রাচুর্যের প্রতিযোগিতা তোমাদেরকে মোহাচ্ছন্ন রাখে | |
| | حَتّٰی زُرۡتُمُ الۡمَقَابِرَ ؕ﴿۲﴾ | 2 |
| *প্রতিবর্ণায়ন* | হ াত্তা– ঝুরতুমুল্ মাক া–বির। | |
| *তরজমা* | যতক্ষণ না তোমরা কবরে উপনীত হও। | |
| | کَلَّا سَوۡفَ تَعۡلَمُوۡنَ ۙ﴿۳﴾ | 3 |
| *প্রতিবর্ণায়ন* | কাল্লা– ছাওফা তা‘লামূন। | |
| *তরজমা* | ইহা সংগত নয়, তোমরা শীঘ্রই ইহা জানিতে পারিবে; | |
| | ثُمَّ کَلَّا سَوۡفَ تَعۡلَمُوۡنَ ؕ﴿۴﴾ | 4 |
| *প্রতিবর্ণায়ন* | ছু ম্মা কাল্লা– ছাওফা তা‘লামূন। | |
| *তরজমা* | আবার বলি, ইহা সংগত নয়, তোমরা শীঘ্রই ইহা জানিতে পারিবে। | |
| | کَلَّا لَوۡ تَعۡلَمُوۡنَ عِلۡمَ الۡیَقِیۡنِ ؕ﴿۵﴾ | 5 |
| *প্রতিবর্ণায়ন* | কাল্লা– লাও তা‘লামূনা ‘ইলমাল ইয়াক ীন। | |
| *তরজমা* | সাবধান ! তোমাদের নিশ্চিত জ্ঞান থাকিলে অবশ্যই তোমরা মোহাচ্ছন্ন হইতে না। | |
| | لَتَرَوُنَّ الۡجَحِیۡمَ ۙ﴿۶﴾ | 6 |
| *প্রতিবর্ণায়ন* | লাতারাউন্নাল জাহ ীমা | |
| *তরজমা* | তোমরা তো জাহান্নাম দেখিবেই ; | |
| | ثُمَّ لَتَرَوُنَّهَا عَیۡنَ الۡیَقِیۡنِ ۙ﴿۷﴾ | 7 |
| *প্রতিবর্ণায়ন* | ছু ম্মা লাতারাউন্নাহা– ‘আইনাল ইয়াক ীন। | |
| *তরজমা* | আবার বলি, তোমরা তো উহা দেখিবেই চাক্ষুষ প্রত্যয়ে, | |
| | ثُمَّ لَتُسۡـَٔلُنَّ یَوۡمَئِذٍ عَنِ النَّعِیۡمِ ٪﴿۸﴾ | 8 |
| *প্রতিবর্ণায়ন* | ছু ম্মা লাতুছ্আলুন্না ইয়াওমাইযি ন্ ‘আনিন্না‘ঈম। | |
| *তরজমা* | ইহার পর অবশ্যই সেই দিন তোমাদেরকে নিয়ামত সম্বন্ধে প্রশ্ন করা হইবে। | |

## 103 - Al-`Asr-আস্‌র -العصر

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ | |
| | وَالۡعَصۡرِۙ ۝١ | **1** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াল ‘আসর। | |
| *তরজমা* | মহাকালের শপথ, | |
| | اِنَّ الۡاِنۡسَانَ لَفِىۡ خُسۡرٍۙ ۝٢ | **2** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাল ইংছা-না লাফী খুছর। | |
| *তরজমা* | মানুষ অবশ্যই ক্ষতিগ্রস্ত, | |
| | اِلَّا الَّذِيۡنَ اٰمَنُوۡا وَعَمِلُوا الصّٰلِحٰتِ وَتَوَاصَوۡا بِالۡحَقِّ ۙ وَتَوَاصَوۡا بِالصَّبۡرِ ۝٣ | **3** |
| *প্রতিবর্ণায়ন* | ইল্লাল্লায ীনা আ-মানূ ওয়া ‘আমিলুসসা-লিহ া-তি ওয়া তাওয়া-সাওবিল হ াক্কি (ۙ) ওয়া তাওয়া-সাও বিসসাব্রি। | |
| *তরজমা* | কিন্তু উহারা নয়, যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে এবং পরস্পরকে সত্যের উপদেশ দেয় ও ধৈর্যের উপদেশ দেয়। | |
| **104 - Al-Humazah-হুমাযাহ -الهمزة** | | |
| | بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ | |
| | وَيۡلٌ لِّكُلِّ هُمَزَةٍ لُّمَزَةِ ۙ ۝١ | **1** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়াইলুল্লিকুল্লি হুমাঝাতিল্ লুমাঝাহ্। | |
| *তরজমা* | দুর্ভোগ প্রত্যেকের, যে পশ্চাতে ও সম্মুখে লোকের নিন্দা করে, | |
| | الَّذِىۡ جَمَعَ مَالًا وَّعَدَّدَهٗ ۝٢ | **2** |
| *প্রতিবর্ণায়ন* | আল্লায ী জামা‘আ মা-লাওঁ ‘ওয়া ‘আদ্দাদাহ্। | |
| *তরজমা* | যে অর্থ জমায় ও উহা বারবার গণনা করে; | |
| | يَحۡسَبُ اَنَّ مَالَهٗۤ اَخۡلَدَهٗ ۝٣ | **3** |
| *প্রতিবর্ণায়ন* | ইয়াহ্ ছাবু আন্না মা-লাহূ  আখলাদাহ্। | |
| *তরজমা* | সে ধারণা করে যে, তাহার অর্থ তাহাকে অমর করিয়া রাখিবে; | |
| | كَلَّا لَيُنۡۢبَذَنَّ فِى الۡحُطَمَةِ ۖ ۝٤ | **4** |
| *প্রতিবর্ণায়ন* | কাল্লা- লাইউম্বায ান্না ফিল হু ত ামাহ। | |
| *তরজমা* | কখনও না, সে অবশ্যই নিক্ষিপ্ত হইবে হুতামায়; | |

| | | |
|---|---|---|
| | وَمَآ اَدۡرٰىكَ مَا الۡحُطَمَةُ ؕ﴿۵﴾ | **5** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ামা~ আদ্‌রা–কা মাল হু’ত’ামাহ্। | |
| *তরজমা* | তুমি কি জান হুতামা কী ? | |
| | نَارُ اللّٰهِ الۡمُوۡقَدَةُ ۙ﴿۶﴾ | **6** |
| *প্রতিবর্ণায়ন* | না–রুল্লা–হিল মূক’াদাহ | |
| *তরজমা* | ইহা আল্লাহ্‌র প্রজ্বলিত হুতাশন, | |
| | الَّتِىۡ تَطَّلِعُ عَلَى الۡاَفۡـِٕدَةِ ؕ﴿۷﴾ | **7** |
| *প্রতিবর্ণায়ন* | আল্লাতী তাত্ত’ালি‘উ আলাল আফইদাহ্। | |
| *তরজমা* | যাহা হৃদয়কে গ্রাস করিবে; | |
| | اِنَّهَا عَلَيۡهِمۡ مُّؤۡصَدَةٌ ۙ﴿۸﴾ | **8** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্নাহা– ‘আলাইহিম মু’সাদাহ | |
| *তরজমা* | নিশ্চয়ই ইহা উহাদেরকে পরিবেষ্টন করিয়া রাখিবে | |
| | فِىۡ عَمَدٍ مُّمَدَّدَةٍ ﴿۹﴾ | **9** |
| *প্রতিবর্ণায়ন* | ফী ‘আমাদিম্‌ মুমাদ্দাদাহ্। | |
| *তরজমা* | দীর্ঘায়িত স্তম্ভসমূহে। | |

## 105 - Al-Fil-ফীল -الفيل

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

| | | |
|---|---|---|
| | اَلَمۡ تَرَ كَيۡفَ فَعَلَ رَبُّكَ بِاَصۡحٰبِ الۡفِيۡلِ ؕ﴿۱﴾ | **1** |
| *প্রতিবর্ণায়ন* | আলাম তারা কাইফা ফা‘আলা রাব্বুকা বিআসহ’া–বিল ফীল। | |
| *তরজমা* | তুমি কি দেখ নাই, তোমার প্রতিপালক হস্তী-অধিপতিদের প্রতি কী করিয়াছিলেন ? | |
| | اَلَمۡ يَجۡعَلۡ كَيۡدَهُمۡ فِىۡ تَضۡلِيۡلٍ ۙ﴿۲﴾ | **2** |
| *প্রতিবর্ণায়ন* | আলাম ইয়াজ‘আল কাইদাহুম ফী তাদ’লীল | |
| *তরজমা* | তিনি কি উহাদের কৌশল ব্যর্থ করিয়া দেন নাই ? | |
| | وَّاَرۡسَلَ عَلَيۡهِمۡ طَيۡرًا اَبَابِيۡلَ ۙ﴿۳﴾ | **3** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া আর্‌ছালা ‘আলাইহিম ত’াইরান আবা–বীল। | |
| *তরজমা* | উহাদের বিরুদ্ধে তিনি ঝাঁকে ঝাঁকে পক্ষী প্রেরণ করেন, | |

| | تَرْمِيْهِمْ بِحِجَارَةٍ مِّنْ سِجِّيْلٍ ۝ | 4 |
| *প্রতিবর্ণায়ন* | তারমীহিম বিহি জা–রাতিম্ মিং ছিজ্জীল। | |
| *তরজমা* | যাহারা উহাদের উপর প্রস্তর-কংকর নিক্ষেপ করে। | |
| | فَجَعَلَهُمْ كَعَصْفٍ مَّأْكُوْلٍ ۝ | 5 |
| *প্রতিবর্ণায়ন* | ফাজা'আলাহুম কা'আসফিম্ মা'কূল। | |
| *তরজমা* | অতঃপর তিনি উহাদেরকে ভক্ষিত তৃণসদৃশ করেন। | |

## 106 - Quraysh-কুরাইশ -قريش

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

| | | |
| --- | --- | --- |
| | لِاِيْلٰفِ قُرَيْشٍ ۝ | 1 |
| *প্রতিবর্ণায়ন* | লিঈলা–ফি কু রাইশ। | |
| *তরজমা* | যেহেতু কুরায়শের আসক্তি আছে, | |
| | اٖلٰفِهِمْ رِحْلَةَ الشِّتَآءِ وَالصَّيْفِ ۝ | 2 |
| *প্রতিবর্ণায়ন* | ঈলা–ফিহিম রিহ লাতাশ্শিতা~ই ওয়াসসাঈফ। | |
| *তরজমা* | আসক্তি আছে তাহাদের শীত ও গ্রীষ্মে সফরের | |
| | فَلْيَعْبُدُوْا رَبَّ هٰذَا الْبَيْتِ ۝ | 3 |
| *প্রতিবর্ণায়ন* | ফালইয়া'বুদূ রাব্বা হা–য াল বাঈত। | |
| *তরজমা* | অতএব, উহারা 'ইবাদত করুক এই গৃহের মালিকের, | |
| | الَّذِيْٓ اَطْعَمَهُمْ مِّنْ جُوْعٍ ۙ وَّاٰمَنَهُمْ مِّنْ خَوْفٍ ۝ | 4 |
| *প্রতিবর্ণায়ন* | আল্লায ী~ আত া'আমাহুম মিং জূ'ইওঁ (৺) ওয়া আ–মানাহুম মিন খাওফ। | |
| *তরজমা* | যিনি উহাদেরকে ক্ষুধায় আহার দিয়াছেন এবং ভীতি হইতে উহাদেরকে নিরাপদ করিয়াছেন। | |

## 107 - Al-Ma`un-মাউন -الماعون

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

| | | |
| --- | --- | --- |
| | اَرَءَيْتَ الَّذِيْ يُكَذِّبُ بِالدِّيْنِ ۝ | 1 |
| *প্রতিবর্ণায়ন* | আরাআইতাল্লায ী ইউকায যি বু বিদ্দীন। | |
| *তরজমা* | তুমি কি দেখিয়াছ তাহাকে, যে দীনকে অস্বীকার করে ? | |

| | | |
|---|---|---|
| | فَذٰلِكَ الَّذِىۡ يَدُعُّ الۡيَتِيۡمَۙ‏ ﴿٢﴾ | **2** |
| *প্রতিবর্ণায়ন* | ফাযা-লিকাল্লাযী ইয়াদু‘‘উল ইয়াতীম। | |
| *তরজমা* | সে তো সে-ই, যে ইয়াতীমকে রূঢ়ভাবে তাড়াইয়া দেয় | |
| | وَلَا يَحُضُّ عَلٰى طَعَامِ الۡمِسۡكِيۡنِؕ‏ ﴿٣﴾ | **3** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালা- ইয়াহুদ্দু ‘আলা- তা‘আ-মিল মিছকীন। | |
| *তরজমা* | এবং সে অভাবগ্রস্তকে খাদ্যদানে উৎসাহ দেয় না। | |
| | فَوَيۡلٌ لِّلۡمُصَلِّيۡنَۙ‏ ﴿٤﴾ | **4** |
| *প্রতিবর্ণায়ন* | ফাওয়াইঁলুল্লিল মুসাল্লীন। | |
| *তরজমা* | সুতরাং দুর্ভোগ সেই সালাত আদায়কারীদের, | |
| | الَّذِيۡنَ هُمۡ عَنۡ صَلَاتِهِمۡ سَاهُوۡنَۙ‏ ﴿٥﴾ | **5** |
| *প্রতিবর্ণায়ন* | আল্লাযীনাহুম ‘আং সালা-তিহিমি ছা-হূন। | |
| *তরজমা* | যাহারা তাহাদের সালাত সম্বন্ধে উদাসীন, | |
| | الَّذِيۡنَ هُمۡ يُرَآءُوۡنَۙ‏ ﴿٦﴾ | **6** |
| *প্রতিবর্ণায়ন* | আল্লাযীনা হুম ইউরা~উনা। | |
| *তরজমা* | যাহারা লোক দেখানোর জন্য উহা করে, | |
| | وَيَمۡنَعُوۡنَ الۡمَاعُوۡنَ‏ ﴿٧﴾ | **7** |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া ইয়াম্‌না‘উনাল মা-‘উন। | |
| *তরজমা* | এবং গৃহস্থালীর প্রয়োজনীয় ছোট-খাট সাহায্য দানে বিরত থাকে। | |

## 108 - Al-Kawthar-কাওছার -الكوثر

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

| | | |
|---|---|---|
| | اِنَّاۤ اَعۡطَيۡنٰكَ الۡكَوۡثَرَؕ‏ ﴿١﴾ | **1** |
| *প্রতিবর্ণায়ন* | ইন্না~ আ‘তাইনা-কাল্ কাওছার। | |
| *তরজমা* | আমি অবশ্যই তোমাকে কাওছার দান করিয়াছি। | |
| | فَصَلِّ لِرَبِّكَ وَانۡحَرۡؕ‏ ﴿٢﴾ | **2** |
| *প্রতিবর্ণায়ন* | ফাসাল্লি লিরাব্বিকা ওয়ান্হার। | |

| | | |
|---|---|---|
| *তরজমা* | সুতরাং তুমি তোমার প্রতিপালকের উদ্দেশ্যে সালাত আদায় কর এবং কুরবানী কর। | |
| | اِنَّ شَانِئَكَ هُوَ الْاَبْتَرُ ۝٣ | 3 |
| *প্রতিবর্ণায়ন* | ইন্না শা–নিআকা হুওয়াল আব্‌তার। | |
| *তরজমা* | নিশ্চয় তোমার প্রতি বিদ্বেষ পোষণকারীই তো নির্বংশ। | |

## 109 - Al-Kafirun-কাফিরূন -الكافرون

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

| | | |
|---|---|---|
| | قُلْ يٰۤاَيُّهَا الْكٰفِرُوْنَ ۝١ | 1 |
| *প্রতিবর্ণায়ন* | কু'ল ইয়া˜ আইয়ুহাল কা–ফিরূন। | |
| *তরজমা* | বল, 'হে কাফিররা! | |
| | لَاۤ اَعْبُدُ مَا تَعْبُدُوْنَ ۝٢ | 2 |
| *প্রতিবর্ণায়ন* | লা˜ আ'বুদু মা–তা'বুদূন। | |
| *তরজমা* | 'আমি তাহার 'ইবাদত করি না যাহার 'ইবাদত তোমরা কর | |
| | وَلَاۤ اَنْتُمْ عٰبِدُوْنَ مَاۤ اَعْبُدُ ۝٣ | 3 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালা˜ আংতুম 'আ–বিদূনা মা˜ আ'বুদ। | |
| *তরজমা* | এবং তোমরাও তাঁহার 'ইবাদতকারী নও যাঁহার 'ইবাদত আমি করি, | |
| | وَلَاۤ اَنَا عَابِدٌ مَّا عَبَدْتُّمْ ۝٤ | 4 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালা˜ আনা 'আ–বিদুম্ মা–'আবাত্তুম, | |
| *তরজমা* | 'এবং আমি 'ইবাদতকারী নই তাহার যাহার 'ইবাদত তোমরা করিয়া আসিতেছ। | |
| | وَلَاۤ اَنْتُمْ عٰبِدُوْنَ مَاۤ اَعْبُدُ ۝٥ | 5 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়ালা˜ আংতুম 'আ–বিদূনা মা˜ আ'বুদ। | |
| *তরজমা* | 'এবং তোমরাও তাঁহার 'ইবাদতকারী নও যাঁহার 'ইবাদত আমি করি। | |
| | لَكُمْ دِيْنُكُمْ وَلِيَ دِيْنِ ۝٦ | 6 |
| *প্রতিবর্ণায়ন* | লাকুম দীনুকুম ওয়ালিয়া দীন। | |
| *তরজমা* | 'তোমাদের দীন তোমাদের, আমার দীন আমার।' | |

## 110 - An-Nasr-নাস্র -النصر

| | بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ | |
|---|---|---|
| | إِذَا جَآءَ نَصْرُ اللّٰهِ وَالْفَتْحُ ۝١ | 1 |
| প্রতিবর্ণায়ন | ইযা– জা~আ নাসরুল্লা–হি ওয়াল ফাতহ্ । | |
| তরজমা | যখন আসিবে আল্লাহ্‌র সাহায্য ও বিজয় | |
| | وَرَاَيْتَ النَّاسَ يَدْخُلُوْنَ فِيْ دِيْنِ اللّٰهِ اَفْوَاجًا ۝٢ | 2 |
| প্রতিবর্ণায়ন | ওয়ারাআইতান্না–ছা ইয়াদ্‌খুলূনা ফী দীনিল্লা–হি আফওয়া–জা– । | |
| তরজমা | এবং তুমি মানুষকে দলে দলে আল্লাহ্‌র দীনে প্রবেশ করিতে দেখিবে | |
| | فَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ وَاسْتَغْفِرْهُ ۚ اِنَّهٗ كَانَ تَوَّابًا ۝٣ | 3 |
| প্রতিবর্ণায়ন | ফাছাব্বিহ বিহ াম্‌দি রাব্বিকা ওয়াছতাগ্‌ফিরহু (ط) ইন্নাহূ কা–না তাওওয়া–বা– । | |
| তরজমা | তখন তুমি তোমার প্রতিপালকের প্রশংসাসহ তাঁহার পবিত্রতা ও মহিমা ঘোষণা করিও এবং তাঁহার নিকট ক্ষমা প্রার্থনা করিও, তিনি তো তওবা কবুলকারী। | |

## 111 - Al-Masad-লাহাব - المسد

| | بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ | |
|---|---|---|
| | تَبَّتْ يَدَآ اَبِيْ لَهَبٍ وَّتَبَّ ۝١ | 1 |
| প্রতিবর্ণায়ন | তাব্বাত ইয়াদা~ আবী লাহাবিওঁ ওয়া তাব্ব। | |
| তরজমা | ধ্বংস হউক, আবূ লাহাবের দুই হস্ত এবং ধ্বংস হউক সে নিজেও। | |
| | مَآ اَغْنٰى عَنْهُ مَالُهٗ وَمَا كَسَبَ ۝٢ | 2 |
| প্রতিবর্ণায়ন | মা~ আগনা– 'আনহু মা– লুহূ ওয়ামা– কাছাব্। | |
| তরজমা | উহার ধন-সম্পদ ও উহার উপার্জন উহার কোন কাজে আসে নাই। | |
| | سَيَصْلٰى نَارًا ذَاتَ لَهَبٍ ۝٣ | 3 |
| প্রতিবর্ণায়ন | ছাইয়াসলা– না–রাং য া–তা লাহাব। | |
| তরজমা | অচিরে সে প্রবেশ করিবে লেলিহান অগ্নিতে | |
| | وَّامْرَاَتُهٗ ۗ حَمَّالَةَ الْحَطَبِ ۝٤ | 4 |
| প্রতিবর্ণায়ন | ওয়াম্‌রাআতুহূ; হ াম্মা–লাতাল হাত াব। | |
| তরজমা | এবং তাহার স্ত্রীও—যে ইন্ধন বহন করে, | |

| আয়াতের ধরণ | *পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা* | আয়াত নং |
|---|---|---|
| | فِيْ جِيْدِهَا حَبْلٌ مِّنْ مَّسَدٍ ۝٥ | 5 |
| *প্রতিবর্ণায়ন* | ফী জীদিহা– হ ৗবলুম্ মিম্ মাছাদ্ । | |
| *তরজমা* | তাহার গলদেশে পাকান রজ্জু। | |
| | **112 - Al-'Ikhlas - ইখলাস - الإخلاص** | |
| | بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ | |
| | قُلْ هُوَ اللّٰهُ اَحَدٌ ۝١ | 1 |
| *প্রতিবর্ণায়ন* | কু ৗল হুওয়াল্লা–হু আহ ৗদ । | |
| *তরজমা* | বল, 'তিনিই আল্লাহ্, এক–অদ্বিতীয়, | |
| | اَللّٰهُ الصَّمَدُ ۝٢ | 2 |
| *প্রতিবর্ণায়ন* | আল্লা–হুস্সামাদ । | |
| *তরজমা* | 'আল্লাহ্ কাহারও মুখাপেক্ষী নন, সকলেই তাঁহার মুখাপেক্ষী; | |
| | لَمْ يَلِدْ ۙ وَلَمْ يُوْلَدْ ۝٣ | 3 |
| *প্রতিবর্ণায়ন* | লাম্ ইয়ালিদ্ (ۙ) ওয়ালাম ইউলাদ । | |
| *তরজমা* | 'তিনি কাহাকেও জন্ম দেন নাই এবং তাঁহাকেও জন্ম দেওয়া হয় নাই, | |
| | وَلَمْ يَكُنْ لَّهٗ كُفُوًا اَحَدٌ ۝٤ | 4 |
| *প্রতিবর্ণায়ন* | ওয়া লাম্ ইয়াকুল্লাহূ কুফুওয়ান আহ ৗদ । | |
| *তরজমা* | 'এবং তাঁহার সমতুল্য কেহই নাই।' | |
| | **113 - Al-Falaq-ফালাক -الفلق** | |
| | بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ | |
| | قُلْ اَعُوْذُ بِرَبِّ الْفَلَقِ ۝١ | 1 |
| *প্রতিবর্ণায়ন* | কু ৗল আ'উযু ৗ বিরাব্বিল ফালাক ৗ | |
| *তরজমা* | বল, 'আমি শরণ লইতেছি উষার স্রষ্টার | |
| | مِنْ شَرِّ مَا خَلَقَ ۝٢ | 2 |
| *প্রতিবর্ণায়ন* | মিং শার্রি মা–খালাক ৗ । | |
| *তরজমা* | 'তিনি যাহা সৃষ্টি করিয়াছেন তাহার অনিষ্ট হইতে, | |

| | | |
| --- | --- | --- |
| | وَمِنۡ شَرِّ غَاسِقٍ اِذَا وَقَبَ ۙ﴿۳﴾ | 3 |
| প্রতিবর্ণায়ন | ওয়া মিং শার্‌রি গা–ছিকি ন ইযা–ওয়াক াব। | |
| তরজমা | 'অনিষ্ট হইতে রাত্রির অন্ধকারের, যখন উহা গভীর হয় | |
| | وَمِنۡ شَرِّ النَّفّٰثٰتِ فِی الۡعُقَدِ ۙ﴿۴﴾ | 4 |
| প্রতিবর্ণায়ন | ওয়া মিং শার্‌রিন নাফ্‌ফা–ছ া–তি ফিল 'উক াদ। | |
| তরজমা | 'এবং অনিষ্ট হইতে সমস্ত নারীদের, যাহারা গ্রন্থিতে ফুৎকার দেয় | |
| | وَمِنۡ شَرِّ حَاسِدٍ اِذَا حَسَدَ ﴿۵﴾ | 5 |
| প্রতিবর্ণায়ন | ওয়া মিং শার্‌রি হ া–ছিদিন ইয া–হ াছাদ। | |
| তরজমা | এবং অনিষ্ট হইতে হিংসুকের, যখন সে হিংসা করে।' | |

## 114 - An-Nas-নাস -الناس

بِسۡمِ اللّٰہِ الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ

| | | |
| --- | --- | --- |
| | قُلۡ اَعُوۡذُ بِرَبِّ النَّاسِ ۙ﴿۱﴾ | 1 |
| প্রতিবর্ণায়ন | কু ল আ'ঊযু  বিরাব্বিন্না–ছ, | |
| তরজমা | বল, 'আমি শরণ লইতেছি মানুষের প্রতিপালকের, | |
| | مَلِکِ النَّاسِ ۙ﴿۲﴾ | 2 |
| প্রতিবর্ণায়ন | মালিকিন্না–ছ, | |
| তরজমা | 'মানুষের অধিপতির, | |
| | اِلٰہِ النَّاسِ ۙ﴿۳﴾ | 3 |
| প্রতিবর্ণায়ন | ইলা–হিন্না–ছ। | |
| তরজমা | 'মানুষের ইলাহের নিকট | |
| | مِنۡ شَرِّ الۡوَسۡوَاسِ ۬ۙ الۡخَنَّاسِ ۪ۙ﴿۴﴾ | 4 |
| প্রতিবর্ণায়ন | মিং শার্‌রিল ওয়াছ ওয়া–ছিল খান্না–ছ। | |
| তরজমা | আত্মগোপনকারী কুমন্ত্রণাদাতার অনিষ্ট হইতে' | |
| | الَّذِیۡ یُوَسۡوِسُ فِیۡ صُدُوۡرِ النَّاسِ ۙ﴿۵﴾ | 5 |
| প্রতিবর্ণায়ন | আল্লায ী ইউওয়াছ্‌বি ছু ফী সুদূরিন্নাছ–। | |
| তরজমা | 'যে কুমন্ত্রণা দেয় মানুষের অন্তরে, | |

| | | |
|---|---|---|
| | مِنَ الْجِنَّةِ وَالنَّاسِ ۝٦ | **6** |
| *প্রতিবর্ণায়ন* | মিনাল জিন্নাতি ওয়ান্না–ছ। | |
| *তরজমা* | ‘জিনের মধ্য হইতে এবং মানুষের মধ্য হইতে।’ | |